

草書


রবীন্দ্র-রচনাবলী



রবীন্দ্র-রচনাবলী

একাদশ খণ্ড

বিশ্বভারতী



বিশ্বভারতী

৬ আচার্য ভগদীশচন্দ্র বসু রোড। কলকাতা ১৭

১২৫৩ম রবীন্দ্রজন্মবার্ষিকী উপলক্ষে প্রকাশিত সুলভ সংস্করণ

আষাঢ় ১৩৯৭

পুনর্মুদ্রণ পৌষ ১৪০২

বৈশাখ ১৪০৯

© বিশ্বভারতী

প্রকাশক অধ্যাপক সুধেন্দু মণ্ডল

বিশ্বভারতী গ্রন্থবিভাগ। ৬ আচার্য জগদীশচন্দ্র বসু রোড। কলকাতা ১৭

মুদ্রক শ্রীজয়ন্ত বাক্টি

সি. এম. বাক্টি অ্যান্ড কোম্পানি প্রাইভেট লিমিটেড

১৯ গুলু ওস্তাগর সেন। কলকাতা ৬

বিষয়সূচী

কবিতা ও গান

খাপছাড়া

৩

সংযোজন

৫৩

ছড়ার ছবি

৬১

প্রান্তিক

১০৫

সেজুতি

১২১

নাটক ও প্রহসন

তপতী

১৫৫

পরিশিষ্ট

২০৫

নবীন

২০৭

পরিশিষ্ট

২১৯

শাপমোচন

২২৭

সংযোজন

২৪৩

কালের যাত্রা

২৪৯

পরিশিষ্ট

২৮৭

উপন্যাস ও গল্প

গল্পগুচ্ছ

৩০১

প্রবন্ধ

ছন্দ

৫২৩

পরিশিষ্ট

৫৮৫

পারস্য

৬২৩

গ্রন্থপরিচয়

৬৬৯

বর্ণানুক্রমিক সূচী

৬৯৭

চিত্রসূচী


রবীন্দ্রনাথ	প্রবেশক
আত্মপ্রতিকৃতি	৬
কবি-কর্তৃক অঙ্কিত	
খাম্বাড়া : কবি-কর্তৃক অঙ্কিত	
কান্তবুড়ি	১১
বর এসেছে বীরের হাতে	১৯
ধুনিচাঁদ শিরাজ	২৫
স্ত্রীর বোন	৩৩
ম্যালাবারের কন্যা	৩৭
দায়েরদের গিল্মিটি	৩৯
রবীন্দ্রনাথ । রোগমুক্তির পর । ১৯৩৭	১০৭
পাণ্ডুলিপি চিত্র । অন্তসিদ্ধকূলে এসে রবি	১০৭
পাণ্ডুলিপি চিত্র । যাবার সময় হল বিহঙ্গের	১১৮
সাদির সমাধি-উদ্যানে রবীন্দ্রনাথ । শিরাজ	৬৪২
হাকেকের সমাধিপার্শ্বে রবীন্দ্রনাথ । শিরাজ	৬৪২
ইরান-ইরাক-সীমান্তে ইরাক-সরকার কর্তৃক কবিসংবর্ধনা	৬৬৬
বেদুয়িনদের তাঁবুতে রবীন্দ্রনাথ	৬৬৬

କବିତା ଓ ଗାନ

ਆਪਣਾ

সহজ কথায় লিখতে আশায় কহ বে,
সহজ কথা যায় না লেখা সহজে ।

লেখার কথা মাথায় যদি জোটে
তখন আমি লিখতে পারি হয়তো ।
কঠিন লেখা নয়কো কঠিন মোটে,
যা-তা লেখা তেমন সহজ নয় তো ।



আত্মপ্রতিকৃতি

শ্রীযুক্ত রাজশেখর বসু
বন্ধুবরেষু

যদি দেখ খোলসটা
খসিয়াছে বৃক্ষের,
যদি দেখ চপলতা
প্রলাপেতে সফলতা
ফলেছে জীবনে সেই ছেলেমিতে-সিঁড়ের,
যদি ধরা পড়ে সে যে নয় ঐকান্তিক
যোর বৈদান্তিক,
দেখ গভীরতার নয় অন্তান্তিক,
যদি দেখ কথা তার
কোনো মানে-মোদ্দার
হয়তো ধারে না ধার, মাথা উদ্ভ্রান্তিক,
মনখানা পৌছয় খ্যাপামির প্রান্তিক,
তবে তার শিকার
দাও যদি শিকার—
গুধাব, বিধির মুখ চারিটা কী কারণে ।
একটাতে দর্শন
করে বাণী বর্ষণ,
একটা ঘনিত হয় বেদ-উচ্চারণে ।
একটাতে কবিতা
রসে হয় দ্রবিতা,
কাজে লাগে মনটারে উচাটনে মারণে ।
নিশ্চিত জেনো তবে,
একটাতে হো হো রবে
পাগলামি বেড়া ভেঙে উঠে উদ্ভাসিয়া ।
তাই তারি থাকায়
বাজে কথা পাক খায়,
আওড় পাকাতে থাকে মগজেতে আসিয়া ।
চতুর্মুখের চেলা কবিটিরে বলিলে
তোমরা যতই হাস, রবে সেটা দলিলে ।
দেখাবে সৃষ্টি নিয়ে খেলে বটে কল্পনা,
অনাসৃষ্টিতে তবু ঝোকটাও অল্প না ।

ভূমিকা

ডুগডুগিটা বাজিয়ে দিয়ে
ধুলোয় আসর সাজিয়ে দিয়ে
পথের ধারে বসল জাদুকর ।
এল উপেন, এল রূপেন,
দেখতে এল নূপেন, ভূপেন,
গোদলপাড়ার এল মাধু কর ।
দাড়িওয়ালা বুড়ো লোকটা,
কিসের-নেশায়-পাওয়া চোখটা,
চার দিকে তার জুটল অনেক হেলে ।
যা-তা মস্ত আউড়ে, শেষে
একটুখানি মুচকে হেসে
ঘাসের পরে চাদর দিল মেলে ।
উঠিয়ে নিল কাপড়টা বেই
দেখা দিল ধুলোর মাঝেই
দুটো বেগুন, একটা চড়ুই-ছানা,
জামের আঁঠি, হেঁড়া ঘুড়ি,
একটিমাত্র গালায় চুড়ি,
ধুইয়ে-ওঠা ধুনি একখানা,
টুকরো বাসন চিনেমাটির,
মুড়ো ঝাটা খড়কেকাঠির,
নলছে-ভাঙা হকো, পোড়া কাঠটা—
ঠিকানা নেই আণ্ডপিছুর,
কিছুর সঙ্গে যোগ না কিছুর,
কণকালের ভোজবাজির এই ঠাট্টা ।



কান্তবুড়ি
কবিতাসংখ্যা ১

খাপছাড়া

১

কান্ডবুড়ির লিপিশাতড়ির
পাঁচ বোন থাকে কালনার,
শাড়িগুলো তারা উনুনে বিহার,
হাড়িগুলো রাখে আলনার ।
কোনো দোষ পাছে ধরে নিদ্রুকে
নিজে থাকে তারা লোহানিদ্রুকে,
টাকাকড়িগুলো হাওরা খাবে বলে
গেথে দেয় খোলা আলনার—
নুন দিবে তারা ছিটিপান সাজে,
চুন দেয় তারা ডালনার ।

২

অয়েতে খুশি হবে
দামোদর শেঠ কি ।
যুড়কির মোরা চাই,
চাই ভাজা ভেটকি ।
আনবে কটকি জুতো,
মটকিতে বি এনো,
জলপাইওড়ি থেকে
এনো কই জিরোনো—
চাননিতে পাওরা বাবে
বোরালের পেট কি ।
চিনেবাজারের থেকে
এনো তো কম্‌চা,
কাকড়ার ডিম চাই,
চাই যে গরম চা,
নাহর খরচা হবে
মাথা হবে ঝেঁট কি ।
মনে রেখো বড়ো মাপে
করা চাই আরোজন,

রবীন্দ্র-রচনাবলী

কলেবর খাটো নয়—

তিন মোন প্রায় ওজন ।
খোঁজ নিয়ো ঝরিয়াকে
জিলিপির রোট্ কী ।

৩

পাঠশালে হাই তোলে
মতিলাল নন্দী ।
বলে, 'পাঠ এগোয় না
যত কেন মন দি ।'
শেষকালে একদিন
গেল চড়ি টমার,
পাতাগুলো হিড়ে হিড়ে
ভাসালো মা-গদার ;
সমাস এগিয়ে গেল,
ভেসে গেল সন্ধি—
পাঠ এগোবার তরে
এই তার কন্দি ।

৪

কাঁচড়াপাড়াতে এক
ছিল রাজপুত্র,
রাজকন্যারে লিখে
পায় না সে উত্তর ।
টিকিটের দাম দিয়ে
রাজ্য বিকাবে কি এ,
রেগেমেগে শেষকালে
বলে ওঠে— দুস্তোর !
ডাকবাবুটিকে দিল
মুখে ডালকুস্তোর ।

৫

দাড়ীধরকে মানত করে
গোপ-গা গেল হাবল—
বলে শেরালকাটা-পাখি
গালে মারল খাবল ।

দেখতে দেখতে ছাড়ায় দাড়ি
 ভয় সীমার মাত্রা—
 নাপিত খুঁজতে করল হাবল
 রাওলপিণ্ডি যাত্রা ।
 উরদু ভাষার হাজাম এসে
 বকল আবল-তাবল ।

তিরিশটা খুর একে একে
 ভাঙল যখন পটাৎ,
 কামারটুলি থেকে নাপিত
 আনল তখন হঠাৎ
 বা হাতে পার খাঁড়া ঝিটি
 কোদাল করাত সাবল ।

৬

নিধু বলে আড়চোখে 'কুছ নেই পরোয়া'—
 স্ত্রী দিলে গলার দড়ি, বলে, 'এটা ঘরোয়া ।'
 দারোগাকে হেসে কয়,
 'খবরটা দিতে হয়'—
 পুলিশ যখন করে ঘরে এসে চড়োয়া ।
 বলে, 'চরণের রেণু
 নাহি চাহিতেই পেনু'—
 এই বলে নিধিরাম করে পারে-ধরোয়া ।

নিধু ঝাকা করে ঘাড় ওড়নাটা উড়িয়ে
 বলে, 'মোর পাকা হাড়, যাব নাকো বুড়িয়ে ।
 যে যা খুলি করুক-না,
 মারুক-না ধরুক-না,
 তাকিয়াতে দিয়ে ঠেস দেব সব তুড়িয়ে ।'
 গালি তারে দিলে লোকে
 হাসে নিধু আড়চোখে ;
 বলে, 'দাদা, আরো বলো, কান গেল জুড়িয়ে ।'

পিসে হয় কুলদার, ভুলদার কাকা সে—
 আড়চোখে হাসে আর করে ঘাড় ঝাকা সে ।
 যবে গিয়ে শালিখায়,
 সাহেবের গালি খায়,
 'কেয়ার করি নে' বলে তুড়ি মারে আকাশে ।
 যেদিন ফরজাবাদে
 পত্নী ঝুপিয়ে কাঁদে,
 'তবে আসি' বলে হাসি চলে যায় ঢাকা সে ।

৭

দু-কানে কুটিরে দিরে
 কাকড়ার পাড়া
 বর বলে, 'কান দুটো
 ধীরে ধীরে নাড়া ।'
 বউ দেখে আরনার,
 আপানে কি চারনার
 হাজার হাজার-আছে
 মেহনীর পাড়া—
 কোথাও ঘটে নি কানে
 এত বড়ো কাড়া ।

৮

পাখিওয়াল বলে, 'এটা
 কালোরঙ চন্দনা ।'
 পানুলাল হালদার
 বলে, 'আমি অন্ধ না—
 কাক ওটা নিশ্চিত,
 হরিনাম ঠোটে নাই ।'
 পাখিওয়াল বলে, 'বুলি
 ভালো করে কোটে নাই—
 পারে না বলিতে 'বাবা',
 'কাকা' নামে বন্দনা ।'

৯

রসগোল্লার লোভে
 পাচকড়ি মিস্ত্রির
 দিল ঠোঙা শেষ করে
 বড়ো ভাই পৃথীর ।
 সহল না কিছুতেই,
 যকৃতের নিচুতেই
 যত্র বিগড়ে গিয়ে
 ব্যামো হল পিস্তির ।
 ঠোঙাটাকে বলে, 'পাজি
 ময়রার কারসাজি ।'
 দাদার উপরে রাগে—
 দাদা বলে, 'চিস্তির !
 পেটে যে স্মরণসভা
 আপনারি কীর্তির ।'

১০

হাতে কোনো কাজ নেই,
 নওগার তিনকড়ি
 সময় কাটিয়ে দেয়
 ঘরে ঘরে ঝগ করি ।
 ভাঙা খাট কিনেছিল,
 ছ পয়সা খরচা—
 শোয় না সে হয় পাছে
 কুড়েমির চর্চা ।
 বলে, 'ঘরে এত ঠাসা
 কিছর কিছরী,
 তাই কম খেয়ে খেয়ে
 দেহটারে ক্ষীণ করি ।'

১১

মেছুয়াবাজার থেকে
 পালোয়ান চারজন
 পরের ঘরেতে করে
 জঞ্জাল-সার্জন ।
 ডালায় লাগিয়ে চাপ
 বাসো করেছে সাক,
 হঠাৎ লাগালো ঠতো
 পুলিশের সার্জন ।
 কেঁদে বলে, 'আমাদের
 নেই কোনো গার্জন,
 ভেবেছিলু হেথা হয়
 নৈশবিদ্যালয়—
 নিখরচা জীবিকার
 বিদ্যা-উপার্জন ।'

১২

টেরিটি বাজারে তার
 সন্ধান পেনু—
 গোরা বোটমবাবা,
 নাম নিল বেশু ।
 শুদ্ধ নিয়ম-মতে
 মুরগিরে পালিয়া,
 গঙ্গাজলের বোগে
 রাখে তার কালিয়া—

মুখে জল আসে তার
চরে যবে ধেনু ।
বড়ি করে কোঁটায়
বেচে পদরেণু ।

১৩

ইতিহাস-বিশারদ গণেশ ধুরন্ধর
ইজারা নিয়েছে একা বন্বাই বন্দর ।
নিয়ে সাতজন জেলে
দেখে মাপকাঠি ফেলে—
সাগরমথনে কোথা উঠেছিল চন্দর,
কোথা ডুব দিয়ে আছে ডানাকাটা মন্দর ।

১৪

মুচকে হাসে অতুল খুড়ো,
কানে কলম গোঁজা ।
চোখ টিপে সে বললে হঠাৎ,
'পরতে হবে মোজা ।'
হাসল ভজা, হাসল নবাই—
'ভারি মজা' ভাবল সবাই—
ঘরসুদ্ধ উঠল হেসে,
কারণ যায় না বোঝা ।

১৫

স্বপ্নে দেখি নৌকো আমার
নদীর ঘাটে বাধা ;
নদী কিংবা আকাশ সেটা
লাগল মনে ধাধা ।
এমন সময় হঠাৎ দেখি,
দিকসীমানায় গেছে ঠেকি
একটুখানি ভেসে-ওঠা
ত্রয়োদশীর চাঁদা ।
'নৌকোতে তোর পার করে দে'
এই বলে তার কাঁদা ।
আমি বলি, 'ভাবনা কী তায়,
আকাশপারে নেব মিতায়—
কিন্তু আমি ঘুমিয়ে আছি
এই যে বিষম বাধা,
দেখছ আমার চতুর্দিকটা
স্বপ্নজালে ফাঁদা ।'

১৬

বউ নিয়ে লেগে গেল বকাবকি
 রোগী ফণী আর মোটা পঙ্কিতে,
 মণিকর্ণিকা-ঘাটে ঠকাঠকি
 যেন ঝাশে আর সরু কঙ্কিতে ।
 দুজনে না জানে এই বউ কার,
 মিছেমিছি ভাড়া বাড়ে নৌকার,
 পঙ্কি চৈচায় শুধু হাউহাউ—
 'পারবি নে তুই মোরে বঙ্কিতে ।'
 বউ বলে, 'বুঝে নিই দাউদাউ
 মোর তরে স্বলে ওই কোন্ চিতে ।'

১৭

ইদিলপুরেতে বাস নরহরি শর্মা,
 হঠাৎ খেয়াল গেল যাবেই সে বর্মা ।
 দেখবে-শুনবে কে যে তাই নিয়ে ভাবনা,
 ঝাধবে বাড়বে, দেবে গোকটাকে জাবনা—
 সহধর্মিণী নেই, খোঁজে সহধর্মা ।
 গেল তাই খণ্ডলা, গেল তাই অণ্ডলে,
 মহা রেগে গাল দেয় রেলগাড়ি-চণ্ডলে,
 সাধি খুঁজে সে বেচারী কী গলদধর্মা—
 বিস্তর ভেবে শেষে গেল সে কোডর্মা ।

১৮

ঘাসে আছে ভিটামিন, গোক ভেড়া অশ্ব
 ঘাস খেয়ে বেঁচে আছে, আখি মেলে পশ্য ।
 অনুকূল বাবু বলে, 'ঘাস খাওয়া ধরা চাই,
 কিছুদিন জঠরেতে অভ্যাস করা চাই—
 বৃথাই ধরচ ক'রে চাষ করা শস্য ।'
 গৃহিণী দোহাই পাড়ে মাঠে যবে চরে সে,
 ঠেলা মেয়ে চলে যায় পায়ে যবে ধরে সে—
 মানবহিতের ঠোকে কথা শোনে কস্য !
 দুদিন না যেতে যেতে মারা গেল লোকটা,
 বিজ্ঞানে বিধে আছে এই মহা শোকটা,
 ঝাচলে প্রমাণ-শেষ হ'ত যে অবশ্য ।

১৯

ভয় নেই, আমি আজ
 রান্নাটা দেখছি ।
 চালে জলে মেনে, নিধু,
 চড়িয়ে দে ডেক্‌চি ।
 আমি গনি কলাপাতা,
 তুমি এসো নিয়ে হাতা,
 যদি দেখ, মেজবউ,
 কোনোখানে ঠেকছি ।

কুটি মেখে বেলে দিয়ো,
 উনুনটা ছেলে দিয়ো,
 মহেশকে সাথে নিয়ে
 আমি নয় সেকছি ।

২০

মন উড়ুউড়ু, চোখ ঢলুঢলু,
 স্নান মুখখানি কাঁদুনিক—
 আলুথালু ভাষা, ভাব এলোমেলো,
 ছন্দটা নির্বাধুনিক ।

পাঠকেরা বলে, 'এ তো নয় সোজা,
 বুঝি কি বুঝি নে যায় না সে বোকা ।'
 কবি বলে, 'তার কারণ, আমার
 কবিতার ছাঁদ আধুনিক ।'

২১

কালুর খাবার শখ সব চেয়ে পিষ্টকে ।
 গৃহিণী গড়েছে যেন চিনি মেখে ইষ্টকে ।
 পুড়ে সে হয়েছে কালো,
 মুখে কালু বলে 'ভালো',
 মনে মনে খোঁটা দেয় দন্ধ অদৃষ্টকে ।
 কলিক্-ব্যথায় ডাকে ক্রুসে-বেধা খুস্টকে ।

২২

রাজা বসেছেন ধ্যানে,
 বিশজন সর্দার
 চীৎকার রবে তারা
 হাঁকিছে— 'খবরদার' ।



বয় এসেছে বীরের হাঁদে

কবিতাসংখ্যা ২৪

সেনাপতি ডাক ছাড়ে,
মন্ত্রী সে দাড়ি নাড়ে,
যোগ দিল তার সাথে
ঢাকঢোল-বদার ।

ধরাতল কম্পিত,
পতপ্রাণী লক্ষিত,
রানীয়া মূছা যায়
আড়ালেতে পদার ।

২৩

নাম তার সন্তোষ,
জঠরে অগ্নিদোষ,
হাওয়া খেতে গেল সে পচষা ।
নাকছাবি দিয়ে নাকে
বাঘনাপাড়ায় থাকে
বউ তার বেঁটে জগদম্বা ।

ডাক্তার গ্রেগসন
দিল ইনজেকশন—
দেহ হল সাত ফুট লম্বা ।
এত বাড়াবাড়ি দেখে
সন্তোষ কহে হৈকে,
'অপমান সহিব কথম্ বা ।

শুন ডাক্তার ভায়া,
উচু করো মোর পায়া,
স্ত্রীর কাছে কেন রব কম বা ।
খড়ম জোড়ায় ঘবে
ওষুধ লাগাও কষে'—
শুনে ডাক্তার হতভম্বা ।

২৪

বর এসেছে বীরের হাঁদে,
বিয়ের লগ্ন আটটা ।
পিতল-আটা লাঠি কাখে,
গালেতে গালপাটা ।

শ্যালীর সঙ্গে ক্রমে ক্রমে
আলাপ যখন উঠল ক্রমে.

রায়বেশে নাচ নাচের কোঁকে
মাথায় মারলে গাটা ।
স্বস্তুর কাঁদে মেয়ের শোকে,
বর হেসে কয়— 'ঠাটা' ।

২৫

নিষ্কাম পরহিতে কে ইহায়ে সামলায়—
স্বার্থেরে নিঃশেষে-মুছে-ফেলা মামলায় ।
চলেছে উদারভাবে সম্বল-খোয়ানি—
গিনি যায়, টাকা যায়, সিকি যায় দোয়ানি,
হল সারা ঝাটোয়ারা উকিলে ও আমলায় ।

গিয়েছে পরের লাগি অম্মের শেষ ঠুড়ে—
কিছু খুঁটে পাওয়া যায় ভূষি ঠুঁষ খুদকুড়ে
গোকর্হীন গোয়ালের তলাহীন গামলায় ।

২৬

জামাই মহিম এল, সাথে এল কিনি—
হায় রে কেবলই ভুলি ষষ্ঠীর দিনই ।

দেহটা কাহিল বড়ো ঝাধবার নামে,
কে জানে কেন রে বাপু, ভেসে যায় ঘামে ।
বিধাতা জানেন আমি বড়ো অভাগিনী ।
বেয়ানকে লিখে দেব, যাওয়াবেন তিনি ।

২৭

ঘাসি কামারের বাড়ি ঝাড়া,
গড়েছে মস্ত্রপড়া ঝাড়া ।
খাপ থেকে বেরিয়ে সে
উঠেছে অটুহেসে :
কামার পালায় যত
বলে, 'দাঁড়া দাঁড়া ।'
দিনরাত দেয় তার
নাড়ীটাতে নাড়া ।

২৮

যখনি যেমনি হোক জিতেনের মরজি
কথায় কথায় তার লাগে আশ্চর্যি ।
অডিটর ছিল জিতু হিসাবেতে টঙ্ক,
আপিসে মেলাতেছিল বজ্জের অঙ্ক ;

শুনলে সে, গেছে দেশে রামদীন দরজি,
শুনতে না-শুনতেই বলে 'আশ্চর্যি' ।
যে দোকানি গাড়ি তাকে করেছিল বিক্রি
কিছুতে দাম না পেয়ে করেছে সে ডিক্রি,
বিস্তর ভেবে জিতু উঠল সে গর্জি—
'ভারি আশ্চর্যি' ।

শুনলে, জামাইবাড়ি ছিল বুড়ি ঝিনাদায়,
ছ বছর মেলেরিয়া ভুগে ভুগে চিনা দায়,
সেদিন মরেছে শেষে পুরোনো সে ওর ঝি,
জ্বিতেন চশমা খুলে বলে 'আশ্চর্যি' ।

২৯

'শুনব হাতির হাঁচি'
এই বলে কেটা ।
নেপালের বনে বনে
ফেরে সারা দেশটা ।

শুঁড়ে সুড়সুড়ি দিতে
নিয়ে গেল কঞ্চি,
সাত জালা নসি ও
রেখেছিল সঞ্চি,
জল কাদা ভেঙে ভেঙে
করেছিল চেটা—
হেঁচে দু-হাজার হাঁচি
মরে গেল শেষটা ।

৩০

আধা রাতে গলা ছেড়ে
মেতেছিল কাব্যে,
ভাবি নি পাড়ার লোকে
মনেতে কী ভাববে ।
ঠেলা দেয় জানলায়,
শেষে দ্বার-ভাঙাভাঙি,
ঘরে ঢুকে দলে দলে
মহা চোখ-রাঙাভাঙি—
শ্রাব্য আমার ডোবে
ওদেরই অশ্রাব্যে ।
আমি শুধু করেছিল
সামান্য ভগিতাই,

রবীন্দ্র-রচনাবলী

সামলাতে পারল না
 অরসিক জনে তাই—
 কে জানিত অধৈর্য
 মোর পিঠে নাব্বে !

৩১

গুপ্তিপাড়ায় জন্ম তাহার ;
 নিন্দাবাদের দংশনে
 অভিমানে মরতে গেল
 মোগলসরাই জংসনে ।
 কাছা কোঁচা ঘুচিয়ে গুপি
 ধরল ইজের, পড়ল টুপি,
 দু হাত দিয়ে লেগে গেল
 কোফতা-কাবাব-জংসনে ।
 গুরুপুত্র সঙ্গে ছিল—
 বললে তারে, 'অংশ নে ।'

৩২

বেগীর মোটরখানা,
 চালায় মুখুর্জে ।
 বেগী কোঁকে উঠে বলে,
 'মরল কুকুর যে !'
 অকারণে সেরে দিলে
 দফা ল্যাম্-পোস্টার,
 নিমেষেই পরলোকে
 গতি হল মোটর ।
 যে দিকে ছুটেছে সোজা
 ওদিকে পুকুর যে—
 আরে চাপা পড়ল কে ?
 জামাই খুকুর যে ।

৩৩

নাম তার ডাক্তার নয়জন্ ।
 বাতাসে মেলায় কড়া নয়জন্ ।
 গনিয়া দেখিল, বড়ো বহরের
 একখানা যীতিমত শহরের
 টিকে আছে নাবালক নয়জন্ ।
 খুশি হয়ে ভাবে, এই গবেষণা
 না জানি সবার কবে হবে শোনা,
 গুনিতে বা বাকি রবে নয়জন্ ।

৩৪

খ্যাতি আছে সুন্দরী বলে তার,
 ক্রটি ঘটে নুন দিতে খোলে তার ;
 চিনি কম পড়ে বটে পায়সে
 স্বামী তবু চোখ বুজে খায় সে—
 যা পায় তাহাই মুখে ভোলে তার,
 দোষ দিতে মুখ নাহি খোলে তার ।

৩৫

ঘোষালের বক্তৃতা
 করা কর্তব্যই,
 বেঞ্চি চৌকি আদি
 আছে সব দ্রব্যই ।
 মাতৃভূমির লাগি
 পাড়া ঘুরে মরেছে,
 একশো টিকিট বিলি
 নিজহাতে করেছে ।
 চোখ বুজে ভাবে, বুঝি
 এল সব সভ্যই ।
 চোখ চেয়ে দেখে, বাকি
 শুধু নিরেনকই ।

৩৬

কুঞ্জো তিনকড়ি ঘোরে
 পাড়া চারিদিককার,
 সজ্জায় ঘরে ফেরে
 নিয়ে কুলি ভিক্ষার ।
 বলে সিধু গড়গড়ি
 রাগে দাঁত কড়মড়ি,
 'ভিখ মেগে ফেরো, মনে
 হয় না কি ভিক্ষার ?'
 কুলি নিজে কেড়ে বলে,
 'মাহিনা এ ভিক্ষার ।'

৩৭

মুরগি-পাখির 'পরে
 অন্তরে টান তার,
 জীবে তার দয়া আছে
 এই তো প্রমাণ তার ।

বিড়াল চাতুরী ক'রে
 পাছে পাখি নেয় ধরে
 এই ভয়ে সেই দিকে
 সদা আছে কান তার—
 শেয়ালের খলতায়
 ব্যথা পায় প্রাণ তার ।

৩৮

সঙ্কেবেলায় বন্ধুঘরে
 জুটল চুপিচুপি
 গোপেন্দ্র মুস্তফি ।

রাত্রে যখন ফিরল ঘরে
 সবাই দেখে তারিফ করে—
 পাগড়িতে তার জুতোজোড়া,
 পায়ে রঙিন টুপি ।

এই উপদেশ দিতে এল—
 সব করা চাই এলোমেলো,
 'মাথায় পায়ে রাখব না ভেদ'
 চেঁচিয়ে বলে গুপি ।

৩৯

সভাতলে ভূয়ে
 কাৎ হয়ে শুয়ে
 নাক ডাকাইছে সুলতান,
 পাকা দাড়ি নেড়ে
 গলা দিয়ে ছেড়ে
 মন্ত্রী গাহিছে মুলতান ।

এত উৎসাহ দেখি গায়কের
 জেদ হল মনে সেনানায়কের—
 কোমরেতে এক ওড়না জড়িয়ে
 নেচে করে সভা গুলতান ।
 ফেলে সব কাজ
 বরকন্দাজ
 বাশিতে লাগায় ভুল তান ।

৪০

নাম তার ভেলুরাম ধুনিচাঁদ শিরখ,
 ফাটা এক তম্বুরা কিনেছে সে নিরর্থ ।



ধুনিচাঁদ শিরথ

কবিতাসংখ্যা ৪০

সুরবোধ-সাধনায়
ধুরপদে বাধা নাই ;
পাড়ার লোকেরা তাই হারিয়েছে বীরত্ব—
অতি-ভালোমানুষেরও বৃকে জাগে বীরত্ব ।

৪১

ইটের গাদার নীচে
ফটকের ঘড়িটা ।
ভাঙা দেয়ালের গায়ে
হেলে-পড়া কড়িটা ।
পাঁচিলটা নেই, আছে
কিছু ইট সুরকি ।
নেই দই সন্দেশ,
আছে খই মুড়কি ।
ফাটা হুকো আছে হাতে,
গেছে গড়গড়িটা ।
গলায় দেবার মতো
বাকি আছে দড়িটা ।

৪২

নিজের হাতে উপার্জনে
সাধনা নেই সহিকুতার ।
পরের কাছে হাত পেতে খাই,
বাহাদুরি তারি ঠুতার ।
কৃপণ দাতার অন্নপাকে
ডাল যদি বা কমতি থাকে
গাল-মিশানো গিলি তো ভাত—
নাহয় তাতে নেইকো সূতার ।
নিজের জুতার পাস্তা না পাই,
স্বাদ পাওয়া যায় পরের জুতার ।

৪৩

আদর করে মেয়ের নাম
রেখেছে ক্যালিফোর্নিয়া,
গরম হল বিয়ের হাট
ওই মেয়েরই দর নিয়া ।

মহেশদাদা খুজিয়া গ্রামে গ্রামে
পেয়েছে হেলে ম্যাসাচুসেট্‌স্ নামে,

শান্তি বুড়ি ভীষণ খুশি
নামজাদা সে বর নিয়া—
ভাটের দল চেঁচিয়ে মরে
নামের গুণ বর্ণিয়া ।

৪৪

কনকনে শীত তাই
চাই তার দস্তানা ;
বাজার ঘুরিয়ে দেখে
জিনিসটা সস্তা না ।
কম দামে কিনে মোজা
বাড়ি ফিরে গেল সোজা—
কিছুতে ঢোকে না হাতে,
তাই শেষে পস্তানা ।

৪৫

খবর পেলেম কল্য,
ভাঙ্গামেতে চড়ে রাজা
গাঙ্গামেতে চলল ।
সময়টা তার জলদি কাটে ;
পৌছিল যেই হলদিঘাটে
একটা ঘোড়া রইল বাকি,
তিনটে ঘোড়া মরল ।
গরানহটার পৌছে সেটা
মুটের ঘাড়ে চড়ল ।

৪৬

'সময় চলেই যায়'
নিত্য এ নালিশে
উদ্বেগে ছিল ছুপু
মাথা রেখে বালিশে ।

কব্জির ঘড়িটার
উপরেই সন্দ,
একদম করে দিল
দম তার বন্ধ—
সময় নড়ে না আর,
হাতে বাধা খালি সে,

ভূপুরাম অবিরাম
বিশ্রাম-শালী সে ।

ঝা-ঝা করে রোদদুর,
তবু ভোর পাচটায়
ঘাড় করে ইঙ্গিত
ডালাটার কাচটায়—
রাত বুঝি ঝকঝকে
কুঁড়েমির পালিশে ।
বিছানায় পড়ে তাই
দেয় হাততালি সে ।

৪৭

উজ্জ্বলে ভয় তার,
ভয় মিটমিটেতে,
ঝালে তার যত ভয়
তত ভয় মিঠেতে ।

ভয় তার পশ্চিমে,
ভয় তার পূর্বে,
যে দিকে তাকায় ভয়
সাথে সাথে ঘুরবে ।
ভয় তার আপনার
বাড়িটার ইটেতে,
ভয় তার অকারণে
অপরের ভিটেতে ।

ভয় তার বাহিরেতে,
ভয় তার অন্তরে,
ভয় তার ভূত-শ্রেতে,
ভয় তার মস্তুরে ।
দিনের আলোতে ভয়
সামনের দিঠেতে,
রাতের আধারে ভয়
আপনারি পিঠেতে ।

৪৮

কনের পণের আশে
চাকরি সে ভ্যেজেছে ।
বার বার আয়নাতে
মুখখানি মেজেছে ।

হেনকালে বিনা কোনো কসুরে
 যম এসে ঘা দিয়েছে স্বপ্নে,
 কনেও ঝাকালো মুখ—
 বুকে তাই বেজেছে ।
 বরবেশ ছেড়ে হীর
 দরবেশ সেজেছে ।

৪৯

বরের বাপের বাড়ি
 যেতেছে বৈ বাহিক,
 সাথে সাথে ভাঁড় হাতে
 চলেছে দই-বাহিক ।
 পণ দেবে কত টাকা
 লেখাপড়া হবে পাকা,
 দলিলের খাতা নিয়ে
 এসেছে সই-বাহিক ।

৫০

আয়না দেখেই চমকে বলে,
 'মুখ যে দেখি ফ্যাকাশে,
 বেশিদিন আর ঝাচব না তো—'
 ভাবছে বসে একা সে ।
 ডাক্তারেরা লুটল কড়ি,
 খাওয়ায় জোলাপ, খাওয়ায় বড়ি,
 অবশেষে ঝাচল না সেই
 বয়স যখন একাশি ।

৫১

বাদশার মুখখানা
 গুরুতর গভীর,
 মহিবীর হাসি নাহি ঘুচে ;
 কহিলো বাদশা-বীর—
 'যতগুলো দস্তীর
 দস্ত মুছিব ঠেচে-পুছে ।'

উচু মাথা হল হেঁট,
 খালি হল ভরা পেট,
 শপাশপ্ পিঠে পড়ে বেত ।
 কড়ু কাঁসি কড়ু জেল,
 কড়ু শূল কড়ু শেল,
 কড়ু ক্রোক দেয় ভরা খেত ।

মহিষী বলেন তবে—
 'দস্ত যদি না র'বে
 কী দেখে হাসিব তবে, প্রভু ।'
 বাদশা শুনিয়া কহে—
 'কিছুই যদি না রহে
 হসনীয় আমি র'ব তবু ।'

৫২

আপিস থেকে ঘরে এসে
 মিলত গরম আহাৰ্য,
 আজকে থেকে রইবে না আর
 তাহার জো ।
 বিধবা সেই পিসি ম'রে
 গিয়েছে ঘর খালি করে,
 বন্দি স্বয়ং করেছে তার
 সাহায্য ।

৫৩

গকুরাজার পাতে
 ছাগলের কোরমাতে
 যবে দেখা গেল তেলা-
 পোকটা
 রাজা গেল মহা চ'টে,
 চীৎকার করে ওঠে—
 'খানসামা কোথাকার
 বোকটা ।'

মন্ত্রী জুড়িয়া পানি
 কহে, 'সবই এক প্রাণী ।'
 রাজার ঘুচিয়া গেল
 ধোকটা ।
 জীবের শিবের প্রেমে
 একদম গেল থেমে
 মেখে তার তলোয়ার
 ঠোকটা ।

৫৪

নামজাদা দানুবাসু
 রীতিমত খরচে,
 অথচ ভিটের তার
 ঘুঘু সদা চরছে ।

দানধর্মের 'পরে
 মন তার নিবিষ্ট,
 রোজ্জগার করিবার
 বেলা তপে 'শ্রীবিকু',
 চাদার খাতাটা তাই
 ঘারে ঘারে ধরছে ।
 এই ভাবে পুণ্যের
 খাতা তার ভরছে ।

৫৫

বহু কোটি যুগ পরে
 সহসা বাণীর বরে
 জলচর প্রাণীদের
 কণ্ঠটা পাওয়া যেই
 সাগর জাগর হল
 কতমতো আওয়াজেই ।
 তিমি ওঠে গা গা করে ;
 চি চি করে চিংড়ি ;
 ইলিস বেহাগ ভাজে
 যেন মধু নিংড়ি ;
 শাখগুলো বাজে, বহে
 দক্ষিণে হাওয়া বেই ;
 গান গেয়ে ওঠকেরা
 লাগে কুচ-কাওয়াজেই ।

৫৬

আমার পাচকবর গদাধর মিশ্র,
 তারি ঘরে দেখি মোর কুস্তলব্ধ্য ।
 কহিনু তাহারে ডেকে—
 'এ শিশিটা এনেছে কে,
 শোভন করিতে চাও হৈশেলের দৃশ্য ?'

সে কহিল 'বরিবার
 এই ঝড় ; সরিবার
 তেলে ক'ষে যায় খাত, বেড়ে যায় কৃশ্য ।'
 কহে, 'কাঠমুণ্ডার
 নেপালের গুণ্ডার
 এই তেলে কেটে যায় জঠরের গ্রীষ্ম ।
 লোকমুখে শুনেছি তো, রাজা-গোলকুণ্ডার
 এই সাত্তিক তেলে পূজার হবিষ্য ।
 আমি আর তাঁরা সবে চরকের শিষ্য ।'

৫৭

রাম্মার সব ঠিক,
 পেয়েছি তো নুনটা—
 অন্ন অভাব আছে,
 পাই নি বেগুনটা ।
 পরিবেশনের তরে
 আছি মোরা সব ভাই,
 যাদের আসার কথা
 অনাগত সঝাই ।
 পান পেলে পুরো হয়,
 জুটিয়েছি চুনটা—
 একটু-আধটু বাকি,
 নাই তাহে কুষ্ঠা ।

৫৮

সর্দিকে সোজাসৃজি
 সর্দি বলেই বুঝি
 মেডিকেল বিজ্ঞান না শিখে ।
 ডাক্তার দেয় শিস,
 টাকা নিয়ে ঐয়ত্রিশ
 ইন্ফ্লুয়েঞ্জা বলে কাশিকে ।
 ভাবনায় গেল ঘুম,
 ওষুধের লাগে ধুম,
 শঙ্কা লাগালো পারিভাষিকে ।
 আমি পুরাতন পাপী,
 Hanging শুনেই কাঁপি,
 ডরিনেকো সাদাসিধে ফাঁসিকে ।
 শূন্য তবিল যবে,
 বলে 'পাচনেই হবে'—
 চেতাইল এ ভারতবাসীকে ।
 নরস্কে ঠেকিয়ে দূরে
 যাই বিক্রমপুরে,
 সহায় মিলিল খাদুমাসিকে ।

৫৯

হাস্যদমনকারী গুরু—
 নাম যে বশীশ্বর,
 কোথা থেকে জুটল তাহার
 ছাত্র হসীশ্বর ।



স্ত্রীর বোন
কবিতাসংখ্যা ৬১

বলে, 'হেন উপদেশ তোমারে দিয়েছে সে কে,
আজও আছে রান্ধস, হঠাৎ চেহারা দেখে
রামের সেবক ব'লে করে যদি শঙ্কা ।
আকৃতি প্রকৃতি তব হতে পারে জন্মকালো,
দিদি যা বলুন, মুখ নয় কভু কম কালো—
খামকা তাদের ভয় লাগিবে আচমকা ।
হয়তো বাজাবে রণডঙ্কা ।'

৬৩

ভোলানাথ লিখেছিল,
তিন-চারে নব্বই—
গণিতের মার্কায়
কাটা গেল সবই ।
তিন-চার বারো হয়,
মাস্টার তারে কয় ;
'লিখেছিনু ঢের বেশি'
এই তার গর্বই ।

৬৪

একটা খোঁড়া ঘোড়ার 'পরে
চড়েছিল চাটুর্জে,
পড়ে গিয়ে কী দশা তার
হয়েছিল হাঁটুর যে !

বলে কেঁদে, 'ব্রাহ্মণেরে
বইতে ঘোড়া পারল না যে
সহিত তাও, মরি আমি
তার থেকে এই অধিক লাজে—
লোকের মুখের ঠাট্টা যত
বইতে হবে টাটুর যে !'

৬৫

থাকে সে কাহালগায় ;
কলুটোলা আফিসে
রোজ আসে দশটায়
একায় চাপি সে ।
ঠিক যেই মোড়ে এসে
লাগাম গিয়েছে ফেসে,

দেরি হয়ে গেল ব'লে
 ভয়ে মরে কাঁপি সে—
 ঘোড়াটার লেজ ধ'রে
 করে দাপাদাপি সে ।

৬৬

বটে আমি উদ্ধত,
 নই তবু ক্রুদ্ধ তো,
 শুধু ঘরে মেয়েদের সাথে মোর যুদ্ধ তো ।
 যেই দেখি গুণায়
 ক্ষমি হেঁটমুণায়,
 দুর্জন মানুষেরে ক্ষমেছেন বুদ্ধ তো ।
 পাড়ায় দারোগা এল দ্বারে করি রুদ্ধ তো—
 সাস্তিক সাধকের এ আচার শুদ্ধ তো ।

৬৭

ভূত হয়ে দেখা দিল
 বড়ো কোলাব্যাঙ,
 এক পা টেবিলে রাখে,
 কাঁধে এক ঠ্যাঙ ।
 বনমালী খুড়ো বলে—
 'করো মোরে বন্ধে,
 শীতল দেহটি তব
 বুলিয়ো না বন্ধে ।'
 উত্তর দেয় না সে,
 বলে শুধু 'ক্যাঙ' ।

৬৮

পেঁচোটাকে মাসি তার
 যত দেয় আঙ্কারা,
 মুশকিল ঘটে তত
 এক সাথে বাস করা ।
 হঠাৎ চিমটি কাটে
 কপালের চামড়ায়—
 বলে সে, 'এমনি ক'রে
 ভিমরুল কামড়ায় ।'
 আমার বিছানা নিয়ে
 খেলা গুর চাষ-করা—
 মাথার বালিশ থেকে
 তুলোগুলো ছাস-করা ।



ম্যালাবারের কন্যা

কবিতাসংখ্যা ৭১

৭২

বেদনায় সারা মন
 করতেছে টনটন
 শ্যালী কথা বলল না
 সেই বৈরাগ্যে ।

মরে গেলে ট্রাস্টিরা
 করে দিক বণ্টন
 বিষয়-আশয় যত—
 সব-কিছু যাক গে ।

উমেদারি-পথে আহা
 ছিল যাহ সঙ্গী—
 কোথা সে শ্যামবাজার
 কোথা চৌরঙ্গি—
 সেই হেঁড়া হাতা চোরে
 নেয় নাই ভাগ্যে—

আর আছে ভাঙা ওই
 হ্যারিকেন লঠন,
 বিশ্বের কাজে তারা
 লাগে যদি লাগ্ গে ।

৭৩

ইস্কুল-এড়ায়নে
 সেই ছিল বরিষ্ঠ,
 ফেল-করা ছেলেদের
 সবচেয়ে গরিষ্ঠ ।
 কাজ যদি জুটে যায়
 দুদিনে তা ছুটে যায়,
 চাকরির বিভাগে সে
 অতিশয় নড়িষ্ঠ—
 গলদ করিতে কাজে
 ভয়ানক দ্রুটিষ্ঠ ।

৭৪

দায়েদের গিন্নিটি
 কিপটে সে অতিশয়,
 পান থেকে চুন গেলে
 কিছুতে না ক্ষতি সয় ।
 কাঁচকলা-খোসা দিয়ে
 পচা মছয়ার ঘিয়ে
 ছেঁচকি বানিয়ে আনে—

সে কেবল পতি সয় ;
একটু করলে 'উই'
যদি এক-রতি সয় !

৭৫

আধখানা বেল
খেয়ে কানু বলে—
'কোথা গেল বেল ।
একখানা ।'
আধা গেলে শুধু
আধা বাকি থাকে,
যত করি আমি
ব্যাখ্যানা,
সে বলে, 'তা হলে মহা ঠকিলাম,
আমি তো দিয়েছি ষোলো-আনা দাম ।'
হাতে হাতে সেটা করিল প্রমাণ
ঝাড়া দিয়ে তার
ব্যাগখানা ।

৭৬

পাড়াতে এসেছে এক
নাড়ীটেপা ডাক্তার,
দূর থেকে দেখা যায়
অতি উচু নাক তার ।
নাম লেখে ওষুধের,
এ দেশের পত্নীদের
সাধ্য কী পড়ে তাহা
এই বড়ো ঝাঁক তার ।
যেথা যায় বাড়ি বাড়ি
দেখে যে ছেড়েছে নাড়ী,
পাওনাটা আদায়ের
মেনে না যে ঝাঁক তার ।
গেছে নির্বাকপুরে
ভক্তের ঝাঁক তার ।

৭৭

ইয়ারিং ছিল তার দু কানেই ।
গেল যবে স্যাকরার দোকানেই
মনে প'ল, গয়না তো চাওয়া যায়,
আরেকটা কান কোথা পাওয়া যায়—

সে কথাটা নোটবুকে টোকা নেই ।
মসি বলে, 'তোয় মতো বোকা নেই ।'

৭৮

লটারিতে পেল পীতু
হাজার পঁচাত্তর,
জীবনী লেখার লোক
ভুটিল সে-মান্তর ।

যখনি পড়িল চোখে
চেহারাটা চেক্টার
'আমি পিসে' কহে এসে
ড্রেনইনস্পেক্টার ।
গুরু-ট্রেনিঙের এক
পিলেওয়াল হাত্তর
অবাচিত এল তার
কন্যার পাত্তর ।

৭৯

চিত্তাহরণ দালালের বাড়ি
গিয়ে
একশো টাকার একখানি নোট
দিয়ে
তিনখানা নোট আনে সে
দশ টাকার ।
কাগজ-গন্তি মুনকা যতই
বাড়ে
টাকার গন্তি লক্ষী ততই
ছাড়ে,
কিছুতে বৃষ্টিতে পারে না
দোষটা কার ।

৮০

জিরাকের বাবা বলে—
'খোকা তোর দেহ
দেখে দেখে মনে মোর
ক'মে যায় দেহ ।

সামনে বিষম উচু,
 পিছনেতে খাটো,
 এমন দেহটা নিয়ে
 কী করে যে হাঁটো ।'
 খোকা বলে, 'আপনার
 পানে তুমি চেহো,
 মা যে কেন ভালোবাসে
 বোঝে না তা কেহ ।'

৮১

যখন জলের কল
 হয়েছিল পলতায়
 সাহেবে জানালো খুদু,
 ভরে দেবে জল তায় ।
 ঘড়াগুলো পেত যদি
 শহরে বহাত নদী,
 পারে নি যে সে কেবল
 কুমোরের খলতায় ।

৮২

মহারাজা ভয়ে থাকে
 পুলিশের ধানাতে,
 আইন বানায় যত
 পারে না তা মানাতে ।
 চর ফিরে তাকে তাকে—
 সাধু যদি ছাড়া থাকে
 খোজ পেলে নৃপতিরে
 হয় তাহা জানাতে,
 রক্ষা করিতে তারে
 রাখে জেলখানাতে ।

৮৩

বাংলাদেশের মানুষ হয়ে
 ছুটিতে ধাও চিতোরে,
 কাচড়াপাড়ার জলহাওয়াটা
 লাগল এতই তিতো রে ?

মরিস ভয়ে ঘরের প্রিয়ার,
 পালাস ভয়ে ম্যালেরিয়ার,
 হয় রে ভীক, রাজপুতানার
 ভূত পেয়েছে কী তোরে ।
 লড়াই ভালোবাসিস, সে তো
 আছেই ঘরের ভিতরে ।

৮৪

ডাকাতির সাড়া পেয়ে
 তাড়াতাড়ি ইজেরে
 চোখ ঢেকে মুখ ঢেকে
 ঢাকা দিল নিজেরে ।

পেটে ছুরি লাগালো কি,
 প্রাণ তার ভাগালো কি,
 দেখতে পেল না কালু
 হল তার কী যে রে !

৮৫

গণিতে রেলোটিভিটি প্রমাণের ভাবনায়
 দিনরাত একা বসে কাটালো সে পাবনায়—
 নাম তার চুনিলাল, ডাক নাম খোড়কে ।
 ১ গুলো সবই ১ সাদা আর কালো কি,
 গণিতের গণনায় এ মতটা ভালো কি ।
 অবশেষে সাম্যের সামলাবে তোড় কে ।
 একের বহর কড় বেশি কড় কম হবে,
 এক রীতি হিসাবের তবুও কি সম্ভবে ।
 ৭ যদি বাশ হয়, ৩ হয় খড়কে,
 তবু শুধু ১০ দিয়ে জুড়বে সে জোড় কে ।
 যোগ যদি করা যায় হিড়িষা কুস্তীতে,
 সে কি ২ হতে পারে গণিতের গুন্তিতে ।
 যতই না কষে নাও মোচা আর খোড়কে
 তার গুণফল নিয়ে ঠাক যাবে ভড়কে ।

৮৬

তনুরা কাধে নিয়ে
 শর্মা বাণেশ্বর
 ভেবেছিল, তীর্থেই
 যাবে সে ধানেশ্বর ।

হঠাৎ খেয়াল চাপে গাইয়ের কাজ নিতে—
 বরাবর গেল চলে একদম গাঙ্গুনিতে,
 পাঠানের ভাব দেখে
 ভাঙিল গানের স্বর ।

৮৭

নিদ্রা-ব্যাপার কেন
 হবেই অবাধ্য,
 চোখ-চাওয়া ঘুম হোক
 মানুষের সাধ্য—
 এম. এসসি বিভাগের ব্রিলিয়ান্ট ছাত্র
 এই নিয়ে সন্ধান করে দিনরাত্র,
 বাজায় পাড়ার কানে
 নানাবিধ বাদ্য,
 চোখ-চাওয়া ঘটে তাহে,
 নিদ্রার শ্রাব্দ ।

৮৮

দিন চলে না যে, নিলেমে চড়েছে
 খাট-টিপাই ।
 ব্যাবসা ধরেছি গল্পেরে করা
 নাটি-fy ।
 ক্রিটিক মহল করেছি ঠাণ্ডা,
 মুর্গি এবং মুর্গি-আণ্ডা
 খেয়ে করে শেষ, আমি হাড় দুটি-
 চারটি পাই—
 ভোজন-ওজনে লেখা ক'রে দেয়
 certify ।

৮৯

জান তুমি, রাস্তিরে
 নাই মোর সাথি আর—
 ছোটোবউ, জেগে থেকে,
 হাতে রেখে হাতিয়ার ।
 যদি করে ডাকাতি,
 পারি নে যে তাকাতেই,
 আছে এক ভাঙা বেত
 আছে হেঁড়া ছাতি আর ।

ভাঙতে চার না ধুম,
 তা না হলে দুমাদুম
 লাগাতেম কিল ঘুবি
 চালাতেম লাধি আর ।

১০

পণ্ডিত কুমিরকে
 ডেকে বলে, 'নক্র,
 প্রথমে তোমার দাঁত,
 মেজাজটা বক্র ।
 আমি বলি নখ ভব
 করো তুমি কর্তন,
 হিংস্র স্বভাব তবে
 হবে পরিবর্তন
 আমিই ছাড়িয়া যদি
 শুধু খাও তক্র ।'

১১

স্বপ্নরবাড়ির গ্রাম,
 নাম তার কুলকাটা,
 যেতে হবে উপেনের—
 চাই তাই চুল-ছাঁটা ।
 নাপিত বললে, কাঁচি
 খুঁজে যদি পাই কাঁচি—
 ক্ষর আছে, একেবারে
 করে দেব মূল-ছাঁটা ।
 জেনো বাবু, তা হলেই
 বেঁচে যায় ভুল-ছাঁটা ।'

১২

খড়দয়ে যেতে যদি সোজা এস কুলনা
 যত কেন রাগ করো, কে বলে তা ভুল না ।

মালা গাথা পণ ক'রে আন যদি আমড়া,
 রাগ করে বেত মেরে ফটাও-না চামড়া,
 তবুও বলতে হবে— ও জিনিস ফুল না ।

বেঞ্চিতে বসে তুমি বল যদি 'দোল দাও',
 চটে-মটে শেষে যদি কড়া কড়া বোল দাও,
 পষ্ট বুঝিয়ে দেব— ওটা নয় খুলনা ।

যদি বা মাথার গোলে ঘরে এসে বসবার
 হাটুতে বুরুশ করো একমনে দশবার,
 কী করি বলতে হবে— ওখানে তো চুল না ।

৯৩

নীলুবাবু বলে, 'শোনো
 নেয়ামৎ দর্জি,
 পুরোনো ফ্যাশানটাতে
 নয় মোর মর্জি ।'
 শুনে নিয়ামৎ মিঞা যতনে পঁচিশটে
 সম্মুখে ছিদ্র, বোতাম দিল পৃষ্ঠে ।
 লাফ দিয়ে বলে নীলু, 'এ কী আশ্চর্যি !'
 ঘরের গৃহিণী কয়, 'রয় না তো ধর্যি ।'

৯৪

বিড়ালে মাছেতে হল সখ্য ।
 বিড়াল কহিল, 'ভাই ভক্ষা,
 বিধাতা স্বয়ং জেনো সর্বদা কন তোরে—
 ঢোকো গিয়ে বন্ধুর রসময় অন্তরে,
 সেখানে নিজেই তুমি সযতনে রক্ষ ।
 ওই দেখো পুকুরের ধারে আছে ঢালু ডাঙা,
 ওইখানে শয়তান বসে থাকে মাছরাঙা,
 কেন মিছে হবে ওর চঞ্চুর লক্ষ্য !'

৯৫

হরপণ্ডিত বলে, 'ব্যঞ্জন সন্ধি এ,
 পড়ে দেখি, মনুবাবা, একটুকু মন নিয়ে ।'
 মনোযোগহস্তীর
 বেড়ি আর খস্তির
 ঝংকার মনে পড়ে ; হেঁশেলের পহার
 ব্যঞ্জন-চিন্তায় অস্থির মন তার ।
 থেকে থেকে জল পড়ে চঞ্চুর কোণ দিয়ে ।

৯৬

ঝিনেদার জ্ঞানদার
 ছেলেটার জন্যে
 ত্রিচিনাপন্নী গিয়ে
 খুঁজে পেল কন্যে ।

শহরেতে সব-সেরা
 ছিল যেই বিবেচক
 দেখে দেখে বললে সে—
 'কিবে নাক, কিবে চোখ ;
 চুলের ডগার খুঁত
 বুঝবে না অনো ।'

কন্যেকর্তা শুনে
 ঘটকের কানে কয়—
 'ওটুকু ক্রটির তরে
 করিস নে কোনো ভয় ;
 ক'খানা মেয়েকে বেছে
 আরো তিনজন নে,
 তাতেও না ভরে যদি
 ভরি-কয় পণ নে ।'

৯৭

খুদিরাম ক'সে টান
 দিল খেলো ইকোতে—
 গেল সারবান কিছু
 অস্তরে ঢুকোতে ।
 অবশেষে হাঁড়ি শেষ
 করি রসগোম্মার
 রোদে বসে খুদুবাবু
 গান ধরে মোম্মার
 বলে, 'এতখানি রস
 দেহ থেকে ঢুকোতে
 হবে তাকে ধোয়া দিয়ে
 সাত দিন শুকোতে ।'

৯৮

প্রাইমারি ইন্স্কুলে
 প্রায়-মারা পণ্ডিত
 সব কাজ ফেলে রেখে
 ছেলে করে দণ্ডিত ।
 নাকে খত দিয়ে দিয়ে
 ক্ষয়ে গেল যত নাক,
 কথা-শোনবার পথ
 টেনে টেনে করে ফাঁক ।

ক্লাসে যত কান ছিল
সব হল খণ্ডিত,
বেঞ্চিটেকিগুলো লণ্ডিত ভণ্ডিত ।

৯৯

জন্মকালেই ওর লিখে দিল কুচি,
ভালো মানুষের 'পরে চালাবে ও মুষ্টি ।

যতই প্রমাণ পায় বাবা বলে, 'মোদ্দা,
কভু জন্মে নি ঘরে এত বড়ো যোদ্ধা ।'
'বেঁচে থাকলেই ঝাঁচি' বলে ঘোবশুষ্টি—
এত গাল খায় তবু এত পরিপূষ্টি ।

১০০

টাকা সিকি আধুলিতে
ছিল তার হাত জোড়া ;
সে-সাহসে কিনেছিল
পাস্তোয়া সাত ঝোড়া ।

ফুঁকে দিয়ে কড়াকড়ি
শেষে হেসে গড়াগড়ি ;
ফেলে দিতে হল সব—
আলুভাতে পাত-জোড়া ।

১০১

বেলা আটটার কমে
খোলে না তো চোখ সে ।
সামলাতে পারে না যে
নিদ্রার ঝোক সে ।
জরিমানা হলে বলে—
'এসেছি যে মা ফেলে,
আমার চলে না দিন
মাইনেটা না পেলে ।
তোমার চলবে কাজ
যে ক'রেই হোক সে,
আমারে অচল করে
মাইনের শোক সে ।'

১০২

বশীরহাটেতে বাড়ি
বশ-মানা হাত তার,
ছেলে বুড়ো যে যা বলে
কথা শোনে যার-তার ।

দিনরাত সর্বথা
সাথে নিজ খর্বতা,
মাথা আছে হেঁট-করা,
সদা জোড় হাত তার,
সেই ফাঁকে কুকুরটা
চেটে যায় পাত তার ।

১০৩

নাম তার চিনুলাল
হরিরাম মোতিভয়,
কিছুতে ঠকায় কেউ
এই তার অতি ভয় ।
সাতানকবই থেকে
তেরোদিন বঁকে বঁকে
বারোতে নামিয়ে এনে
তবু ভাবে, গেল ঠকে ।
মনে মনে আঁক কবে,
পদে পদে কতি-ভয় ।
কষ্টে কেরানি তার
টিকে আছে কতিপয় ।

১০৪

হাজারিবাগের খোপে হাজারটা হাই
তুলেছিল হাজারটা বাঘে,
ময়মনসিংহের মাসতুত ভাই
গর্জি উঠিল তাই রাগে ।
খেকশেয়ালের দল শেয়ালদহর
হাঁচি শুনে হেসে মরে অষ্টপ্রহর,
হাতিবাগানের হাতি ছাড়িয়া শহর
ভাগলপুরের দিকে ভাগে—
গিরিডির গিরিগিটি মস্ত-বহর
পথ দেখাইয়া চলে আগে ।
মহিশুরে মহিষটা খায় অড়হর—
খামকাই তেড়ে গিয়ে লাগে ।

১০৫

স্বপ্ন হঠাৎ উঠল রাতে
প্রাণ পেয়ে,
মৌন হতে জ্ঞান পেয়ে ।
ইন্দ্রলোকের পাগলাগারদ
খুলল তারই দ্বার,
পাগল ভুবন দুর্দাড়িয়া
ছুটল চারিধার—
দারুণ ভয়ে মানুষগুলোর
চক্ষে বারিধার,
বাঁচল আপন স্বপ্ন হতে
খাটের তলায় স্থান পেয়ে ।

সংযোজন

১

পাবনায় বাড়ি হবে, গাড়ি গাড়ি ইট কিনি,
স্নাননিমহল-তরে করোগেট-শীট কিনি ।
ধার ক'রে মিস্ত্রির সিকি বিল চুকিয়েছি,
পাওনাদারের ভয়ে দিনরাত লুকিয়েছি,
শেষে দেখি জানলায় লাগে নাকো ছিটকিনি ।
দিনরাত দুড়দাড় কী বিষম শব্দ যে,
তিনটে পাড়ার লোক হয়ে গেল জব্দ যে,
ঘরের মানুষ করে খিট খিট খিটকিনি ।

কী করি না ভেবে পেয়ে মথুরায় দিনু পাড়ি,
বাজে খরচের ভয়ে আরেকটা পাকাবাড়ি
বানাবার মতলবে পোড়ো এক ভিট কিনি ।
তিনতলা ইমারত শোভা পায় নবাবেরই,
সিঁড়িটা রইল বাকি চিহ্ন সে অভাবেরই,
তাই নিয়ে গৃহিণীর কী যে নাক-সিটকিনি ।

শান্তিনিকেতন
৫ বৈশাখ ১৩৪৪

২

বালিশ নেই, সে ঘুমোতে যায় মাথার নীচে ইট দিয়ে ।
কাথা নেই, সে প'ড়ে থাকে রোদের দিকে পিঠ দিয়ে ।
খস্তর বাড়ি নেমস্তর, তাড়াতাড়ি তারই জন্য
ছেঁড়া গামছা পরেছে সে তিনটে-চারটে গিঠ দিয়ে ।
ভাঙা ছাতার ঝাঁটখানাতে ছড়ি ক'রে চায় বানাতে,
রোদে মাথা সুস্থ করে ঠাণ্ডা জলের ছিট দিয়ে ।
হাসির কথা নয় এ মোটে, খেঁকশেয়ালিই হেসে ওঠে
যখন রাতে পথ করে সে হতভাগার ভিট দিয়ে ।

৩

পাঁচদিন ভাত নেই, দুধ একরসি—
ছুর গেল, যায় না যে তবু তার পখি ।
সেই চলে জলসাবু, সেই ডাক্তারবাবু,
কাঁচা কুলে আমড়ায় তেমনি আপসি ।

ইন্সুলে যাওয়া নেই সেইটে যা মঙ্গল—
পথ খুঁজে ঘুরিনেকো গণিতের জঙ্গল ।
কিন্তু যে বুক ফাটে দূর থেকে দেখি মাঠে
ফুটবল-ম্যাচে জমে হেলোদের দঙ্গল ।

কিনুরাম পণ্ডিত, মনে পড়ে, টাক তার—
সমান ভীষণ জানি চুনিলাল ডাক্তার ।
খুলে ওষুধের ছিপি হেসে আসে টিপিটিপি—
দাঁতের পাটিতে দেখি, দুটো দাঁত ফাঁক তার ।

ছুরে বাধে ডাক্তারে, পালাবার পথ নেই ;
প্রাণ করে হাঁসফাঁস যত থাকি যত্নেই ।
ছুর গেলে মাস্টারে গিঠ দেয় ফাঁসটারে—
আমারে ফেলেছে সেয়ে এই দুটি রত্নেই ।

উদয়ন
শান্তিনিকেতন
১৫.৯.৩৮

৪

মানিক কহিল, 'পিঠ পেতে দিই দাঁড়াও ।
আম দুটো কোলে, ওর দিকে হাত বাড়াও ।
উপরের ডালে সবুজে ও লালে
ভরে আছে, কবে নাড়াও ।
নীচে নেমে এসে ছুরি দিয়ে শেবে
বঁসে বঁসে খোসা ছাড়াও ।
যদি আসে মালি চোর্খে দিয়ে বালি
পারো যদি তারে তাড়াও ।
বাকি কাজটার মোর 'পরে ভার,
পাবে না শাসের সাড়াও ।
আঠি যদি থাকে দিয়ে মালিটাকে,
মাড়াব না তার পাড়াও ।
পিসিমা রাগিলে তাঁর চড়ে কিলে
বানরামি-ভূত ঝাড়াও ।'

৫

ভোতনমোহন স্বপ্ন দেখেন, চড়েছেন চৌখুরি ।
মোচার খোলার গাড়িতে তাঁর ব্যাঙ দিয়েছেন জুড়ি ।
পথ দেখালো মাছরাঙাটায়, দেখল এসে চিংড়িঘাটায়—
কুম্ভকো কুলের বোকাই নিয়ে মোচার খোলা ভাসে ।
খোকনবাবু বিষম খুশি খিলখিলিয়ে হাসে ।

উত্তরায়ণ
৫।৯।৩৮

৬

গিন্নির কানে শোনা ঘটে অতি সহজেই
 'গিনি সোনা এনে দেব' কানে কানে কহ যেই ।
 না হলে তোমারি কানে দুর্গহ টেনে আনে,
 অনেক কঠিন শোনা— চূপ করে রহ যেই ।

৭

ধীরু কহে শূন্যেতে মজো রে,
 নিরাধার সত্যেতে ভজো রে ।
 এত বলি যত চায় শূন্যেতে ওড়াটা
 কিছুতে কিছু-না-পানে পৌছে না ঘোড়াটা,
 চাবুক লাগায় তারে সজোরে ।
 ছুটে মরে সারারাত, ছুটে মরে সারাদিন—
 হয়রান হয়ে তবু আমিহীন ঘোড়াহীন
 আপনারে নাহি পড়ে নজরে ।

৮

ট্রাম্-কন্ডাক্টার,
 হইসেলে ফুক দিয়ে শহরের বুক দিয়ে
 গাড়িটা চালায়, তার সীমা নেই ঝাঁকটার ।
 বারো-আনা ফাঁকা তার মাথাটার তেলো যে,
 চিক্কনির চালাচালি শেষ হয়ে এল যে ।
 বিধাতার নিজ হাতে ঝাঁট-দেওয়া ফাঁকটার
 কিছু চুল দুপাশেতে ফুটপাথ আছে পেতে,
 মাঝে বড়ো রাস্তাটা বুক জুড়ে টাকটার ।

৯

মাস্টার বলে, 'তুমি দেবে ম্যাট্রিক,
 এক লাফে দিতে চাও হবে না সে ঠিক ।
 ঘরে দাদামশায়ের দেখো example,
 সমস্ত বৎসরও হয়নিকো ample ।
 একদা পরীক্ষায় হবে উত্তীর্ণ
 যখন পাকবে চুল, হাড় হবে জীর্ণ ।'

১০

তিনকড়ি । তোম্পাড়িরে উঠল পাড়া,
 তবু কর্তা দেন না সাড়া ! জাণ্ডন শিগ্গির জাণ্ডন ।
 কর্তা । এলারামের ঘড়িটা যে
 চূপ রয়েছে, কই সে বাজে—

তিনকড়ি । ঘড়ি পরে বাজবে, এখন ঘরে লাগল আগুন ।
 কর্তা । অসময়ে আগলে পরে
 ভীষণ আমার মাথা ধরে—
 তিনকড়ি । জানলাটা ওই উঠল হলে, উর্ধ্ব্বাসে ভাঙন ।
 কর্তা । বড্ড ছালায় তিনকড়িটা—
 তিনকড়ি । হলে যে ছাই হল ভিটা,
 ফুটপাথে ওই বাকি ঘুমটা শেষ করতে লাগুন ।

১১

গাড়িতে মদের শিশে ছিল তেরো-চোদ্দো,
 এজিনে জল দিতে দিল ফুলে মদ্য ।

চাকাগুলো ধেয়ে করে ধানখেত-জংশন,
 ঝালি ডাকে কেঁদে কেঁদে 'কোথা কানু জংশন'—

ট্রেন করে মাতলামি নেহাত অবোধ্য,
 সাবধান করে দিতে কবি লেখে পদ্য ।

১২

রায়ঠাকুরানী অম্বিকা ।
 দিনে দিনে তাঁর বাড়ে বাণীটার লম্বিকা ।
 অবকাশ নেই তবুও তো কোনো গতিকে
 নিজে বঁকে যান, কহিতে না দেন পতিকে ।
 নারীসমাজের তিনি তোরণের স্তম্ভিকা ।
 সয় নাকো তাঁর দ্বিতীয় কাহারও দম্বিকা ।

১৩

জর্মন প্রোফেসার দিয়েছেন গৌকে সার কত যে !
 উঠেছে ঝাঁকড়া হয়ে খোঁচা-খোঁচা হাঁটা হাঁটা—
 দেখে তাঁর ছাত্তের ভয়ে গারে দেয় কাঁটা,
 মাটির পানেতে চোখ নত যে ।
 বৈদিক ব্যাখ্যায় বাণী তাঁর মুখে এসে
 যে নিমেষে পা বাড়ান ওঠের ছারদেশে
 চরণকমল হয় কত যে ।

১৪

হাত দিয়ে পেতে হবে কী তাহে আনন্দ—
 হাত পেতে পাওয়া যাবে সেটাই পছন্দ ।
 আপিসেতে খেটে মরা তার চেয়ে বুলি ধরা
 ঢের ভালো— এ কথায় নাই কোনো সন্দ ।

১৫

দোতলায় ধূপধাপ হেমবাবু দেয় লাফ,
 মা বলেন, একি খেলা ভূতের নাচন নেচে ?
 নাকি সুরে বলে হেমা, 'চলতে যে পারি নে, মা,
 সকালে সর্দি লেগে যেমনি উঠেছি হেঁচে
 অমনি যে খচ করে পা আমার মচকেছে ।'

১৬

কনে দেখা হয়ে গেছে, নাম তার চন্দনা ;
 তোমারে মানাবে ভায়া, অতিশয় মন্দ না ।
 লোকে বলে, খিটখিটে, মেজাজটা নয় মিঠে—
 দেবী ভেবে নেই তারে করিলে বা বন্দনা ।
 কুঞ্জো হোক, কালো হোক, কালোও না, অন্ধ না ।

১৭

পাতালে বলিরাজার যত বলীরামরা,
 ভূতলেতে ঘাসিরাম আর ঘনশ্যামরা,
 লড়াই লাগালো বেগে ; ভূমিকম্পন লেগে
 চারি দিকে হাহাকার করে ওঠে গ্রামরা ।
 মানুষ কহিল, 'ক্রমে খবর উঠছে জমে,
 সেটা খুব মজা, তবু মরি কেন আমরা ।'

১৮

মাঝে মাঝে বিধাতার ঘটে একি ভুল—
 ধান পাকাবার মাসে ফোটে বেলফুল ।
 হঠাৎ আনাড়ি কবি তুলি হাতে আঁকে ছবি,
 অকারণে কাঁচা কাজে পেকে যায় চুল ।

১৯

পেন্সিল টেনেছিঁনু হুণ্ডায় সাতদিন,
 রবার ঘষেছি শেষে তিনমাস রাতদিন ।
 কাগজ হয়েছে সাদা ; সংশোধনের বাধা
 ঘুচে গেছে, এইবার শিক্কক হাত দিন—
 কিন্তু ছবির কোণে স্বাক্ষর বাদ দিন ।

বলিয়াছিলাম মামারে—

তোমারি ওই চেহারাখানি কেন গো দিলে আমারে ।
তখনো আমি জন্মি নি তো, নেহাত ছিনু অপরিচিত,
আগেভাগেই শান্তি এমন, এ কথা মনে যা মারে ।
হাড় ক'খানা চামড়া দিয়ে ঢেকেছে যেন চামারে ।

কাঁধে মই, বলে 'কই ভুইচাপা গাছ',
দইভাড়ে ছিপ ছাড়ে, খোঁজে কইমাছ,
ঘুটেছাই মেখে লাউ রাঁধে ঝাউপাতা—
কী খেতাব দেবতায় ঘুরে যায় মাথা ।

শিমুল রাঙা রঙে চোঁখেই দিল ভ'রে ।
নাকটা হেসে বলে, 'হায় রে যাই ম'রে ।'
নাকের মতে, গুণ কেবলি আছে ঘ্রাণে,
রূপ যে রঙ খোঁজে নাকটা তা কি জানে ।

আইডিয়াল নিয়ে থাকে, নাহি চড়ে হাঁড়ি ।
প্র্যাকটিক্যাল লোকে বলে, এ যে বাড়াবাড়ি ।
শিবনেত্র হল বুঝি, এইবার মোলো—
অস্বিঞ্জন নাকে দিয়ে চাক্সা ক'রে তোলো ।

খুব তার বোলচাল, সাজ ফিটফাট,
তকরার হলে আর নাই মিটমাট ।
চশমায় চমকায়, আড়ে চায় চোখ—
কোনো ঠাই ঠেকে নাই কোনো বড়ো লোক ।

ছড়ার ছবি

ভূমিকা

এই ছড়াগুলি ছেলেদের জন্যে লেখা। সবগুলো মাথায় এক নয় ; রোলার চালিয়ে প্রত্যেকটি সমান সুগম করা হয় নি। এর মধ্যে অপেক্ষাকৃত জটিল যদি কোনোটা থাকে তবে তার অর্থ হবে কিছু দুরূহ, তবে তার ধ্বনিতে থাকবে সুর। ছেলেমেয়েরা অর্থ নিয়ে নালিশ করবে না, খেলা করবে ধ্বনি নিয়ে। ওরা অর্থলোভী জাত নয়।

ছড়ার ছন্দ প্রাকৃত ভাষার ঘরাও ছন্দ। এ ছন্দ মেয়েদের মেয়েলি আলাপ, ছেলেদের ছেলেমি প্রলাপের বাহনগিরি করে এসেছে। ভদ্রসমাজে সভাযোগ্য হবার কোনো খেয়াল এর মধ্যে নেই। এর ভঙ্গিতে এর সম্ভ্রায় কাব্যসৌন্দর্য সহজে প্রবেশ করে, কিন্তু সে অজ্ঞাতসারে। এই ছড়ায় গভীর কথা হালকা চালে পায়ে নূপুর বাজিয়ে চলে, গান্ধীর্যের গুমোর রাখে না। অথচ এই ছড়ার সঙ্গে ব্যবহার করতে গিয়ে দেখা গেল যেটাকে মনে হয় সহজ সেটাই সব চেয়ে কম সহজ।

ছড়ার ছন্দকে চেহারা দিয়েছে প্রাকৃত বাংলা শব্দের চেহারা। আলোর স্বরূপ সম্বন্ধে আধুনিক বিজ্ঞানে দুটো উলটো কথা বলে। এক হচ্ছে আলোর রূপ চেউয়ের রূপ, আর হচ্ছে সেটা কণাবৃষ্টির রূপ। বাংলা সাধুভাষার রূপ চেউয়ের, বাংলা প্রাকৃত-ভাষার রূপ কণাবৃষ্টির। সাধুভাষার শব্দগুলি গায়ে গায়ে মিলিয়ে গড়িয়ে চলে, শব্দগুলির ধ্বনি স্বরবর্ণের মধ্যবর্তিতায় আট বাধতে পারে না। দৃষ্টান্ত যথা— শমনদমন রাবণ রাজা, রাবণদমন রাম। বাংলা প্রাকৃত-ভাষায় হসন্ত-প্রধান ধ্বনিতে ফাঁক বুজিয়ে শব্দগুলিকে নিবিড় করে দেয়। পাতলা, আজলা, বাদলা, পাপড়ি, চাদনি প্রভৃতি নিরেট শব্দগুলি সাধুভাষার ছন্দে গুরুপাক।

সাধুভাষার ছন্দে ভদ্র বাঙালি চলতে পারে না, তাকে চলিতে হয়, বসতে তার নিবেধ, বসিতে সে বাধা।

ছড়ার ছন্দটি যেমন ঘেঁষাঘেঁষি শব্দের জায়গা, তেমনি সেই-সব ভাবের উপযুক্ত— যারা অসতর্ক চালে ঘেঁষাঘেঁষি করে রাস্তায় চলে, যারা পদাতিক, যারা রথচক্রের মোটা চিহ্ন রেখে যায় না পথে পথে, যাদের হাটে মাঠে যাবার পায়ে-চলার-চিহ্ন ধুলোর উপর পড়ে আর লোপ পেয়ে যায়।

শান্তিনিকেতন

২ আশ্বিন ১৩৪৪

রবীন্দ্রনাথ ঠাকুর

বৌমাকে

ছড়ার ছবি

জলযাত্রা

নৌকো বেঁধে কোথায় গেল, যা ভাই মাঝি ডাকতে,
মহেশগঞ্জ যেতে হবে শীতের বেলা থাকতে ।
পাশের গায়ে ব্যাবসা করে ভাগে আমার বলাই,
তার আড়তে আসব বেচে খেতের নতুন কলাই ।
সেখান থেকে বাদুড়ঘাটা আন্দাজ তিনপোয়া,
যদুঘোষের দোকান থেকে নেব খইয়ের মোয়া ।
পেরিয়ে যাব চন্দনীদ' মুল্লিপাড়া দিয়ে,
মালসি যাব, পুটকি সেথায় থাকে মায়ে ঝিয়ে ।
ওদের ঘরে সেরে নেব দুপুরবেলার খাওয়া ;
তার পরেতে মেলে যদি পালের যোগ্য হাওয়া
একপহরে চলে যাব মুখলুচরের ঘাটে,
যেতে যেতে সঙ্কে হবে খড়কেডাঙার হাটে ।
সেথায় থাকে নওয়াপাড়ায় পিসি আমার আপন,
তার বাড়িতে উঠব গিয়ে, করব রাত্রিযাপন ।
তিন পহরে শেয়ালগুলো উঠবে যখন ডেকে
ছাড়ব শয়ন ঝাউয়ের মাথায় শুকতারাটি দেখে ।
লাগবে আলোর পরশমণি পূব আকাশের দিকে,
একটু ক'রে আধার হবে ফিকে ।

বাঁশের বনে একটি-দুটি কাক
দেবে প্রথম ডাক ।

সদর পথের ওই পারেতে গোসাইবাড়ির ছাদ
আড়াল করে নামিয়ে নেবে একাদশীর চাঁদ ।
উসুখুসু করবে হাওয়া শিরীষ গাছের পাতায়,
রাঙা রঙের ছোয়া দেবে দেউল-চুড়োর মাথায় ।
বোষ্টমি সে ঠুনুঠুনু বাজাবে মন্দিরা,
সকালবেলার কাজ আছে তার নাম শুনিয়া ফিরা ।

হেলেদুলে পোষা হাঁসের দল
যেতে যেতে জলের পথে করবে কোলাহল ।
আমারও পথ হাঁসের যে-পথ, জলের পথে যাত্রী,
ভাসতে যাব ঘাটে ঘাটে ফুরোবে যেই রাত্রি ।
সাতার কাটব জোয়ার-জলে পৌছে উর্জিরপুরে,
শুকিয়ে নেব ভিজ়ে ধুতি বালিতে রোদ্দুরে ।

গিয়ে ভজনঘাটা
 কিনব বেগুন পটোল মুলো, কিনব সজনেডাটা ।
 পৌছব আটবাকে,
 সূর্য উঠবে মাঝগগনে, মহিষ নামবে পাকে ।
 কোকিল-ডাকা বকুল-তলায় রাখব আপন হাতে,
 কলার পাতায় মেখে নেব গাওয়া ঘি আর ভাতে ।
 মাখনাগায়ে পাল নামাবে, বাতাস যাবে থেমে ;
 বনঝাউ-ঝোপ রঙিয়ে দিয়ে সূর্য পড়বে নেমে ।
 ঝাঁকাদিঘির ঘাটে যাব যখন সন্ধে হবে
 গোষ্ঠে-ফেরা ধেনুর হাঙ্গারবে ।
 ভেঙে-পড়া ডিঙির মতো হেলে-পড়া দিন
 তারা-ভাসা আধার-তলায় কোথায় হবে লীন ।

আলমোড়া
 জ্যৈষ্ঠ ১৩৪৪

ভজহরি

হংকণ্ঠে সারাবছর আপিস করেন মামা,
 সেখান থেকে এনেছিলেন চীনের দেশের শ্যামা,
 দিয়েছিলেন মাকে,
 ঢাকার নীচে যখন-তখন শিস দিয়ে সে ডাকে ।
 নিচিনপুরের বনের থেকে ঝুলির মধ্যে ক'রে
 ভজহরি আনত ফড়িঙ ধরে ।
 পাড়ায় পাড়ায় যত পাখি খাঁচায় খাঁচায় ঢাকা
 আওয়াজ শুনেই উঠত নেচে, কাপট দিত পাখা ।
 কাউকে ছাতু, কাউকে পোকা, কাউকে দিত ধান,
 অসুখ করলে হলুদজলে করিয়ে দিত স্নান ।
 ভজু বলত, “পোকার দেশে আমিই হচ্ছি দতি,
 আমার ভয়ে গজাফড়িঙ ঘুমোয় না একরস্টি ।
 ঝোপে ঝোপে শাসন আমার কেবলই ধরপাকড়,
 পাতায় পাতায় লুকিয়ে বেড়ায় যত পোকামাকড় ।”

একদিন সে ফাগুন মাসে মাকে এসে বলল,
 “গোধূলিতে মেয়ের আমার বিয়ে হবে কল্য ।”
 শুনে আমার লাগল ভারি মজা,
 এই আমাদের ভজা,
 এরও আবার মেয়ে আছে, তারও হবে বিয়ে,
 রঙিন চেঙ্গির খোমটা মাথায় দিয়ে ।
 শুধাই তাকে “বিয়ের দিনে খুব বুঝি ধুম হবে ?”
 ভজু বললে, “খাঁচার রাজ্যে নইলে কি যান রবে ।

কেউবা ওরা দাঁড়ের পাখি, পিঁজরেতে কেউ থাকে,
নেমন্তর চিঠিগুলো পাঠিয়ে দেব ডাকে ।
মোটো মোটা ফড়িঙ দেব, ছাতুর সঙ্গে দই,
ছোলা আনব ভিজিয়ে জলে, ছড়িয়ে দেব খই ।

এমনি হবে ধুম,

সাত পাড়াতে চক্রে কারও রইবে না আর ঘুম ।
ময়নাগুলোর খুলবে গলা, খাইয়ে দেব লঙ্কা ;
কাকাতুয়া চীৎকারে তার বাজিয়ে দেবে ডঙ্কা ।
পায়রা যত ফুলিয়ে গলা লাগাবে বক্বকম ;
শালিকগুলোর চড়া মেজাজ, আওয়াজ নানারকম ।
আসবে কোকিল, চন্দনাদের শুভাগমন হবে,
মন্ত্র শুনতে পাবে না কেউ পাখির কলরবে ।

ডাকবে যখন টিয়ে

বরকর্তা রবেন বসে কানে আঙুল দিয়ে ।”

আলমোড়া

জ্যৈষ্ঠ ১৩৪৪

পিস্নি

কিশোর-গায়ের পূবের পাড়ায় বাড়ি,
পিস্নি বৃড়ি চলেছে গ্রাম ছাড়ি ।

একদিন তার আদর ছিল, বয়স ছিল ষোলো,
স্বামী মরতেই বাড়িতে বাস অসহ্য তার হল ।
আর-কোনো ঠাই হয়তো পাবে আর-কোনো এক বাসা,
মনের মধ্যে আকড়ে থাকে অসন্তবের আশা ।
অনেক গেছে ক্ষয় হয়ে তার, সবাই দিল ফাঁকি,
অল্প কিছু রয়েছে তার বাকি ।

তাই দিয়ে সে তুলল বেঁধে ছোট বোঝাটাকে,
জড়িয়ে কাঁথা আকড়ে নিল কাঁখে ।

বা হাতে এক ঝুলি আছে, ঝুলিয়ে নিয়ে চলে,
মাঝে মাঝে হাঁপিয়ে উঠে বসে ধুলির তলে ।

শুধাই যবে, কোন্ দেশেতে যাবে

মুখে ক্ষণেক চায় সঙ্করণ ভাবে ;

কয় সে স্থিধায়, “কী জানি ভাই, হয়তো আলমডাঙা,
হয়তো সানকিভাঙা,

কিংবা যাব পাটনা হয়ে কাশী ।”

গ্রাম-সুবাদে কোনকালে সে ছিল যে কার মাসি,
মণিলালের হয় দিদিমা, চুনিলালের মামি—

বলতে বলতে হঠাৎ সে যায় থামি,

স্মরণে কার নাম যে নাহি মেলে ।

গভীর নিশ্বাস ফেলে
 চুপটি ক'রে ভাবে,
 এমন করে আর কতদিন যাবে ।
 দূরদেশে তার আপন জনা, নিজেরই ঝগাটে
 তাদের বেলা কাটে ।
 তারা এখন আর কি মনে রাখে
 এতবড়ো অদরকারি তাকে ।
 চোখে এখন কম দেখে সে, ঝাপসা যে তার মন,
 ভগ্নশেষের সংসারে তার শুকনো ফুলের বন ।
 স্টেশন-মুখে গেল চলে পিছনে গ্রাম ফেলে,
 রাত থাকতে, পাছে দেখে পাড়ার মেয়ে ছেলে ।
 দূরে গিয়ে, বাশবাগানের বিজ্ঞান গলি বেয়ে
 পথের ধারে বসে পড়ে, শূন্যে থাকে চেয়ে ।

আলমোড়া

৩ জ্যৈষ্ঠ ১৩৪৪

কাঠের সিঙ্গি

ছোটো কাঠের সিঙ্গি আমার ছিল ছেলেবেলায়,
 সেটা নিয়ে গর্ব ছিল বীরপুরুষি খেলায় ।
 গলায় ঝাধা রাঙা ফিতের দড়ি,
 চিনেমাটির ব্যাঙ বেড়াত পিঠের উপর চড়ি ।
 ব্যাঙটা যখন পড়ে যেত ধমকে দিতেম কষে,
 কাঠের সিঙ্গি ভয়ে পড়ত বসে ।
 গা গা করে উঠছে বুঝি, যেমনি হত মনে,
 “চুপ করো” যেই ধমকানো আর চমকাত সেইখানে ।
 আমার রাজ্যে আর যা থাকুক সিংহভয়ের কোনো
 সম্ভাবনা ছিল না কখনো ।
 মাংস ব'লে মাটির ঢেলা দিতেম ভাঁড়ের প'রে,
 আপত্তি ও করত না তার তরে ।
 বুঝিয়ে দিতেম, গোপাল যেমন সুবোধ সবার চেয়ে
 তেমনি সুবোধ হওয়া তো চাই যা দেব তাই খেয়ে ।
 ইতিহাসে এমন শাসন করে নি কেউ পাঠ,
 দিবানিশি কাঠের সিঙ্গি ভয়েই ছিল কাঠ ।
 খুদি কইত মিছিমিছি, “ভয় করছে, দাদা ।”
 আমি বলতেম, “আমি আছি, থামাও তোমার কাঁদা—
 যদি তোমায় খেয়েই ফেলে এমনি দেব মার
 দু চক্ষে ও দেখবে অন্ধকার ।”
 মেজ্জদিদি আর ছোড়দিদিদের খেলা পুতুল নিয়ে,
 কথায় কথায় দিচ্ছে তাদের বিয়ে ।

নেমস্ত্র করত যখন যেতুম বটে খেতে,
কিন্তু তাদের খেলার পানে চাই নি কটাক্ষেতে ।
পুরুষ আমি, সিন্ধিমামা নত পায়ের কাছে,
এমন খেলার সাহস বলো ক'জন মেয়ের আছে ।

আলমোড়া
জ্যৈষ্ঠ ১৩৪৪

ঝড়

দেখ রে চেয়ে নামল বুঝি ঝড়,
ঘাটের পথে বাশের শাখা ওই করে ধড়ফড় ।
আকাশতলে বজ্রপাণির ডঙ্কা উঠল বাজি,
শীঘ্র তরী বেয়ে চল রে মাঝি ।
ঢেউয়ের গায়ে ঢেউগুলো সব গড়ায় ফুলে ফুলে,
পূবের চরে কাশের মাথা উঠছে দুলে দুলে ।
ঈশান কোণে উড়তি বালি আকাশখানা ছেয়ে
হু হু করে আসছে ছুটে ধেয়ে ।
কাকগুলো তার আগে আগে উড়ছে প্রাণের ডরে,
হার মেনে শেষ আছাড় খেয়ে পড়ে মাটির 'পরে ।
হাওয়ার বিষম ধাক্কা তাদের লাগছে ঝগে ঝগে,
উঠছে পড়ছে, পাখার ঝাপট দিতেছে প্রাণপণে ।
বিজুলি ধায় দাঁত মেলে তার ডাকিনীটার মতো,
দিক্দিগন্ত চমকে ওঠে হঠাৎ মর্মান্বিত ।

ওই রে, মাঝি, খেপল গাঙের জল,
লগি দিয়ে ঠেকা নৌকো, চরের কোলে চল ।
সেই যেখানে জলের শাখা, চখাচখীর বাস,
হেথা-হোথায় পলিমাটি দিয়েছে আশ্বাস
কাঁচা সবুজ নতুন ঘাসে ঘেরা ।
তলের চরে বালুতে রোদ পোহায় কচ্ছপেরা ।
হোথায় জেলে বাঁশ টাঙিয়ে শুকোতে দেয় জাল,
ডিঙির ছাতে বসে বসে সেলাই করে পাল—
রাত কাটাব ওইখানেতেই করব রাধাবাড়া,
এখনি আজ নেই তো যাবার তাড়া ।
ভোর থাকতে কাক ডাকতেই নৌকো দেব ছাড়ি,
ইটেখোলার মেলায় দেব সকাল সকাল পাড়ি ।

আলমোড়া
১২।৬।৩৭

খাটুলি

একলা হোথায় বসে আছে, কেই বা জানে ওকে—
 আপন-ভোলা সহজ তৃপ্তি রয়েছে ওর চোখে ।
 খাটুলিটা বাইরে এনে আঙিনাটার কোণে
 টানছে তামাক বসে আপন-মনে ।
 মাথার উপর বটের ছায়া, পিছন দিকে নদী
 বইছে নিরবধি ।

আয়োজনের বালাই নেইকো ঘরে,
 আমের কাঠের নড়নড়ে এক তক্তপোষের 'পরে
 মাঝখানেতে আছে কেবল পাতা
 বিধবা তার মেয়ের হাতের সেলাই-করা কাঁথা ।
 নাতনি গেছে, রাখে তারি পোষা ময়নাটাকে,
 তেমনি কচি গলায় ওকে 'দাদু' বলেই ডাকে ।
 ছেলের গাঁথা ঘরের দেয়াল, চিহ্ন আছে তারি
 রঙিন মাটি দিয়ে আঁকা সিপাই সারি সারি ।
 সেই ছেলেটাই তালুকদারের সর্দারি পদ পেয়ে
 জেলখানাতে মরছে পচে দাস্তা করতে যেয়ে ।
 দুঃখ অনেক পেয়েছে ও হয়তো ডুবছে দেনায়,
 হয়তো ক্ষতি হয়ে গেছে তিসির বেচাকেনায় ।
 বাইরে দারিদ্র্যের

কাটা-ছেঁড়ার আঁচড় লাগে ঢের,
 তবুও তার ভিতর-মনে দাগ পড়ে না বেশি,
 প্রাণটা যেমন কঠিন তেমনি কঠিন মাংসপেশী ।
 হয়তো গোকুল বেচতে হবে মেয়ের বিয়ের দায়ে,
 মাসে দুবার ম্যালেরিয়া কাঁপন লাগায় গায়ে,
 ডাগর ছেলে চাকরি করতে গঙ্গাপারের দেশে
 হয়তো হঠাৎ মারা গেছে ওই বছরের শেষে—
 শুকনো করুণ চক্ষু দুটো তুলে উপর-পানে
 কার খেলা এই দুঃখসুখের, কী ভাবলে সেই জানে :
 বিচ্ছেদ নেই খাটুলিতে, শোকের পায় না ফাঁক,
 ভাবতে পারে স্পষ্ট করে নেইকো এমন বাক ।
 জমিদারের কাছারিতে নাগিশ করতে এসে
 কী বলবে যে কেমন করে পায় না ভেবে শেষে ।

খাটুলিতে এসে বসে যখনি পায় ছুটি,
 ভাবনাগুলো ধোয়ায় মেলায়, ধোয়ায় ওঠে ফুটি ।
 ওর যে আছে খোলা আকাশ, ওর যে মাথার কাছে
 শিস দিয়ে যায় বুলবুলিরা আলোছায়ার নাচে,

নদীর ধারে মেঠো পথে টাট্টু চলে ছুটে,
চক্ষু ভোলায় খেতের ফসল রঙের হরির-সুটে-
জন্মমরণ ব্যোপে আছে এরা প্রাণের ধন
অতি সহজ বলেই তাহা জানে না ওর মন ।

আলমোড়া
জ্যৈষ্ঠ ১৩৪৪

ঘরের খেয়া

সন্ধ্যা হয়ে আসে ;
সোনা-মিশোল ধূসর আলো ঘিরল চারি পাশে ।

নৌকোখানা বাধা আমার মধ্যখানের গাঙে
অস্তরবির কাছে নয়ন কী যেন ধন মাঙে ।
আপন গায়ে কুটীর আমার দূরের পটে লেখা,
ঝাপসা আভায় যাচ্ছে দেখা বেগনি রঙের রেখা ।

যাব কোথায় কিনারা তার নাই,
পশ্চিমেতে মেঘের গায়ে একটু আভাস পাই ।
হাঁসের দলে উড়ে চলে হিমালয়ের পানে,
পাখা তাদের চিহ্নবিহীন পথের খবর জানে ।
শ্রাবণ গেল, ভাদ্র গেল, শেষ হল জল-ঢালা,
আকাশতলে শুরু হল শুভ্র আলোর পালা ।
খেতের পরে খেত একাকার প্লাবনে রয় ডুবে,
লাগল জলের দোলযাত্রা পশ্চিমে আর পূবে ।
আসন্ন এই আধার মুখে নৌকোখানি বেয়ে
যায় কারা ওই শুধাই, “ওগো নেয়ে,
চলেছ কোন্‌খানে ।”

যেতে যেতে জবাব দিল, “যাব গায়ের পানে ।”
অচিন-শূন্যে-ওড়া পাখি চেনে আপন নীড়,
জানে বিজ্ঞন-মধ্যে কোথায় আপন জনের ভিড় ।
অসীম আকাশ মিলেছে ওর বাসার সীমানাতে,
ওই অজানা জড়িয়ে আছে জানাশোনার সাথে ।
তেমনি ওরা ঘরের পথিক ঘরের দিকে চলে
যেথায় ওদের তুলসিতলায় সন্ধ্যাপ্রদীপ জ্বলে ।

দাঁড়ের শব্দ ক্ষীণ হয়ে যায় ধীরে,
মিলায় সুদূর নীরে ।
সেদিন দিনের অবসানে সজল মেঘের ছায়ে
আমার চলার ঠিকানা নাই, ওরা চলল গায়ে ।

আলমোড়া
২৮।৫।৩৭

যোগীনদা

যোগীনদাদার জন্ম ছিল ডেরান্মাইলখায়ে ।
 পশ্চিমেতে অনেক শহর অনেক গায়ে গায়ে
 বেড়িয়েছিলেন মিলিটারি জরিপ করার কাজে,
 শেষ বয়সে স্থিতি হল শিশুদলের মাঝে ।
 “জুলুম তোদের সইব না আর” ইক চালাতেন রোজই,
 পরের দিনেই আবার চলত ওই ছেলেদের খোজই ।
 দরবারে তাঁর কোনো ছেলের ফাঁক পড়বার জো কী—
 ডেকে বলতেন, “কোথায় টুনু, কোথায় গেল খোকি ।”
 “ওরে ভজু, ওরে বাদর, ওরে লক্ষ্মীছাড়া ।”
 ইক দিয়ে তাঁর ভারী গলায় মাতিয়ে দিতেন পাড়া ।
 চার দিকে তাঁর ছোটো বড়ো জুটত যত লোভী
 কেউ বা পেত মার্বেল, কেউ গণেশমার্কা ছবি ।

কেউ বা লজ্জাস,

সেটা ছিল মজলিসে তার হাজরি দেবার ঘুঘু ।
 কাজলি যদি অকারণে করত অভিমান
 হেসে বলতেন “ই করো তো”, দিতেন ছাঁচি পান ।
 আপনসৃষ্ট নাতনিও তাঁর ছিল অনেকগুলি,
 পাগলি ছিল, পটলি ছিল, আর ছিল জঙ্গুলি ।
 কেয়া-খয়ের এনে দিত, দিত কাসুন্দিও,
 মায়ের হাতের জারকলেবু যোগীনদাদার প্রিয় ।

তখনো তাঁর শক্ত ছিল মুগুর-ভাঁজা দেহ,
 বয়স যে ষাট পেরিয়ে গেছে, বুঝত না তা কেহ ।
 ঠোঁটের কোণে মুচকি হাসি, চোখদুটি জ্বল্জ্বলে,
 মুখ যেন তাঁর পাকা আমটি, হয় নি সে থলথলে ।
 চওড়া কপাল, সামনে মাথায় বিরল চুলের ঢাক,
 গোফ জোড়াটার খ্যাতি ছিল, তাই নিয়ে তাঁর ঝাঁক ।

দিন ফুরোত, কুলুঙ্গিতে প্রদীপ দিত জ্বালি,
 বেলের মালা হেঁকে যেত মোড়ের মাথায় মালী ।
 চেয়ে রইতেম মুখের দিকে শাস্তিশিষ্ট হয়ে,
 কাঁসর-ঘণ্টা উঠত বেজে গলির শিবালয়ে ।
 সেই সকালের সন্ধ্যা মোদের সন্ধ্যা ছিল সত্যি,
 দিন-ভ্যাঙানো ইলেকট্রিকের হয়নিকো উৎপত্তি ।
 ঘরের কোণে কোণে ছায়া, আধার বাড়ত ক্রমে,
 মিটমিটে এক তেলের আলোয় গল্প উঠত জমে ।
 শুরু হলে খামতে তাঁরে দিতেম না তো কশেক,
 সত্যি মিথ্যে যা-খুলি তাই বানিয়ে যেতেন অনেক ।
 ভূগোল হত উলটো-পালটা, কাহিনী আজওবি,
 মজা লাগত খুবই ।

গম্বুটুকু দিচ্ছি, কিন্তু দেবার শক্তি নাই তো
বলার ভাবে যে রঙটুকু মন আমাদের ছাইত ।

হুশিয়ারপুর পেরিয়ে গেল ছন্দৌসির গাড়ি,
দেড়টা রাতে সরহরোয়ায় দিল স্টেশন ছাড়ি ।

ভোর থাকতেই হয়ে গেল পার
বুলন্দশর আলোরিসসার ।

পেরিয়ে যখন ফিরোজাবাদ এল

যোগীনদাদার বিবম খিদে পেল ।

ঠোঙায় ভরা পকৌড়ি আর চলছে মটরভাজা
এমন সময় হাজির এসে জৌনপুরের রাজা ।
পাঁচশো-সাতশো লোকলঙ্কর, বিশ-পাঁচিশটা হাতি,
মাথার উপর ঝালর-দেওয়া প্রকাণ্ড এক ছাতি ।
মন্ত্রী এসেই দাদার মাথায় চড়িয়ে দিল তাজ,

বললে, 'যুবরাজ,

আর কতদিন রইবে প্রভু, মোতিমহল তোজে ।'
বলতে বলতে রামশিঙা আর ঝালর উঠল বেজে ।

ব্যাপারখানা এই—

রাজপুত্র তেরো বছর রাজত্ববনে নেই ।

সদ্য ক'রে বিয়ে,

নাথদোয়ারার সেগুনবনে শিকার করতে গিয়ে
তার পরে যে কোথায় গেল খুঁজে না পায় লোক ।
কেঁদে কেঁদে অন্ধ হল রানীমায়ের চোখ ।
খোঁজ পড়ে যায় যেমনি কিছু শোনে কানাঘুসায়,
খোঁজে পিণ্ডিদাদনখায়ে, খোঁজে লালামুসায় ।
খুঁজে খুঁজে লুধিয়ানায় ঘুরেছে পজাবে,
গুলজারপুর হয় নি দেখা, গুনছি পরে যাবে ।
চক্রামঙ্গা দেখে এল সরাই আলমগিরে,
রাওলপিণ্ডি থেকে এল হতাশ হয়ে ফিরে ।

ইতিমধ্যে যোগীনদাদা হাংরাশ জংশনে
গেছেন লেগে চায়ের সঙ্গে পাউরুটি-দংশনে ।

দিব্বি চলছে খাওয়া,

তারি সঙ্গে খোলা গারে লাগছে মিঠে হাওয়া—

এমন সময় সেলাম করলে জৌনপুরের চর ;

ভোড় হাতে কর, 'রাজাসাহেব, কঁহা আপ্কা ঘর ।'

দাদা ভাবলেন, সম্মানটা নিতান্ত জম্কালা,

আসল পরিচয়টা তবে না দেওয়াই তো ভালো ।

ভাবখানা ঠার দেখে চরের ঘনালো সন্দেহ,

এ মানুষটি রাজপুত্রই, নয় কতু আর-কেহ ।

রাজলক্ষণ এতগুলো একখানা এই গায়
ওরে বাস রে, দেখে নি সে আর কোনো জায়গায় ।

তার পরে মাস পাঁচেক গেছে দুঃখে সুখে কেটে,
হারাধনের খবর গেল জৌনপুরের স্টেটে ।
ইস্টেশনে নির্ভাবনায় বসে আছেন দাদা,
কেমন করে কী যে হল লাগল বিবম ধাধা ।
গুর্খা ফৌজ সেলাম করে দাঁড়ালো চার দিকে,
ইস্টেশনটা ভরে গেল আফগানে আর শিখে ।
ঘিরে তাঁকে নিয়ে গেল কোথায় ইটার্সিতে,
দেয় কারা সব জয়ধ্বনি উরদুতে ফার্সিতে ।
সেখান থেকে মৈনপুরী, শেষে লছমন-ঝোলায়
বাজিয়ে সানাই চড়িয়ে দিল ময়ূরপংখি দোলায় ।
দশটা কাহার কাঁধে নিল, আর পঁচিশটা কাহার
সঙ্গে চলল তাঁহার ।

ভাটিগাতে দাঁড় করিয়ে জোরালো দূরবীনে
দখিনমুখে ভালো করে দেখে নিলেন চিনে
বিজ্জ্যাচলের পর্বত ।

সেইখানেতে খাইয়ে দিল কাঁচা আমের শর্বৎ ।
সেখান থেকে এক পহরে গেলেন কৌনপুরে
পড়ন্ত রোদ্দুরে ।

এইখানেতেই শেষে

যোগীনদাদা থেমে গেলেন বৌবরাজ্যে এসে ।

হেসে বললেন, “কী আর বলব দাদা,
মাঝের থেকে মটর-ভাজা খাওয়ায় পড়ল বাধা ।”

“ও হবে না, ও হবে না” বিবম কলরবে
ছেলেরা সব চৈচিয়ে উঠল, “শেষ করতেই হবে ।”

যোগীনদা কয়, “যাক গে,

বেঁচে আছি শেষ হয় নি ভাগ্যে ।

তিনটে দিন না যেতে যেতেই হলেন গলদ্বর্ম ।

রাজপুত্র হওয়া কি, ভাই, যে-সে লোকের কর্ম ।

মোটা মোটা পরোটা আর তিন পোয়াটাক ঘি ।

বাংলাদেশের-হাওয়ার-মানুষ সহিতে পারে কি ।

নাগরা জুতায় পা ছিড়ে যায়, পাগড়ি মুটের বোঝা,

এগুলি কি সহ্য করা সোজা ।

তা ছাড়া এই রাজপুত্রের হিন্দি শুনে কেহ

হিন্দি বলেই করলে না সন্দেহ ।

যেদিন দূরে শহরেতে চলছিল রামলীলা

পাহারাটা ছিল সেদিন টিলা ।

সেই সুযোগে গৌড়বাসী তখন এক দৌড়ে
ফিরে এল গৌড়ে ।
চলে গেল সেই রাত্রেই টাকা—
মাঝের থেকে চর পেয়ে যায় দশটি হাজার টাকা ।
কিন্তু, গুজব শুনেতে পেলেন শেষে,
কানে মোচড় খেয়ে টাকা ফেরত দিয়েছে সে ।”

“কেন তুমি ফিরে এলে” চৈচাই চারি পাশে,
যোগীনদাদা একটু কেবল হাসে ।
তার পরে তো শুতে গেলেন, আধেক রাত্রি ধরে
শহরগুলোর নাম যত সব মাথার মধ্যে ঘোরে ।
ভারতভূমির সব ঠিকানাই ভুলি যদি দৈবে,
যোগীনদাদার ভূগোল-গোলা গল্প মনে রইবে ।

আলমোড়া
জ্যৈষ্ঠ ১৩৪৪

বুধু

মাঠের শেষে গ্রাম,
সাতপুরিয়া নাম ।
চাষের তেমন সুবিধা নেই কৃপণ মাটির ওশে,
পয়ত্রিশ ঘর তাঁতির বসত, ব্যাবসা জাজিম বুনে ।
নদীর ধারে খুঁড়ে খুঁড়ে পলির মাটি খুঁজে
গৃহস্থেরা ফসল করে কাঁকুড়ে তরমুজে ।
ওইখানেতে বালির ডাঙা, মাঠ করছে ধু ধু,
টিবির 'পরে বসে আছে গায়ের মোড়ল বুধু ।
সামনে মাঠে ছাগল চরছে কটা—
শুকনো জমি, নেইকো ঘাসের ঘটা ।
কী যে ওরা পাচ্ছে খেতে ওরাই সেটা জানে,
ছাগল বলেই বেচে আছে প্রাণে ।
আকাশে আজ হিমের আভাস, ফ্যাকাশে তার নীল,
অনেক দূরে যাচ্ছে উড়ে চিল ।
হেমন্তের এই রোদ্দুরটা লাগছে অতি মিঠে,
ছোটো নাতি মোগলুটা তার জড়িয়ে আছে পিঠে ।
স্পর্শপুলক লাগছে দেহে, মনে লাগছে ভয়—
বেচে থাকলে হয় ।
ওটি তিনটি মরে শেষে ওইটি সাধের নাতি,
রাত্রিদিনের সাধি ।
গোরুর গাড়ির ব্যাবসা বুধুর চলছে হেসে-খেলিই,
নাড়ি হেঁড়ে এক পরসা খরচ করতে গেলেই ।

কৃপণ বলে গ্রামে গ্রামে বৃধুর নিন্দে রটে,
 সকালে কেউ নাম করে না উপোস পাছে ঘটে ।
 ওর যে কৃপণতা সে তো ঢেলে দেবার ভরে,
 যত কিছু জমাচ্ছে সব মোগলু নাভির 'পরে ।
 পরসটা তার বৃকের রক্ত, কারণটা তার ওই—
 এক পরস আর কারো নয় ওই ছেলেটার বৈ'
 না খেয়ে, না 'পরে, নিজের শোষণ করে প্রাণ
 ষ্টুকু রয় সেইটুকু ওর প্রতি দিনের দান ।
 দেবতা পাছে ঈর্ষাতরে নেয় কেড়ে মোগলুকে,
 আকড়ে রাখে বৃকে ।
 এখনো তাই নাম দেয় নি, ডাক নামেতেই ডাকে,
 নাম ঠাড়িয়ে ঠাকি দেবে নিষ্ঠুর দেবতাকে ।

অঙ্গমোড়া
 জ্যৈষ্ঠ ১৩৪৪

চড়িভাতি

ফল ধরেছে বটের ডালে ডালে ;
 অকুরন্ত আতিথেয় তার সকালে বৈকালে
 বনভোজনে পাখিরা সব আসছে ঠাকে ঠাক —
 মাঠের ধারে আমার ছিল চড়িভাতির ডাক ।
 যে যার আপন ঠাড়ার থেকে বা পেল যেইখানে
 মাল-মসলা নানারকম জুটিয়ে সবাই আনে ।
 জাত-বেজাতের চালে ডালে মিশোল করে শেষে
 ডুমুরগাছের তলাটাতে মিলল সবাই এসে ।
 বারে বারে ঘটি ভরে জল তুলে কেউ আনে,
 কেউ চলেছে কাঠের খোজে আমবাগানের পানে ।
 হাঁসের ডিমের সন্ধানে কেউ গেল গায়ের মাঝে,
 তিন কন্যা লেগে গেল রান্নাকরার কাজে ।
 গাঠ-পাকানো শিকড়েতে মাথাটা তার ধুয়ে
 কেউ পড়ে যায় গল্পের বই জামের তলায় শুয়ে ।

সকল-কর্ম-ভোলা

দিনটা যেন ছুটির নৌকা বাধন-রশি-খোলা
 চলে যাচ্ছে আপনি ভেসে সে কোন্ আঘাটায়
 যথেষ্ট ঠাটায় ।

মানুষ যখন পাকা করে প্রাচীর তোলে নাই ।
 মাঠে বনে শৈলগুহার যখন তাহার ঠাই,
 সেইদিনকার আল্লা-বিধির বাইরে-ঘোরা প্রাণ
 মাঝে মাঝে রক্তে আজও লাগায় মন্ত্রগান ।
 সেইদিনকার যথেষ্ট-রস আশ্বাদনের খোজে
 মিলেছিলেম অবেলাতে অনিয়মের ভোজে ।

কারো কোনো স্বপ্নদাখির নেই যেখানে চিহ্ন,
যেখানে এই ধরাতলের সহজ দাক্ষিণ্য,
হালকা সাদা মেঝের নীচে পুরানো সেই ঘাসে,
একটা দিনের পরিচিত আমবাগানের পাশে,
মাঠের ধারে, অনভ্যাসের সেবার কাজে খেটে
কেমন করে কয়টা গ্রহর কৌথায় গেল কেটে ।

সমস্ত দিন ডাকল ঘুঘু দুটি,
আশে পাশে ঐটোর লোভে কাক এল সব জুটি,
গায়ের থেকে কুকুর এল, লড়াই গেল বেধে—
একটা তাদের পালালো তার পরাভবের খেদে ।

রৌদ্র পড়ে এল ক্রমে, ছায়া পড়ল বেকে,
ক্লাস্ত গোরু গাড়ি টেনে চলেছে হাট থেকে ।

আবার ধীরে ধীরে

নিয়ম-বাধা যে-যার ঘরে চলে গেলেম ফিরে ।
একটা দিনের মুছল স্মৃতি, ঘুচল চড়িভাতি,
পোড়াকাঠের ছাই পড়ে রয়, নামে আধার রাতি ।

আলমোড়া

আষাঢ় ১৩৪৪

কাশী

কাশীর গল্প শুনেছিলুম যোগীনদাদার কাছে,
পষ্ট মনে আছে ।

আমরা তখন ছিলাম না কেউ, বয়েস তাঁহার সবে
বছর-আট্টেক হবে ।

সঙ্গে ছিলেন খুড়ি,

মোরক্বা বানাবার কাজে ছিল না তাঁর জুড়ি ।

দাদা বলেন, আমলকী বেল পেঁপে সে তো আছেই,

এমন কোনো ফল ছিল না এমন কোনো গাছেই

তাঁর হাতে রস জমলে লোকের গোল না ঠকত— এটাই

ফল হবে কি মেঠাই ।

রসিয়ে নিয়ে চলত যদি মুখে দিতেন ঠুজি

মনে হত বড়োরকম রসগোল্লাই বুঝি ।

কাঠাল বিচির মোরক্বা যা বানিয়ে দিতেন তিনি

পিঠে ব'লে পৌষমাসে সবাই নিত কিনি ।

দাদা বলেন, “মোরক্বাটা হয়তো মিছেমিছিই,

কিন্তু মুখে দিতে যদি, বলতে কাঠাল বিচিই ।”

মোরক্বাতে ব্যাবসা গেল জ'মে,

বেশ কিঞ্চিৎ টাকা জমল ক্রমে ।

একদিন এক চোর এসেছে তখন অনেক রাত,
 জানলা দিয়ে সাবধানে সে বাড়িয়ে দিল হাত ।
 খুড়ি তখন চাটনি করতে তেল নিচ্ছেন মেপে,
 ধড়াস করে চোরের হাতে জানলা দিলেন চেপে ।
 চোর বললে 'উহ্ উহ্' ; খুড়ি বললেন, 'আহা,
 বা হাত মাত্র, এইখানেতেই থেকে যাক-না তাহা ।'
 কেঁদে-কেটে কোনোমতে চোর তো পেল খালাস ;
 খুড়ি বললেন, 'মরবি, যদি এ ব্যাবসা তোর চালাস ।'

দাদা বললেন, "চোর পালালো, এখন গল্প খামাই,
 ছ'দিন হয় নি কৌর করা, এবার গিয়ে কমাই ।"
 আমরা টেনে বসাই ; বলি, "গল্প কেন ছাড়বে ।"
 দাদা বলেন, "রবার নাকি, টানলেই কি বাড়বে ।
 কে ফেরাতে পারে তোদের আবদারের এই জোর,
 তার চেয়ে যে অনেক সহজ ফেরানো সেই চোর,
 আচ্ছা তবে শোন, সে মাসে গ্রহণ লাগল চাঁদে,
 শহর যেন ঘিরল নিবিড় মানুষ-বোনা ঝাঁদে ।
 খুড়ি গেছেন স্নান করতে বাড়ির ঘরের পাশে,
 আমার তখন পূর্ণগ্রহণ ভিড়ের রাহুগ্রাসে ।
 প্রাণটা যখন কঠাগত, মরছি যখন ডরে,
 গুণ্ডা এসে তুলে নিল হঠাৎ কাঁধের 'পরে ।
 তখন মনে হল, এ তো বিকুদূতের দয়া,
 আর-একটুকু দেরি হলেই প্রাপ্ত হতেম গয়া ।
 বিকুদূতটা ধরল যখন যমদূতের মূর্তি
 এক নিমেষেই একেবারেই ঘুচল আমার ফুর্তি ।
 সাত গলি সে পেরিয়ে শেষে একটা এধোঘরে
 বসিয়ে আমায় রেখে দিল খড়ের আঠির 'পরে ।
 চোন্দ আনা পয়সা আছে পকেট দেখি ঝেড়ে,
 কেঁদে কইলাম, 'ও পাড়েজি, এই নিয়ে দাও ছেড়ে ।'
 গুণ্ডা বলে, 'ওটা নেব, ওটা ভালো দ্রব্যই,
 আরো নেব চারটি হাজার নয়শো নিরেনক্বই—
 তার উপরে আর দু আনা, খুড়িটা তো মরবে,
 টাকার বোঝা বয়ে সে কি বৈতরণী তরবে ?
 দেয় যদি তো দিক চুকিয়ে, নইলে—' পাকিয়ে চোখ
 যে ভক্তিটা দেখিয়ে দিলে সেটা মারাত্মক ।

"এমনসময়, ভাগিা ভালো, গুণ্ডাজির এক ভাগি
 মূর্তিটা তার রণচণ্ডী, যেন সে রায়বাঘনি,
 আমার মরণ দশার মধ্যে হলেন সমাগত
 দাবানলের উর্ধ্বে যেন কালো মেঘের মতো ।
 রাস্তিরে কাল ঘরে আমার উকি মারল বুঝি,
 যেমনি দেখা অমনি আমি রইনু চক্ষু বুজি ।

পরের দিনে পাশের ঘরে, কী গলা তার বাপ !
 মামার সঙ্গে ঠাণ্ডা ভাবায় নয় সে বাক্যালাপ ।
 বলছে, 'তোমার মরণ হয় না, কাহার বাহনি ও,
 পাপের বোঝা বাড়িয়ে না আর, ঘরে ফেরত দিয়ো—
 আহা, এমন সোনার টুকরো—' শুনে আশুন মামা ;
 বিস্তী রকম গাল দিয়ে কর, 'মিহি সুরটা ধামা ।'
 একেই বলে মিহি সুর-কি, আমি ভাবছি শুনে ।
 দিন তো গেল কোনোমতে কড়ি বর্গা শুনে ।
 রাত্রি হবে দুপুর, ভাঙ্গি টুকল ঘরে ধীরে ;
 চুপি চুপি বললে কানে, 'যেতে কি চাস কিরে ।'
 লাফিয়ে উঠে কেঁদে বললেন, 'যাব যাব যাব ।'
 ভাঙ্গি বললে, 'আমার সঙ্গে সিঁড়ি বেয়ে নাবো—
 কোথায় তোমার খুড়ির বাসা অগস্তকুণ্ডে কি,
 যে ক'রে হোক আজকে রাতেই খুঁজে একবার দেখি ;
 কালকে মামার হাতে আমার হবেই মুণ্ডপাত ।'—
 আমি তো, ভাই, বেঁচে গেলেম, কুরিয়ে গেল রাত ।"

হেসে বললেন, যোগীন্দাদার গম্ভীর মুখ দেখে,
 ঠিক এমনি গল্প বাবা শুনিয়েছে বই থেকে ।
 দাদা বললেন, "বিধি যদি চুরি করেন নিজে
 পরের গল্প, জানি নে ভাই, আমি করব কী যে ।"

আলমোড়া

১০।৬।৩৭

প্রবাসে

বিদেশ-মুখে মন যে আমার কোন্ বাউলের চেলা,
 গ্রাম-ছাড়ানো পথের বাতাস সর্বদা দেয় ঠেলা ।
 ভাই তো সেদিন ছুটির দিনে টাইমটেবিল পড়ে
 প্রাণটা উঠল নড়ে ।
 বাক্সো নিলেম ভর্তি করে, নিলেম বুলি খলে,
 বাংলাদেশের বাইরে গেলেম গঙ্গাপারে চলে ।
 লোকের মুখে গল্প শুনে গোলাপ-খেতের টানে
 মনটা গেল এক দৌড়ে গাজিপুরের পানে ।
 সামনে চেয়ে চেয়ে দেখি, গম-জোরারির খেতে
 নবীন অঙ্কুরেতে
 বাতাস কখন হঠাৎ এসে সোহাগ করে যায়
 হাত বুলিয়ে কাঁচা শ্যামল কোমল কচি গায় ।
 আটচালা ঘর, ডাহিন দিকে সবজি-বাগানখানা
 শুধু পায়ে সারা দুপুর, জোড়া-বলদটানা ।

আকাষাকা কলকলানি করুণ জলের ধারায়—
চাকার শব্দে অলস প্রহর ঘুমের ভারে ভারায় ।

ইদারাটার কাছে

বেগনি ফলে তুতের শাখা রঙিন হয়ে আছে ।
অনেক দূরে জলের রেখা চরের কূলে কূলে,
ছবির মতো নৌকো চলে পাল-তোলা মাস্তুলে ।
সাদা ধুলো হাওয়ায় ওড়ে, পথের কিনারায়
গ্রামটি দেখা যায় ।

খোলার চালের কুটীরগুলি লাগাও গায়ে গায়ে
মাটির প্রাচীর দিয়ে ঘেরা আমকাঠালের ছায়ে ।
গোরুর গাড়ি পড়ে আছে মহানিমের তলে,
ডোবার মধ্যে পাতা-পচা পাক-জমানো জলে
গম্বীর ঔদাস্যে অলস আছে মহিবগুলি
এ ওর পিঠে আরামে ঘাড় তুলি ।

বিকেল-বেলায় একটুখানি কাজের অবকাশে
খোলা দ্বারের পাশে

দাঁড়িয়ে আছে পাড়ার তরুণ মেয়ে
আপন-মনে অকারণে বাহির-পানে চেয়ে ।
অশখতলায় বসে তাকাই ধেনুচারণ মাঠে,
আকাশে মন পেতে দিয়ে সমস্ত দিন কাটে ।
মনে হত, চতুর্দিকে হিন্দি ভাষায় গাথা
একটা যেন সজীব পৃথি, উলটিয়ে যাই পাতা—
কিছু বা তার ছবি-আকা কিছু বা তার লেখা,
কিছু বা তার আগেই যেন ছিল কখন লেখা ।
ছন্দে তাহার রস পেয়েছি, আউড়িয়ে যায় মন ।
সকল কথার অর্থ বোঝার নাইকো প্রয়োজন ।

আলমোড়া

আষাঢ় ১৩৪৪

পদ্মায়

আমার নৌকো ঝাঝা ছিল পদ্মানদীর পারে,
হাসের পাতি উড়ে যেত মেঘের ধারে ধারে—
জানি নে মন-কেমন-করা লাগত কী সুর হাওয়ার
আকাশ বেয়ে দূর দেশেতে উদাস হয়ে যাওয়ার ।
কী জানি সেই দিনগুলি সব কোন্ আকিরের লেখা,
ঝিকিঝিকি সোনার রঙে হালকা তুলির রেখা ।
বালির 'পরে বয়ে যেত স্বচ্ছ নদীর জল,
তেমনি বহিত তীরে তীরে গায়ের কোলাহল—

ঘাটের কাছে, মাঠের ধারে, আলো-হায়ার স্রোতে ;
অলস দিনের উড়নিখানার পরশ আকাশ হতে
বুলিয়ে যেত মায়ার মন্ত্র আমার দেহে মনে ।

তারই মধ্যে আসত কণে কণে

দূর কোকিলের সুর,

মধুর হত আশ্বিনে রোদ্দুর ।

পাশ দিয়ে সব নৌকো বড়ো বড়ো

পরদেশিয়া নানা খেতের ফসল করে জড়ো

পশ্চিমে হাট বাজার হতে, জানি নে তার নাম,

পেরিয়ে আসত ধীর গমনে গ্রামের পরে গ্রাম

ঝপঝপিয়ে দাঁড়ে ।

খোরাক কিনতে নামত দাঁড়ি ছায়ানিবিড় পাড়ে ।

যখন হত দিনের অবসান

গ্রামের ঘাটে বাজিয়ে মাদল গাইত হোলির গান ।

ক্রমে রাত্রি নিবিড় হয়ে নৌকো ফেলত ঢেকে,

একটি কেবল ধীরে আলো ছলত ভিতর থেকে ।

শিকলে আর স্রোতে মিলে চলত টানের শব্দ ;

স্বপ্নে যেন বঁকে উঠত রজনী নিস্তর ।

পূবে হাওয়ার এল ঝড়, আকাশ-জোড়া মেঘ ;

ঘরমুখো ওই নৌকোগুলোয় লাগল অধীর বেগ ।

ইলিশমাছ আর পাকা কাঠাল জমল পারের হাটে,

কেনাবেচার ভিড় লাগল নৌকো-বাধা ঘাটে ।

ডিঙি বেয়ে পাটের আঁঠি আনছে ভারে ভারে,

মহাজনের দাঁড়িপাল্লা উঠল নদীর ধারে ।

হাতে পয়সা এল, চাষি ভাবনা নাহি মানে,

কিনে নতুন ছাতা জুতো চলেছে ঘর-পানে ।

পরদেশিয়া নৌকোগুলোর এল ফেরার দিন,

নিল ভরে খালি-করা কেরোসিনের টিন ;

একটা পালের 'পরে ছোটো আরেকটা পাল তুলে

চলার বিপুল গর্বে তরীর বুক উঠেছে ফুলে ।

মেঘ ডাকছে গুরু গুরু, খেমেছে দাঁড় বাওয়া,

ছুটেছে ঘোলা জলের ধারা, বইছে বাদল হাওয়া ।

বালক

বয়স তখন ছিল কাঁচা ; হালকা দেহখানা
 ছিল পাখির মতো, শুধু ছিল না তার ডানা ।
 উড়ত পাশের ছাদের থেকে পায়রাগুলোর ঝাঁক,
 বারান্দাটার রেলিং-পরে ডাকত এসে কাক ।
 ফেরিওয়ালা হেঁকে যেত গলির ওপার থেকে,
 তপসিমাছের ঝুড়ি নিত গামছা দিয়ে ঢেকে ।
 বেহালাটা হেলিয়ে কাঁধে ছাদের 'পরে দাদা,
 সঙ্ঘাতারার সুরে যেন সুর হত তাঁর সাধা ।
 জুটেছি বৌদিদির কাছে ইংরেজি পাঠ ছেড়ে,
 মুখখানিতে-ঘের-দেওয়া তাঁর শাড়িটি লালপেড়ে ।
 চুরি ক'রে চাবির গোছা লুকিয়ে ফুলের টবে
 স্নেহের রাগে রাগিয়ে দিতেম নানান উপদ্রবে ।
 কঙ্কালী চাটুজে হঠাৎ জুটত সঙ্ঘা হলে ;
 বা হাতে তার খেলো হাঁকো, চাদর কাঁধে ঝোলে ।
 দ্রুত লয়ে আউড়ে যেত লবকুশের ছড়া ;
 থাকত আমার খাতা লেখা, পড়ে থাকত পড়া—
 মনে মনে ইচ্ছে হত, যদিই কোনো ছলে
 ভর্তি হওয়া সহজ হত এই পাঁচালির দলে
 ভাবনা মাথায় চাপত নাকো ক্লাসে ওঠার দায়ে,
 গান শুনিতে চলে যেতুম নতুন নতুন গায়ে ।
 ফুলের ছুটি হয়ে গেলে বাড়ির কাছে এসে
 হঠাৎ দেখি, মেঘ নেমেছে ছাদের কাছে ঘেঁষে ।
 আকাশ ভেঙে বৃষ্টি নামে রাস্তা ভাসে জলে,
 ঐরাবতের ঠুড় দেখা দেয় জল-ঢালা সব নলে ।
 অঙ্ককারে শোনা যেত রিম্‌ঝিমিনি ধারা,
 রাজপুত্র তেপান্তরে কোথা সে পথহারা ।
 ম্যাপে যে-সব পাহাড় জানি, জানি যে-সব গাও
 কুয়েন্‌লুন আর মিসিসিপি ইয়াংসিকিয়াং,
 জানার সঙ্গে আধেক জানা, দূরের থেকে শোনা,
 নানা রঙের নানা সুতোয় সব দিয়ে জাল-বোনা,
 নানারকম খবির সঙ্গে নানান চলাফেরা,
 সব দিয়ে এক হালকা জগৎ মন দিয়ে মোর ঘেরা,
 ভাবনাগুলো তারই মধ্যে কিয়ত থাকি থাকি,
 বানের জলে শ্যাওলা যেমন, মেঘের তলে পাখি ।

দেশান্তরী

প্রাণ-ধারণের বোঝাখানা বাধা পিঠের 'পরে,
 আকাল পড়ল, দিন চলে না, চলল দেশান্তরে ।
 দূর শহরে একটা কিছু যাবেই যাবে জুটে,
 এই আশাতেই লগ্ন দেখে ভোরবেলাতে উঠে
 দুর্গা বলে বুক বেঁধে সে চলল ভাগ্যজয়ে,
 মা ডাকে না পিছুর ডাকে অমঙ্গলের ভয়ে ।
 স্ত্রী পাড়িয়ে দুয়ার ধরে দুচোখ শুধু মোছে,
 আজ সকালে জীবনটা তার কিছুতেই না রোচে ।
 ছেলে গেছে জাম কুড়োতে দিঘির পাড়ে উঠি,
 মা তারে আজ ভুলে আছে তাই পেয়েছে ছুটি ।
 স্ত্রী বলেছে বারে বারে, যে করে হোক খেটে
 সংসারটা চালাবে সে, দিন যাবে তার কেটে ।
 ঘর ছাইতে খড়ের আঁঠির জোগান দেবে সে যে,
 গোবর দিয়ে নিকিয়ে দেবে দেয়াল পাঁচিল মেঝে ।
 মাঠের থেকে খড়কে কাঠি আনবে বেছে বেছে,
 ঝাঁটা বেঁধে কুমোরটুলির হাটে আসবে বেচে ।
 টেকিতে ধান ভেনে দেবে বামুনদিঘির ঘরে,
 খুদকুড়ো যা জুটবে তাতেই চলবে দুর্বছরে ।
 দূর দেশেতে বসে বসে মিথ্যা অকারণে
 কোনোমতেই ভাবনা যেন না রয় স্বামীর মনে ।
 সময় হল, ওই তো এল খেয়াঘাটের মাঝি,
 দিন না যেতে রহিমগঞ্জে যেতেই হবে আজি ।
 সেইখানেতে চৌকিদারি করে ওদের জাতি,
 মহেশখুড়োর মেঝো জামাই, নিতাই দাসের নাতি ।
 নতুন নতুন গা পেরিয়ে অজানা এই পথে
 পৌঁছবে পাঁচদিনের পরে শহর কোনোমতে ।
 সেইখানে কোন্ হালসিবাগান, ওদের গ্রামের কালো,
 শর্বেভেলের দোকান সেথায় চালাচ্ছে খুব ভালো ।
 গলে সেথায় কালুর খবর সবাই বলে দেবে—
 তার পরে সব সহজ হবে, কী হবে আর ভেবে ।
 স্ত্রী বললে, “কালুদাকে খবরটা এই দিয়ো,
 ওদের গায়ের বাদল পালের জাঠতুত ভাই প্রিয়
 বিয়ে করতে আসবে আমার ভাইব্বি মল্লিকাকে
 উনত্রিশে বৈশাখে ।”

অচলা বুড়ি

অচলবুড়ি, মুখখানি তার হাসির রসে ভরা,
 স্নেহের রসে পরিপকু অতিমধুর জরা ।
 ফুলো ফুলো দুই চোখে তার, দুই গালে আর ঠোটে
 উছলে-পড়া হৃদয় যেন ঢেউ খেলিয়ে ওঠে ।
 পরিপুষ্ট অঙ্গটি তার, হাতের গড়ন মোটা,
 কপালে দুই ভুরুর মাঝে উল্কি-আকা ফোটা ।
 গাড়ি-চাপা কুকুর একটা মরতেছিল পথে,
 সেবা করে ঝাচিয়ে তারে তুলল কোনোমতে ।
 খোঁড়া কুকুর সেই ছিল তার নিত্যসহচর ;
 আধপাগলি ঝি ছিল এক, বাড়ি বালেঘর ।
 দাদাঠাকুর বলত, “বুড়ি, জমল কত টাকা,
 সঙ্গে ওটা যাবে না তো, বাসে রইল টাকা,
 ব্রাহ্মণে দান করতে না চাও নাহয় দাও-না ধার,
 জানোই তো এই অসময়ে টাকার কী দরকার ।”
 বুড়ি হেসে বলে, “ঠাকুর, দরকার তো আছেই,
 সেইজন্যে ধার না দিয়ে রাখি টাকা কাছেই ।”

সাংরাপাড়ার কায়েতবাড়ির বিধবা এক মেয়ে,
 এককালে সে সুখে ছিল বাপের আদর পেয়ে ।
 বাপ মরেছে, স্বামী গেছে, ভাইরা না দেয় ঠাই—
 দিন চালাবে এমনতরো উপায় কিছু নাই ।
 শেষকালে সে কুখার দারে, দৈন্যদশার লাজে
 চলে গেল হাঁসপাতালে রোগীসেবার কাজে ।
 এর পিছনে বুড়ি ছিল, আর ছিল লোক তার
 কংসারি শীল বেনের হেলে মুকুন্দ মোস্তার ।
 গ্রামের লোকে ছি-ছি করে, জাতে ঠেলল তাকে,
 একলা কেবল অচল বুড়ি আদর করে ডাকে ।
 সে বলে, “তুই বেশ করেছিস যা বলুক-না যেন,
 ভিক্ষা মাগার চেয়ে ভালো দুঃখী দেহের সেবা ।”

জমিদারের মায়ের শ্রদ্ধ, বেগার খাটার ডাক—
 রাই ডোমনির হেলে বললে, কাজের যে নেই ঝাঁক,
 পারবে না আজ যেতে । শুনে কোতলপুরের রাজা
 বললে, ওকে যে করে হোক দিতেই হবে সাজা ।
 মিশনরির স্কুলে পড়ে, কম্পাঞ্জিটরের
 কাজ শিখে সে শহরেতে আর করেছে ঢের—
 তাই হবে কি ছোটোলোকের ঘাড়-ঝাকানো চাল ।
 সাক্ষ্য দিল হরিশ মৈত্র, দিল মাখনলাল—
 ডাকলুঠের এক মোকদ্দমায় মিথ্যে জড়িয়ে ফেলে
 গোষ্ঠকে তো চালান দিল সাত বছরের জেলে ।

হেলের নামের অপমানে আপন পাড়া ছাড়ি
 ডোমনি গেল ভিন গায়েতে পাততে নতুন বাড়ি ।
 প্রতি মাসে অচলবুড়ি দামোদরের পারে
 মাসকাবারের জিনিস নিয়ে দেখে আসত তারে ।
 যখন তাকে খোঁটা দিল গ্রামের শত্ৰু পিসে
 “রাই ডোমনির 'পরে তোমার এত দরদ কিসে”
 বুড়ি বললে, “যারা ওকে দিল দুঃখরাশি
 তাদের পাপের বোকা আমি হালকা করে আসি ।”

পাতানো এক নাতনি বুড়ির একছুরি ছুরে
 ভুগতেছিল স্বরূপগঞ্জে আপন স্বপ্নরঘরে ।
 মেয়েটাকে বাঁচিয়ে তুলল দিন রাত্রি জেগে,
 ফিরে এসে আপনি পড়ল রোগের ধাক্কা লেগে ।
 দিন ফুরলো, দেবতা শেষে ডেকে নিল তাকে—
 এক আঘাতে মারল যেন সকল পন্নীটাকে ।
 অবাক হল দাদাঠাকুর, অবাক স্বরূপকাকা—
 ডোমনিকে সব দিয়ে গেছে বুড়ির জমা টাকা ।
 জিনিসপত্র আর যা ছিল দিল পাগল কিকে,
 সঙ্গে দিল তারই হাতে খোঁড়া কুকুরটিকে ।
 ঠাকুর বললে মাথা নেড়ে, “অপাত্রে এই দান !
 পরলোকের হারালো পথ, ইহলোকের মান ।”

শান্তিনিকেতন

[১ আষাঢ়] ১৩৪৪

সুধিয়া

গয়লা ছিল শিউনন্দন বিখ্যাত তার নাম
 গোয়ালবাড়ি ছিল যেন একটা গোটা গ্রাম ।।
 গোক-চরার প্রকাণ্ড খেত, নদীর ওপার চরে,
 কলাই শুধু ছিটিয়ে দিত পলি জমির 'পরে ।
 জেগে উঠত চারা তারই, গজিরে উঠত ঘাস,
 খেন্দলের ভোজ চলত মাসের পরে মাস ।
 মাঠটা জুড়ে বাধা হত বিশ-পঞ্চাশ চালা,
 জমত রাখাল হেলেগুলোর মহোৎসবের পালা ।
 গোপাটমীর পর্বদিনে প্রচুর হত দান,
 গুরুঠাকুর গা ডুবিয়ে দুখে করত স্নান ।
 তার থেকে সর কীর নবনী তৈরি হত কত,
 প্রসাদ পেত গায়ে গায়ে গয়লা ছিল যত ।

বছর তিনেক অনাবৃষ্টি, এল মঘস্রব ;
 শ্রাবণ মাসে শোণনদীতে বান এল তার পর ।
 ঘুলিয়ে ঘুলিয়ে পাকিয়ে পাকিয়ে গর্জি ছুটল ধারা,
 ধরশী চায় শূন্য-পানে সীমার চিহ্নহারা ।
 ভেসে চলল গোরু বাছুর, টান লাগল গাছে ;
 মানুষে আর সাপে মিলে শাখা আঁকড়ে আছে ।
 বন্যা যখন নেমে গেল, বৃষ্টি গেল খামি—
 আকাশ জুড়ে দৈত্য-দেবের ঘুচল সে পাগলামি ।
 শিউনন্দন দাঁড়ালো তার শূন্য ভিটের এসে—
 তিনটে শিশুর ঠিকানা নেই, স্ত্রী গেছে তার ভেসে ।
 চূপ করে সে রইল বসে, বুদ্ধি পায় না খুঁজি ।
 মনে হঁল, সব কথা তার হারিয়ে গেল বৃষ্টি ।
 ছেলোটো তার ভীষণ জোয়ান, সামরু বলে তাকে ;
 এক-গলা এই জলে-ডোবা সকল পাড়াটাকে
 মখন করে ফিরে ফিরে তিনটে গোরু নিয়ে
 ঘরে এসে দেখলে, দু হাত চোখে ঢাকা দিয়ে
 ইষ্টদেবকে স্মরণ ক'রে নড়ছে বাপের মুখ ;
 তাই দেখে ওর একেবারে জ্বলে উঠল বুক—
 বলে উঠল, “দেবতাকে তোর কেন মরিস ডাকি ।
 তার দয়াটা ঝাচিয়ে যেটুকু আজও রইল বাকি
 তার নেব তার নিজের 'পরেই, ঘটুক-নাকো যাই আর,
 এর বাড়া তো সর্বনাশের সম্ভাবনা নাই আর ।”
 এই বলে সে বাড়ি ছেড়ে পাকের পথে ঘুরে
 চিহ্ন-দেওয়া নিজের গোরু অনেক দূরে দূরে
 গোটা পাঁচেক খোঁজ পেয়ে তার আনলে তাদের কেড়ে,
 মাথা ভাঙবে ভয় দেখাতেই সবাই দিল ছেড়ে ।
 ব্যাবসাটা ফের শুরু করল নেহাত গরিব চালে,
 আশা রইল ভ্রমে উঠবে আবার কোনোকালে ।

এদিকেতে প্রকাণ্ড এক দেনার অজগরে
 একে একে গ্রাস করছে যা আছে তার ঘরে ।
 একটু যদি এগোয় আবার পিছন দিকে ঠেলে,
 দেনা-পাওনা দিনরাত্রি জোয়ার-ভাঁটা খেলে ।
 মাল তদন্ত করতে এল দুনিয়াচাঁদ বেনে,
 দশবছরের ছেলোটাকে সঙ্গে করে এনে ।
 ছেলোটো ওর জেদ ধরেছে— ওই সুখিয়া গাই
 পুষবে ঘরে আপন ক'রে ওইটে নেহাত চাই ।
 সামরু বলে, “তোমার ঘরে কী ধন আছে কত
 আমাদের এই সুখিয়াকে কিনে নেবার মতো ।
 ও যে আমার মানিক, আমার সাত রাজার ওই ধন,
 আর যা আমার যায় সবই যাক, দুঃখিত নয় মন ।

মৃত্যুপারের থেকেই ও যে ফিরেছে মোর কাছে,
এমন বন্ধু তিন ভুবনে আর কি আমার আছে ।”
বাপের কানে কী বললে সেই দুনিচাদের ছেলে,
জেদ বেড়ে তার গেল বুকি যেমনি বাধা পেলে ।
শেঠজি বলে মাথা নেড়ে, “দুই-চারিমাস যেতেই
ওই সুধিয়ার গতি হবে আমার গোয়ালেতেই ।”

কালোয় সাদায় মিশোল বরন, চিকন নধর দেহ,
সর্ব অঙ্গে ব্যাপ্ত যেন রাশীকৃত স্নেহ ।
আকাল এখন, সামরু নিজে দুইবেলা আধ-পেটা ;
সুধিয়াকে খাওয়ানো চাই যখনি পায় যেটা ।
দিনের কাজের অবসানে গোয়ালঘরে ঢুকে
ব'কে' যায় সে গাভীর কানে যা আসে তার মুখে ।
কারো 'পরে রাগ সে জানায়, কখনো সাবধানে
গোপন খবর থাকলে কিছু জানায় কানে কানে ।
সুধিয়া সব দাঁড়িয়ে শোনে কানটা খাড়া করে,
বুকি কেবল ধ্বনির সুখে মন ওঠে তার ভরে ।

সামরু যখন ছোটো ছিল পালোয়ানের পেশা
ইচ্ছা করেছিল নিতে, ওই ছিল তার নেশা ।
খবর পেল, নবাববাড়ি কুস্তিগিরের দল
পাল্লা দেবে— সামরু শুনে অসহ্য চঞ্চল ।
বাপকে ব'লে গেল ছেলে, “কথা দিচ্ছি শোনো,
এক হস্তার বেশি দেরি হবে না কখখনো ।”
ফিরে এসে দেখতে পেলে, সুধিয়া তার গাই
শেঠ নিয়েছে ছলে-বলে, গোয়ালঘরে নাই ।
যেমনি শোনা অমনি ছুটল, ভোজালি তার হাতে,
দুনিচাদের গদি যেথায় নাজির-মহল্লাতে ।
“কী রে সামরু, ব্যাপারটা কী” শেঠজি শুধায় তাকে ।
সামরু বলে, “ফিরিয়ে নিতে এলুম সুধিয়াকে ।”
শেঠ বললে, “পাগল নাকি, ফিরিয়ে দেব তোরে,
পরশু ওকে নিয়ে এলুম ডিক্রিজারি করে ।”
“সুধিয়া রে” “সুধিয়া রে” সামরু দিল হাঁক,
পাড়ার আকাশ পেরিয়ে গেল বহুমস্ত্র ডাক ।
চেনা সুরের হাওয়া ধ্বনি কোথায় জেগে উঠে,
দড়ি ছিড়ে সুধিয়া ওই হঠাৎ এল ছুটে ।
দু চোখ বেয়ে করছে বারি, অঙ্গটি তার রোগা,
অন্নপানে দেয় নি সে মুখ, অনশনে-ভোগা ।
সামরু ধরল জড়িয়ে গলা, বললে, “নাই রে ভয়,
আমি থাকতে দেখব এখন কে তোরে আর লয় ।—
তোমার টাকায় দুনিয়া কেনা, শেঠ দুনিচাদ, তবু
এই সুধিয়া একলা নিজের, আর কারো নয় কভু ।

আপন ইচ্ছামতে যদি তোমার ঘরে থাকে
 তবে আমি এই মুহুর্তে রেখে যাব তাকে ।”
 চোখ পাখিরে কর দুনিচাঁদ, “পশুর আবার হচ্ছে !
 গয়লা ভূমি, তোমার কাছে কে উপদেশ নিচ্ছে ।
 গোল কর তো ডাকব পুলিশ ।” সামর বললে, “ডেকো ।
 কিসি আমি ভয় করি নে, এইটে মনে রেখো ।
 দশবছরের জেল খাটব, ফিরব তো তার পর,
 সেই কথাটাই ভেবো বসে, আমি চললেম ঘর ।”

শান্তিনিকেতন
 আষাঢ় ১৩৪৪

মাধো

রায়বাহাদুর কিষনলালের স্যাকরা জগন্নাথ,
 সোনারুপোর সকল কাজে নিপুণ তাহার হাত ।
 আপন বিদ্যা শিখিয়ে মানুষ করবে ছেলেটাকে
 এই আশাতে সময় পেলেই ধরে আনত তাকে ;
 বসিয়ে রাখত চোখের সামনে, জোগান দেবার কাজে
 লাগিয়ে দিত যখন তখন ; আবার মাঝে মাঝে
 ছোটো মেয়ের পুতুল-খেেলার গয়না গড়াবার
 ফরমাশেতে খাটিয়ে নিত ; আশুন ধরাবার
 সোনা গলাবার কর্মে একটুখানি ভুলে
 চড়চাপড়টা পড়ত পিঠে, টান লাগাত চুলে ।
 সুযোগ পেলেই পালিয়ে বেড়ায় মাধো যে কোন্‌খানে
 ঘরের লোকে খুঁজে ফেরে বৃথাই সন্ধানে ।
 শহরতলির বাইরে আছে দিঘি সাবেককালে
 সেইখানে সে জোড়ায় যত লক্ষ্মীছাড়া ছেলে ।
 গুলিডাঙা খেলা ছিল, দোলনা ছিল গাছে,
 জানা ছিল যেথায় যত ফলের বাগান আছে ।
 মাছ ধরবার ছিপ বানাত, সিসুডালের ছড়ি ;
 টাটুঘোড়ার পিঠে চড়ে ছোটাত দড়বড়ি !
 কুকুরটা তার সঙ্গে থাকত, নাম ছিল তার বটু—
 গিরগিটি আর কাঠবেড়ালি তাড়িয়ে ফেরায় পটু ।
 শালিখপাখির মহলেতে মাধোর ছিল যশ,
 ছাতুর গুলি ছড়িয়ে দিয়ে করত তাদের বশ ।
 বেগার দেওয়ার কাজে পাড়ায় ছিল না তার মতো,
 বাপের শিক্ষানবিশিতেই কুঁড়েমি তার যত ।

কিষনলালের ছেলে, তাকে দুলাল ব'লে ডাকে,
 পাড়াসুদ্ধ ভয় করে এই বাদর ছেলেটাকে ।

বড়োলোকের ছেলে বলে গুমর ছিল মনে,
 অত্যাচারে তারই প্রমাণ দিত সকলখনে ।
 বটুর হবে সাতারখেলা, বটু চলছে ঘাটে,
 এসেছে যেই দুলালচাদের গোলা খেলার মাঠে
 অকারণে চাবুক নিয়ে দুলাল এলো তেড়ে ;
 মাধো বললে, “মারলে কুকুর ফেলব তোমায় পেড়ে ।”
 উচিয়ে চাবুক দুলাল এল, মানল নাকো মানা,
 চাবুক কেড়ে নিয়ে মাধো, করলে দু-তিনখানা ।
 দাঁড়িয়ে রইল মাধো, রাগে কাপছে ধরোধরো,
 বললে, “দেখব সাধ্য তোমার, কী করবে তা করো ।”
 দুলাল ছিল বিবম ভীতু, বেগ শুধু তার পায়ে ;
 নামের জোরেই জোর ছিল তার, জোর ছিল না গায়ে ।

দশ-বিশজন লোক লাগিয়ে বাপ আনলে ধরে,
 মাধোকে এক খাটের খুরোয় বাধল কষে জোরে ।
 বললে, “জানিসনেকো বেটা, কাহার অন্ন ধারিস,
 এত বড়ো বুকের পাটা, মনিবকে তুই মারিস ।
 আজ বিকালে হাটের মধ্যে হিচড়ে নিয়ে তোকে,
 দুলাল স্বয়ং মারবে চাবুক, দেখবে সকল লোকে ।”
 মনিববাড়ির পেয়াদা এল দিন হল যেই শেষ ।
 দেখলে দড়ি আছে পড়ি, মাধো নিরুদ্দেশ ।
 মাকে শুধায়, “এ কী কাণ্ড ।” মা শুনে কয়, “নিজে
 আপন হাতে বাধন তাহার আমিই খুলেছি যে ।
 মাধো চাইল চলে যেতে ; আমি বললেম, যেয়ো,
 এমন অপমানের চেয়ে মরণ ভালো সেও ।”
 স্বামীর 'পরে হানল দৃষ্টি দারুণ অবজ্ঞার ;
 বললে, “তোমার গোলামিতে ধিক্ সহস্রবার ।”

পেরোলো বিশ-পঁচিশ বছর ; বাংলাদেশে গিয়ে
 আপন জাতের মেয়ে বেছে মাধো করল বিয়ে ।
 ছেলে মেয়ে চলল বেড়ে, হল সে সংসারী ;
 কোনখানে এক পাটকলে সে করতেছে সর্দারি ।
 এমন সময় নরম যখন হল পাটের বাজার
 মাইনে ওদের কমিয়ে দিতেই, মজুর হাজার হাজার
 ধর্মঘটে বাধল কোমর ; সাহেব দিল ডাক ;
 বললে, “মাধো, ভয় নেই তোর, আলগোছে তুই থাক ।
 দলের সঙ্গে যোগ দিলে শেষ মরবি-যে মার খেয়ে ।”
 মাধো বললে, “মরাই ভালো এ বেইমানির চেয়ে ।”
 শেষপালাতে পুলিশ নামল, চলল ঠুতোগাঁতা ;
 কারো পড়ল হাতে বেড়ি, কারো ভাঙল মাথা ।
 মাধো বললে, “সাহেব, আমি বিদায় নিলেম কাজে,
 অপমানের অন্ন আমার সহ্য হবে না যে ।”

চলল সেথায় যে-দেশ থেকে দেশ গেছে তার মুখে,
মা মরেছে, বাপ মরেছে, ঝাধন গেছে ঘুচে ।
পথে বাহির হল ওরা ভরসা বুকে আঁটি,
হেঁড়া শিকড় পাবে কি আর পুরোনো তার মাটি ।

শ্রাবণ ১৩৪৪

আতার বিচি

আতার বিচি নিজে পুতে পাব তাহার ফল,
দেখব ব'লে ছিল মনে বিষম কৌতূহল ।
তখন আমার বয়স ছিল নয়,
অবাক লাগত কিছুর থেকে কেন কিছুই হয় ।
দোতলাতে পড়ার ঘরের বারান্দাটা বড়ো,
ধুলোবালি একটা কোণে করেছিলুম জড়ো ।
সেথায় বিচি পুতেছিলুম অনেক যত্ন করে,
গাছ বৃষ্টি আজ দেখা দেবে, ভেবেছি রোজ ভোরে ।
বারান্দাটার পূর্বধারে টেবিল ছিল পাতা,
সেইখানেতে পড়া চলত— পুঁথিপত্র খাতা
রোজ সকালে উঠত জমে দুর্ভাবনার মতো ;
পড়া দিতেন, পড়া নিতেন মাস্টার মশায় ।
পড়তে পড়তে বারে বারে চোখ যেত ওই দিকে,
গোল হত সব বানানেতে, ভুল হত সব ঠিকে ।
অধৈর্য অসহ্য হত, খবর কে তার জানে
কেন আমার যাওয়া-আসা ওই কোণটার পানে ।
দু মাস গেল মনে আছে, সেদিন শুক্রবার—
অঙ্কুরটি দেখা দিল নবীন সুকুমার ।
অঙ্ক-কবার বারান্দাতে চুনসুরকির কোণে
অপূর্ব সে দেখা দিল, নাচ লাগালো মনে ।
আমি তাকে নাম দিয়েছি আতা গাছের খুকু,
ক্লেণে ক্লেণে দেখতে যেতেম, বাড়ল কতটুকু ।
দুদিন বাদেই শুকিয়ে যেত সময় হলে তার,
এ জায়গাতে স্থান নাহি ওর করত আবিষ্কার ;
কিন্তু যেদিন মাস্টার ওর দিলেন মৃত্যুদণ্ড,
কচিকচি পাতার কুঁড়ি হল খণ্ড খণ্ড,
আমার পড়ার ক্রটির জন্যে দায়ী করলেন ওকে,
বুক যেন মোর ফেটে গেল, অশ্রু ঝরল চোখে ।
দাদা বললেন, কী পাগলামি, শান-ঝাধানো মেঝে,
হেথায় আতার বীজ লাগানো ঘোর বোকামি এ যে ।

আমি ভাবলুম, সারা দিনটা বুকের ব্যথা নিয়ে,
বড়োদের এই জোর খাটানো অন্যায় নয় কি এ ।
মুখ আমি ছেলেমানুষ, সত্যকথাই সে তো,
একটু সবুর করলেই তা আপনি ধরা যেত ।

শ্রাবণ ১৩৪৪

মাকাল

গৌরবর্ণ নধর দেহ, নাম শ্রীযুক্ত রাখাল,
জন্ম তাহার হয়েছিল সেই যে-বছর আকাল ।
গুরুমশায় বলেন তারে,
“বুদ্ধি যে নেই একেবারে ;
দ্বিতীয়ভাগ করতে সারা ছ’মাস ধরে মাকাল ।”
রেগেমেগে বলেন, “বাদর, নাম দিনু তোর মাকাল ।”

নামটা শুনে ভাবলে প্রথম ঝাঁকিয়ে যুগল ভুরু ;
তার পর সে বাড়ি এসে নৃত্য করলে গুরু ।
হঠাৎ ছেলের মাতন দেখি
সবাই তাকে শুধায়, এ কী !
সকলকে সে জানিয়ে দিল, নাম দিয়েছেন গুরু—
নতুন নামের উৎসাহে তার বন্ধ দুরুদুরু ।

কোলের 'পরে বসিয়ে দাদা বললে কানে-কানে,
“গুরুমশায় গাল দিয়েছেন, বুঝিস নে তার মানে !”
রাখাল বলে, “কখখনো না,
মা যে আমায় বলেন সোনা,
সেটা তো গাল নয় সে কথা পাড়ার সবাই জানে ।
আচ্ছা, তোমায় দেখিয়ে দেব, চলো তো ওইখানে ।”

টেনে নিয়ে গেল তাকে পুকুরপাড়ের কাছে,
বেড়ার 'পরে লতায় যেথা মাকাল ফ'লে আছে ।
বললে, “দাদা সত্যি বোলো,
সোনার চেয়ে মন্দ হল ?
তুমি শেষে বলতে কি চাও, গাল ফলেছে গাছে ।”
“মাকাল আমি” বলে রাখাল দু হাত তুলে নাচে ।

দোয়াত কলম নিয়ে ছোট্টে, খেলতে নাহি চায় ;
লেখাপড়ায় মন দেখে মা অবাক হয়ে যায় ।

খাবার বেলায় অবশেষে
 দেখে ছেলের কাণ্ড এসে—
 মেঝের 'পরে ঝুঁকে প'ড়ে খাতার পাতাটায়
 লাইন টেনে লিখে শুধু— মাকালচন্দ্র রায় ।

৮ ডিসেম্বর ১৯৩১

পাথরপিণ্ড

সাগরতীরে পাথরপিণ্ড টু মারতে চায় কাকে,
 বুঝি আকাশটাকে ।

শাস্ত্র আকাশ দেয় না কোনো জবাব,
 পাথরটা রয় উচিয়ে মাথা, এমনি সে তার স্বভাব ।
 হাতের কাছেই আছে সমুদ্রটা,
 অহংকারে তারই সঙ্গে লাগত যদি ওটা,
 এমনি চাপড় খেত, তাহার ফলে
 হুড়মুড়িয়ে ভেঙেচুরে পড়ত অগাধ জলে ।
 টু-মারা এই ভঙ্গিখানা কোটি বছর থেকে
 ব্যঙ্গ ক'রে কপালে তার কে দিল ওই ঐকে ।
 পণ্ডিতেরা তার ইতিহাস বের করেছেন খুঁজি ;
 শুনি তাহা, কতক বুঝি, নাইবা কতক বুঝি ।

অনেক যুগের আগে
 একটা সে কোন্ পাগলা বাষ্প আশ্বিন-ভরা রাগে
 মা ধরণীর বন্ধ হতে ছিনিয়ে বাধন-পাশ
 জ্যোতিষদের উর্ধ্বপাড়ায় করতে গেল বাস ।
 বিদ্রোহী সেই দুরাশা তার প্রবল শাসন-টানে
 আছাড় খেয়ে পড়ল ধরার পানে ।
 লাগল কাহার শাপ,
 হারালো তার ছুটোছুটি, হারালো তার তাপ ।
 দিনে দিনে কঠিন হয়ে ক্রমে
 আড়ষ্ট এক পাথর হয়ে কখন গেল জমে ।
 আজকে যে ওর অন্ধ নয়ন, কাতর হয়ে চায়
 সম্মুখে কোন্ নিষ্ঠুর শূন্যতায় ।
 স্তম্ভিত চীৎকার সে যেন, যন্ত্রণা নির্বাক,
 যে যুগ গেছে তার উদ্দেশে কঠহারার ডাক ।
 আশ্বিন ছিল পাখায় যাহার আজ মাটি-পিণ্ডরে
 কান পেতে সে আছে ঢেউয়ের তরল কলস্বরে ।
 শোনার লাগি ব্যগ্র তাহার ব্যর্থ বধিরতা
 হেরে-যাওয়া সে যৌবনের ভুলে-যাওয়া কথা ।

তালগাছ

বেড়ার মধ্যে একটি আমার গাছে
 গভীরতায় আসর জমিয়ে আছে ।
 পরিতপ্ত মূর্তিটি তার তপ্ত চিকন পাতায়,
 দুপুরবেলায় একটুখানি হাওয়া লাগছে মাথায় ।

মাটির সঙ্গে মুখোমুখি ঘাসের আঙিনাতে
 সঙ্গিনী তার শ্যামল ছায়া, আচলখানি পাতে ।
 গোরু চরে রৌদ্রছায়ায় সারা প্রহর ধরে ;
 খাবার মতো ঘাস বেশি নেই, আরাম শুধুই চ'রে ।
 পেরিয়ে বেড়া ওই যে তালের গাছ,
 নীল গগনে ক্রমে ক্রমে দিচ্ছে পাতার নাচ ।
 আশেপাশে তাকায় না সে, দূরে-চাওয়ার ভঙ্গি,
 এমনিতিরো ভাবটা যেন নয় সে মাটির সঙ্গী ।
 ছায়াতে না মেলায় ছায়া বসন্ত-উৎসবে,
 বায়না না দেয় পাখির গানের বনের গীতরবে ।
 তারার পানে তাকিয়ে কেবল কাটায় রাত্রিবেলা,
 জোনাকিদের 'পরে যে তার গভীর অবহেলা ।
 উলঙ্গ সুদীর্ঘ দেহে সামান্য সম্বলে
 তার যেন ঠাই উর্ধ্ববাহু সন্ন্যাসীদের দলে ।

আলমোড়া

১৩।৬।৩৭

শনির দশা

আধবুড়ো ওই মানুষটি মোর নয় চেনা—
 একলা বসে ভাবছে, কিংবা ভাবছে না,
 মুখ দেখে ওর সেই কথাটাই ভাবছি,
 মনে মনে আমি যে ওর মনের মধ্যে নাবছি ।

বুঝিবা ওর মেঝোমেয়ে পাতা ছয়েক বঁকে
 মাথার দিব্যি দিয়ে চিঠি পাঠিয়েছিল ওকে ।
 উমারানীর বিষম স্নেহের শাসন,
 জানিয়েছিল, চতুর্দিকে খোকার অন্নপ্রাশন—
 জিদ ধরেছে, হোক-না যেমন ক'রেই
 আসতে হবে শুক্রবার কি শনিবারের ভোরেই ।
 আবেদনের পত্র একটি লিখে
 পাঠিয়েছিল বুড়ো তাদের কর্তাবাবুটিকে ।

বাবু বললে, 'হয় কখনো তা কি,
 মাসকাবারের ঝড়িঝড়ি হিসাব লেখা বাকি,
 সাহেব গুনলে আশুন হবে চটে,
 ছুটি নেবার সময় এ নয় মোটে ।'
 মেয়ের দুঃখ ভেবে
 বুড়ো বারেক ভেবেছিল কাজে জবাব দেবে ।
 সুবুদ্ধি তার কইল কানে রাগ গেল যেই থামি,
 আসন্ন পেন্সনের আশা ছাড়াটা পাগলামি ।
 নিজেকে সে বললে, 'ওরে, এবার নাহয় কিনিস
 ছোটোছেলের মনের মতো একটা-কোনো জিনিস ।'
 যেটার কথাই ভেবে দেখে দামের কথায় শেষে
 বাধায় ঠেকে এসে ।

শেষকালে ওর পড়ল মনে জাপানি কুমকুমি,
 দেখলে খুশি হয়তো হবে উমি ।
 কেইবা জানবে দামটা যে তার কত,
 বাইরে থেকে ঠিক দেখাবে খাটি রূপোর মতো ।
 এমনি করে সংশয়ে তার কেবলই মন ঠেলে,
 হাঁ-না নিয়ে ভাবনাত্রোতে জোয়ার-ভাঁটা খেলে ।
 রোজ সে দেখে টাইমটেবিলখানা,
 ক'দিন থেকে ইস্টিশনে প্রত্যহ দেয় হানা ।
 সামনে দিয়ে যায় আসে রোজ মেল,
 গাড়িটা তার প্রত্যহ হয় ফেল ।
 চিন্তিত ওর মুখের ভাবটা দেখে
 এমনি একটা ছবি মনে নিয়েছিলেম ঐকে ।

কৌতূহলে শেষে
 একটুখানি উস্খুসিয়ে একটুখানি কেশে,
 শুধাই তারে ব'সে তাহার কাছে,
 "কী ভাবতেছেন, বাড়িতে কি মন্দ খবর আছে ।"
 বললে বুড়ো, "কিছুই নয়, মশায়,
 আসল কথা, আছি শনির দশায় ।
 তাই ভাবছি কী করা যায় এবার
 ঘোড়দৌড়ে দশটি টাকা বাজি ফেলে দেবার ।
 আপনি বলুন, কিনব টিকিট আজ কি ।"
 আমি বললেম, "কাজ কী ।"
 রাগে বুড়োর গরম হল মাথা ;
 বললে, "থামো, জের দেখেছি পরামর্শদাতা !
 কেনার সময় রইবে না আর আজিকার এই দিন বৈ !
 কিনব আমি, কিনব আমি, যে ক'রে হোক কিনবই ।"

রিক্ত

বইছে নদী বালির মধ্যে, শূন্য বিজন মাঠ,
নাই কোনো ঠাই ঘাট ।

অল্প জলের ধারাটি বয়, ছায়া দেয় না গাছে,
গ্রাম নেইকো কাছে ।

রুদ্ধ হাওয়ায় ধরার বুকে সূক্ষ্ম কাপন কাপে
চোখ-ধাধানো তাপে ।

কোথাও কোনো শব্দ-যে নেই তারই শব্দ বাজে
ঝা ঝা করে সারাদুপুর দিনের বক্কোমাঝে ।
আকাশ যাহার একলা অতিথি শুষ্ক বালুর স্তূপে
দিগ্বধু রয় অবাক হয়ে বৈরাগিণীর রূপে ।
দূরে দূরে কাশের কোপে শরতে ফুল ফোটে,
বৈশাখে ঝড় ওঠে ।

আকাশ ব্যোপে ভূতের মতন বালুর ঘূর্ণি ঘোরে ;
নৌকো ছুটে আসে না তো সামাল সামাল করে ।
বর্ষা হলে বন্যা নামে দূরের পাহাড় হতে,
কূল-হারানো শ্রোতে

জলে স্থলে হয় একাকার ; দমকা হাওয়ার বেগে
সওয়াল যেন চাবুক লাগায় দৌড়-দেওয়া মেঘে ।
সারা বেলাই বৃষ্টিধারা ঝাপট লাগায় যবে
মেঘের ডাকে সুর মেশে না খেনুর হান্ধারবে ।
খেতের মধ্যে কল্কলিয়ে ঘোলা শ্রোতের জল
ভাসিয়ে নিয়ে আসে না তো শ্যাওলা-পানার দল ।
রাত্রি যখন ধানে বসে তারাগুলির মাঝে
তীরে তীরে প্রদীপ জ্বলে না যে—

সমস্ত নিঃস্বুম

জাগাও নেই কোনোখানে, কোথাও নেই ঘুম ।

আলমোড়া
জ্যৈষ্ঠ ১৩৪৪

বাসাবাড়ি

এই শহরে এই তো প্রথম আসা ।
আড়াইটা রাত, খুঁজে বেড়াই কোন্ ঠিকানায় বাসা ।
লঠনটা ঝুলিয়ে হাতে আন্দাজে যাই চলি,
অজগরের ভূতের মতন গলির পরে গলি ।
ধাধা ক্রমেই বেড়ে ওঠে, এক জায়গায় থেমে
দেখি পথের বা দিক থেকে ঘাট গিয়েছে নেমে ।

আধার মুখোশ-পরা বাড়ি সামনে আছে খাড়া ;
 হাঁ-করা-মুখ দুয়ারগুলো, নাইকো শব্দসাড়া ।
 চৌতলাতে একটা ধারে জানলাখানার ফাঁকে
 প্রদীপশিখা ছুঁচের মতো বিধছে আধারটাকে ।

বাকি মহল যত

কালো মোটা ঘোমটা-দেওয়া দৈত্যনারীর মতো ।
 বিদেশীর এই বাসাবাড়ি, কেউ-বা কয়েক মাস
 এইখানে সংসার পেতেছে, করছে বসবাস ;
 কাজকর্ম সাক্ষ করি কেউবা কয়েক দিনে
 চুকিয়ে ভাড়া কোন্‌খানে যায়, কেই বা তাদের চিনে ।
 শুধাই আমি, “আছ কি কেউ, জায়গা কোথায় পাই ।”
 মনে হল জবাব এল, “আমরা নাই নাই ।”
 সকল দুয়ার জানলা হতে, যেন আকাশ জুড়ে
 ঝাঁকে ঝাঁকে রাতের পাখি শূন্যে চলল উড়ে ।
 একসঙ্গে চলার বেগে হাজার পাখা তাই
 অঙ্ককারে জাগায় ধ্বনি, “আমরা নাই নাই ।”
 আমি শুধাই, “কিসের কাজে এসেছ এইখানে ।”
 জবাব এল, “সেই কথাটা কেহই নাহি জানে ।
 যুগে যুগে বাড়িয়ে চলি নেই-হওয়াদের দল,
 বিপুল হয়ে ওঠে যখন দিনের কোলাহল
 সকল কথার উপরেতে চাপা দিয়ে যাই—

নাই, নাই, নাই ।”

পরের দিনে সেই বাড়িতে গেলেম সকালবেলা—
 ছেলেরা সব পথে করছে লড়াই-লড়াই খেলা,
 কাঠি হাতে দুই পক্ষের চলছে ঠকাঠকি ।
 কোণের ঘরে দুই বুড়োতে বিষম বকাবকি—
 বাজিখেলায় দিনে দিনে কেবল জেতা হারা,
 দেনা-পাওনা জমতে থাকে, হিসাব হয় না সারা ।
 গন্ধ আসছে রান্নাঘরের, শব্দ বাসন-মাজার ;
 শূন্য ঝুড়ি দুলিয়ে হাতে ঝি চলেছে বাজার ।
 একে একে এদের সবার মুখের দিকে চাই,
 কানে আসে রাত্রিবেলার “আমরা নাই নাই” ।

আকাশ

শিশুকালের থেকে
 আকাশ আমার মুখে চেয়ে একলা গেছে ডেকে ।
 দিন কাটত কোণের ঘরে দেয়াল দিয়ে ঘেরা
 কাছের দিকে সর্বদা মুখ-ফেরা ;
 তাই সুদূরের পিপাসাতে
 অতৃপ্ত মন তপ্ত ছিল । লুকিয়ে যেতেম ছাতে,
 চুরি করতেম আকাশভরা সোনার বরন ছুটি,
 নীল অমৃতে ডুবিয়ে নিতেম ব্যাকুল চক্ষু দুটি ।
 দুপুর রৌদ্রে সুদূর শূন্যে আর কোনো নেই পাখি,
 কেবল একটি সঙ্গীবিহীন চিল উড়ে যায় ডাকি
 নীল অদৃশ্যপানে ;
 আকাশপ্রিয় পাখি ওকে আমার হৃদয় জানে ।
 স্তব্ধ ডানা প্রথর আলোর বৃকে
 যেন সে কোন্ যোগীর ধ্যান মুক্তি-অভিমুখে ।
 তীক্ষ্ণ তীব্র সুর
 সূক্ষ্ম হতে সূক্ষ্ম হয়ে দূরের হতে দূর
 ভেদ করে যায় চলে ।
 বৈরাগী ওই পাখির ভাষা মন কাঁপিয়ে তোলে ।

আলোর সঙ্গে আকাশ যেথায় এক হয়ে যায় মিলে
 শুভ্রে এবং নীলে
 তীর্থ আমার জেনেছি সেইখানে
 অতল নীরবতার মাঝে অবগাহনস্থানে ।
 আবার যখন ঝঞ্জা, যেন প্রকাণ্ড এক চিল
 এক নিমেষে ছোঁ মেরে নেয় সব আকাশের নীল,
 দিকে দিকে ঝাপটে বেড়ায় স্পর্ধাবেগের ডানা,
 মানতে কোথাও চায় না কারো মানা,
 বারে বারে তড়িৎশিখার চঞ্চু আঘাত হানে
 অদৃশ্য কোন্ পিঞ্জরটার কালো নিবেদ্যপানে,
 আকাশে আর ঝড়ে
 আমার মনে সব-হারানো ছুটির মূর্তি গড়ে ।
 তাই তো খবর পাই—
 শান্তি সেও মুক্তি, আবার অশান্তিও তাই ।

খেলা

এই জগতের শক্ত মনিব সয় না একটু ক্রটি,
 যেমন নিত্য কাজের পালা তেমনি নিত্য ছুটি ।
 বাতাসে তার ছেলেখেলা, আকাশে তার হাসি,
 সাগর জুড়ে গদগদ ভাষ বুবুদে যায় ভাসি ।
 বরনা ছোট্টে দূরের ডাকে পাথরগুলো ঠেলে—
 কাজের সঙ্গে নাচের খেয়াল কোথার থেকে পেলে ।
 ওই হোথা শাল, পাঁচশো বছর মজ্জাতে ওর ঢাকা—
 গম্ভীরতায় অটল যেমন, চঞ্চলতায় পাকা ।
 মজ্জাতে ওর কঠোর শক্তি, বকুনি ওর পাতায়—
 ঝড়ের দিনে কী পাগলামি চাপে যে ওর মাথায় ।
 ফুলের দিনে গন্ধের ভোজ্য অবাধ সারাক্ষণ,
 ডালে ডালে দখিন হাওয়ার বাধা নিমন্ত্রণ ।

কাজ ক'রে মন অসাড় যখন মাথা যাচ্ছে ঘুরে
 হিমালয়ের খেলা দেখতে এলেম অনেক দূরে ।
 এসেই দেখি নিবেধ জাগে কুহেলিকার স্তূপে,
 গিরিরাজের মুখ ঢাকা কোন্ সুগম্ভীরের রূপে ।
 রাস্তিরে যেই বৃষ্টি হল, দেখি সকালবেলায়,
 চাদরটা ওর কাজে লাগে চাদর-খোলার খেলায় ।
 ঢাকার মধ্যে চাপা ছিল কৌতুক একরাশি,
 প্রকাশ এক হাসি ।

আলমোড়া
 জ্যৈষ্ঠ ১৩৪৪

ছবি-আঁকিয়ে

ছবি আঁকার মানুষ ওগো পথিক চিরকালে,
 চলছ তুমি আশেপাশে দৃষ্টির জাল ফেলে ।
 পথ-চলা সেই দেখাগুলো লাইন দিয়ে ঐকে
 পাঠিয়ে দিলে দেশ-বিদেশের থেকে ।
 যাহা-তাহা যেমন-তেমন আছে কতই কী যে,
 তোমার চোখে ভেদ ঘটে নাই চণ্ডালে আর দ্বিজে ।
 ওই যে গরিবপাড়া,
 আর কিছু নেই ঘেঁষাঘেঁষি কয়টা কুটির ছাড়া ।
 তার ওপারে শুধু
 চৈত্রমাসের মাঠ করছে ধু ধু ।
 এদের পানে চক্ষু মেলে কেউ কভু কি দাঁড়ায়,
 ইচ্ছে ক'রে এ ঘরগুলোর ছায়া কি কেউ মাড়ায় ।

তুমি বললে, দেখার ওরা অযোগ্য নয় মোটে ;
 সেই কথাটিই তুলির রেখায় তন্দ্রনি যায় রটে ।
 হঠাৎ তখন ঝেকে উঠে আমরা বলি, তাই তো,
 দেখার মতোই জিনিস বটে, সন্দেহ তার নাই তো ।
 ওই যে কারা পথে চলে, কেউ করে বিশ্রাম,
 নেই বললেই হয় ওরা সব, পৌছে না কেউ নাম—
 তোমার কলম বললে, ওরা খুব আছে এই জেনো ;
 অমনি বলি, তাই বটে তো, সবাই চেনো-চেনো ।
 ওরাই আছে, নেইকো কেবল বাদশা কিংবা নবাব ;
 এই ধরণীর মাটির কোলে থাকাই ওদের স্বভাব ।
 অনেক খরচ করে রাজা আপন ছবি আঁকায়,
 তার পানে কি রসিক লোকে কেউ কখনো তাকায় ।
 সে-সব ছবি সাজে-সাজায় বোকোর লাগায় ধাঁধা,
 আর এরা সব সত্যি মানুষ সহজ রাপেই বাধা ।

ওগো চিত্রী, এবার তোমার কেমন খেয়াল এ যে,
 ঐকে বসলে ছাগল একটা উচ্ছ্রবা ত্যেজে ।
 জন্তুটা তো পায় না খাতির হঠাৎ চোখে ঠকলে,
 সবাই ওঠে হাঁ হাঁ করে সবজি-খেতে দেখলে ।
 আজ তুমি তার ছাগলামিটা ফোটালে যেই দেহে
 এক মুহূর্তে চমক লেগে বলে উঠলেম, কে হে ।
 ওরে ছাগলওয়ালা, এটা তোরা ভাবিস কার—
 আমি জানি, একজনের এই প্রথম আবিষ্কার ।

আলমোড়া
 জ্যৈষ্ঠ ১৩৪৪

অজয় নদী

এককালে এই অজয় নদী ছিল যখন জেগে
 স্রোতের প্রবল বেগে
 পাহাড় থেকে আনত সদাই ঢালি
 আপন জোরের গর্ব করে চিকন-চিকন বালি ।
 অচল বোঝা বাড়িয়ে দিয়ে যখন ক্রমে ক্রমে
 জোর গেল তার কমে,
 নদীর আপন আসন বালি নিল হরণ করে,
 নদী গেল পিছনপানে সরে ;
 অনুচরের মতো
 রইল তখন আপন বালির নিত্য-অনুগত ।

কেবল যখন বর্ষা নামে ঘোলা জলের পাকে
 বালির প্রতাপ ঢাকে ।
 পূর্বযুগের আক্ষেপে তার কোন্ডের মাতন আসে,
 বাধনহারা ঈর্ষা ছোটে সবার সর্বনাশে ।
 আকাশেতে গুরুগুরু মেঘের ওঠে ডাক,
 বৃকের মধ্যে ঘুরে ওঠে হাজার ঘূর্ণিপাক ।
 তার পরে আষিনের দিনে শুভ্রতার উৎসবে
 সুর আপনার পায় না ধুঁজে শুভ্র আলোর স্তবে ।
 দূরে তীরে কাশের দোলা, শিউলি ফুটে দূরে,
 গুরু বৃকে শরৎ নামে বালিতে রোদ্দুরে ।
 চাঁদের কিরণ পড়ে যেথায় একটু আছে জল
 যেন বজ্রা কোন্ বিধবার লুটানো অঞ্চল ।
 নিঃশব্দ দিনের লজ্জা সদাই বহন করতে হয়,
 আপনাকে হয় হারিয়ে-ফেলা অকীর্তি অজয় ।

আলমোড়া
 জ্যৈষ্ঠ ১৩৪৪

পিছু-ডাকা

যখন দিনের শেষে
 চেয়ে দেখি সমুখপানে সূর্য ডোবার দেশে
 মনের মধ্যে ভাবি,
 অন্তসাগর-তলায় গেছে নাবি
 অনেক সূর্য-ডোবার সঙ্গে অনেক আনাগোনা,
 অনেক দেখাশোনা,
 অনেক কীর্তি, অনেক মূর্তি, অনেক দেবালয়,
 শক্তিমানের অনেক পরিচয় ।
 তাদের হারিয়ে-যাওয়ার ব্যথায় টান লাগে না মনে,
 কিন্তু যখন চেয়ে দেখি সামনে সবুজ বনে
 ছায়ায় চরছে গোকু,
 মাঝ দিয়ে তার পথ গিয়েছে সরু,
 ছেয়ে আছে শুকনো বাশের পাতায়,
 হাট করতে চলে মেয়ে ঘাসের আঁঠি মাথায়,
 তখন মনে হঠাৎ এসে এই বেদনাই বাজে—
 ঠাই রবে না কোনোকালেই ওই যা-কিছুর মাঝে ।
 ওই যা-কিছুর ছবির ছায়া দুলেছে কোন্কালে
 শিশুর-চিস্ত-নাচিয়ে-তোলা ছড়াগুলির তালে—
 তিরপূর্ণির চরে
 বালি ঝুরঝুর করে,

কোন মেয়ে সে চিকন-চিকন চুল দিচ্ছে ঝাড়ি,
 পরনে তার ঘুরে-পড়া ডুরে একটি শাড়ি ।
 ওই যা-কিছু ছবির আভাস দেখি সাব্বের মুখে
 মর্তধরার পিছু-ডাকা দোলা লাগায় বুকে ।

আলমোড়া
 জ্যৈষ্ঠ ১৩৪৪

ভ্রমণী

মাটির ছেলে হয়ে জন্ম, শহর নিল মোরে
 পোষাপুত্র করে ।
 ইটপাথরের আলিসনের রাখল আড়ালটিকে
 আমার চতুর্দিকে ।
 মন রইত ব্যাকুল হয়ে দিবস রজনীতে
 মাটির স্পর্শ নিতে ।
 বই পড়ে তাই পেতে হত ভ্রমণকারীর দেখা
 ছাদের উপর একা ।
 কষ্ট তাদের, বিপদ তাদের, তাদের শঙ্কা যত
 লাগত নেশার মতো ।
 পথিক যে জন পথে পথেই পায় সে পৃথিবীকে,
 মুক্ত সে চৌদিকে ।
 চলার ক্ষুধায় চলতে সে চায় দিনের পরে দিনে
 অচেনাকেই চিনে ।
 লড়াই করে দেশ করে জয়, বহায় রক্তধারা,
 ভূপতি নয় তারা ।
 পলে পলে পার যারা হয় মাটির পরে মাটি
 প্রত্যেক পদ হাঁটি—
 নাইকো সেপাই, নাইকো কামান, জয়পতাকা নাই—
 আপন বোঝা বাহি
 অপথেও পথ পেয়েছে, অজানাতে জানা,
 মানে নাইকো মানা—
 মরু তাদের, মেরু তাদের, গিরি অভ্রভেদী
 তাদের বিজয়বেদী ।
 সবার চেয়ে মানুষ ভীষণ সেই মানুষের ভয়
 ব্যাঘাত তাদের নয় ।
 তারাই ভূমির বরপুত্র, তাদের ডেকে কই,
 তোমরা পৃথ্বীজয়ী ।

[আলমোড়া]
 ৬ আষাঢ় ১৩৪৪

রবীন্দ্র-রচনাবলী

আকাশপ্রদীপ

অন্ধকারের সিঁকুতীরে একলাটি ওই মেয়ে
আলোর নৌকা ভাসিয়ে দিল আকাশপানে চেয়ে ।
মা যে তাহার স্বর্গে গেছে এই কথা সে জানে,
ওই প্রদীপের খেয়া বেয়ে আসবে ঘরের পানে ।
পৃথিবীতে অসংখ্য লোক, অগণ্য তার পথ,
অজানা দেশ কত আছে অচেনা পর্বত,
তারই মধ্যে স্বর্গ থেকে ছোট ঘরের কোণ
যায় কি দেখা যেথায় থাকে দুটিতে ভাইবোন ।
মা কি তাদের খুঁজে খুঁজে বেড়ায় অন্ধকারে,
তারায় তারায় পথ হারিয়ে যায় শূন্যের পারে ।
মেয়ের হাতের একটি আলো জ্বালিয়ে দিল রেখে,
সেই আলো মা নেবে চিনে অসীম দূরের থেকে ।
ঘুমের মধ্যে আসবে ওদের চুমো খাবার তরে
রাতে রাতে মা-হারা সেই বিছানাটির 'পরে ।

পতিসর

৮ শ্রাবণ ১৩৪৪

প্রান্তিক



ਸ੍ਰੀਮਤ ਸਿਨ੍ਹੂ ਕਾਲ ਸੇਵਾ ਠਾਕੁਰ
ਸ਼੍ਰੀਮਤ ਸਿਨ੍ਹੂ ਕਾਲ
ਠਾਕੁਰ ਸਿਨ੍ਹੂ ਕਾਲ
ਠਾਕੁਰ ਸਿਨ੍ਹੂ ਕਾਲ
ਠਾਕੁਰ ਸਿਨ੍ਹੂ ਕਾਲ

প্রান্তিক

১

বিশ্বের আলোকলুপ্ত তিমিরের অন্তরালে এল
মৃত্যুদূত চুপে চুপে : জীবনের দিগন্ত-আকাশে
যত ছিল সূক্ষ্ম ধূলি স্তরে স্তরে, দিল ধৌত করি
ব্যথার দ্রাবক রসে, দারুণ স্বপ্নের তলে তলে
চলেছিল পলে পলে দৃঢ়হস্তে নিঃশব্দে মার্জনা ।
কোন ক্ষণে নটলীলা-বিধাতার নবনাট্যভূমে
উঠে গেল যবনিকা । শূন্য হতে জ্যোতির তর্জনী
স্পর্শ দিল এক প্রান্তে স্তম্ভিত বিপুল অঙ্ককারে,
আলোকের ধরহর শিহরন চমকি চমকি
ছুটিল বিদ্যুৎবেগে অসীম তন্ত্রার স্বূপে স্বূপে—
দীর্ঘ দীর্ঘ করি দিল তারে । গ্রীষ্মরিক্ত অবলুপ্ত
নদীপথে অকস্মাৎ প্রাবনের দুরন্ত ধারায়
বন্যার প্রথম নৃত্য শুষ্কতার বন্ধে বিসর্পিয়া
ধায় যথা শাখায় শাখায় সেইমত জাগরণ
শূন্য আধারের গূঢ় নাড়ীতে নাড়ীতে— অন্তঃশীলা
জ্যোতির্ধারা দিল প্রবাহিয়া । আলোকে আধারে মিলি
চিন্তাকাশে অর্ধক্ষুণ্ট অস্পষ্টের রচিল বিভ্রম ।
অবশেষে ছন্দ গেল ঘুচি । পুরাতন সন্মোহের
কূল কাঁরাপ্রাচীরবেষ্টন, মুহূর্তেই মিলাইল
কুহেলিকা । নূতন প্রাণের সৃষ্টি হল অব্যবহিত
স্বচ্ছ শুভ্র চৈতন্যের প্রথম প্রত্যুষ-অভ্যুদয়ে ।
অতীতের সঞ্চয়পুঞ্জিত দেহখানা, ছিল যাহা
আসনের বন্ধ হতে ভবিষ্যের দিকে মাথা তুলি
বিজ্ঞানগিরিব্যবধানসম, আজ দেখিলাম
প্রভাতের অবসন্ন মেঘ তাহা, স্রস্ত হয়ে পড়ে
দিগন্তবিচ্যুত । বন্ধমুক্ত আপনারে লভিলাম
সুদূর অন্তরাকাশে, ছায়াপথ পার হয়ে গিয়ে
আলোক আলোকতীর্থে সূক্ষ্মতম বিলয়ের তটে ।

২

ওরে চিরভিক্ষু, তোর আজন্মকালের ভিক্ষাবুলি
 চরিতার্থ হোক আজি, মরণের প্রসাদবহিতে
 কামনার আবর্জনা যত, ক্ষুধিত অহমিকার
 উৎসৃষ্টি-সঞ্চিত জঞ্জালরাশি দগ্ধ হয়ে গিয়ে
 ধন্য হোক আলোকের দানে, এ মূর্তের প্রাপ্তপথ
 দীপ্ত করে দিক, অবশেষে নিঃশেষে মিলিয়া যাক
 পূর্বসমুদ্রের পারে অপূর্ব উদয়াচলচূড়ে
 অরুণকিরণতলে একদিন অমর্ত প্রভাতে ।

শান্তিনিকেতন

২৯।৯।৩৭

৩

এ জন্মের সাথে লগ্ন স্বপ্নের জটিল সূত্র যবে
 ছিড়িল অদৃশ্য ঘাতে, সে মুহূর্তে দেখিনু সম্মুখে
 অজ্ঞাত সুদীর্ঘ পথ অতিদূর নিঃসঙ্গের দেশে
 নিরাসক্ত নির্মমের পানে । অকস্মাৎ মহা-একা
 ডাক দিল একাকীরে প্রলয়তোরণচূড়া হতে ।
 অসংখ্য অপরিচিত জ্যোতিষ্কের নিঃশব্দতামাঝে
 মেলিনু নয়ন ; জানিলাম একাকীর নাই ভয়,
 ভয় জনতার মাঝে ; একাকীর কোনো লঙ্কা নাই,
 লঙ্কা শুধু যেথা-সেথা যার-তার চক্ষুর ইঙ্গিতে ।
 বিশ্বসৃষ্টি কর্তা একা, সৃষ্টিকাজে আমার আহ্বান
 বিরাট নেপথ্যালোকে তাঁর আসনের ছায়াতলে ।
 পুরাতন আপনার ধ্বংসোন্মুখ মলিন জীর্ণতা
 ফেলিয়া পশ্চাতে, রিস্তহস্তে মোরে বিরচিত হবে
 নূতন জীবনচ্ছবি শূন্য দিগন্তের ভূমিকায় ।

শান্তিনিকেতন

২৯।৯।৩৭

৪

সত্য মোর অবলিপ্ত সংসারের বিচিত্র প্রলেপে,
 বিবিধের বহু হস্তক্ষেপে, অযত্নে অনবধানে
 হারাল প্রথম রূপ, দেবতার আপন স্বাক্ষর
 লুপ্তপ্রায়— কয়কীর্ণ জ্যোতির্ময় আদিমূল্য তার ।
 চতুর্পথে দাঁড়াল সে ললাটে পণ্যের ছাপ নিয়ে
 আপনারে বিকায়িত— অঙ্কিত হতেছে তার স্থান
 পথে-চলা সহস্রের পরীক্ষাচিহ্নিত তালিকায় ।

হেনকালে একদিন আলো-আধারের সঙ্কীর্ণে
 আরতিশব্দের ধ্বনি যে লগ্নে বাজিল সিঁদুপারে,
 মনে হল, মুহূর্তেই ধেমের গেল সব বেচাকেনা,
 শান্ত হল আশাপ্রত্যাশার কোলাহল । মনে হল,
 পরের মুখের মূল্য হতে মুক্ত, সব চিহ্ন-মোছা
 অসঙ্কীর্ণ আদিকৌলীন্যের শান্ত পরিচয় বহি
 যেতে হবে নীরবের ভাবহীন সংগীতমন্দিরে
 একাকীর একতারা হাতে । আদিমসৃষ্টির যুগে
 প্রকাশের যে আনন্দ রূপ নিল আমার সম্ভায়
 আজ ধূলিমগ্ন তাহা, নিদ্রাহারা রুগণ বুড়ুকার
 দীপধূমে কলঙ্কিত । তারে ফিরে নিয়ে চলিয়াছি
 মৃত্যুস্নানতীর্থতটে সেই আদি নির্ঝরতলায় ।
 বুঝি এই যাত্রা মোর স্বপ্নের অরণ্যবীথিপারে
 পূর্ব ইতিহাস-মৌত অকলঙ্ক প্রথমের পানে—
 যে প্রথম বারে বারে ফিরে আসে বিশ্বের সৃষ্টিতে
 কখনো বা অগ্নিবর্ষী প্রচণ্ডের প্রলয়ঙ্ককারে,
 কখনো বা অকস্মাৎ স্বপ্নভাঙা পরম বিশ্বয়ে
 শুকতারানিমন্ত্রিত আলোকের উৎসবপ্রাক্ষণে ।

শান্তিনিকেতন

১১১০১৩৭

৫

পশ্চাতের নিত্যসহচর, অকৃতার্থ হে অতীত,
 অতপ্ত তৃষ্ণার যত ছায়ামূর্তি প্রেতভূমি হতে
 নিয়েছ আমার সঙ্গ, পিছু-ডাকা অক্লান্ত আগ্রহে
 আবেশ-আবিল সুরে বাজাইছ অক্ষুট সেতার,
 বাসাছাড়া মৌমাছির গুন গুন গুঞ্জরন যেন
 পুষ্পরিস্ত মৌনী বনে । পিছু হতে সন্মুখের পথে
 দিতেছ বিস্তীর্ণ করি অস্তশিখরের দীর্ঘ ছায়া
 নিরস্ত ধূসরপাণ্ডু বিদায়ের গোধূলি রচিয়া ।
 পশ্চাতের সহচর, ছিন্ন করো স্বপ্নের বন্ধন ;
 রেখেছ হরণ করি মরণের অধিকার হতে
 বেদনার ধন যত, কামনার রঙিন ব্যর্থতা—
 মৃত্যুরে ফিরায়ে দাও । আজি মেঘমুক্ত শরতের
 দূরে-চাওয়া আকাশেতে ভারমুক্ত চিরপথিকের
 বাশিতে বেজেছে ধ্বনি, আমি তারি হব অনুগামী ।

শান্তিনিকেতন

৪১১০১৩৭

৬

মুক্তি এই— সহজে ফিরিয়া আসা সহজের মাঝে,
 নহে কৃষ্ণসাধনায় ক্রিষ্ট কৃশ বঞ্চিত প্রাণের
 আশ্র-অধীকারে । রিস্ততায় নিঃস্বতায়, পূর্ণতার
 প্রেতচ্ছবি ধ্যান করা অসম্মান জগৎলক্ষীর ।
 আজ আমি দেখিতেছি, সম্মুখে মুক্তির পূর্ণরূপ
 ওই বনস্পতিমাঝে, উর্ধ্বে তুলি ব্যগ্র শাখা তার
 শরৎপ্রভাতে আজি স্পর্শিছে সে মহা-অলঙ্কারে
 কম্পমান পল্লবে পল্লবে ; লভিল মজ্জার মাঝে
 সে মহা-আনন্দ যাহা পরিব্যাপ্ত লোকে লোকান্তরে,
 বিচ্ছুরিত সমীরিত আকাশে আকাশে, স্মৃটোন্মুখ
 পুষ্পে পুষ্পে, পাখিদের কণ্ঠে কণ্ঠে স্বত-উৎসারিত ।
 সন্ন্যাসীর গৈরিক বসন লুকায়েছে তৃণতলে
 সর্ব-আবর্জনা-গ্রাসী বিরাট ধূলায়, জপমন্ত্র
 মিলে গেছে পতঙ্গগুণনে । অনিশেষ যে তপস্যা
 প্রাণরসে উচ্ছ্বসিত, সব দিতে সব নিতে
 যে বাড়ালো কমণ্ডলু দুলোকে ভুলোকে, তারি বর
 পেয়েছি অন্তরে মোর, তাই সর্ব দেহ মন প্রাণ
 সূক্ষ্ম হয়ে প্রসারিল আজি ওই নিঃশব্দ প্রান্তরে
 ছায়ারৌদ্রে হেথাহোথা যেথায় রোমহরত ধেনু
 আলস্যে শিথিল-অঙ্গ, তৃপ্তিরসসন্তোগ তাদের
 সঞ্চারিছে ধীরে মোর পুলকিত সস্তার গভীরে ।
 দলে দলে প্রজাপতি রৌদ্র হতে নিতেছে কাপায়ে
 নীরব আকাশবানী শেকালির কানে কানে বলা,
 তাহারি বীজন আজি শিরায় শিরায় রস্কে মোর
 মৃদু স্পর্শে শিহরিত তুলিছে হিম্মোল ।

হে সংসার,

আমাকে বারেক ফিরে চাও ; পশ্চিমে যাবার মুখে
 বর্জন কোরো না মোরে উপেক্ষিত ভিক্ষুকের মতো ।
 জীবনের শেষপাত্র উচ্ছলিয়া দাও পূর্ণ করি,
 দিনান্তের সর্বদানযজ্ঞে যথা মেঘের অঞ্জলি
 পূর্ণ করি দেয় সঙ্ক্যা, দান করি' চরম আলোর
 অজস্র ঐশ্বর্যরাশি সমুচ্ছল সহস্ররশ্মির—
 সর্বহর আধারের দস্যুবৃষ্টি-ঘোষণার আগে ।

৭

এ কী অকৃতজ্ঞতার বৈরাগ্যপ্রলাপ কণে কণে,
বিকারের রোগীসম অকস্মাৎ ছুটে যেতে চাওয়া
আপনার আবেষ্টন হতে।

ধন্য এ জীবন মোর—

এই বাণী গাব আমি, প্রভাতে প্রথম-জাগা পাখি
যে সুরে ঘোষণা করে আপনাতে আনন্দ আপন।
দুঃখ দেখা দিয়েছিল, খেলায়েছি দুঃখনাগিনীয়ে
ব্যথার ঝিলির সুরে। নানা রঙ্গে প্রাণের ফোয়ারা
করিয়াছি উৎসারিত অন্তরের নানা বেদনায়।
একেছি বৃকের রক্তে মানসীর ছবি বার বার
ক্ষণিকের পটে, মুছে গেছে রাত্রির শিশিরজলে,
মুছে গেছে আপনার আগ্রহস্পর্শনে— তবু আজো
আছে তারা সূক্ষ্মরেখা স্বপনের চিত্রশালা জুড়ে,
আছে তারা অতীতের শুকমালাগন্ধে বিজড়িত।
কালের অঞ্জলি হতে ভ্রষ্ট কত অব্যক্ত মাধুরী
রসে পূর্ণ করিয়াছে ধরে ধরে মনের বাতাস,
প্রভাত-আকাশ যথা চেনা-অচেনার বহু সুরে
কৃজনে গুঞ্জে ভরা। অনভিজ্ঞ নবকৈশোরের
কম্পমান হাত হতে স্থলিত প্রথম বরমালা
কণ্ঠে ওঠে নাই, তাই আজিও অক্লিষ্ট অমলিন
আছে তার অক্ষুট কলিকা। সমস্ত জীবন মোর
তাই দিয়ে পুষ্পমুকুটিত। পেয়েছি যা অযাচিত
প্রেমের অমৃতরস, পাই নি যা বহু সাধনায়—
দুই মিশেছিল মোর পীড়িত যৌবনে। কল্পনায়
বাস্তবে মিশ্রিত, সত্যে ছলনায়, জয়ে পরাজয়ে
বিচিত্রিত নাট্যধারা বেয়ে, আলোকিত রঙ্গমঞ্চে,
প্রচ্ছন্ন নেপথ্যভূমে, সুগভীর সৃষ্টিরহস্যের
যে প্রকাশ পর্বে পর্বে পর্যায়ে পর্যায়ে উদ্ভারিত
আমার জীবনরচনায়, তাহারে বাহন করি
স্পর্শ করেছিল মোরে কতদিন জাগরণকণে
অপরাপ অনির্বচনীয়। আজি বিদায়ের বেলা
স্বীকার করিব তারে, সে আমার বিপুল বিশ্বয়।
গাব আমি, হে জীবন, অস্তিত্বের সারথি আমার,
বহু রণক্ষেত্র তুমি করিয়াছ পার, আজি লয়ে যাও
মৃত্যুর সংগ্রামশেষে নবতর বিজয়যাত্রায়।

৮

রঙ্গমঞ্চে একে একে নিবে গেল যবে দীপশিখা,
 রিস্ত হল সভাতল, আধারের মসী-অবলোপে
 স্বপ্নছবি-মুছে-যাওয়া সুবুস্তির মতো শান্ত হল
 চিস্ত মোর নিঃশব্দের তর্জনীসংকেতে । এতকাল
 যে সাজে রচিয়াছিলাম আপনার নাট্যপরিচয়
 প্রথম উঠিতে যবনিকা, সেই সাজ মুহূর্তেই
 হল নিরর্থক । চিহ্নিত করিয়াছিলাম আপনারে
 নানা চিহ্নে, নানা বর্ণপ্রসাধনে সহস্রের কাছে,
 মুছিল তা, আপনাতে আপনার নিগূঢ় পূর্ণতা
 আমারে করিল স্তব্ধ, সূর্যাস্তের অন্তিম সংকারে
 দিনান্তের শূন্যতায় ধরার বিচিত্র চিত্রলেখা
 যখন প্রচ্ছন্ন হয়, বাধামুক্ত আকাশ যেমন
 নির্বাক্ বিশ্বয়ে স্তব্ধ তারাদীপ্ত আশ্রপরিচয়ে ।

শান্তিনিকেতন

৯।১০।৩৭

৯

দেখিলাম— অবসন্ন চেতনার গোখুলিবেলায়
 দেহ মোর ভেসে যায় কালো কালিন্দীর স্রোত বাহি
 নিয়ে অনুভূতিপূর্ণ, নিয়ে তার বিচিত্র বেদনা,
 চিত্র-করা আচ্ছাদনে আজন্মের স্মৃতির সঙ্কয়,
 নিয়ে তার বাশিখানি । দূর হতে দূরে যেতে যেতে
 ম্লান হয়ে আসে তার রূপ, পরিচিত তীরে তীরে
 তরুচ্ছায়া-আলিঙ্গিত লোকালয়ে ক্ষীণ হয়ে আসে
 সঙ্ক্যা-আরতির ফনি, ঘরে ঘরে রুদ্ধ হয় দ্বার,
 ঢাকা পড়ে দীপশিখা, খেয়া নৌকা বাধা পড়ে ঘাটে ।
 দুই তটে কাস্ত হল পারাপার, ঘনালো রজনী,
 বিহঙ্গের মৌনগান অরণ্যের শাখায় শাখায়
 মহানিঃশব্দের পায়ে রচি দিল আশ্রবলি তার ।
 এক কৃষ্ণ অরূপতা নামে বিশ্ববৈচিত্র্যের 'পরে
 স্থলে জলে । ছায়া হয়ে, বিন্দু হয়ে মিলে যায় দেহ
 অন্তহীন তমিস্রায় । নক্ষত্রবেদীর তলে আসি
 একা স্তব্ধ দাঁড়াইয়া, উর্ধ্বে চেয়ে কহি জোড় হাতে—
 হে পূবন, সংহরণ করিয়াছ তব রশ্মিজাল,
 এবার প্রকাশ করো তোমার কল্যাণতম রূপ,
 দেখি তারে যে পুরুষ তোমার আমার মাঝে এক ।

শান্তিনিকেতন

৮।১২।৩৭

১০

মৃত্যুদূত এসেছিল হে প্রলয়ংকর, অকস্মাৎ
 তব সভা হতে । নিয়ে গেল বিরাট প্রাক্ষণে তব ;
 চক্ষে দেখিলাম অঙ্ককার ; দেখি নি অদৃশ্য আলো
 আঁধারের স্তরে স্তরে অন্তরে অন্তরে, যে আলোক
 নিখিল জ্যোতির জ্যোতি ; দৃষ্টি মোর ছিল আচ্ছাদিয়া
 আমার আপন ছায়া । সেই আলোকের সামগান
 মন্ত্রিয়া উঠিবে মোর সস্তার গভীর গুহা হতে
 সৃষ্টির-সীমান্ত-জ্যোতির্লোকে, তারি লাগি ছিল মোর
 আমন্ত্রণ । লব আমি চরমের কবিত্বমর্যাদা
 জীবনের রঙ্গভূমে, এরি লাগি সেধেছি তান ।
 বাজিল না রুদ্রবীণা নিঃশব্দ ভৈরব নবরাগে,
 জাগিল না মর্মতলে ভীষণের প্রসন্ন মুরতি,
 তাই ফিরাইয়া দিলে । আসিবে আরেক দিন যবে
 তখন কবির বাণী পরিপক ফলের মতন
 নিঃশব্দে পড়িবে খসি আনন্দের পূর্ণতার ভারে
 অনন্তের অর্ঘ্যডালি-পরে । চরিতার্থ হবে শেষে
 জীবনের শেষ মূল্য, শেষ যাত্রা, শেষ নিমন্ত্রণ ।

শান্তিনিকেতন

৮।১২।৩৭

১১

কলরবমুখরিত খ্যাতির প্রাক্ষণে যে আসন
 পাতা হয়েছিল কবে, সেথা হতে উঠে এসো কবি,
 পূজা সাক্ষ করি দাও চাটুল্য জনতাদেবীরে
 বচনের অর্ঘ্য বিরচিয়া । দিনের সহস্র কণ্ঠ
 ক্ষীণ হয়ে এল ; যে প্রহরগুলি ধ্বনিপণ্যবাহী
 নোঙর ফেলেছে তারা সঙ্ঘার নির্জন ঘাটে এসে ।
 আকাশের আঙিনায় শাস্ত যেথা পাখির কাকলি
 সুরসভা হতে সেথা নৃত্যপরা অঙ্গরকন্যার
 বাস্প-বোনা চেলাঞ্চল উড়ে পড়ে, দেয় ছড়াইয়া
 স্বর্গোচ্ছল বর্গরশ্মিচ্ছটা । চরম ঐশ্বর্য নিয়ে
 অন্তলগনের, শূন্য পূর্ণ করি এল চিত্রভানু,
 দিল মোরে করস্পর্শ, প্রসারিল দীপ্ত শিল্পকলা
 অন্তরের দেহলিতে, গভীর অদৃশ্যালোক হতে
 ইশারা ফুটিয়া পড়ে তুলির রেখায় । আজন্মের
 বিচ্ছিন্ন ভাবনা যত, স্রোতের সৈউলি-সম যারা
 নিরর্থক ফিরেছিল অনিশ্চিত হাওয়ায় হাওয়ায়,
 রূপ নিয়ে দেখা দেবে ভাঁটার নদীর প্রান্ততীরে
 অনাদৃত মঞ্জুরীর অজানিত আগাছার মতো—

কেহ শুধাবে না নাম, অধিকারগর্ভ নিয়ে তার
ঈর্ষা রহিবে না কারো, অনামিক স্মৃতিচিহ্ন তারা
খ্যাতিশূন্য অগোচরে রবে যেন অস্পষ্ট বিন্দুতি ।

শান্তিনিকেতন

১৮।১২।৩৭

১২

শেষের অবগাহন সাক্ষর করো কবি, প্রদোষের
নির্মলতিমিরতলে । ভূতি তব সেবার শ্রমের
সংসার যা দিয়েছিল আঁকড়িয়া রাখিয়ো না বুকে ;
এক গ্রহরের মূল্য আরেক গ্রহরে ফিরে নিতে
কুষ্ঠা কভু নাহি তার ; বাহির-দ্বারের যে দক্ষিণা
অন্তরে নিয়ো না টেনে ; এ মুদ্রা স্বর্ণলেপটুকু
দিনে দিনে হাতে হাতে ক্ষয় হয়ে লুপ্ত হয়ে যাবে,
উঠিবে কলঙ্করেখা ফুটি । ফল যদি ফলায়েছ বনে,
মাটিতে ফেলিয়া তার হোক অবসান । সাক্ষর হল
ফুল ফোটাবার ক্ষত, সেই সঙ্গে সাক্ষর হয়ে যাক
লোকমুখবচনের নিশ্বাসপবনে দোল খাওয়া ।
পুরস্কারপ্রত্যাশায় পিছু ফিরে বাড়ায়ো না হাত
যেতে যেতে ; জীবনে যা-কিছু তব সত্য ছিল দান
মূল্য চেয়ে অপমান করিয়ো না তারে ; এ জনমে
শেষ ত্যাগ হোক তব ভিক্ষাবুলি, নববসন্তের
আগমনে অরণ্যের শেষ শুষ্ক পত্রশুষ্ক যথা ।
যার লাগি আশাপথ চেয়ে আছ সে নহে সম্মান,
সে যে নবজীবনের অরণ্যের আহ্বান-ইন্দ্রিত,
নবজাগ্রতের ভালে প্রভাতের জ্যোতির তিলক ।

শান্তিনিকেতন

১৮।১২।৩৭

১৩

একদা পরমমূল্য জন্মক্ষণ দিয়েছে তোমায়
আগন্তুক । রূপের দুর্লভ সস্তা লভিয়া বসেছ
সূর্যনক্ষত্রের সাথে । দূর আকাশের ছায়াপথে
যে আলোক আসে নামি ধরণীর শ্যামল ললাটে
সে তোমার চক্ষু চূষি তোমারে বেঁধেছে অনুক্ষণ
সখ্যডোরে দুলোকের সাথে ; দূর যুগান্তর হতে
মহাক্সলযাত্রী মহাবাগী পুণ্যমুহূর্তেরে তব
শুভক্ষণে দিয়েছে সম্মান ; তোমার সম্মুখদিকে
আস্কার যাত্রার পথ গেছে চলি অনন্তের পানে,
সেথা তুমি একা যাত্রী, অফুরন্ত এ মহাবিশ্বয় ।

শান্তিনিকেতন

১৯।১২।৩৭

১৪

যাবার সময় হল বিহঙ্গের । এখনি কুলায়
 রিস্ত হবে । স্তব্ধগীতি ব্রটনীড় পড়িবে ধুলায়
 অরণ্যের আন্দোলনে । শুষ্কপত্র-ঈর্ষপুষ্প-সাথে
 পথচিহ্নহীন শূন্যে যাবে উড়ে রজনীপ্রভাতে
 অন্তসিদ্ধপরাপারে । কত কাল এই বসুন্ধরা
 আতিথ্য দিয়েছে ; কতু আহমুকুলের গঞ্জে ভরা
 পেয়েছি আহ্বানবাণী ফাঙ্কনের দাক্ষিণ্যে মধুর ;
 অশোকের মঞ্জরী সে ইঙ্গিতে চেয়েছে মোর সুর,
 দিয়েছি তা শ্রীতিরসে ভরি ; কখনো বা ঝঞ্জাঘাতে
 বৈশাখের, কষ্ট মোর ক্রথিয়াছে উত্তপ্ত ধূলাতে,
 পক্ষ মোর করেছে অক্ষম— সব নিয়ে ধন্য আমি
 প্রাণের সম্মানে । এ পারের ক্লাস্ত যাত্রা গেলে থামি,
 ক্ষণতরে পশ্চাতে ফিরিয়া মোর নম্র নমস্কারে
 বন্দনা করিয়া যাব এ জন্মের অধিদেবতারে ।

শান্তিনিকেতন

১৫ বৈশাখ ১৩৪১

১৫

অবরুদ্ধ ছিল বায়ু ; দৈত্যসম পুঞ্জ মেঘভার
 ছায়ার প্রহরীব্যূহে ঘিরে ছিল সূর্যের দুয়ার ;
 অভিতূত আলোকের মূর্ছাতুর স্নান অসম্মানে
 দিগন্ত আছিল বাষ্পাকুল । যেন চেয়ে ভূমিপানে
 অবসাদে-অবনত ক্ষীণশ্বাস চিরপ্রাচীনতা
 স্তব্ধ হয়ে আছে বসে দীর্ঘকাল, ভুলে গেছে কথা,
 ক্লাস্তিভারে আখিপাতা বন্ধপ্রায় ।

শূন্যে হেনকালে

জয়শঙ্খ উঠিল বাজিয়া । চন্দনতিলক ভালে
 শরৎ উঠিল হেসে চমকিত গগনপ্রান্তরে ;
 পল্লবে পল্লবে কাঁপি বনলক্ষ্মী কিঙ্কণীকঙ্কণে
 বিচ্ছুরিল দিকে দিকে জ্যোতিষ্কণা । আজি হেরি চোখে
 কোন অনির্বচনীয় নবীনেরে তরুণ আলোকে ।
 যেন আমি তীর্থযাত্রী অতিদূর ভাবীকাল হতে
 মন্ত্রবলে এসেছি ভাসিয়া । উজান স্বপ্নের শ্রোতে
 অকস্মাৎ উত্তরিনু বর্তমান শতাব্দীর ঘাটে
 যেন এই মুহূর্তেই । চেয়ে চেয়ে বেলা মোর কাটে ।
 আপনারে দেখি আমি আপন বাহিরে, যেন আমি
 অপর যুগের কোনো অজানিত, সদ্য গেছে নামি

ਪਾਠ ਸ਼ਬਦ ਸ਼ਾਬਦ ਸਿੰਨ੍ਹਿਏ। ਸੁਖਿ ਕੁਖਿ
 ਵਿੰਦੁ ਹਰਿ। ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ
 ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ
 ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ
 ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ
 ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ
 ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ
 ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ
 ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ
 ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ
 ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ
 ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ
 ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ
 ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ
 ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ ਸੁਖਿ ਗੀਤਿ

ਸਿੰਘ ਸਿੰਘ
 ੨੮ ਸਿੰਘ
 ੧੭੮੧

সস্তা হতে প্রত্যাহের আচ্ছাদন ; অক্লান্ত বিন্ময়
 যার পানে চক্ষু মেলি তারে যেন ঝাঁকড়িয়া রয়
 পুষ্পলগ্ন ভ্রমরের মতো । এই তো ছুটির কাল—
 সর্বদেহমন হতে ছিন্ন হল অভ্যাসের জাল,
 নগ্ন চিস্ত মগ্ন হল সমস্তের মাঝে । মনে ভাবি
 পুরানোর দুর্গাধারে মৃত্যু যেন খুলে দিল চাবি,
 নূতন বাহিরি এল ; তুচ্ছতার জীর্ণ উত্তরীয়
 ঘুচালো সে ; অস্তিত্বের পূর্ণ মূল্যে কী অভাবনীয়
 প্রকাশিত তার স্পর্শে, রজনীর মৌন সুবিপুল
 প্রভাতের গানে সে মিশিয়ে দিল ; কালো তার চুল
 পশ্চিমদিগন্তপারে নামহীন বননীলিমায়
 বিস্তারিল রহস্য নিবিড় ।

আজি মুক্তিমন্ত্র গায়
 আমার বন্ধের মাঝে দূরের পথিকচিস্ত মম,
 সংসারযাত্রার প্রান্তে সহমরণের বধু-সম ।

১৩ সেপ্টেম্বর ১৯৩৪

১৬

পথিক দেখেছি আমি পুরাণে-কীর্তিত কত দেশ
 কীর্তিনিঃস্ব আজি ; দেখেছি অবমানিত ভগ্নশেষ
 দর্পোদ্ধত প্রতাপের ; অস্তহিত বিজয়নিশান
 বহ্নাঘাতে স্তব্ধ যেন অটুহাসি ; বিরাট সন্মান
 সাটাসে সে ধূল্যয় প্রপত, যে ধূল্যয় 'পরে মেলে
 সঙ্ঘ্যাবেলা ভিন্দু জীর্ণ কাথা, যে ধূল্যয় চিহ্ন ফেলে
 শ্রান্ত পদ পথিকের, পুনঃ সেই চিহ্ন লোপ করে
 অসংখ্যের নিত্য পদপাতে । দেখিলাম বালুস্তরে
 প্রচ্ছন্ন সুদূর যুগান্তর, ধূসর সমুদ্রতলে
 যেন মগ্ন মহাতরী অকস্মাৎ ঝঙ্কারভবলে,
 লয়ে তার সব ভাষা, সর্ব দিনরজনীর আশা,
 মুখরিত কুখাতৃকা, বাসনাগ্রদীপ্ত ভালোবাসা ।
 তবু করি অনুভব বসি এই অনিত্যের বুকে,
 অসীমের হৃৎস্পন্দন ভরসিছে মোর দুঃখে সুখে ।

[শান্তিনিকেতন]

৭ বৈশাখ ১৩৪১

যেদিন চৈতন্য মোর মুক্তি পেল লুপ্তিওহা হতে
 নিয়ে এল দুঃসহ বিশ্বয়ঝড়ে দারুণ দুর্যোগে
 কোন্ নরকান্নিগিরিগহ্বরের তটে ; তপ্তধূমে
 গর্জি উঠি ফুসিছে সে মানুষের তীব্র অপমান,
 অমঙ্গলধ্বনি তার কম্পাঙ্কিত করে ধরাতল,
 কালিমা মাখায় বায়ুস্তরে । দেখিলাম একালের
 আত্মঘাতী মূঢ় উন্মত্ততা, দেখিনু সর্বান্তে তার
 বিকৃতির কদর্য বিদ্রূপ । এক দিকে স্পর্ষিত ক্রুরতা,
 মস্ততার নির্লঙ্ক হংকার, অন্য দিকে ভীরুতার
 দ্বিধাগ্রস্ত চরণবিক্ষেপ, বন্ধে আলিস্রিয়া ধরি
 কৃপণের সতর্ক সম্বল— সন্ত্রস্ত প্রাণীর মতো
 ক্লমিক-গর্জন-অশ্বে ক্ষীণস্বরে তখনি জানায়
 নিরাপদ নীরব নশ্রতা । রাষ্ট্রপতি যত আছে
 প্রৌঢ় প্রতাপের, মন্ত্রসভাতলে আদেশ-নির্দেশ
 রেখেছে নিষ্পিষ্ট করি রুদ্ধ-ওষ্ঠ-অধরের চাপে
 সংশয়ে সংকোচে । এ দিকে দানবপক্ষী ক্ষুব্ধ শূন্যে
 উড়ে আসে ঝাকে ঝাকে বৈতরণীনদীপার হতে
 যন্ত্রপক্ষ হংকারিয়া নরমাংসক্ষুধিত শকুনি,
 আকাশে করে করিল অশুচি । মহাকালসিংহাসনে-
 সমাসীন বিচারক, শক্তি দাও, শক্তি দাও মোরে,
 কণ্ঠে মোর আনো বজ্রবাণী, শিশুঘাতী নারীঘাতী
 কুৎসিত বীভৎসা-'পরে দিকার হানিতে পারি যেন
 নিত্যকাল রবে যা স্পন্দিত লঙ্কাতুর ঐতিহ্যের
 হৃৎস্পন্দনে, রুদ্ধকণ্ঠ ভয়ার্ত এ শৃঙ্খলিত যুগ যবে
 নিঃশব্দে প্রচ্ছন্ন হবে আপন চিতার ভস্মতলে ।

শান্তিনিকেতন

২৫।১২।৩৭

নাগিনীরা চারি দিকে ফেলিতেছে বিষাক্ত নিশ্বাস,
 শাস্তির ললিত বাণী শোনাইবে ব্যর্থ পরিহাস—
 বিদায় নেবার আগে তাই
 ডাক দিয়ে যাই
 দানবের সাথে যারা সংগ্রামের তরে
 প্রস্তুত হতেছে ঘরে ঘরে ।

শান্তিনিকেতন

স্ট্রীস্ট-জন্মদিন

২৫।১২।৩৭

সেঁজুতি

উৎসর্গ

ডাক্তার সার নীলরতন সরকার
বন্ধুবরেষু

অঙ্কভ্রমসগহ্বর হতে
ফিরিনু সূর্যালোকে ।
বিস্মিত হয়ে আপনার পানে
হেরিনু নূতন চোখে ।
মর্তের প্রাণরক্তভূমিতে
যে চেতনা সারারাত্তি
সুখদুঃখের নাটালীলায়
ছেলে রেখেছিল বাতি
সে আঁজি কোথায় নিয়ে যেতে চায়
অচিহ্নিতের পারে,
নবপ্রভাতের উদয়সীমায়
অরুপলোকের দ্বারে ।
আলো-আধারের ফাঁকে দেখা যায়
অজানা তীরের বাসা,
ঝিমিঝিমি করে শিরায় শিরায়
দূর নীলিমার ভাষা ।
সে ভাষার আমি চরম অর্থ
জানি কিবা নাহি জানি—
ছন্দের ডালি সাজানু তা দিয়ে,
তোমাতে দিলাম আমি ।

শান্তিনিকেতন
১ শ্রাবণ ১৩৪৫

রবীন্দ্রনাথ ঠাকুর

সেঁজুতি

জন্মদিন

আজ মম জন্মদিন । সদ্যই প্রাণের প্রান্তপথে
ডুব দিয়ে উঠেছে সে বিলুপ্তির অঙ্ককার হতে
মরণের ছাড়পত্র নিয়ে । মনে হতেছে কী জানি
পুরাতন বৎসরের গ্রন্থিবাধা জীর্ণ মালাখানি
সেথা গেছে ছিন্ন হয়ে ; নবসূত্রে পড়ে আজি গাঁথা
নব জন্মদিন । জন্মোৎসবে এই-যে আসন পাতা
হেথা আমি যাত্রী শুধু, অপেক্ষা করিব, লব টিকা
মৃত্যুর দক্ষিণ হস্ত হতে, নূতন অরুণলিখা
যবে দিবে যাত্রার ইঙ্গিত ।

আজ আসিয়াছে কাছে
জন্মদিন মৃত্যুদিন, একাসনে দৌহে বসিয়াছে,
দুই আলো মুখোমুখি মিলিছে জীবনপ্রান্তে মম
রজনীর চন্দ্র আর প্রত্যুষের শুকতারাসম—
এক মস্ত্রে দৌহে অভ্যর্থনা ।

প্রাচীন অতীত, তুমি
নামাও তোমার অর্ঘ্য ; অরূপ প্রাণের জন্মভূমি,
উদয়শিখরে তার দেখো আদিজ্যোতি । করো মোরে
আশীর্বাদ, মিলাইয়া যাক ত্ববাতপু দিগন্তরে
মায়াবিনী মরীচিকা । ভরেছিনু আসক্তির ডালি
কাঙালের মতো ; অশুচি সঞ্চয়পাত্র করো খালি,
ভিক্ষামুষ্টি ধুলায় ফিরায়ে লও, যাত্রাতরী বেয়ে
পিছু ফিরে আর্ত চক্ষে যেন নাহি দেখি চেয়ে চেয়ে
জীবনভোজের শেষ উচ্ছ্বেষ্টের পানে ।

হে বসুধা,
নিত্য নিত্য বৃষ্ণায়ে দিতেছ মোরে— যে তৃষ্ণা, যে ক্ষুধা
তোমার সংসাররথে সহস্রের সাথে বাধি মোরে
টানায়েছে রাত্রিদিন কুল সূক্ষ্ম নানাবিধ ভোরে

নানা দিকে নানা পথে, আজ তার অর্থ গেল কমে
 ছুটির গোখুলিবেলা তন্ত্রালু আলোকে । তাই ক্রমে
 ফিরায়ে নিতেছ শক্তি, হে কৃপণা, চক্ষুকর্ণ থেকে
 আড়াল করিছ স্বচ্ছ আলো ; দিনে দিনে টানিছে কে
 নিশ্চিন্ত নেপথ্যপানে । আমাতে তোমার প্রয়োজন
 শিথিল হয়েছে, তাই মূল্য মোর করিছ হরণ,
 দিতেছ ললাটপটে বর্জনের ছাপ । কিন্তু জানি,
 তোমার অবজ্ঞা মোরে পারে না ফেলিতে দূরে টানি ।
 তব প্রয়োজন হতে অতিরিক্ত যে মানুষ তারে
 দিতে হবে চরম সম্মান তব শেষ নমস্কারে ।
 যদি মোরে পঙ্গু কর, যদি মোরে কর অন্ধপ্রায়,
 যদি বা প্রচ্ছন্ন কর নিঃশক্তির প্রদোষচ্ছায়,
 বাধ বার্ষক্যের জালে, তবু ভাঙা মন্দিরবেদীতে
 প্রতিমা অক্ষুণ্ণ রবে সগৌরবে ; তারে কেড়ে নিতে
 শক্তি নাই তব ।

ভাঙা ভাঙা, উচ্চ করো ভগ্নস্বপ্ন,
 জীর্ণতার অন্তরালে জানি মোর আনন্দস্বরূপ
 রয়েছে উদ্ভল হয়ে । সুখা তারে দিয়েছিল আনি
 প্রতিদিন চতুর্দিকে রসপূর্ণ আকাশের বাণী ;
 প্রত্যুত্তরে নানা ছন্দে গেয়েছে সে 'ভালোবাসিয়াছি' ।
 সেই ভালোবাসা মোরে তুলেছে স্বর্গের কাছাকাছি
 ছাড়ায়ে তোমার অধিকার । আমার সে ভালোবাসা
 সব ক্ষয়ক্ষতিশেষে অবশিষ্ট রবে ; তার ভাষা
 হয়তো হারাবে দীপ্তি অভ্যাসের স্নানস্পর্শ লেগে,
 তবু সে অমৃতরূপ সঙ্গে রবে যদি উঠি জেগে
 মৃত্যুপরপারে । তারি অঙ্গে ঐকেছিল পত্রলিখা
 আশ্রমজরীর রেণু, ঐকেছে পেলব শেফালিকা
 সুগন্ধি শিশিরকণিকায় ; তারি সূক্ষ্ম উস্তরীতে
 গেঁথেছিল শিল্পকারু প্রভাতের দোয়েলের গীতে
 চকিত কাকলিসূত্রে ; প্রিয়ার বিহ্বল স্পর্শখানি
 সৃষ্টি করিয়াছে তার সর্বদেহে রোমাঙ্কিত বাণী,
 নিত্য তাহা রয়েছে সঞ্চিত । যেথা তব কর্মশালা
 সেথা বাতায়ন হতে কে জানি পরায়ে দিত মালা
 আমার ললাট ঘেরি সহসা কণিক অবকাশে,
 সে নহে ভৃত্যের পুরস্কার ; কী ইঞ্জিতে কী আভাসে
 মুহূর্তে জানায়ে চলে যেত অসীমের আত্মীয়তা
 অধরা অদেখা দূত, বলে যেত ভাষাভীত কথা
 অপ্রয়োজনের মানুষেরে ।

সে মানুষ, হে ধরনী,
 তোমার আশ্রয় ছেড়ে যাবে যবে, নিয়ো তুমি গনি

যা-কিছু দিয়েছ তাকে, তোমার কর্মীর যত সাজ,
তোমার পথের যে পাথের, তাহে সে পাবে না লাজ
রিক্ততায় দৈন্য নহে । তবু জেনো অবজ্ঞা করি নি
তোমার মাটির দান, আমি সে মাটির কাছে ঋণী—
জানিয়েছি বারংবার তাহারি বেড়ার প্রান্ত হতে
অমূর্তের পেয়েছি সন্ধান । যবে আলোতে আলোতে
দীন হত জড়যবনিকা, পুষ্পে পুষ্পে তৃণে তৃণে
রূপে রূপে সেই ক্ষণে যে গুঢ় রহস্য দিনে দিনে
হত নিঃশ্বাসিত, আজি মূর্তের অপর তীরে বুঝি
চলিতে ফিরানু মুখ তাহারি চরম অর্ধ খুঁজি ।

যবে শাস্ত নিরাসক্ত গিয়েছি তোমার নিমন্ত্রণে
তোমার অমরাবতী সুপ্রসন্ন সেই শুভক্ষণে
মুক্তদ্বার ; বুদ্ধকুর লালসারে করে সে বঞ্চিত ;
তাহার মাটির পাশে যে অমৃত রয়েছে সঞ্চিত
নহে তাহা দীন ভিক্ষু লালায়িত লোলুপের লাগি ।
ইন্দ্রের ঐশ্বর্য নিয়ে হে ধরিত্রী, আছ তুমি জাগি
ত্যাগীরে প্রত্যাশা করি, নির্লোভেরে সঁপিতে সম্মান,
দুর্গমের পথিকেরে আতিথ্য করিতে তব দান
বৈরাগ্যের শুভ সিংহাসনে । ক্ষুধা যারা, লুপ্ত যারা,
মাংসগন্ধে মুগ্ধ যারা, একান্ত আত্মার দৃষ্টিহারী
শ্মশানের প্রান্তচর, আবর্জনাকুণ্ডে তব ঘেরি
বীভৎস চীৎকারে তারা রাত্রিদিন করে ফেরাফেরি,
নির্লঙ্ক হিংসায় করে হানাহানি ।

শুনি তাই আজি

মানুষ-জন্তুর হৃৎকার দিকে দিকে উঠে বাজি ।
তবু যেন হেসে যাই যেমন হেসেছি বারে বারে
পশুতের মূঢ়তায়, ধনীর দৈন্যের অত্যাচারে,
সঙ্কিতের রূপের বিদ্রুপে । মানুষের দেবতারে
ব্যঙ্গ করে যে অপদেবতা বর্বর মুখবিকারে
তারে হাস্য হেনে যাব, বলে যাব, 'এ প্রহসনের
মধ্য-অঙ্কে অকস্মাৎ হবে লোপ দৃষ্ট স্বপনের ;
নাটোর কবররূপে বাকি শুধু রবে ভস্মরাশি
দঙ্কশেষ মশালের, আর অদৃষ্টের অটুহাসি ।'
বলে যাব, 'দ্যুতচ্ছলে দানবের মূঢ় অপব্যয়
গ্রস্থিতে পারে না কভু ইতিবৃন্তে শাস্ত অধায় ।'

বৃথা বাক্য থাক । তব দেহলিতে শুনি ঘণ্টা বাজে,
শেষপ্রহরের ঘণ্টা ; সেই সঙ্গে ক্লাস্ত বক্কোমাঝে
শুনি বিদায়ের দ্বার খুলিবার শব্দ সে অদূরে
ধ্বনিতহে সূর্যাস্তের রঙে রাঙা পূরবীর সুরে ।

জীবনের স্মৃতিদীপে আজিও দিতেছে যারা জ্যোতি
সেই ক'টি বাতি দিয়ে রচিব তোমার সঙ্ঘ্যারতি
সপ্তর্ষির দৃষ্টির সম্মুখে ; দিনান্তের শেষ পলে
রবে মোর মৌন বীণা মূছিয়া তোমার পদতলে ।
আর রবে পশ্চাতে আমার, নাগকেশরের চারা
ফুল যার ধরে নাই, আর রবে খেয়াভরীহারা
এ পারের ভালোবাসা— বিরহস্মৃতির অভিমানে
ক্রান্ত হয়ে রাত্রিশেষে ফিরিবে সে পশ্চাতের পানে ।

গৌরীপুর-ভবন । কালিম্পং

২৫ বৈশাখ ১৩৪৫

পত্রোত্তর

ডাক্তার শ্রীসুরেন্দ্রনাথ দাসগুপ্তকে লিখিত

বন্ধু, চিরপ্রশ্নের বেদীসম্মুখে চিরনির্বাক রহে
বিরাট নিরুত্তর,
তাহারি পরশ পায় যবে মন নন্দনলাটে বহে
আপন শ্রেষ্ঠ বর ।
খনে খনে তারি বহিরঙ্গনদ্বারে
পুলকে দাঁড়াই, কত কী যে হয় বলা ;
শুধু মনে জানি বাজিল না বীণাতারে
পরমের সুরে চরমের গীতিকলা ।

চকিত আলোকে কখনো সহসা দেখা দেয়, সুন্দর,
দেয় না তবুও ধরা—
মাটির দুয়ার ক্ষণেক খুলিয়া আপন গোপন ঘর
দেখায় বসুন্ধরা ।
আলোকধামের আভাস সেথায় আছে
মর্তের বৃকে অমৃত পাত্রে ঢাকা ;
ফাগুন সেথায় মন্ত্র লাগায় গাছে,
অরূপের রূপ পল্পবে পড়ে আকা ।

তারি আহ্বানে সাড়া দেয় প্রাণ, জাগে বিস্মিত সুর,
নিজ্জ অর্থ না জানে ;
ধূলিময় বাধা-বন্ধ এড়ায়ে চলে যাই বহুদূর
আপনারি গানে গানে ।
'দেখেছি দেখেছি' এই কথা বলিবারে
সুর বেধে যায়, কথা না জোগায় মুখে ;
ধনা যে আমি, সে কথা জানাই পারে—
পরশাভীতের হরয় জাগে যে বৃকে ।

দুঃখ পেয়েছি, দৈন্য ঘিরেছে, অন্নীল দিনে রাতে
 দেখেছি কুশ্রীতারে,
 মানুষের প্রাণে বিষ মিশায়েছে মানুষ আপন হাতে,
 ঘটেছে তা বারে বারে ।

তবু তো বধির করে নি শ্রবণ কভু,
 বেসুর ছাপায়ে কে দিয়েছে সুর আনি ;
 পরুবকলুব বঞ্জায় শুনি তবু
 চিরদিবসের শাস্ত শিবের বাণী ।

যাহা জানিবার কোনোকালে তার জেনেছি যে কোনো-কিছু
 কে তাহা বলিতে পারে—

সকল পাওয়ার মাঝে না-পাওয়ার চলিয়াছি পিছু পিছু
 অচেনার অভিসারে ।

তবুও চিন্ত অহেতু আনন্দেতে
 বিশ্বনৃত্যলীলায় উঠেছে মেতে ;
 সেই ছন্দেই মুক্তি আমার পাব,
 মৃত্যুর পথে মৃত্যু এড়ায়ে যাব ।

ওই শুনি আমি চলেছে আকাশে বাধন-ছেঁড়ার রবে
 নিখিল আশ্বহারা ;

ওই দেখি আমি অস্ত্রবিহীন সস্তার উৎসবে
 ছুটেছে প্রাণের ধারা ।

সে ধারার বেগ লেগেছে আমার মনে
 এ ধরনী হতে বিদায় নেবার ক্ষণে ;
 নিবিয়ে ফেলিব ঘরের কোণের বাতি,
 যাব অলক্ষ্যে সূর্যতারার সাধি ।

কী আছে জানি না দিন-অবসানে মৃত্যুর অবশেষে ;

এ প্রাণের কোনো ছায়া

শেষ আলো দিয়ে ফেলিবে কি রঙ অস্তুরবির দেশে,

রচিবে কি কোনো মায়া ।

জীবনের যাহা জেনেছি অনেক তাই ;
 সীমা থাকে থাক, তবু তর সীমা নাই ।
 নিবিড় তাহার সত্য আমার প্রাণে
 নিখিল ভুবন ব্যাপিয়া নিজেই জানে ।

যাবার মুখে

যাক এ জীবন,
 যাক নিয়ে যাহা টুটে যায়, যাহা
 ছুটে যায়, যাহা
 ধূলি হয়ে লোটে ধূলি-পরে, চোরা
 মৃত্যুই যার অন্তরে, যাহা
 রেখে যায় শুধু ঝাঁক ।
 যাক এ জীবন পুঞ্জিত তার জঞ্জাল নিয়ে যাক ।
 টুকরো যা থাকে ভাঙা পেয়ালার,
 ফুটো সেতারের সুরহারা তার,
 শিখা-নিবে-যাওয়া বাতি,
 স্বপ্নশেষের ক্লাস্তি-বোকাই রাতি—
 নিয়ে যাক যত দিনে-দিনে-জমা-করা
 প্রবঞ্চনায়-ভরা
 নিষ্ফলতার সযত্ন সঞ্চয় ।
 কুড়ায়ে ঝাটায়ে মুছে নিয়ে যাক, নিয়ে যাক শেষ করি
 ভাঁটার শ্রোতের শেষ-খেয়া-দেওয়া তরী ।

নিঃশেষ যবে হয় যত কিছু ঝাঁকি
 তবুও যা রয় বাকি—
 জগতের সেই
 সকল-কিছুর অবশেষেতেই
 কাটায়েছি কাল যত অকাজের বেলায় ।
 মন-ভোলাবার অকারণ গানে কাজ ভোলাবার খেলায় ।
 সেখানে যাহারা এসেছিল মোর পাশে
 তারা কেহ নয়, তারা কিছু নয় মানুষের ইতিহাসে ।
 শুধু অসীমের ইশারা তাহারা এনেছে আখির কোণে,
 অমরাবতীর নৃত্যনূপুর বাজিয়ে গিয়েছে মনে ।
 দখিনহাওয়ার পথ দিয়ে তারা উকি মেরে গেছে ঘারে,
 কোনো কথা দিয়ে তাদের কথা যে বুঝাতে পারি নি কারে ।
 রাজা মহারাজা মিলায় শূন্যে ধুলার নিশান তুলে,
 তারা দেখা দিয়ে চলে যায় যবে ফুটে ওঠে ফুলে ফুলে ।
 থাকে নাই থাকে কিছুতেই নেই ভয়,
 যাওয়ায় আসায় দিয়ে যায় ওরা নিত্যের পরিচয় ।
 অজানা পথের নামহারা ওরা লজ্জা দিয়েছে মোরে
 হাটে বাটে যবে ফিরেছি কেবল নামের বেসাতি করে ।
 আমার দুয়ারে আঙিনার ধারে ওই চামেলির লতা
 কোনো দুর্দিনে করে নাই কৃপণতা ।

ওই-যে শিমুল, ওই-যে সজিনা, আমারে বেঁধেছে ঋণে—
 কত-যে আমার পাগলামি-পাওয়া দিনে
 কেটে গেছে বেলা শুধু চেয়ে-থাকা মধুর মৈতালিতে,
 নীল আকাশের তলায় ওদের সবুজ বৈতালিতে ।
 সকালবেলার প্রথম আলোয় বিকালবেলার ছায়ায়
 দেহপ্রাণমন ভরেছে সে কোন্ অনাদি কালের মায়ায় ।
 পেয়েছি ওদের হাতে
 দূর জনমের আদিপরিচয় এই ধরণীর সাথে ।
 অসীম আকাশে যে প্রাণ-কাপন অসীম কালের বুকে
 নাচে অবিরাম, তাহারি বারতা শুনেছি ওদের মুখে ।
 যে মন্ত্রখানি পেয়েছি ওদের সুরে
 তাহার অর্থ মৃত্যুর সীমা ছাড়ায়ে গিয়েছে দূরে ।
 সেই সত্যেরই ছবি
 তিমিরপ্রান্তে চিন্তে আমার এনেছে প্রভাতরবি ।
 সে রবিরে চেয়ে কবির সে বাণী আসে অন্তরে নামি—
 'যে আমি রয়েছে তোমার আশায় সে আমি আমারি আমি' ।
 সে আমি সকল কালে,
 সে আমি সকল খানে,
 প্রেমের পরশে সে অসীম আমি বেজে ওঠে মোর গানে ।

যায় যদি তবে যাক
 এল যদি শেষ ডাক—
 অসীম জীবনে এ ক্ষীণ জীবন শেষ রেখা ঐকে যাক,
 মৃত্যুতে ঠেকে যাক ।
 যাক নিয়ে যাহা টুটে যায়, যাহা
 ছুটে যায়, যাহা
 ধূলি হয়ে লুটে ধূলি-'পরে, চোরা
 মৃত্যুই যার অন্তরে, যাহা
 রেখে যায় শুধু ফাঁক—
 যাক নিয়ে তাহা, যাক এ জীবন, যাক ।

শান্তিনিকেতন
 ২২ মাঘ ১৩৪৩

অমর্ত

আমার মনে একটুও নেই বৈকুণ্ঠের আশা ।—
 ওইখানে মোর বাসা
 যে মাটিতে শিউরে ওঠে ঘাস,
 যার 'পরে ওই মন্ত্র পড়ে দক্ষিণে বাতাস ।
 চিরদিনের আলোক-ছালা নীল আকাশের নীচে
 যাত্রা আমার নৃত্যপাগল নটরাজের পিছে ।

ফুল ফোটাবার যে রাগিণী বকুলশাখায় সাধা,
 নিষ্কারণে ওড়ার আবেগ চিলের পাখায় বাধা,
 সেই দিয়েছে রক্ষে আমার চেউয়ের দোলাদুলি ;
 স্বপ্নলোকে সেই উড়েছে সুরের পাখনা তুলি ।
 দায়-ভোলা মোর মন
 মন্দে-ভালোয় সাদায়-কালোয় অঙ্কিত প্রাঙ্গণ
 ছাড়িয়ে গেছে দূর দিগন্ত-পানে
 আপন ঝাশির পথ-ভোলানো তানে ।

দেখা দিল দেহের অতীত কোন্ দেহ এই মোর
 ছিন্ন করি বস্ত্রবাধন-ডোর ।
 শুধু কেবল বিপুল অনুভূতি,
 গভীর হতে বিচ্ছুরিত আনন্দময় দ্যুতি,
 শুধু কেবল গানেই ভাষা যার,
 পুষ্পিত ফাল্গুনের ছন্দে গন্ধে একাকার ;
 নিমেষহারা চেয়ে-ধাককার দূর অপারের মাঝে
 ইঞ্জিত যার বাজে ।
 যে দেহেতে মিলিয়ে আছে অনেক ভোরের আলো,
 নাম-না-জানা অপূর্বেরে যার লেগেছে ভালো,
 যে দেহেতে রূপ নিয়েছে অনির্বচনীয়
 সকল প্রিয়ের মাঝখানে যে প্রিয়,
 পেরিয়ে মরণ সে মোর সঙ্গে যাবে—
 কেবল রসে, কেবল সুরে, কেবল অনুভাবে ।

শান্তিনিকেতন

১১।৩।৩৭

পলায়নী

যে পলায়নের অসীম ভরণী
 বাহিছে সূর্যতারার
 সেই পলায়নে দিবসরজনী
 ছুটেছ গঙ্গাধারা ।
 চিরধাবমান নিখিলবিশ্ব
 এ পলায়নের বিপুল দৃশ্য,
 এই পলায়নে ভূত ভবিষ্য
 দীক্ষিছে ধরণীয়ে ।
 জলের ছায়া সে দ্রুততালে বয়,
 কঠিন ছায়া সে ওই লোকালয়,
 একই প্রলয়ের বিভিন্ন লয়
 স্থিরে আর অস্থিরে ।

সৃষ্টি যখন আছিল নবীন
 নবীনতা নিয়ে এলে,
 ছেলেমানুষির শ্রোতে নিশিদিন
 চল অকারণ খেলে ।
 লীলাছলে তুমি চিরপথহারা,
 বন্ধনহীন নৃত্যের ধারা,
 তোমার কলেতে সীমা দিয়ে কারা
 বাধন গড়িছে মিছে ।
 আবাধা ছন্দে হেসে যাও সরি
 পাথরের মুঠি শিথিলিত করি,
 বাধাছন্দের নগরনগরী
 ধুলায় মিলায় পিছে ।

অচঞ্চলের অমৃত বরিষে
 চঞ্চলতার নাচে,
 বিশ্বলীলা তো দেখি কেবলই সে
 নেই নেই ক'রে আছে ।
 ভিত ফেঁদে যারা তুলিছে দেয়াল
 তারা বিধাতার মানে না খেয়াল,
 তারা বুঝিল না— অনন্তকাল
 অচির কালেরই মেলা ।
 বিজয়তোরণ গাঁথে তারা যত
 আপনার ভারে ভেঙে পড়ে তত,
 খেলা করে কাল বালকের মতো
 লয়ে তারা ভাঙা ঢেলা ।

ওরে মন, তুই চিন্তার টানে
 বাধিস নে আপনারে,
 এই বিশ্বের সুদূর ভাসানে
 অনায়াসে ভেসে যা রে ।
 কী গেছে তোমার কী রয়েছে আর
 নাই ঠাই তার হিসাব রাখার,
 কী ঘটিতে পারে জবাব তাহার
 নাই বা মিলিল কোনো ।
 ফেলিতে ফেলিতে যাহা ঠেকে হাতে
 তাই পরশিয়া চলো দিনে রাতে,
 যে সুর বাজিল মিলাতে মিলাতে
 তাই কান দিয়ে শোনো ।

এর বেশি যদি আরো কিছু চাও
 দুঃখই তাহে মেলে ।

যেটুকু পেয়েছ তাই যদি পাও
 তাই নাও, দাও ফেলে ।
 যুগ যুগ ধরি জেনো মহাকাল
 চলার নেশায় হয়েছে মাতাল,
 ডুবিছে ভাসিছে আকাশ পাতাল
 আলোক আধার বহি ।
 দাঁড়াবে না কিছু তব আহ্বানে,
 ফিরিয়া কিছু না চাবে তোমা-পানে,
 ভেসে যদি যাও যাবে একখানে
 সকলের সাথে রহি ।

শান্তিনিকেতন
 ১৯ চৈত্র ১৩৪৩

স্মরণ

যখন রব না আমি মর্জকায়
 তখন স্মরণে যদি হয় মন
 তবে তুমি এসো হেথা নিভৃত ছায়ায়
 যেথা এই চৈত্রের শালবন ।

হেথায় যে মঞ্জরী দোলে শাখে শাখে,
 পুচ্ছ নাচায় যত পাখি গায়,
 ওরা মোর নাম ধরে কড়ু নাহি ডাকে,
 মনে নাহি করে বসি নিরালায় ।
 কত যাওয়া কত আসা এই ছায়াতলে
 আনমনে নেয় ওরা সহজেই,
 মিলায় নিমেষে কত প্রতি পলে পলে
 হিসাব কোথাও তার কিছু নেই ।
 ওদের এনেছে ডেকে আদিসমীরণে
 ইতিহাসলিপিহারা যেই কাল
 আমারে সে ডেকেছিল কড়ু খনে খনে,
 রস্তে বাজিয়েছিল তারি তাল ।
 সেদিন ভুলিরাছিনু কীর্তি ও খ্যাতি,
 বিনা পথে চলেছিল ভোলা মন ;
 চারি দিকে নামহারা কপিকের জাতি
 আপনারে করেছিল নিবেদন ।
 সেদিন ভাবনা ছিল মেঘের মতন,
 কিছু নাহি ছিল ধরে রাখিবার ;
 সেদিন আকাশে ছিল রূপের স্বপন,
 রঙ ছিল উড়ো ছবি আঁকিবার ।

সেদিনের কোনো দানে ছোটো বড়ো কাজে
 স্বাক্ষর দিয়ে দাবি করি নাই ;
 যা লিখেছি যা মুছেছি শূন্যের মাঝে
 মিলায়েছে, দাম তার ধরি নাই ।

সেদিনের হারা আমি— চিহ্নবিহীন
 পথ বেয়ে কোরো তার সন্ধান,
 হারাতে হারাতে যেথা চলে যায় দিন,
 ভরিতে ভরিতে ডালি অবসান ।
 মাঝে মাঝে পেয়েছিল আহ্বান-পাতি
 যেখানে কালের সীমারেখা নেই—
 খেলা করে চলে যায় খেলিবার সাধি
 গিয়েছিল দায়হীন সেখানেই ।
 দিই নাই, চাই নাই, রাখি নি কিছুই
 ভালো মন্দের কোনো জঞ্জাল ;
 চলে-যাওয়া ফাগুনের ঝরা ফুলে ভুঁই
 আসন পেতেছে মোর কণকাল ।
 সেইখানে মাঝে মাঝে এল যারা পাশে
 কথা তারা ফেলে গেছে কোন্ ঠাই ;
 সংসার তাহাদের ভোলে অনায়াসে,
 সভাঘরে তাহাদের স্থান নাই ।
 বাসা যার ছিল ঢাকা জনতার পারে,
 ভাষাহারাদের সাথে মিল যার,
 যে আমি চায় নি কারে ঝগী করিবারে,
 রাখিয়া যে যায় নাই ঝগভার,
 সে আমারে কে চিনেছে মর্তকায়ার,
 কখনো স্মরিতে যদি হয় মন,
 ডেকো না ডেকো না সভা— এসো এ ছায়ায়
 যেথা এই চৈত্রের শালবন ।

শান্তিনিকেতন
 ২৫ চৈত্র ১৩৪৩

সঙ্ঘ্যা

চলেছিল সারাগ্রহর
 আমার নিরে দূরে
 যাত্রী-বোঝাই দিনের নৌকো
 অনেক ঘাটে ঘুরে ।
 দূর কেবলই বেড়ে ওঠে
 সামনে যতই চাই,
 অস্ত যে তার নাই,

দূর ছড়িয়ে রইল দিকে দিকে,
 আকাশ থেকে দূর চেয়ে রয় নিনিমিখে ।
 দিনের রৌদ্রে বাজতে থাকে
 যাত্রাপথের সুর,
 অনেক দূর-যে অনেক অনেক দূর ।
 ওগো সন্ধ্যা শেষপ্রহরের নেয়ে,
 ভাসাও খেয়া ভাঁটার গঙ্গা বেয়ে ।
 পৌছিয়ে দাও কূলে
 বেথায় আছ অতি-কাছের
 দুরারখানি খুলে ।
 ওই-যে তোমার সন্ধ্যাতারা
 মনকে টুয়ে আছে,
 ছায়ার ঢাকা আমলকী-বন
 এগিয়ে এল কাছে ।

দিনের আলো সবার আলো
 লাগিয়েছিল ধাদা—
 অনেক সেথায় নিবিড় হয়ে
 দিল অনেক বাধা ।
 নানান-কিছু টুয়ে টুয়ে
 হারানো আর পাওয়ার
 নানান দিকে ধাওয়ার ।
 সন্ধ্যা ওগো কাছের তুমি,
 ঘনিয়ে এসো প্রাণে—
 আমার মধ্যে তারে জাগাও
 কেউ যারে না জানে ।
 ধীরে ধীরে দাও আঙিনায় আনি
 একলারই দীপখানি,
 মুখোমুখি চাওয়ার সে দীপ,
 কাছাকাছি বসার,
 অতি-দেখার আবরণটি খসার ।
 সব-কিছুরে সরিয়ে করো
 একটু-কিছুর ঠাই—
 যার চেয়ে আর নাই ।

ভাগীরথী

পূর্বযুগে, ভাগীরথী, তোমার চরণে দিল আনি
 মর্তের ক্রন্দনবাণী ;
 সঞ্জীবনীতপস্যায় ভাগীরথ
 উত্তরিল দুর্গম পর্বত,
 নিয়ে গেল তোমা-কাছে মৃত্যুবন্দী প্রেতের আহ্বান—
 ডাক দিল, আনো আনো প্রাণ—
 নিবেদিল, হে চৈতন্যস্বরূপিণী তুমি,
 গৈরিক অঞ্চল তব চুমি
 তুণে শম্পে রোমাঞ্চিত হোক মরুতল,
 ফলহীনে দাও ফল,
 পুষ্পবহ্ন্যালতিকার ঘুচাও ব্যর্থতা,
 নির্বাক ভূমির মুখে দাও কথা ।
 তুমি যে প্রাণের ছবি,
 হে জাহ্নবী—
 ধরণীর আদিসৃষ্টি ভেঙে দিয়ে যেথা যাও চলে
 জাগ্রত কল্পোলে
 গানে মুখরিয়া উঠে মাটির প্রাঙ্গণ,
 দুই তীরে জেগে ওঠে বন ;
 তট বেয়ে মাথা তোলে নগরনগরী
 জীবনের আয়োজনে ভাণ্ডার ঐশ্বর্যে ভরি ভরি ।

মানুষের মুখ্যভয় মৃত্যুভয়,
 কেমনে করিবে তারে জয়
 নাহি জানে ;
 তাই সে হেরিছে ধ্যানে,
 মৃত্যুবিজয়ীর জটা হতে
 অক্ষয় অমৃতস্রোতে
 প্রতিফলে নামিছ ধরায় ।
 পূণ্যতীর্থতটে সে যে তোমার প্রসাদ পেতে চায় ।
 সে ডাকিছে— মিথ্যাশঙ্কা-নাগপাশ ঘুচাও ঘুচাও,
 মরণেরে যে কালিমা লেপিয়াছি সে তুমি মুছাও ;
 গভীর অভয়মূর্তি মরণের
 তব কলধ্বনিমাঝে গান ঢেলে দিক তরণের
 এ জন্মের শেষ ঘাটে ;
 নিরুদ্ধেশ যাত্রীর ললাটে
 স্পর্শ দিক আশীর্বাদ তব,
 নিক সে নূতন পথে যাত্রার পাথেয় অভিনব ;
 শেষ দণ্ডে ভরে দিক তার কান
 অজানা সমুদ্রপথে তব নিত্য-অভিসার-গান ।

তীর্থযাত্রিণী

তীর্থের যাত্রিণী ও যে, জীবনের পথে
 শেষ আধকোশটুকু টেনে টেনে চলে কোনোমতে ।
 হাতে নামজপ-ঝুলি,
 পাশে তার রয়েছে পুটুলি ।
 ভোর হতে ধৈর্য ধরি বসি ইন্স্টেশনে
 অস্পষ্ট ভাবনা আসে মনে—
 আর কোনো ইন্স্টেশনে আছে যেন আর কোনো ঠাই,
 যেথা সব ব্যর্থতাই
 আপনার
 হারানো অর্ধেরে ফিরে পায়,
 যেথা গিয়ে ছায়া
 কোনো-এক রূপ ধরি পায় যেন কোনো-এক কায়া ।
 বুকের ভিতরে ওর পিছু হতে দেয় দোল
 আশৈশব-পরিচিত দূর সংসারের কলরোল :
 প্রত্যাখ্যাত জীবনের প্রতিহত আশা
 অজানার নিরুদ্ধে প্রদোষে খুঁজিতে চলে বাসা ।

যে পথে সে করেছিল যাত্রা একদিন
 সেখানে নবীন
 আলোকে আকাশ ওর মুখ চেয়ে উঠেছিল হেসে ।
 সে পথে পড়েছে আজ এসে
 অজানা লোকের দল,
 তাদের কঠোর ধ্বনি ওর কাছে ব্যর্থ কোলাহল ।
 যে যৌবনখানি
 একদিন পথে যেতে বলভরে দিয়েছিল আনি
 মধুমদিরার রসে বেদনার নেশা
 দুঃখে-সুখে-মেশা
 সে রসের রিস্ত পাত্রে আজ শুষ্ক অবহেলা,
 মধুপঙ্কজনহীন যেন ক্লাস্ত হেমন্তের বেলা ।

আজিকে চলেছে যারা খেলার সঙ্গীর আশে
 ওরে ঠেলে যায় পথপাশে ;
 যে খুঁজিছে দুর্গমের সাধি
 ও পারে না তার পথে ছালাহিতে বাতি
 জীর্ণ কম্পমান হাতে
 দুর্যোগের রাতে ।
 একদিন যারা সবে এ পথনির্মাণে
 লেগেছিল আপনার জীবনের দানে

ও ছিল তাদেরি মাঝে
 নানা কাজে—
 সে পথ উহার আজ নহে ।
 সেথা আজি কোন্ দূত কী বারতা বহে
 কোন্ লক্ষ্য-পানে
 নাহি জানে ।
 পরিত্যক্ত একা বসি ভাবিতেছে, পাবে বুঝি দূরে
 সংসারের গ্লানি ফেলে স্বর্গ-ধৈর্য্য দুর্মূল্য কিছুরে ।
 হায়, সেই কিছু
 যাবে ওর আগে আগে প্রেতসম, ও চলিবে পিছু
 কীণালোকে, প্রতিদিন ধরি-ধরি করি তারে
 অবশেষে মিলাবে আধারে ।

আলমোড়া

২২ মে ১৯৩৭

নতুন কাল

কোন্-সে কালের কঠ হতে এসেছে এই স্বর—
 'এপার গঙ্গা ওপার গঙ্গা, মধ্যখানে চর ।'
 অনেক বাণীর বদল হল, অনেক বাণী চূপ,
 নতুন কালের নটরাজা নিল নতুন রূপ ।
 তখন যে-সব ছেলেমেয়ে শুনেছে এই ছড়া
 তারা ছিল আর-এক ছাদে-গড়া ।
 প্রদীপ তারা ভাসিয়ে দিত পূজা আনত তীরে,
 কী জানি কোন্ চোখে দেখত মকরবাহিনীরে ।
 তখন ছিল নিত্য অনিশ্চয়,
 ইহকালের পরকালের হাজার-রকম ভয় ।
 আগত রাজার দারুণ খেয়াল, বর্গি নামত দেশে,
 ভাগ্যে লাগত ভূমিকম্প হঠাৎ এক নিমেষে ।
 ঘরের থেকে ঝিড়কিঘাটে চলতে হত ডর,
 লুকিয়ে কোথায় রাজদস্যুর চর ।
 আঙিনাতে শুনত পালাগান,
 বিনা দোষে দেবীর কোপে সাধুর অসম্মান ।
 সামান্য ছুতায়
 ঘরের বিবাদ গ্রামের শত্রুতায়
 গুপ্ত চালের লড়াই যেত লেগে,
 শক্তিমানের উঠত গুমর জেগে ।
 হারত যে তার ঘুচত পাড়ায় বাস,
 ভিটের চলত চাষ ।

ধর্ম ছাড়া কারো নামে পাড়বে যে দোহাই
ছিল না সেই ঠাই ।

কিস্কিসিরে কথা কওয়া, সংকোচে মন ঘেরা,
গৃহস্থবউ, জিব কেটে তার হঠাৎ পিছন-ফেরা—
আলতা পারে, কাজল চোখে, কপালে তার টিপ,
ঘরের কোণে ছালে মাটির দীপ ।
মিনতি তার জলে হলে, দোহাই-পাড়া মন,
অকল্যাণের শঙ্কা সারাক্ষণ ।

আম্বলাভের তরে

রলির পত্তর রক্ত লাগায় শিশুর ললাট-পরে ।
রাত্রিদিবস সাবধানে তার চলা,
অন্তচিতার ছোয়াচ কোথায় যায় না কিছুই বলা ।
ও দিকেতে মাঠে বাটে দস্যুরা দেয় হানা,
এ দিকে সংসারের পথে অপদেবতা নানা ।
জানা কিংবা না-জানা সব অপরাধের বোঝা,
ভয়ে তারই হয় না মাথা সোজা ।
এরই মধ্যে গুন্‌গুনিয়ে উঠল কাহার স্বর—
'এপার গঙ্গা ওপার গঙ্গা, মধ্যখানে চর ।'

সেদিনও সেই বইতেছিল উদার নদীর ধারা,
ছায়া-ভাসান দিতেছিল সাজ-সকালের তারা ।
হাটের ঘাটে জমেছিল নৌকো মহাজনি,
রাত না যেতে উঠেছিল দাঁড়-চালানো ধ্বনি ।

শান্ত প্রভাতকালে

সোনার রৌদ্র পড়েছিল জেলেডিঙির পালে ।
সঙ্কেবেলায় বন্ধ আসা-যাওয়া,
হাস-বলাকার পাখার ঘায়ে চমকেছিল হাওয়া ।
ডাঙায় উনুন পেতে
রান্না চড়েছিল মাঝির বনের কিনারেতে ।
শেয়াল কণে কণে
উঠতেছিল ডেকে ডেকে ঝাউয়ের বনে বনে ।

কোথায় গেল সেই নবাবের কাল,

কাজির বিচার, শহর-কোতোয়াল ।
পুরাকালের শিকা এখন চলে উজান-পথে,
ভয়ে-কাঁপা যাত্রা সে নেই বলদ-টানা রথে ।

ইতিহাসের গ্রন্থে আরো খুলবে নতুন পাতা,
নতুন রীতির সূত্রে হবে নতুন জীবন গাথা ।
যে হোক রাজা যে হোক মন্ত্রী কেউ রবে না তারা,
বইবে নদীর ধারা—

জেলেডিঙি চিরকালের নৌকো মহাজনি,
উঠবে দাঁড়ের ধ্বনি ।

প্রাচীন অশথ আধা ডাঙায় জলের 'পরে আধা,
সারারাত্রি ঠুড়িতে তার পানসি রইবে বাধা ।

তখনো সেই বাজবে কানে যখন যুগান্তর—
'এপার গঙ্গা ওপার গঙ্গা, মধ্যখানে চর ।'

আলমোড়া
২৫ মে ১৯৩৭

চলতি ছবি

রোদ্দুরেতে ঝাপসা দেখায় ওই-যে দূরের গ্রাম
যেমন ঝাপসা না-জানা ওর নাম ।
পাশ দিয়ে যাই উড়িয়ে ধূলি, শুধু নিমেষ-তরে
চলতি ছবি পড়ে চোখের 'পরে ।

দেখে গেলেম গ্রামের মেয়ে কলসি-মাথায়-ধরা,
রঙিন-শাড়ি-পরা ;
দেখে গেলেম পথের ধারে ব্যাবসা চালায় মুদি ;
দেখে গেলেম নতুন বধু আধেক দুয়ার রুধি
ঘোমটা থেকে ফাঁক করে তার কালোচোখের কোণা
দেখছে চেয়ে পথের আনাগোনা ।
বাধানো বট-গাছের তলায় পড়তি রোদের বেলায়
গ্রামের ক'জন মাতব্বরে মগ্ন তাসের খেলায় ।
এইটুকুতে চোখ বুলিয়ে আবার চলি ছুটে,
এক মুহূর্তে গ্রামের ছবি ঝাপসা হয়ে উঠে ।

ওই না-জানা গ্রামের প্রান্তে সকালবেলায় পূবে
সূর্য ওঠে, সন্ধ্যাবেলায় পশ্চিমে যায় ডুবে ।
দিনের সকল কাজে,
স্বপ্ন-দেখা রাতের নিদ্রামাঝে,
ওই ঘরে, ওই মাঠে,
ওইখানে জল-আনার পথে ভিজে পায়ের ঘাটে,
পাখি-ডাকা ওই গ্রামেরই প্রান্তে,
ওই গ্রামেরই দিনের অস্তে স্তিমিতদীপ রাতে
ভরঙ্গিত দুঃখসুখের নিত্য ওঠা-নাবা—
কোনোটা বা গোপন মনে, বাইরে কোনোটা বা ।
তারা যদি তুলত কনি, তাদের দীপ্ত শিখা
ওই আকাশে লিখত যদি লিখা,
রাত্রিদিনকে-কাদিয়ে-তোলা ব্যাকুল প্রশ্নের ব্যাধা
পেত যদি ডাবার উদ্বেলতা,

তবে হোথায় দেখা দিত পাথর-ভাঙা স্রোতে
 মানবচিস্ত-তুঙ্গশিখর হতে
 সাগর-খোজা নির্ঝর সেই, গর্জিয়া নর্তিয়া
 ছুটেছে যাহা নিত্যকালের বন্ধে আবর্তিয়া
 কাল্মাহাসির পাকে—
 তাহা হলে তেমনি করেই দেখে নিতেম তাকে
 চমক লেগে হঠাৎ পথিক দেখে যেমন ক'রে
 নায়েগারার জলপ্রপাত অবাক দৃষ্টি ভ'রে ।

যুদ্ধ লাগল স্পেনে ;
 চলছে দারুণ ভ্রাতৃহত্যা শতশ্রীবাণ হেনে ।
 সংবাদ তার মুখর হল দেশ-মহাদেশ জুড়ে,
 সংবাদ তার বেড়ায় উড়ে উড়ে
 দিকে দিকে যন্ত্রগুরুড়রণে
 উদয়বির পথ পেরিয়ে অন্তরবির পথে ।
 কিন্তু যাদের নাই কোনো সংবাদ,
 কঠে যাদের নাইকো সিংহনাদ,
 সেই-যে লক্ষ-কোটি মানুষ কেউ কালো কেউ ধলো,
 তাদের বাণী কে শুনেছে আজ বলো ।
 তাদের চিস্তমহাসাগর উদ্দাম উস্তাল
 মগ্ন করে অন্তবিহীন কাল ;
 ওই তো তাহা সন্মুখেতেই, চার দিকে বিস্তৃত
 পৃথ্বীজোড়া মহাতুফান, তবু দোলায় নি তো
 তাহারই মাঝখানে-বসা আমার চিস্তখানি ।
 এই প্রকাণ্ড জীবননাট্যে কে দিয়েছে টানি
 প্রকাণ্ড এক অটল যবনিকা ।
 ওদের আপন ক্ষুদ্র প্রাণের শিখা
 যে আলো দেয় একা,
 পূর্ণ ইতিহাসের মূর্তি যায় না তাহে দেখা ।

এই পৃথিবীর প্রান্ত হতে বিজ্ঞানীদের দৃষ্টি
 জেনেছে আজ তারার বন্ধে উজ্জ্বলিত সৃষ্টি
 উন্মথিত বহিসিদ্ধ-প্লাবননির্ঝরে
 কোটিযোজন দূরত্বেরে নিত্য লেহন করে ।
 কিন্তু এই-যে এই মুহূর্তে বেদন-হোমানল
 আলোড়িছে বিপুল চিস্ততল
 বিশ্বধারায় দেশে-দেশান্তরে
 লক্ষ লক্ষ ঘরে—
 আলোক তাহার, দাহন তাহার, তাহার প্রদক্ষিণ
 যে অদৃশ্য কেন্দ্রে ঘিরে চলছে রাত্রিদিন

তাহা মর্তজনের কাছে
 শান্ত হয়ে স্তব্ধ হয়ে আছে ।
 যেমন শান্ত যেমন স্তব্ধ দেখায় মুগ্ধ চোখে
 বিরামহীন জ্যোতির ঝঞ্জা নক্ষত্র-আলোকে ।

আলমোড়া
 কাঠ-আষাঢ় ১৩৪৪

ঘরছাড়া

তখন একটা রাত— উঠেছে সে তড়বড়ি,
 কাঁচা ঘুম ভেঙে । শিয়রেতে ঘড়ি
 কর্কশ সংকেত দিল নির্মম ধ্বনিতে ।
 অস্থানের শীতে
 এ বাসার মেয়াদের শেষে
 যেতে হবে আত্মীয়পরশহীন দেশে
 ক্ষমহীন কর্তব্যের ডাকে ।
 পিছে পড়ে থাকে
 এবারের মতো
 ত্যাগযোগ্য গৃহসজ্জা যত ।
 জরাগ্রস্ত তস্তপোশ কালিমাখা-শতরঞ্চ-পাতা ;
 আরামকেদারা ভাঙা-হাতা ;
 পাশের শোবার ঘরে
 হেলে-পড়া টিপয়ের 'পরে
 পুরোনো আয়না দাগ-ধরা ;
 পোকা কাটা হিসাবের খাতা-ভরা
 কাঠের সিন্দুক এক ধারে ;
 দেয়ালে-ঠেসান-দেওয়াল সারে সারে
 বহু বৎসরের পাজি ;
 কুলুঙ্গিতে অনাদৃত পূজার ফুলের জীর্ণ সাজি ।
 প্রদীপের স্তিমিত শিখায়
 দেখা যায়,
 ছায়াতে জড়িত তারা
 স্তম্ভিত রয়েছে অর্ধহারা ।

ট্যান্ডি এল ঘরে, দিল সাড়া
 হংকারপরুষরবে । নিদ্রায় গভীর পাড়া
 রহে উদাসীন ।
 প্রহরীশালায় দূরে বাজে সাড়ে-তিন ।

শূন্যপানে চক্ষু মেলি
 দীর্ঘরাস ফেলি

দূরযাত্রী নাম নিল দেবতার,
 ভাল দিলে রুখিল দুয়ার ।
 টেনে নিয়ে অনিচ্ছুক দেহটিরে
 দাঁড়ালো বাহিরে ।
 উর্ধ্ব কালো আকাশের ঝাঁক
 ঝাঁট দিয়ে চলে গেল বাদুড়ের পাখা ।
 যেন সে নির্মম
 অনিশ্চিত-পানে-ধাওয়া অদৃষ্টের প্রেতচ্ছায়াসম ।
 বৃক্ষট মন্দিরের ধারে,
 অঙ্গুর-অঙ্কুর গিলিয়াছে তারে ।
 সদ্য-মাটি-কাটা পুকুরের
 পাড়ি-ধারে বাসা ঝাঝা মজুরের
 খেজুরের পাতা-ছাওয়া— কীণ আলো করে মিটমিট,
 পাশে ভেঙে-পড়া পাঁজা । তলায় ছড়ানো তার ইট ।
 রজনীর মসীলিপ্তিমাঝে
 লুপ্তরেখা সংসারের ছবি— ধান-কাটা কাজে
 সারাবেলা চাষীর ব্যস্ততা ;
 গলা-ধরাধরি কথা
 মেয়েদের ; ছুটি-পাওয়া
 ছেলেদের খেয়ে যাওয়া
 হেঁই রবে ; হাটবারে ভোরবেলা
 বস্তা-বহা গোকটাকে তাড়া দিয়ে ঠেলা ;
 আকড়িয়া মহিষের গলা
 ওপারে মাঠের পানে রাখাল ছেলের ভেসে চলা ।
 নিত্যজানা সংসারের প্রাণলীলা না উঠিতে ফুটে
 যাত্রী লয়ে অঙ্কুরে গাড়ি যায় ছুটে ।

যেতে যেতে পথপাশে

পানাপুকুরের গন্ধ আসে,

সেই গন্ধে পায় মন

বহুদিনরজনীর সঙ্করণ স্নিগ্ধ আলিঙ্গন ।

আকাঁধাকা গলি

রেলের স্টেশনপথে গেছে চলি ;

দুই পাশে বাসা-সারি সারি ;

নরনারী

যে যাহার ঘরে

রহিল আরামশয্যা-'পরে ।

নিবিড়-আধার-ঢালা আমবাগানের ঝাঁকে

অসীমের টিকা দিয়া বরণ করিয়া স্তম্ভতাকে

শুকতারা দিল দেখা ।

পথিক চলিল একা
 অচেতন অসংখ্যের মাঝে ।
 সাথে সাথে জনশূন্য পথ দিয়ে বাজে
 রথের চাকার শব্দ হৃদয়বিহীন ব্যস্ত সুরে
 দূর হতে দূরে ।

শ্রীনিবেশন

২২ নভেম্বর ১৯৩৬

জন্মদিন

দৃষ্টিজালে জড়ায় ওকে হাজারখানা চোখ,
 ধ্বনির ঝড়ে বিপন্ন ওই লোক ।
 জন্মদিনের মুখর তিথি যারা ভুলেই থাকে,
 দোহাই ওগো, তাদের দলে লও এ মানুষটাকে—
 সজনে পাতার মতো যাদের হালকা পরিচয়,
 দুসুক খসুক শব্দ নাহি হয় ।

সবার মাঝে পৃথক ও যে ভিড়ের কারাগারে
 খ্যাতি-বেড়ির নিরস্ত্র ঝংকারে ।
 সবাই মিলে নানা রঙে রঙিন করছে ওরে,
 নিলাজ মঞ্চে রাখছে তুলে ধরে,
 আঙুল তুলে দেখাচ্ছে দিনরাত ;
 লুকোয় কোথা ভেবে না পায়, আড়াল ভূমিসাৎ ।
 দাও-না ছেড়ে ওকে
 স্নিগ্ধ-আলো শ্যামল-ছায়া বিরল-কথার লোকে,
 বেড়াবিহীন বিরাট ধূলি-পর,
 সেই যেখানে মহাশিশুর আদিম খেলাঘর ।

ভোরবেলাকার পাখির ডাকে প্রথম খেয়া এসে
 ঠেকল যখন সব-প্রথমের চেনাশোনার দেশে,
 নামল ঘাটে যখন তারে সাজ রাখে নি ঢেকে,
 ছুটির আলো নগ্ন গায়ে লাগল আকাশ থেকে—
 যেমন করে লাগে তরীর পালে,
 যেমন লাগে অশোক গাছের কচি পাতার ডালে ।
 নাম ভোলা ফুল ফুটল ঘাসে ঘাসে
 সেই প্রভাতের সহজ অবকাশে ।
 ছুটির যজ্ঞে পুষ্পহোমে জাগল বকুলশাখা,
 ছুটির শূন্যে ফাগুনবেলা মেলল সোনার পাখা ।

ছুটির কোণে গোপনে তার নাম
 আচমকা সেই পেয়েছিল মিষ্টিসুরের দাম ;

কানে কানে সে নাম ডাকার ব্যথা উদাস করে
 চৈত্রদিনের শুরু দুইপ্রহরে ।
 আজ সবুজ এই বনের পাতার আলোর ঝিকিমিকি
 সেই নিমেষের তারিখ দিল লিখি ।

তাহারে ডাক দিয়েছিল পদ্মানদীর ধারা,
 কাপন-লাগা বেগুর শিরে দেখেছে শুকতারা ;
 কাজল-কালো মেঘের পুঞ্জ সজল সমীরণে
 নীল ছায়াটি বিছিয়েছিল তটের বনে বনে ;
 ও দেখেছে গ্রামের বাঁকা বাটে
 কাঁখে কলস মুখর মেয়ে চলে স্নানের ঘাটে ;
 সর্ষেতিসির খেতে
 দুইরঙা সুর মিলেছিল অবাক আকাশেতে ;
 তাই দেখেছে চেয়ে চেয়ে অন্তরবির রাগে—
 বলেছিল, এই তো ভালো লাগে ।
 সেই-যে ভালো-লাগাটি তার যাক সে রেখে পিছে,
 কীর্তি যা সে গৌণেছিল হয় যদি হোক মিছে,
 না যদি রয় নাই রহিল নাম—
 এই মাটিতে রইল তাহার বিস্মিত প্রণাম ।

আলমোড়া

২২ বৈশাখ ১৩৪৪

প্রাণের দান

অব্যক্তের অন্তঃপুরে উঠেছিলে জেগে,
 তার পর হতে শুরু, কী ছেলেখেলায়
 নিজে করে ঝরায়ে চল চলাহীন বেগে,
 পাওয়া দেওয়া দুই তব হেলায়-ফেলায় ।
 প্রাণের উৎসাহ নাহি পায় সীমা খুঁজি
 মর্মরিত মাধুর্যের সৌরভসম্পদে ।
 মৃত্যুর উৎসাহ সেও অফুরন্ত বৃষ্টি
 জীবনের বিস্মনাশ করে পদে পদে ।
 আপনার সার্থকতা আপনার প্রতি
 আনন্দিত ঔদাসীনে ; পাও কোন্ সুখা
 রিক্ততায় ; পরিতাপহীন আশ্বস্তি
 মিটায় জীবনযজ্ঞে মরণের ক্রুধা ।
 এমনি মৃত্যুর সাথে হোক মোর চেনা,
 প্রাণেরে সহজে তার করিব খেলনা ।

শান্তিনিকেতন

১ মার্চ ১৯৩৮

নিঃশেষ

শরৎবেলার বিস্তৃতিহীন মেঘ

হারায়েছে তার ধারাধ্বংস-বেগ ;

ক্রান্তি-আলসে যাত্রার পথে দিগন্ত আছে চুমি,

অঞ্জলি তব বৃথা তুলিয়াছ হে তরুণী বনভূমি ।

শান্ত হয়েছে দিক্‌হারা তার ঝড়ের মন্ত লীলা,

বিন্দুপ্রিয়া স্মৃতির গভীরে হল অন্তঃশীলা ।

সময় এসেছে, নির্জনগিরিশিখরে

কালিমা যুচায়ে শুভ্র তুষারে মিশে যাবে ধীরে ধীরে ।

অন্তসাগরপশ্চিমপারে সন্ধ্যা নামিবে যবে

সপ্তর্ষির নীরব বীণার রাগিশীতে লীন হবে ।

তবু যদি চাও শেফাল তার পেতে,

ওই দেখো ডরা খেতে

পাকা ফসলের দোদুল্য অকলে

নিঃশেষে তার সোনার অর্ঘ্য রেখে গেছে ধরাতলে ।

সে কথা স্মরিলো, চলে যেতে দিলো তারে—

লজ্জা দিলো না নিঃশব্দ দিনের নিষ্ঠুর রিস্ততারে ।

স্বিনিকেন্দ্র

৮।৪।৩৮

প্রতীক্ষা

অসীম আকাশে মহাতপস্বী

মহাকাল আছে জাগি ।

আজিও বাহারে কেহ নাহি জানে,

দেয় নি যে দেখা আজো কোনোখানে,

সেই অভাবিত কল্পনাভীত

আবির্ভাবের লাগি

মহাকাল আছে জাগি ।

বাতাসে আকাশে যে নবরাগিনী

জগতে কোথাও কখনো আগে নি

রহস্যলোকে তারি গান সাধা

চলে অনাহত রবে ।

ভেঙে যাবে ঝাঞ্চ স্বর্গপুরের,

প্রাচীন বহিবে নূতন সুরের,

বধির যুগের প্রাচীন প্রাচীর

ভেসে চলে যাবে তবে ।

যার পরিচয় কারো মনে নাই,
 যার নাম কতু কেহ শোনে নাই,
 না জেনে নিখিল পড়ে আছে পথে
 যার দরশন মাগি—
 তারি সত্যের অপরাপ রসে
 চমকিবে মন অতুত পরশে,
 মৃত পুরাতন জড় আবরণ
 মুহুর্তে বাবে ভাগি,
 যুগ যুগ ধরি তাহার আশায়
 মহাকাল আছে ভাগি ।

শান্তিনিকেতন

৪১১০১৩৬

পরিচয়

একদিন তরীখানা খেমেছিল এই ঘাটে লেগে,
 বসন্তের নৃতন হাওয়ার বেগে ।
 তোমরা শুধরেছিলে মোরে ডাকি
 পরিচয় কোনো আছে নাকি,
 যাবে কোন্‌খানে ।
 আমি শুধু বলেছি, কে জানে ।
 নদীতে লাগিল দোলা, বাধনে পড়িল টান,
 একা বসে গাহিলাম বৌবনের বেদনার গান ।
 সেই গান শুনি
 কুসুমিত তরুতলে তরুণতরুণী
 তুলিল অশোক,
 মোর হাতে দিয়ে তারা কহিল, 'এ আমাদেরই লোক ।'
 আর কিছু নয়,
 সে মোর প্রথম পরিচয় ।

তার পরে জোরাজোর বেলা
 সাক্ত হল, সাক্ত হল তরঙ্গের খেলা ;
 কোকিলের ক্লাস্ত গানে
 বিস্মৃত দিনের কথা অকস্মাৎ কেন মনে আনে ;
 কনকচাপার দল পড়ে বুঝে,
 ভেসে যার দূরে—
 কাছনের উৎসবরাতির
 নিমন্ত্রণলিখন-পাতির
 ছিল অংশ তারা
 অর্থহারা ।

উটার গভীর টানে
 ভরীখানা ভেসে যায় সমুদ্রের পানে ।
 নূতন কালের নব যাত্রী ছেলেমেয়ে
 শুধাইছে দূর হতে চেয়ে,
 'সন্ধ্যার তারার দিকে
 বহিয়া চলেছে তরলী কে ।'

সেতারেতে বাধিলাম তার,
 গাহিলাম আরবার—
 মোর নাম এই বলে খ্যাত হোক,
 আমি তোমাদেরই লোক
 আর কিছু নয়,
 এই হোক শেষ পরিচয় ।

শান্তিনিকেতন
 ১৩ মাঘ ১৩৪৩

পালের নৌকা

ভীরের পানে চেয়ে থাকি পালের নৌকা ছাড়ি—
 গাছের পরে গাছ ছুটে যায়, বাড়ির পরে বাড়ি ।
 দক্ষিণে ও বামে
 গ্রামের পরে গ্রামে
 ঘাটের পরে ঘাটগুলো সব পিছিয়ে চলে যায়
 ভোজবাজিরই প্রায় ।

নাইছে যারা তারা যেন সবাই মরীচিকা
 যেমনি চোখে ছবি আঁকে মোহে ছবির লিখা ।
 আমি যেন চেপে আছি মহাকালের ভরী,
 দেখছি চেয়ে যে খেলা হয় যুগযুগান্ত ধরি ।
 পরিচয়ের যেমন শুরু তেমনি তাহার শেষ—
 সামনে দেখা দেয়, পিছনে অমনি নিরুদ্দেশ ।
 ভেবেছিলুম ভুলব না যা তাও বাজি ভুলে,
 পিছু দেখার যুটিয়ে বেদন চলছি নতুন কূলে ।

পেতে পেতেই ছাড়া
 দিনরাত্তির মনটাকে দেয় নাড়া ।
 এই নাড়াতেই লাগছে খুশি লাগছে, ব্যথা কড়ু,
 বেঁচে-থাকার চলতি খেলা লাগছে ভালোই ভবু ।
 বারেক ফেলা, বারেক তোলা, কেলতে কেলতে যাওয়া—
 একেই বলে জীবনভরীর চলন্ত দাঁড় বাওয়া ।

তাহার পরে রাত্রি আসে, দাঁড় টানা যায় থামি,
কেউ করেও দেখতে না পায় আধারতীর্থগামী ।
ভাঁটার শ্রোতে ভাসে তরী, অকূলে হয় হারা—
যে সমুদ্রে অস্তে নামে কালপুরুষের তারা ।

আলমোড়া
৮।৬।৩৭

চলাচল

ওরা তো সব পথের মানুষ, তুমি পথের ধারের ;
ওরা কাজে চলছে ছুটে, তুমি কাজের পারের ।
বয়স তোমায় অনেক দিল, অনেক নিল কেড়ে ;
রইল যত তাহার চেয়ে অধিক গেল ছেড়ে ।
চিহ্ন পড়ে, তারে ঢাকে নতুন চিহ্ন এসে ;
কোনো চিহ্ন স্পষ্ট হয়ে রয় না অবশেষে ।
যেথায় ছিল চেনা লোকের নীড়
অনায়াসে জমল সেথায় অচেনাদের ভিড় ।
তুমি শান্ত হাসি হাস যখন ওরা ভাবে
ওদের বেলায় অক্ষত দিন এমনি করেই যাবে ।

আলমোড়া
২৯ মে ১৯৩৭

মায়া

করেছিলু যত সুরের সাধন
নতুন গানে,
খসে পড়ে তার স্মৃতির বাধন
আলগা টানে ।
পুরানো অতীতে শেষে মিলে যায়—
বেড়ায় ঘুরে,
শ্রোতের মতন জাগায় রাত্রি
মায়ায় সুরে ।

২

ধরা নাহি দেয় কণ্ঠ এড়ায়
যে সুরখানি
স্বপ্নগহনে লুকিয়ে বেড়ায়
তাহার বাণী ।
বুকের কাপনে নীরবে সোলে সে
ভিত্তরপানে,
মায়ায় রাঙ্গিনী ধনিরা তোলে সে
সকলখানে ।

৩

দিবস ফুরায়, কোথা চলে যায়
 মর্জকারা—
 বাধা পড়ে থাকে ছবির রেখায়
 ছায়ার ছায়া ।
 নিত্য ভাবিয়া করি যার সেবা
 দেখিতে দেখিতে কোথা যায় কেবা,
 স্বপ্ন আসিয়া রচি দেয় তার
 রূপের মায়া ।

[শান্তিনিকেতন
 অক্টোবর ১৯০৭]

গগনেন্দ্রনাথ ঠাকুর

গগনেন্দ্রনাথ,

রেখার রঙের তীর হতে তীরে
 ফিরেছিল তব মন,
 রূপের গভীরে হয়েছিল নিমগন ।
 গেল চলি তব জীবনের তরী
 রেখার সীমার পার
 অরূপ ছবির রহস্যমাঝে
 অমল গুহ্রতার ।

শান্তিনিকেতন
 ১৯১৮।৩৮

ছুটি

আমার ছুটি আসছে কাছে সকল ছুটির শেষ,
 ছবি একটি আগছে মনে— ছুটির মহাদেশ ।
 আকাশ আছে স্তব্ধ সেথায়, একটি সুরের ধারা
 অসীম নীরবতার কানে বাজাচ্ছে একতারা ।

আলমোড়া
 জ্যৈষ্ঠ ১৩৪৪

নাটক ও প্রহসন

তপতী

ভূমিকা

রাজা ও রানী আমার অল্পবয়সের রচনা, সেই আমার প্রথম নাটক লেখার চেষ্টা।

সুমিত্রা এবং বিক্রমের সম্বন্ধের মধ্যে একটি বিরোধ আছে— সুমিত্রার মৃত্যুতে সেই বিরোধের সমাধা হয়। বিক্রমের যে প্রচণ্ড আসক্তি পূর্ণভাবে সুমিত্রাকে গ্রহণ করবার অন্তরায় ছিল, সুমিত্রার মৃত্যুতে সেই আসক্তির অবসান হওয়াতে সেই শাস্তির মধ্যেই সুমিত্রার সত্য উপলব্ধি বিক্রমের পক্ষে সম্ভব হল, এইটাই রাজা ও রানীর মূল কথা।

রচনার দোষে এই ভাবটি পরিস্ফুট হয় নি। কুমার ও ইলার প্রেমের বৃত্তান্ত অপ্রাসঙ্গিকতার দ্বারা নাটককে বাধা দিয়েছে এবং নাটকের শেষ অংশে কুমার যে অসংগত প্রাধান্য লাভ করেছে তাতে নাটকের বিষয়টি হয়েছে ভারগ্রস্ত ও দ্বিধাবিভক্ত। এই নাটকের অস্তিত্বে কুমারের মৃত্যু দ্বারা চমৎকার উৎপাদনের চেষ্টা প্রকাশ পেয়েছে— এই মৃত্যু আখ্যানধারার অনিবার্য পরিণাম নয়।

অনেকদিন ধরে রাজা ও রানীর ক্রটি আমাকে পীড়া দিয়েছে। কিছুদিন পূর্বে শ্রীমান গগনেন্দ্রনাথ যখন এই নাটকটি অভিনয়ের উদ্যোগ করেন তখন এটাকে যথাসম্ভব সংক্ষিপ্ত ও পরিবর্তিত করে একে অভিনয়যোগ্য করবার চেষ্টা করেছিলেন। দেখলুম এমনতরো অসম্পূর্ণ সংস্কারের দ্বারা সংশোধন সম্ভব নয়। তখনই স্থির করেছিলুম এ নাটক আগাগোড়া নতুন করে না লিখলে এর সদগতি হতে পারে না। লিখে এই বইটার সম্বন্ধে আমার সাধ্যমত দায়িত্ব শোধ করেছি।

পুরানো নাটককে নতুন করে যখন লেখা গেল তখন পুরাতনের মোহ কাটিয়ে তার নতুন পরিচয়কে পাকা করতে গেলে অভিনয় করে দেখানো দরকার। সেই চেষ্টা করতে প্রবৃত্ত হয়েছি। এই উপলক্ষে নাট্যমঞ্চের আয়োজনের কথা সংক্ষেপে বুঝিয়ে বলা আবশ্যিক।

আধুনিক যুরোপীয় নাট্যমঞ্চের প্রসাধনে দৃশ্যপট একটা উপদ্রবরূপে প্রবেশ করেছে। ওটা ছেলেমানুষি। লোকের চোখ ভোলাবার চেষ্টা। সাহিত্য ও নাট্যকলার মাঝখানে ওটা গায়ের জোরে প্রক্ষিপ্ত। কালিদাস মেঘদূত লিখে গেছেন, ঐ কাব্যটি ছন্দোময় বাক্যের চিত্রশালা। রেখাচিত্রকর তুলি-হাতে এর পাশে পাশে তাঁর রেখাঙ্ক-ব্যাখ্যা যদি চালনা করেন তা হলে কবির প্রতিও যেমন অবিচার, পাঠকের প্রতিও তেমনি অশ্রদ্ধা প্রকাশ করা হয়। নিজের কবিত্বই কবির পক্ষে যথেষ্ট, বাইরের সাহায্য তাঁর পক্ষে সাহায্যই নয়, সে ব্যাঘাত; এবং অনেক স্থলে স্পর্ধা।

শকুন্তলায় তপোবনের একটি ভাব কাব্যকলার আভাসেই আছে। সে-ই পর্যাপ্ত। আকা-ছবির দ্বারা অত্যন্ত বেশি নির্দিষ্ট না হওয়াতেই দর্শকের মনে অবাধে সে আপন কাজ করতে পারে। নাট্যকাব্য দর্শকের কল্পনার উপরে দাবি রাখে, চিত্র সেই দাবিকে খাটো করে, তাতে ক্ষতি হয় দর্শকেরই। অভিনয় ব্যাপারটা বেগবান, প্রাণবান, গতিশীল; দৃশ্যপটটা তার বিপরীত; অনধিকার প্রবেশ করে সচলতার মধ্যে থাকে সে মূক, মূঢ়, স্থগু; দর্শকের চিত্তদৃষ্টিকে নিশ্চল বেড়া দিয়ে সে একান্ত সংকীর্ণ করে রাখে। মন যে-জায়গায় আপন আসন নেবে সেখানে একটা পটকে বসিয়ে মনকে বিদায় দেওয়ার নিয়ম যান্ত্রিক যুগে প্রচলিত হয়েছে, পূর্বে ছিল না। আমাদের দেশে চিরপ্রচলিত যাত্রার পালাগানে লোকের ভিড়ে স্থান সংকীর্ণ হয় বটে কিন্তু পটের ঔচ্ছত্যে মন সংকীর্ণ হয় না। এই কারণেই যে-নাট্যাভিনয়ে আমার কোনো হাত থাকে সেখানে ক্রমে ক্রমে দৃশ্যপট ওঠানো-নামানোর ছেলেমানুষিকে আমি প্রশ্রয় দিই নে। কারণ বাস্তবসত্যকেও এ বিদ্রূপ করে, ভাবসত্যকেও বাধা দেয়।

নাটকের পাত্র ও পাত্রীগণ

সুমিত্রা	জালঙ্করের রানী
বিক্রমদেব	জালঙ্করের রাজা
নরেশ	বিক্রমের বৈমাত্র ভাই
বিপাশা	সুমিত্রার সখী
দেবদত্ত	রাজার সখা
নারায়ণী	দেবদত্তের স্ত্রী
গৌরী, কালিন্দী, মঞ্জরী	রাজবাড়ির পরিচারিকা
কুমারসেন	কাশ্মীরের যুবরাজ
চন্দ্রসেন	কুমারের পিতৃব্য
শংকর	কুমারের পুরাতন বৃদ্ধ ভৃত্য
ত্রিবেদী	জালঙ্করের রাজপুরোহিত
ভার্গব	কাশ্মীরের মার্তণ্ডমন্দিরের পুরোহিত

রত্নেশ্বর, শিখরিণী, কুঞ্জলাল, জনতা প্রভৃতি

তপতী

১

ভৈরবমন্দিরের প্রাঙ্গণ
দেবদত্ত ও একদল উপাসক

গান

সর্ব খর্বতারে দহে তব ক্রোধদাহ,
হে ভৈরব, শক্তি দাও, ভক্তপানে চাহো ।
দূর করো মহারুদ্র,
যাহা মুক্ত, যাহা ক্ষুদ্র,
মৃত্যুরে করিবে তুচ্ছ প্রাণের উৎসাহ ।
দুঃখের মছনবেগে উঠিবে অমৃত
শঙ্কা হতে রক্ষা পাবে যারা মৃত্যুভীত ।
তব দীপ্ত রৌদ্র তেজে
নিঝরিয়া গলিবে যে,
প্রস্তর-শঙ্খলোগ্নিস্ত ত্যাগের প্রবাহ ॥

[দেবদত্ত বাতীত অন্য সকলের প্রস্থান

বিক্রমের প্রবেশ

বিক্রম । এর কী অর্থ ? আজ মীনকেতুর পূজার আয়োজন করেছি । ভৈরবের স্তব দিয়ে তোমরা তার ভূমিকা করলে কেন ।

দেবদত্ত । রাজার এই পূজা এখনো জনসাধারণে স্বীকার করতেই পারছে না । এমন-কি, তারা ভীত হয়েছে ।

বিক্রম । কেন, তাদের ভয় কিসের ।

দেবদত্ত । তোমার সাহস দেখে তারা স্তম্ভিত । পঞ্চশর দণ্ড হয়েছেন যার তপোবনে, তাঁরই পূজার বনে কন্দর্পের পূজা ? এর পরিণামে বিপদ ঘটবে না কি ?

বিক্রম । কন্দর্প সেবার এসেছিলেন অপরাধীর মতো লুকিয়ে— এবার তাঁকে ডাকব প্রকাশ্যে, আসবেন দেবতার যোগ্য নিঃসংকোচে— মাথা তুলে স্বজা উড়িয়ে । বিপদের ভয় বিপদ ডেকে আনে ।

দেবদত্ত । মহারাজ, আদিকাল থেকেই ঐ দুই দেবতার মধ্যে বিরোধ ।

বিক্রম । ক্ষতি তাতে মানুষেরই । এক দেবতা আর-এক দেবতার প্রসাদ থেকে মানুষকে বঞ্চিত করেন । ব্রাহ্মণ, শাস্ত্র মিলিয়ে চিরদিন তোমরা দেবপূজার ব্যবসা করে এসেছ তাই দেবতার তোমরা কিছুই জান না ।

দেবদত্ত । সে কথা ঠিক, দেবতার সঙ্গে আমাদের পরিচয় পৃথিবীর থেকে । শ্লোকের ভিড় ঠেলে মরি : দক্ষিণা পাই, কিন্তু ঠুন্দের কাছে ঘেঁষবার সময়ই পাই নে ।

বিক্রম । আমার মীনকেতু অশাস্ত্রীয় ; অনুষ্টিভ-ত্রিষ্টিভের বন্ধন মানেন না । তিনি প্রলয়েরই দেবতা ।
রুদ্রভৈরবের সঙ্গেই তাঁর অন্তরের মিল— পিনাক ছদ্মবেশ ধরেছে তাঁর পুষ্পধনুতে ।

দেবদত্ত । মহারাজ, ঐ দেবতাটিকে যথাসাধ্য পাশ কাটিয়ে চলবারই চেষ্টা করেছি । আভাসে যেটুকু
জানাশোনা ঘটেছে তাতে ভৈরবের সঙ্গে অন্তত বেশেভূষায় ঔর যথেষ্ট মিল দেখতে পাই নি ।

বিক্রম । তার কারণ, এ পর্যন্ত রতি নিজেই বেশের অংশ দিয়ে কন্দর্পকে সাজিয়েছে । তাঁকে
রাঙিয়েছে নিজেরই কঙ্কালের কালিমায়, কঙ্কমের রক্তিমায়, নীল কঞ্চলিকার নীলিমায়— উনি রমণীর
লালনে লালিতো আচ্ছন্ন আবিষ্ট, তাই তো বহুপাণি ইন্দ্রের সভায় উনি লঙ্কিত ভাবে চরের বৃত্তি
করেন । রুদ্রের পৌরুষের আগুনে তাই তো ঔকে দগ্ধ করেছিল ।

দেবদত্ত । সে ইতিহাস তো চুকে গেছে । আবার সেই পোড়া দেবতাকে নিয়ে কেন এই উপসর্গ ।
পুনর্বার ঔকে পোড়াতে হবে নাকি ।

বিক্রম । না, তাঁকে মৃত্যুর ভিতর দিয়েই বাঁচাতে হবে— সেজন্যে বীরের শক্তি চাই । তোমাদের
ভৈরবের স্তব সম্পূর্ণ হবে না আমাদের মীনকেতুর স্তব যদি তার সঙ্গে না যোগ করি ।

ভস্ম-অপমানশয্যা ছাড়ো, পুষ্পধনু,
রুদ্রবহ্নি হতে লহো স্থলদর্চি তনু ।
যাহা মরণীয় যাক মরে,
জাগো অবিস্মরণীয় ধ্যানমূর্তি ধরে ।
যাহা রুঢ়, যাহা মূঢ় তব,
যাহা স্থূল দগ্ধ হোক, হও নিত্য নব ।
মৃত্যু হতে জাগো পুষ্পধনু,
হে অতনু, বীরের তনুতে লহো তনু ।

তোমরা জান না, মহেশ্বর মদনকে অগ্নিবর দিয়েছিলেন, মৃত্যু দিয়েই তিনি তাকে অমর করেছেন ।
অনঙ্গই অমৃত দেবার অধিকারী হয়েছেন ।

মৃত্যুঞ্জয় যে-মৃত্যুরে দিয়েছেন হানি
অমৃত সে-মৃত্যু হতে দাও তুমি আনি ।
সেই দিব্য দীপ্যমান দাহ
উন্মুক্ত করুক অগ্নি-উৎসের প্রবাহ ।
মিলনেরে করুক প্রথর,
বিচ্ছেদেরে করে দিক দুঃসহ সুন্দর ।
মৃত্যু হতে ওঠো পুষ্পধনু,
হে অতনু, বীরের তনুতে লহো তনু ॥

মীনকেতুর পথ সহজ পথ নয়, সে নয় পুষ্পবিকীর্ণ ভোগের পথ, সে দেয় না আরামের তৃপ্তি ।

দেবদত্ত । শুনে ভয় হয় । কিন্তু যা নিয়ে বিপদ ঘটে তার কারণ হচ্ছে অনঙ্গদেব যে-ঘরকে তাঁর
পায়ের ধূলিলেপনে চিহ্নিত করে নেন, সে-ঘরে অন্য কোনো দেবতাকে প্রবেশ করতে দেন না ।
তাতেই পূজনীয়দের মনে ঈর্ষা জন্মায় ।

বিক্রম । মনে হচ্ছে কথাটা আমাকেই লক্ষ্য করে । সাহস বাড়ছে ।

দেবদত্ত । রাজার সঙ্গে বহুত্ব দুঃসাহসের চরম । ভাগ্যদোষেই রাজার বন্ধু দুর্মুখ । ইচ্ছাক্রমে নয় ।

বিক্রম । তবে মুখ খোলো । স্পষ্ট করেই বলো, প্রজারা আমার নামে কী বলছে ।

দেবদত্ত । তারা বলছে, অন্তঃপুরের অবগুষ্ঠনতলে সমস্ত রাজ্যে আজ প্রদোষাঙ্ককার । রাজলক্ষ্মী
রাজ্যের ছায়ায় স্নান ।

বিক্রম । দুর্মুখ, প্রজারাজনে আর-একবার সীতার নির্বাসন চাই নাকি ?

দেবদত্ত । নির্বাসন তো তুমিই দিতে চাও তাঁকে অন্তঃপুরে, প্রজারা তাঁকে চায় সর্বজনের রাজসিংহাসনে । তাঁর হৃদয়ের সম্পূর্ণ অংশ তো তোমার নয়, এক অংশ প্রজাদের । শুধু কি তিনি রাজবধু । তিনি যে লোকমাতা ।

বিক্রম । দেবদত্ত, অংশ নিয়েই যত বিরোধ । ঐ নিয়েই কুরুক্ষেত্র । ঐ তিনি আসছেন, রাজবধুর অংশ নিয়ে, না লোকমাতার ?

দেবদত্ত । আমি তবে বিদায় হই, মহারাজ ।

[প্রস্থান]

মহিষী সুমিত্রার প্রবেশ

বিক্রম । দেবী, কোথায় চলেছ । শুনে যাও !

সুমিত্রা । কী মহারাজ ।

বিক্রম । একটা সুসংবাদ আছে ।

সুমিত্রা । কী, শুনি ।

বিক্রম । লোকনিন্দার পরম গৌরবে আমি ধনা হয়েছি ।

সুমিত্রা । নিন্দা কিসের ।

বিক্রম । লোকে বলছে, তোমার প্রেমে কর্তব্যকেও তুচ্ছ করতে পেরেছি । এতবড়ো কথা ।

সুমিত্রা । যারা বলে তাদের কথা মিথ্যা হোক ।

বিক্রম । অক্ষয় হোক এই সত্য, ইতিহাসে বিখ্যাত হোক, কবিকণ্ঠে আখ্যাত হোক, রসতন্বে ব্যাখ্যাত হোক, ইতরলোকের নিন্দাপ্রশংসার অতীত হোক ।

সুমিত্রা । মহারাজ, যে-প্রেম রাজকর্তব্যেরও উপরে, সে গ্রহণ করুন দেবতা, সে কি আমি নিতে পারি ।

বিক্রম । দেবতার যা প্রাপ্য তিনি তা নেবেন তোমার মধ্য দিয়েই । তোমার মুখে পরমাশ্চর্যকে দেখেছি । লজ্জা কোরো না, শোনো আমার কথা । যশের লোভে যারা দেশ জয় করে বেড়ায় লক্ষ্মীর তারা বিদূষক । তাদের আয়ু যায় বৃথায়, কীর্তিও চিরকাল থাকে না, লক্ষ্মী বসে বসে হাসেন । আমি তাদের দলে নই । কাশ্মীরে গিয়ে যুদ্ধ করেছিলাম তোমারই সাধনায় ।

সুমিত্রা । তোমার যুদ্ধযাত্রা সফল হয়েছে । এখন আর কী চাও ।

বিক্রম । পেয়েছি বীণাটিকে । সংগীত দিয়ে অধিকার হবে কোন্ শুভক্ষণে ? সুর মেলাতে পারছি নে, পেয়েও হার হচ্ছে পদে পদে । ভাগ্যের কাছে যে-দান পেয়েছি, সেই দানই আমাকে লজ্জা দিচ্ছে ।

সুমিত্রা । মুঠোর মধ্যে চেপে রেখেছ আর কল্পনা করছ, পাই নি । কিন্তু তোমার কাছে আমারও কিছু চাবার নেই কি ।

বিক্রম । সবই চাইতে পার, কিছু চাও না বলেই আমার রাজসম্পদ ব্যর্থ ।

সুমিত্রা । আমি চাই আমার রাজাকে ।

বিক্রম । পাও নি ?

সুমিত্রা । না, পাই নি । সিংহাসন থেকে তুমি নেমে এসেছ এই নারীর কাছে । আমাকে কেন তুলে নিয়ে যাও না তোমার সিংহাসনের পাশে ?

বিক্রম । হৃদয়ের সর্বোচ্চ শিখরে তোমার আসন দিয়েছি— তাতেও গৌরব নেই ?

সুমিত্রা । মহারাজ, আমাকে নিয়ে অমন করে কথা সাজিয়ে না— এ তোমাকে শোভা পায় না । এতে আমাকেও ছোটো করে । কী হবে আমার স্তুতিবাক্য । আমার অনুরোধ রাখো । আমি এসেছি প্রজাদের হয়ে প্রার্থনা জানাতে ।

বিক্রম । এই উদ্যানে ? এখানে আজ ঋতুরাজের অধিকার । অন্তত আজ একদিনের জন্যেও সম্পূর্ণ করে তাকে স্বীকার করো ।

সুমিত্রা । আমি তো তোমার আদেশ পালনে ক্রটি করি নি— উৎসব যাতে সুন্দর হয় আমি তো সেই আয়োজন করেছি । কিন্তু তোমারও কিছু করবার নেই কি ? উৎসব যাতে মহৎ হয়ে ওঠে তুমি তাই করো, তোমার রাজমহিমা দিয়ে ।

বিক্রম । বলা, আমার কী করবার আছে ।

সুমিত্রা । কাশ্মীর থেকে যে-সব লুকের দল তোমার সঙ্গে জালঙ্করে এসেছে, আজই সেই পরোপজীবীদের আদেশ করো কাশ্মীরে ফিরে যাক ।

বিক্রম । আমার এই বিদেশী অমাত্যদের 'পরে তোমার মনে ক্রোধ আছে ।

সুমিত্রা । তা আছে ।

বিক্রম । কাশ্মীরবিজয়ে ওরা আমার সঙ্গে যোগ দিয়েছিল এই তার কারণ ।

সুমিত্রা । ইঁ মহারাজ, আমি জানি, বিশ্বাসঘাতকের শত্রুতা ভালো, তাদের মৈত্রী অস্পৃশ্য ।

বিক্রম । ওদের ধর্ম ওরা বুঝবে কিন্তু আমি কৃত্য হব কী করে ।

সুমিত্রা । তোমার সপক্ষে ওরা পাপ করেছে, ক্ষমা করতে হয় কোরো, কিন্তু তোমার বিপক্ষে অন্যায় করছে তাও কি ক্ষমা করতে হবে । তোমার ক্ষমার আশ্রয়ে প্রজাদের প্রতি পীড়ন হচ্ছে, তাতেও বাধা দেবে না ?

বিক্রম । মিথ্যা অপবাদ সৃষ্টি করছে প্রজারা, তাদের ঈর্ষা ওরা বিদেশী বলে ।

সুমিত্রা । তারও বিচার চাই ।

বিক্রম । এ-সব ব্যাপারে তুমি যখন হস্তক্ষেপ কর, মহারানী, তখন সুবিচার কঠিন হয় । তুমি স্বয়ং আন অভিযোগ, কোনো প্রমাণকে আমি কি তার উপরে আসন দিতে পারি । তুমি অনুরোধ করাতে যুধাজিৎকে বিনা বিচারেই পদচ্যুত করতে হল । আরো অমাত্য-বলি চাই তোমার ?

সুমিত্রা । তবে সেই ভালো । বিচার কোরো না । আমারই প্রার্থনা রাখো । কাশ্মীরের পত্নপালগুলো যদি কোনো অপরাধ না করেও থাকে তবু ওরা আমার রাত্রিদিনের লজ্জা । আমাকে তার থেকে বাঁচাও ।

বিক্রম । ওরা কলঙ্ক স্বীকার করে বিপদ সামনে রেখে আমার পাশে দাঁড়িয়েছিল । তোমার কথাতেও ওদের ত্যাগ করতে পারব না । দেখো প্রিয়ে, রাজার হৃদয়েই তোমার অধিকার, রাজার কর্তব্যে নয় এই কথা মনে রেখো ।

সুমিত্রা । মহারাজ, তোমার বিলাসে আমি সঙ্গিনী, তোমার রাজধর্মে আমি কেউ নই এ কথা মনে রেখে আমার সুখ নেই ।

[প্রস্থান]

বিক্রম । শুনে যাও মহিষী ।

সুমিত্রা । (ফিরে এসে) কী, বলা ।

বিক্রম । তুমি জাগছ না কেন । কিসের এই সূন্দর আবরণ । সমস্ত আমার রাজার শক্তি নিয়ে একে সরাতে পারলেম না । আপনাকে প্রকাশ করো— দেখা দাও, ধরা দাও । আমাকে এই অত্যন্ত অদৃশ্য বঙ্কনায় বিভ্রান্ত কোরো না ।

সুমিত্রা । আমিও তোমাকে ঐ কথাই বলছি । তুমি রাজা, আমি তোমার সম্পূর্ণ প্রকাশ দেখতে পাচ্ছি নে— তোমার শক্তিকে অঙ্কুরে ঢেকে রাখলে । তুমি জাগ নি । তুমি আমাকে কেড়ে নিয়ে এসেছ কাশ্মীর থেকে— সেই অপমান আমার ঘৃণিয়ে দাও— আমাকে রানীর পদ দিতে হবে ।

বিক্রম । আচ্ছা আচ্ছা, আমার রাজকোষ তোমার পায়ের তলায় সম্পূর্ণ ফেলে দিচ্ছি— তুমি প্রজাদের দান করতে চাও, করো দান যত খুশি । তোমার দক্ষিণের প্লাবন বয়ে যাক এ রাজ্যে ।

সুমিত্রা । ক্ষমা করো মহারাজ, তোমার কোষ তোমারই থাক । আমার দেহের অলংকার থাক

আমার প্রজার জন্যে । অন্যায়ের হাত থেকে প্রজারক্ষায় যদি মহিষীর অধিকার আমার না থাকে তবে এ-সব তো বন্দিনীর বেশভূষা— এ বইতে পারব না । মহিষীকে যদি গ্রহণ কর সেবিকাকেও পাবে, নইলে শুধু দাসী ! সে আমি নই ।

[প্রস্থান

মন্ত্রীর প্রবেশ

বিক্রম । যুধাজিতের নামে রানীর কাছে কে অভিযোগ করেছিল ? তুমি ?

মন্ত্রী । মন্ত্রগৃহের বাইরে আমি মন্ত্রণা করি নে, মহারাজ !

বিক্রম । তবে এ-সব কথা কে তাঁর কানে তুললে ?

মন্ত্রী । যারা দুঃখ পেয়েছে তারা স্বয়ং ।

বিক্রম । রানীর সাক্ষাৎ তারা পায় কী করে ।

মন্ত্রী । করুণার যোগ্য যারা করুণাময়ী স্বয়ং তাদের সন্ধান রাখেন ।

বিক্রম । আমাকে অতিক্রম করে যারা রানীর কাছে আবেদন নিয়ে আসে তারা দণ্ডের যোগ্য এ কথা যেন মনে থাকে ।

মন্ত্রী । দণ্ড তারা পেয়েছে । যাদের বিরুদ্ধে অভিযোগ তারা তাদের পাকা ফসলের খেত জ্বালিয়ে দিয়েছে, এ কথা সবাই জানে ।

বিক্রম । মন্ত্রী, নানা কৌশলে তুমি এই অমাত্যদের নামে নিন্দা করবার সুযোগ খোঁজ, এটা আমি লক্ষ্য করেছি ।

মন্ত্রী । নিন্দনীয়দের নিন্দা করে থাকি কিন্তু কৌশল করে নয় ।

বিক্রম । এই বিদেশীরা আমার আশ্রিত, তোমাদের ঈর্ষা থেকে তাদের বিশেষভাবে রক্ষা করা আমার রাজকর্তব্য ।

মন্ত্রী । ওদের সম্বন্ধে নীরব থাকব । কিন্তু গুরুতর মন্ত্রণার বিষয় আছে । মহারাজ, ঋণকালের জন্যে—

বিক্রম । এখন সময় নয় । যাও, বিপাশাকে সংবাদ দাও আজ বকুলবীথিকায় মধ্যরাত্রে তার নৃত্য । ত্রিবেদীকে বোলো মীনকেতুর পূজায় মন্ত্রোচ্চারণে তার কোনো স্বলন সহ্য করব না ।

মন্ত্রী । কাশ্মীরদেশী অমাত্য সবাই উৎসবে আসবেন সংবাদ পাঠিয়েছেন ।

বিক্রম । মহারানীর সঙ্গে কোনোমতে তাদের সাক্ষাৎ না হয়, সতর্ক থেকে ।

[উভয়ের প্রস্থান

রাজপ্রাতা নরেশ ও সুমিত্রার সহচরী বিপাশার প্রবেশ

বিপাশা । মানব না ও কথা । কাশ্মীর জয় করেছ তোমরা ! মানব না ।

নরেশ । সুন্দরী, অরসিক ইতিহাস মধুর কণ্ঠের সন্মতির অপেক্ষা রাখে না ।

বিপাশা । রাজকুমার, দান্তিক কণ্ঠের আশ্রয়ালনের ভাষাও তার ভাষা নয় ।

নরেশ । কিন্তু তলোয়ারের সাক্ষ্য তো মানতে হবে । যমরাজকে সামনে রেখে সে কথা কয় । আমাদের মহারাজ কাশ্মীর জয় করেছেন ।

বিপাশা । করেন নি । আমাদের যুবরাজ ছিলেন অনুপস্থিত । মানস-সরোবর থেকে অভিষেকের জল আনতে গিয়েছিলেন । তাই যুদ্ধ হয় নি, দস্যুবৃত্তি হয়েছিল ।

নরেশ । তাঁর পিতৃব্য চন্দ্রসেন ছিলেন প্রতিনিধি । যুদ্ধ করেছিলেন ।

বিপাশা । যুদ্ধের ভান করেছিলেন । লুণ্ঠ-করা সিংহাসন হার-মানার ছদ্মমূল্যে নিজে কিনে নেবার জন্যে । তোমাদের সভাকবি এই নিয়ে সাত সর্গ কবিতা লিখেছেন । তোমাদের যুদ্ধ ফাঁকি, তোমাদের ইতিহাস ফাঁকি । চূপ করে হাসছ যে ! লজ্জা নেই !

নরেশ । মহারানী সুমিত্রা তো ঝাঁকি নন । তিনি তো পর্বত থেকে নেমে এসেছেন আমাদের জয়লক্ষ্মীর অনুবর্তিনী হয়ে ।

বিপাশা । চূপ করো, চূপ করো । দুঃখের কথা মনে করিয়ে দियो না । রাজকন্যা তখন বালিকা, বয়েস যোলো । খুড়োমহারাজ এসে বললেন, বিজয়ীর কাছে আত্মসমর্পণ করতে হবে, নইলে সন্ধি অসম্ভব । রাজকুমারী আগুন জ্বালিয়ে ঝাঁপ দিয়ে মরতে গিয়েছিলেন । পুরবৃদ্ধরা এসে বললে, মা, রক্ষা করো, যে পাণি মৃত্যুবরণ করছে তোমার পাণি দিয়ে তাকে অধিকার করো— শাস্তি হোক ।

নরেশ । কিন্তু সেদিনকার কোনো গ্লানি তো মহারানীর মনে নেই । প্রসন্ন মহিমায় সিংহাসনে তাঁর আপন স্থান নিয়েছেন ।

বিপাশা । মহাদুঃখ ভোলবার মতোই মহাশক্তি তাঁর, তিনি যে সতীলক্ষ্মী । মৃত্যুর জন্যে যে আগুন জ্বলেছিল তাকে সাক্ষী করে তাঁর বিবাহ । তিনদিন কৈলাসনাথের মন্দিরে ধ্যানে বসে উপবাস করে নিজেকে শুদ্ধ করে নিয়েছেন । অসহ্য অপমানকে নিঃশেষে নিজের মধ্যে দগ্ধ করে নিয়ে তবে এলেন তোমাদের ঘরে । বীরাক্ষনার ক্ষমা যদি না থাকত তবে আগুন ধরত তোমাদের সিংহাসনে ।

নরেশ । জান বিপাশা, ঐ বীরাক্ষনা আপন মহিমাচ্ছটায় কাশ্মীরের দিকে আমাদের হৃদয়ের একটি দীপ্যমান ছায়াপথ ঠেকে দিয়েছেন । জালঙ্কারের যুবকদের মন তিনি উদাস করেছেন ঐ কাশ্মীরের মুখে । তিনি তাদের ধ্যানের মধ্যে জাগিয়ে তুলেছেন একটি অপক্লম জ্যোতির্মূর্তি । তুমি জান না, জালঙ্কার থেকে কত পাগল গেছে ঐ কাশ্মীরে, ঝুঁজতে তাদের সাধনার ধনকে ।

বিপাশা । হায় রে, এ তো যুদ্ধ করা নয় । ওখানে তোমাদের অস্ত্র চলবার রাস্তা থাকতেও পারে কিন্তু হৃদয়জয়ের পথ ও দিকে বন্ধ করে দিয়েছ তোমাদের বর্বরতা দিয়ে ।

নরেশ । সাধনা করতে হবে— তাতেও তো আনন্দ আছে ।

বিপাশা । তা করো, কিন্তু সিদ্ধির আশা ছেড়ে দাও ।

নরেশ । সিদ্ধি হবেই, আমি একলাই তা প্রমাণ করব— কাশ্মীর পর্যন্ত না গিয়ে !

বিপাশা । তোমার যত বড়ো অহংকার তত বড়োই দুরাশা ।

নরেশ । দুরাশাই আমার, সেই আমার অহংকার । আমার আকাঙ্ক্ষা পর্বতের দুর্গম শিখর । সেখানে প্রভাতের দুর্লভ তারাকে দেখি, ভোরের স্বপ্নে ।

বিপাশা । তোমাদের কবির কাছে পাঠ মুখস্থ করে এলে বুঝি ?

নরেশ । প্রয়োজন হয় না । বাইরে যার কাছ থেকে পাই কঠোর কথা, অন্তরে সেই দেয় বাণীর বর, গোপনে । যদি সাহস দাও তার নামটি তোমাকে বলি ।

বিপাশা । কাজ নেই অত সাহসে ।

নরেশ । তবে থাক । কিন্তু এই পদ্বের কুঁড়ি, একে নিতে দোষ কী । এও তো মুখ ফুটে কিছু বলে না ।

বিপাশা । না, নেব না ।

নরেশ । কাশ্মীরের সরোবর থেকে এর মূল এনেছিলুম । অনেকদিন অনেক দ্বিধার পরে দেখা দিয়েছে তার এই কুঁড়িটি । মনে হচ্ছে আমার সৌভাগ্য তার প্রথম নিদর্শনপত্রটি পাঠিয়েছে— এর মধ্যে একজনের অদৃশ্য স্বাক্ষর আছে । নেবে না ? এই রেখে গেলাম তোমার পায়ের কাছে ।

[প্রস্থানোদ্যম]

বিপাশা । শোনো, শোনো, আবার বলছি তোমরা কাশ্মীর জয় কর নি ।

নরেশ । নিশ্চয় করেছি । সেজন্যে রাগ করতে পার, অবজ্ঞা করতে পারবে না । জয় করেছি ।

বিপাশা । ছল করে ।

নরেশ । না, যুদ্ধ করে ।

বিপাশা । তাকে যুদ্ধ বলে না ।

নরেশ । হাঁ, যুদ্ধই বলে ।

বিপাশা । সে জয় নয় ।
 নরেশ । সে জয়ই ।
 বিপাশা । তবে ফিরিয়ে নিয়ে যাও তোমার পদ্মের কুঁড়ি ।
 নরেশ । ফিরিয়ে নেবার সাধ্য আমার নেই ।
 বিপাশা । এ আমি কুটি কুটি করে ছিড়ে ফেলব ।
 নরেশ । পার তো ছিড়ে ফেলো— কিন্তু আমি দিয়েছি আর তুমি নিয়েছ, এ কথা রইল বিধাতার মনে— চিরদিনের মতো ।

[প্রস্থান

সুমিত্রার প্রবেশ

সুমিত্রা । পদ্মের কুঁড়ি-হাতে একলা দাঁড়িয়ে কী ভাবছিস, বিপাশা ।
 বিপাশা । মনে-মনে ফুলের সঙ্গে করছি ঝগড়া ।
 সুমিত্রা । সংসারে তোর ঝগড়া আর কিছুতেই মিটেতে চায় না । কিসের ঝগড়া । ফুলের সঙ্গে আবার ঝগড়া কিসের ।
 বিপাশা । ওকে বলছি, তুমি কাশ্মীরের ফুল, এখানেও তোমার মুখ প্রসন্ন কেন । অপমান এত সহজেই ভুলেছ ?
 সুমিত্রা । দেবতার ফুল মানুষের অপরাধ যদি মনে রাখত তা হলে মরু হত এই পৃথিবী ।
 বিপাশা । তুমিই সেই দেবতার ফুল, মহারানী, কিন্তু কাঁটাও দেবতারই সৃষ্টি । সত্যি করে বলো, কাশ্মীরের 'পরে যে-অন্যায় হয়েছে সে কখনো তোমার মনে পড়ে না ? চুপ করে রইলে যে ? উত্তর দেবে না ? তোমার মাতৃভূমির দোহাই, এর একটা উত্তর দাও ।
 সুমিত্রা । সেই আমার মাতৃভূমিরই দোহাই, আমাকে কেবল এই একটিমাত্র কথাই মনে রাখতে দে যে, আমি জালন্ধরের রানী ।
 বিপাশা । আর যা ভুলতে পার ভুলো, কখনো ভুলতে দেব না যে, তুমি কাশ্মীরের কন্যা ।
 সুমিত্রা । ভুলি নে । তাই কাশ্মীরের গৌরব রক্ষার জন্যেই কর্তব্যের গৌরব রাখতে হবে । নইলে এখানে কি দেহে মনে দাসীর কলঙ্ক মাখব ।
 বিপাশা । সে কথা প্রতিদিন বুঝতে পারছ, মহারানী । কাশ্মীরকে জয়ী করেছ এদের হৃদয়ে । আমি তো কেউ না, তবু তোমার মহিমার আলোতেই এরা আমাকে সূক্ষ্ম যে চোখে দেখছে কাশ্মীরের কারও চোখে তো সে মোহ লাগে নি ।
 সুমিত্রা । বিনয় করছিস বৃষ্টি ?
 বিপাশা । বিনয় না মহারানী । আমি আপনাতে আপনি বিস্মিত । হেসো না তুমি, এরা আমাকে উদ্দেশ্য করে যে-সব কথা আজকাল বলে থাকে কাশ্মীরের ভাষাতে সে-সব কথা আছে বলে অন্তত আমার জানা নেই ।
 সুমিত্রা । যে ভোরবেলায় এখানে চলে এলি তখনো তোর কানে কাশ্মীরের ভাষা সম্পূর্ণ জাগবার সময় হয় নি । তবু কাকলি একটু আধটু আরম্ভ হয়েছিল, সে কথা আজ বৃষ্টি স্মরণ নেই ? যাই হোক এখানে যে উৎসবের সাজ করিস নি ?
 বিপাশা । সাজ শুরু করেছিলাম, এমন সময় কে একজন এসে বললে ওরা কাশ্মীর জয় করেছে । কবরী থেকে ফেলে দিয়েছি মালা, আমার রক্তাংশুক লুটছে শিরীষবনের পথে । হাসছ কেন রানী ।
 সুমিত্রা । সে জায়গাটাকে তুই বনের পথ বলিস ? এখানে আসবার সময় তোর রক্তাংশুক যে একজনের মাথায় দেখলুম ।
 বিপাশা । ঐ দেখো, মহারানী, লজ্জা নেই, এখানকার যুবকদের অভ্যাস খারাপ, ওটা চুরি !
 সুমিত্রা । আমার সন্দেহ হচ্ছে চুরিবিদ্যা শেখাবার জন্যেই চোরের রাস্তায় তোর রক্তাংশুক পড়ে থাকে । শুনেছি তার বিদ্যা সম্পূর্ণ হয়েছে, এবার তার চুরির শেষ পরীক্ষা হবে, তোর উপর দিয়ে ।

বিপাশা । রাজার আজ্ঞা নাকি ।

সুমিত্রা । যার আজ্ঞা তাঁর বেদী সাজাবি চল । ঐ পদ্মের কুঁড়িটিই তোর প্রথম অর্ঘ্য হোক ।

বিপাশা । যেয়ো না তুমি, তবে একটা কথা তোমাকে জিজ্ঞাসা করি, সত্য করে বলো ।

মকরকেতনের পূজায় আজ রাতে যে উৎসব হবে তাতে তোমার উৎসাহ আছে ?

সুমিত্রা । মহারাজের আদেশ ।

বিপাশা । সে তো জানি কিন্তু তোমার নিজের মন কী বলে ।— চূপ করে থাকবে ?

সুমিত্রা । হ্যাঁ, চূপ করেই থাকব ।

বিপাশা । আচ্ছা বেশ । কিন্তু একটা প্রশ্ন এতদিন তোমাকে জিজ্ঞাসা করতে সাহস করি নি— আজ জিজ্ঞাসা করবই— চূপ করে থাকলে চলবে না ।

সুমিত্রা । কী প্রশ্ন তোর ।

বিপাশা । সত্যই কি তুমি মহারাজকে ভালোবাস । বলতেই হবে আমাকে ।

সুমিত্রা । হ্যাঁ ভালোবাসি । উত্তর শুনে চূপ করে রইলি যে !

বিপাশা । তবে সত্য কথা বলি তোমাকে । আর কিছুদিন আগে এ প্রশ্নও আমার মনে আসত না, উত্তর শুনেও মেনে নিতুম ।

সুমিত্রা । আজ নিজের মনের সঙ্গে মনে মনে মিলিয়ে দেখছি বৃষ্টি ।

বিপাশা । তা তোমাকে লুকোব না, সবই তুমি জানো— মিলিয়ে দেখছি বৈকি, কিন্তু ঠিক মেলাতে পারছি নে ।

সুমিত্রা । কী করে মিলবে । প্রজারক্ষার করুণায় কাশ্মীরের অসম্মান স্বীকার করে যেদিন আমি মহারাজের কাছে আত্মসমর্পণ করতে সম্মত হয়েছিলুম তখন তিন দিন ধরে কৈলাসনাথের মন্দিরে কিসের জন্যে তপস্যা করেছি ?

বিপাশা । আমি হলে জালন্ধরের বিনিপাতের জন্যে তপস্যা করতুম ।

সুমিত্রা । এই শক্তি চেয়েছিলুম, রুদ্রের প্রসাদে আমার বিবাহ যেন ভোগের না হয় । জালন্ধরের রাজ্যগৃহে আমি কোনোদিন কিছুর জন্যেই যেন লোভ না করি ; তবেই আমাকে অপমান স্পর্শ করতে পারবে না ।

বিপাশা । কোনোদিন তোমার মন বিচলিত হয় নি, মহারানী ?

সুমিত্রা । প্রতিদিন হয়েছে— হাজারবার হয়েছে ।

বিপাশা । মাপ করো মহারানী, আমার সন্দেহ হয় তুমি তাঁকে অবজ্ঞা কর ।

সুমিত্রা । অবজ্ঞা ! এমন কথা বলিস নে, বিপাশা । ঠাঁর মধ্যে তুচ্ছ কিছুই নেই । প্রচণ্ড ঠাঁর শক্তি— সে শক্তিতে বিলাসের আবিলতা নেই, আছে উন্নাসের উদ্দামতা । আমি যদি সেই কুল-ভাঙা বন্যার ধারে এসে দাঁড়াতুম, তা হলে আমার সমস্ত কোথায় ভেসে যেত, ধর্মকর্ম, শিক্ষাদীক্ষা । ঐ শক্তির দুর্ভয়তাকে অহরহ ঠেঁকাতে গিয়েই আমার মন এমন পাষণ্ড হয়ে উঠল । এত অজস্র দান কোনো নারী পায় না— এই দুর্লভ সৌভাগ্যকে প্রত্যাখ্যান করবার জন্যে নিজের সঙ্গে আমার এমন দুর্বিষহ দ্বন্দ্ব । মহারাজকে যদি অবজ্ঞা করতে পারতুম তা হলে তো সমস্তই সহজ হত । অন্তরে বাহিরে আমার দুঃখ যে কত দুঃসহ তা তিনিই জানেন যার কাছে ব্রত নিয়েছিলুম ।

বিপাশা । ব্রত যেন রাখলে, মহারানী, কিন্তু ভালোবাসা !

সুমিত্রা । কী বলিস, বিপাশা । এই ব্রতই তো আমার ভালোবাসাকে বাঁচিয়ে রেখেছে, নইলে ধিক্কারের মধ্যে তলিয়ে যেত সে । প্রেম যদি লজ্জার বিষয় হয় তবে তার চেয়ে তার বিনাশ কী হতে পারে । আমার প্রেমকে বাঁচিয়েছেন তপস্বী মৃত্যুঞ্জয় । বিবাহের হোমান্নি থেকে আমার এ প্রেম গ্রহণ করেছি— আহতির আর অন্ত নেই ।

বিপাশা । নিষ্ঠুর তোমার দেবতা, আমি কিন্তু তাঁকে মানতে পারতুম না ।

সুমিত্রা । কী করে জানলি । তিনি ডাক দিলেই তোকেও মানতে হত । কিন্তু বিপাশা, ব্রতের কথা

প্রকাশ করা অপরাধ, আজ অন্যায় করলুম, ক্ষমা করুন আমার ব্রতপতি।—

বিপাশা। আমাকে ক্ষমা করো, মহারানী। কিন্তু কোথায় চলেছ।

সুমিত্রা। দেবদত্ত ঠাকুরের কাছে শুনলুম উৎসব উপলক্ষে দূরের থেকে প্রজারা এসেছে। আজ মন্দিরের বাগানে তারা দর্শন পাবে। রাজা সেই সংবাদ পেয়ে শুনছি দ্বার রুদ্ধ করবার আদেশ করেছেন।

বিপাশা। তুমি কি সে দ্বার খোলাতে পারবে ?

সুমিত্রা। হয়তো পারব না। তবুও দেখতে যাব যদি কোনোখানে তার কোনো ফাঁক থাকে।

বিপাশা। দ্বার বোধ করবার বিদ্যায় এরা এত নিপুণ যে, তার মধ্যে কোনো ক্রটিই তুমি পাবে না—
এ আমি বলে দিচ্ছি।

[উভয়ের প্রস্থান]

দেবদত্তের প্রবেশ। রত্নেশ্বরের দ্রুত প্রবেশ

রত্নেশ্বর। ঠাকুর, দেবদত্ত ঠাকুর !

দেবদত্ত। আমাকে ডাক পেড়ে আমাকে সুদ্ধ বিপদে ফেলবে দেখছি। কেন, কী হয়েছে।

রত্নেশ্বর। রাজার কাছে অপরাধী। তার প্রহরীকে প্রহার করে এখানে এসেছি।

দেবদত্ত। প্রহার করেছ ? শুনে শরীর পুলকিত হল। এমন উগ্র পরিহাসের ইচ্ছা হঠাৎ কেন তোমার মনে উদয় হল।

রত্নেশ্বর। উৎসবে রাজার দর্শন মিলবে আশা করেই বহু কষ্টে রাজধানীতে এসেছি। দ্বারী বললে উৎসবের দ্বার বন্ধ। তাই তাকে মারতে হল। অভিযোগ করতে এলে যদি সাক্ষাৎ না মেলে অপরাধ করলে অন্তত সেই উপলক্ষে তো রাজার সামনে পৌঁছব।

দেবদত্ত। কোথাকার মূর্খ তুমি। তুমি কি মনে কর, বৃধকোটের গোয়ারের হাতে রাজার প্রহরী মার খেয়েছে এ কথা সে মরে গেলেও স্বীকার করবে। তার স্ত্রী শুনলে যে ঘরে ঢুকতে দেবে না।

রত্নেশ্বর। ঠাকুর, অনেক দূর থেকে এসেছি।

দেবদত্ত। এখনো অনেক দূরেই আছ। রাজার দর্শন কি সহজে মেলে। যোজন গণনা করেই কি দূরত্ব।

রত্নেশ্বর। গ্রামের মানুষ, রাজদর্শনের রীতিনীতি বুঝি নে, সেই জেনেই মহারাজ দয়া করবেন।

দেবদত্ত। নিজের বুদ্ধি থেকে বাহুবলে রাজদর্শনের যে রীতি তুমি উদ্ভাবন করেছ সেটা রাজধানীতে বা রাজসভায় প্রচলিত নেই। পারিষদবর্গের জনো দর্শনী কিছু এনেছ কি।

রত্নেশ্বর। আর কিছুই আনি নি আমার অভিযোগ ছাড়া, কিছু নেইও।

দেবদত্ত। গ্রামের মানুষ তা বুঝতে পারছি।

রত্নেশ্বর। কিসে বুঝলে, ঠাকুর।

দেবদত্ত। এখনো এ শিক্ষা হয় নি যে, রাজা তোমাদের মুখ থেকে শুনতে চান রাজ্যে সমস্তই ভালো চলছে, সত্যযুগ, রামরাজত্ব।

রত্নেশ্বর। সমস্তই যদি ভালো না চলে ?

দেবদত্ত। তা হলে সেটা গোপন না করলে আরো মন্দ চলবে। রাজাকে অপ্রিয় কথা শোনানো রাজদ্রোহিতা।

রত্নেশ্বর। আমাদের প্রতি যদি উৎপাত হয় ?

দেবদত্ত। হয় যদি তো সে তোমাদের প্রতিই হল। রাজাকে জানাতে গেলে উৎপাত হবে রাজার প্রতি।

রত্নেশ্বর। ঠাকুর, সন্দেহ হচ্ছে পরিহাস করছ।

দেবদত্ত। পরিহাস করেন ভাগ্য। বর্তমান অবস্থাটা বুঝিয়ে বলি। আজ ফান্সনের শুক্রাচতুর্দশী।

এখানে চন্দ্রোদয়ের মুহূর্তে কেশরকুণ্ডে ভগবান মকরকেতনের পূজা, রাজার আদেশ । নাচগান বাজনা অনেক হবে, তার সঙ্গে তোমার কণ্ঠস্বর একটুও মিলবে না ।

রত্নেশ্বর । না মিলুক, কিন্তু রাজার চরণ মিলবে ।

দেবদত্ত । রাজাকে রাজসভায় পাওয়াই হচ্ছে পাওয়া, অস্থানে তাঁর অরাজকত্ব । অপেক্ষা করো, কাল নিজে তোমাকে সঙ্গে করে নিয়ে যাব ।

রত্নেশ্বর । ঠাকুর, তোমাদের সবুর সয় । আমার যে সর্বাক্রম জ্বলে যাচ্ছে, প্রত্যেক মুহূর্ত অসহ্য । আমাদের সব চেয়ে দুর্ভাগ্য এই যে, যমযজ্ঞগাও যখন পাই, অপমানের শুলের উপর যখন চড়ে থাকি তখনো অপেক্ষা করে থাকতে হয় রাজশাসনের জন্যে, নিজের হাত পঙ্গু । ধিক্ বিধাতাকে ।

দেবদত্ত । এখন একটু থামো, ঐ মহারানী আসছেন । ঠাঁর কাছে আর্তনাদ করে ধৃষ্টতা কোরো না ।

রত্নেশ্বর । আমার সৌভাগ্য, আপনি এসেছেন মহারানী, সমস্ত রাস্তা ঠাঁরই তো দর্শন কামনা করে এসেছি ।

দেবদত্ত । যিনি দুঃখ পান তাঁকেই দুঃখ দিতে চাও তোমরা ? জান না, বিচারের ভার ঠাঁর 'পরে নেই, রাজ্যশাসন করেন রাজা ।

রত্নেশ্বর । মহারানী মা !

সুমিত্রার প্রবেশ

সুমিত্রা । কী বৎস, তুমি কে ।

দেবদত্ত । ও কেউ না, নাম রত্নেশ্বর, এসেছে বুধকোট থেকে ; এর বেশি ওর পরিচয় নেই । পায়ের ধুলো নিয়েই চলে যাবে । হল তো দর্শন— চল এখন ঘরে, আমার ব্রাহ্মণীর প্রসাদ পাবি ।

সুমিত্রা । বুধকোট, সে তো শিলাদিত্যের শাসনে । বলো দেখি তার ব্যবহার কী রকম ।

দেবদত্ত । মহারানী, এ-সব প্রশ্ন এখানকার কোকিলের ডাকের মধ্যে ভালো শোনাচ্ছে না । আমি ওকে কালই নিজে রাজসভায় নিয়ে যাব ।

রত্নেশ্বর । রাজসভা ! মহারানী, সেখানে কোনো আশা নেই বলেই এই উৎসবের প্রাক্গণে অভিযোগ এনেছি ।

সুমিত্রা । কেন আশা নেই ।

রত্নেশ্বর । শিলাদিত্য স্বয়ং রাজধানীতে উপস্থিত, আমাদের কান্না চাপা দেবার জন্যে । তিনি বসেন রাজার কানের কাছে, আমরা থাকি দূরে ।

সুমিত্রা । কোনো ভয় নেই তোমার, কী বলতে চাও আমার কাছে বলো ।

রত্নেশ্বর । সতীতীর্থ ভৃগুকট পাহাড়ের তলে । আমাদেরই রাজকুলের মহিষী মহেশ্বরী সেখানে স্বামীর অনুমতি হয়েছিলেন, সে আজ পাঁচশো বছরের কথা ।

সুমিত্রা । সেই সতীকাহিনী তো ভাটের মুখে শুনেছি আমার বিবাহদিনে ।

রত্নেশ্বর । ঠাঁরই সিদুরের কৌটো সেখানে সমাধিমন্দিরে ।

সুমিত্রা । সেই কৌটোর সিদুর বিবাহকালে আমিও পরেছি ।

রত্নেশ্বর । আমাদের মেয়েরা তীর্থে যায়, সেই কৌটোর সিদুর মাথায় পরে পুণ্য কামনায় । এতকাল কোনো বাধা হয় নি ।

সুমিত্রা । এখন কি বাধা ঘটেছে ।

রত্নেশ্বর । হ্যাঁ, মহারানী ।

সুমিত্রা । কিসের বাধা ।

রত্নেশ্বর । শিলাদিত্য তীর্থধারে কর বসিয়েছে । দরিদ্র মেয়েদের পক্ষে দুঃসাধ্য হল । হাত থেকে তাদের কঙ্কণ কেড়ে নিয়ে কর আদায় হচ্ছে ।

সুমিত্রা । কী বললে ! মহারাজের সম্মতি আছে এতে ?

রত্নেশ্বর । রাজকার্যের রহস্য জানি নে, মা, কথা কইতে সাহস হয় না ।

সুমিত্রা । ঠাকুর, বলো, এতে মহারাজের সম্মতি আছে ?

দেবদত্ত । সম্মতির প্রয়োজন হয় না, এতে আয়বৃদ্ধি আছে ।

সুমিত্রা । সত্য করে বলো, এই অর্থ রাজকোষ গ্রহণ করে ?

দেবদত্ত । সেদিন সভাপণ্ডিত ব্যাখ্যা করে বলেছিলেন অগ্নি যা গ্রহণ করেন তাতে মলিনতা থাকে না, রাজার কর সেই অগ্নি ।

সুমিত্রা । আমি পণ্ডিতের ব্যাখ্যা শুনে চাই নে— বলো, এই অর্থ রাজকোষে আসে ?

দেবদত্ত । নিয়মরক্ষার জন্যে কিছু আসে বৈকি, কিন্তু অনিয়মের কবলটা তার চেয়ে অনেক বড়ো, বেশির ভাগ তলিয়ে যায় সেই গহ্বরে । মহারানী, অনেক পাপীর উচ্ছিষ্ট রাজকোষে জমা হয় ।

রত্নেশ্বর । মা, এটুকু কথা নিয়ে দুঃখ কোরো না— আমাদের অন্নসম্বল অন্ন, তার কান্না কেঁদে কেঁদে আমাদের স্বর ক্লান্ত । সেই সম্বলকে যখন কেউ স্বল্পতর করে তখন তা নিয়ে অভিযোগ করা আমরা ছেড়ে দিয়েছি । কিন্তু আমাদেরও মর্মস্থান আছে, সেখানে রাজ্য প্রজায় ভেদ নেই ; সেখানে যদি রাজা হাত দেন সে আমাদের সহাবে না ।

সুমিত্রা । বলো সব কথা । ভয় কোরো না ।

রত্নেশ্বর । আমরা অত্যন্ত ভীক, মহারানী, কিন্তু অত্যন্ত দুঃখে আমাদেরও ভয় ভেঙে যায় । সেইজন্যেই এমন করে চলে আসতে পেরেছি । জানি বিপদ সাংঘাতিক, কিন্তু বিপদের চেয়ে যেখানে গ্লানি দুঃসহ সেখানে আমাদের মতো দুর্বলও বিপদকে গ্রাহ্য করে না । না খেয়ে মরার দুঃখ কম নয় কিন্তু এমন অবস্থা আছে যখন বেঁচে থাকার মতো দুঃখ আর নেই ।

সুমিত্রা । সে কথা আমিও বুঝি । যা তোমার বলবার আছে সব তুমি আমার কাছে বলো ।

রত্নেশ্বর । তীর্থদ্বারে কর সংগ্রহের জন্যে রাজার অনুচর নিযুক্ত, সুন্দরী মেয়েদের বিপদ ঘটছে প্রতিদিন ।

সুমিত্রা । সর্বনাশ ! সত্য বলছ ?

রত্নেশ্বর । যে কথা নিয়ে মানুষ মরতে প্রস্তুত হয়, আমি সেই কথা শুধু মুখে বলতে এসেছি মহারানী, এই আমার লজ্জা । আমার ছোটোবোন গিয়েছিল তীর্থে, হতভাগিনী আজও ফেরে নি ।

সুমিত্রা । এও তুমি সহ্য করেছ ?

রত্নেশ্বর । সহ্য করব না, সেই পণ করেই বেরিয়েছি । নিজের হাতেই দণ্ড তুলতে হবে, কিন্তু তার আগে রাজদণ্ডের শেষ দোহাই পেড়ে যাব । তার পরে ধর্মই জানেন, আর আমিই জানি ।

সুমিত্রা । এই সমস্ত কি শিলাদিত্যের জ্ঞাতসারে ?

রত্নেশ্বর । তাঁরই ইচ্ছাক্রমে ।

সুমিত্রা । ঠাকুর, সত্য করে বলো, রাজার কানে এ কথা কি আজও ওঠে নি ।

দেবদত্ত । তোমার কাছে কোনোদিন মিথ্যা বলি নি, আজও বলব না । রত্নেশ্বর, তোমার আবেদন হল, এখন যাও ঐ আমার কুটির দেখা যাচ্ছে ।

[রত্নেশ্বরের প্রস্থান]

সুমিত্রা । ঠাকুর, রাজার কাছে এই অভিযোগ আসে নি ?

দেবদত্ত । হ্যাঁ এসেছে । মন্ত্রী দ্বিধা করেছিলেন, আমি স্বয়ং জানিয়েছি ।

সুমিত্রা । ফল কী হল ।

দেবদত্ত । শুনে লাভ নেই । রাজারা যখন অন্যায় করেন তখন তার সমর্থনের জন্যে অতি ভীষণ হয়ে ওঠেন ।

সুমিত্রা । ঠাকুর, ভীষণতা অন্যায়ের ছদ্মবেশ ; ভয় করে তাকে যেন সম্মান না করি । অন্যায়কারীকে ক্ষুদ্র বলেই জানতে হবে, অতি ক্ষুদ্র, তার হাতে যত বড়ো একটা দণ্ড থাক । তাকে যদি ভয় করি তবে তার চেয়েও ক্ষুদ্র হতে হবে । শিলাদিত্য উৎসবের নিমন্ত্রণে রাজধানীতে এসেছে ?

দেবদত্ত । হাঁ, এসেছে ।

সুমিত্রা । মন্ত্রীকে আদেশ করো তার সঙ্গে সাক্ষাৎ করতে চাই ।

দেবদত্ত । মহারানী !

সুমিত্রা । তুমি যা বলবে আমি তা সব জানি, সমস্ত জেনেই বলছি আজ তার সঙ্গে আমার সাক্ষাৎ হওয়া চাই ।

দেবদত্ত । আগে উৎসব সমাধা হোক ।

সুমিত্রা । এ পাপের বিচার না হলে আজ উৎসব হতেই পারবে না ।

দেবদত্ত । মহারানী, সাবধান হবার অত্যন্ত প্রয়োজন আছে ।

সুমিত্রা । আমাকে নিবৃত্ত কোরো না । একদিন আশুনে ঝাপ দিতে গিয়েছিলুম, সুবিজ্ঞের পরামর্শে নিবৃত্ত হয়েছি । তখনই সংকল্প রক্ষা করলে এত অমঙ্গল ঘটত না এ জগতে । শিলাদিত্যের বিচার যদি না হয় তা হলে এ রাজত্বে রানী হবার লক্ষ্য আমি সহিব না । ঐ-যে গর্জন শুনতে পাচ্ছি দ্বারের বাইরে ।

দেবদত্ত । দয়াময়ী, কতটুকুই বা শুনলে । সবটা কানে উঠলে কান বধির হয়ে যেত । যে নিঃসহায়দের সামনে সকল দ্বার রুদ্ধ তাদের কণ্ঠও রুদ্ধ থাকে, তাই তো আছি আমরা আরামে । বাধা আজ অল্প-একটু বৃষ্টি সরেছে— তাই গুমরে গুঠা দুঃখসমুদ্রের ধ্বনি সামান্য একটু শোনা গেল ।

সুমিত্রা । ঠাকুর, বাধা আছে তো আছে— কিন্তু তার সামনে দাঁড়িয়ে আর্তনাদ করছে কেন, ভীক সব । বিধাতা যাদের অবজ্ঞা করেন তাদের দয়া করেন না তাও কি এরা জানে না ? দ্বার ভেঙে ফেলুক-না । বিচার ভয়ে ভয়ে চায় বলেই তো ওরা বিচার পায় না । রাজা যত বড়ো জোরের সঙ্গে ওদের কাছে কর দাবি করে, তত বড়ো জোরের সঙ্গেই ওদের বিচার চাবার অধিকার । ধর্মের বিধান মানুষের অনুগ্রহের দান নয় । আমাকে নিয়ে চলো ঠাকুর, ওদের মাঝখানে ।

দেবদত্ত । মহারানী, তোমার নিজের জায়গায় থাকলেই ওদের বাঁচাতে পারবে ; তোমার আসন যেখানে তোমার শক্তি সেখানেই ।

সুমিত্রা । আমার আসন ! আমার আসন আমি পাই নি । অহর্নিশি সেই শূন্যতা সহিতে পারছি নে, মন কেবলই বলছে, রুদ্রভৈরবের পায়ের কাছেই আমার স্থান— দেখিয়ে দিন তিনি পথ, ভেঙে দিন তিনি বিষ, ব্যর্থতার অপমান থেকে সেবিকাকে উদ্ধার করুন ।

[উভয়ের প্রস্থান]

নরেশ ও বিপাশার প্রবেশ

নরেশ । শোনো শোনো, বিপাশা, শুনে যাও ।

বিপাশা । শোনবার যোগ্য কথা থাকলে তবেই শুনব ।

নরেশ । আমি বলতে এসেছি জালন্ধর কাশ্মীর জয় করে নি ।

বিপাশা । কবে তোমার ভুল ভাঙল ।

নরেশ । প্রতিদিনই ভাঙছে । প্রতিদিনই প্রমাণ পাচ্ছি, কাশ্মীরই জালন্ধর জয় করেছে । হার মানলুম । এখন প্রসন্ন হও ।

বিপাশা । তার সময় আসে নি ।

নরেশ । কবে আসবে ।

বিপাশা । যখন আর-একবার তোমরা সৈন্য নিয়ে কাশ্মীরে যুদ্ধ করতে যাবে ।

নরেশ । যাব যুদ্ধ করতে, চেষ্টা করে হেরেও আসব ।

বিপাশা । চেষ্টা করতে হবে না, বীরপুরুষ । সেই যুদ্ধটা না দেখে আমি যেন না মরি । ছলনাকে গৌরব বলে অহংকার করছ, সেইটে চূর্ণ হবে তবেই ধর্ম আছেন এ কথা মানব ।

নরেশ । সত্য বলছি, সেই গৌরবটাকে ফেলে দিতে পারলে ঠাট্টা ।

বিপাশা । কেন বলো তো ।

নরেশ । কেননা, সেই গৌরবটার চেয়ে অনেক বেশি মূল্যের জিনিস দেখেছি ।

বিপাশা । রানী সুমিত্রাকে দেখেছ ।

নরেশ । তাঁর কথা বলা বাহুল্য । আমি বলছিলাম—

বিপাশা । আর কিছু বলতে হবে না । তাঁর চেয়ে বড়ো কথা তোমাদের রাজ্যে আর নেই । তোমাদের রাজা কি তাঁর নাগাল পায় । চূপ করে রইলে যে ? লজ্জা আছে দেখছি । স্বীকার করোই-না ।

নরেশ । স্বীকার অনেকদিন করেছি । কৃষ্ণে মহারাজ কাশ্মীর জয় করতে গিয়েছিলেন । জয় করে তাঁর নিজের রাজ্য হারিয়েছেন । কাশ্মীর থেকে পাপগ্রহকে অভ্যর্থনা করে এনেছেন রাজ্যের মধ্যে, পাপের নৈবেদ্যে তাকেই পুষ্ট করে তুলেছেন । বিপাশা, তোমার কাছে গোপন করব না— বিপদের জাল চারি দিকে ঘিরে আসছে, গ্রহের পর গ্রহ, তারই মাঝখানে নিশ্চিন্ত বসে আছেন আমাদের স্বৈচ্ছাঙ্ক মহারাজ, প্রস্তুত হতে হবে আমাদেরই, আর সময় নেই ।

বিপাশা । অতএব ?

নরেশ । অতএব এই বেলা তোমার মুখে একটা গান শুনে নিতে চাই ।

বিপাশা । আমার গান, বিপদের ভূমিকায় !

নরেশ । ঝাশির স্বরে সাপের জড়তা ঘোচে, তোমার গানে আমার তরবারি জেগে উঠবে ।

বিপাশা । যুদ্ধের গান চাই ?

নরেশ । না, সে গান আমার অস্থিমজ্জায় আছে, আমি কৃত্রিয় ।

বিপাশা । তবে ?

নরেশ । তুমি জান কোন্ গানটা আমি ভালোবাসি ।

বিপাশা । উৎসবের সময় তো গাইতেই হবে, তখন শুনো ।

নরেশ । যা সকলেই পাবে তাতে আমার কেবল একটা মাত্র ভাগ । একটি সম্পূর্ণ দান আমাকে দাও, যা কেবল আমার একলারই ।

বিপাশা ।

গান

মন যে বলে, চিনি চিনি

যে গন্ধ বয় এই সমীরে ।

কে ওরে কয় বিদেশিনী

চৈত্ররাতের চামেলিরে ?

রস্কে রেখে গেছে ভাষা

স্বপ্নে ছিল যাওয়া-আসা

কোন্ যুগে কোন্ হাওয়ার পথে

কোন্ বনে কোন্ সিঁহুতীরে ।

এই সুদূরে পরবাসে

ওর ঝাশি আজ প্রাণে আসে ।

মোর পুরাতন দিনের পাখি

ডাক শুনে তার উঠল ডাকি,

চিস্ততলে জাগিয়ে তোলে

অক্রমজলের ভৈরবীরে ॥

নরেশ । বিপাশা, একটা কথা শুনতে চাই ।

বিপাশা । ঐ তো তোমার লুক্ক স্বভাব । বললে, একটি গান শুনতে চাই, যেমনি গান শেষ হল

রব উঠেছে একটি কথা শুনতে চাই। একটি কথা থেকে দুটি কথা হবে, তার পর আমার কাজের বেলা যাবে চলে। আমি যাই।

নরেশ। শোনো, শোনো, একটি প্রশ্নের উত্তর দিয়ে যাও। ঐ-যে গাইলে ওটা কি সত্য। প্রবাসে বাণি কি বেজেছে।

বিপাশা। অরসিক, কথা দিয়ে যার কাছে গান ব্যাখ্যা করতে হয় তাকে গান না শোনানোই ভালো। তুমি-যে অলংকার-শাস্ত্রের ছাত্রদেরও ছাড়িয়ে উঠলে।

নরেশ। তবে থাক ব্যাখ্যা, গানই আমার যথেষ্ট।

[উভয়ের প্রস্থান]

রাজপুরাঙ্গনা কালিন্দীর প্রবেশ। কালিন্দীর আপনমনে কাব্য আবৃত্তি

মঞ্জরী, গৌরীর প্রবেশ

গৌরী। একা-একা কার সঙ্গে আলাপ চলছে? বনদেবতার সঙ্গে?

কালিন্দী। না গো, মনোদেবতার সঙ্গে। মন্থধর স্তব কণ্ঠস্থ করছি। রাজার আদেশ।

গৌরী। ওটা হৃদয়স্থ থাকলেই হয়, কণ্ঠে আনবার দরকার কী।

কালিন্দী। হৃদয়ের পদচারণার পথ কণ্ঠে।

গৌরী। ওগো জালঙ্করিণী, এতদিন আছি, তোমাদের ধ্বনধারণ আজও বুঝতে পারলুম না।

কালিন্দী। আশ্চর্য নেই গো কাশ্মিরিনী, বুঝতে বুদ্ধির দরকার করে। কোনখানটা দুর্বোধ ঠেকেছে, শুনি-না।

গৌরী। বেদে অগ্নি সূর্য ইন্দ্র বরুণ অনেক দেবতারই স্তব আছে, কিন্তু তোমাদের এই দেবতাটির তো নামও শোনা যায় না।

কালিন্দী। সত্যযুগের ঋষিমুনিরা ঐকে যত সাবধানে এড়িয়ে চলতেন ততই অসাবধানে পড়তেন বিপদে। মুখে তাঁর নাম করতেন না তাই মার খেয়ে মরতেন অন্তরে। পুরাণগুলো পড় নি বুঝি?

গৌরী। মূর্খ আছি সেই ভালো, বিদুষী। সত্যযুগের কলঙ্ককাহিনী কলিযুগে টেনে আনবার মতো এত বিদ্যেয় দরকার কী ভাই। কলিযুগের পাপের ভরা যথেষ্ট ভারী আছে।

কালিন্দী। বড়ো লজ্জা দিলে— মূর্খ বলে অহংকার করতে পারলুম না— ওখানে কাশ্মীরেরই জিত রইল।

মঞ্জরী। ভাই, তোর কালিন্দীকলকল্লোল একটুখানি থামা। ত্রিবেদীঠাকুর বলেন, কালিন্দীর রসনা তার প্রতিবেশী দংশনপঙ্ক্তির কাছ থেকে দংশন করবার বিদ্যেটা শিখে নিয়েছে। কেবল সেই বিদ্যেটা ফলাবার জন্যেই যে দেবতাকে মানিস নে তাকে নিয়ে তর্ক তুলেছিস। নতুন দেবতাকে ভক্তি করবার আগে তোর ইষ্টদেবতার সাধনা সারা হোক।

কালিন্দী। তার পরে আছেন অনিষ্টদেবতাটি। একটু চুপ কর, ভাই, স্তবটা আর-একবার আউড়ে নিই। দেবতা ক্রটি মার্জনা করেন, কিন্তু আমাদের সভাকবি তাঁর রচনার আবৃত্তিতে একটু ভুল পেলে কাঁদিয়ে ছাড়েন।

মঞ্জরী। ঐ আসছেন ত্রিবেদীঠাকুর, ওঁর কাছে আজ সন্দেহ মিটিয়ে নিই।

আবৃত্তি করতে করতে ত্রিবেদীর প্রবেশ

ত্রিবেদী। কর্পূর ইব দন্ধোহপি শক্তিমান্যো জনে জনে—

নমোহস্ববার্যবীর্ষায় তস্মৈ মকরকেতবে।

মঞ্জরী। আপন মনে কী বকছ, ঠাকুর।

ত্রিবেদী। গোলমাল কোরো না, মুখস্থ করছি।

মঞ্জরী । কী মুখস্থ করছ ।

ত্রিবেদী । মকরকেতুর স্তব । রাজার আদেশ ।

কালিন্দী । তোমারও এই দশা ?

ত্রিবেদী । দেখছ না, মধুকরের গুঞ্জন আর শোনা যাচ্ছে না । সংস্কৃত শৌরসেনী মাগধী অর্ধমাগধী মহারাষ্ট্রী পারসিক যাবনিক নানা ভাষায় আজ অভ্যাস চলছে । এর থেকে বোঝা যাচ্ছে মকরকেতুর সকল দেশের সকল ভাষাতেই পাণ্ডিত্য ।

কালিন্দী । কিন্তু অনুচ্চারিত ভাষাই তিনি সব চেয়ে ভালো বোঝেন । দাদাঠাকুর, একটা কথার উত্তর দাও । মকরকেতুর পূজার বিধান পেয়েছ কোন্ বেদে ।

ত্রিবেদী । চূপ চূপ । কী কঠস্বরই পেয়েছ তোমরা পুরাঙ্গনারা ।

কালিন্দী । অরসিক, বয়স হয়েছে বলে কি কঠস্বরের বিচারবুদ্ধিটাও খোঁয়াতে হবে । তোমাদের কবি যে কোকিলের সঙ্গে এই কঠের তুলনা করেন ।

ত্রিবেদী । অন্যায় করেন না । কোনো কথা গোপনে বলবার অভ্যাস ঐ পাখিটার নেই ।

কালিন্দী । দাদাঠাকুর, তোমার সঙ্গে গোপন কথা বলবার মতো মনের ভাব আমার নয় । শাস্ত্রের বিচার চাই । এরা বলছিল, পুরাণে অতনুর নেই তনু, আবার বেদে নেই তার নামগন্ধ— বাকি রইল কী । তা হলে পূজাটা হবে কাকে নিয়ে ।

ত্রিবেদী । আরে চূপ চূপ— স্বরটাকে আর-এক সপ্তক নামিয়ে আনো ।

মঞ্জরী । কেন, ঠাকুর, ভয় কাকে ?

ত্রিবেদী । যারা নতুন দেবতার পূজা চালাতে চায় তারা ভক্তির জ্বোরের চেয়ে গায়ের জ্বোরটা বেশি ব্যবহার করে । আমি ভালোমানুষ, দেবতার চেয়ে এই দেবতাভক্তদের ভয় করি অনেক বেশি ।

গৌরী । ঠাকুর, আমি বলছিলুম এই-সব হঠাৎ-দেবতার আবার পূজা কিসের ।

ত্রিবেদী । মূঢ়ে, যারা বনেদি দেবতা তাদের এত উগ্রতা নেই । সংসারে হঠাৎ-দেবতারাই সাংঘাতিক । তাদের পূজা করায় ব্যর্থতা, না-পূজা করায় সর্বনাশ । অতএব ছাড়ো তর্ক, পরো মঞ্জীর, আনো বীণা, গাঁথো মালা— পঞ্চশরের শরগুলোকে শান দেও গে ।

কালিন্দী । কিন্তু তোমার মস্ত্রটি পেলে কোথা থেকে ঠাকুর ।

ত্রিবেদী । যিনি পূজা প্রচার করছেন পূজার মস্ত্ররচনা তাঁরই । আমি সেটাকে শ্রুতির দ্বারা গ্রহণ করে শ্রুতির দ্বারা ব্যস্ত করব । দেখে নিয়ো, রাজসভায় শ্রুতিভূষণ বলবেন, সাধু, শ্রুতিরদ্বাকর বলবেন, অহো কিমান্চর্যম ।

মঞ্জরী । ও কী ও, ভাই, বাইরে যে অস্ত্রের ঝঞ্জনি শোনা গেল ।

কালিন্দী । হয়তো ওটা সত্যকার নয় । হয়তো উৎসবের একটা কোনো পালার অভ্যাস চলছে ।

গৌরী । ত্রিবেদীঠাকুর, এও বুঝি তোমাদের জালঙ্করের সৃষ্টিছাড়া কীর্তি ? মীনকেতুর উৎসবে রক্তপাতের পালা ?

ত্রিবেদী । সুন্দরী, জগতে এ পালা বার বার অভিনয় হয়ে গেছে । ত্রেতাযুগে এই পালায় একবার রাক্ষসে বানরে মিলে অগ্নিকাণ্ড করেছিল । কলিযুগে তাদের বংশ বেড়েছে বৈ কমে নি । যাই হোক শব্দটা ভালো লাগছে না— যাও তোমরা মন্দিরে আশ্রয় লও গে ।

[সকলের প্রস্থান]

২

সুমিত্রা ও প্রতিহারীর প্রবেশ

সুমিত্রা । সেই প্রজাকে চাই, রত্নেশ্বর তার নাম ।

প্রতিহারী । তাকে কোথাও পাওয়া যাচ্ছে না, মহারানী ।

সুমিত্রা । এই কিছুক্ষণ আগেই ছিল ।

প্রতিহারী । কিন্তু কারও কাছে তার সন্ধান পাচ্ছি নে ।

সুমিত্রা । দেবদত্ত ঠাকুরের ঘরে কি নেই ।

প্রতিহারী । ঠাকুরন বললেন সেখানে কেউ আসে নি । ঐ যে ঠাকুর স্বয়ং আসছেন ।

[প্রস্থান]

দেবদত্তের প্রবেশ

সুমিত্রা । রত্নেশ্বর কোথায় ।

দেবদত্ত । তাকেই খুঁজতে এসেছি ।

সুমিত্রা । তাকে যে নিতান্তই পাওয়া চাই ।

দেবদত্ত । সেই কারণেই তাকে পাওয়া নিতান্তই কঠিন হবে । হতভাগ্যকে বলেছিলুম আমার ঘরে আশ্রয় নিতে ।

সুমিত্রা । তুমি কি তবে সন্দেহ করছ—

দেবদত্ত । সন্দেহ করছি কিন্তু নাম করছি নে ।

সুমিত্রা । এও কি সহ্য করতে হবে ।

দেবদত্ত । হবে বৈকি । প্রমাণ নেই যে ।

সুমিত্রা । তাই বলে পাপিষ্ঠকে নিষ্কৃতি দেবে ?

দেবদত্ত । নিষ্কৃতির সদুপায় পাপিষ্ঠ নিজেই জানে, আমাদের কিছুই করতে হবে না ।

সুমিত্রা । ঠাকুর, তবে কিছুই করবে না ?

দেবদত্ত । যদি সম্ভব হত নিজের অস্থি দিয়ে বস্ত্র তৈরি করে ওর মাথায় ভেঙে পড়তুম ।

সুমিত্রা । তুমি বলতে চাও কিছুই করবার নেই ? চূপ করে রইলে কেন ঠাকুর, লজ্জায় ? পাছে কিছু করতে হয় সেই ভয়ে ? আমি তো ধৈর্য রাখতে পারছি নে । বিপাশা, কী করছিস এখানে ।

বিপাশার প্রবেশ

বিপাশা । অনঙ্গদেবের পূজায় মহারানীর জন্যে অর্ঘ্য সাজিয়ে এনেছি ।

সুমিত্রা । ফেলে দে, ফেলে দে, দূর করে ফেলে দে সব । আমি যাব রত্নভৈরবের মন্দিরে, ঠাকুর, পূজা প্রস্তুত করো ।

দেবদত্ত । পুরোহিত ত্রিবেদীকে মহারাজ তাঁর কাজে আজ নিযুক্ত করেছেন ।

সুমিত্রা । তুমি হবে আমার পুরোহিত ।

দেবদত্ত । আমি পুরোহিত ?

সুমিত্রা । হাঁ তুমি । নীরব যে, মনে কি ভয় আছে ।

দেবদত্ত । ভয় দেবতাকে । মুখে মন্ত্র পড়তে পারি, কিন্তু অন্তরের কথা যে অন্তর্যামী জানেন । কিন্তু মহারানী, ভৈরবের পূজায় তোমার কিসের প্রয়োজন ।

সুমিত্রা । দুর্বল মন, শক্তি চাই ।

বিপাশা । শক্তির দরকার যার সে তোমার নয়, সে মহারাজের । যে অসামান্য রূপ নিয়ে এসেছ সংসারে তার কাছে রাজলক্ষ্মী হার মেনেছেন— সেজন্যে দোষ দেব কাকে । যদি ক্ষমা কর তো বলি, দোষ তোমারই ।

সুমিত্রা । বুঝিয়ে বলো ।

বিপাশা । ঐ যে কাশ্মীরের নরাধমদের রাজ্যের স্বর্ণপিণ্ডের উপর বসিয়েছেন রাজা, তার কারণ শুনবে ? রাগ করবে না ?

সুমিত্রা । কারণ শুনতেই চাই আমি ।

বিপাশা । প্রেমের গৌরব খুব প্রকাশ করে জানাতে চেয়েছিলেন রাজা, খুব দুর্মূল্য দান দুঃসাহসের সঙ্গে দিতে পারলে তিনি বাঁচতেন । এই সামান্য কথাটা তুমি বুঝতে পার নি ?

সুমিত্রা । আমি তো কোনো বাধা দিই নি ।

বিপাশা । দাও নি বাধা ? ঐ ভুবনমোহন রূপ নিয়ে কোথায় সুদূরে দাঁড়িয়ে রইলে তুমি । কিছু চাইলে না, কিছু নিলে না, এ কী নিষ্ঠুর নিরাসক্তি । তুমি রাজহংসীর মতো, রাজার তরঙ্গিত কামনাসাগরের জলে তোমার পাখা সিক্ত হতে চায় না, রাজবৈভবের জলে পারলে না তোমাকে একটুও বাঁধতে, তুমি যত রইলে মুক্ত, রাজা ততই হলেন বন্দী । শেষে একদিন আপন রাজ্যটাকে খণ্ড খণ্ড করে ছড়িয়ে ফেলে দিলেন ঐ কাশ্মীরী কুটুম্বদের হাতে— মনে করলেন তোমাকেই দেওয়া হল ।

সুমিত্রা । আমি তার কিছুই জানতেম না ।

বিপাশা । তা জানি, রাজা ভেবেছিলেন নিজের দক্ষিণের উন্নয়নতায় তোমাকে বিপ্লবিত করে দেবেন । তখনো তোমাকে চেনেন নি । কিন্তু কতবড়ো দুর্ভাগা— রাজসিংহাসনের উপরে বসে ছটফট করে মরছে ; দিতে চায় দিতে পারে না, নিতে চায় নেবার যোগ্যতা নেই । ব্যর্থ নিবুদ্ধিতার ধিক্কারে আজ সকলেরই উপর রেগে রেগে উঠছেন । তার মধ্যে তুমিও আছ ।

সুমিত্রা । ঠাকুর, আজ পর্যন্ত ভালো করে বুঝতে পারি নি আমার অপরাধটা কোথায় ।

দেবদত্ত । মহারানী, কলিকে কখন কোথায় নাড়া দিয়ে জাগিয়ে তুলি সব সময়ে ভেবে পাই নে ।

বিপাশা । ঠাকুর, ভেবে পেয়েছ তুমি, বলতে চাও না । কিন্তু আমি বলব । আমি ভয় করি নে কাউকে । মহারানীর সঙ্গে মহারাজের সম্বন্ধ অন্যায় দিয়ে আরম্ভ হয়েছে সেই পাপের ছিদ্র দিয়েই কলির প্রবেশ ।

সুমিত্রা । বিপাশা, চুপ কর তুই ।

বিপাশা । কেন চুপ করব । কাশ্মীর জয় করে এরা তোমাকে অধিকার করেছে এই মিথ্যে কথাটাই বলে বেড়াতে হবে ? আশ্চর্য হয়ে যাই তোমার ধৈর্য দেখে, মহারানী । পাপকে জয় করেছে পুণ্য দিয়ে । কিন্তু সেই পুণ্যের দান কি মহারাজ গ্রহণ করতে পারলেন ।

সুমিত্রা । চুপ কর, চুপ কর, বিপাশা ।

বিপাশা । চুপ করিয়ো না । যে কথা অন্তরের মধ্যে জান সে কথা বাইরে থেকেও শোনা ভালো । ঐ রাজা আসছেন । আমি যাই । থাকতে পারব না, শেষে কী বলতে কী বলে ফেলব ।

[প্রস্থান]

বিক্রমের প্রবেশ

বিক্রম । মহারানী, দেবদত্তকে নিয়ে কী গুঢ় পরামর্শ চলছে ।

সুমিত্রা । আজ ভৈরবমন্দিরে পূজা করব, ঠুকে পুরোহিত করেছি ।

বিক্রম । আজ ভৈরবের পূজা ? এ কি হতে পারে ।

সুমিত্রা । পাপের মূর্তি দেখে ভয় পেয়েছি, যিনি সকল ভয়ের ভয় তাঁর শরণ নেব ।

বিক্রম । পাপের মূর্তি কী দেখলে ।

সুমিত্রা । সতীতীর্থে সতীধর্মের অবমাননা, অথচ এ রাজ্যে তার কোনো প্রতিকার নেই, এ সংবাদ শুনে উৎসব করতে আমি সাহস করি নি ।

বিক্রম । এ সংবাদ কে দিলে । দেবদত্ত ?

সুমিত্রা । যারা অত্যাচারে মর্মান্তিক পীড়িত তাদেরই একজন ।

বিক্রম । মহারানী, অন্তঃপুরে আমার প্রতিদ্বন্দ্বী বিচারশালা স্থাপন করেছে ? আমার অধিকার হরণ করতে চাও ?

সুমিত্রা । মহারাজ, ধর্ম সাক্ষী করে আমি কি তোমার সহধর্মিণী হই নি । রাজ্যের পাপ যে মুহূর্তে তোমাকে স্পর্শ করে সেই মুহূর্তেই কি আমাকেও স্পর্শ করে না ।

বিক্রম । দেবদত্ত, অভিযোগ কে এনেছে । কার নামে অভিযোগ ।

দেবদত্ত । বৃধকোট থেকে প্রজ্ঞা এসেছে, নাম রত্নেশ্বর, শিলাদিত্যের নামে অভিযোগ ।

বিক্রম । আমাকে লজ্জন করে রানীর কাছে কেন এই অভিযোগ ।

দেবদত্ত । প্রথমে যখন করলে তখন সত্য কথা বলব, তোমার কাছে পূর্বেই অভিযোগ হয়েছে ।

বিক্রম । আমি কি কান দিই নি ।

দেবদত্ত । কান দিয়েছিলে, বলেছিলে বিশ্বাস কর না ।

বিক্রম । সেই তো বিচার । অমাত্যের নামে মিথ্যা অপবাদ দিলে তারও বিচার রাজাকে করতে হবে না ? জান শিলাদিত্যের 'পরে যে ভার আছে সে অতি কঠিন । প্রত্যন্তদেশের সীমা রক্ষা করতে হয় তাকেই ।

দেবদত্ত । রাজার প্রতিনিধিরূপে ধর্মরক্ষা করাও তারই কাজ ।

বিক্রম । কে বললে সে তা করে নি ।

দেবদত্ত । তোমার নিজের অন্তরই বলছে, তাই আমার 'পরে এত রাগ করছ । অভিযোগকারীকে আমিই তোমার কাছে নিয়ে গেছি । মন্ত্রী সাহস করে নি । সেদিন দেখি নি কি বিচারকালে ক্ষণে ক্ষণে তোমার বুকুটি । দণ্ড তোমার কতবার উদ্যত হয়েও দুর্বল দ্বিধায় নিরস্ত হয়েছে সে কথা স্বীকার করবে না ?

বিক্রম । সাবধান ! আমি দুর্বল ! কিসের ভয়ে দুর্বল !

দেবদত্ত । শিলাদিত্যকে যে-শক্তি নিজে দিয়েছ আজ তার প্রতিরোধ করা তোমার নিজের পক্ষেও দুঃসাধ্য— এই কারণেই দ্বিধা । তুমি ওদের ভয় করতে আরম্ভ করেছ— আমাদের ভয় সেইখানেই ।

বিক্রম । অসহ্য তোমার স্পর্ধা ! অনুতাপের দিন তোমার আসন্ন ।

সুমিত্রা । আর্ঘ্যপুত্র, আমাদের দণ্ড দেওয়া সহজ কথা— সেজন্যে রাজশক্তির প্রয়োজন হবে না ।

কিন্তু শিলাদিত্যের বিচার আজই করা চাই ।

বিক্রম । অভিযোগ যার সে কই ?

সুমিত্রা । সে আমি ।

বিক্রম । তুমি ?

সুমিত্রা । যে হতভাগা এসেছিল তাকে পাওয়া যাচ্ছে না ।

বিক্রম । নিজের মিথ্যার ভয়ে সে পালিয়েছে ।

সুমিত্রা । মহারাজ, তুমি নিশ্চয় জান কে তাকে হরণ করেছে ।

বিক্রম । মহারানী, অন্ধ দয়া আর অস্পষ্ট অনুমানের দ্বারা বিচার হয় না ।

রত্নেশ্বরকে নিয়ে নরেশের প্রবেশ

নরেশ । শিলাদিত্যের লোক একে বলপূর্বক ধরে নিয়ে যাচ্ছিল রাজদ্বারের সম্মুখ দিয়ে । আমার নিষেধ শুনলে না । তলোয়ার খুলতে হল রাজা আছেন এই কথা এদের স্মরণ করিয়ে দিতে ।

বিক্রম । কেন ওকে ধরে নিয়ে যাচ্ছিল ।

নরেশ । বললে শিলাদিত্যের আদেশ । সে আদেশের উপরে তোমার আদেশ কী, সেইটে শোনবার জন্যে অপেক্ষা করছি ।

রত্নেশ্বর । মহারানী, আমার রক্ষা নেই সে আমি জানি, কিন্তু বিচার চাই— সে বিচার আজই যেন হয়, তোমার সামনেই যেন হয়, দোহাই তোমার ।

সুমিত্রা । মূঢ়, ঐ যে মহারাজ আছেন, ওঁকে জানাও তোমার অভিযোগ ।

রত্নেশ্বর । মহারাজ, মর্মঘাতী দুঃখ আমাদের— সে দুঃখ বাধা মানবে না, বিলম্ব সহিবে না, মৃত্যুযন্ত্রণার চেয়ে সে প্রবল ।

বিক্রম । চূপ কর ! দেবদত্ত, কে এদের এমন করে প্রভ্রয় দিচ্ছে । এরা বলপূর্বক আমার কাছ থেকে বিচার কেড়ে নিতে চায় ? দ্বারী কোথায় ।

দ্বারীর প্রবেশ

দ্বারী । কী মহারাজ ।

বিক্রম । একে প্রহরীশালায় নিয়ে রাখো । কাল বিচার হবে ।

দ্বারী । যে আদেশ ।

রত্নেশ্বর । মহারানী, আমার আজকের দিন গেল, কালকের দিনকে বিশ্বাস নেই । ঝাঁচি আর মরি আমার যা-হয় হোক, কিন্তু প্রজার অভিযোগ তোমার পায়ে রেখে গেলুম, তোমাকে সে তুলে নিতে হবে । আমি বিদায় নিলুম ।

সুমিত্রা । মনে রইল রত্নেশ্বর ।

[দ্বারী ও রত্নেশ্বরের প্রস্থান]

নরেশ । মহারাজ, মন্ত্রী আমাকে দিয়ে কিছু সংবাদ পাঠিয়েছেন— আশু মন্ত্রণার আবশ্যিক ।

বিক্রম । তোমরা একটার পর আর-একটা উৎপাত নিজে সাজিয়ে আনছ ।

নরেশ । উৎপাত সৃষ্টি করতে পারি এত শক্তি আমাদের আছে ?

বিক্রম । সৃষ্টি করবার দরকার নেই । সত্যযুগেও রাজ্যে উৎপাতের অভাব ছিল না । কিন্তু উৎপাত ছড়িয়ে থাকে দেশে ও কালে । তোমরা তাদের আজই একদিনের মধ্যে পুঞ্জিত করে সাজিয়েছ । যে-সমস্ত প্রমাণ তোমাদের মিত্রদের বেলায় থাকে বিক্ষিপ্ত, তোমাদের শত্রুদের বেলা আজ তোমরা সেইগুলোকে সংহত করে কালো করে আমার সামনে ধরতে চাও— আজ উৎসবদিনের আলোর উপরে এই কালীমূর্তিকে ঠাড়া করিয়ে কেবল এই কথাটা বলতে চাও, যে, তোমাদেরই জিত হল । তোমাদের এই সাজিয়ে-তোলা বিভীষিকার কাছে আমি হার মানব না এ কথা নিশ্চয় জেনো । উৎপাতের সংবাদ আছে, থাক-না, নিশ্চয়ই সে আগামী কাল পর্যন্ত অপেক্ষা করতে পারে ।

নরেশ । অপেক্ষা করতে নিশ্চয় পারে, মহারাজ, কিন্তু আজ যা সংবাদ আছে কাল তা সংকট হয়ে দাঁড়ায় । তবে যাই, মন্ত্রীকে জানাই গে ।

বিক্রম । ওরা আমার প্রিয়পাত্র, ওদের প্রতি আমার পক্ষপাত, ওদের বিচার আমি করতে পারি নে, ওদের শাস্তি দিতে আমি অক্ষম— তোমাদের এ-সব কথা মিথ্যা, মিথ্যা । দণ্ডের যারা যোগ্য তাদের যখন দণ্ড দেব তখন ভয়ে স্তব্ধ হয়ে যাবে । ক্ষীণ দুর্বল তোমরাই, কর্তব্যের তোমরা কী জান ! ক্ষমার দয়ায় অশ্রদ্ধলে তোমাদের কর্তব্যবুদ্ধি পঙ্কিল— তোমরা বিচার করবার স্পর্ধা কর ! সময় আসবে, বিচার করব, কিন্তু তোমাদের ঐ কাল্মা শুনে নয় । মহারানী, তুমি কোথায় চলেছ । যেয়ো না, ধামো ।

সুমিত্রা । এমন আদেশ কোরো না । চলো রাজকুমার, ঐ লতাভিতানে, মন্ত্রী কী সংবাদ পাঠিয়েছেন শুনতে চাই ।

বিক্রম । মহারানী, তোমার এই প্রচ্ছন্ন অবজ্ঞা আমার কর্তব্যকে আরো অসাধ্য করে তুলছে । শুনে যাও— আমি আদেশ করছি । ফিরে এসো ।

সুমিত্রা । কী, বলো ।

বিক্রম । তুমি আমাকে চিনতে পারলে না— তোমার হৃদয় নেই, নারী ! শংকরের তাণ্ডবকে উপেক্ষা করতে পারি কি । সে তো অশ্রার নৃত্য নয় । আমার প্রেম, এ প্রকাণ্ড, এ প্রচণ্ড, এতে আছে আমার শৌর্য— আমার রাজপ্রতাপের চেয়ে এ ছোটো নয় । তুমি যদি এর মহিমাকে স্বীকার করতে পারতে তা হলে সব সহজ হত । ধর্মশাস্ত্র পড়েছ তুমি, ধর্মভীরু— কর্মদাসের কাঁধের উপর কর্তব্যের বোঝা চাপানোকেই মহৎ বলে গণ্য করা তোমার গুরু শিক্ষা । ভুলে যাও, তোমার ঐ কানে মন্ত্রণালো । যে আদিশক্তির বন্যার উপরে ফেনিয়ে চলেছে সৃষ্টির বুদ্ধবুদ্ধ, সেই শক্তির বিপুল তরঙ্গ আমার প্রেমে— তাকে দেখো, তাকে প্রণাম করো, তার কাছে তোমার কর্ম অকর্মনির্ধাষন সমস্ত

ভাসিয়ে দাও, একেই বলে মুক্তি, একেই বলে প্রলয়, এতেই আনে জীবনে যুগান্তর ।

সুমিত্রা । সাহস নেই মহারাজ, সাহস নেই ! তোমার প্রেম তোমার প্রেমের পাত্রকে অনেক দূরে ছাড়িয়ে গেছে— আমি তার কাছে অত্যন্ত ছোটো । তোমার চিন্তসমূহে যে ডুকান উঠেছে তাতে পাড়ি পেলার মতো আমার এ তরী নয়— উন্মত্ত হয়ে যদি ভাসিয়ে দিই তবে মুহূর্তে এ যাবে তলিয়ে । আমার স্থিতি তোমার প্রজাদের কল্যাণলক্ষীর দ্বারে— সেখানকার খুলির 'পরেও যদি আসন দিতে, আমার লজ্জা দূর হত । তোমার নিজের তরঙ্গগর্জনে তোমার কর্ণ বধির, কেমন করে জানবে কী নিদারুণ দুঃখ তোমার চার দিকে । কত মর্মভেদী কামার প্রতিধ্বনি দিনরাত্রি আমার চিন্তকুহরে কুঁক হয়ে বেড়াচ্ছে তোমাকে তা বোঝাবার আশা ছেড়ে দিয়েছি । যখন চার দিকেই সবাই বঞ্চিত তখন আমাকে তুমি যত বড়ো সম্পদই দাও, তাতে আমার রুচি হয় না । চলো রাজকুমার, মন্ত্রী কী আবেদন করছেন আমাকে বলবে চলো ।

বিক্রম । শোনো নরেশ, কী সংবাদ এনেছ বলো আমাকে ।

নরেশ । মহারাজ যুধাজিৎকে পদত্যাগের আদেশ করেছিলেন, সে তো একেবারেই শোনে নি । এদের পরস্পরের মধ্যে একটা যোগ হয়েছে বলে বোধ হচ্ছে ।

বিক্রম । কিসে বোধ হল ।

নরেশ । শিলাদিত্যকে যে মুহূর্তে মহারানী আহ্বান করে পাঠালেন তার পরমুহূর্তেই সে রাজধানী থেকে চলে গেল । মহারানীর আদেশ গ্রাহ্যই করলে না ।

বিক্রম । আবার সংকট বাধিয়েছ ? রাজকার্যে কেন হাত দিতে গেল, মহারানী ।

সুমিত্রা । রাজকার্য নয়, আত্মীয়ের কর্তব্য । জালঙ্কারের কিছুতে আমার অধিকার না যদি থাকে কাশ্মীরের দায়িত্ব আছে আমার ।

বিক্রম । সম্মানী লোকের অভিমানে আঘাত করে অসম্মান যদি ফিরে পেয়ে থাক কাকে দোষ দেবে ?

সুমিত্রা । আত্মীয় যদি আত্মীয়ের অমর্যাদা করে থাকে তা নিয়ে আমার অভিযোগ নেই । তবে যে অপরাধ রাজার বিরুদ্ধে, তোমার প্রজার হয়ে তারই বিচার আমি চাই ।

বিক্রম । বিচার যদি চাও তবে প্রথমে যুদ্ধ করতে হবে ।

সুমিত্রা । হ্যাঁ, যুদ্ধই করতে হবে ।

বিক্রম । যুদ্ধ ! সে তো নারীর মুখের কথা নয় ।

সুমিত্রা । নারীর বাহুর সাহায্য যদি চাও তো প্রস্তুত আছি ।

বিক্রম । দেখো প্রিয়ে, জয়ের অভিপ্রায়েই যুদ্ধ, আশ্ফালনের জন্যে নয় । এতে সময় এবং সুযোগের অপেক্ষা আছে ।

সুমিত্রা । রাজকুমার নরেশ, তোমাকে জিজ্ঞাসা করি, দুর্বৃত্তদের হাত থেকে প্রজাদের বাঁচাবার কোনো পথই নেই ?

বিক্রম । মহারানী, মনে রেখো দয়ার অবিচারেও অন্যায় আছে । প্রজাদের 'পরে অত্যাচার হচ্ছে এও যেমন অত্যাচার, অন্যায়কারীদের শাসন আমার পক্ষে অসাধ্য এও তেমনি অপ্রত্যাশিত । এ-সব কথা তোমার সঙ্গেও নয় এবং আজও নয় । দেবদত্ত, পৌরোহিত্য তুমি রাজার কাছ থেকে পাও নি— ত্রিবেদী পুরোহিত । আজ তার অবকাশ নেই, পূজা কাল হবে । রাজার কার্যে বা পূজার কার্যে যদি অনধিকার হস্তক্ষেপ কর তবে তোমার 'পরে রাজার হস্তক্ষেপ প্রীতিকর হবে না । মহারানী, উৎসবের বেশ তুমি এখনো পর নি । যাও, রাজার আদেশ, এখনই বেশ পরিবর্তন করো গে । এ তো রাজধানীর বেশ—

সুমিত্রা । তাই করব মহারাজ, তাই করব, বেশ পরিবর্তন করব । ধিক এই রাজ্য ! ধিক আমি এ রাজ্যের রানী !

দেবদত্ত । মহারাজ, আমিও যাচ্ছি । কিন্তু একটা অপ্রিয় কথা বলে যাব । নির্বিচারে বেদিন ঐ কাশ্মীরীদের হাতে ক্ষমতা দিলে সেদিন রাজ্যে বিদ্রোহের সূচনা হয়েছিল । কত লোকের প্রাণদণ্ড হল, কত লোকের নির্বাসন । কত অভিজাত বংশের সম্মানী লোক অন্য রাজ্যে আশ্রয় নিলে । এত বাধা পেয়েছিলে বলেই আত্মাভিমানের তাড়নায় তোমার নির্বন্ধ এমন দুর্ধর্ষ হয়েছিল ।

বিক্রম । দেবদত্ত, এই ইতিবৃত্ত আবৃত্ত করবার কী প্রয়োজন হয়েছে ।

দেবদত্ত । মহারাজ, আমার আর কিছু সাধ্য নেই, আমি কেবল পারি বিপদ সামনে রেখে অপ্রিয় কথা তোমাকে শোনাতে । একদিন কেবলমাত্র অস্ত্রের যুক্তিতে প্রমাণ করতে চেয়েছিলে যে, এ রাজ্যে সকলেই ভুল করছে কেবল তুমি ছাড়া । বহু কষ্ট ছেদন করে রাজ্যের কষ্টরোধ করেছিলে । এতবড়ো প্রকাশ্য অহংকারের প্রমাদ সংশোধন পরিশেষে তোমার পক্ষে দুঃসাধ্য হবে এ আমি জানি । সুতরাং স্বয়ং বিধাতাকে নিতে হল সেই ভার ।

বিক্রম । এ কথার সহজ অর্থ, তোমরা বিদ্রোহ করবে ?

দেবদত্ত । তুমি জান সে আমার অসাধ্য— দেবতা হয়েছেন বিদ্রোহী, রাজ্যে দুর্যোগ এল, কঠিন দুঃখে এর অবসান ।

বিক্রম । দেবতার নাম নিচ্ছ আমাকে ভয় দেখাতে ?

দেবদত্ত । মহারাজ, তোমাকে ভয় দেখানো কি একটা খেলা । তোমার ভয় আমাদের পক্ষে সব চেয়ে ভয়ংকর । তোলো তোমার দণ্ড, প্রথম আঘাত পড়ুক আমাদের 'পরে যারা তোমার একান্ত আপন্যার । তোমার অন্যায়কে যারা নিজের লজ্জা করে নিয়েছে, তোমারে ক্রোধকে দুঃখরূপে নিক তারা মাথায় করে । দাও দণ্ড আমাকে ।

বিক্রম । যদি নাই দিই ?

দেবদত্ত । অগ্রসর হয়ে নেব । আজ আমাদের জন্যে আরাম নেই, সম্মান নেই । যাও মহারাজ, তুমি উৎসব করো । আমাকে রুদ্রভৈরবের পূজা করতেই হবে । মন্দিরে প্রবেশ করতে নাই দিলে— তাঁর পূজার আহ্বান আজ শুনে পাচ্ছি সর্বত্র এই রাজ্যের বাতাসে ।

বিক্রম । স্পষ্ট কথার ছলে আমাকে অপমান করতে চাও, আমার কথাও একদিন অত্যন্ত স্পষ্ট হয়ে উঠবে— বিলম্ব নেই ।

[উভয়ের প্রস্থান]

বিপাশার প্রবেশ

বিপাশা । শোনো শোনো, রাজকুমার শোনো ।

নরেশের প্রবেশ

নরেশ । কী বলো ।

বিপাশা । এই মালা তোমার, বীরের কণ্ঠের যোগ্য ।

নরেশ । পরিচয় পেয়েছ ?

বিপাশা । পেয়েছি ।

নরেশ । এত সহজে ?

বিপাশা । আমি অনাগতকে দেখতে পাচ্ছি ।

নরেশ । কী দেখতে পেলো ।

বিপাশা । জালজ্বরের রানীর সম্মান তুমি উদ্ধার করবে । চূপ করে রইলে কেন কুমার ।

নরেশ । কথা বলবার সময় এখনো আসে নি ।

বিপাশা । আমি বলি কথা বলবার সময় এখন চলে গেছে ।

গান

আলোক-চোরা লুকিয়ে এল ওই,
 তিমিরজয়ী বীর, তোরা আজ কই ।
 এই কুয়াশা-জয়ের দীক্ষা
 কাহার কাছে লই ।
 মলিন হল শুভ্র বরন,
 অরুণ সোনা করল হরণ,
 লজ্জা পেয়ে নীরব হল
 উষা জ্যোতির্ময়ী ।
 সুপ্তিসাগর-তীর বেয়ে সে
 এসেছে মুখ ঢেকে,
 অঙ্গে কালি মেখে ।
 রবির রশ্মি, কই গো তোরা,
 কোথায় আধার-হেদন ছোরা,
 উদয়শৈলশৃঙ্গ হতে
 বল্ মাভৈঃ মাভৈঃ ॥

নরেশ । এ গান কোথায় পেলো বিপাশা ?

বিপাশা । কাশ্মীরে মার্ত্তওদেবের মন্দিরে আমরা এ গান গাই হেমন্তে গিরিশিখরে যখন আলোকরাজ্যে অরাজকতা আসে ।

নরেশ । এ গান আমাকে শোনালে যে ?

বিপাশা । এখানকার ক্লিষ্ট আকাশে তুমিই আলোকের দূত । যাক মীনকেতুর বেদী ভেঙে, সেখানে তোমার আসন ধরবে না, রুদ্রভৈরবের নির্মাল্য আনব তোমার জন্যে । এখানে তিনি ভৈরব, কাশ্মীরে তিনিই মার্ত্তও, সেই দেবতাকে প্রসন্ন করে বীর । আজ সকালে আর্তব্রাহ্মণের জন্যে যে কৃপাণ খুলেছিলে একবার দাও আমার হাতে । (তলোয়ার কপালে ঠেকিয়ে) রুদ্রের তৃতীয় চক্রতে তুমিই অগ্নি, প্রভাতমার্ত্তওের দীপ্ত দৃষ্টিতে তুমিই রৌদ্রচ্ছটা, বীরের হাতে তুমি কৃপাণ, তোমাকে নমস্কার ।

জাগো হে রুদ্র জাগো ।
 সুপ্তিজড়িত তিমিরজাল
 সহে না সহে না গো ।
 এসো নিরুদ্ধ দ্বারে
 বিমুক্ত করো তারে,
 'তনুমনপ্রাণ ধনজনমান
 হে মহাভিক্ষু মাগো ॥

রাজকুমার, ঐ দেখো !

নরেশ । সেই আমার পদ্যের কুড়ি ! এখনো রেখেছ ?

বিপাশা । এ আজ কথা কয়েছে— কাশ্মীরের হৃদয় জেগেছে এর মধ্যে ।

নরেশ । ঐ আসছেন মন্ত্রী সঙ্গে রাজা । আমাকে হয়তো প্রয়োজন আছে— তুমি মন্দির-প্রাক্ষণে অপেক্ষা করো ।

বিক্রম ও মন্ত্রীর প্রবেশ

বিক্রম । প্রজারা বিদ্রোহী ? কোথায় ।

মন্ত্রী । বৃধকোটে সিংহগড়ে ।

বিক্রম । কুমার কথা বোলো না । অক্ষয়ের স্পর্ধা সব চেয়ে কুমার অযোগ্য ।

নরেশ । বস্তুত ওদের বিদ্রোহ বিদেশী সামন্তদের বিরুদ্ধে ।

বিক্রম । তারা কি আমার প্রতিনিধি নয় ।

নরেশ । তখন নয় যখন তারা নিজের স্বার্থ দেখে, প্রজার নয়, রাজার নয় । আমাকে আদেশ করো আমি প্রজাদের শাস্ত করে আসি ।

বিক্রম । তুমি ! আমার শাসন আলগা করেছ তোমরাই । প্রজাদের প্রশ্নে মহারানীর সঙ্গে যোগ দিয়েছ তুমিই, বিদেশীর প্রতি ঈর্ষা তোমার মতো এমন স্পষ্ট করে প্রকাশ করতে কেউ সাহস করে নি । প্রতিহারী, মহারানী কোথায় । আমার আহ্বান এখনই তাঁকে জানাও গে । তিনি শুনুন তাঁর দয়াদৃশ প্রজারা আজ বিদ্রোহ করেছে— ভীক্রুরা বিদ্রোহ করতে সাহস করেছে তাঁর ভরসায় । কিন্তু তিনি ওদের বাঁচাতে পারবেন ? বিচার সর্বাগ্রে তাঁকেই গ্রহণ করতে হবে । এখনই, এখানেই । মন্ত্রী, তোমরা অপবাদ দিয়ে এসেছ আমার চিত্ত দুর্বল, রানীর প্রতি অন্ধ আমার প্রেম । আজ দেখাব তোমরা ভুল করেছ । তোমাদের মহারানীরও বিচার হবে । নির্বাসন দিতে পারি নে ভাবছ ? আমাদের বংশ রামচন্দ্রের, সূর্যবংশ ।

মন্ত্রী । মহারাজ ।

বিক্রম । কী, বোলো । স্তব্ধ হয়ে রইলে কেন ?

মন্ত্রী । সামন্তরাজদের সৈন্যদল নিকটবর্তী । শিলাদিত্য তাদের সেনাপতি ।

বিক্রম । সিংহাসনের প্রতি লক্ষ ?

মন্ত্রী । হাঁ মহারাজ ।

বিক্রম । প্রতিরোধের কী ব্যবস্থা করেছ ।

মন্ত্রী । সৈন্য প্রস্তুত নেই, তাদের সকলকে বিশ্বাস করাও কঠিন ।

নরেশ । আমাকে ভার দিন মহারাজ । দ্বিধা করবার সময় নেই । আমি সৈন্য প্রস্তুত করি গে ।

বিক্রম । প্রতিহারী, মহারানী কোথায় ।

প্রতিহারী । তিনি অন্তঃপুরে নেই ।

বিক্রম । কোথায় তিনি । ভৈরবমন্দিরে ?

প্রতিহারী । সেখানে দর্শন পাই নি ।

বিক্রম । কোথায় তবে ।

প্রতিহারী । দ্বারপাল বলে, ঘোড়ায় চড়ে তিনি উত্তরের পথে চলে গেছেন ।

বিক্রম । অর্ধ কী । রাজকুমার, তুমি নিশ্চয় জান কোথায় গেছেন তিনি ।

নরেশ । কিছুই জানি নে মহারাজ ।

বিক্রম । চলে গেছেন ? বিদ্রোহী প্রজাদের উত্তেজিত করতে ? ফিরিয়ে নিয়ে এসো, ধরে নিয়ে এসো, বেঁধে নিয়ে এসো শৃঙ্খল দিয়ে— স্বৈরিণী !

নরেশ । এমন কথা মুখে আনবেন না । আমরা সইতে পারব না ।

বিক্রম । মুঞ্চ আমি ! ধিক আমাকে ! অন্ধ, দেখতেই পাই নি, সিংহাসনের আড়ালে বসে কাশ্মীরের কন্যা চক্রান্ত করছিলেন । স্ত্রীলোককে বিশ্বাস নেই, বিশ্বাস নেই । অন্তঃপুরে ওকে কে রাখবে ! কারাগার চাই !

নরেশ । এমন পাপ চিন্তা করবেন না, মহারাজ !

বিক্রম । তোমরা সবাই আছ এর মধ্যে । তুমিও আছ, নিশ্চয় আছ । চলে গেছেন ! আগে তোমাদের দণ্ড দিয়ে তবে আমার অন্য কাজ । দেবদত্ত কোথায় । কোথায় সেই বিশ্বাসঘাতক ।

মন্ত্রী । বৃথা চঞ্চল হবেন না, মহারাজ । মহারানী মনকে শান্ত করতে গেছেন, নিশ্চয় আপনিই ফিরে আসবেন । অধীর হয়ে তাঁকে অপমান করলে চিরদিনের মতো তাঁকে আমরা হারাণ ।

বিক্রম । ফিরে আসবেন সে কি আমি জানি নে ? আমাকে কেবল স্পর্ধা দেখিয়ে গেলেন । মনে করেছেন তাঁকে কাকুতি মিনতি করে ফেরাব । ভুল মনে করেছেন । আমাকে এমনি কাপুরুষ বলেই জানেন বটে ! আমার পরিচয় পান নি । নিষ্ঠুর হবার প্রচণ্ড শক্তি আমার আছে । আমাকে ভয় করতে হবে— এইবার তা বুঝবেন ।

দূতের প্রবেশ

দূত । উত্তরপথ থেকে মহারানীর এই পত্র ।

বিক্রম । (পত্র পড়তে পড়তে) রাজকুমার নরেশ, সুমিত্রা এ-সব কী লিখেছেন । এর কী মানে ।— “বিবাহের পূর্বে একদিন রুদ্রভৈরবকে আত্মনিবেদন করতে গিয়েছিলেম । তাঁরই বলি ফিরিয়ে নিয়ে এসে দিলেম তোমাকে, তোমার রাজ্যকে । ব্যর্থ হল, তুমিও পেলেন না, তোমার রাজ্যও পেতে বাধা পেল ।”

নরেশ । মহারাজ, তুমি তো জান, মহারানী আশুনে ঝাপ দিতে গিয়েছিলেন, পুরবাসীরা ফিরিয়ে এনে তোমার হাতে দিলেন ।

বিক্রম । সেই আশুনে যে সঙ্গে আনলেন, দণ্ড করলেন আমাকে । এই লও নরেশ, পড়ো, আমার চোখে অক্ষরগুলি নৃত্য করছে, আমি পড়তে পারছি নে !

নরেশ । মহারানী লিখছেন, “আমি ঋণ কাছ নিবেদিত তাঁকে তাঁর অর্ঘ্য ফিরিয়ে দিতে চললেম । কাশ্মীরে ধ্রুবতীর্থে মার্তণ্ডদেব আমাকে গ্রহণ করবেন । রূপ দিয়ে তোমাকে তৃপ্ত করতে পারি নি, শুভকামনা দিয়ে তোমার রাজ্যের অকল্যাণ দূর করতে পারলুম না । যদি আমার তপস্যা সার্থক হয়, যদি দেবতাকে প্রসন্ন করি তবে দূর হতে তোমাদের মঙ্গল করতে পারব । আমাকে কামনা কোরো না, এই তোমার কাছে আমার শেষ নিবেদন । আমাকে ত্যাগ করো, তোমাদের শান্তি হোক ।”

বিক্রম । দেন নি, তিনি কিছুই দেন নি, সমস্ত ঋণ ! রানী যে সুধা এনেছে আমার দীনতম প্রজারও ঘরে, আমি রাজ্যেশ্বর তার কণাও পাই নি— আমার দিন রাত্রি তৃষ্ণায় শুকিয়ে গেছে, সুধাসমুদ্রের তীরে বসে । নরেশ, আজ আমাকে কী করতে হবে বলো, আমি মন স্থির করতে পারছি নে ।

নরেশ । মহারাজ, আমার কথা শোনো, তাঁকে ফিরিয়ে আনবার চেষ্টা কোরো না ।

বিক্রম । কী বললে ! করব না চেষ্টা ! বিশ্বের সামনে আমার পৌরুষ ধিক্কৃত হবে ! আনো আগে তাঁকে ফিরিয়ে, তার পর সর্বসমক্ষে তাঁকে ত্যাগ করব । রাষ্ট্রপালকে বলো তাঁকে আনুক বন্দী করে ।

নরেশ । হবে না মহারাজ, সে হবে না, আমার প্রাণ থাকতে সে হতে দেব না ।

বিক্রম । বিদ্রোহ ?

নরেশ । হাঁ বিদ্রোহ ! তুমি আত্মবিশ্বস্ত, তোমার অনুমোদন করে তোমার অবমাননা করতে পারব না । তোমার রাজ্যসীমা অতিক্রম করতে এখনো তাঁর তিন-চার দিন লাগবে । আমি নিজে যাব তাঁকে ফিরিয়ে আনতে ।

বিক্রম । যাও, তবে এখনই যাও, শীঘ্র যাও ।

[নরেশের প্রস্থান

মন্ত্রী, তুমি ভাবছ, তাঁকে ক্ষমা করে ফিরিয়ে আনছি । একেবারেই নয় । রাজবিদ্রোহিণী তিনি, আমি নিজেই দিতেম তাঁকে নির্বাসন । আমার দণ্ড এড়িয়ে তিনি পালাচ্ছেন, এই আমার ক্ষোভ ।

মন্ত্রী । মহারাজ, তাঁকে দণ্ড দেবার কথা বলে আমাদের সকলকে দুঃখ দিচ্ছেন । তিনি কাছে আসলেই দেখতে পাবেন তাঁকে দণ্ড দেবার সাধ্য আপনার নেই ।

বিক্রম । তা হতে পারে, আমি মুগ্ধ । এ মোহপাশ যাক, যাক ছিন্ন হয়ে, আমি আনব না তাঁকে আমার কাছে । প্রতিহারী, রাজকুমার নরেশকে শীঘ্র ফিরিয়ে আনো । যেতে দাও, যেতে দাও, কাশ্মীরের কন্যাকে কাশ্মীরে ফিরে যেতে দাও ।

মন্ত্রী । দাসের অনুনয় শুনুন মহারাজ । রাজকুমার নরেশ তাঁকে ফিরিয়ে আনুন, তার পরে আজকের

দিনের এই কতবেদনা ভুলতে দেরি হবে না।

বিক্রম। মিনতি করে ফিরিয়ে আনা নয়, নয়, কিছুতেই নয়। একদিন যুদ্ধ করে তাঁকে জালঙ্করে এনেছি, পুনর্বার যুদ্ধ করেই তাঁকে জালঙ্করে ফিরিয়ে আনব।

মন্ত্রী। যুদ্ধ করে ?

বিক্রম। হাঁ, যুদ্ধ করেই। কাশ্মীরের অভিমানে কাশ্মীরে চলেছেন— জালঙ্করের অপমান ঘোষণা করবেন ! পদানত ধূলিশায়ী কাশ্মীরের চোখের উপর দিয়ে নিয়ে আসব তাঁকে বন্দিনী করে, যেমন করে দাসীকে নিয়ে আসে। এই কাশ্মীরের স্পর্ধা মনের মধ্যে গোপনে পোষণ করে এতদিন আমাকে উপেক্ষা করেছেন। এবার তলোয়ার দিয়ে তার মূল উৎপাটিত করে তবে আমি শান্তি পাব। মন্ত্রী, বৃথা তর্কের চেষ্টা কোরো না— এই মুহূর্তে সৈন্য প্রস্তুত করতে বলো গে।

মন্ত্রী। মহারাজ, ইতিমধ্যে তবে কি বিনা বাধায় বিদ্রোহী সামন্তরাজদের দেবে রাজ্য অধিকার করতে।

বিক্রম। না।

মন্ত্রী। তা হলে আপাতত এদের সঙ্গে যুদ্ধ সেরে তবে অন্য কথা।

বিক্রম। যুদ্ধ নয়।

মন্ত্রী। তবে ?

বিক্রম। সন্ধি।

মন্ত্রী। মহারাজ কী বললেন, সন্ধি ?

বিক্রম। হাঁ, সন্ধি করব। ওরাই হবে কাশ্মীর অভিযানে আমার সঙ্গী।

মন্ত্রী। সন্ধি করবে ! মহারাজ, স্কোভের মুখেই এমন কথা বলছ।

বিক্রম। তোমার মন্ত্রণা দেবার সময় চলে গেছে। এখন বিনা বিচারে আমার আদেশ পালন করো।

মন্ত্রী। তবু বলতে হবে। যা সংকল্প করেছ তাতে রাজ্যের সমস্ত প্রজা উন্মত্ত হয়ে উঠবে।

বিক্রম। উন্মত্ততা গোপন থাকলে স্থায়ী হয়ে থাকে— উন্মত্ততা প্রকাশ হলে তাকে দমন করা সহজ। সেজন্যে আমার কোনো চিন্তা নেই। দূতকে ডেকে পাঠাও। [উভয়ের প্রস্থান

কন্দর্পের পুষ্পমূর্তি ও পূজোপকরণ নিয়ে বিপাশা ও তরুণীগণের প্রবেশ

বিপাশা।

গান

বকুলগন্ধে বন্যা এল দখিন হাওয়ার স্রোতে।

পুষ্পধনু, ভাসাও তরী নন্দনতীর হতে।

মহারাজা বলেছিলেন এইখান থেকে যাত্রারস্ত্র হবে। মাধবীবিতানে তিনি আমাদের সঙ্গে যাবেন। কই, তাঁকে তো দেখছি নে।

প্রথমা। আমাদের গান শুনে পেলেই দেখা দেবেন।

গান। অনুবৃষ্টি

পলাশকলি দিকে দিকে

তোমার আখর দিল লিখে,

চঞ্চলতা জাগিয়ে দিল অরণ্যে পর্বতে।

দ্বিতীয়া। কিন্তু মহারাজ তো এলেন না— গোধূলিলগ্ন বয়ে যাচ্ছে। ঐ তো দিগন্তে চাঁদের রেখা দেখা দিল।

বিপাশা। লগ্ন এলেই কী আর গেলেই কী, আমাদের তাতে কী আসে যায়। গান থামাস নে। মহারাজ বলেছেন উৎসবকে জাগিয়ে রাখতে, একটুও যেন মিয়মাণ না হয়।

গান । অনুবৃষ্টি

আকাশপারে পেতে আছে একলা আসনখানি,—
 নিত্যকালের সেই বিরহীর জাগল আশার বাণী ।
 পাতায় পাতায় ঘাসে ঘাসে
 নবীন প্রাণের পত্র আসে,
 পলাশ-জ্বায় কনকচাপায় অশোকে অশ্বখে ॥

বিক্রমের প্রবেশ

বিপাশা । মহারাজ, সময় হয়েছে ।
 বিক্রম । হাঁ সময় হয়েছে— এবার ফেলে দাও এ-সব, দলে ফেলে দাও ধুলোয় ।
 প্রথমা । মহারাজ কী করলেন, এ-যে দেবতার মূর্তি ।
 বিক্রম । এমন অক্ষয়, এমন ব্যর্থ, এমন মিথ্যা, ওকে বল দেবতা ! বিড়ম্বনা ! এই আমি ওকে
 পায়ের তলায় দলছি । স্বামী !
 স্বামী । কী মহারাজ ।
 বিক্রম । নিবিয়ে দিতে বলে দাও এই-সব আলোর মালা । স্বামীর কাছে বাজিয়ে দাও রণভেরী ।
 [রাজা ও ভরুণীগণের প্রস্থান]

নরেশের প্রবেশ

নরেশ । বিপাশা, শুনে যাও ।
 বিপাশা । কী, বলো ।
 নরেশ । চলে গেলেন ।
 বিপাশা । কে চলে গেলেন ।
 নরেশ । আমাদের মহারানী ।
 বিপাশা । কোথায় চলে গেলেন ।
 নরেশ । জান না তুমি ?
 বিপাশা । না ।
 নরেশ । তিনি গেছেন একলা ঘোড়ায় চড়ে কান্দীরের পথে ।
 বিপাশা । বলো বলো, সব কথাটা বলো ।
 নরেশ । পত্র পাঠিয়েছেন তিনি আর ফিরবেন না । ধুবতীরে মার্ত্তণ্ডমন্দিরে আশ্রয় নেবেন ।
 বিপাশা । আহা, কী আনন্দ । মুক্তি এতদিন পরে !
 নরেশ । বিপাশা, তাঁকে তো বাধতে কেউ পারে নি ।
 বিপাশা । শিকল পরাতে পারে নি, খাঁচায় রেখেছিল । পাখা বাধিয়ে দিয়েছিল সোনা দিয়ে । ধরতে
 গিয়ে তাঁকে হারাল । এই হারানোর কী অপূর্ব মহিমা । সূর্যাস্তরশ্মির পশ্চিমযাত্রা । কিন্তু এই অক্ষর কি
 এর পূণ্যরূপের ছটা দেখতে পেলে ।
 নরেশ । আমরা যাব তাঁকে কেন্নাতে । এতক্ষণে তিনি গেছেন নন্দীগড়ের মাঠের কাছে ।
 বিপাশা । যেয়ো না যেয়ো না, তিনি তোমাদের নন ; তাঁকে পাও নি, পাবেও না । আজ
 ভাঙা-উৎসবের ভিতর দিয়ে তিনি ছাড়া পেলেন পাষাণের বুকফাটা নিষ্করের মতো ।

গান

প্রলয়-নাচন নাচলে যখন আপন ভুলে
 হে নটরাজ, জটার বাধন পড়ল খুলে ।

জাহ্নবী তাই মুক্তধারায়
 উন্মাদিনী দিশা হারায়
 সংগীতে তার তরঙ্গদল উঠল দুলে ।
 রবির আলো সাড়া দিল আকাশপারে ।
 শুনিয়ে দিল অভয়বাণী ঘরছাড়ারে ।
 আপন স্রোতে আপনি মাতে,
 সাধি হল আপন সাথে,
 সবহারা সে সব পেল তার কূলে কূলে ॥

এই গান আমরা পাহাড়ে গাই বসন্তে যখন বরফ গলতে থাকে, বরনাগুলো বেরিয়ে পড়ে পথে-পথে । এই তো তার সময়— ফাল্গুনের স্পর্শ লেগেছে পাহাড়ের শিখরে শিখরে, হিমালয়ের মৌন গেছে ভেঙে ।

নরেশ । খুব খুশি হয়েছে, বিপাশা ?

বিপাশা । খুব খুশি আমি ।

নরেশ । কোনো দুঃখই বাজছে না তোমার মনে ?

বিপাশা । এমন সুখ কোথায় পাব, কুমার, যাতে কোনো দুঃখ নেই ।

নরেশ । বন্ধন তো কাটল, এখন তুমি কী করবে ।

বিপাশা । যার সঙ্গে ঘরে ছিলাম তাঁর সঙ্গেই পথে বেরব ।

নরেশ । তোমাকেও আর ফেরাতে পারব না ?

বিপাশা । কী হবে ফিরিয়ে বন্ধু । হয়তো বাঁধতে গিয়ে ভুল করবে-।

নরেশ । আচ্ছা যাও তুমি । আমার মন বলছে, মিলব একদিন । এখানে আমারও স্থান নেই ।

বিপাশা । কেন নেই, কুমার ।

নরেশ । মহারাজ স্থির করেছেন, কাশ্মীরে যুদ্ধযাত্রা করবেন— যুদ্ধে জয় করেই মহারানীকে ফিরিয়ে আনবেন ।

বিপাশা । সেও ভালো । এমনি রাগ করেও যদি রাজার পৌরুষ জাগে তো সেও ভালো ।

নরেশ । ভুল করছ বিপাশা । এ পৌরুষ নয়, এ অসংযম— কৃত্রিয়তেজ একে বলে না । যে উন্মত্ততায় এতদিন আপনাকে বিস্মৃত হতে লজ্জা পান নি এও সেই উন্মাদনারই রূপান্তর । কোনো আকারে মোহমাদকতা চাই, নিজেকে ভুলতেই হবে এই তাঁর প্রকৃতি । মীনকেতুরই কেতনে রক্তের রঙ মাখাতে চলেছেন— কল্যাণ নেই । আমাকেও যেতে হল কাশ্মীরে ।

বিপাশা । লড়াই করতে ?

নরেশ । মহারানীকে এই কথা জানাতে যে, যারা কাশ্মীরে যুদ্ধ করতে এসেছে তারা জালন্ধরের আবর্জনা, তাদের পাপে আমাদের সকলকে যেন তিনি অপরাধী না করেন ।

বিপাশা । যাবে তুমি ? সত্যি যাবে ?

নরেশ । হ্যাঁ, সত্যি যাব ।

বিপাশা । তবে আমিও তোমার পথের পথিক ।

নরেশ । তা হলে এ পথের অবসান যেন কখনো না হয় ।

বিপাশা । তুমি আর ফিরবে না ?

নরেশ । ফেরবার দ্বার বন্ধ । রাজা আমাকে সন্দেহ করতে আরম্ভ করেছেন । অন্ধ সংশয়ের হাতে যেখানে রাজদণ্ড, রাজার বন্ধুদের স্থান সেখান হতে বহুদূরে ।

[উভয়ের প্রস্থান]

৩

কাশ্মীর

১। সর্বনাশ! বল কী!

২। চলো, আর দেরি নয়।

১। ঠিক জান তো?

২। তরাইরে গিয়েছিলুম ভালুকের চামড়া বেচতে— স্বচক্ষে দেখে এলুম জালঙ্করের সৈন্য। আর দেখলুম ধনদ্রব্যকে, চন্দ্রসেনের দূত। দুই পক্ষে বোঝাপড়া চলছে।

১। ওদের পথ আগলানো হবে না?

২। কে আগলাবে। খুড়োমহারাজ নিজের পথ খোলসা করছেন। এবার আমরা প্রজারা মিলে যেদিন যুবরাজকে রাজা করতে দাঁড়িয়েছি, এমনি অদৃষ্ট, ঠিক সেইদিনই এসে পড়ল বিদেশী দস্যু। খুড়োমহারাজ এবার কাশ্মীরের রাজহত্যার উপর জালঙ্করের হস্ত চড়িয়ে সিংহাসনে নিজের অধিকার পাকা করে নিতে চেষ্টা করছেন।

১। কিন্তু দেখো বলভদ্র, এ সংবাদ এখন প্রচার করে অভিব্যেক ভেঙে দিয়ো না। এখানকার অনুষ্ঠান চলতে থাক, রাজ্যের মধ্যেই সমাধা হয়ে যাবে। ইতিমধ্যে আমরা যা করতে পারি করি গে। রণজিৎকে পাঠাও পস্তনে। আর জঠিয়াতে স্বর দাও কাঠুরিয়াপাড়ায়— আমি চললুম রঙ্গীপুরে। ঘোড়া যার যতগুলো পাওয়া যায় ধরে আনা চাই। পাঁচমুড়ির মহাজনদের গমের গোলা আটক করতে হবে— অন্তত দু মাসের যুদ্ধের খোরাক দরকার।

২। এবার আমরা মরি আর বাঁচি ঐ পিশাচের অভিপ্রায় কিছুতেই সিদ্ধ হতে দেব না। কুমারের অভিব্যেক আজ সম্পন্ন হওয়াই চাই। তার পর থেকেই চন্দ্রসেনকে রাজবিদ্রোহী বলে গণ্য করব। ওরে, তোরা তোরণে দেবদাক্ষাখার মালাগুলো শীঘ্র খাটিয়ে দে। ভেরীওয়ালাকে বল-না বাজিয়ে দিতে ভেরী।

১। সবাই এসে জড়ো হোক। এই-যে মহীপাল— তোমাকে অত্যন্ত দরকার।

মহীপাল। কেন, কী হয়েছে।

২। সে কথা এখানে বলা চলবে না। চলো ঐ দিকে। দেরি কোরো না।

১। এইমাত্র একটা স্বর পেয়েছি, চন্দ্রসেন এই দিকে আসছেন। বোধ করি অভিব্যেক ভেঙে দিতে।

২। না, আমার বিশ্বাস, কৌশলে যুবরাজকে সতর্ক করে দিতে। চন্দ্রসেন আর সব করতে পারে কিন্তু কুমারকে ওরা বন্দী করে নিয়ে যাবে এ তিনি কখনোই সহিবেন না। কিন্তু চল, আর দেরি না।

[সকলের প্রস্থান]

আর-এক দল

১। ব্যাপারখানা কী ভাই।

২। আকাশ থেকে পড়লে নাকি।

১। সেইরকমই তো বটে। দুঃখের কথাটা বলি। জান তো পেটের দায়ে একদিন ঢুকেছিলুম খুড়োমহারাজের প্রহরীর দলে। খুব মোটা মাইনে নইলে ঠর কাজে লোক আসতে চায় না। স্ত্রীর গায়ে গহনা চড়ল— কিন্তু লজ্জায় সে ইদারায় জল আনতে যাওয়া বন্ধ করলে। আমাদের পাড়ায় থাকে কুন্দন; সকলের নামে সে ছড়া কাটে। সে আমার নাম দিলে খুড়ো-গণেশের খুড়তুতো ইদুর। শুনে দেশসুন্দ লোক খুব হাসলে, আমি ছাড়া।

৩। বাহবা, ঠিক নামটা বের করেছে তোদের কুন্দন। দেশে খুড়তুতো ইদুরের বাড়াবাড়ি হতে চলল। ঘরের ভিত পর্যন্ত ফুটো করে দিলে রে, দাঁত বসালে সব-তাতেই, এইবার ওদের গর্ভে লাগাব আগুন। তার পরে বুদ্ধ, পিঠে গণেশঠাকুরের ঠুড়-বুলোনি সহিল না বুঝি।

১। অনেকদিন অনেক সহ্য করলুম। শেফকালে যেদিন খুড়োরাজা খুশি হয়ে আমাকে প্রহরীশালার সর্দার করে দিলে— সেইদিন পথের মধ্যে দেখা আমার ছোটোশালীর সঙ্গে। জান তাকে—

২। জানি বৈকি। ঐ তোদের রূপমতী, খাসা মেয়ে রে ! তোদের ছড়া-কাটিয়ে তাকেই তো বলে মৃত্যুশেল।

১। সে আমাকে দেখে বা পা দিয়ে মাটিতে এক লাথি মারলে, ধুলো উড়িয়ে দিলে, পায়ের মল কম কম করে উঠল— মুখ ঝাঁকিয়ে চলে গেল। আর সইল না।

৩। হা হা হা হা ! রাঙা পায়ের এক ঘায়ে খুড়তুতো ইদুরের লেজ গেল কাটা !

১। দিলেম ফেলে আমার পাগড়ি প্রহরীশালার ছারে, চলে গেলেম উত্তরে মালখণ্ডে। গ্রীষ্মভোর ছাগল চরাই, শীতকালে রাজধানীতে নিয়ে আসি, কস্বল বিক্রি করি। পণ করেছি যখন হাতে কিছু টাকা হবে, পাগড়িতে লাগাব সোনার পাড়— যাব আমার শ্যালীর বাড়িতে, সেই বা পায়ের লাথিটা সে ফিরিয়ে নেবে, তবে অন্য কথা। এই কথাই ভাবতে ভাবতে আসছিলেম ছাগলের পাল নিয়ে, যাচ্ছিলেম রাজধানীর দিকে। পথের মধ্যে একদল লোক ছাগলসুড় আমাকে হৈঃ হৈঃ শব্দে খেদিয়ে নিয়ে এল এইখানে, বললে এই আমাদের রাজধানী এইখানে— এই উদয়পুরে।

২। মুর্খ, মনে রাখিস, আজ থেকে এর নাম উদয়পুর নয়, কুমারপুর।

১। মনে রাখা শক্ত হবে ভাই, এখানে আমার দাদাশুভের বাড়ি, চিরদিন জানি—

৩। ভাবনা কী, নতুন রাজত্বে তোর দাদাশুভের নাম নতুন করে দেব।

১। তা যেন দিলে, কিন্তু আমার ছাগলের মহাজন থাকে সেইখানটাতে যাকে রাজধানী বলে জানতুম। সে লোকটার কাছে দেনাও আছে পাওনাও আছে। নইলে তারও নাম বদল করে দিলে খুশি হতুম।

২। আচ্ছা বেশ, খুড়োরাজের রাজত্বকালের দেনাটা কুমাররাজের রাজত্বকালে মাপ করে দেওয়া গেল।

১। আর পাওনাটা ?

২। সেটা পরে দেখা যাবে— সময়মতো।

১। পেটের তাগিদ সময় মানবে না, দাদা। তা যাই হোক, তোদের মুখের কথায় রাজধানী তৈরি হয় না তো ভাই, সেরকম চেহারা দেখছি নে !

৩। সবই কি চোখে দেখতে হয়। মনে-মনে দেখ।

১। কিন্তু ছাগলের দামটা মনে-মনে পেলে আমার চলবে না। কথাটা একটু বুঝিয়ে বলো, দাদা।

৩। তবে শোন, কুমার এলেন তীর্থ থেকে, তবু খুড়োমহারাজ সিংহাসন আঁকড়েই রইলেন। দেখলুম, টানাটানি করতে গেলে রক্তারক্তি হবে। ঠিক করেছি এখানেই যুবরাজের রাজধানী বসিয়ে তাঁকে রাজা করব। আজই অভিষেক।

১। এই আখরোটের বনে ?

২। কোথাকার গোয়ার এটা ? রাজা যেখানেই বসবেন সিংহাসন সেইখানেই। আর তোকে যদি ইস্তের আসনেও বসাই তার তলা থেকে ছাগল ডাকতে থাকবে রে।

১। না ডাকলেও সুখ হবে না ভাই, মন কেমন করবে। কিন্তু একটা কথা বুঝতে পারছি নে। ছিলেন এক রাজা, হলেন দুই রাজা, ভার সইবে ? এক ঘোড়ার দুই সওয়ার, লেজের দিকে লাগাম টানবে একজন, মুখের দিকে আর-একজন, জন্তুটা চলবে কোন্ রাস্তায়।

২। ওরে, জন্তুটার চেয়ে মুশকিল হবে সওয়ারের— যিনি থাকবেন লেজের দিকে তাঁকে আপনিই খসে পড়তে হবে। বুঝতে পেরেছিস ?

১। অনেকখানি বোঝা বাকি আছে। লেজের মানুষটা খসে পড়বার আগে খাজনা দেব কাকে।

৩। খাজনা দিতে হবে মহারাজ কুমারসেনকে।

১। তার পরে ?

৩। তার পরে আর কিছুই নেই।

১। খুড়োমহারাজ তো সিংহাসনে বসে উপোস করবার ব্রত নেন নি। যখন খিদে চড়ে যাবে তখন ?

২। সে কথা খুড়োমহারাজ চিন্তা করবেন। আমরা সবাই পণ করেছি খাজনা দেব মহারাজ কুমারসেনকে, আর কাউকে নয়।

১। ঠিক বলছ দাদা, সবাই পণ করেছ ?

২। হ্যাঁ, সবাই।

১। বরাবর দেখে আসছি তোমরা মোড়লরা পিছন থেকে চেঁচিয়ে বল, বাহবা, আর সামনে থেকে মাথায় বাড়ি পড়ে আমাদেরই। ঠিক বলছ, সবাই খাজনা দেবে কুমার-মহারাজকে, কেউ পিছবে না ?

৩। কেউ না, কেউ না। আজ মহারাজের পা ছুঁয়ে শপথ গ্রহণ করব।

১। এ কথা ভালো। মার তো কপালে লেখাই আছে। একলা খাই সেইটেই দুঃখ। দেশ জুড়ে মারের ভোজ্য বসে যায় যদি, পাত পাড়তে ভয় করি নে।

২। এই রইল কথা ?

১। হ্যাঁ, রইল।

৩। পিছোবি নে ?

১। পিছোবার রাস্তাটা তোমরাই খোলসা রাখ, সে রাস্তা আমরা খুঁজেই পাই নে।

৩। ওরে বোকা, মরতে পারি নে, তা নয়, কিন্তু আমরা মলে তোদের দশা কী হবে।

১। আমাদের অন্ত্যেষ্টিসংকারটা বন্ধ থাকবে।

একদল স্ত্রীলোকের প্রবেশ

প্রথম। রাজার অভিষেকের সময় হল ?

২। না, এখনো দেরি আছে। তোমরা প্রস্তুত আছ তো ?

প্রথম। আমাদের জন্যে ভেবো না গো, ভেবো না। তোমাদের পুরুষের মধ্যেই দেখি কেউ বা এগোন কেউ বা পিছোন। কেউ বলছেন সময় বুঝে কাজ, কেউ বলছেন কাজ বুঝে সময়। মাঝের থেকে সময় যাচ্ছে চলে।

দ্বিতীয়া। দেখে এলেম তোমাদের ন্যায়বাগীশ এখনো বসে তর্ক করছেন, যিনি রাজা তিনি সিংহাসনে বসেন, না, যিনি সিংহাসনে বসেন তিনিই রাজা। এই নিয়ে দুই পক্ষে মাথা-ভাঙাভাঙি চলছে আমাদের পাড়ায়। মেয়েরা কাল সমস্ত রাত ধরে সাজিয়েছে মাঙ্গল্যের ডালা।

তৃতীয়া। ভোর থেকে যে-যার গ্রাম থেকে সব বেরিয়ে পড়ল।

১। আর লজ্জা দিয়ো না আমাদের। এ কথা মেনে নিচ্ছি মেয়েদের মতো পুরুষ মেলে না। তোমাদের গানের দল আছে তো ?

দ্বিতীয়া। হ্যাঁ, তারা এল বলে।

২। তোমাদের উমিচাদের মেয়ে ?

তৃতীয়া। সেই তো সব দল ডেকে আনছে।

২। নন্দপন্নীর উপযুক্ত মেয়ে বটে। সেদিন বিতস্তার ঘাটে আমাদের করমচাদ গিয়েছিলেন তাকে গোটা দুয়েক মিঠে কথা বলতে। কঙ্কণের এক ঘা খেয়েই মুখ বন্ধ।

প্রথম। জান না বুঝি, সে বলেছে বেত্রবতী নাম নেবে— কুমার মহারাজের সিংহাসনের পশ্চাতে থাকবে তাঁর পরিচারিকা হয়ে।

১। দাদা, তা হলে আমি ছাগল-চরানোর ব্যাবসা ছেড়ে দিয়ে রাজার ছত্রধর হব।

২। ওরে বুদ্ধ, এই খানেক আগেই তোকে দোমনা দেখেছি, একমুহূর্তে রাজভক্তি ভরপুর হয়ে উঠল কিসে।

১। এক আগুন থেকে আর-এক আগুন ছলে।

৩। তুই তো ছাগল চরাতে গিয়েছিলি, উত্তরখণ্ডের খবর কিছু এনেছিস ?

১। কাউকে যদি না বলো তো বলি।

৩। ভয় কিসের। বলে ফেল না।

১। বললে না প্রত্যয় যাবে স্বয়ং রানী সুমিত্রাকে দেখেছি ভৈরবীবেশে চলেছেন ধ্রুবতীর্থে।

২। পাগল রে!

প্রথমা। না গো, উনি মিথ্যা বলছেন না। আমিও শুনেছি বটে। কাউকে বলতে সাহস করি নি।

৩। কার কাছে শুনলে।

প্রথমা। ঐ যে আমার ভাসুরঝি মন্দাকিনী। তীর্থ করে ফিরে আসছিল। পথে দেখা। রাজকুমারী চলেছেন মার্তণ্ডদেবের উপাসিকার দীক্ষা নিতে।

২। বিশ্বাস করি কী করে। বুদ্ধ, তোর সঙ্গে কথা হল কিছু ?

১। প্রণাম করে বললুম, তুমি আমাদের রাজকুমারী সুমিত্রা। তিনি বললেন, আমার নাম তপতী। জানিস তো সেই অপরূপ রূপ। সেই লাবণ্য যেন আগুনে স্নান করে এল। বললেম, দেবী, চরণের সেবক হয়ে যাই সঙ্গে। তিনি নীরবে তর্জনী তুলে ফিরে যেতে ইঙ্গিত করলেন।

৩। দুর্গম তীর্থে রাজকুমারী একলা চলেছেন, তুই এখানে এসে রাজবাড়িতে জানালি নে ?

১। দুই-একজনকে জানাতে গিয়েছিলেম— আমাকে মারে আর কি। বলে, আমি নেশা করেছি!

আর-একজনের প্রবেশ

৪। কিছুতে রাজি হল না।

২। কার কথা বলছ।

৪। আমাদের সভাকবি দর্দূর। খুড়োমহারাজের আশ্রয় ছাড়তে সাহস করল না। আজ অভিষেকে কোনোরকমের একটা সভাকবি চাই তো।

৩। চাই বৈকি। আজকের মতো রীতরক্ষা করে তার পরে সংক্ষেপে বিদায় করলেই হবে।

৪। জোগাড় করেছি একটি। মনু তাকে নিয়ে আসছে। বিদেশী, যাচ্ছে ধ্রুবতীর্থে, সঙ্গে নারী আছে।

৩। এর থেকেই ঠাওরালে সে কবি ?

৪। দেখলেম, গাছতলায় বসে মেয়েটি গান গাচ্ছে আর সে বাজাচ্ছে একতারা। মুখ দেখেই সন্দেহ হল লোকটা আর কিছুই না পারুক, গান বানাতে পারে। সিধে গিয়ে বললুম, তুমি কবি, চলো রাজার অভিষেকে। প্রথমটা কিছুতেই মানতে রাজি নয়। ভাবলে তাকে পাগল বললুম, না বোকা বললুম। সঙ্গের মেয়েটি বলল, হাঁ, ইনি কবি বৈকি, নিশ্চয় কবি, অভিষেকে যেতে হবেই তো। অমনি মানুষটা জ্বল হয়ে গেল— আর 'না' বলবার জো রইল না।

৩। 'না' বলবার মতো মেয়েটি নয় বোধ করি।

৪। একেবারেই না। দেখলেম দিব্যি বশ মেনেছে। মেয়েটি যদি বলত, চলো, লড়াই করবে, তবে তখনই ছুটত লড়াই করতে, কবিতা লেখা তো সামান্য কথা।

২। শুনে বুঝছি, লোকটি কবি। মনে তো আছে, আমাদের ধরনীদাস। গৌরীতরাইয়ের নথনি বুনত শাল, ধরনী আস্তে আস্তে এসে দাঁড়াত তার আঙিনার কোণে। আর সে দিত তার কুণ্ডল ঝুলিয়ে ঝংকার, তারই চোটে ধরনী সাত খাতা জুড়ে ছড়া লিখছে। খেতলাল, তুই ধরেছিস ঠিক, লোকটা কবি।

৪। হোক, বা না হোক, চেহায়ায় মানাবে। ঐ-যে আসছে।

মদুর সঙ্গে নরেশ ও বিপাশার প্রবেশ

বিপাশা । (নরেশের প্রতি) কবি নরোত্তম, ঐদের বঞ্চিত কোরো না । তোমাকে গান গাইতে বলতে সাহস পাই নে । কিন্তু আমি তো তোমারই শিষ্যা, যথাসময়ে আমাকে অনুমতি কোরো, আমি গাইব ।

নরেশ । তোমার ভক্তিতে আমি প্রীত । ভালো, অনুমতি করছি, গাও তুমি ।

বিপাশা । সে কি প্রভু, এখনই ? এখনো তো সময় হয় নি ।

নরেশ । এতদিনেও আমার কাছে এ শিক্ষা হল না যে, গানের অসময় নেই ?

১ । কবি অন্যায় বলেন নি । ঐ দেখো-না, লোক জড়ো হয়েছে । সময় হল ।

বিপাশা ।

গান

দিনের পরে দিন-যে গেল আধার ঘরে,
তোমার আসনখানি দেখে মন-যে কেমন করে ।

ওগো বঁধু, ফুলের সাজি

মঞ্জরীতে ভরল আজি,

ব্যথার হারে গাধব তারে রাখব চরণ-'পরে ।

পায়ের ধ্বনি গনি গনি রাতের তারা আগে ।

উত্তরীয়ের হাওয়া এসে ফুলের বনে লাগে ।

ফাগুনবেলার বুকের মাঝে

পথ-চাওয়া সুর কেঁদে বাজে,

প্রাণের কথা ভাষা হারায় চোখের জলে করে ॥

১ । হায় হায়, খাটি কবি বটে রে । ছেড়ে দেওয়া হবে না । দাদাশুভরের আটচালার এক কোণে জায়গা করে দেব ।

২ । কবি, রচনা তোমারই বটে তো ? ভণিতা নেই কেন । আমাদের বংশীলাল খুব লম্বা করেই ভণিতা লাগায় ।

নরেশ । ভণিতার সম্পর্ক রাখি নে । আমি জানি গান যে গায় গান তারই । গানটা আমার কি তোমার, এই অত্যন্ত বাজে প্রশ্ন যদি না ভুলিয়ে দিলে তা হলে সে গান গানই নয় ।

৩ । কিন্তু দেখো কবি, আমার কেমন মনে হচ্ছে এ গান আমি পূর্বে শুনেছি এই কাশ্মীরেই ।

নরেশ । বড়ো খুশি হলুম এ কথা শুনে । তুমি রসিক লোক । ভালো গান শুনেই মনে হয় এ গান আগেই শুনেছি ।

৩ । মনে হচ্ছে আমাদের কবি শশাঙ্ক যেন ঐরকমের একটা—

নরেশ । কিছুই অসম্ভব নয়, কোনো কোনো কবি থাকেন যার রচনা ঠিক অন্য লোকের রচনার মতোই হয় ।

৩ । কবি, ইচ্ছে করছে তোমাকে একটা মালা দিই ।

নরেশ । মালা আমি নিই নে । আমার গান যার কণ্ঠে, আমার মালাও তাঁরই কণ্ঠে পড়ে ।

৪ । সে তো ভালো কথা । উনি মালা পরার যোগ্য বটেন । হাঁ গা, তোমাদের ডালিতে তো মালা অনেক আছে, একখানা দাও-না ওঁকে পরিয়ে দিই ।

প্রথম । হাঁ, দিলাম বলে !

৪ । ভালোমানুষের কি, দিলে দোষ কী ।

দ্বিতীয়া । তোমরা দোষ দেখতে পাবে কেন ? পথে ঘাটে মালা পরিয়ে বেড়ানো তোমাদের স্বভাব যে ।

৩ । মাসি, রাগ কর কেন ?

দ্বিতীয়া । আর 'মাসি' 'মাসি' করতে হবে না ।

৩। আচ্ছা, ছাড়লেম মাসি বলা, যা বললে খুশি হও তাই বলব। আপাতত একখানা মালা দাও-না, ঠকে পরিয়ে দিই।

তৃতীয়া। তোমরা কি লজ্জার মাথা খেয়ে বসেছ! কোথাকার কে তার ঠিক নেই, রাজার অভিষেকের মালা দিতে হবে! এত সস্তা নয় গো।

১। ও কথা বোলো না দিদিশাশুড়ি, রাজা থাকলে স্বয়ং ওকে মালা দিতেন।

দ্বিতীয়া। ভরতভঙ্গির লোক, তোমাদের ব্যাভারটা কী রকম গো। ওকে দিদিশাশুড়ি বল কোন সম্পর্কে। ও আমার বোনঝি।

১। মাসি বলতে সাহস হল না। ভাবলুম দাদাশুড়ির গ্রামে থাকে, ঐ সম্পর্কের নামটা বেমানান হবে না।

প্রথমা। ঐ-যে রাজা আসছেন শিবির থেকে। এখনো তো সময় হয় নি। এরা সব গান গেয়ে উৎপাত করে ঠকে বের করে আনলে।

সকলে। জয়, মহারাজ কুমারসেনের জয়!

কুমারসেনের প্রবেশ

কুমার। শীঘ্র আমার অশ্ব প্রস্তুত করো।

৩। কবি, ধরো ধরো, একটা গান ধরো শিগগির।

বিপাশা।

গান

তোমার আসন শূন্য আজি, হে বীর পূর্ণ করো,

ওই যে দেখি বসুন্ধরা কাপল ধরোধরো।

বাজল তূর্য আকাশপথে,

সূর্য আসেন অগ্নিরথে,

এই প্রভাতে দখিন হাতে বিজয়ধ্বজা ধরো।

ধর্ম তোমার সহায়, তোমার সহায় বিশ্ববাসী।

অমর বীর্য সহায় তোমার, সহায় বহুপাশি।

দুর্গম পথ সগৌরবে

তোমার চরণচিহ্ন লবে,

চিন্তে অভয়বর্ম তোমার বন্ধে তাহাই পরো ॥

কুমারসেন। (বিপাশাকে ইঙ্গিতে কাছে ডেকে) হঠাৎ এখানে এলে যে।

বিপাশা। ছুটি পেয়েছি যুবরাজ।

কুমারসেন। সুমিত্রা?

বিপাশা। সে বন্দিনীও ছুটি পেয়েছে।

কুমারসেন। মৃত্যু?

বিপাশা। না, নূতন প্রাণ।

কুমারসেন। অর্ধ কী, বুঝিয়ে দাও।

বিপাশা। জালন্ধর ছেড়েছেন তিনি। গেছেন ধুবতীর্ধে, উপাসিকার দীকা নেবেন।

কুমারসেন। তোমার কথাটাকে এখনো মনের মধ্যে ঠিক নিতে পারছি নে।

বিপাশা। যুবরাজ, সুমিত্রাকে তো চেনো। সূর্যের তপস্যা সেই জ্যোতির্ময়ী ছাড়া কে গ্রহণ করতে পারে আজকের দিনে। আলোকের দৃষ্টি যারা, ভোগের ভাণ্ডারে তাদের বন্ধন রুদ্রসেব সহ্য করতে পারেন না।

কুমারসেন। আর জালন্ধররাজ বুঝি শৃঙ্খল হাতে নিয়ে ছুটেছেন।

বিপাশা । মাটির ঝাধ দিয়ে নদীকে বেঁধে তার স্রোতকে রাজভাণ্ডারে জমা করবার জন্যে ; তাঁর কথা জিজ্ঞাসা করো আমার ঐ পথের সঙ্গীকে ।

কুমারসেন । তোমার পথের সঙ্গী ?

বিপাশা । হাঁ যুবরাজ, আমার পথের সঙ্গী । চুপ করে রইলে ! এর থেকে বুঝছি তুমি বুঝেছ । এর উপরে কথা চলে না ।

কুমারসেন । এতদিনে বন্ধন গ্রহণ করলে, বিপাশা ?

বিপাশা । বিপাশা সিঙ্কুনদীতে মিলেছে, সে মুক্তধারার মিলন ।

কুমারসেন । ঔর নামটি বলো ।

বিপাশা । ঔর নাম নরেশ । রাজা বিক্রমের বৈমাত্র ভাই । ডেকে আনছি ।

কুমারসেন । নমস্কার, রাজকুমার ।

নরেশ । নমস্কার ।

কুমারসেন । তোমার মতো অতিথিকে পেয়ে আমার আজকের দিন সার্থক ।

নরেশ । আমি আমার মহারানীর অনুবর্তী— তীর্থযাত্রী আমি, পথের অতিথি । তোমার দ্বারে আজ যে-অতিথি অনাহূত এসেছেন, তাঁর সংবাদ পেয়েছ ? প্রস্তুত হয়েছ তো ?

কুমারসেন । এই মাত্র সংবাদ পেয়েছি । আয়োজন নেই, কিন্তু আহ্বান করতে হবে । বিশেষ করে আমারই সঙ্গে তাঁর যুদ্ধের কারণ কী ঘটেছে তা এখনো পর্যন্ত বুঝতেই পারি নি ।

নরেশ । কারণের প্রয়োজন হয় না । অন্ধ বিদ্বেষ অন্ধ ঈর্ষা বাইরে থেকে পথ খোঁজে না, স্বভাবের ভিতরেই তার আশ্রয় । তোমার মর্যাদা উনি সহ্য করতে পারেন না, তার অহৈতুক উত্তেজনা ঔর দীনতার মধ্যে । এ যে বিধাতার অভিশাপ । তার উপরে উনি মনে-মনে সন্দেহ করেন মহারানী সুমিত্রা তোমার প্রশ্রয় পেয়েছেন বা তোমার প্রশ্রয় প্রার্থনা করতে এসেছেন ।

কুমারসেন । এতদিনেও কি জানেন না সুমিত্রার পক্ষে তা অসম্ভব ।

নরেশ । জানবার শক্তি যদি থাকত তা হলে হারাবার দুর্ভাগ্য তাঁর ঘটত না ।

ব্রাহ্মণগণের প্রবেশ

পুরোহিত । মহারাজ, অভিষেকের কাজ এখনই আরম্ভ করা কর্তব্য । মনে হচ্ছে বিলম্বে বিঘ্ন হতে পারে । নানাপ্রকার জনশ্রুতি শোনা যাচ্ছে ।

কুমারসেন । অভিষেকের কাজ সংক্ষিপ্ত করো । বিলম্ব সহ্যে না ।

পুরোহিত । চলো তবে মহারাজ, ঐ অশ্বখবেদিকায় । সকলে জয়ধ্বনি করো ।

তুরী ভেরী শব্দধ্বনি

সকলে । জয় মহারাজাধিরাজ কাশ্মীরাদিপতির জয় !

কুমারসেন । বাহিরে ঐ কিসের কোলাহল ।

অনুচরদের প্রবেশ

অনুচর । খুড়োমহারাজ হঠাৎ উপস্থিত । গ্রহরীরা বলছে প্রাণ থাকতে তাঁকে এখানে প্রবেশ করতে দেবে না । তারা লড়াই করে মরতে প্রস্তুত । আদেশ করো মহারাজ ।

কুমারসেন । শান্ত করো গ্রহরীদের । খুড়োমহারাজকে অভ্যর্থনা করে নিয়ে এসো ।

বিপাশা । আমরা তবে প্রচ্ছন্ন হই ।

[অনুচরদের গ্রহন]

[নরেশ ও বিপাশার গ্রহন]

চন্দ্রসেনের প্রবেশ

একদল । কোথায় চলেছ চন্দ্রসেন । পাষাণ, কপট । কোথায় যাও বিশ্বাসঘাতক । ওকে বন্দী করো ।

কুমারসেন । থামো তোমরা । এ কেমন বুদ্ধি তোমাদের । উনি এসেছেন বিশ্বাস করে আমার কাছে ।

চন্দ্রসেন । কিছু ভয় নেই, বৎস, শুধু বিশ্বাসের উপর ভর করে আসি নি । ওদের যদি অপঘাতমতুর ইচ্ছা থাকে নিরাশ করব না ।

কুমারসেন । প্রণাম পিতৃব্যদেব । আমার অভিষেকমুহূর্ত তোমার সমাগমে সার্থক হল । আমাকে আশীর্বাদ করো ।

চন্দ্রসেন । সে পরে হবে । সময় একটুও নেই । কেন এসেছি শোনো । সহসা জালঙ্কররাজ সৈন্যে কাশ্মীরে উপস্থিত ।

কুমারসেন । শুনেছি সে সংবাদ । অভিষেকের কাজ সত্বর সমাধা করব ।

চন্দ্রসেন । থাক এখন অভিষেক । অবিলম্বে চলো তাঁর কাছে আত্মসমর্পণ করবে ।

কুমারসেন । আত্মসমর্পণ ! যুদ্ধ নয় ?

চন্দ্রসেন । সৈন্য কোথায় তোমার ।

কুমারসেন । কেন । রাজধানীতে সৈন্যের অভাব নেই ।

চন্দ্রসেন । সে তো এখনো তোমার নয় ।

কুমারসেন । কিন্তু কাশ্মীরের তো বটে !

চন্দ্রসেন । বিক্রম তো কাশ্মীর চান না, তোমাকেই চান ।

কুমারসেন । আমার মান-অপমান কি কাশ্মীরের নয় ।

চন্দ্রসেন । কী বল তুমি ! এ তো সামান্য আত্মীয়কলহ । দাও তাঁর কাছে ধরা, চাও তাঁর স্নেহ ও ক্ষমা, হাসিমুখে সমস্ত নিষ্পত্তি হয়ে যাবে ।

কুমারসেন । খুড়োমহারাজ, তর্ক করবার সময় নেই, শেখবার জিজ্ঞাসা করি— রাজধানী থেকে সৈন্য পাব না ?

চন্দ্রসেন । রাজধানী ! বিদ্রূপ করছ ? শুনেছি ঐ আখরোটবনেই কাশ্মীরের রাজধানী । তোমার আদেশ এইখান থেকেই ঘোষণা করো । আমাকে তো কোনো প্রয়োজন নেই । আমি বিদায় হই ।

[প্রস্থান

সকলে । ধিক্ ধিক্ । নিপাত যাও । কোটি জন্ম তোমার নরকবাস হোক । সিংহাসনের কীট, সিংহাসনকে জীর্ণ করে তার ধূলির মধ্যে তোমার বিলুপ্তি ঘটুক ।

কুমারসেন । স্তব্ধ হও । শোনো । জালঙ্কর কাশ্মীর আক্রমণে এসেছেন, আমাকে একলা লড়তে হবে ।

সকলে । মহারাজ, ন্যায় তোমার পক্ষে, ধর্ম তোমার পক্ষে, সমস্ত কাশ্মীরের হৃদয় তোমার পক্ষে । জয় মহারাজা কুমারসেনের জয় ! ধিক্ ধিক্ চন্দ্রসেনকে শত শত শত ধিক্ ।

কুমারসেন । চূপ করো, বৃথা উদ্বেজনায় বলক্ষয় করো না । এখনই যাও সৈন্য সংগ্রহ করো গে ।

সকলে । আর অভিষেক ?

কুমারসেন । নাইবা হল অভিষেক ।

সকলে । সে হবে না, মহারাজ, সে হবে না । চন্দ্রসেনের চক্রান্ত শেষে সফল হবে ! এ কিছুতেই পারব না সইতে । আমরা আছি, সৈন্যসংগ্রহের আয়োজনে এখনই চললুম । কিন্তু উৎসব চলুক, অনুষ্ঠান শেষ হোক ।

কুমারসেন । ভয় নেই, মন্দিরে দেবসাক্ষী করে তীর্থোদকে একমুহূর্তে আমার অভিষেক হয়ে যাবে । যদি ফিরে আসি উৎসব সম্পূর্ণ করব । কিন্তু তোমরা যাও । আর বিলম্ব নয় ।

সকলে । জয় মহারাজ কুমারসেনের । ধিক্ চন্দ্রসেন । ধিক্ ধিক্ ধিক্ ।

[সকলের প্রস্থান]

আর-এক দলের প্রবেশ

১ । মহারাজ, আর সময় নেই । পালাতে হবে ।

কুমারসেন । কেন ।

১ । জালঙ্কারের সৈন্য অক্ষমুনির মাঠ পর্যন্ত এসেছে, পালানো ছাড়া এখন আর উপায় নেই । চলো, শত্ৰুপ্রস্থের বনে আমি পথ জানি ।

[উভয়ের প্রস্থান]

২ । এইমাত্র-যে খুড়োমহারাজ এসেছিলেন ।

১ । চাতুরী, চাতুরী । শক্রপক্ষকে তিনি নিজে সন্ধান বাতলিয়েছেন ।

২ । গ্রামে গ্রামে লোক গেছে সৈন্য জোগাড় করতে, কিন্তু সময় তো পাওয়া গেল না । এরা যুদ্ধ করতেও দিলে না রে ।

৩ । এ-যে বেড়া আশুন, কিছুই করতে পারব না, মরব শুধু । অসহ্য !

১ । জালঙ্কারের পাণ্ডিত্য একেই বলে যুদ্ধ করা । এ তো মানুষ খুন করা !

আর-এক দল

১ । নাগপত্তন ছালিয়ে দিয়েছে রে, ছালিয়ে দিয়েছে ।

২ । বলিস কী ।

৩ । হাঁ, সেখানকার মানুষগুলো শেষ পর্যন্ত ঠেচিয়ে গলা ভেঙেছে— জয় মহারাজ কুমারসেনের জয় ।

২ । এর পিছনে আছে খুড়োমহারাজ । নাগপত্তন ওকে কিছুতেই মানে নি কিনা, এবার তারই শোধ নিলে বিদেশীকে দিয়ে ।

৩ । তা হলে অনেক পস্তনেরই লীলা সাক্ষ হবে ।

দেবদত্তের প্রবেশ

দেবদত্ত । শোনো শোনো, তোমাদের মধ্যে কুন্তীপুরের মানুষ কেউ আছে ?

১ । কেন বলো তো ।

দেবদত্ত । চন্দ্রসেনের সঙ্গে বিক্রম মহারাজের পরামর্শ হয়েছে, সেখানে সৈন্য পাঠাবেন উৎপাত করবার জন্যে ।

২ । আপনি কে হন মহাশয় । বিদেশী বলে বোধ হচ্ছে ।

দেবদত্ত । হ্যাঁ বিদেশী ।

৩ । জালঙ্কারের মানুষ ?

দেবদত্ত । ঠিক ঠাউরেছ ।

১ । তোমার এতটা ধর্মবুদ্ধি হল কেমন করে ।

দেবদত্ত । বিধাতার আশ্চর্য মহিমায় কদাচিত্ এমনতরো ঘটে । তোমাদের কাশ্মীরে চন্দ্রসেন যে বংশে জন্মেছেন সে বংশেও ভদ্রমানুষ জন্মায় দেখেছি ।

২ । বেশ বলেছেন, ঠাকুর, বেশ বলেছেন । ব্রাহ্মণ তো ?

দেবদত্ত । হ্যাঁ, ব্রাহ্মণ ।

সকলে । প্রণাম হই ।

২ । নিজের রাজার বিরুদ্ধে আপনি—

দেবদত্ত । রাজার বিরুদ্ধে বল একে কোন্ বুদ্ধিতে । আমার রাজার পাপ যতটা নিবারণ করব আমার রাজভক্তি ততটাই সার্থক হবে ।

৩ । কিন্তু বিপদ আছে তো ঠাকুর, রাজা যদি—

দেবদত্ত । রাজার হয়ে আজ যারা অন্যায় করছে, বিপদের আশঙ্কা আমার চেয়ে তাদের তো কম নয় । অধর্ম যদি সাহস দিতে পারে, ধর্ম কি ভীক হবে ।

২ । খুব বড়ো কথা বললে ঠাকুর । দাও, আর-একবার পায়ের ধুলো দাও ।

দেবদত্ত । যুবরাজ কুমারসেন এখান থেকে পালাতে পেরেছেন ?

১ । ঠাকুর, মাপ করো, ঐটে পারব না, যুবরাজের কথা তোমার সঙ্গেও চলবে না ।

দেবদত্ত । কিছু বলতে হবে না, আমি জানতে চাই, তিনি নিরাপদ তো ?

১ । আপদ-বিপদের কথা কে বলতে পারে । তবে কিনা আমাদের চেষ্টার ফল হবে না ।

৩ । দেখো দেখো, ঐ পশ্চিম পাহাড়ে । বোধ হচ্ছে অচলেশ্বরের কাছে ওরা আগুন লাগিয়েছে । বনটা সুদ্ধ জ্বলে উঠেছে । অকারণ সর্বনাশ করতে এল কেন এরা ! খিদে পেলে বাঘে খায়, ভয় পেলে সাপে ভাড়া করে আসে, এদের-এ যে নিষ্কাম পাপ, অহৈতুকী হিংসা । এরা কোন্ জাতের মানুষ, ঠাকুর ।

দেবদত্ত । দৈত্য, দৈত্য । দেবতার 'পরে এদের বিশুদ্ধ বিশ্বাস । ওরে উন্নত দুর্বৃত্ত অন্ধ, তোমার মহাপাতক তোমাকে মহাপতনে নিয়ে চলল, আজ কে তোমাকে বাঁচাতে পারে । ষিক তোমার বন্ধুদের ।

[প্রস্থান

বিক্রম ও চরের প্রবেশ

বিক্রম । কী বললে । সন্ধান পাওয়া গেল না ?

চর । না মহারাজ ।

বিক্রম । তবে যে চন্দ্রসেন বললেন, এইখানেই তাঁর অভিষেক হচ্ছিল । সে তো বেশিকণের কথা নয় ।

চর । এইমাত্র দেখলুম তাঁর ছোড়া কিরিয়ে আনছে । তিনি প্রবেশ করেছেন শঙ্কুপ্রস্থের বনে । সেখানে গুহার পথে অদৃশ্য হতে মুহূর্তমাত্র বিলম্ব হয় না ।

বিক্রম । যারা পথ জানে তাদের ধরে আনো ।

চর । মহারাজ, মরে গেলেও তারা বলবে না । ওখানে সন্ধান করতে যাবে এমন সাহসও কারও নেই । ও যে ভূতে পাওয়া অরণ্য ।

বিক্রম । ডেকে আনো চন্দ্রসেনকে ।

চন্দ্রসেনের প্রবেশ

কোথায় কুমারসেন ?

চন্দ্রসেন । প্রজারা মিলে কোথায় তাঁকে গোপন করেছে, খুঁজে পাওয়া অসম্ভব ।

বিক্রম । আগুন লাগাও চারি দিকে, আপনি বেরিয়ে আসবেন ।

চন্দ্রসেন । কোথায় আছেন না জেনে আগুন লাগানো হিংসার ছেলেমানুষি ।

বিক্রম । সন্ধান তুমি জান, গোপন করছ ।

চন্দ্রসেন । পাপে তো প্রবৃত্ত হয়েছি, তার উপরে মৃত্যু ভোগ করব, এতবড়ো অর্বাচীন আমি নই । গোপন করে তোমার কাছে নিজের বিপদ কেন ঘটাব ।

বিক্রম । আমি তোমাকে বিশ্বাস করি নে ।

চন্দ্রসেন । সমস্ত কাশ্মীরের লোক আমাকে অভিসম্পাত করছে, অবশেষে তোমারও মুখে এমন কথা শুনব এ আমি আশা করি নি ।

বিক্রম । তুমি অল্প আগেই এখানে কুমারের কাছে এসেছিলে এ কথা সত্য কি না ।

চন্দ্রসেন । তাঁকে তোমার কাছে আত্মসমর্পণের পরামর্শ দিতে এসেছিলুম ।

বিক্রম । সেই ছলেই তাকে জানিয়েছি আমি এসেছি । আমার পক্ষ অবলম্বনের ভান করে তাকে সতর্ক করে দিয়েছি ।

চন্দ্রসেন । ভুল করে আমাকে অবিশ্বাস কোরো না, মহারাজ ।

বিক্রম । সেও ভালো, কিন্তু বিশ্বাস করে ভুল করবার সময় নেই । সেনাপতিকে আদেশ করে দিচ্ছি, তুমি দৃষ্টিবন্দী হয়ে থাকবে, শেষ পর্যন্ত কুমারকে সুমিত্রাকে যদি না পাই তবে পশুর মতো পিঞ্জরে পুরে তোমাকে জালঙ্করে নিয়ে যাব, প্রাণদণ্ড দেওয়াও তোমার পক্ষে সম্মান ।

দ্বিতীয় চরের প্রবেশ

চর । মহিষীর সংবাদ পাওয়া গেছে ।

বিক্রম । বলো বলো, কোথায় তিনি ।

চর । তিনি গেছেন মর্ত্তণ্ডদেবের মন্দিরে, ধ্রুবতীর্থে ।

বিক্রম । চলো, এখনই চলো সেখানে । এই মুহূর্ত্তে ।

চন্দ্রসেন । মহারাজ, কাশ্মীরের দেবতার বিরুদ্ধে স্পর্ধা প্রকাশ কোরো না । দেবালয়ে গিয়ে মর্ত্তণ্ডদেবের উপাসিকাকে হরণ করা সহিবে না ।

বিক্রম । তোমাদের মর্ত্তণ্ডদেবই তো আমার মহিষীকে হরণ করেছেন । দেবতার চৌর্য আমি স্বীকার করব না ।

চন্দ্রসেন । এ কী বলছ । ভয় নেই তোমার ?

বিক্রম । না, ভয় নেই ।

চন্দ্রসেন । তা হলে আমার প্রাণদণ্ড করো । এ পাপের দায়িত্ব আমি বহন করতে পারব না ।

বিক্রম । প্রাণদণ্ড সব শেষে । যতক্ষণ তোমার কাছ থেকে কাজ উদ্ধারের আশা আছে, ততক্ষণ নয় । সেনাপতি—

সেনাপতির প্রবেশ

সেনাপতি । কী মহারাজ ।

বিক্রম । চলো মর্ত্তণ্ডদেবের মন্দিরের পথে ।

সেনাপতি । ঐ মন্দিরের দুর্গম পথে সৈন্য নিয়ে যাওয়া অসম্ভব ।

বিক্রম । অসম্ভবকে সম্ভব করতে হবে । মন্দিরের দুর্গমতা লৌকিক হোক অলৌকিক হোক, ভৌতিক হোক দৈবিক হোক, কিছুতে মানব না । সুমিত্রার পক্ষে কাশ্মীরের আশ্রয় চূর্ণ চূর্ণ করব এই শপথ আমি নিয়েছি ।

চন্দ্রসেন । দেবমন্দির ইহলোকের সীমায় নয় মহারাজ, সে তো পার্থিব কাশ্মীরের বাহিরে ।

বিক্রম । সে কথা দেবতা সম্বন্ধে খাটে, কিন্তু সুমিত্রা সম্বন্ধে নয় ; তিনি ইহলোকের সীমায় যতক্ষণ আছেন ততক্ষণ তিনি আমার, ততক্ষণ তিনি দেবতার নন । ততক্ষণ আমার কাছে তাঁর নিকৃতি নেই, তাঁর কাছে আমারও নেই নিকৃতি ।

চন্দ্রসেন । মহারাজ, আমি তোমার বয়োজ্যেষ্ঠ, আমি তোমার পায়ের কাছে মাথা রাখছি, লও আমার মুণ্ডচ্ছেদন করে, কাশ্মীরের দেবতার অপমান কোরো না ।

বিক্রম । তোমার মুণ্ডের কী মূল্য আছে যে, তার পরিবর্ত্তে আমার অপমান লাঘব হবে । আমাকে ছলনা করে তুমি পরিভ্রাণ পাবে না । সেনাপতি, উদয়পর অবরোধ করো । এইখানেই কুমার নিশ্চয় লুকিয়ে আছেন চন্দ্রসেন সে কথা গোপন করছেন । তার পরে চলব তীর্থের পথে । কম্বর্পদেবের পরিচয় পূর্বেই পেয়েছি, এবার নেব মর্ত্তণ্ডদেবের পরিচয় । যে উৎসব জালঙ্করের দেবমন্দিরে আরম্ভ করেছিলুম, কাশ্মীরের দেবমন্দিরে সেই উৎসবের সমাপ্তি হবে ।

৪

ধ্রুবতীর্থ । মার্তণ্ডমন্দির

বিপাশা, পুরোহিত, মন্দিরের সেবকগণ

সূর্যোদয়কালে বেদমন্ত্রে স্তব

উদু তাং জাতবেদসং দেবং বহস্তি কেতবঃ

দৃশে বিশ্বায় সূর্যম্ ॥

অপ তো তায়বো যথা নক্ষত্রা যন্ত্যকুভিঃ

সূরায় বিশ্বচক্ষসে ॥

পদ্মের অর্ঘ্য হাতে সুমিত্রার প্রবেশ

বিপাশা ।

গান

জাগো জাগো

আলসশয়নবিলগ্ন ।

জাগো জাগো

তামসগহননিমগ্ন ।

ধৌত করুক করুণারুণ বৃষ্টি

সুপ্তিজড়িত যত আবিল দৃষ্টি ;

জাগো জাগো

দুঃখভারনত উদ্যমভগ্ন ।

জ্যোতিঃসম্পদ ভরি দিক চিস্ত

ধনপ্রলোভননাশন বিস্ত,

জাগো জাগো

পুণ্যবসন পরো লঙ্ঘিত নয় ॥

পুরোহিত ভার্গবের প্রবেশ

ভার্গব । মা ।

সুমিত্রা । কী বৎস ভার্গব ।

ভার্গব । কিছুদিন থেকে এই দুর্গম তীর্থের পথে মানাবিধ লোকের যাতায়াত লক্ষ্য করছি । তারা পূণ্যকামী নয় ।

সুমিত্রা । তাতে দোষ নেই, ভয়ও নেই ।

ভার্গব । বোধ হয় যেন তারা বিদেশী ।

সুমিত্রা । ভগবান সূর্যের উদয়দিগন্ত দেশে দেশে । তাঁর দেশে বিদেশী কে আছে ।

ভার্গব । অপরাধ নিয়ো না দেবি, আমরা কিন্তু কিছুদিন থেকে এখানে বিদেশীদের পথরোধ করেছি ।

সুমিত্রা । তা হলে আমারও এখানে পথ রুদ্ধ হল ।

ভার্গব । ক্ষমা করো, দেবি । তোমাকে বিপদ হতে রক্ষা করব আমরা, এমন চিন্তা করা আমাদের স্পর্ধা, এ আমাদের মোহ । দুর্বল বুদ্ধির অপরাধ নিয়ো না, যাত্রীদের কোনো বাধা ঘটবে না ।

শিখরিণীর প্রবেশ

শিখরিণী । মা তপতী ।

সুমিত্রা । কী শিখরিণী, তুমি যে এখানে ?

শিখরিণী । আমার স্বামীকে ওরা মেরে ফেলেছে ।

সুমিত্রা । সে কী কথা । তিনি যে সাধুপুরুষ ছিলেন, তাঁকে মারলে কেন ।

শিখরিণী । যুবরাজ কোথায়, সেই সংবাদ তাঁর কাছ থেকে ওরা বের করতে চেষ্টা করেছিল । দেশে সবাই তাঁকে সত্যবাদী বলে জানত বলেই তাঁর এই বিপদ ঘটল । দেবি, আমি কিছুতেই সাহসনা পাচ্ছি নে, আমাকে বুঝিয়ে বলো, সংসারে যারা ধর্মকে প্রাণপণে মানেন, ধর্ম কেন তাঁদেরই এত দুঃখ দিয়ে মারেন ।

সুমিত্রা । যারা মরতে পেরেছেন তাঁরাই এ কথার তত্ত্ব জানেন । মৃত্যু দিয়ে যারা সত্যকে পান তাঁদের জন্য শোক কোরো না ।

শিখরিণী । শোক করব না মা, তিনি আমার মৃত্যুর ভয় ঘুচিয়ে দিয়ে গেছেন, আমাকে এই তাঁর শেষ দান । গ্রামের লোকেরা আমাকে বলেছে অভাগিনী ; কী বুঝবে তারা ! তিনি আমার স্বামী ছিলেন এই আমার পরম সৌভাগ্য ।

সুমিত্রা । যারা তাঁকে মেরেছে, মৃত্যুর দ্বারা তাদের তিনি জয় করেছেন, সে কথা তারা কোনোদিন বুঝবে না এইটাই সকলের চেয়ে শোকের কথা । কিন্তু বৎসে, তুমি এখানে এসেছ কেন ।

শিখরিণী । এখানে তোমার চরণতলে যদি আশ্রয় নিতে পারতুম তা হলে বেঁচে যেতুম । কিন্তু মা, সংসারের আলো নিবলে তবুও সংসার থাকে । আমার মেয়েটি আছে— অমন পিতার কোল হারিয়েছে, তার কল্যাণের জন্যেই সেই অন্ধকারায় আমাকে থাকতে হবে । তারই জন্যে তোমার কাছে এসেছি ।

সুমিত্রা । বলো, আমাকে কী করতে হবে ।

শিখরিণী । এই অলংকারগুলি এনেছি দেবমন্দিরে রক্ষা করবার জন্যে । আমার মায়ের কাছ থেকে আমি পেয়েছি, আমার কন্যার জন্যে রাখব । যে পরিবারের 'পরে চন্দ্রসেনের বিদ্রোহ, জালজ্বরের সৈন্য দিয়ে তাদের সর্বস্ব লুণ্ঠন করেছেন । এই লও মা, তোমার স্পর্শ লাভ করুক— আমার মেয়ের দেহ পবিত্র হবে ।

কুঞ্জলালের প্রবেশ

কুঞ্জলাল । আজ বাহিরের কোথাও আমাদের দুঃখের পরিত্রাণ নেই দেবি, কিন্তু মনে হয় যেন অন্তরে অন্তরে তুমি সেই দুঃখকে নাশ করতে পার, তাই এসেছি ।

সুমিত্রা । বলো বৎস, তোমার কী বলবার আছে ।

কুঞ্জলাল । যে নগরীতে তোমার মাতামহীর জন্মভূমি সেই উদয়পুর এতদিন চন্দ্রসেনকে অস্বীকার করে স্বতন্ত্র ছিল । তিনি যখনই সৈন্য নিয়ে উৎপাত করতে এসেছেন প্রজারা সমস্ত পুরী উজাড় করে চলে গেছে । এবার সেইখানেই যুবরাজের রাজধানী স্থাপন করে তাঁর অভিব্যেকের আয়োজন হয়েছিল, বাধা পড়ল । রাজা বিক্রমের সৈন্য উদয়পুর বেটন করেছে । প্রজাদের বেরিয়ে যাবার পথ রুদ্ধ ।

ভার্গব । কুঞ্জলাল, এ কী বুদ্ধি তোমার । কত বড়ো দুঃখ ঠুকে দিলি দেখ তো । কেন এ-সব সংবাদ এই শান্তিভীর্থে ।

কুঞ্জলাল । মা, কেন এমন স্তব্ধ হয়ে আকাশে তাকিয়ে রইলে । চিন্তার কথা কিছুই নেই, মৃত্যুর পথ খোলা আছে, কোনো অপমান সেখানে পৌঁছয় না । দাও স্বহস্তে আজকে পূজার নির্মালা, নিয়ে যাই তাদের কাছে, আর দাও তোমার হাতের লিখন একখানি, একটি আশীর্বাদ— তাদের সব দুঃখ শুভ্র হয়ে যাবে ।

নরেশের প্রবেশ

নরেশ । বিপাশা, আমার কী মনে হচ্ছে বলব ?

বিপাশা । বলো তো ।

নরেশ । এইখানে এসে আমাদের প্রেম পরিপূর্ণ হয়েছে । আশ্চর্যের কথা শুনবে ?

বিপাশা । কী, বলো ।

নরেশ । আজ মন তোমার গান শোনবারও অপেক্ষা করে না— সকল ক্ষণি এখানে আলোক হয়ে উঠেছে, প্রত্যক্ষ আমার অন্তরে প্রবেশ করে । তুমি কি তাই অনুভব কর না ।

বিপাশা । প্রিয়তম, তোমার আনন্দে আজ আমি আনন্দিত, তার চেয়ে বেশি কিছু বলতে পারি নে ।

নরেশ । আজ আলোকের মধ্যে তোমাকে দেখলুম আলোকরূপে, আর সেই সঙ্গে আমাকেও । আর কোনো ক্ষোভ নেই আমার ।

সুমিত্রার প্রবেশ

সুমিত্রা । কুমার এসেছেন, শীঘ্র তাঁকে ডেকে আনো, বিপাশা ।

[নরেশ ও বিপাশার প্রস্থান]

কুমারসেনের প্রবেশ

কুমারসেন । রাজত্বের পথ অতিক্রম করে এই তীর্থেই শেষে আসতে হল, বোন ।

সুমিত্রা । অন্যত্র তোমাকে অনেক প্রয়োজন আছে । শেষ যদি না হয়ে থাকে এখানে এলে কেন ।

কুমারসেন । তোমাকে রক্ষা করবার জন্যে ।

সুমিত্রা । কার হাত থেকে ।

কুমারসেন । বিক্রম মহারাজ জ্বালামুখী দেবীর শপথ নিয়ে প্রতিজ্ঞা করেছেন, যে করে হোক এখান থেকে তোমাকে সরাবেন । তীর্থের পথে সৈন্যবাহিনী আসা অসম্ভব তাই একে একে ক্রমে ক্রমে তাঁর লোক নিয়ে চারি দিক পূর্ণ করে তুলছেন ।

সুমিত্রা । আমাকে তিনি চান ?

কুমারসেন । হাঁ ।

সুমিত্রা । আর কী চান ।

কুমারসেন । আর তিনি চান আমাকে ।

সুমিত্রা । কেন, তোমার সঙ্গে তাঁর কিসের বিরোধ ।

কুমারসেন । আমার সঙ্গে বিরোধের স্পষ্ট কারণ যদি থাকত তা হলে সে কারণ দূর করলেই বিপদ কাটত । কারণ তাঁর অঙ্কপ্রকৃতির মধ্যে, সেইজন্যে এত দুর্নির্ব্বার, এত ভয়ংকর ।

সুমিত্রা । আমি যদি যাই তিনি কি তোমাকে মুক্তি দেবেন ।

কুমারসেন । কিন্তু তুমি কী করে যাবে তাঁর কাছে ? তুমি যে দেবতার । রাজ্যের কথা আর আমি ভাবি নে কিন্তু কাশ্মীরের দেবতার অপমান ঘটতে দিতে পারব না ।

সুমিত্রা । কী করবে তুমি ।

কুমারসেন । কিছু না পারি তো মরব । পাপকে ঠেকাবার জন্যে কিছু না করাই তো পাপ ।

নেপথ্যে । মহারানী !

সুমিত্রা । একী, এ যে দেবদত্ত ঠাকুর !

দেবদত্তের প্রবেশ

দেবদত্ত । কয়েকদিন থেকে দর্শনের চেষ্টা করেছিলুম, আমার চেহারা দেখে তোমার অনুচরদের মনে সংশয় ঘোচে না । অশোকবনে হনুমানকে দেখে রাক্ষসরা কেরকম সন্দ্বিষ্ট হয়েছিল এদের সেই দশা । আজ এইমাত্র হঠাৎ কেন এরা প্রসন্ন হল জানি নে । ছাড়া পেরেই দেখা করতে এসেছি । একটা নিবেদন আছে— শুনতেই হবে আমার কথা ।

সুমিত্রা । বলো ।

দেবদত্ত । আর সহ্য হয় না মহারানী । গ্রাম থেকে গ্রামে, নগর থেকে নগরে অগ্নিকাণ্ড দুর্ভিক্ষ রক্তপাত নারীনির্যাতন । পাপের নেশা জালজ্বরের সমস্ত সৈন্যকেই পেয়েছে— ধামতে পারছে না, মাত্রা কেবলই বেড়ে চলেছে । আমি মহারাজকে গিয়ে অভিশাপ দিয়েছিলেম, বলেছিলেম, অহরহ যমরাজের কাছে প্রার্থনা করছি তিনি তোমাকে সরিয়ে নিয়ে যান । রাজা আমাকে কারারুদ্ধ করেছিলেন, প্রহরী দয়া করে ছেড়ে দিলে । আজ মহারাজকে কেউ নিবেদন করতে পারবে না একমাত্র তুমি ছাড়া ।

কুমারসেন । ঠাকুর, এমন কথা কী করে বলছ, সুমিত্রা যাবেন তাঁর কাছে ? এ মন্দির থেকে ওঁর তো ফেরবার পথ নেই । এতে স্বর্গে মর্তে ঝিক্কার উঠবে যে ।

দেবদত্ত । আমি জানি বড়োই কঠিন ব্যাপার, এও জানি রাজা এখন প্রকৃতিস্থ নন । তবু বলছি দেবী সুমিত্রা, আজ তুমি সকল মান-অপমান সুখ-দুঃখের অতীত— তুমি পবিত্র, পাপ তোমার কাছে কুণ্ঠিত হবে, তুমি এই বীভৎসের মধ্যে নির্বিকার চিন্তে নামতে পারো ।

কুমারসেন । সুমিত্রার কী ঘটতে পারে না-পারে সে কথা ভাববার সময় আজ নেই— কিন্তু সুমিত্রা কাশ্মীরের দেবতাকে অপমান করে এখান থেকে চলে যাবে সে আমি ঘটতে দেব না । দেবতার ধন হরণ করে তাকে মানুষের ভোগের ভাগারে নিয়ে যাবে আমাদের বংশের কন্যা !

সুমিত্রা । ভাই কুমার, তাঁকে এইখানে আহ্বান করে আনব ।

কুমারসেন । এইখানে ? এই দেবালয়ে ?

সুমিত্রা । আসুন এখানেই, নইলে তাঁর মুক্তি কিছুতেই হবে না । আমার এই শেষ কাজ, তাঁকে বাঁচাতে হবে— তাঁর মোহগ্রস্থি ছিন্ন করে দিয়ে চলে যাব ।

দেবদত্ত । এ কিন্তু বড়ো সংকটের কথা, মহারানী । অনেক পাপ সে করেছে, অবশেষে দুর্বল যদি দেবালয়ে এসে দেবতার অসম্মান করে, পুণ্যতীর্থে যদি কলুষ আনে ?

সুমিত্রা । ভয় নেই, ঠাকুর, কোনো ভয় নেই । আমার প্রভু, আমার হিরণ্যদ্যুতি সকল পাপ দণ্ড করবেন, নিঃশেষে ভস্ম করবেন । সেই রুদ্র আমাকে গ্রহণ করেছেন, তাঁর কাছ থেকে আমাকে ছিন্ন করে নিতে পারে এমন শক্তি কারও নেই । কুমার, তোমার সঙ্গে শংকর আছে ?

কুমারসেন । ঐ যে সে প্রাঙ্গণে দাঁড়িয়ে ।

সুমিত্রা । শংকর !

শংকর । কী দিদি । কী দেবি । এই যে আমি এসেছি । যেদিন ওরা তোমাকে কেড়ে নিয়ে গেল সেদিন মরার বেশি দুঃখ পেয়েছি ; শেষকালে কাশ্মীরের কন্যাকে কাশ্মীরের দেবতা স্বয়ং উদ্ধার করে আনলেন এই দেখে আমার জন্ম সার্থক হল ।

সুমিত্রা । তুমি আমার দূত হয়ে যাও মহারাজ বিক্রমের কাছে ।

শংকর । এখনই যাব । বলো কী জানাতে হবে ।

নরেশ । দেবী, শংকরকে নয়, আমাকে পাঠিয়ে দাও, রাজা যদি অপমান করে বৃদ্ধ সহিতে পারবে না ।

সুমিত্রা । না রাজকুমার, এই আমার শেষ আশ্রয়— আমার চিরবন্ধু ছাড়া কার হাত দিয়ে পাঠাব । শংকর, শিশুকালে তোমার কোলে একদিন আমাকে গ্রহণ করেছ । মৃত্যুর সময় পিতা তাঁর শেষ অভিবাচন দিয়েছিলেন তোমাকেই । আজ সেই তোমার সুমিত্রার বাণী নিয়ে তোমাকেই যেতে হবে, হয়তো অপমানের মুখে । শান্ত হয়ে সহিষ্ণু হয়ে বোলো মহারাজকে, তাঁর সঙ্গে সম্বন্ধের চরম পরিণামের জন্যে মন্দিরে দেবতার চরণপ্রান্তে সুমিত্রা অপেক্ষা করবে । আর তোমার পরম স্নেহের ধন কুমার, ঐ কুমারের জন্যে ভেবো না ; তিনি মৃত্যুকে ভয় করেন না । সেই বন্ধু, সেই বিশ্ববিচারক ধর্মরাজ রইলেন তাঁর সহায় ।

শংকর । দিদি, বৃদ্ধের একটি কথা শোনো, জানি কুমারের সৈন্যসামন্ত নেই, জানি চন্দ্রসেন ঠাঁর বিরুদ্ধে, তবু যে-কয়জন আমরা আছি ঠাঁর সহচর, তাদের নিয়ে ঠাঁকে যুদ্ধক্ষেত্রেই যেতে হবে । সেখানে ঠাঁর জন্মভূমি ঠাঁকে পুণ্যক্রোড়ে গ্রহণ করবেন ।

দেবদত্ত । দেশের দুঃখ তাতে আরো আলোড়িত হয়ে উঠবে, শংকর । উন্নতের মন্ততান্নিতে আর ইচ্ছন দিয়ো না ।

কুমারসেন । শংকর, যাও তুমি, মহারাজকে ডেকে নিয়ে এসোগে । অতিথি তিনি, অতিথির মতো ঠাঁকে সংকৃত করব ।

শংকর । হে রুদ্র, হে হিরণ্যপাগি, আজ তোমার জ্যোতিতে আবরণ কেন । তোমার সেবকদের লজ্জা নিবারণ করো । দীপ্যমান তেজে এসো বাহির হয়ে— তোমার অগ্নিকেতু উদ্ঘাটিত করে দাও । নমস্কার তোমাকে, নমস্কার তোমাকে, বারবার তোমাকে নমস্কার ।

ভার্গবের প্রবেশ

ভার্গব । মহারাজ বিক্রম অনতিদূরে, এই শুনি জনশ্রুতি । আদেশ করো, সমস্ত দ্বার রুদ্ধ করে দিই ।
সুমিত্রা । খুলে দাও, খুলে দাও, সমস্ত দ্বার খুলে দাও, আসবার দ্বার এবং যাবার দ্বার । যাও যাও ভার্গব, ঠাঁকে আমন্ত্রণ করে আনো ।

ভার্গব । ঠাঁর প্রতিজ্ঞা, দেবতার কাছ থেকে তিনি তোমাকে কেড়ে নিয়ে যাবেন । আমি এ মন্দিরের পুরোহিত, আমার কর্তব্য করতে হবে তো ।

সুমিত্রা । তোমার কর্তব্যই করো । দেবতার পথ রোধ কোরো না— যে পথ দিয়ে রাজার সৈন্য আসবে সেই পথ দিয়েই আমার দেবতা আমাকে উদ্ধার করতে আসবেন । যাও তুমি এখনই, মন্দিরের সিংহদ্বার খুলে দাও ।

[ভার্গবের প্রস্থান

দেবদত্ত । তা হলে শংকর তুমি থাকো, মহারানীর দূত হয়ে আমিই ঠাঁকে আহ্বান করে আনি ।

[প্রস্থান

শংকর । দিদি, রাজগৃহ থেকে সেবার তোমাকে ওরা কেড়ে নিয়ে গেল, এবার কি দেবালয় থেকে তোমাকে কেড়ে নিতে দেবে । এও কি আমরা চূপ করে সহ্য করব ।

সুমিত্রা । ভয় নেই শংকর । আজ আমাকে নেবার সাধ্য কার আছে ।

শংকর । তবে বলো, তোমার কী সংকল্প ।

সুমিত্রা । রুদ্রের কাছে বহুদিন পূর্বে আত্মনিবেদন করেছিলুম । ব্যাঘাত ঘটেছিল, সংসার আমাকে অশুচি করেছে । তপস্যা করেছি, আমার দেহমন শুদ্ধ হয়েছে । আজ আমার সেই অনেকদিনের সংকল্প সম্পূর্ণ হবে । ঠাঁর পরমতেজে আমার তেজ মিলিয়ে দেব ।

শংকর । আমার মোহ দূর হোক সুমিত্রা, মোহ দূর হোক । তোমাকে যেন নিবৃত্ত না করি ।

[শংকরের প্রস্থান

সুমিত্রা । বিপাশা !

বিপাশার প্রবেশ

বিপাশা । বলো দেবি ।

সুমিত্রা । আমার অশ্লিষ্যা অনেকদিন থেকেই প্রস্তুত হচ্ছে, তুমি দেখেছ বহুদুঃখের সেই আয়োজন । আজ সময় হয়েছে, আনন্দ করো, স্বলুক শিখা, বিলম্ব কোরো না ।

বিপাশা । যে আদেশ দেবি ।

[পায়ের কাছে মাথা রেখে পড়ে রইল

সুমিত্রা । ওঠ বিপাশা, এবার আমার শেষ পূজা করি । অর্ঘ্য প্রস্তুত আছে ?
বিপাশা । আছে, দেবী ।

পদ্মের অর্ঘ্য হাতে সুমিত্রা

বিপাশা ।

গান

শুভ্র নবশঙ্খ তব গগন ভরি বাজে,
ধ্বনিল শুভ জাগরণ-গীত ।
অরুণরুচি আসনে চরণ তব রাজে,
মম হৃদয়কমল বিকশিত ।
গ্রহণ করো তারে
তিমির পরপারে,
বিমলতর পুণ্যকরপরশ-হরষিত ॥

সুমিত্রা ।

অদ্যা দেবা উদিতা সূর্যস্য
নিরংহসঃ পিপৃতা নিরবদ্যাৎ ।
পৃথিবী শান্তিরন্তরিক্কাং শান্তিদ্যৌঃ শান্তিঃ ।
শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥

শেষ দৃশ্য

নেপথ্য থেকে চিতাগ্নির আভাস আসছে
সকলের বেদমন্ত্রসহ বেদী প্রদক্ষিণ
বায়ুরনিলমমৃতমথৈদং ভস্মাস্তুং শরীরম্ ॥
ওঁ ক্রতো স্মর কৃতং স্মর ।
ক্রতো স্মর কৃতং স্মর ॥
অগ্নে নয় সুপথা রায়ে অস্মান্
বিশ্বানি দেব বয়ুনানি বিদ্বান্ ॥
যুযোধাস্মজ্জুহুরাগমেনো
ভূয়িষ্ঠাং তে নম উস্তিঃ বিধেম ।

নেপথ্যে বাদ্যোদ্যম । বিক্রম, দেবদত্ত, শংকরের প্রবেশ ।

পরিশিষ্ট

মন্ত্রের অনুবাদ

- ১। কর্পূর ইব দন্ধোহপি শক্তিমান্ যো জনে জনে ।
নমস্বাযবীর্ষায় তস্মৈ মকরকেতবে ॥

—সুভাষিতরত্নভাণ্ডাগার

কর্পূরের মতো, দন্ধ হইলেও যাহার শক্তি প্রত্যেক ব্যক্তিতে অনুভূত, যাহার প্রভাবে কেহ নিবারণ করিতে পারে না, সেই মকরকেতুকে নমস্কার ॥

- ২। উদু ভ্যং জাতবেদসং দেবং বহস্তি কেতবঃ
দশে বিশ্বায় সূর্যম্ ॥

—ঋগ্বেদ ১. ৫০. ১

অপ তো তায়বো যথা নক্ষত্রা যন্ত্যস্তিভিঃ
সূরায় বিশ্বচক্ষসে ॥

—ঋগ্বেদ ১. ৫০. ২

বিশ্ব দেখিতে পাইবে এই উদ্দেশ্যে রশ্মিসমূহ সমস্ত ভূতের জাতা উজ্জ্বল সূর্যকে উর্ধ্বে বহন করিতেছে ॥

বিশ্বদ্রষ্টা সূর্যকে আসিতে দেখিয়া সেই নক্ষত্রগুলি রাত্রির সহিত চোরের মতো পলায়ন করিতেছে ॥

- ৩। বায়ুরনিলমমৃতমধেদং ভস্মাস্তুঃ শরীরম্ ॥

ও ক্রতো স্মর কৃতং স্মর ।

ক্রতো স্মর কৃতং স্মর ॥

অগ্নে নয় সুপথা রায়ে অস্মান্

বিশ্বানি দেব বয়ুনানি বিশ্বান্ ॥

যুযোধাস্মচ্ছুরাগমেনো

ভূয়িষ্ঠাং তে নম উক্তিং বিধেম ।

—ঐশোপনিষৎ ১৮

মহাবায়ুতে আমার প্রাণবায়ু এবং এই শরীর ভস্মে মিলিত হোক ॥

ও, আপন কর্তব্য স্মরণ করো, আপন কৃতকার্য স্মরণ করো ॥

হে অগ্নি, আমাদের সূপথে লইয়া যাও। হে দেব, তুমি আমাদের সকল কার্য জান, তুমি আমাদের সমস্ত কুটিল পাপকে বিনাশ করো। তোমাকে আমরা বারংবার নমস্কার করি ॥

- ৪। অদ্যা দেবা উদিতা সূর্যস্য

নিরংহসঃ পিপৃতা নিরবদ্যাৎ ।

—ঋগ্বেদ ১. ১১৫. ৬

অদ্য সূর্যের উদিত উজ্জ্বল কিরণসমূহ পাপ হইতে, নিন্দনীয় কর্ম হইতে, আমাদের সূর্যকে উদ্ধার করিয়া পালন করুন ॥

- ৫। পৃথিবী শান্তিরস্তুরিকং শান্তিদৌঃ শান্তিঃ ।

শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥

—অথর্ববেদ ১৯. ৯. ১৪

পৃথিবীলোক শান্তি আনয়ন করুক। অন্তরীকলোক শান্তি আনয়ন করুক। দুলোক শান্তি আনয়ন করুক ॥



নবীন

নবীন

প্রথম পর্ব

বাসন্তী, হে ভুবনমোহিনী,
দিকপ্রান্তে, বনপ্রান্তে,
শ্যাম প্রান্তরে, আশ্রয়রে,
সরোবরতীরে, নদীতীরে,
নীল আকাশে, মলয়বাতাসে
ব্যাপিল অনন্ত তব মাধুরী ।

নগরে গ্রামে কাননে,
দিনে নিশীথে,
শিকসংগীতে নৃত্যগীতকলনে
বিশ্ব আনন্দিত—

‘ ভবনে ভবনে

বীণাতান রণ-রণ ঝংকত ।
মধুমদমোদিত হৃদয়ে হৃদয়ে রে
নবপ্রাণ উচ্ছ্বসিল আজি,
বিচলিত চিত উচ্ছ্বলি উন্মাদনা
কন-কন কনিল মঞ্জীরে মঞ্জীরে ॥

শুনেছ অলিমাল্য, ওরা ধিক্কার দিচ্ছে ঐ ও পাড়ার মন্দের দল ; তোমাদের চাপল্য তাদের ভালো লাগছে না । শৈবালগুচ্ছবিলম্বী ভারী ভারী সব কালো কালো পাথরগুলোর মতো ভমিস্রগহন গাভীরে ওরা গুহাঘারে ভুকুটি পুঞ্জিত করে বসে আছে । কলহাস্যচঞ্চলা নিবিরিশী ওদের নিষেধ লঙ্ঘন করেই বেরিয়ে পড়ুক এই আনন্দময় বিশ্বের আনন্দপ্রবাহ দিকে দিগন্তে বইয়ে দিতে, নাচে গানে কন্ঠোলে হিল্লোলে ; চূর্ণ চূর্ণ সূর্যের আলো উদ্বেল তরঙ্গতন্দের অঞ্জলিবিক্ষেপে ছড়িয়ে ছড়িয়ে নিরুদ্ধেশ হয়ে যেতে । এই আনন্দ-আবেগের অন্তরে অন্তরে যে অক্ষয় সৌর্যের অনুপ্রেরণা আছে সেটা ও পাড়ার শাস্ত্রবচনের বেড়া এড়িয়ে চলে গেল । ভয় কোরো না তোমরা, যে রসরাজের নিয়ন্ত্রণে এসেছ তাঁর প্রসন্নতা যেমন আজ নেমেছে আমাদের নিকটে ঐ অন্তঃস্মিত গঙ্করাজমুকুলের প্রচ্ছন্ন গঙ্করেশুতে, তেমনি নামুক তোমাদের কণ্ঠে, তোমাদের দেহলতার নিরুদ্ধনটনোৎসাহে । সেই বিনি সুরের গুরু, তাঁরই চরণে তোমাদের নৃত্যের নৈবেদ্য আজ নিবিরিত করে দাও ।

সুরের গুরু, দাও গো সুরের দীক্ষা—
মোরা সুরের কাঙাল, এই আমাদের ডিঙ্কা ।
মন্দাকিনীর ধারা
উষার শুকতার
কনকচাঁপা কানে কানে যে সুর পেল শিঙ্কা ।

তোমার সুরে ভরিয়ে নিয়ে চিত্ত
 যাব যেথায় বেসুর বাজে নিত্য ।
 কোলাহলের বেগে
 ঘূর্ণি উঠে জেগে,
 নিয়ে তুমি আমার বীণার সেইখানেই পরীক্ষা ॥

—
 তুমি সুন্দর যৌবনঘন,
 রসময় তব মূর্তি,
 দৈন্যভরণ বৈভব তব
 অপচয়পরিপূর্তি ।
 নৃত্য গীত কাব্য ছন্দ
 কলগুঞ্জ বর্ণ গন্ধ
 মরণহীন চিরনবীন
 তব মহিমান্বৃতি ॥

ও দিকে আধুনিক আমলের বারোয়ারির দল বলছে, উৎসবে নতুন কিছু চাই । কোণা-কাটা ত্যাড়াবাকা দুম্‌দাম-করা কড়া-ফ্যাশানের আহেলা বেলাতি নতুনকে না হলে তাদের শুকনো মেজাজে জোর পৌঁচছে না । কিন্তু, যাদের রসবেদনা আছে তাঁরা কানে কানে বলে গেলেন, আমরা নতুন চাই নে, আমরা চাই নবীনকে । এঁরা বলেন, মাধবী বছরে বছরে ঝাকা করে খোঁচা মেয়ে সাজ বদলায় না, অশোক পলাশ একই পুরাতন রঙে নিঃসংকোচে বারে বারে রঙিন । চিরপুরাতনী ধরণী চিরপুরাতন নবীনের দিকে তাকিয়ে বলছে, 'লাখ লাখ যুগ হিয়ে হিয়ে রাখনু তবু হিয়া জুড়ন না গেল !' সেই নিত্যনন্দিত সহজশোভন নবীনের উদ্দেশে তোমাদের আত্মনিবেদনের গান শুরু করে দাও ।

আন গো তোরা কার কী আছে,
 দেবার হাওয়া বইল দিকে দিগন্তরে—
 এই সুসময় ফুরায় পাছে ।
 কুঞ্জবনের অঞ্জলি যে ছাপিয়ে পড়ে,
 পলাশকানন ধৈর্য হারায় রঙের ঝড়ে,
 বেগুর শাখা তালে মাতাল পাতার নাচে ।

প্রজাপতি রঙ ভাসালো নীলাশ্বরে,
 মৌমাছির ধ্বনি উড়ায় বাতাস-পরে ।
 দখিন হাওয়া হেঁকে বেড়ায় 'জাগো জাগো',
 দোয়েল কোয়েল গানের বিরাম জানে না গো,
 রক্তরঙের জাগল প্রলাপ অশোক গাছে ॥

আজ বরবর্ষিনি অশোকমঞ্জরী তার চেলাকল-আন্দোলনের সঙ্গে সঙ্গে আকাশে রক্তরঙের কিঙ্কিণীঝংকার বিকীর্ণ করে দিলে ; কুঞ্জবনের শিরীষবীথিকায় আজ সৌরভের অপরিমেয় দাক্ষিণ্য । ললিতিকা, আমরাও তো শূন্য হাতে আসি নি । মাধুর্যের অতল সমুদ্রে আজ দানের জোয়ার লেগেছে, আমরাও ঘাটে ঘাটে দানের বোঝাই তরীর রশি খসিয়ে দিয়েছি । যে নাচের তরঙ্গে তারা ভেসে পড়ল সেই নাচের ছন্দটা, কিশোর, দেখিয়ে দাও ।

ফাগুন, তোমার হাওয়ায় হাওয়ায়
করেছি-যে দান
আমার, আপনহারা প্রাণ,
আমার বাধন-ছেঁড়া প্রাণ ।
তোমার অশোকে কিংশুকে
অলক্ষ্য রঙ লাগল আমার অকারাগের সুখে,
তোমার ঝাউয়ের দোলে
মর্মরিয়া ওঠে আমার দুঃখরাতের গান ।

পূর্ণিমাসন্ধ্যায়
তোমার রজনীগন্ধায়
রূপসাগরের পারের পানে উদাসী মন ধায় ।
তোমার প্রজাপতির পাখা
আমার আকাশ-চাওয়া মুকুচোখের রঙিন স্বপন -মাখা—
তোমার চাঁদের আলোয়
মিলায় আমার দুঃখসুখের সকল অবসান ॥

ভরে দাও, একেবারে ভরে দাও গো, 'প্যালা ভর ভর লায়ী রে' । পূর্ণের উৎসবে দেওয়া আর পাওয়া, একেবারে একই কথা । বর্নার এক প্রান্তে কেবলই পাওয়া অত্রভেদী শিখরের দিক থেকে, আর-এক প্রান্তে কেবলই দেওয়া অতলস্পর্শ সমুদ্রের দিকপানে । এই ধারার মাঝখানে শেষে বিচ্ছেদ নেই । অস্তুহীন পাওয়া আর অস্তুহীন দেওয়ার নিরবচ্ছিন্ন আবর্তন এই বিশ্ব । আমাদের গানেও সেই আবৃত্তি, কেননা, গান তো আমরা শুধু কেবল গাই নে, গান-যে আমরা দিই, তাই গান আমরা পাই ।

গানের ডালি ভরে দে গো উষার কোলে—
আয় গো তোরা, আয় গো তোরা, আয় গো চলে ।
চাপার কলি চাপার গাছে
সুরের আশায় চেয়ে আছে,
কান পেতেছে নতুন পাতা গাইবি বলে ।

কমলবরন গগনমাঝে
কমলচরণ ওই বিরাজে ।
ওইখানে তোর সুর ভেসে যাক,
নবীনপ্রাণের ওই দেশে যাক,
ওই যেখানে সোনার আলোর দুয়ার খোলে ॥

মধুরিমা, দেখো দেখো, চন্দ্রমা তিথির পর তিথি পেরিয়ে আজ তার উৎসবের তরঙ্গী পূর্ণিমার ঘাটে পৌঁছিয়ে দিয়েছে । নন্দনবন থেকে কোমল আলোর শুভ্র সুকুমার পারিজাতস্ববকে তার ডালি ভরে আনল । সেই ডালিখানিকে ঐ কোলে নিয়ে বসে আছে কোন্ মাধুরীর মহাশেতা । রাজহংসের ডানার মতো তার লঘু মেঘের শুভ্র বসনাঙ্কল ব্রহ্ম হয়ে পড়েছে ঐ আকাশে, আর তার বীণার রূপোর তন্তুগুলিতে অলস অঙ্গুলিকোঁপে থেকে থেকে গুঞ্জরিত হচ্ছে বেহাগের তান ।

নিবিড় অমা-তিমির হতে
 বাহির হল জোয়ারশ্রোতে
 শুক্লরাতে চাঁদের তরঙ্গী ।
 ভরিল ভরা অরূপ ফুলে,
 সাজালো ডালা অমরাকূলে
 আলোর মালা চামেলিবরনী
 শুক্লরাতে চাঁদের তরঙ্গী ।

তিথির পরে তিথির ঘাটে
 আসিছে তরী দোলের নাটে,
 নীরবে হাসে স্বপনে ধরঙ্গী ।
 উৎসবের পসরা নিয়ে
 পূর্ণিমার কূলেতে কি এ
 ভিড়িল শেবে তন্ত্রাহরণী
 শুক্লরাতে চাঁদের তরঙ্গী ॥

দোল লেগেছে এবার । পাওয়া আর না-পাওয়ার মাঝখানে এই দোল । এক প্রান্তে মিলন আর-এক
 প্রান্তে বিরহ, এই দুই প্রান্ত স্পর্শ করে করে দুলছে বিশ্বের হৃদয় । পরিপূর্ণ আর অপূর্ণের মাঝখানে এই
 দোলন । আলোতে ছায়াতে ঠেকতে ঠেকতে রূপ জাগছে জীবন থেকে মরণে, বাহির থেকে অন্তরে ।
 এই ছন্দটি বাঁচিয়ে যে চলতে চায় সে তো যাওয়া-আসার দ্বার খোলা রেখে দেয় । কিন্তু, ঐ-যে হিসাবি
 মানুষটা দ্বারে শিকল দিয়ে আঁক পাড়ছে তার শিকল-নাড়া দাও তোমরা । ঘরের লোককে অন্তত আজ
 একদিনের মতো ঘরছাড়া করো ।

ওরে গৃহবাসী, তোরা খোল্ দ্বার খোল্,
 লাগল-যে দোল ।
 স্থলে জলে বনতলে
 লাগল-যে দোল ।
 খোল্ দ্বার খোল্ ।

রাঙা হাসি রাশি রাশি অশোকে পলাশে,
 রাঙা নেশা মেঘে মেঘা প্রভাত-আকাশে,
 নবীন পাতায় লাগে রাঙা হিম্মোল ।
 খোল্ দ্বার খোল্ ।

বেণুবন মর্মরে দধিনবাতাসে,
 প্রজাপতি দোলে ঘাসে ঘাসে—
 মউমাছি ফিরে যাচি কুলের দধিনা,
 পাখায় বাজায় তার ভিখারীর বীণা,
 মাধবীবিতানে বায়ু গন্ধে বিভোল ।
 খোল্ দ্বার খোল্ ॥

আমি সকল নিরে বসে আছি সর্বনাশের আশায়,
 আমি তার লাগি পথ চেয়ে আছি পথে যে জন ভাসায় ।
 যে জন দেয় না দেখা, যায় যে দেখে,
 ভালোবাসে আড়াল থেকে,
 আমার মন মজেছে সেই গভীরের
 গোপন ভালোবাসায় ॥

সর্বনাশের ব্রত যাদের তাদের ভয় ভাঙিয়ে দাও । কাঁরও কাঁরও যে দ্বিধা ঘোচে না । ঐ দেখো-না
 পাতার আড়ালে মাধবী । ঐ অবগুষ্ঠিতাদের সাহস দাও । শুনছ না বকুলগুলো করতে করতে বলছে
 'যা হয় তা হোক গে', আমার মুকুল বলে উঠছে 'কিছু হাতে রাখব না' । যারা কৃপণতা করবে তাদের
 সময় বয়ে যাবে ।

হে মাধবী, দ্বিধা কেন— আসিবে কি কিরিবে কি—
 আঙিনাতে বাহিরিতে মন কেন গেল ঠেকি ।
 বাতাসে লুকায়ে থেকে
 কে-যে তোরে গেছে ডেকে,
 পাতায় পাতায় তোরে পত্র সে-যে গেছে লেখি ।

কখন দখিন হতে কে দিল দুয়ার ঠেলি,
 চমকি উঠিল জাগি চামেলি নয়ন মেলি ।
 বকুল পেয়েছে ছাড়া,
 করবী দিয়েছে সাড়া,
 শিরীষ শিহরী উঠে দূর হতে কারে দেখি ॥

তুমি কোন্ ভাঙনের পথে এলে সুপ্ত রাতে,
 আমার ভাঙল যা তাই ধন্য হল চরণপাতে ।

নন্দিনী, ঐ দেখে নাও শিশুর লীলা, ঐ-যে কচি কিশলয়—

শ্যামল কোমল চিকন রূপের নবীন শোভা— দেখে যা—
 কল-উত্তরোল চঞ্চলদোল ওই-যে বোবা ।

শিশু হয়ে এসেছে চিরনবীন, কিশলয়ে তার ছেলেখেলা জমাবার জন্যে । দোসর হয়ে তার সঙ্গে
 যোগ দিল ঐ সূর্যের আলো, সেও সাজল শিশু, সারাবেলা সে কেবল বিকিমিকি করছে । সেই তো
 তার কলপ্রলাপ । ওদের নাচে নাচে মুখরিত হয়ে উঠল প্রাণগীতিকার প্রথম ধুরোটি ।

ওরা অকারণে চঞ্চল ।
 ডালে ডালে দোলে বায়ুহিল্লোলে
 নবপল্লবদল ।
 ছড়ারে ছড়ারে বিকিমিকি আলো
 দিকে দিকে ওরা কী খেলা খেলানো—
 মর্মরতানে প্রাণে ওরা আনে
 কৈশোরকোলাহল ।

ওরা কান পেতে শোনে গগনে গগনে
নীরবের কানাকানি,
নীলিমার কোন্ বাণী ।

ওরা প্রাণকরনার উচ্ছল ধার
ঝরিয়া ঝরিয়া বহে অনিবার,
চিরতাপসিনী ধরণীর ওরা
শ্যামশিখা হোমানল ॥

দীর্ঘ শূন্য পথটাকে এতদিন ঠেকেছিল বড়ো কঠিন, বড়ো নিষ্ঠুর । আজ তাকে প্রণাম । পথিককে সে তো অবশেষে এনে পৌঁছিয়ে দিলে । কিন্তু, ভুলব কেমন করে যে, যে পথ কাছে নিয়ে আসে সেই পথই দূরে নিয়ে যায়— তাই মনে হয়, ঘরের মধ্যে নিশ্চল হয়ে মিলন স্থায়ী হয় না, পথে বেরিয়ে পড়লে তবেই পথিকের সঙ্গে বিচ্ছেদ এড়ানো যায় । তাই আজ পথকেই প্রণাম ।

মোর পথিকেরে বুঝি এনেছ এবার
করণ রঙিন পথ ।
এসেছে এসেছে অঙ্গনে, মোর
দুয়ারে লেগেছে রথ ।

সে-যে সাগরপারের বাণী
মোর পরানে দিয়েছে আনি,
তার আঁখির তারায় যেন গান গায়
অরণ্য পর্বত ।

দুঃখসুখের এপারে ওপারে
দোলায় আমার মন,
কেন অকারণ অক্রসলিলে
ভরে যায় দু'নয়ন ।

ওগো নিদারুণ পথ, জানি,
জানি, পুন নিয়ে যাবে টানি
তারে, চিরদিন মোর যে দিল ভরিয়া
যাবে সে স্বপনবৎ ॥

—

বাতাসের চলার পথে যে মুকুল পড়ে ঝরে,
তা নিয়ে তোমার লাগি রেখেছি ডালি ভরে ।

টুকরো টুকরো সুখদুঃখের মালা গাঁথব— সাতনরী হার পরাব তোমাকে মাধুর্যের মুক্তোগুলি চুনে নিয়ে । ফাগুনের ভরা সাজির উদ্বৃত্ত থেকে তুলে নেল বনের মর্মর, বাণীর সূত্রে গাঁথে বেঁধে দেব তোমার মণিবন্ধে । হয়তো আবার আর-বসন্তেও সেই আমার দেওয়া ভূষণ প'রেই তুমি আসবে । আমি থাকব না, কিন্তু কী জানি আমার দানের ভূষণ হয়তো থাকবে তোমার দক্ষিণ হাতে ।

ফাগুনের নবীন আনন্দে
গানখানি গাঁথিলাম ছন্দে ।
দিল তারে বনবীধি
কোকিলের কলগীতি,
ভরি দিল বকুলের গন্ধে ।

মাধবীর মধুময় মন্ত্র
 রঙে রঙে রাঙালো দিগন্ত ।
 বাণী মম নিল তুলি
 পলাশের কলিগুলি,
 বেঁধে দিল তব মণিবন্ধে ॥

দ্বিতীয় পর্ব

কেন ধরে রাখা, ও-যে যাবে চলে
 মিলনলগন গত হলে ।

স্বপনশেষে নয়ন মেলো,
 নিবু নিবু দীপ নিবায়ে ফেলো,
 কী হবে শুকানো ফুলদলে ।

এখনো কোকিল ডাকছে, এখনো শিরীষবনের পুষ্পাঞ্জলি উঠছে ভরে ভরে, তবু এই চঞ্চলতার
 অন্তরে অন্তরে একটা বেদনা শিউরিয়ে উঠল । বিদায়দিনের প্রথম হাওয়া অশথগাছের পাতায় পাতায়
 ঝর ঝর করে উঠছে । সভার বীণা বুকি নীরব হবে, দিগন্তে পথের একতারার সুর বাঁধা হচ্ছে— মনে
 হচ্ছে, যেন বসন্তী রঙ ম্লান হয়ে গেরুয়া রঙে নামল ।

চলে যায়, মরি হয়, বসন্তের দিন ।
 দূর শাখে পিক ডাকে বিরামবিহীন ।
 অধীর সমীরভরে
 উচ্ছ্বসি বকুল ঝরে,
 গঙ্কসনে হল মন সুদূরে বিলীন ।
 পুলকিত আশ্রবীধি ফাটুনেরই তাপে,
 মধুকরওজরণে ছায়াতল কাঁপে ।
 কেন জানি অকারণে
 সারাবেলা আনমনে
 পরানে বাজায় বীণা কে গো উদাসীন ॥

বিদায় দিয়ে মোরে প্রসন্ন আলোকে,
 রাতের কালো আধার যেন নামে না ওই চোখে ।

হে সুন্দর, যে কবি তোমার অভিনন্দন করতে এসেছিল তার ছুটি মঞ্জুর হল । তার প্রশ্নাম তুমি
 নাও । তার আপন গানের বন্ধনেই চিরদিন সে বাঁধা রইল তোমার ঝারে । তার সুরের রাশী তুমি গ্রহণ
 করেছ আমি জানি ; তার পরিচয় রইল তোমার ফুলে ফুলে, তোমার পদপাতকম্পিত শ্যামল
 শম্পবীথিকায় ।

বসন্তে বসন্তে তোমার কবিরে দাও ডাক—
 যায় যদি সে ঝাঁক ।
 রইল তাহার বাণী, রইল ডরা সুরে,
 রইবে না সে দূরে—

সুন্দর তাহার কুঞ্জে তোমার
 রইবে না নির্বাক ।
 ছন্দ তাহার রইবে বেঁচে
 কিশলয়ের নবীন নাচে নেচে নেচে ।
 তারে তোমার বীণা যায় না কেন ভুলে,
 তোমার ফুলে ফুলে
 মধুকরের গুঞ্জেবেদনা তার থাক ॥

তবে শেষ করে দাও শেষ গান,
 তার পরে যাই চলে ।
 তুমি ভুলো না গো এ রজনী
 আজ রজনী ভোর হলে ।

এর ভয় হয়েছে সব কথা বলা হল না । এ দিকে বসন্তের পালা সাজ হল । ছুরা কর গো, ছুরা কর— বাতাস তপ্ত হয়ে এল, এইবেলা রিক্ত হবার আগে অঞ্জলি পূর্ণ করে দে— তার পরে আছে করুণ ধূলি তার আঁচল বিছিয়ে ।

যখন মল্লিকাবনে প্রথম ধরেছে কলি
 তোমার লাগিয়া তখনি বন্ধু,
 বেঁধেছিঁ অঞ্জলি ।
 তখনো কুহেলিআলে
 সখা, তরুণী উষার ভালে
 শিশিরে শিশিরে অরুণমালিকা ।
 উঠিতেছে ছলছলি ।

এখনো বনের গান
 বন্ধু, হয় নি তো অবসান,
 তবু এখনি যাবে কি চলি ।
 ও মোর করুণ বল্লিকা,
 তোর শ্রান্ত মল্লিকা
 ঝরো-ঝরো হল, এই বেলা তোর
 শেষ কথা দিস বলি ॥

‘কোনো পাতা কে যে ছড়ায় ওই দূরে’ বসন্তের ভূমিকায় ঐ পাতাগুলি একদিন আগমনীর গানে তাল দিয়েছিল, আজ তারা যাবার পথের ধূলিকে ঢেকে দিল, পায়ে পায়ে প্রশাম করতে লাগল বিদায়পথের পথিককে । নবীনকে সন্ন্যাসীর বেশ পরিয়ে দিয়ে বললে, ‘তোমার উদয় সুন্দর, তোমার অস্তও সুন্দর ।’

করা পাতা গো, আমি তোমারি দলে ।
 অনেক হাসি অনেক অশ্রুজলে
 ফাঙন দিল বিদায়মন্ত্র
 আমার হিয়াতলে ।

ঝরা পাতা গো, বসন্তী রঙ দিয়ে
 শেষের বেশে সেজেছ তুমি কি এ !
 খেলিলে হোলি ধুলায় ঘাসে ঘাসে
 বসন্তের এই চরম ইতিহাসে ।
 তোমারি মতো আমারো উত্তরী
 আঙন রঙে দিয়ো রঙিন করি,
 অন্তরবি লাগাক পরশমনি
 প্রাণের মম শেষের সম্বলে ॥

সে-যে কাছে এসে চলে গেল তবু জাগি নি ।
 কী ঘুম তোরে পেয়েছিল হতভাগিনী !

মন ছিল সুপ্ত, কিন্তু ঘর ছিল খোলা, সেইখান দিয়ে কার নিঃশব্দ চরণের আনাগোনা । জেগে উঠে
 দেখি ভুইচাঁপা ফুলের ছিন্ন পাপড়ি লুটিয়ে আছে তার যাওয়ার পথে । আর দেখি, ললাটে পরিয়ে দিয়ে
 গেছে বরণমালা, তার শেষ দান, কিন্তু এ-যে বিরহের মালা ।

কখন দিলে পরায়ে
 স্বপনে বরণমালা, ব্যথার মালা ।
 প্রভাতে দেখি জেগে
 অরুণ মেঘে
 বিদায়বাশরি বাজে অশ্রু-গালা ।
 গোপনে এসে গেলে
 দেখি নাই আঁধি মেলে ।
 আধারে দুঃখডোরে
 বাঁধিল মোরে,
 ভূষণ পরালে বিরহবেদন-ঢালা ॥

হে বনস্পতি শাল, অবসানের অবসাদকে তুমি দূর করে দিলে । তোমার অক্লান্ত মঞ্জুরীর মধ্যে
 উৎসবের শেষবেলাকার ঐশ্বর্য, নবীনের শেষ জয়ধ্বনি তোমার বীরকণ্ঠে । অরণ্যভূমির শেষ আনন্দিত
 বাণী তুমি শুনিতে দিলে যাবার পথের পথিককে, বললে 'পুনর্দর্শনার' । তোমার আনন্দের সাহস
 বিচ্ছেদের সামনে এসে মাথা তুলে দাঁড়াল ।

ক্লান্ত যখন আশ্রকলির কাল,
 মাধবী ঝরিল ভূমিতলে অবসন্ন,
 সৌরভধনে তখন তুমি হে শাল,
 বসন্তে করো ধন্য ।
 সাক্ষ্যনা মাগি দাঁড়ায় কুঞ্জভূমি
 রিক্তবেলায় অঞ্চল ববে শূন্য—
 বনসভাতলে সবার উর্ধ্বে তুমি,
 সব অবসানে তোমার দানের পুণ্য ॥

এইবার শেষ দেওয়া-নেওয়া চুকিয়ে দাও । নিরে বাও তোমার বাহিরের দান, উত্তরীরের সুগন্ধ,
 বাঁশির গান, আর নিরে বাও আমার অন্তরের বেদনা নীরবতার ডালি থেকে ।

তুমি কিছু দিয়ে যাও
 মোর প্রাণে গোপনে গো ।
 ফুলের গন্ধে, বাশির গানে,
 মর্মরমুখরিত পবনে ।
 তুমি কিছু নিয়ে যাও
 বেদনা হতে বেদনে—
 যে মোর অশ্রু হাসিতে লীন,
 যে বাণী নীরব নয়নে ॥

দূরের বাণীকে জাগিয়ে দিয়ে গেল পথিক । এমনি করেই বারে বারে সে কাছের বন্ধন আলগা করে দেয় । একটা অপরিচিত ঠিকানার উদ্দেশ্য বলে দিয়ে যায় কানে কানে, সাহসের সুর এসে পৌছয় বিচ্ছেদসমুদ্রের পরপার থেকে— মন উদাস হয়ে যায় ।

বাজে করুণ সুরে (হার দূরে)
 তব চরণতলচূষিত পৃথ্বীণা ।
 মম পায়ুচিত চঞ্চল
 জানি না কী উদ্দেশে ।
 যুধীগন্ধ অশান্ত সমীরে
 ধায় উতলা উজ্জ্বলে,
 তেমনি চিস্ত উদাসী রে
 নিদারুণ বিচ্ছেদের নিশীথে ।

পরিশিষ্ট

প্রথম অভিনয়কালে 'নবীন' যে আকারে মুদ্রিত হইয়াছিল তাহা এই পরিশিষ্টে সংকলিত হইল ।
যে গানগুলি প্রচলিত 'নবীন' গ্রন্থে বা অন্য গ্রন্থে স্থান পাইয়াছে তাহাদের প্রথম ছত্রই কেবল
দেওয়া গেল । 'হৃদয় আমার, ওই বুঝি তোর বৈশাখী ঝড় আসে' গানের পাঠান্তর 'হৃদয় আমার,
ওই বুঝি তোর ফাদুলী ঢেউ আসে' গানটি পুনর্মুদ্রিত হইল । 'বেদনা কী ভাষায় রে' প্রচলিত
গ্রন্থে বর্জিত হইলেও, প্রথম প্রকাশিত নবীনের অন্তর্ভুক্ত নবরচিত গান হিসাবে সম্পূর্ণ উদ্ধৃত
হইল ।

নবীন

প্রথম পর্ব

বাসন্তী, হে ভুবনমোহিনী

শুনেছ অলিমলা, ওরা বড়ো, ঝিক্কার দিচ্ছে, ঐ ওপাড়ার মন্ত্রের দল, উৎসবে তোমাদের চাপলা ওদের ভালো লাগছে না। শৈবালপুঞ্জিত গুহাঘারে কালো কালো শিলাখণ্ডের মতো তমিষ্রগহন গাষ্টীর্যে ওরা নিশ্চল হয়ে ভুকুটি করছে, নিব্বরিণী ওদের সামনে দিয়ে বেরিয়ে পড়েছে এই আনন্দময় বিশ্বের আনন্দপ্রবাহ দিকে দিগন্তে বইয়ে দিতে, নাচে গানে কন্ঠোলে হিন্মোলে কলহাস্যে— চূর্ণ চূর্ণ সূর্যের আলো উদ্বেল তরঙ্গভঙ্গের ছন্দে ছন্দে বিকীর্ণ করে দিতে। এই আনন্দ-আবেগের অন্তরে অন্তরে যে অক্ষয় শৌর্যের অনুপ্রেরণা আছে, সেটা ওদের শাস্ত্রবচনের বেড়ার বাইরে দিয়ে চলে গেল। ভয় কোরো না তোমরা; যে রসরাজের নিমন্ত্রণে তোমরা এসেছ, তাঁর প্রসন্নতা যেমন নেমেছে আমাদের নিকটে, অন্তঃস্থিত গঙ্করাজমুকুলের প্রচ্ছন্ন গঙ্করেণুতে তেমনি নামুক তোমাদের কণ্ঠে কণ্ঠে, তোমাদের দেহলতার নিরঙ্ক নটনোৎসাহে। সেই যিনি সুরের গুরু, তাঁর চরণে তোমাদের নৃত্যের অর্ঘ্য নিবেদন করে দাও।

সুরের গুরু, দাও গো সুরের দীক্ষা

একটা কর্ম্মশ এসেছে বসন্ত-উৎসবে নতুন কিছু চাই— কিন্তু যাদের রসবেদনা আছে তারা বলেছে, আমরা নতুন চাই নে, আমরা চাই নবীনকে। তারা বলে, মাধবী বছরে বছরে সাজ বদলায় না, অশোক পলাশ পুরাতন রঙেই বারে বারে রঙিন। এই চিরপুরাতন ধরনী সেই চিরপুরাতন নবীনের দিকে তাকিয়ে বলেছে, 'লাখ লাখ যুগ হিয়ে হিয়ে রাখনু তবু হিয়া জুড়ন না গেল।' সেই নবীনের উদ্দেশ্যে তোমাদের গান শুরু করে দাও।

আন গো তোরা কার কী আছে

অশোকবনের রঙমহলে আজ লাল রঙের তানে তানে পঞ্চমরাগে সানাই বাজিয়ে দিলে, কুঞ্জবনের বীষিকার আজ সৌরভের অব্যাহত দানসত্র। আমরাও তো শূন্যহাতে আসি নি। দানের জোয়ার যখন লাগে অতল জলে তখন ঘাটে ঘাটে দানের বোকাইতরী রশি খুলে দিয়ে ভেসে পড়ে। আমাদের ভরা নৌকো দখিন হাওয়ার পাল তুলে সাগর-মুখো হল, সেই কথাটা কণ্ঠ খুলে জানিয়ে দাও।

ফাগুন, তোমার হাওয়ার হাওয়ার করেছি-যে দান

ভরে দাও একেবারে ভরে দাও, কোথাও কিছু সংকোচ না থাকে। পূর্ণের উৎসবে দেওয়া আর পাওয়া একই কথা। কর্নার এক প্রান্তে পাওয়া রয়েছে অত্রভেদী শিখরের দিক থেকে, আর-এক প্রান্তে দেওয়া রয়েছে অতলস্পর্শ সাগরের দিকে, এর মাঝখানে তো কোনো বিচ্ছেদ নেই। অন্তহীন পাওয়া আর অন্তহীন দেওয়ার আবর্তন নিয়ে এই বিশ্ব।

গানের ডালি ভরে দে গো উষার কোলে

মধুরিমা, দেখো, দেখো, চাঁদের তরশীতে আজ পূর্ণতা পরিপূঞ্জিত। কত দিন ধরে এক তিথি থেকে আর-এক তিথিতে এগিয়ে এগিয়ে আসছে। নন্দনবন থেকে আলোর পারিজাত ভরে নিয়ে এসে— কোন্ মাধুরীর মহাশেতা সেই ডালি কোলে নিয়ে বসে আছে; কণে কণে রাজহংসের ডানার মতো

তার ওপর মেঘের বসনপ্রাপ্ত আকাশে এলিয়ে পড়ছে। আজ ঘুমভাঙা রাতের বাঁশিতে বেহাগের তান লাগল।

নিবিড় অমা-তিমির হতে

দোল লেগেছে এবার। পাওয়া আর না-পাওয়ার মাঝখানে দোল। এক প্রান্তে বিরহ, আর প্রান্তে মিলন, স্পর্শ করে করে দুলাছে বিশ্বের হৃদয়। পরিপূর্ণ আর অপূর্ণের মাঝখানে এই দোলন। আলোতে ছায়াতে ঠেকতে ঠেকতে রূপ জাগছে— জীবন থেকে মরণে, মরণ থেকে জীবনে, অন্তর থেকে বাহিরে, আবার বাহির থেকে অন্তরে। এই দোলার তালে না মিলিয়ে চললেই রসভঙ্গ হয়। ও পাড়ার ওরা-যে দরজার আগল ঐটে বসেই রইল— হিসেবের খাতার উপর ঝুঁকে পড়েছে। একবার ওদের দরজার বাইরে দাঁড়িয়ে দোলের ডাক দাও।

ওরে গৃহবাসী, তোরা খোল দ্বার খোল

কিন্তু পূর্ণিমার চাঁদ-যে ধ্যানস্তিমিতলোচন পুরোহিতের মতো আকাশের বেদীতে বসে উৎসবের মন্ত্র জপ করতে লাগল। ওকে দেখাচ্ছে যেন জ্যোৎস্নাসমুদ্রের ঢেউয়ের চূড়ায় ফেনপুঞ্জের মতো— কিন্তু সে ঢেউ-যে চিত্রাৰ্পিতবৎ স্তব্ধ। এ দিকে আজ বিশ্বের বিচলিত চিত্ত দক্ষিণের হাওয়ায় ভেসে পড়েছে, চঞ্চলের দল মেতেছে বনের শাখায়, পাখির ডানায়— আর ঐ কি একা অবচলিত হয়ে থাকবে নিবাতনিষ্কম্পমিবপ্রদীপম্ ? নিজে মাতবে না আর বিশ্বকে মাতাবে, সে কেমন হল ? এর একটা যা-হয় জবাব দিয়ে যাও।

কে দেবে চাঁদ তোমায় দোলা’

আজ সব ভীকৃদের ভয় ভাঙানো চাই। ঐ মাধবীর দ্বিধা-যে ঘোচে না। এ দিকে আকাশে আকাশে প্রগল্ভতা অথচ ওরা রইল সসংকোচে ছায়ার আড়ালে। ঐ অবগুষ্ঠিতাদের সাহস দাও। বেরিয়ে পড়বার হাওয়া বইল যে— বকুলগুলো রাশি রাশি করতে করতে বলছে ‘যা হয় তা হোক গে’, আমের মুকুল নির্ভয়ে বলে উঠছে ‘দিয়ে ফেলব একেবারে শেষ পর্যন্ত’। যে পথিক আপনাকে বিলিয়ে দেবার জন্যেই পথে বেরিয়েছে তার কাছে আত্মনিবেদনের থালি উপুড় করে দিয়ে তবে তাকে আনতে পারবে নিজের আঙিনায়। কৃপণতা করে সময় বইয়ে দিলে তো চলবে না।

হে মাধবী, দ্বিধা কেন, আসিবে কি ফিরিবে কি

দেখতে দেখতে ভরসা বেড়ে উঠছে, তাকে পাব না তো কী। যখন দেখা দেয় না তখনো যে সাড়া দেয়। যে পথে চলে সেখানে-যে তার চলার রঙ লাগে। যে আড়ালে থাকে তার ঝাঁক দিয়ে আসে তার মালার গন্ধ। দুয়ারে অঙ্ককার যদি-বা চূপচাপ থাকে, আঙিনায় হাওয়াতে চলে কানাকানি। পড়তে পারি নে সব অঙ্কর, কিন্তু চিঠিখানা মনের ঠিকানায় এসে পৌঁছয়। লুকিয়েই ও ধরা দেবে এমনিভরো ওর ভাবখানা।

সে কি ভাবে গোপন রবে লুকিয়ে হৃদয়-কাড়া’

এইবার বেড়া ভাঙল, দুর্বীর বেগে। অঙ্ককারের গুহায় অগোচরে জমে উঠেছিল বন্যার উপক্রমণিকা, হঠাৎ বর্না ছুটে বেরোল, পাথর গেল ভেঙে, বাধা গেল ভেসে। চরম যখন আসেন তখন এক-পা এক-পা পথ গুনে গুনে আসেন না। একেবারে বহু-শান-দেওয়া বিদ্যুতের মতো, পুঞ্জ পুঞ্জ কালো মেঘের বন্ধ এক আঘাতে বিদীর্ণ করে আসেন।

হৃদয় আমার, ওই বুকি তোর ফান্সনী ঢেউ আসে,

বেড়া-ভাঙার মাতন নামে উদ্দাম উল্লাসে।

তোমার মোহন এল সোহন বেশে,

কুয়াশাতার গেল ভেসে,

এল তোমার সাধনধন উদার আশ্বাসে।

অরণ্যে তোর সুর ছিল না, বাতাস হিমে ভরা ।
 কীর্ণ পাতায় কীর্ণ কানন, পুষ্পবিহীন ধরা ।
 এবার জাগ রে হতশ, আয় রে ছুটে
 অবসাদের বাধন টুটে,
 বুঝি এল তোমার পথের সাধি উতল উচ্ছ্বাসে ।^২

উৎসবের সোনার কাঠি তোমাকে ছুয়েছে, চোখ খুলেছে ; এইবার সময় হল চার দিক দেখে নেবার । আজ দেখতে পাবে ঐ, শিশু হয়ে এসেছে চির নবীন, কিশলয়ে তার ছেলেখেলা জমাবার জন্যে । তার দোসর হয়ে তার সঙ্গে যোগ দিল ঐ সূর্যের আলো, সেও সাজল শিশু, সারাবেলা সে কেবল ঝিকিমিকি করছে । ঐ তার কলপ্রলাপ । ওদের নাচে নাচে মর্মরিত হয়ে উঠল প্রাণগীতিকার প্রথম ধূয়োটি ।

ওরা অকারণে চঞ্চল

আবার একবার চেয়ে দেখো— অবজায় চোখ ঝাপসা হয়ে থাকে, আজ সেই কুয়াশা যদি কেটে যায় তবে যাকে তুচ্ছ বলে দিনে দিনে এড়িয়ে গেছ তাকে দেখে নাও তার আপন মহিমায় । ঐ দেখো ঐ বনফুল, মহাপথিকের পথের ধারে ও ফোটে, তাঁর পায়ের করুণ স্পর্শে সুন্দর হয়ে ওঠে ওর প্রণতি । সূর্যের আলো ওকে আপন বলে চেনে ; দখিন হাওয়া ওকে শুধিয়ে যায় 'কেমন আছ' । তোমার গানে আজ ওকে গৌরব দিক । এরা যেন কুরুরাজের সভায় শূদ্রার সম্মান বিদুরের মতো, আসন বটে নীচে, কিন্তু সম্মান স্বয়ং ভীষ্মের চেয়ে কম নয় ।

আজ দখিন বাতাসে'

কাব্যলোকের আদরিণী সহকারমঞ্জরীকে আর চিনিয়ে দিতে হবে না । সে আপনাকে তো লুকোতে জানে না । আকাশের হৃদয় সে অধিকার করেছে, মৌমাছির দল বন্দনা করে তার কাছ থেকে অজস্র দক্ষিণা নিয়ে যাচ্ছে । সকলের আগেই উৎসবের সদাব্রত ও শুরু করে দিয়েছিল, সকলের শেষ পর্যন্ত ওর আমন্ত্রণ রইল খোলা । কোকিল ওর গুণগান দিনে রাতে আর শেষ করতে পারছে না— তোমরাও তান লাগাও ।

ও মঞ্জরী, ও মঞ্জরী, আমার মঞ্জরী

দীর্ঘ শূন্য পথটাকে এতদিন ঠেকেছিল বড়ো কঠিন, বড়ো নিষ্ঠুর । আজ তাকে প্রণাম । পথিককে সে তো অবশেষে এনে পৌছিয়ে দিলে । তারই সঙ্গে এনে দিলে অসীম সাগরের বাণী । দুর্গম উঠল সেই পথিকের মধ্যে গান গেয়ে । কিন্তু আনন্দ করতে করতেই চোখে জল আসে-যে । ভুলব কেমন করে যে, যে পথ কাছে নিয়ে আসে সেই পথই দূরে নিয়ে যায় । পথিককে ঘরে আটক করে না । বাধন ছিড়ে নিজেও বেরিয়ে না পড়লে ওর সঙ্গে বিচ্ছেদ ঠেকাবে কী করে ? আমার ঘর-যে ওর যাওয়া-আসার পথের মাঝখানে ; দেখা দেয় যদি-বা, তার পরেই সে দেখা আবার কেড়ে নিয়ে চলে যায় ।

মোর পথিকেরে বুঝি এনেছ এবার করুণ রঙিন পথ

তবু ওকে ক্ষণকালের বাধন পরিয়ে দিতে হবে । টুকরো টুকরো সুখের হার গাঁথব— পরাব ওকে মাধুর্যের মুক্তোগুলি । ফাগুনের ভরা সাজি থেকে যা-কিছু ঝরে ঝরে পড়ছে কুড়িয়ে নেব, বনের মর্মর, বকুলের গন্ধ, পলাশের রক্তমা— আমার বাণীর সূত্রে সব গাঁথে বেঁধে দেব তার মণিবন্ধে । হয়তো আবার আর-বসন্তেও সেই আমার-দেওয়া ভূষণ প'রেই সে আসবে । আমি থাকব না, কিন্তু কী জানি, আমার দানের ভূষণ হয়তো থাকবে ওর দক্ষিণ হাতে ।

ফাগুনের নবীন আনন্দে

দ্বিতীয় পর্ব

বেদনা কী ভাষায় রে
 মর্মে মমরি গুঞ্জরি বাঁজে ।
 সে বেদনা সমীরে সমীরে সঞ্চারে,
 চঞ্চল বেগে বিধে দিল দোলা ।
 দিবানিশা আছি নিদ্রাহরা বিরহে
 তব নন্দনবন-অঙ্গন-দ্বারে, মনোমোহন বন্ধু,
 আকুল প্রাণে
 পারিজাতমালা সুগন্ধ হানে ॥

বিদায়দিনের প্রথম হাওয়াটা এবার উৎসবের মধ্যে নিঃশ্বাসিত হয়ে উঠল। এখনো কোকিল ডাকছে, এখনো বকুলবনের সম্বল অজস্র, এখনো আশ্রমঞ্জরীর নিমন্ত্রণে মৌমাছিদের আনাগোনা, কিন্তু তবু এই চঞ্চলতার অন্তরে অন্তরে একটা বেদনা শিউরিয়ে উঠল। সভার বীণা বুকি নীরব হবে, পথের একতারায় এবার সুর বাঁধা হচ্ছে। দূর দিগন্তের নীলিমায় দেখা যায় অশ্রুর আভাস— অবসানের গোধূলিছায়া নামছে।

চলে যায় মরি হয় বসন্তের দিন

হে সুন্দর, যে কবি তোমার অভিনন্দন করতে এসেছিল তার ছুটির দিন এল। তার প্রণাম তুমি নাও। যে গানগুলি এতদিন গ্রহণ করেছ সেই তার আপন গানের বন্ধনেই সে বাঁধা রইল তোমার দ্বারে— তোমার উৎসবলীলায় সে চিরদিন রয়ে গেল তোমার সাথের সাথি। তোমাকে সে তার সুরের রাশী পরিয়েছে— তার চিরপরিচয় তোমার ফুলে ফুলে, তোমার পদপাতকম্পিত শ্যামল শম্পবীধিকায়।

বসন্তে বসন্তে তোমার কবিরে দাও ডাক

ওর ভয় হয়েছে সব কথা বলা হল না বুকি, এ দিকে বসন্তের পালা তো সাক্ষ হইবে এল। ওর মল্লিকাবনে এখনি তো পাপড়িগুলি সব পড়বে ঝরে— তখন বাণী পাবে কোথায়। ছরা কর্ গো, ছরা কর্। বাতাস তপ্ত হয়ে এল, এই বেলা রিক্ত হবার আগে তোর শেষ অঞ্জলি পূর্ণ করে দে ; তার পরে আছে করুণ ধূলি, তার আচলে সব ঝরা ফুলের বিরাম।

যখন মল্লিকাবনে প্রথম ধরেছে কলি

সুন্দরের বীণার তারে কোমল গাঙ্কারে মীড় লেগেছে। আকাশের দীর্ঘনিশ্বাস বনে বনে হয় হার করে উঠল, পাতা পড়ছে ঝরে ঝরে। বসন্তের ভূমিকায় ঐ পাতাগুলি একদিন শাখায় শাখায় আগমনীর গানে তাল দিয়েছিল, তারাই আজ যাবার পথের ধূলিকে ঢেকে দিল, পায়ে পায়ে প্রণাম করতে লাগল বিদায়পথের পথিককে। নবীনকে সন্ন্যাসীর বেশ পরিয়ে দিলে ; বললে, তোমার উদয় সুন্দর, তোমার অন্তও সুন্দর হোক।

ঝরা পাতা গো, আমি তোমারি দলে

মন থাকে সুপ্ত, তখনো দ্বার থাকে খোলা, সেইখান দিয়ে কার আনাগোনা হয় ; উত্তরীরের গন্ধ আসে ঘরের মধ্যে, ভুঁইচাপা ফুলের ছিন্ন পাপড়িগুলি লুটিয়ে থাকে তার যাওয়ার পথে ; তার বীণা থেকে বসন্তবাহারের রেশটুকু কুড়িয়ে নেয় মধুকরগুঞ্জরিত দক্ষিণের হাওয়া ; কিন্তু জানতে পাই নে, সে এসেছিল। জেগে উঠে দেখি তার আকাশপারের মালা সে পরিয়ে গিয়েছে, কিন্তু এ-যে বিরহের মালা।

কখন দিলে পরায়ে

বনবন্ধুর যাবার সময় হল, কিন্তু হে বনম্পতি শাল, অবসানের দিন থেকে তুমি অবসাদ ঘুচিয়ে দিলে। উৎসবের শেষ বেলাকে তোমার অক্লান্ত মঞ্জরী ঐশ্বৰ্যে দিল ভরিয়ে। নবীনের শেষ জয়ধ্বনি

তোমার বীরকণ্ঠে । সেই ধ্বনি আজ আকাশকে পূর্ণ করল, বিবাদের স্নানতা দূর করে দিলে ।
অরণ্যভূমির শেষ আনন্দিত বাণী তুমিই শুনিতে দিলে যাবার পথের পথিককে, বললে 'পুনর্দর্শনার' ।
তোমার আনন্দের সাহস কঠোর বিচ্ছেদের সমুখে দাঁড়িয়ে ।

ক্লান্ত যখন আশ্রয়কাল

দূরের ডাক এসেছে । পথিক, তোমাকে ফেরাবে কে । তোমার আসা আর তোমার যাওয়ারকে আজ
এক করে দেখাও । যে পথ তোমাকে নিয়ে আসে সেই পথই তোমাকে নিয়ে যার, আবার সেই পথই
ফিরিয়ে আনে । হে চিরনবীন, এই বন্ধিম পথেই চিরদিন তোমার রথযাত্রা ; যখন শিহ্ন ফিরে চলে
যাও সেই চলে যাওয়ার ভঙ্গিটি আবার এসে মেলে সামনের দিকে ফিরে আসায়— শেষ পর্বত দেখতে
পাই নে, হয় হয় করি ।

এখন আমার সময় হল'

বিদায়বেলার অঞ্জলি যা শূন্য করে দেয় তা পূর্ণ হয় কোন্‌খানে সেই কথাটা শোনা যাক ।
এ বেলা ডাক পড়েছে কোন্‌খানে'

আসন্ন বিরহের ভিতর দিয়ে শেষ বারের মতো দেওয়া-নেওয়া হয়ে যাক । তুমি দিয়ে যাও তোমার
বাহিরের দান, তোমার উত্তরীরের সুগন্ধ, তোমার বাশির গান, আর নিয়ে যাও এই অন্তরের বেদনা
আমার নীরবতার ডালি থেকে ।

তুমি কিছু দিয়ে যাও

খেলা-শুরুও খেলা, খেলা-ভাঙাও খেলা । খেলার আরম্ভে হল বাধন, খেলার শেষে হল বাধন
খোলা । মরণে বাঁচনে হাতে হাতে ধরে এই খেলার নাচন । এই খেলায় পুরোপুরি যোগ দাও— শুরুর
সঙ্গে শেষের সঙ্গে সম্পূর্ণ মিলিয়ে নিয়ে জয়ধ্বনি করে চলে যাও ।

আজ খেলা-ভাঙার খেলা খেলবি আয়'

পথিক চলে গেল সুদূরের বাণীকে জাগিয়ে দিয়ে । এমনি করে কাছের বন্ধনকে বারে বারে সে
আলগা করে দেয় । একটা কোন্‌ অপরিচিত ঠিকানার উদ্দেশ্য বুকের ভিতর রেখে দিয়ে যায়—
জানলায় বসে দেখতে পাই, তার পথ মিলিয়ে গেছে বনরাজিনীলা দিগন্তরেখার ওপারে । বিচ্ছেদের
ডাক শুনে পাই কোন্‌ নীলিম কুহেলিকার প্রান্ত থেকে— উদাস হয়ে যায় মন— কিন্তু সেই
বিচ্ছেদের বাশিতে মিলনেরই সুর তো বাজে করুণ সাহানায় ।

বাজে করুণ সুরে, হয় দূরে

এই খেলা-ভাঙার খেলা বীরের খেলা । শেষ পর্বত যে ভঙ্গ দিল না তারই জয় । বাধন ছিড়ে যে
চলে যেতে পারল, পথিকের সঙ্গে বেরিয়ে পড়ল পথে, তারই জন্যে জয়ের মালা । শিহ্নে ফিরে ভাঙা
খেলনার টুকরো কুড়োতে গেল যে করুণ তার খেলা পুরো হল না— খেলা তাকে মুক্তি দিল না, খেলা
তাকে বেঁধে রাখলে । এবার তবে ধুলোর সঙ্কর চুকিয়ে দিয়ে হালকা হয়ে বেরিয়ে পড়া ।

বসন্তে ফুল গাঁথল আমার জয়ের মালা'

এবার প্রলয়ের মধ্যে পূর্ণ হোক লীলা, শমে এসে সব তান মিলুক, শান্তি হোক, মুক্তি হোক ।
ওরে পথিক, ওরে প্রেমিক'

৩০ ফাল্গুন ১৩৩৭

১ ঘটব্য : বসন্ত । রবীন্দ্র-রচনাবলী ১৫শ (সুলভ অষ্টম) খণ্ড

২ তুলনীয় : হৃদয় আমার, ওই বুঝি তোমার বৈশাখী ঝড় আসে । নটরাজ । রবীন্দ্র-রচনাবলী ১৮শ (সুলভ
নবম) খণ্ড

৩ ঘটব্য : কাঙ্ক্ষী । রবীন্দ্র-রচনাবলী ১২শ (সুলভ ষষ্ঠ) খণ্ড

শাপমোচন

ভূমিকা

যে বৌদ্ধ আখ্যান অবলম্বন করে রাজা নাটক রচিত তারই আভাসে শাপমোচন কথিকাটি রচনা করা হল। এর গানগুলি পূর্বরচিত নানা গীতিনাটিকা হতে সংকলিত।

রবীন্দ্রনাথ ঠাকুর

শাপমোচন

ভূমিকার গান । ভাবটা এই, মনের নানা গভীর আকাঙ্ক্ষা কাহিনীতে রূপকে গানে রূপ নেয় ছন্দে বন্ধে, সঙ্গ রচনা করে কল্পনায়, বসন্তজগৎ থেকে কল্পকালের ছুটি নিয়ে কল্পজগতে করে লীলা ।

এ শুধু অলস মায়ী— এ শুধু মেঘের খেলা,
এ শুধু মনের সাধ বাতাসেতে বিসর্জন,
এ শুধু আপনমনে মালা গাঁথে ছিড়ে ফেলা,
নিমেঘের হাসি কাল্মা গান গেয়ে সমাপন ।
শ্যামল পল্লবপাতে রবিকরে সারা বেলা
আপনারি ছায়া লয়ে খেলা করে ফুলগুলি,
এও সেই ছায়া-খেলা বসন্তের সমীরণে ।
কুহকের দেশে যেন সাধ করে পথ ভুলি
হেথা হোথা ঘুরি ফিরি সারাদিন আনমনে ।
কারে যেন দেব বলে কোথা যেন ফুল তুলি,
সন্ধ্যায় বনের ফুল উড়ে যায় বনে বনে ।
এ খেলা খেলিবে হয়, খেলার সাথী কে আছে ।
ভুলে ভুলে গান গাই— কে শোনে কে নাই শোনে—
যদি কিছু মনে পড়ে, যদি কেহ আসে কাছে ॥

গঙ্ঘর্ব সৌরসেন সুরসভায় গীতনায়কদের অগ্রণী । সেদিন তার প্রেরণী মধুশ্রী গেছে সুমেরুশিখরে সূর্যপ্রদক্ষিণে । সৌরসেনের বিরহীচিন্ত ছিল উৎকণ্ঠিত । অনবধানে তার মৃদঙ্গের তাল গেল কেটে, নৃত্যে উর্বশীর শমে পড়ল বাধা, ইন্দ্রাণীর কপোল উঠল রাঙা হয়ে ।

পাছে সুর ভুলি এই ভয় হয়,
পাছে ছিন্ন তারের জয় হয় ।
পাছে উৎসবকণ তন্ত্রালসে হয় নিমগন,
পুণ্য লগন
হেলায় খেলার ক্ষয় হয়,
পাছে বিনা গানেই মিলনবেলা ক্ষয় হয় ।
যখন তাওবে মোর ডাক পড়ে,
পাছে তার তালে মোর তাল না মেলে
সেই বড়ে ।
যখন মরণ এসে ডাকবে শেষে করণগানে,
পাছে প্রাণে
মোর বাণী সব লয় হয়,
পাছে বিনা গানেই বিদায়বেলা লয় হয় ॥

অলিতহীন সুরসভার অভিশাপে গজবর্ষের দেহশ্রী হল বিকৃত, অরুণেশ্বর নামে তার জন্ম হল গান্ধাররাজগৃহে ।

মধুশ্রী ইন্দ্রাশীর পাদনীঠে মাথা রেখে পড়ে রইল, বললে, “যটিরো না বিচ্ছেদ দেবী, গতি হোক আমাদের একই লোকে একই দুঃখভোগে একই অবমাননায় ।”

শচী সক্রমণ দৃষ্টিতে ইন্দ্রের পানে তাকালেন । ইন্দ্র বললেন, “তথাস্ত, যাও মর্তে, সেখানে দুঃখ পাবে, দুঃখ বেবে । সেই দুঃখে হৃদঃপাতন অপরাধের ক্ষয় ।”

বিদায়গান

ভরা থাক্ স্মৃতিসুধায়
বিদায়ের পাত্রখানি,
মিলনের উৎসবে তার
কিরারে দিরো আনি ।
বিবাদের অশ্রুজলে
নীরবের মর্মতলে
গোপনে উঠুক ফলে
হৃদয়ের নৃতন বাণী ।
যে পথে যেতে হবে
সে পথে তুমি একা,
নয়নে আখার যবে
ধেয়ানে আলোকরেখা ।
সারাদিন সঙ্গোপনে
সুখরস ঢালবে মনে
পরানের পঙ্কবনে
কিরহের বীণাপানি ॥

মধুশ্রী জন্ম নিল মন্ত্ররাজকুলে, নাম নিল কমলিকা । স্বর্গলোক থেকে যে আত্মবিশ্মৃত কিরহবেদনা সঙ্গে এনেছে অরুণেশ্বর, বৌবনে তার তাপ উঠল প্রবল হয়ে ।

আগরণে বার বিভাবরী,
আঁধি হতে হুম নিল হরি ।
বার লানি কিরি একা একা,
আঁধি পিপাসিত নাহি দেখা,
তারি বাঁশি ওগো তারি বাঁশি
তারি বাঁশি বাজে হিয়া তারি ।

বাঁশি নাহি তবু কানে কানে
কী যে শুনি তাহা কেবা জানে ।
এই হিয়া-ভরা বেদনাতে
বারি-হলহল আঁধিপাতে
ছারা সোলে তারি ছারা সোলে
ছারা সোলে নিবানিশি ধরি ॥

তাপাৰ্ঠ মন খুঁজে বেড়ায় অনাবৃষ্টিতে তৃষ্ণার জল, বীণা কোলে নিয়ে গান করে—

এসো এসো হে তৃষ্ণার জল,
ভেদ করো কঠিনের বন্ধনুল, কলকল হলহল ।
এসো এসো উৎসব্রোতে গুঢ় অন্ধকার হতে,
এসো হে নির্মল, কলকল হলহল ।

রবিকর রহে তব প্রতীকার,
তুমি যে খেলার সাধি, সে তোমারে চায় ।
তাহারি সোনার তান তোমাতে আগাক গান,
এসো হে উজ্জ্বল, কলকল হলহল ।

ইকিছে অশান্ত বায়—
আয় আয় আয়, সে তোমায় খুঁজে যায় ।
তাহার মৃদঙ্গরবে করতালি দিতে হবে,
এসো হে চঞ্চল, কলকল হলহল ।

অনাবৃষ্টি কোন্ মায়াবলে
তোমারে করেছে বন্দী পাষাণশৃঙ্খলে,
ভেঙে নীরসের কারা এসো বন্ধহীন ধারা,
এসো হে প্রবল, কলকল হলহল ॥

কেমন করে কমলিকার ছবি এসে পড়ল গাছারে রাজ-অস্ত্রঃপুরে । মনে হল, যা হারিয়েছিল
ঐ-অশ্বের আড়ালে, তাই যেন ফিরে ধরা দিল অপরূপ স্বপ্নরূপে ।

ও আমার চাঁদের আলো, আজ ফাগুনের সন্ধ্যাকালে
ধরা দিয়েছ যে আমার পাতায় পাতায় ডালে ডালে ।
যে গান তোমার সুরের ধারায় বন্যা জাগায় তারায় তারায়
মোর আঙিনায় বাজল সে সুর আমার প্রাণের তালে.তালে ।

সব কুঁড়ি মোর ফুটে ওঠে তোমার হাসির ইশারাতে,
স্বপ্নে-ছাওয়া দখিন ছাওয়া আমার ফুলের গন্ধে মাতে ।

শুভ্র, তুমি করলে বিলোল আমার প্রাণে রঙের হিলোল ;
মর্মরিত মর্ম আমার জড়ায় তোমার হাসির জালে ॥

ছবিখানি দিনের চিন্তা রাতের স্বপ্নের 'পরে আপন ভূমিকা রচনা করলে ।

তুমি কি কেবলই ছবি, শুধু পটে লিখা ।

ওই যে সুদূর নীহারিকা

যারা করে আছে ভিড়

আকাশের নীড়,

ওই বারা দিনরাত্রি

আলো হাতে চলিরাছে আধারের যাত্রী

গ্রহ তারা রবি,

তুমি কি তাদের মতো সত্য নও—

হার ছবি, তুমি শুধু ছবি !

নরনসস্থখে তুমি নাই,

নরনের মাঝখানে নিরেছ যে ঠাই ।

আজি তাই
 শ্যামলে শ্যামল তুমি নীলিমায় নীল ।
 আমার নিখিল
 তোমাতে পেয়েছে তার অন্তরের মিল ।
 নাহি জানি, কেহ নাহি জানে
 তব সুর বাজে মোর গানে,
 কবির অন্তরে তুমি কবি—
 নও ছবি, নও ছবি, নও শুধু ছবি ॥

রাজা লিখলেন চিঠি চিত্ররশ্মির উদ্দেশে । লিখলেন—

কখন দিলে পরায়ে স্বপনে ব্যথার মালা, বরণমালা ।
 প্রভাতে দেখি জেগে অরুণ মেঘে
 বিদায়বাশরি বাজে অশ্রুগালা ।
 গোপনে এসে গেলে, দেখি নাই আঁধি মেলে ।
 আধারে দুঃখডোরে বাধিলে মোরে,
 ভূষণ পরালে বিরহবেদন-ঢালা ॥

চিঠি পৌছিল রাজকন্যার হাতে । অজানার আহ্বানে তার মন হল উতলা । সখীদের নিয়ে বারবার
 করে পড়লে সেই চিঠি ।

দে পড়ে দে আমার তোরা কী কথা আজ লিখেছে সে,
 তার দূরের বাণীর পরশমানিক লাগুক আমার প্রাণে এসে ।
 শস্যক্ষেতের গছখানি একলা ঘরে দিক সে আনি,
 ক্লাস্তগমন পাহু হাওয়া লাগুক আমার মুক্তকেশে ।
 নীল আকাশের সুরটি নিয়ে বাজুক আমার বিজন মনে,
 ধূসর পথের উদাস বরন মেলুক আমার বাতায়নে ।
 সূর্য-ডোবার রাঙা বেলায় ছড়াব প্রাণ রঙের খেলায়,
 আপন-মনে চোখের কোণে অশ্রু-আভাস উঠবে ভেসে ॥

গাছারের দূত এল মদ্ররাজধানীতে । বিবাহ-প্রস্তাব শুনে রাজা বললে, “আমার কন্যার দুর্লভ
 ভাগা ।”

সখীরা রাজকন্যাকে গিয়ে বললে—

বাজিবে, সখী, বাশি বাজিবে ।
 হৃদয়রাজ হৃদে রাজিবে ।
 বচন রাশি রাশি কোথা যে যাবে ভাসি,
 অধরে লাজহাসি সাজিবে ।
 নয়নে আঁধিজল করিবে ছলছল,
 সুখবেদনা মনে বাজিবে ।
 মরমে মুরছিয়া মিলাতে চাবে হিয়া
 সেই চরণযুগরাজীবে ॥

চৈত্রপূর্ণিমার পূণ্যতিথিতে শুভলগ্ন । সেই বিবাহরাত্রে দূরে একলা বসে রাজার বুকের মধ্যে রক্ত
 ঢেউ খেলিয়ে উঠল । কেবলই তার মনে হতে লাগল, লোকান্তরে কার সঙ্গে এইরকম জ্যোৎস্নারাত্রে

সে যেন এক-সোনার দুলাইছিল । ভুলে-যাওয়ার কুহেলিকার ভিতর থেকে পড়েছে মনে । একটা পদ তার মনে ওজরিতা উঠছে 'ভুলো না— ভুলো না— ভুলো না'—

সেদিন দুজনে দুলাইছিল বনে, ফুলডোরে বাধা বুলনা ।
সেই স্মৃতিটুকু কতু খনে খনে যেন আসে মনে, ভুলো না ।
সেদিন বাতাসে ছিল তুমি জান
আমারি মনের প্রলাপ জড়ানো,
আকাশে আকাশে আছিল হৃদানো তোমার হাসির তুলনা ।

যেতে যেতে পথে পূর্ণিমারাত্রে চাঁদ উঠেছিল গগনে,
দেখা হয়েছিল তোমাতে আমাতে কী জানি কী মহালগনে ।
এখন আমার বেলা নাহি আর,
বহিব একাকী বিরহের ভার—
বাধিব যে রাধী পরানে তোমার সে রাধী খুলো না, খুলো না ॥

যথালগ্নে রাজহস্তীর পৃষ্ঠে রত্নাসনে রাজার প্রতিনিধি হয়ে এল অরুণেশ্বরের বন্ধোবিহারিণী বীণা,
রাজার অশ্রুত আহ্বান সঙ্গে করে । সখীরা দূরোদ্দিষ্ট বন্ধুর আবাহনগান গাইলে—

তোমার আনন্দ ওই এল ঘারে এল গো
ওগো পুরবাসী ।
বুকের আঁচলখানি ধুলার কেলো
আঙিনাতে মেলো গো ।
পথে সেচন করো গন্ধবারি,
মলিন না হয় চরণ তারি,
তোমার সুন্দর ওই এল ঘারে এল গো—
আকুল হৃদয়খানি সম্মুখে তার ছড়িয়ে কেলো গো ।
সকল ধন যে ধন্য হল হল গো,
বিশ্বজনের কল্যাণে আজ ঘরের দুয়ার খোলো গো ।
হেরো রাত্তা হল সকল গগন,
চিত্ত হল পুলকমগন,
তোমার নিত্য-আলো এল ঘারে এল গো—
তোমার পরানপ্রদীপ ভুলে ধরে ওই আলোতে ছেলো গো ॥

অন্তঃপুরিকারা বীণাখানিকে বরণ করে নিয়ে এল বিবাহের আসরে, বধূকে আহ্বান করে গাইলে—

বাজো রে বাশরি বাজো ।
সুন্দরী, চন্দনমাল্যে মঙ্গলসন্ধ্যায় সাজো ।
বুঝি মধুকান্দনমাসে চঞ্চল পাহু সে আসে,
মধুকরণদণ্ডরকম্পিত চম্পক
অঙ্গনে কোটে নি কি আজো ।
রক্তিম অংগক মাখে, কিংগককরণ হাতে,
মঞ্জরীকংকত পারে, সৌরভমহুর বায়ে,
বন্দনসংগীত ওজনমুখরিত
নন্দনকুণ্ডে বিরাজো ॥

বীণার সঙ্গে রাজকুমারীর মালা বদল হল। সখীরা এই গীতা সুন্দরকে উৎসর্গ করে গাইলে—

লহো লহো তুলে লহো নীরব বীণাখানি,
নন্দননিকুঞ্জ হতে সুর দেহো তায় আনি
ওহে সুন্দর হে সুন্দর ।
আধার বিছারে আছি রাতের আকাশে
তোমারি আশ্বাসে,
তারায় তারায় জাগাও তোমার আলোক-ভরা বাণী
ওহে সুন্দর হে সুন্দর ।

পাষণ আমার কঠিন মুখে তোমার কেঁদে বলে—
পরশ দিয়ে সরস করো, ভাসাও অশ্রুজলে
ওহে সুন্দর হে সুন্দর ।
তবু যে এই নয় মরু নিত্য মরে লাঞ্জে
আমার চিন্তমাঝে,
শ্যামল রসের আঁচল তাহার বক্ষে দেহো টানি ॥

বধু পতিগৃহে যাবার সময় সখীরা সুন্দরকে প্রণাম করে বললে—

রাঙিয়ে দিয়ে যাও গো এবার যাবার আগে ।
আপন রাগে, গোপন রাগে,
তরুণ হাসির অরুণ রাগে,
অশ্রুজলের করুণ রাগে ।
রঙ যেন মোর মর্মে লাগে— আমার সকল কর্মে লাগে—
সন্ধ্যাদীপের আগায় লাগে—
গভীর রাতের জাগায় লাগে ।
যাবার আগে যাও গো আমায় জাগিয়ে দিয়ে,
রঙে তোমার চরণদোলা লাগিয়ে দিয়ে ।
আধার নিশার বক্ষে যেমন তারা জাগে,
পাষণগুহার কক্ষে নিকর-ধারা জাগে,
মেঘের বুকে যেমন মেঘের মন্ত্র জাগে,
বিশ্বনাচের কেন্দ্রে যেমন ছন্দ জাগে—
তেমনি আমায় দোল দিয়ে যাও যাবার পথে আগিয়ে দিয়ে
কাদন বাধন জাগিয়ে দিয়ে ॥

রাজবধু এল পতিগৃহে ।

দীপ জ্বলে না, ঘর থাকে অন্ধকার, সেই ঘরে প্রতি রাতে স্বামীর কাছে বধু সমাগম ।
কমলিকা বলে, “প্রভু, তোমাকে দেখবার জন্যে আমার দিন, আমার রাত্রি উৎসুক । আমাকে দেখা
দাও ।”

এসো আমার ঘরে,
বাহির হয়ে এসো তুমি যে আছ অন্তরে ।
দুঃখসুখের দোলে এসো,
প্রাণের ছিন্নোলে এসো,

স্বপনদুয়ার খুলে এসো অরুণ-আলোকে
মুগ্ধ এ চোখে ।

এবার ফুলের প্রফুল্লরূপ এসো বৃকের 'পরে ॥

রাজা বলে, “আমার গানেই তুমি আমাকে দেখো । আগে দেখে নাও অন্তরে, বাইরে দেখবার দিন আসবে তার পরে । নইলে ভুল হবে, ছন্দ যাবে ভেঙে ।”

কোথা বাইরে দূরে যায় রে উড়ে হয় রে হয়,
তোমার চপল আঁখি বনের পাখি বনে পালায় ।
ওগো, হৃদয়ে যবে মোহন রবে বাজবে বাঁশি
তখন আপনি সেধে ফিরবে, কেঁদে, পরবে ফাসি—
তখন ঘুচবে ছরা, ঘুরিয়া মরা হেথা হোথায় ।
চেয়ে দেখিস না রে হৃদয়দ্বারে কে আসে যায়—
তোরা শুনিস কানে বারতা আনে দখিন বায় ।
আজি ফুলের বাসে সুখের হাসে আকুল গানে
চির বসন্ত যে তোমারি খোঁজে এসেছে প্রাণে,
তারে বাহিরে খুঁজি ফিরিছ বুঝি পাগলপ্রায়—
আহা আজি সে আঁখি বনের পাখি বনে পালায় ॥

অঙ্ককারে বীণা বাজে । অঙ্ককারে গাঙ্কবীকলার নৃত্যে বধূকে বর প্রদক্ষিণ করে । সেই নৃত্যকলা নির্বাসনের সঙ্গিনী হয়ে এসেছে তার মর্তদেহে । নৃত্যের বেদনা রানীর বক্ষে আঘাত করে ; নিশীথরাত্রে সমুদ্রে জোয়ার এলে তার ঢেউ যেমন লাগে তটভূমিতে, অক্রতে দেয় প্রাবিত করে ।

একদিন রাত্রির তৃতীয় প্রহর, শুকতারা পূর্বগগনে ; কমলিকা তার সুগন্ধি এলোচুলে দিলে রাজার দুই পা ঢেকে ; বললে, “আদেশ করো আজ উষার প্রথম আলোকে তোমাকে প্রথম দেখব । নইলে আমি বিদায় নিয়ে যাই, রেখে যাই আমার কান্না এই অঙ্ককারের বৃকে— যতক্ষণ না আমাকে ফিরে ডেকে আন তোমার আলোর সভায় ।”

আমি এলেম তোমার দ্বারে,
ডাক দিলেম অঙ্ককারে ।
আগল ধরে দিলেম নাড়া, প্রহর গেল পাই নি সাড়া,
দেখতে পেলেম না তোমারে ।
তবে যাবার আগে এখান থেকে
এই লিখনখানি যাব রেখে ।
দেখা তোমার পাই বা না পাই
দেখতে এলেম জেনো গো তাই,
ফিরে যাই সুদূরের পারে ॥

রাজা বললে, “প্রিয়ে, না-দেখার নিবিড় মিলনকে নষ্ট কোরো না, এই মিনতি । এখনো তুমি অন্যমনে আছ, শুভদৃষ্টির সময় তাই এল না ।”

আনমনা গো আনমনা,
তোমার কাছে আমার বাণীর মালাখানি আনব না ।
বার্তা আমার ব্যর্থ হবে, সত্য আমার কুণ্ঠাবে কবে,
তোমারো মন আনব না ।

লগ্ন যদি হয় অনুকূল মৌনমধুর সাঝে
নয়ন তোমার মগ্ন যখন স্নান আলোর মাঝে,
দেব' তোমায় শান্ত সুরের সাঙ্ঘনা ।

ছন্দে গাথা বাণী তখন পড়ব তোমার কানে মন্দমৃদুল তানে,
ঝিল্লি যেমন শালের বনে নিদ্রানীরব রাতে
অঙ্ককারের জপের মালায় একটানা সুর গাথে—
একলা আমি বিজন প্রাণের প্রাক্ষণে
প্রান্তে বসে একমনে
একে যাব আমার গানের আত্মপনা ॥

মহিষী বললে, “প্রিয়প্রসাদ থেকে আমার দুই চক্ষু চিরদিনই কি থাকবে বঞ্চিত । অঙ্কতার চেয়ে এ
যে বড়ো অভিশাপ ।”

অভিমাণে মহিষী মুখ ফেরালে ।

রাজা বললে, “কাল চৈত্রসংক্রান্তি । নাগকেশরের বনে নিড়তে সখাদের সঙ্গে আমার নৃত্যের দিন ।
প্রাসাদশিখর থেকে দেখো চেয়ে ।

মহিষীর দীর্ঘনিশ্বাস পড়ল । বললে, “চিনব কী করে ।”

রাজা বললে, “যেমন খুশি করনা করে নিয়ো । সেই করনাই হবে সত্য ।”

হায় রে, ওরে যায় না কি জানা ।

নয়ন ওরে খুঁজে বেড়ায়, পায় না ঠিকানা ।

অলখ পথেই যাওয়া-আসা, শুনি চরণধ্বনির ভাষা,

গন্ধে শুধু হাওয়ায় হাওয়ায় রইল নিশানা ।

কেমন করে জানাই তারে, বসে আছি পথের ধারে ।

প্রাণে এল সজ্জাবেলা আলোছায়ার রঙিন খেলা,

ঝরে-পড়া বকুলদলে বিছায় বিছানা ॥

আজি দখিন দুয়ার খোলা,

এসো হে আমার বসন্ত, এসো ।

দিব হৃদয়দোলায় দোলা,

এসো হে আমার বসন্ত, এসো ।

নব শ্যামল শোভন রথে

এসো বকুল-বিছানো পথে,

এসো বাজারে ব্যাকুল বেণু

মেখে পিয়ালকুলের রেণু,

এসো হে আমার বসন্ত, এসো ।

এসো ঘনপল্লবপুঞ্জ, এসো হে ।

এসো বনমল্লিকাকুঞ্জ, এসো হে ।

মৃদু মধুর মদির হেসে

এসো পাপল হাওয়ার দেশে—

তোমার উত্তলা উত্তরীর

তুমি আকাশে উড়ারে দিয়ো,

এসো হে আমার বসন্ত, এসো ॥

চৈত্রসংক্রান্তির রাতে আবার মিলন। মহিষী বললে, “দেখলেম নাচ। যেন মঞ্জরিত শালতরুশ্রেণীতে বসন্তবাতাসের অধৈর্য। যেন চন্দ্রলোকের গুরুপক্ষে লেগেছে তুফান। কেবল একজন কুশ্রী কেন রসভঙ্গ করলে। ও যেন রাহুর অনুচর। কী গুণে ও পেল প্রবেশের অধিকার।”

রাজা স্তব্ধ হয়ে রইল। তার পরে উঠল গিয়ে, “অসুন্দরের পরম বেদনায় সুন্দরের আহ্বান। সূর্যরশ্মি কালো মেঘের ললাটে পরায় ইস্ত্রধনু, তার লজ্জাকে সান্বনা দেবার তরে। মর্তের অভিশাপে স্বর্গের করুণা যখন নামে তখনি তো সুন্দরের অববির্ভাব। প্রিয়তমে, সেই করুণাই কি তোমার হৃদয়কে কাল মধুর করে নি।”

“না মহারাজ, না” বলে মহিষী দুই হাতে মুখ ঢাকলে।

রাজার কণ্ঠের সুরে লাগল অশ্রুর ছোঁওয়া। বললে, “যাকে দয়া করলে যেত তোমার হৃদয় ভরে, তাকে ঘৃণা করে কেন পাথর করলে মনকে।”

“রসবিকৃতির পীড়া সহিতে পারি নে” বলে মহিষী উঠে পড়ল আসন থেকে।

রাজা হাত ধরে বললে, “একদিন সহিতে পারবে আপনারই আন্তরিক রসের দাক্ষিণ্যে। কুশ্রীর আত্মত্যাগে সুন্দরের সার্থকতা।”

ভূ কুটিল করে মহিষী বললে, “অসুন্দরের জন্যে তোমার এই অনুকম্পার অর্থ বুঝি নে। ঐ শোনো, উষার প্রথম কোকিলের ডাক। অন্ধকারের মধ্যে তার আলোকের অনুভূতি। আজ সূর্যোদয়মুহূর্তে তোমারও প্রকাশ হোক আমার দিনের মধ্যে, এই আশায় রইলেম।”

রাজা গাইলেন—

বাহিরে ভুল ভাঙবে যখন
অন্তরে ভুল ভাঙবে কি।
বিবাদ বিষে ছলে শেষে
রসের প্রসাদ মাঙবে কি।
রৌদ্রদাহ হলে সারা নামবে কি ওর বর্ষাধারা,
লাজের রাঙা মিটলে হৃদয়
প্রেমের রঙে রাঙবে কি।
যতই যাবে দূরের পানে
বাধন ততই কঠিন হয়ে টানবে না কি ব্যথার টানে।
অভিমানের কালো মেঘে বাদল হাওয়া লাগবে বেগে,
নয়নজলের আবেগ তখন কোনোই বাধা মানবে কি ॥

মহিষী স্তব্ধ হয়ে রইল। রাজা বললে, “আচ্ছা, কথা তোমার রাখব, কিন্তু তাতে ইচ্ছা তোমার পূর্ণ হবে না।”

ছলে উঠল আলো, আবরণ গেল ঘুচে, দেখা হল। টলে উঠল যুগলের সংসার। “কী অন্যান্য, কী নিষ্ঠুর বন্ধনা” বলতে বলতে কমলিকা ঘর থেকে ছুটে পালিয়ে গেল। তাকে ডাক দিলে রাজার জগৎ থেকে—

না, যেয়ো না, যেয়ো নাকো।
মিলনপিরাসি মোরা, কথা রাখো।
আজও বকুল আপনহারি, হার রে,
ফুল ফোটানো হয় নি সারা, সাজি ভরে নি,
পথিক ওগো, থাকো থাকো ॥

গেল বহুদূরে, বনের মধ্যে মৃগয়ার জন্যে যে নির্জন রাজগৃহ আছে সেইখানে। কুরাশার শুকতারার মতো লজ্জায় সে আচ্ছন্ন।

রাত্রি যখন দুইপ্রহর, আধোধূমে সে গুনতে পায় এক বীণাধ্বনির আর্তরাগিণী । স্বপ্নে বহুদূরের আভাস আসে । মনে হয়, এই সুর চিরদিনের চেনা । চিরবিরহের সঞ্চিত অশ্রু বুকের মধ্যে উছলে ওঠে ।

সখী, আধারে একেলা ঘরে মন মানে না ।
কিসের পিয়াসে কোথা যে যাবে সে, পথ জানে না ।
ঝরঝর নীরে, নিবিড় তিমিরে, সজল সমীরে গো,
যেন কার বাণী কড়ু প্রাণে আনে কড়ু আনে না ॥

রাতের পর রাত যায় । অন্ধকারে তরুতলে যে মানুষ ছায়ার মতো নাচে তাকে চোখে দেখি নে, তার হৃদয় দেখি— জনশূন্য দেওদার-বনের দোলায়িত শাখায় যেন দক্ষিণ সমুদ্রের হাওয়ার হাহাকার । রানী মনে ভাবে, যখন সে কাছে এল তখন ছিল কৃকসঙ্ঘা । যখন চাঁদ উঠল তখন তার মালাখানি রইল, সে রইল না ।

যখন এসেছিলে অন্ধকারে
চাঁদ ওঠে নি সিঁহুপারে ।
হে অজানা, তোমায় তবে
জেনেছিলেম অনুভবে,
গানে তোমার পরশখানি বেজেছিল প্রাণের তারে ।

তুমি গেলে যখন একলা চলে
চাঁদ উঠেছে রাতের কোলে ।
তখন দেখি পথের কাছে
মালা তোমার পড়ে আছে,
বুঝেছিলেম অনুমানে এ কঠহার দিলে কারে ॥

কী হল রাজমহিষীর । কোন্ হতাশের বিরহ তার বিরহ জাগিয়ে তোলে । কোন্ রাত-আগা পাখি নিস্তরু নীড়ের পাশ দিয়ে হুহ করে উড়ে যায়, তার পাখার শব্দে ঘুমন্ত পাখির পাখা উৎসুক হয়ে ওঠে যে ।

বীণায় বাজতে থাকে কেদারা বেহাগ, বাজে কালাংড়া । আকাশে আকাশে তারাগুলি যেন তামসী তপস্বিনীর নীরব জপমন্ত্র । বীণাধ্বনি যেন আজ আর বাইরে নেই ; এসেছে তার অন্তরের তন্ততে তন্ততে ।

ওই বৃষ্টি বাঁশি বাজে বনমাঝে কি মনোমাঝে ।
বসন্ত বায় বহিছে কোথায়, কোথায় ফুটেছে ফুল,
বলো গো সজনি, এ সুধরজনী কোন্‌খানে উদিয়াছে—
বনমাঝে কি মনোমাঝে ॥

যাব কি যাব না মিছে এ ভাবনা, মিছে মরি ভয়ে লাজে ।
কী জানি কোথা সে বিরহহতাশে ফিরে অভিসারসাজে—
বনমাঝে কি মনোমাঝে ॥

রাজমহিষী বিছানায় উঠে বসে, শ্রুত তার বেণী, শ্রুত তার বন্ধ । বীণার গুঞ্জরণ আকাশে মেলে দেয় অন্তহীন অভিসারের পথ । রাগিণীবিছানো সেই শূন্যপথে বেরিয়ে পড়ে তার মন ।

কার দিকে । দেখার আগে যাকে চিনেছিল, দেখার পরে যাকে ভুলেছিল তারই দিকে ।

একদিন নিমফুলের গন্ধ অন্ধকার ঘরে নিয়ে এল অনির্বচনীর আমন্ত্রণ । মহিষী পাড়াল বিছানা ছেড়ে বাতায়নের কাছে । নীচে সেই ছায়ামূর্তির নাচ, বিরহের সেই উর্মিদোলা ।

ও কি এল, ও কি এল না, বোঝা গেল না ।
ও কি মায়া কি স্বপনছায়া, ও কি ছলনা ।
ধরা কি পড়ে ও রূপেরই ডোরে,
গানেরই তানে কি বাধিবে ওরে,
ও যে চিরবিরহেরই সাধনা ।

ওর বাঁশিতে করুণ কী সুর লাগে
বিরহমিলনমিলিত রাগে ।
সুখে কি দুখে ও পাওয়া না-পাওয়া,
হৃদয়বনে ও উদাসী হাওয়া,
বুঝি শুধু ও পরমকামনা ॥

মহিষীর সমস্ত দেহ কম্পিত । বিল্লিঝংকৃত রাত । কৃষ্ণপক্ষের চাঁদ দিগন্তে । অস্পষ্ট আলোয় অরণ্য
কথা কয় যেন স্বপ্নে । বোবা বনের ভাষাহীন বাণী লাগল মহিষীর অঙ্গে অঙ্গে । কখন নাচ আরম্ভ হল
সে জানে না । এ নাচ কোন্ জন্মান্তরের, কোন্ লোকান্তরের ।

বীণায় বাজে পরজের বিহ্বল মীড় । কমলিকা আপন-মনে বলে, 'ওগো কাতর, ওগো হতাশ, আর
ডেকো না । আর দেরি নেই, দেরি নেই ।'

কৃষ্ণপক্ষের চাঁদ ডুবেছে অমাবস্যার তলায় । আধারের ডাক গভীর । রাজমহিষী উঠে দাঁড়িয়ে বলে,
"যাব আজ । আর ভয় করি নে আমার দৃষ্টিকে ।"

পাথের শুকনো পাতা পায়ে পায়ে বাজিয়ে দিয়ে গেল সে অশথতলায়— সেখানে বীণা বাজছে ।

মোর বীণা ওঠে কোন্ সুরে বাজি
কোন্ নব চঞ্চল ছন্দে ।
মম অন্তর কম্পিত আজি
নিখিলের হৃদয়স্পন্দে ।
আসে কোন্ তরুণ অশান্ত,
উড়ে পীতবসনপ্রাস্ত,
আলোকের নৃত্যে বনান্ত
মুখরিত অধীর আনন্দে ।

অশ্বরপ্রাঙ্গণমাঝে
নিঃশ্বর মঞ্জীর শুভ্রে ।
অশ্রুত সেই তালে বাজে
করতালি পল্লবশুভ্রে ।
কার পদপরশন-আশা
তুণে তুণে অর্পিল ভাষা,
সমীরণ বন্ধনহারা
উন্নত কোন্ বনগঞ্জে ॥

বীণা ধামল । মহিষী ধমকে দাঁড়াল ।
রাজা বললে, "ভয় কোরো না, প্রিয়ে, ভয় কোরো না ।"
গলার স্বর জলে-ভরা মেঘের দূর দুরুদূর ধ্বনির মতো ।
"কিছু ভয় নেই আমার, ভয় হল তোমারই ।"

এই বলে মহিষী আচলের আড়াল থেকে প্রদীপ বের করলে । ধীরে ধীরে তুলে ধরলে রাজার মুখের কাছে ।

কণ্ঠ দিয়ে কথা বেরোতে চায় না । পলক পড়ে না চোখে । বলে উঠল, “প্রভু আমার, প্রিয় আমার, এ কী সুন্দর রূপ তোমার !”

বড়ো বিশ্বয় লাগে হেরি তোমায়ে ।

কোথা হতে এলে তুমি হৃদিমাঝারে ।

ওই মুখ ওই হাসি কেন এত ভালোবাসি,

কেন গো নীরবে ভাসি অক্ষধারে ।

তোমায়ে হেরিয়া যেন আগে স্মরণে,

তুমি চিরপুরাতন চিরজীবনে ।

তুমি না দাঁড়ালে আসি হৃদয়ে বাজে না বাশি,

এই আলো এই হাসি ডুবে আধারে ॥

সংযোজন

১

তোমার সাজাব যতনে কুসুমরতনে
কেয়ূরে কঙ্কণে কুঙ্কুমে চন্দনে ।
কুন্তলে বেষ্টিত স্বর্ণজালিকা,
কণ্ঠে দোলাইব মুক্তামালিকা,
সীমন্তে সিন্দূর অরুণবিন্দুর
চরণ রঞ্জিত অলঙ্ক-অঙ্কনে ।

সখীয়ে সাজাব সখার প্রেমে
অলঙ্ক্য প্রাণের অমূল্য হেমে ।
সাজাব স্কন্ধে বিরহবেদনায়,
সাজাব অক্ষয় মিলনসাধনায়,
মধুর লজ্জা রচিত শয্যা.
যুগল প্রাণের বাণীর বন্ধনে ॥

[১৯৩৩]

২

হে বিরহী, হায়, চঞ্চল হিয়া তব,
নীরবে আগো একাকী শূন্য মন্দিরে—
কোন সে নিরুদ্দেশ লাগি
আছ চাহিয়া ।

স্বপনরাপিণী অলোকসুন্দরী
অলঙ্ক্য অলকাপুরী-নিবাসিনী
তাহার মুরতি রচিলে বেদনায়
হৃদয়মাঝারে ॥

[শান্তিনিকেতন
১৪ নভেম্বর ১৯৩৩]

৩

নমো নমো শচীচিতরঞ্জন সত্তাপভঞ্জন
নবজলধরকান্তি ঘননীল অঞ্জন,
নমো হে, নমো নমো ।
নন্দনবীথির ছায়ে
তব পদপাতে নব পারিজাতে
উড়ে পরিমল মধুরাতে,
নমো হে, নমো নমো ।
তোমার কটাক্ষের হৃদে মেনকার মঞ্জীরবন্ধে
জাগে ওঠে গুঞ্জন মধুকরগঞ্জন
নমো হে, নমো নমো ॥

[পানাদুরা । সিংহল
২৬ মে ১৯৩৪]

৪

হে সখা, বারতা পেয়েছি মনে মনে
 তব নিবাসপরশনে,
 এসেছ অদেখা বন্ধু
 দক্ষিণসমীরণে ।

কেন বন্ধনা কর মোরে,
 কেন বাধ অদৃশ্য ডোরে,
 দেখা দাও দেহমন ভ'রে
 মম নিকুঞ্জবনে ।

দেখা দাও চম্পকে রক্তনে,
 দেখা দাও কিংগুকে কাঞ্চনে ।
 কেন শুধু বাশরির সুরে
 ভূলায়ে লয়ে যাও দূরে,
 যৌবন-উৎসবে ধরা দাও
 দৃষ্টির বন্ধনে ।

১৭ সেপ্টেম্বর ১৯০৪

৫

বধু, কোন্ মারা লাগল চোখে ।
 বুঝি স্বপ্নরূপে ছিলে চন্দ্রলোকে ।
 ছিল মন তোমারি প্রতীক্ষা করি
 যুগে যুগে দিনরাত্রি ধরি,
 ছিল মর্মবেদনধন অঙ্ককারে—
 জন্ম জন্ম গেল বিরহশোকে ।

অক্ষুট মঞ্জরি কুঞ্জবনে
 সংগীতশূন্য বিষণ্ণ মনে
 সঙ্গীরিক্ত বধু দুঃখরাতি
 পোহাইল নির্জনে শয়ন পাতি ।
 সুন্দর হে, সুন্দর হে,
 বরমালাখানি তারি আনো বহে
 তুমি আনো বহে ।
 অবগুঠনছারা বুচারে দিবে
 হেরো লজ্জিত স্নিতমুখ গুপ্ত আলোকে ॥

৬

দূরের বন্ধু সূরের দৃতীরে
 পাঠালো তোমার ঘরে ।
 মিলনবীণা যে হৃদয়ের মাঝে
 বাজে তব অগোচরে ।
 মনের কথাটি গোপনে গোপনে
 বাতাসে বাতাসে ভেসে আসে মনে,
 বনে উপবনে,
 বৃকলশাখার চঞ্চলতায়
 মর্মরে মর্মরে ।

পুষ্পমালার পরশপুলক
 পেয়েছ বন্ধতলে ।
 রাখো তুমি তারে সিস্ত করিয়া
 সুখের অশ্রুজলে ।
 ধরো সাহানাতে মিলনের পালা,
 সাজাও যতনে বরণের ডালা,
 মালতীর মালা,
 অঞ্চলে ঢেকে কনকপ্রদীপ
 আনো তার পথ-পরে ॥

২১।৯।৩৪

৭

ওরে চিত্ররেখাডোরে ঝামিল কে—
 বহু- পূর্বমুতিসম হেরি ওকে ।
 কার তুলিকা নিল ময়ে জিনি
 এই মঞ্জুর রূপের নিবরিণী,
 স্থির নিবরিণী,
 যেন ফাদুন-উপবনে গুরুরাতে,
 দোলপূর্ণিমাতে,
 এল হৃদমুরতি কার নব অশোকে ।
 নৃত্যকলা যেন চিত্রে লিখা
 কোন্ স্বর্গের মোহিনী মরীচিকা,
 শরৎ-নীলাঘরে তড়িতলতা
 কোথা হারাইল চঞ্চলতা ।
 হে শুকবাণী, করে দিবে আনি
 নন্দনমন্দিরমালাখানি,
 বয়মালাখানি,
 প্রিয়- বন্দনগান-জাগানো রাতে
 শুভ দর্শন দিবে তুমি কাহার চোখে ॥

৮

মায়াবন-বিহারিণী হরিণী,
 গহনস্বপনসঙ্কারিণী,
 কেন তারে ধরিবারে করি পশ, অকারণ ।
 থাক্ থাক্ নিজমনে দূরেতে,
 আমি শুধু বাশরির সুরেতে
 পরশ করিব ওর প্রাণমন, অকারণ ।

চমকিবে ফাগুনের পবনে,
 পশিবে আকাশবাণী শ্রবণে,
 চিস্ত আকুল হবে অনুখন, অকারণ ।
 দূর হতে আমি তারে সাধিব
 গোপনে বিরহডোরে বাধিব,
 বাধনবিহীন সেই যে বাধন, অকারণ ॥

২৯ সেপ্টেম্বর [১৯০৪]

৯

কাছে থেকে দূর রছিল কেন গো আধারে,
 মিলনের মাঝে বিরহকারায় বাধা রে ।
 সমুখে রয়েছে সুধাপারাবার,
 নাগাল না পায় তবু আধি তার,
 কেমনে সরাব কুহেলিকার এই বাধা রে ।
 আড়ালে আড়ালে শুনি শুধু তার বাণী যে,
 জানি তারে আমি তবু তারে নাহি জানি যে ।
 শুধু বেদনায় অন্তরে পাই,
 অন্তরে পেয়ে বাহিরে হারাই,
 আমার ভুবন রবে কি কেবলই আধা রে ॥

৩০ সেপ্টেম্বর [১৯০৪]

১০

কোন্ গহন অরণ্যে তার এলেম হারারে—
 কোন্ দূর জনমের কোন্ স্মৃতিবিস্মৃতিছারে ।
 আজ আলো-আধারে
 কখন বুঝি দেখি কখন দেখি না তারে ।
 কোন্ মিলনসুখের স্বপনসাগর এল পারারে ।
 ধরা অধরার মাঝে
 ছায়ানটের রাগিণীতে আমার বাশি বাজে ।
 বকুলতলায় ছায়ার নাচন ফুলের গন্ধে মিশে
 জানি নে মন পাগল করে কিসে—
 কোন্ নাটিনীর ঘূর্ণি আচল লাগে আমার গায়ে ॥

৩০ সেপ্টেম্বর ১৯০৪

কালের যাত্রা

উৎসর্গ

শ্রীযুক্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের
৫৭ বছর বয়সের জন্মোৎসব উপলক্ষে
কবির সন্মেল উপহার

৩১ ভাদ্র ১৩২৯

রথের রশি

রথের রশি

রথযাত্রার মেলায় মেয়েরা

প্রথম

এবার কী হল ভাই !
উঠেছি কোন্ ভোরে, তখন কাক ডাকে নি ।
কঙ্কালিতলার দিঘিতে দুটো ডুব দিয়েই
ছুটে এলুম রথ দেখতে, বেলা হয়ে গেল—
রথের নেই দেখা । চাকর নেই শব্দ ।

দ্বিতীয়

চারি দিকে সব বেন ধম্ধমে হয়ে আছে,
ছম্ছম্ করছে গা ।

তৃতীয়

দোকানি পসারিরা চূপচাপ বসে,
কেনাবেচা বন্ধ । রাস্তার ধারে ধারে
লোক জটলা করে তাকিয়ে আছে
কখন আসবে রথ । বেন আশা ছেড়ে দিয়েছে ।

প্রথম

দেশের লোকের প্রথম যাত্রার দিন আজ—
বেরবেন ব্রাহ্মণঠাকুর শিব্য নিয়ে—
বেরবেন রাজা, পিছনে চলবে সৈন্যসামন্ত—
পণ্ডিতমশায় বেরবেন, ছাত্ররা চলবে পুঁথিপত্র হাতে ।
কোলের ছেলে নিয়ে মেয়েরা বেরবে,
ছেলেদের হবে প্রথম শুভযাত্রা—
কিন্তু কেন সব গেল হঠাৎ খেমে ।

দ্বিতীয়

ঐ দেখ, পুরুতঠাকুর বিড় বিড় করছে ওখানে ।
মহাকালের পাণ্ডা বসে মাথায় হাত দিয়ে ।

সন্ন্যাসীর প্রবেশ

সন্ন্যাসী

সর্বনাশ এল ।
বাধবে যুদ্ধ, ছলবে আগুন, লাগবে মারী,
ধরলী হবে বহুত্যা, জল বাবে ওকিয়ে ।

প্রথম

এ কী অকল্যাণের কথা ঠাকুর !
উৎসবে এসেছি মহাকালের মন্দিরে—
আজ রথযাত্রার দিন ।

সম্যাসী

দেখতে পাচ্ছ না— আজ ধনীরা আছে ধন,
তার মূল্য গেছে কীক হয়ে গজভূক্ত কপিথের মতো ।
ভরা কসলের খেতে বাসা করেছে উপবাস ।
যক্ষরাজ স্বয়ং তার ভাগ্যে বসেছে প্রায়োপবেশনে ।
দেখতে পাচ্ছ না— লক্ষীর ভাগ আজ শতছিন্ন,
তার প্রসাদধারা শুবে নিচ্ছে মরুভূমিতে—
ফলছে না কোনো ফল ।

তৃতীয়া

হা ঠাকুর, তাই তো দেখি ।

সম্যাসী

তোমরা কেবলই করেছ কণ,
কিছুই কর নি শোধ,
দেউলে করে দিয়েছ যুগের বিস্ত ।
তাই নড়ে না আজ আর রথ—
ঐ যে, পথের বুক জুড়ে পড়ে আছে তার অসাড় দড়িটা ।

প্রথম

তাই তো, বাপ রে, গা শিউরে ওঠে—
এ যে অজগর সাপ, খেয়ে খেয়ে মোটা হয়ে আর নড়ে না ।

সম্যাসী

ঐ তো রথের দড়ি, যত চলে না ততই জড়ায় ।
যখন চলে, দেয় মুক্তি ।

ষষ্ঠীয়া

বুকেছি আমাদের পূজো নেবেন বলে
হতো দিয়ে পড়ে আছেন দড়ি-দেবতা ।
পূজো পেলেই হবেন ভূট ।

প্রথম

ও ভাই, পূজো তো আনি নি । ভুল হয়েছে ।

তৃতীয়া

পূজোর কথা তো ছিল না—
ভেবেছিলেন রথের মেলায় কেবল বেচব কিনব,

বাজি দেখব জাদুকরের,
আর দেখব বাদর-নাচ ।
চল-না শিগগির, এখনো সময় আছে,
আনি গে পুজো ।

[সকলের গ্রহান

নাগরিকদের প্রবেশ

প্রথম নাগরিক

দেখ্ দেখ্ রে, রথের দড়িটা কেমন করে পড়ে আছে ।
যুগযুগান্তরের দড়ি, দেশদেশান্তরের হাত পড়েছে ঐ দড়িতে,
আজ্ঞ অনড় হয়ে মাটি কামড়ে আছে
সর্বান্ন কালো করে ।

দ্বিতীয় নাগরিক

ভয় লাগছে রে । সরে দাঁড়া, সরে দাঁড়া ।
মনে হচ্ছে ওটা এখনি ধরবে ফণা, মারবে ছোবল ।

তৃতীয় নাগরিক

একটু একটু নড়ছে যেন রে । আকুর্ষাকু করছে বৃষ্টি ।

প্রথম নাগরিক

বলিস্ নে অমন কথা । মুখে আনতে নেই ।
ও যদি আপনি নড়ে তা হলে কি আর রকে আছে ।

তৃতীয় নাগরিক

তা হলে ওর নাড়া খেয়ে সংসারের সব জোড়গুলো
বিজোড় হয়ে পড়বে । আমরা যদি না চালাই—
ও যদি আপনি চলে, তা হলে পড়ব যে চাকার তলার ।

প্রথম নাগরিক

ঐ দেখ্ ভাই, পুরুতের গেছে মুখ শুকিয়ে,
কোণে বসে বসে পড়ছে মস্তুর ।

দ্বিতীয় নাগরিক

সেদিন নেই রে
যেদিন পুরুতের মস্তুর-পড়া হাতের টানে চলত রথ ।
ওরা ছিল কালের প্রথম বাহন ।

তৃতীয় নাগরিক

তবু আজ ভোরবেলা দেখি ঠাকুর লেগেছেন টান দিতে—
কিন্তু একেবারেই উলটো দিকে, পিছনের পথে ।

প্রথম নাগরিক

সেটাই তো ঠিক পথ, পবিত্র পথ, আদি পথ ।
সেই পথ থেকে দূরে এসেই তো কালের মাথার ঠিক থাকছে না ।

দ্বিতীয় নাগরিক

মস্ত পণ্ডিত হয়ে উঠলি দেখি । এত কথা লিখলি কোথা ।

প্রথম নাগরিক

এ পণ্ডিতেরই কাছে । তারা বলেন—
মহাকালের নিজের নাড়ীর টান পিছনের দিকে,
পাঁচজনের দড়ির টানে অগত্যা চলেন সামনে ।
নইলে তিনি পিছু হটতে হটতে একেবারে পৌছতেন
অনাদি কালের অতল গহ্বরে ।

তৃতীয় নাগরিক

এ রশিটার দিকে চাইতে ভয় করে ।
ওটা যেন যুগান্তের নাড়ী—
সাম্প্রতিক করে আজ দব্দব্দ করছে ।

সন্ন্যাসীর প্রবেশ

সন্ন্যাসী

সর্বনাশ এল ।
গুরুগুরু শব্দ মাটির নীচে ।
ভূমিকম্পের জন্ম হচ্ছে ।
গুহার মধ্য থেকে আগুন লক্কলক্ক মেলাছে রসনা ।
পূর্বে পশ্চিমে আকাশ হয়েছে রক্তবর্ণ ।
প্রলয়দীপ্তির আঙুটি পরেছে দিক্‌চক্রবাল ।

[প্রহ্নন

প্রথম নাগরিক

দেশে পুণ্যস্বা কেউ নেই কি আজ ।
ধরক-না এসে দড়িটা ।

দ্বিতীয় নাগরিক

এক-একটি পুণ্যস্বাকে খুঁজে বের করতেই
এক-এক যুগ যায় বয়ে—
ততক্ষণ পাপাস্বাদের হবে কী দশা ।

তৃতীয় নাগরিক

পাপাস্বাদের কী হবে তা নিয়ে ভগবানের মাথাব্যথা নেই ।

দ্বিতীয় নাগরিক

সে কী কথা । সংসার তো পাপাত্মাদের নিয়েই ।
তারা না থাকলে তো লোকনাথের রাজত্ব উজাড় ।
পুণ্যাত্মা কালেভদ্রে দৈবাৎ আসে,
আমাদের ঠেলায় দৌড় মারে বনে জঙ্গলে গুহার ।

প্রথম নাগরিক

দড়িটার রঙ যেন এল নীল হয়ে ।
সামলে কথা কোস ।

মেয়েদের প্রবেশ

প্রথমা

বাজা ভাই, শাখ বাজা—
রথ না চললে কিছুই চলবে না ।
চড়বে না হাঁড়ি, বুলবুলিতে খেয়ে যাবে খান ।
এরই মধ্যে আমার মেজো ছেলের গেছে চাকরি,
তার বউটা শুবছে ছুরে । কপালে কী আছে জানি নে ।

প্রথম নাগরিক

মেয়েমানুষ, তোমরা এখানে কী করতে ।
কালের রথযাত্রায় কোনো হাত নেই তোমাদের ।
কুটনো কোটো গে ঘরে ।

দ্বিতীয়া

কেন, পূজো দিতে তো পারি ।
আমরা না থাকলে পুরুতের পেট হত না এত মোটা ।
গড় করি তোমার দড়ি-নারায়ণ ! প্রসন্ন হও ।
এনেছি তোমার ভোগ । ওলো, ঢাল্ ঢাল্ ঘি,
ঢাল্ দুধ, গঙ্গাজলের ঘটি কোথায়,
তেলে দে-না জল । পঞ্চগব্য রাখ্ ঐখানে,
ছালা পঞ্চপ্রদীপ । বাবা দড়ি-নারায়ণ,
এই আমার মানত রইল, তুমি যখন নড়বে
মাথা মুড়িরে চুল দেব ফেলে ।

তৃতীয়া

এক মাস ছেড়ে দেব ভাত, খাব শুধু রুটি ।
বলো-না ভাই, সবাই মিলে— জয় দড়ি-নারায়ণের জয় ।

প্রথম নাগরিক

কোথাকার মূর্খ তোরা—
দে মহাকালনাথের জয়ধ্বনি ।

প্রথম

কোথার তোমাদের মহাকালনাথ ? দেখি নে তো চক্রে ।
 দড়ি-প্রভুকে দেখছি প্রত্যক—
 হনুমানপ্রসূর লজ্জা-পোড়ানো লেজখানার মতো—
 কী মোটা, কী কালো, আহা দেখে চকু সার্থক হল ।
 মরণকালে ঐ দড়ি-খোওয়া জল ছিটিয়ে দিয়ো আমার মাথায় ।

দ্বিতীয়া

গালিয়ে নেব আমার হার, আমার বাজুবন্দ,
 দড়ির ডগা দেব সোনা-বাধিয়ে ।

তৃতীয়া

আহা, কী সুন্দর রূপ গো ।

প্রথম

যেন যমুনা নদীর ধারা ।

দ্বিতীয়া

যেন নাগকন্যার বেশী ।

তৃতীয়া

যেন গণেশঠাকুরের ঠুড় চলেছে লম্বা হয়ে,
 দেখে জল আসে চোখে ।

সন্ন্যাসীর প্রবেশ

প্রথম

দড়ি-ঠাকুরের পূজো এনেছি ঠাকুর !
 কিন্তু পুরুত বে নড়েন না, মন্তর পড়বে কে ।

সন্ন্যাসী

কী হবে মন্তরে ।
 কালের পথ হয়েছে দুর্গম ।
 কোথাও উচু, কোথাও নিচু, কোথাও গভীর গর্ত ।
 করতে হবে সব সমান, তবে যুচবে বিপদ ।

তৃতীয়া

বাবা, সাতজন্মে শুনি নি এমন কথা ।
 চিরদিনই তো উচুর মান রেখেছে নিচু মাথা হেঁট করে ।
 উচু-নিচুর সাঁকোর উপর দিয়েই তো রথ চলে ।

সন্ন্যাসী

দিনে দিনে গর্তগুলোর হাঁ উঠছে বেড়ে ।

হয়েছে বাড়াবাড়ি, সাকো আর টিকছে না ।
ভেঙে পড়ল বলে ।

[গ্রহন

প্রথমা

চল্ ভাই, তবে পূজো দিই সে রাক্ষা-ঠাকুরকে ।
আর গর্ভ-প্রভুকেও তো সিন্নি দিয়ে করতে হবে খুশি,
কী জানি ঠোরা শাপ দেন যদি । একটি-আধটি তো নন,
আছেন দু-হাত পাঁচ-হাত অন্তর ।
নমো নমো দড়ি-ভগবান, রাগ কোরো না ঠাকুর,
ঘরে আছে হেলেপুলে ।

[মেয়েদের গ্রহন

সৈন্যদলের প্রবেশ

প্রথম সৈনিক

ওরে বাস্ রে । দড়িটা পড়ে আছে পথের মাঝখানে—
যেন একজটা ডাকিনীর জটা ।

দ্বিতীয় সৈনিক

মাথা দিল হেঁট করে ।
স্বয়ং রাক্ষা লাগালেন হাত, আমরাও ছিলুম পিছনে ।
একটু ক্যাচকোঁচও করলে না চাকাটা ।

তৃতীয় সৈনিক

ও যে আমাদের কাজ নয়, তাই ।
কত্রিয় আমরা, শূদ্র নই, নই গোরু ।
চিরদিন আমরা চড়েই এসেছি রথে ।
চিরদিন রথ টানে ঐ ওরা— যাদের নাম করতে নেই ।

প্রথম নাগরিক

শোনো ভাই, আমার কথা ।
কালের অপমান করেছি আমরা, তাই ঘটেছে এ-সব অনাসৃষ্টি ।

তৃতীয় সৈনিক

এ মানুবটা আবার বলে কী ।

প্রথম নাগরিক

শ্রোতায়ুগে শূদ্র নিতে গেল ব্রাহ্মণের মান—
চাইলে তপস্যা করতে, এত বড়ো আত্মপর্থা—
সেদিনও অকাল লাগল দেশে, অচল হল রথ ।
দয়াময় রামচন্দ্রের হাতে কাটা গেল তার মাথা,
তবে তো হল আপদশান্তি ।

দ্বিতীয় নাগরিক

সেই শূন্য শাস্ত্র পড়ছেন আজকাল,
হাত থেকে কাড়তে গেলে বলেন, আমরা কি মানুষ নই ।

তৃতীয় নাগরিক

মানুষ নই ! বটে ! কতই গুনব কালে কালে ।
কোনদিন বলবে, ঢুকব দেবালয়ে ।
বলবে, ব্রাহ্মণকত্রিয়ের সঙ্গে নাইব এক ঘাটে ।

প্রথম নাগরিক

এর পরেও রথ যে চলছে না, সে আমাদের প্রতি দয়া করে ।
চললে চাকার তলায় ঠুড়িয়ে যেত বিশ্বব্রহ্মাণ্ড ।

প্রথম সৈনিক

আজ শূন্য পড়ে শাস্ত্র,
কাল লাঙল ধরবে ব্রাহ্মণ । সর্বনাশ !

দ্বিতীয় সৈনিক

চল-না ওদের পাড়ায় গিয়ে প্রমাণ করে আসি—
ওরাই মানুষ না আমরা ।

দ্বিতীয় নাগরিক

এ দিকে আবার কোন্ বুদ্ধিমান বসেছে রাজাকে—
কলিয়ুগে না চলে শাস্ত্র, না চলে শস্ত্র,
চলে কেবল স্বর্ণচক্র । তিনি ডাক দিয়েছেন শেঠজিকে ।

প্রথম সৈনিক

রথ যদি চলে বেনের টানে
তবে গলায় অস্ত্র বেঁধে জলে দেব ডুব ।

দ্বিতীয় সৈনিক

দাদা, রাগ কর মিছে, সময় হয়েছে ঝাঁকা ।
এ যুগে পুষ্পধনুর ছিলেটাও
বেনের টানেই দেয় মিঠে সুরে টংকার ।
তার তীরগুলোর ফলা বেনের ঘরে শানিয়ে না আনলে
ঠিক জায়গায় বাজে না বৃকে ।

তৃতীয় সৈনিক

তা সত্যি । এ কালের রাজত্বে রাজা থাকেন সামনে,
পিছনে থাকে বেনে । যাকে বলে অর্ধ-বেনে-রাজেশ্বর মূর্তি ।

সন্ন্যাসীর প্রবেশ

প্রথম সৈনিক

এই-যে সন্ন্যাসী, রথ চলে না কেন আমাদের হাতে ।

সন্ন্যাসী

তোমরা দড়িটাকে করেছ জর্জর ।
যেখানে যত তীর ছুঁড়েছ, বিধেছে ওর গারে ।
ভিতরে ভিতরে ঝাঁক হয়ে গেছে, আলগা হয়েছে বাধনের জোর ।
তোমরা কেবল ওর ক্ষত বাড়িয়েই চলবে,
বলের মাতলামিতে দুর্বল করবে কালকে ।
সরে যাও, সরে যাও ওর পথ থেকে ।

[প্রস্থান

ধনপতির অনুচরবর্গের প্রবেশ

প্রথম ধনিক

এটা কী গো, এখনি ইঁচট খেয়ে পড়েছিলুম ।

দ্বিতীয় ধনিক

ওটাই তো রথের দড়ি ।

চতুর্থ ধনিক

বীভৎস হয়ে উঠেছে, যেন বাসুকি ম'রে উঠল ফুলে ।

প্রথম সৈনিক

কে এরা সব ।

দ্বিতীয় সৈনিক

আঙটির হীরে থেকে আলোর উচ্চিৎড়েগুলো
লাফিয়ে লাফিয়ে পড়ছে চোখে ।

প্রথম নাগরিক

ধনপতি শেঠির দল এরা ।

প্রথম ধনিক

আমাদের শেঠজিকে ডেকেছেন রাজা ।
সবাই আশা করছে, তাঁর হাতেই চলবে রথ ।

দ্বিতীয় সৈনিক

সবাই বলতে বোঝায় কাকে বাপু ?
আর তারা আশাই বা করে কিসের ।

দ্বিতীয় ধনিক

তারা জানে, আজকাল চলছে যা-কিছু
সব ধনপতির হাতেই চলছে ।

প্রথম সৈনিক

সত্যি নাকি ! এখনি দেখিয়ে দিতে পারি, তলোয়ার চলে আমাদেরই হাতে ।

তৃতীয় ধনিক

তোমাদের হাতখানাকে চালাচ্ছে কে ।

প্রথম সৈনিক

চূপ, দুর্বিনীত !

দ্বিতীয় ধনিক

চূপ করব আমরা বটে ।

আজ আমাদেরই আওয়াজ ঘুরপাক খেয়ে বেড়াচ্ছে জলে স্থলে আকাশে ।

প্রথম সৈনিক

মনে ভাবছ, আমাদের শতরী ভুলেছে তার বহ্ননাদ ।

দ্বিতীয় ধনিক

ভুললে চলবে কেন । তাকে যে আমাদেরই হুকুম

ঘোষণা করতে হয় এক হাট থেকে আর-এক হাটে সমুদ্রের ঘাটে ঘাটে ।

প্রথম নাগরিক

ওদের সঙ্গে পারবে না তর্কে ।

প্রথম সৈনিক

কী বলো, পারব না !

সবচেয়ে বড়ো তর্কটা কন্কন করছে ঝাপের মধ্যে ।

প্রথম নাগরিক

তোমাদের তলোয়ারগুলোর কোনোটা ঝায় ওদের নিমক,
কোনোটা খেয়ে বসেছে ওদের ঘুষ ।

প্রথম ধনিক

ওনলেম, নর্মদাতীরের বাবাজিকে আনা হয়েছিল
দড়িতে হাত লাগাবার জন্যে । জান খবর ?

দ্বিতীয় ধনিক

জানি বৈকি ।

রাজার চর পৌছিল গুহার,

তখন প্রভু আছেন চিত হয়ে বুকে দুই পা আটকে ।

তুরী ভেরী দামামা জগৎস্পের চোটে ধ্যান যদি বা ভাঙল,

পা-দুখানা তখন আড়ট কাঠ ।

নাগরিক

শ্রীচরণের দোষ কী দাদা !

পয়বটি বছরের মধ্যে একবারও নাম করে নি চলাকেরার ।

বাবাজি বললেন কী ।

দ্বিতীয় ধনিক

কথা কওয়ার বালাই নেই ।

জিভটার চাকল্যে রাগ করে গোড়াতেই সেটা ফেলেছেন কেটে ।

ধনিক

তার পরে ?

দ্বিতীয় ধনিক

তার পরে দশ জোয়ানে মিলে আনলে তাঁকে রথতলায় ।

দড়িতে যেমনি তাঁর হাত পড়া,

রথের চাকা বসে যেতে লাগল মাটির নীচে ।

ধনিক

নিজের মনটা যেমন ডুবিয়েছেন রথটাকেও তেমনি তলিয়ে দেবার চেষ্টা ।

দ্বিতীয় ধনিক

একদিন উপবাসেই মানুষের পা চায় না চলতে—

পয়ষটি বছরের উপবাসের ভার পড়ল চাকার 'পরে ।

মন্ত্রী ও ধনপতির প্রবেশ

ধনপতি

ডাক পড়ল কেন মন্ত্রীমশায় ?

মন্ত্রী

অনর্থপাত হলেই সর্বাগ্রে তোমাকে স্মরণ করি ।

ধনপতি

অর্থপাতে যার প্রতিকার, আমার দ্বারা তাই সম্ভব ।

মন্ত্রী

মহাকালের রথ চলছে না ।

ধনপতি

এ পর্যন্ত আমরা কেবল চাকায় তেল দিয়েছি,
রশিতে টান দিই নি ।

মন্ত্রী

অন্য সব শক্তি আজ অর্থহীন,
তোমাদের অর্থবান হাতের পরীক্ষা হোক ।

ধনপতি

চেষ্টা করা যাক ।

দৈবক্রমে চেষ্টা যদি সফল হয়, অপরাধ নিরো না তবে ।

দলের লোকের প্রতি

বলো সিদ্ধিরস্ত !

সকলে

সিদ্ধিরস্ত !

ধনপতি

লাগো তবে ভাগ্যবানেরা । টান দেও ।

ধনিক

রশি তুলতেই পারি নে । বিষম ভারী ।

ধনপতি

এসো কোষাধ্যক্ষ, ধরো তুমি কষে ।

বলো সিদ্ধিরস্ত ! টানো, সিদ্ধিরস্ত !

টানো, সিদ্ধিরস্ত !

দ্বিতীয় ধনিক

মন্ত্রীমশায়, রশিটা যেন আরো আড়ষ্ট হয়ে উঠল,

আর আমাদের হাতে হল যেন পক্ষাঘাত ।

সকলে

দুয়ো দুয়ো !

সৈনিক

যাক, আমাদের মান রক্ষা হল ।

পুরোহিত

আমাদের ধর্মরক্ষা হল ।

সৈনিক

যদি থাকত সেকাল, আজ তোমার মাথা যেত কাটা ।

ধনপতি

ঐ সোজা কাজটাই জান তোমরা ।

মাথা খাটাতে পার না, কাটতেই পার মাথা ।

মন্ত্রীমশায়, ভাবছ কী ।

মন্ত্রী

ভাবছি, সব চেটাই ব্যর্থ হল—

এখন উপায় কী ।

ধনপতি

এবার উপায় কেয় করবেন স্বয়ং মহাকাল ।

তার নিজের ডাক যেখানে পৌছবে

সেখান থেকে বাহন আসবে ছুটে ।

আজ যারা চোখে পড়ে না

কাল তারা দেখা দেবে সবচেয়ে বেশি ।

ওহে খাতাঞ্চি, এই বেলা সামলাও গে খাতাপত্র—

কোষাধ্যক্ষ, সিদ্ধকগুলো বন্ধ করো শক্ত তালায় ।

[ধনপতি ও তার দলের প্রস্থান

মেয়েদের প্রবেশ

প্রথম

হা গা, রথ চলল না এখনো, দেশসুদ্ধ রইল উপোস করে !

কলিকালে ভক্তি নেই যে ।

মন্ত্রী

তোমাদের ভক্তির অভাব কী বাছ,

দেখি না তার জোর কত ।

প্রথম

নমো নমো,

নমো নমো বাবা দড়ি-ঠাকুর, অস্ত্র পাই নে তোমার দয়ার ।

নমো নমো !

দ্বিতীয়

তিনকড়ির মা বললে সতেরো বছরের ব্রাহ্মণের মেয়ে,

ঠিকদুস্কুর বেলা, বোম ভোলানাথ বলে

তালপুকুরে— ঘাটের থেকে তিন হাতের মধ্যে—

এক ডুবে তিন গোছা পাট-শিয়াল তুলে

ভিজে চুল দিয়ে বেধে দড়ি-প্রভুর কাছে পোড়ালে

প্রভুর টনক নড়বে । জোগাড় করেছি অনেক যত্নে,

সময়ও হয়েছে পোড়াবার ।

আগে দড়ি-বাবার গায়ে সিদুর-চন্দন লাগা ;

ভয় কিসের, ভক্তবৎসল তিনি—

মনে মনে শ্রীগুরুর নাম করে গায়ে হাত ঠেকালে

অপরাধ নেবেন না তিনি ।

প্রথম

তুই দে-না ভাই চন্দন লাগিয়ে, আমাকে বলিস কেন ।

আমার দেওরপো পেট-রোগা,

কী জানি কিসের থেকে কী হয় ।

তৃতীয়

ঐ তো ধোওয়া পাকিয়ে পাকিয়ে উঠছে ।

কিন্তু আগলেন না তো ।

দয়াময় !

জয় প্রভু, জয় দড়ি-দয়াল প্রভু, মুখ তুলে চাও ।
তোমাকে দেব পরিয়ে পয়তাল্লিশ ভরির সোনার আঙটি—
গড়াতে দিয়েছি বেণী স্যাকরার কাছে ।

দ্বিতীয়া

তিন বছর থাকব দাসী হয়ে, ভোগ দেব তিন বেলা ।
ওলো বিনি, পাখাটা এনেছিস তো বাতাস কর-না—
দেখছিস নে রোদ্দুরে তেতে উঠেছে ঠুর মেঘবরন গা ।
ঘটি করে গঙ্গাজলটা ঢেলে দে ।
ঐশানকার কাদাটা দে তো, ভাই, আমার কপালে মাখিয়ে ।
এই তো আমাদের খেঁদি এনেছে খিচুড়ি-ভোগ ।
বেলা হয়ে গেল, আহা, কত কষ্ট পেলেন প্রভু !
জয় দড়ীশ্বর, জয় মহাদড়ীশ্বর, জয় দেবদেবদড়ীশ্বর,
গড় করি তোমায়, টলুক তোমার মন ।
মাথা কুটছি তোমার পায়ে, টলুক তোমার মন ।
পাখা কর লো ; পাখা কর, জোরে জোরে ।

প্রথমা

কী হবে গো, কী হবে আমাদের—
দয়া হল না যে ! আমার তিন ছেলে বিদেশে,
তারা ভালোয় ভালোয় ফিরলে হয় ।

চরের প্রবেশ

মন্ত্রী

বাছারা, এখানে তোমাদের কাজ হল—
এখন ঘরে গিয়ে জপতপ ব্রতনিয়ম করো গে ।
আমাদের কাজ আমরা করি ।

প্রথমা

যাচ্ছি, কিন্তু দেখো মন্ত্রীবাবা,
ঐ ধোওয়াটা যেন শেষ পর্যন্ত থাকে—
আর ঐ বিষ্টিপত্রটা যেন পড়ে না যায় ।

[মেয়েদের প্রস্থান

চর

মন্ত্রীমশায়, গোল বেধেছে শূদ্রপাড়ায় ।

মন্ত্রী

কী হল ।

চর

দলে দলে ওরা আসছে ছুটে— বলছে, রথ চালাব আমরা ।

সকলে

বলে কী ! রশি ছুঁতেই পাবে না ।

চর

ঠেকাবে কে তাদের । মারতে মারতে তলোয়ার যাবে ক্ষয়ে ।
মন্ত্রীমশায়, বসে পড়লে যে ।

মন্ত্রী

দল বেঁধে আসছে বলে ভয় করি নে—
ভয় হচ্ছে পারবে ওরা ।

সৈনিক

বল কী মন্ত্রীমহারাজ, শিলা জলে ভাসবে ?

মন্ত্রী

নীচের তলাটা হঠাৎ উপরের তলা হয়ে ওঠাকেই বলে প্রলয়,
বরাবর যা প্রচ্ছন্ন তাই প্রকাশ হবার সময়টাই যুগান্তর ।

সৈনিক

আদেশ করুন কী করতে হবে, ভয় করি নে আমরা ।

মন্ত্রী

ভয় করতেই হবে, তলোয়ারের বেড়া ভুলে বন্যা ঠেকানো যায় না ।

চর

এখন কী আদেশ বলুন ।

মন্ত্রী

বাধা দियो না ওদের ।
বাধা পেলে শক্তি নিজেকে নিজে চিনতে পারে—
চিনতে পারলেই আর ঠেকানো যায় না ।

চর

ঐ-যে এসে পড়েছে ওরা ।

মন্ত্রী

কিছু কোরো না তোমরা, থাকো স্থির হয়ে ।

শূদ্রদের প্রবেশ

দলপতি

আমরা এলেম বাবার রথ চালাতে ।

মন্ত্রী

তোমরাই তো বাবার রথ চালিয়ে আসছ চিরদিন ।

দলপতি

এতদিন আমরা পড়তেম রথের চাকার তলায়,
দলে গিয়ে ধুলোয় যেতুম চ্যাপটা হয়ে ।
এবার সেই বলি তো নিল না বাবা ।

মন্ত্রী

তাই তো দেখলেম ।
সকাল থেকে চাকার সামনে ধুলোয় করলে লুটোপুটি—
ভয়ে উপরে তাকালে না, পাছে ঠাকুরের দিকে চোখ পড়ে—
তবু তো চাকার মধ্যে একটুও দেখা গেল না কুখার লক্ষণ ।

পুরোহিত

একেই বলে অগ্নিমাত্র্য,
তেজ ক্ষয় হলেই ঘটে এই দশা ।

দলপতি

এবার তিনি ডাক দিয়েছেন তাঁর রশি ধরতে ।

পুরোহিত

রশি ধরতে ! ভারি বুদ্ধি তোমাদের । জানলে কী করে ।

দলপতি

কেমন করে জানা গেল সে তো কেউ জানে না ।
ভোরবেলায় উঠেই সবাই বললে সবাইকে,
ডাক দিয়েছেন বাবা । কথাটা ছড়িয়ে গেল পাড়ায় পাড়ায়,
পেরিয়ে গেল মাঠ, পেরিয়ে গেল নদী,
পাহাড় ডিঙিয়ে গেল খবর—
ডাক দিয়েছেন বাবা ।

সৈনিক

রক্ত দেবার জন্যে ।

দলপতি

না, টান দেবার জন্যে ।

পুরোহিত

বরাবর সংসার যারা চালায়, রথের রশি তাদেরই হাতে ।

দলপতি

সংসার কি তোমরাই চালাও ঠাকুর ?

পুরোহিত

স্পর্ধা দেখো একবার । কথার জবাব দিতে শিখেছে—
লাগল বলে ব্রহ্মশাপ ।

দলপতি

মন্ত্রীমশায়, তোমরাই কি চালাও সংসার ।

মন্ত্রী

সে কী কথা । সংসার বলতে তো তোমরাই ।

নিজগুণেই চলে, তাই রক্ষে ।

চালুক লোকে বলে আমরাই চালাচ্ছি ।

আমরা মান রাখি লোক ভুলিয়ে ।

দলপতি

আমরাই তো জোগাই অন্ন, তাই তোমরা ঝাচ—

আমরাই বুলি বস্ত্র, তাতেই তোমাদের লঙ্কারিকা ।

সৈনিক

সর্বনাশ ! এতদিন মাথা হেঁট করে বলে এসেছে ওরা—

তোমরাই আমাদের অন্নবস্ত্রের মালিক ।

আজ ধরেছে উলটো বুলি, এ তো সহ্য হয় না ।

মন্ত্রী

সৈনিকের প্রতি

চূপ করো ।

সর্দার, মহাকালের বাহন তোমরাই,

তোমরা নারায়ণের গরুড় ।

এখন তোমাদের কাজ সাধন করে যাও তোমরা ।

তার পরে আসবে আমাদের কাজের পালা ।

দলপতি

আয় রে ভাই, লাগাই টান, মরি আর ঝাচি ।

মন্ত্রী

কিন্তু বাবা, সাবধানে রাস্তা ঝাচিয়ে চলো ।

বরাবর যে রাস্তায় রথ চলেছে যেয়ো সেই রাস্তা ধরে ।

পোড়ো না যেন একেবারে আমাদের ঘাড়ের উপর ।

দলপতি

কখনো বড়ো রাস্তায় চলতে পাই নি, তাই রাস্তা চিনি নে ।

রথে আছেন যিনি তিনিই সামলাবেন ।

আয় ভাই, দেখছিস রথচুড়ায় কেতনটা উঠছে দুলে ।

বাবার ইশারা । ভয় নেই আর, ভয় নেই । ওই চেয়ে দেখ রে ভাই,

মরা নদীতে যেমন বান আসে

দড়ির মধ্যে তেমনি প্রাণ এসে পৌঁছেছে ।

পুরোহিত

হুলো, হুলো দেখছি, হুলো শেষে রশি হুলো পাষাণেরা ।

মেয়েদের ছুটিয়া প্রবেশ

সকলে

ছুয়ো না, ছুয়ো না, দোহাই বাবা—
ও গদাধর, ও বনমালী, এমন মহাপাপ কোরো না ।
পৃথিবী যাবে যে রসাতলে ।
আমাদের স্বামী ভাই বোন ছেলে
কাউকে পারব না বাঁচাতে ।
চল রে চল, দেখলেও পাপ আছে ।

[প্রস্থান

পুরোহিত

চোখ বোজো, চোখ বোজো তোমরা ।
ভস্ম হয়ে যাবে ক্রুদ্ধ মহাকালের মূর্তি দেখলে ।

সৈনিক

এ কি, এ কি, চাকর শব্দ নাকি—
না আকাশটা উঠল আর্তনাদ করে ?

পুরোহিত

হতেই পারে না— কিছুতেই হতে পারে না—
কোনো শাস্ত্রেই লেখে না ।

নাগরিক

নড়েছে রে, নড়েছে, ঐ তো চলেছে ।

সৈনিক

কী ধুলোই উড়ল— পৃথিবী নিশ্বাস ছাড়ছে ।
অন্যায়, ঘোর অন্যায় ! রথ শেষে চলল যে—
পাপ, মহাপাপ !

শূদ্রদল

জয় জয়, মহাকালনাথের জয় !

পুরোহিত

তাই তো, এও দেখতে হল চোখে !

সৈনিক

ঠাকুর, তুমিই হুকুম করো, ঠেকাব রথ-চলা ।
বৃদ্ধ হয়েছেন মহাকাল, তাঁর বুদ্ধিবংশ হল—
দেখলেম সেটা স্বচক্ষে ।

পুরোহিত

সাহস হয় না হুকুম করতে ।

অবশেষে জাত খোয়াতেই বাবার যদি খেয়াল গেল
এবারকার মতো চূপ করে থাকো রঞ্জুলাল ।
আসছে বারে ঠুকে হবেই প্রায়শ্চিত্ত করতে ।
হবেই, হবেই, হবেই ।
ঠুর দেখ শোধন করতে গঙ্গা যাবে শুকিয়ে ।

সৈনিক

গঙ্গার দরকার হবে না ।
ঘড়ার ঢাকনার মতো শূদ্রগুলোর মাথা দেব উড়িয়ে,
ঢালব ওদের রক্ত ।

নাগরিক

মন্ত্রীমশায়, যাও কোথায় ?

মন্ত্রী

যাব ওদের সঙ্গে রশি ধরতে ।

সৈনিক

ছি ছি, ওদের হাতে হাত মেলাবে তুমি !

মন্ত্রী

ওরাই যে আজ পেয়েছে কালের প্রসাদ ।
স্পষ্টই গেল দেখা, এ মায়া নয়, নয় স্বপ্ন ।
এবার থেকে মান রাখতে হবে ওদের সঙ্গে সমান হয়ে ।

সৈনিক

তাই বলে ওদেরই এক সারে রশি ধরা !
ঠেকাবই আমরা, রথ চলুক আর নাই চলুক ।

মন্ত্রী

এবার দেখছি চাকার ভলার পড়বার পালা তোমাদেরই ।

সৈনিক

সেও ভালো । অনেক কাল চণ্ডালের রক্ত শুবে চাকা আছে অন্তি,
এবার পাবে শুদ্ধ রক্ত । স্বাদ বদল করুক ।

পুরোহিত

কী হল মন্ত্রী, এ কোন্ শনিগ্রহের ভেলকি ?
রথটা যে এরই মধ্যে নেমে পড়েছে রাজপথে ।
পৃথিবী তবু তো নেমে গেল না রসাতলে ।
মাতাল রথ কোথায় পড়ে কোন্ পল্লীর ঘাড়ে, কে জানে ।

সৈনিক

ঐ দেখো, ধনপতির দল আর্তনাদ করে ডাকছে আমাদের ।

রথটা একেবারে সোজা চলেছে ওদেরই ভাণ্ডারের মুখে ।
যাই ওদের রক্ষা করতে ।

মন্ত্রী

নিজ্জন্দের রক্ষার কথা ভাবো ।
দেখছ না, ঝুঁকেছে তোমাদের অস্ত্রশালার দিকে ।

সৈনিক

উপায় ?

মন্ত্রী

ওদের সঙ্গে মিলে ধরো-সে রশি ।
বাঁচবার দিকে ফিরিয়ে আনো রথটাকে—
দো-মনা করবার সময় নেই ।

[গ্রহন

সৈনিক

কী করবে ঠাকুর, তুমি কী করবে ।

পুরোহিত

বীরগণ, তোমরা কী করবে বলো আগে ।

সৈনিক

কী করতে হবে বলো-না ভাইসকল !
সবাই যে একেবারে চূপ করে গেছ !
রশি ধরব না লড়াই করব ?
ঠাকুর, তুমি কী করবে বলোই-না ।

পুরোহিত

কী জানি, রশি ধরব না শাস্ত্র আওড়াব ।

সৈনিক

গেল, গেল সব । রথের এমন হাঁক শুনি নি কোনো পুরুষে ।

দ্বিতীয় সৈনিক

চেয়ে দেখো-না, ওরাই কি টানছে রথ
না রথটা আপনিই চলেছে ওদের ঠেলে নিয়ে ।

তৃতীয় সৈনিক

এতকাল রথটা চলত যেন স্বপ্নে—
আমরা দিতেম টান আর ও পিছে পিছে আসত দড়িবাধা গোরুর মতো ।
আজ চলছে জেগে উঠে । বাপ রে, কী ভেজ ।
মানছে না আমাদের বাপদাদার পথ—
একটা কাঁচা পথে ছুটেছে বুনো মহিষের মতো ।
পিঠের উপর চড়ে বসেছে যম ।

দ্বিতীয় সৈনিক

ঐ যে আসছে কবি, ওকে জিজ্ঞাসা করি ব্যাপারটা কী ।

পুরোহিত

পাগলের মতো কথা বলছ তোমরা ।
আমরাই বুঝলেম না মানে, বুঝবে কবি ?
ওরা তো বানিয়ে বানিয়ে বলে কথা— শাস্ত্র জানে কী ?

কবির প্রবেশ

দ্বিতীয় সৈনিক

এ কী উলটোপালটা ব্যাপার কবি ।
পুরুতের হাতে চলল না রথ, রাজার হাতে না—
মানে বুঝলে কিছু ?

কবি

ওদের মাথা ছিল অত্যন্ত উচু,
মহাকালের রথের চূড়ার দিকেই ছিল ওদের দৃষ্টি—
নীচের দিকে নামল না চোখ,
রথের দড়িটাকেই করলে তুচ্ছ ।
মানুষের সঙ্গে মানুষকে বাধে যে বাধন তাকে ওরা মানে নি ।
রাগী বাধন আজ উন্নত হয়ে লেজ আছড়াচ্ছে—
দেবে ওদের হাড় ঠুড়িয়ে ।

পুরোহিত

তোমার শূত্রগুলোই কি এত বুদ্ধিমান—
ওরাই কি দড়ির নিয়ম মেনে চলতে পারবে ।

কবি

পারবে না হয়তো ।
একদিন ওরা ভাববে, রথী কেউ নেই, রথের সর্বময় কর্তা ওরাই ।
দেখো, কাল থেকেই শুরু করবে ঠেচাতে—
জয় আমাদের হাল লাঙল চরকা তাঁতের ।
তখন ঐরাই হবেন বলরামের চেলা—
হলধরের মাতলামিতে জগৎটা উঠবে টলমলিয়ে ।

পুরোহিত

তখন যদি রথ আর-একবার অচল হয়
বোধ করি তোমার মতো কবিরই ডাক পড়বে—
তিনি ঠুঁ দিয়ে ঘোরাবেন চাকা ।

কবি

নিভাত ঠাট্টা নয় পুরুতঠাকুর !
রথবাত্ম্য কবির ডাক পড়েছে বারে বারে,
কাজের লোকের ভিড় ঠেলে পারে নি সে পৌছতে ।

পুরোহিত

রথ তারা চালাবে কিসের জোরে । বুঝিয়ে বলো ।

কবি

গায়ের জোরে নয়, হৃদয়ের জোরে ।
আমরা মানি হৃদ, জানি একঝোকা হলেই তাল কাটে ।
মরে মানুষ সেই অসুন্দরের হাতে
চাল-চলন যার এক পাশে ঝাকা ;
কুস্তকর্ণের মতো গড়ন যার বেমানান,
যার ভোজন কুৎসিত,
যার ওজন অপরিমিত ।
আমরা মানি সুন্দরকে । তোমরা মানো কঠোরকে—
অস্ত্রের কঠোরকে, শাস্ত্রের কঠোরকে ।
বাইরে ঠেলা-সারার উপর বিশ্বাস,
অস্ত্রের তালমানের উপর নয় ।

সৈনিক

তুমি তো লড়া উপদেশ দিয়ে চললে,
ও দিকে যে লাগল আগুন ।

কবি

বুগাবসানে লাগেই তো আগুন ।
যা ছাই হবার তাই ছাই হয়,
যা টিকে যার তাই নিয়ে সৃষ্টি হয় নব্যযুগের ।

সৈনিক

তুমি কী করবে কবি !

কবি

আমি তাল রেখে রেখে গান গাব ।

সৈনিক

কী হবে তার ফল ?

কবি

যারা টানছে রথ তারা পা ফেলবে তালে তালে ।
পা বন্ধন হয় বেতাল্য
তখন কুদে কুদে খালখন্দগুলো মারমূর্তি ধরে ।
মাতালের কাছে রাজপথও হয়ে ওঠে বন্ধুর ।

মেয়েদের প্রবেশ

প্রথমা

এ হল কী ঠাকুর !
তোমরা এতদিন আমাদের কী শিখিয়েছিলে !
দেবতা মানলে না পূজা, ভক্তি হল মিছে ।
মানলে কিনা শুদ্ধদের টান, মেলেছেই হোওয়া !

ছি ছি, কী বেলা ।

কবি

পূজো তোমরা দিলে কোথায় ।

দ্বিতীয়া

এই তো এইখানেই ।

ধি ঢেলেছি, দুধ ঢেলেছি, ঢেলেছি গঙ্গাজল—

রাস্তা এখনো কাদা হয়ে আছে !

পাতায় ফুলে ওখানটা গেছে পিছল হয়ে ।

কবি

পূজো পড়েছে ধুলোয়, ভক্তি করেছে মাটি ।

রথের দড়ি কি পড়ে থাকে বাইরে ।

সে থাকে মানুষে মানুষে বাধা, দেছে দেছে গ্রাণে গ্রাণে ।

সেইখানে জমেছে অপরাধ, বাধন হয়েছে দুর্বল ।

তৃতীয়া

আর ওরা— বাদের নাম করতে নেই ?

কবি

ওদের দিকেই ঠাকুর পাশ ফিরলেন—

নইলে ছন্দ মেলে না । এক দিকটা উচু হয়েছিল অতিশয় বেশি,

ঠাকুর নীচে দাঁড়ালেন ছোটোর দিকে,

সেইখান থেকে মারলেন টান, বড়োটাকে দিলেন কাত করে ।

সমান করে নিলেন তাঁর আসনটা ।

প্রথমা

তার পরে হবে কী ।

কবি

তার পরে কোন্-এক যুগে কোন্-একদিন

আসবে উলটোরথের পালা ।

তখন আবার নতুন যুগের উচুতে নিচুতে হবে বোঝাপড়া ।

এই বেলা থেকে বাধনটাতে দাও মন—

রথের দড়িটাকে নাও বুকে তুলে, ধুলোয় ফেলো না ;

রাস্তাটাকে ভক্তিরসে দিয়ো না কাদা করে ।

আজকের মতো বলো সবাই মিলে—

যারা এতদিন মরে ছিল তারা উঠুক বেচে ;

যারা যুগে যুগে ছিল খাটো হয়ে, তারা দাঁড়াক একবার মাথা তুলে ।

সন্ন্যাসীর প্রবেশ

সন্ন্যাসী

জয়— মহাকালনাথের জয় !



কবির দীক্ষা

কবির দীক্ষা

আমি তো স্মৃতি হয়েছিলেম তোমার দলেই ।

দৌড় দিলে কেন ।

ভয়ে ।

ভয় কিসের ।

ভবভয়নিবারিণী সত্য সত্যাপতি—

আহা, পরম ধার্মিক—

বললেন আমাকে, ঐ লক্ষ্মীছাড়াটা—

ধামলে কেন ।

আমি জানি বলেছেন,

লক্ষ্মীছাড়াটা দিচ্ছে তোমাকে রসাতলে ।

একেবারে ঐ শব্দটাই—

রসাতলে ।

অন্যায় তো বলেন নি ।

বলো কী, কবি !

জীবন আমার খায় সাধনায় মগ্ন

সেই দেবতা তুলিয়ে আছেন অতলে—

খুড়ো-জ্যাঠারা বলেছেন সবাই—

তোমার দীক্ষায় না আছে অর্থের আশা,

না আছে পরমার্থের ।

পতিত মানুষ তোমার খুড়ো-জ্যাঠারা,

বলেন ঠিক কথাই ।

সর্বনাশ তো তবে ।

সত্য কথাটি কেমন মুখে—
সর্বনাশ, ঐটের থেকেই সর্বনাশ—
সর্বনেশেই মন কেড়েছে কবির ।

কুরলেম কথাটা ।
মিলছে তদ্বানন্দধামীর সঙ্গে ।
শিবময় দেন তিনি প্রলয়সাধনার ।

শিবময় নিই আমিও ।

অবাক করলে—
তুমি তো জানি কবি,
কবে হলে শৈব ।

কালিদাস ছিলেন শৈব ।
সেই পথের পথিক কবির ।

কেন বল বেঠিক কথা ।
তোমরা তো যেতে আছ নাচে গানে ।

অগত্যাছোড়া নাচগানেরই পালা আমাদের প্রকুর ।
কী বলেন তদ্বানন্দধামী ।

প্রলয় ছাড়া কথা নেই তাঁর মুখে ।
তদ্বানন্দধামীর নাচ !

ওনলে পতীর গণেশ
বৃহিস্তকনি করকেন অট্টহাস্যে ।
ত্যাগের দীক্ষা নিরেছি তাঁর কাছে ।

যদি পরামর্শ দেন সবই কুকে দিতে
তবে কী করবে ত্যাগ ।
উপুড় করবে শূন্য বড়াটাকে ?

তুমি কাকে বলো ত্যাগ কবি ।

ত্যাগের রূপ দেখো ঐ কর্ণার,
নিরন্ত গ্রহণ করে তাই নিরন্তই করে দান ।
নিজেকে যে শুকিয়েছে যদি সেই হল ত্যাগী,

তবে সব-আগে শিব ত্যাগ করুন অন্নপূর্ণাকে ।

কিন্তু সন্ন্যাসী শিব ভিক্ষুক, সেটা তো মানো ।
মহত্ব দিলেন তিনি জগতের দরিদ্রকে ।

দারিদ্র্যে তাঁরই মহত্ব মহৎ যিনি ঐশ্বর্যে ।
মহাদেব ভিক্ষা নেন পাবেন বলে নয়—
আমাদের দানকে করতে চান সার্থক ।

ভরব কেমন করে তাঁর অসীম ভিক্ষার ঝুলি ।

তিনি না চাইলে খুঁজেই পেতেম না দেবার ধন ।

কুবলেম না কথাটা ।

কিছু তিনি চান নি কুকুর-বেড়ালের কাছে ।
'অন্ন চাই' বলে ডাক দিলেন মানুষের ঘারে ।
বেরল মানুষ লাঙল কাঁধে—
যে মাটি ফাকা ছিল, প্রকাশ পেল তাতে অন্ন ।

বললেন 'চাই কাপড়' ।
হাত পেতেই রইলেন—
বেরল ফলের থেকে তুলো,
তুলোর থেকে সূতো,
সূতোর থেকে কাপড় ।
ভাগ্যে তাঁর ভিক্ষার ঝুলি অসীম
তাই মানুষ সজ্ঞান পায় অসীম সম্পদের ।
নইলে দিন কাটত কুকুর-বেড়ালের মতো ।
তোমরা কি বলো সব চেয়ে বড়ো সন্ন্যাসী ঐ কুকুর-বেড়াল ।
তত্ত্বানন্দস্বামী কী বলেন ।

তিনি বলেন, শিবের ভিক্ষার ঝুলির টানে আমরা হব নিষ্কিঞ্চন ।
যার কিছু নেই দেবার, তার নেই দেনা ।
সংসারের নালিশ একেবারে বন্ধ তার নামে ।

মানুষকে যদি দেউলে করেন তিনি,
তবে ভিক্ষু দেবতার ব্যাবসা হবে যে অচল ।
তাঁর ভিক্ষের ঝুলির টানে মানুষ হয় ধনী—
যদি দান করতেন ঘটত সর্বনাশ ।

তোমার কথা শুনে বোধ হচ্ছে, মিথ্যে নয় পুরাণের কথাটা ।

ভিক্ষুক শিবের বরেই রাবণের স্বর্ণলঙ্কা ।
কিন্তু আগুন কেন লাগে সে লঙ্কার ।

সে যে করলে ভিক্ষে বন্ধ । লাগল জ্বালাতে ।
দিতে যেমনি পারলে না, যেমনি লাগল কাড়তে,
অমনি ঘটল সর্বনাশ ।
ভিক্ষু দেবতা হারে বসে হাঁকেন, দেহি দেহি ।
তবু আমরা কোণে বসে আছি নেংটি প'রে, দেব কীই বা !
কেউ বা লোভে পড়ে ভাঙতে চায় না জমানো ধন ।
তবে কি যুরোপখণ্ডকে বলবে শিবের চেলা ।

বলতে হয় বৈকি !
নইলে এত উন্নতি কেন ।
মেনেছে ওরা মহাভিক্ষুর দাবি ।
তাই বের করে আনছে নব নব সম্পদ—
ধনে প্রাণে জ্ঞানে মানে ।

অশান্তিও তো কম দেখছি নে ওদের মধ্যে ।

যখন শিবের ভোগ ভেঙে নিজের দিকে চুরি করে
উৎপাত বাধে তখন অশিবের ।
ত্যাগের ধনে মানুষ ধনী, চুরির ধনে নয় ।
আমরা কুঁড়ে, ভিক্ষুক দেবতাকে দিই নে কিছু ।
তাই মরছি সব দিকেই—
খেতে ফসল যায় মরে,
পুকুরে জল যায় শুকিয়ে,
দেহে ধরে রোগ, মনে ধরে অবসাদ,
বিদেশী রাজা দেয় দুই কান মলে ।
শিবের কুলি ভরব যেদিন, সেদিন আমাদের সব ভরবে ।

কিন্তু গোড়ায় বলছিলে যে রসের কথাটা
শিবের কুলিতে তো তার খবর মেলে না ।

মেলে বৈকি । গাছের ত্যাগ ফল দিয়ে ।
ফল ফলে না রস না হলে ।
প্রাণের ধনই হল আনন্দ, যাকে বলি রস ।
যেখানে রসের সৈন্য, ভরে না সেখানে প্রাণের কমণ্ডলু ।

স্বপ্নানে কেন দেখি তোমার ঐ দেবতাকে ।
মৃত্যুতে তাঁর বিলাস বলে নয়, মৃত্যুকে জয় করবেন বলে ।
যে দেবতারা অমরাবর্তীতে

ছন্দই নেই তাঁদের মৃত্যুর সঙ্গে ।
মানুষের যিনি শিব
তিনি বিষপান করেন বিষকে কাটাবেন বলে ।
'ভিক্ষা দাও' 'ভিক্ষা দাও' দ্বারে দ্বারে রব উঠল তাঁর কণ্ঠে—
সে মুষ্টিভিক্ষা নয়, নয় অবজ্ঞার ভিক্ষা ।
নিঝরিণীর স্রোত যখন হয় অলস
তখন তার দানে পঙ্ক হয় প্রধান ।
দুর্বল আত্মার তামসিক দানে
দেবতার তৃতীয় নেত্রে আগুন ওঠে জ্বলে ।

পরিশিষ্ট

রথযাত্রা

আমার মেহাঙ্গন ছাত্র শ্রীমান প্রমথনাথ কিশোর কোনো রচনা হইতে
এই নাট্যদৃশ্যের ভাষাটি আমার মনে আসিয়াছিল।

১ নাগরিক। মহাকালের রথযাত্রায় এবার যে রথ অচল হয়ে রইল। কিছুতেই নড়লেন না। কার
দোষে হল তা জানি, গণৎকার শুনে বলে দিয়েছেন।

২ নাগরিক। হয়তো কারও দোষ নেই, হয়তো মহাকাল ক্রান্ত, আর চলতে রাজি নন।

১ নাগরিক। আরে বল কী। চলতে রাজি না হলে আমাদের চলবে কী করে। ঐ দেখো-না, রথের
দড়িটা পড়ে আছে, কত যুগের দড়ি— কত মানুষের হাত পড়েছে ঐ দড়িতে, এমন করে তো
কোনোদিন ধুলোয় পড়ে থাকে নি।

৩ নাগরিক। রথ যদি না চলে, আর ঐ দড়ি যদি পড়ে থাকে, তা হলে ও যে সমস্ত রাজ্যের গলায়
দড়ি হবে।

৪ নাগরিক। বাবা রে, ঐ দড়িটা দেখে ভয় লাগছে, মনে হচ্ছে ও যেন ক্রমে ক্রমে সাপ হয়ে ফণা
ধরে উঠবে।

৩ নাগরিক। দেখ-না ভাই, একটু একটু যেন নড়ছে মনে হচ্ছে।

১ নাগরিক। আমরা যদি না নড়াতে পারি, ও যদি আপনি নড়ে ওঠে, তা হলে যে সর্বনাশ হবে।

৩ নাগরিক। তা হলে জগতের সব জোড়গুলো বিজোড় হয়ে উঠবে রে। তা হলে রথটা চলবে
আমাদের বৃকের পাঞ্জরের উপর দিয়ে। আমরা ওকে নিজে চালাই বলেই তো ওর চাকার তলায় পড়ি
নে। এখন উপায় ?

১ নাগরিক। ঐ দেখ-না, পুরুতঠাকুর বসে মন্ত্র পড়ছে।

২ নাগরিক। রথযাত্রায় সব আগেই ঐ পুরুতঠাকুরের দলরাই তো দড়ি ধরে প্রথম টানটা দিয়ে
থাকেন। এবার কি শুধু মন্ত্র পড়েই কাজ সারবেন নাকি।

৪ নাগরিক। চেষ্টার ক্রটি হয় নি। ভোরের বেলা সেই অঙ্ককার থাকতে সবার আগে ঠরাই তো
একচোট টানাটানি করে নিয়েছেন। কলিযুগে ঠুন্দের কি আর তেজ আছে রে।

৩ নাগরিক। ঐ দেখ, আমার কেমন মনে হচ্ছে ঐ রশিটা যেন যুগ-যুগান্তরের নাড়ীর মতো দব্দব্দ
করছে।

১ নাগরিক। আমার মনে হচ্ছে ঐ রথ চলবে কোনো এক পুণ্যাত্মা মহাপুরুষের স্পর্শ পেলে।

২ নাগরিক। আরে, রথ চালাতে পুণ্যাত্মা মহাপুরুষের জনো বসে থাকলে শুভলগ্নও তো বসে
থাকবে না। ততক্ষণে আমাদের মতো পাপাত্মাদের দশা হবে কী।

১ নাগরিক। পাপাত্মাদের দশা কী হবে সেজন্য ভগবানের মাথাব্যথা নেই।

২ নাগরিক। বলিস কী রে। পুণ্যাত্মাদের জনো এ জগৎ তৈরি হয় নি। তা হলে যে আমরা অতিষ্ঠ
হতুম। সৃষ্টিটা আমাদেরই জনো। দৈবাৎ দুটো-একটা পুণ্যাত্মা দেখা দেয়, বেশিক্ষণ টিকতে পারে
না— আমাদের ঠেলা খেয়ে বনে জঙ্গলে গুহায় তাদের আশ্রয় নিতে হয়।

১ নাগরিক। তা হলে তুমিই দড়িটা ধরে টান দাও-না দাদা— দেখা যাক রথ এগোয় না দড়িটা
ছেড়ে, না তুমিই পড় মুখ খুবড়ে।

২ নাগরিক । দাদা, আমাদের সঙ্গে পুণ্যাঙ্গাদের তফাতটা এই যে, গুণ্ভিতে তারা একটা-দুটো আমরা অনেক । যদি ভরসা করে সেই অনেকে মিলে টান দিতে পারি রথ চলবেই । মিলতে পারলে না বলে টানতে পারলেম না, পুণ্যাঙ্গাদের জন্যে শূন্যের দিকে তাকিয়ে রইলেম ।

৪ নাগরিক । ওরে ভাই, দড়িটা মনে হল যেন নড়ে উঠল, কথাবার্তা সামলে বলিস রে ।

১ নাগরিক । শাস্ত্রে আছে ব্রাহ্মমূর্ত্তে রথের প্রথম টানটা পুরোহিতের হাতে, দ্বিতীয় প্রহরে দ্বিতীয় টানটা রাজার— সেও তো হয়ে গেল, রথ এগোল না— এখন তৃতীয় টানটা কার হাতে পড়বে ।

সৈন্যদের প্রবেশ

১ সৈন্য । বড়ো লজ্জা দিলে রে ! স্বয়ং রাজা হাত লাগালে, সঙ্গে সঙ্গে আমরা হাজার জনে ধরে টান দিলুম, চাকার একটু কাঁচকোঁচ শব্দও হল না ।

২ সৈন্য । আমরা কৃত্রিয়, আমরা তো শূদ্রের মতো গোক নই— রথ টানা আমাদের কাজ নয়, আমাদের কাজ রথে চড়া ।

২ সৈনিক । কিংবা রথ ভাঙা । ইচ্ছে করছে কুড়ুলখানা নিয়ে রথটাকে টুকরো টুকরো করে ফেলি । দেখি মহাকাল কেমন ঠেকাতে পারেন ।

১ নাগরিক । দাদা, তোমাদের অস্ত্রের জোরে রথ চলবেও না, রথ ভাঙবেও না । গণংকার কী গুনে বলেছে তা শোন নি বুঝি ?

১ সৈনিক । কী বল তো ।

১ নাগরিক । ত্রেতাযুগে একবার যে কাণ্ড ঘটেছিল, এখন তাই ঘটবে ।

১ সৈনিক । আরে, ত্রেতাযুগে তো লঙ্কাকাণ্ড ঘটেছিল ।

১ নাগরিক । সে নয়, সে নয় ।

২ সৈনিক । কিঙ্কিঙ্কাকাণ্ড ?

১ নাগরিক । তারই কাছাকাছি । সেই-যে শূদ্র তপস্যা করতে গিয়েছিল, মহাকাল তাতেই তো সেদিন রূপে উঠেছিলেন । তার পর রামচন্দ্র শূদ্রের মাথা কেটে তবে বাবাকে শাস্ত করেছিলেন ।

৩ সৈনিক । আজ তো সে ভয় নেই, আজ ব্রাহ্মণই তপস্যা ছেড়ে দিয়েছে, শূদ্রের তো কথাই নেই ।

১ নাগরিক । এখনকার শূদ্রেরা কেউ কেউ লুকিয়ে লুকিয়ে শাস্ত্র পড়তে আরম্ভ করেছে । ধরা পড়লে বলে, আমরা কি মানুষ নই । স্বয়ং কলিযুগ শূদ্রের কানে মন্ত্র দিতে বসেছে যে তারা মানুষ । রথ যে চলে না তাতে মহাকালের দোষ কী— না চললেই ভালো । যদি চলতে শুরু করে তা হলে চন্দ্রসূর্য ঠুঁড়িয়ে ফেলবে । শূদ্র চোখ রাঙিয়ে বলে কিনা 'আমরা কি মানুষ নই' ! কালে কালে কতই গুনব !

১ সৈনিক । আজ শূদ্র পড়ছে শাস্ত্র, কাল ব্রাহ্মণ ধরবে লাঙল ! সর্বনাশ !

২ সৈনিক । তা হলে চল, ওদের পাড়ায় গিয়ে একবার কষে হাত চালানো যাক । ওরা মানুষ না আমরা মানুষ, প্রত্যক্ষ দেখিয়ে দিই ।

২ নাগরিক । রাজাকে কে গিয়ে বলেছে, কলিযুগে শাস্ত্রও চলে না, অস্ত্রও চলে না, একমাত্র চলে স্বর্ণমুদ্রা । রাজা তাই আমাদের ধনপতি শেঠজিকে তলব করেছেন । ধনপতি টান দিলেই রথ চলবে এইরকম সকলের বিশ্বাস ।

১ সৈনিক । বেনের টানে যদি রথ চলে তা হলে আমরা অস্ত্র গলায় বেঁধে জলে ডুবে মরব ।

২ সৈনিক । তা, রাগ করলে চলবে কেন । বেনের টান আজকাল সব জায়গাতেই লেগেছে । এমন-কি, পুষ্পধনুর ছিলেটা বেনের টানেই চঞ্চল হয়ে ওঠে । অর তীরগুলো বেনের ঘরেই তৈরি ।

৩ সৈনিক । তা সত্যি, আজকাল আমাদের রাজত্বে রাজা থাকেন সামনে, কিন্তু পিছনে থাকে বেনে ।

- ১ সৈনিক । পিছনেই থাকে তো থাক-না— আমরা তো থাকি ডাইনে-খারে, মান তো আমাদেরই ।
২ সৈনিক । পাশে যে থাকে তার মান থাকতে পারে, কিন্তু পিছনে যে থাকে ঠেলাটা যে তারই ।

ধনপতির অনুচরদের প্রবেশ

- ১ সৈনিক । এরা সব কে ।
২ সৈনিক । আঙুটির হীরে থেকে আলোর উচ্চিড়েগুলো চোখের উপর লাফ দিয়ে পড়ছে ।
৩ সৈনিক । গলায় সোনার হার নয়তো, সোনার শিকল বললেই হয় । কে এরা ।
১ নাগরিক । এরাই তো আমাদের ধনপতি শেঠীর দল । ঐ সোনার শিকল দিয়ে এরা মহাকালকে বেঁধে ফেলেছে বলেই তাঁর রথ চলছে না ।
১ সৈনিক । তোমরা কী করতে এসেছ ।
১ ধনিক । রাজা আমাদের প্রভু ধনপতিকে ডেকে পাঠিয়েছেন । কারও হাতে রথ চলছে না, তাঁর হাতে চলবে বলেই সবাই আশা করে আছে ।
২ সৈনিক । সবাই বলতে কে রে বাপু ? আর আশাই বা করে কেন ।
২ ধনিক । আজকাল যা-কিছু চলছে সবই যে ধনপতির হাতে চলছে ।
১ সৈনিক । এখনই দেখিয়ে দিতে পারি তলোয়ার তার হাতে চলে না, আমাদের হাতে চলে ।
৩ ধনিক । তোমাদের হাত চালাচ্ছে কে সেটা বুঝি এখনো খবর পাও নি ।
১ সৈনিক । চূপ বেয়াদব !
২ ধনিক । আমরা চূপ করব ? আজ আমাদেরই আওয়াজ জলে স্থলে আকাশে তা জান ?
১ সৈনিক । তোমাদের আওয়াজ ? আমাদের শতগুণী যখন বজ্রনাদ করে ওঠে—
২ ধনিক । তোমাদের শতগুণী বজ্রনাদে আমাদেরই কথা এক ঘাট থেকে আর-এক ঘাটে, এক হাট থেকে আর-এক হাটে ঘোষণা করবার জন্যে আছে ।
১ নাগরিক । দাদা, ওদের সঙ্গে ঝগড়া করে পেরে উঠবে না ।
১ সৈনিক । কী বল ? পারব না ?
১ নাগরিক । না, তোমাদের কোনো তলোয়ার ওদের নিমক খেয়েছে, কোনোটা বা ওদের ঘুষ খেয়েছে, খাপ থেকে বের করতে গেলেই তা বুঝতে পারবে ।
১ ধনিক । শুনেছিলাম রথের দড়িতে হাত দেবার জন্যে নর্মদাভীরের বাবাজিকে আজ আনা হয়েছিল । কী হল খবর জান ?
২ ধনিক । জানি বৈকি । যখন এরা গুহায় গিয়ে পৌঁছল, দেখল, প্রভু পদ্মাসনে দুই পা আটকে চিত হয়ে পড়ে আছেন । সাড়াশব্দ নেই । বহুকষ্টে ধ্যান ভাঙানো হল । কিন্তু পা দুখানা আড়ষ্ট কাঠ হয়ে গেছে, চলে না ।
১ নাগরিক । শ্রীচরণের দোষ কী । তারা আজ ৬৫ বছরের মধ্যে একবারও চলার নাম করে নি । তা, বাবাজি বললেন কী ?
২ ধনিক । বলা-কওয়ার বলাই নেই । চাঞ্চল্যের অপবাদ দিয়ে জিবটাকে একেবারে কেটেই ফেলেছেন । গা গা করতে লাগলেন, তার থেকে যার যে-রকম খেয়াল সে সেই রকমেরই অর্ধ করে নিলে ।
১ ধনিক । তার পরে ?
২ ধনিক । তার পর ধরাধরি করে বাবাজিকে রথতলা পর্যন্ত আনা গেল । কিন্তু যেমনি দড়ি ধরলেন রথের চাকা মাটির মধ্যে বসে যেতে লাগল ।
১ ধনিক । হা, হা, বাবাজি নিজের মনটাকে যেমন গভীরে ডুবিয়েছেন, মহাকালের রথটাকে সুদূর তেমন তলিয়ে দিচ্ছিলেন বুঝি ?

২ ধনিক । ঠাণ্ডা পয়ষটি বৎসরের উপবাসের ভারে চাকা বসে গেল । একদিনের উপবাসের থাকতেই আমাদের পা চলতে চায় না ।

১ নাগরিক । উপবাসের ভারের কথা বলছ, তোমাদের অহংকারের ভারটা বড়ো কম নয় ।

২ নাগরিক । সে ভার আপনাকেই আপনি চূর্ণ করে । দেখব আজ তোমাদের ধনপতির মাথা কেমন হেঁট না হয় ।

১ ধনিক । আচ্ছা দেখো । বাবা মহাকালের ভোগ জোগায় কে । সে তো আমাদের ধনপতি । যদি বন্ধ করে দেয় তা হলে তাঁর যে চলা না-চলা দুই সমান হয়ে উঠবে । পেট চলা হল সব চলার মূলে ।

মন্ত্রী ও ধনপতির প্রবেশ

ধনপতি । মন্ত্রীমশাই, আজ আমাকে ডাক পড়ল কেন ।

মন্ত্রী । রাজ্যে যখনই কোনো অনর্থপাত হয় তখনই তো তোমাকেই সর্বাগ্রে ডাক পড়ে ।

ধনপতি । অর্থপাতে যার প্রতিকার সম্ভব আমার দ্বারা তার ক্রটি হয় না । কিন্তু আজকের সংকটটা কী রকমের ।

মন্ত্রী । শুনেছ বোধ হয়, মহাকালের রথ আজ কারও হাতের টানেই চলছে না ।

ধনপতি । শুনেছি । কিন্তু মন্ত্রী এ-সব কাজ তো এতদিন—

মন্ত্রী । জানি, এতদিন আমাদের পুরোহিত ঠাকুররাই এ-সব কাজ চালিয়েছেন । কিন্তু তখন যে এরা স্বাধীন সাধনার জোরে নিজে চলতেন, চালাতেও পারতেন । এখন এরা তোমাদেরই দ্বারা অচল হয়ে বাধা, এখন এদের হাতে কিছুই চলবে না ।

ধনপতি । অন্য অন্য বারে রাজা সেনাপতি রাজপারিষদ সকলেই রথের রশিতে হাত লাগাতেন, কখনো তো বাধা ঘটে নি । তখন আমরা তো কেবল চাকায় তেল জুগিয়ে এসেছি, রশিতে টান দিই নি তো ।

মন্ত্রী । দেখো শেঠজি, রথযাত্রাটা আমাদের একটা পরীক্ষা । কাদের শক্তিতে সংসারটা সত্যিই চলছে বাবা মহাকালের রথচক্র ঘোরার দ্বারা সেইটেরই প্রমাণ হয়ে থাকে । যখন পুরোহিত ছিলেন নেতা তখন তাঁরা রশি ধরতে না-ধরতে রথটা ঘুমভাঙা সিংহের মতো ধড়ফড় করে নড়ে উঠত । এবারে যে কিছুতেই সাড়া দিল না । তার থেকে প্রমাণ হচ্ছে শত্রুই বল, শত্রুই বল, সমস্ত অর্থহীন হয়ে পড়েছে— অর্থ এখন তোমারই হাতে । সেই তোমার সার্থক হাতটি আজ রথের রশিতে লাগাতে হবে ।

ধনপতি । আগে বরঞ্চ আমার দলের লোকে চেঁচা করে দেখুক, যদি একটুখানি কেঁপেও ওঠে আমিও হাত দেব, নইলে সকল লোকের সামনে—

মন্ত্রী । কেন আর দেরি করা শেঠজি । রাজ্যের সমস্ত লোক উপোস করে আছে, রথ মন্দিরে গিয়ে না পৌঁছলে কেউ জলগ্রহণ করবে না । তোমার চেঁচাতেও যদি রথ না চলে লজ্জা কিসের, স্বয়ং পুরোহিত রাজা সকলেরই চেঁচা ব্যর্থ হল, দেশসুদ্ধ লোক তো তা দেখেছে ।

ধনপতি । তাঁরা হলেন লোকপাল, আমরা হলুম পালের লোক ; জনসাধারণে তাঁদের বিচার করে একরকমে, আমাদের বিচার করে আর-এক রকমে । রথ যদি না চলে আমার লজ্জা আছে, কিন্তু রথ যদি চলে তা হলে আমার ভয় । তা হলে আমার সেই শুভাদৃষ্টের স্পর্ধা কোনো লোক ক্ষমা করতে পারবেই না । তখন কাল থেকে তোমরাই ভাবতে বসবে আমাকে খর্ব করা যায় কী উপায়ে ।

মন্ত্রী । যা বলছ সবই সত্য হতে পারে, কিন্তু তবুও রথ চলা চাই । আর বেশিক্ষণ যদি দ্বিধা কর তা হলে দেশের লোক কেঁপে যাবে ।

ধনপতি । আচ্ছা, তবে চেঁচা করে দেখি । কিন্তু যদি দৈবক্রমে আমার চেঁচা সফল হয় তা হলে আমার অপরাধ নিয়ো না । (দলের লোকদের প্রতি) বলো সিদ্ধিরস্ত !

সকলে । সিদ্ধিরস্ত !

ধনপতি । বলো, জয় সিদ্ধিদেবী !

সকলে । জয় সিদ্ধিদেবী !

ধনপতি । টানব কী ! এ রশি যে তুলতেই পারি নে । মহাকালের রথও যেমন ভারী, রশিও তেমনি, এ ভার বহন কি সহজ লোকের কর্ম । (দলের লোকের প্রতি) এসো, তোমরাও সবাই এসো । সকলে মিলে হাত লাগাও । আমার খাতাঞ্চি কোথায় গেল । এসো, এসো । এসো কোষাধ্যক্ষ ! আবার বলো, সিদ্ধিরস্তু— টানো । সিদ্ধিরস্তু, আর-এক টান ! সিদ্ধিরস্তু— জ্বোরে ! নাঃ, কিছুই হল না । আমাদের হাতে রশিটা ক্রমেই যেন আড়ষ্ট হয়ে উঠছে ।

সকলে । দুয়ো ! দুয়ো !

১ সৈনিক । যাক । আমাদের মান রক্ষা হল ।

ধনপতি । নমস্কার, মহাকাল ! তুমি আমার সহায়, তাই তুমি স্থির হয়ে রইলে । আমার হাতে যদি তুমি টলতে, আমারই ঘাড়ের উপরে টলে পড়তে, একেবারে পিষে যেতুম ।

খাতাঞ্চি । প্রভু, এই যুগে আমাদের যে সম্মান সমাদর ক্রমেই বেড়ে উঠছিল সেটার বড়ো ক্ষতি হল ।

ধনপতি । দেখো, এতকাল আমরা মহাকালের রথের ছায়ায় দাঁড়িয়ে লোকচক্ষুর অগোচরে বড়ো হয়েছি । আজ রথের সামনে এসে পড়ে আমাদের সংকট ঘটেছে— আশেপাশে লোকের দাঁত-কিড়মিড় অনেক দিন থেকে শুনছি । এখন যদি স্পষ্ট সবাই দেখতে পায় যে, রশি ধরে আমরাই রথ চালাচ্ছি তা হলে আমাদের উপর এমন দৃষ্টি লাগবে যে বেশিক্ষণ টিকব না ।

১ সৈনিক । যদি সেকাল থাকত তা হলে তোমার হাতে রথ চলল না বলে তোমার মাথা কাটা যেত ।

ধনপতি । অর্থাৎ, তোমরা তা হলে হাতে কাজ পেতে । মাথা কাটতে না পেলেই তোমরা বেকার ।

১ সৈনিক । আজ কেউ তোমাদের গায়ে হাত দিতে সাহস করে না ; রাজাও না । এতে বাবা মহাকালেরই মান খর্ব হয়ে গেছে ।

ধনপতি । সত্যি কথা বলি— যখন সবাই গায়ে হাত দিতে সাহস করত তখন ঢের বেশি নিরাপদে ছিলুম । আজ সবাই যে আমাদের মানতে বাধ্য হয়েছে এরই মধ্যে আমাদের মরণ । মন্ত্রীমশায়, চূপ করে দাঁড়িয়ে ভাবছ কী ।

মন্ত্রী । ভাবছি সব-রকম চেষ্টাই ব্যর্থ হল, এখন কোনো উপায় তো আর বাকি নেই ।

ধনপতি । ভাবনা কী । যখন তোমাদের কোনো উপায় খাটল না তখন মহাকাল নিজের উপায় নিজেই বের করবেন । তাঁর চলবার গরজ তাঁরই, আমাদের নয় ; তাঁর ডাক পড়লেই যেখান থেকে হোক তাঁর বাহন ছুটে আসবে । আজ যাদের দেখাই যাচ্ছে না, কাল তারা সবচেয়ে বেশি চোখে পড়বে । তার আগে আমার খাতাপত্র সামলাই গে । এসো হে কোষাধ্যক্ষ, আজ সিদ্ধুকগুলো একটু শক্ত করে বন্ধ করতে হবে ।

[ধনপতি ও তার দলের প্রস্থান]

চরের প্রবেশ

চর । মন্ত্রীমশায়, আমাদের শূদ্রপাড়ায় ভারি গোল বেধে গেছে ।

মন্ত্রী । কেন কী হয়েছে ।

চর । দলে দলে আসছে সব ছুটে । তারা বলে, বাবার রথ আমরা চালাব ।

সকলে । বলে কী । রশি ছুঁতেই দেব না ।

চর । কিন্তু তাদের ঠেকাবে কে ।

সৈন্যদল । আমরা আছি ।

চর । তোমরা কজনই বা-আছ । তাদের মারতে মারতে তোমাদের তলোয়ার ক্ষয়ে যাবে— তবু এত বাকি থাকবে যে রথতলার তোমাদের আর জায়গাই হবে না ।

চর । মন্ত্রীমশায়, তুমি যে একেবারে বসে পড়লে ?

মন্ত্রী । ওরা দল বেঁধে আসছে বলে আমি ভয় করি নে ।

চর । তবে ?

মন্ত্রী । আমার মনে ভয় হচ্ছে ওরা পারবে ।

সৈনিক দল । বল কী, মন্ত্রী-মহারাজ, ওরা পারবে মহাকালের রথ টানতে ! শিলা জলে ভাসবে !

মন্ত্রী । দৈবাৎ যদি পারে তা হলে বিধাতার নূতন বিধি শুরু হবে । নীচের তলাটা হঠাৎ উপরের তলা হয়ে ওঠাকেই বলে প্রলয় । ভূমিকম্প মাটির মধ্যে সেই চেঁচাতেই তো বিভীষিকা । যা বরাবর প্রচ্ছন্ন আছে তাই প্রকাশ হবার সময়টাই যুগান্তরের সময় ।

সৈনিক দল । কী করতে চান, আমাদের কী করতে বলেন হুকুম করুন । আমরা কিছুই ভয় করি নে ।

মন্ত্রী । সাহস দেখাতে গিয়েই সংসারে ভয় বাড়িয়ে তোলা হয় । গোয়ার্তমি করে তলোয়ারের বেড়া ভুলে দিয়েই মহাকালের বন্যা ঠেকানো যায় না ।

চর । তা, কী করতে হবে বলেন ।

মন্ত্রী । ওদের কোনো বাধা না দেওয়াই হচ্ছে সংপরামর্শ । বাধা দিলে শক্তি আপনাকে আপনি চিনতে পারে । সেই চিনতে দিলেই আর রক্ষে নেই ।

সৈনিক দল । তা হলে আমরা দাঁড়িয়ে থাকি ? ওরা আসুক ?

চর । ঐ যে এসে পড়েছে ।

মন্ত্রী । তোমরা কিছু কোরো না ! স্থির হয়ে থাকো ।

শূদ্রদের প্রবেশ

মন্ত্রী । (দলপতির প্রতি) এই যে সর্দার । তোমাদের দেখে বড়ো খুশি হলুম ।

দলপতি । মন্ত্রীমশায়, আমরা বাবার রথ চালাতে এসেছি ।

মন্ত্রী । চিরদিন তোমরাই তো বাবার রথ চালিয়ে এসেছ, আমরা তো উপলক্ষমাত্র । সে কি আর জানি নে ।

দলপতি । এতদিন আমরা রথের চাকার তলায় পড়েছি, আমাদের দলে দিয়ে রথ চলে গেছে । এবার তো আমাদের বলি বাবা নিল না ।

মন্ত্রী । সে তো দেখতে পাচ্ছি । আজ ভোরবেলায় তোমাদের পঞ্চাশজন চাকার সামনে ধুলোয় লুটোপুটি করলে— তবু চাকার মধ্যে একটুও কুখার লক্ষণ দেখা গেল না, নড়ল না, ক্যা কো করে চীৎকার করে উঠল না— তাদের স্তব্ধতা দেখেই তো ভয় পেয়েছি ।

দলপতি । এবারে রথের তলাটাতে পড়বার জন্যে মহাকাল আমাদের ডাক দেন নি— তিনি ডেকেছেন তাঁর রথের রশিটাকে টান দিতে ।

পুরোহিত । সত্যি নাকি । কেমন করে জানলে ।

দলপতি । কেমন করে জানা যায় সে তো কেউ জানে না । কিন্তু আজ ভোরবেলা থেকেই আমাদের মধ্যে হঠাৎ এই কথা নিয়ে কানাকানি পড়ে গেছে । ছেলেমেয়ে বুড়ো জোয়ান সবাই বলছে 'বাবা ডেকেছেন' ।

সৈনিক । রক্ত দেবার জন্যে ।

দলপতি । না, টান দেবার জন্যে ।

পুরোহিত । দেখো বাবা, ভালো করে ভেবে দেখো, সমস্ত সংসার যারা চালায় মহাকালের রথের রশির জিন্মে তাদেরই 'পরে' ।

দলপতি । ঠাকুর, সংসার কি তোমরাই চালাও ।

পুরোহিত । তা দেখো, কাল খারাপ বটে, তবু হাজার হোক আমরা তো স্বাক্ষর বটে ।

দলপতি । মন্ত্রীমশায়, সংসার কি তোমরাই চালাও ।

মন্ত্রী । সংসার বলতে তো তোমরাই । নিজগুণে চল, আমরা চালাক লোকেরা বলে থাকি আমরাই চালাচ্ছি । তোমাদের বাদ দিলে আমরা কজনই বা আছি ।

দলপতি । আমাদের বাদ দিলে তোমরা যে কজনই থাকো-না, থাকবে কী উপায়ে ?

মন্ত্রী । হাঁ, হাঁ, সে তো ঠিক কথা ।

দলপতি । আমরাই তো জোগাচ্ছি অন্ন, তাই খেয়ে তোমরা বেঁচে আছ । আমরাই বুনছি বস্ত্র, তাতেই তোমাদের লজ্জারক্ষা ।

সৈনিক । সর্বনাশ ! এতদিন এরা আমাদেরই কাছে হাত জোড় করে বলে আসছিল 'তোমরাই আমাদের অন্নবস্ত্রের মালিক' । আজ এ কী রকমের সব উলটো বুলি । আর তো সহ্য হয় না ।

মন্ত্রী । (সৈনিকের প্রতি) চুপ করো । (দলপতিকে) সর্দার, আমরা তো তোমাদের জনোই অপেক্ষা করছিলাম । মহাকালের বাহন তোমরাই, সে কথা আমরা বুঝি নে, আমরা কি এত মূঢ় । তোমাদের কাজটা তোমরা সাধন করে দিয়ে যাও, তার পরে আমাদের কাজ করবার অবসর আমরা পাব ।

দলপতি । আয় রে ভাই, সবাই মিলে টান দে । মরি আর ঝাঁচি আজ মহাকালের রথ নড়াবই ।

মন্ত্রী । কিন্তু সাবধানে রাস্তা ঝাঁচিয়ে চলো । যে রাস্তায় বরাবর রথ চলেছে সেই রাস্তায় । আমাদের ঘাড়ের উপর এসে না পড়ে যেন ।

দলপতি । রথের 'পরে রথী আছেন, রাস্তা তিনিই ঠাউরে নেবেন, আমরা তো বাহন, আমরা কী বা বুঝি । আয় রে সবাই । ঐ দেখছিস রথের চড়ায় কেতনটা দুলে উঠেছে, স্বয়ং বাবার ইশারা । ভয় নেই, আয় সবাই ।

পুরোহিত । ছুলে রে ছুলে ! রশি ছুলে ? ছি, ছি !

নাগরিকগণ । হায়, হায়, কী সর্বনাশ !

পুরোহিত । চোখ বোজ্ রে তোরা সব, সবাই চোখ বোজ্ ! ক্রুদ্ধ মহাকালের মূর্তি দেখলে তোরা ভস্ম হয়ে যাবি ।

সৈনিক । ও কী ও ! এ কি চাকারই শব্দ না কি ? না আকাশ আর্তনাদ করে উঠল ?

পুরোহিত । হতেই পারে না ।

নাগরিক । ঐ তো নড়ল যেন ।

সৈনিক । ধুলো উড়েছে যে । অন্যায়, ঘোর অন্যায় ! রথ চলেছে ! পাপ ! মহাপাপ !

শূদ্রদল । জয়, জয় মহাকালের জয় !

পুরোহিত । তাই তো, এ কী কাণ্ড হল !

সৈনিক । ঠাকুর, হুকুম করো । আমাদের সমস্ত অস্ত্রশস্ত্র নিয়ে এই অপবিত্র রথ চলা বন্ধ করে দিই ।

পুরোহিত । হুকুম করতে তো সাহস হয় না । বাবা স্বয়ং যদি ইচ্ছে করে জাত খোয়ান, আমাদের হুকুমে তার প্রায়শ্চিত্ত হবে না ।

সৈনিক । তা হলে ফেলে দিই আমাদের অস্ত্র !

পুরোহিত । আর আমিও ফেলে দিই আমার পুঁথিপত্র !

নাগরিকগণ । আমরা যাই সব নগর ছেড়ে । মন্ত্রীমশায়, তুমি কী করবে । কোথায় যাচ্ছ ।

মন্ত্রী । আমি যাচ্ছি ওদের সঙ্গে মিলে রশি ধরতে ।

সৈনিক । ওদের সঙ্গে মিলবে ?

মন্ত্রী । তা হলেই বাবা প্রসন্ন হবেন । স্পষ্ট দেখছি ওরা যে আজ তাঁর প্রসাদ পেয়েছে । এ তো স্বপ্ন নয়, মায়া নয় । ওদের থেকে পিছিয়ে পড়ে আজ কেউ মান রক্ষা করতে পারবে না, মান ওদের সঙ্গে থেকে ।

সৈনিক । কিন্তু তাই বলে ওদের সঙ্গে সার মিলিয়ে রশি ধরা ! ঠেকাবই ওদের । দলবল ডাকতে

চললুম। মহাকালের রথের পথ রক্তে কাটা হয়ে যাবে।

পুরোহিত। আমিও তোমাদের সঙ্গে যাব; মন্ত্রণা দেবার কাজে লাগতে পারব।

মন্ত্রী। ঠেকাতে পারবে না। এবার দেখছি চাকার তলায় তোমাদেরই পড়তে হবে।

সৈনিক। তাই সই। বাবার রথের চাকা এতদিন যত-সব চণ্ডালের মাংস খেয়ে অশুচি হয়ে আছে। আজ শুদ্ধ মাংস পাবে।

পুরোহিত। ঐ দেখো, ঐ দেখো মন্ত্রী! এরই মধ্যে রথটা রাজপথ থেকে নেমে পড়েছে। কোথায় কোন্ পল্লীর উপরে পড়বে কিছুই বলা যায় না।

সৈনিক। ঐ-যে ধনপতির দল ওখান থেকে চীৎকার করে আমাদের ডাকছে। রথটা যেন ওদেরই ভাগুর লক্ষ্য করে চলেছে। ওরা ভয় পেয়ে গেছে। চলো চলো, ওদের রক্ষা করি গে।

মন্ত্রী। নিজের রক্ষা করো, তার পরে অন্য কথা। আমার তো মনে হচ্ছে রথটা ঠিক তোমাদের অস্ত্রশালার দিকে ঝুঁকেছে, ওর আর কিছু চিহ্ন বাকি থাকবে না। ঐ দেখো।

সৈনিক। উপায়?

মন্ত্রী। ওদের সঙ্গে মিলে রশি ধরো-গে— তা হলে রক্ষা পাবার পথে রথের বেগটাকে ফিরিয়ে আনা সম্ভব হবে। আর দ্বিধা করবার সময় নেই। [প্রস্থান]

সৈনিক। (পরস্পর) কী করবে। ঠাকুর, তুমি কী করবে।

পুরোহিত। বীরগণ, তোমরা কী করবে।

সৈনিক। জানি নে, রশি ধরব না লড়াই করব! ঠাকুর, তুমি কী করবে।

পুরোহিত। জানি নে, রশি ধরব না আবার শাস্ত্র আওড়াতে বসব!

১ সৈনিক। শুনতে পাচ্ছ— হুড়মুড় শব্দে পৃথিবীটা যেন ভেঙেচুরে পড়ছে।

২ সৈনিক। চেয়ে দেখো, ওরা টানছে বলে মনেই হচ্ছে না। রথটাই ওদের ঠেলে নিয়ে চলেছে।

৩ সৈনিক। পুরুতঠাকুর, দেখছ রথটা যেন বেঁচে উঠেছে। কী রকম হেঁকে চলেছে। এতবার রথযাত্রা দেখেছি, ওর এরকম সজীবমূর্তি কখনো দেখি নি। এতকাল ঘুমিয়ে ঘুমিয়ে চলেছিল, আজ জেগে চলেছে। তাই আমাদের পথ মানছে না, নিজের পথ বানিয়ে নিচ্ছে।

২ সৈনিক। কিন্তু গেল যে সব। রথযাত্রার এমন সর্বনেশে উৎসব তো কোনোদিন দেখি নি। ঐ যে কবি আসছে, ওকে জিজ্ঞাসা করো-না, এ-সবের মানে কী।

পুরোহিত। আমরাই বুঝতে পারলুম না, কবি বুঝতে পারবে? ওরা তো কেবল বানিয়ে কথা বলে, সনাতন শাস্ত্রের কথা জানেই না।

১ সৈনিক। শাস্ত্রের কথাগুলো কোনকালে মরে গেছে ঠাকুর! তাই তোমাদের কথা তো আর খাটে না দেখি। ওদের যে সব তাজা কথা তাই শুনলে বিশ্বাস হয়।

কবির প্রবেশ

২ সৈনিক। কবি, আজ রথযাত্রায় এই যে-সব উলটো-পালটা কাণ্ড হয়ে গেল কেন বুঝতে পারো?

কবি। পারি বৈকি।

১ সৈনিক। পুরুতের হাতে, রাজার হাতে রথ চলল না, এর মানে কী।

কবি। ওরা ভুলে গিয়েছিল মহাকালের শুধু রথকে মানলেই হল না, মহাকালের রথের দড়িকেও মানা চাই।

১ সৈনিক। কবি, তোমার কথা শুনলে হঠাৎ মনে হয়, হয়তো বা একটা মানে আছে। খুঁজতে গেলে পাওয়া যায় না।

কবি। ওরা ঝাধন মানতে চায় নি, শুধু চলাকেই মেনেছিল। তাই রাগী ঝাধনটা উন্মত্ত হয়ে ওদের উপর লেজ আছড়াচ্ছে, ঠুড়িয়ে যাবে।

পুরোহিত । আর তোমার শূদ্রগুলোই কি এত বুদ্ধিমান যে দড়ির নিয়ম সামলে চলতে পারবে ।
কবি । হয়তো পারবে না । একদিন ভাববে ওরাই রথের কর্তা, তখনই মরবার সময় আসবে ।
দেখো-না, কালই বলতে শুরু করবে, আমাদেরই হাল লাঙল চরকা তাঁতের জয় । যে বিধাতা মানুষের
বুদ্ধিবিদ্যা নিজের হাতে গড়েছেন, অস্তুরে বাহিরে অমৃতরস ঢেলে দিয়েছেন, তাঁকে গাল পাড়তে
বসবে । তখন ঐরাই হয়ে উঠবেন বলরামের চেলা, হলধরের মাতলামিতে জগৎটা লণ্ডভণ্ড হয়ে
যাবে ।

পুরোহিত । তখন আবার রথ অচল হলে বোধ করি কবিদের ডাক পড়বে ।
কবি । ঠাট্টা নয় পুরুতঠাকুর ! মহাকাল বারেবারেই রথযাত্রায় কবিদের ডেকেছেন । তারা কাজের
লোকের ভিড় ঠেলে পৌছতে পারে নি ।

পুরোহিত । তারা চালাবে কিসের জোরে ।
কবি । গায়ের জোরে নয়ই । আমরা মানি ছন্দ, আমরা জানি এক-ঝোকা হলেই তাল কাটে ।
আমরা জানি সুন্দরকে কর্ণধার করলেই শক্তির তরী সতি বশ মানে । তোমরা বিশ্বাস কর কঠোরকে—
শাস্ত্রের কঠোর বা অস্ত্রের কঠোর— সেটা হল ভীকর বিশ্বাস, দুর্বলের বিশ্বাস, অসাডের বিশ্বাস ।

সৈনিক । ওহে কবি, তুমি তো উপদেশ দিতে বসলে, ও দিকে যে আগুন লাগল ।
কবি । যুগে যুগে কতবার কত আগুন লোগেছে । যা থাকবার তা থাকবেই ।

সৈনিক । তুমি কী করবে ।
কবি । আমি গান গাব, 'ভয় নেই ।'

সৈনিক । তাতে হবে কী ।
কবি । যারা রথ টানছে তারা চলবার তাল পাবে । বেতলা টানটাই ভয়ংকর ।

সৈনিক । আমরা কী করব ।
পুরোহিত । আমি কী করব ।

কবি । তাড়াতাড়ি কিছু করতেই হবে এমন কথা নেই । দেখো, ভাবো । ভিতরে ভিতরে নতুন হয়ে
ওঠো । তার পরে ডাক পড়বার জন্যে তৈরি হয়ে থাকো ।

উপন্যাস ও গল্প

গল্পগুচ্ছ

গল্পগুচ্ছ

দুরাশা

দার্জিলিং গিয়া দেখিলাম, মেঘে ব্যষ্টিতে দশ দিক আচ্ছন্ন। ঘরের বাহির হইতে ইচ্ছা হয় না, ঘরের মধ্যে থাকিতে আরো অনিচ্ছা জন্মে।

হোট্টেলে প্রাতঃকালের আহার সমাধা করিয়া পায়ে মোটা বুট এবং আপাদমস্তক ম্যাকিটশ পরিয়া বেড়াইতে বাহির হইয়াছি। ক্রমে ক্রমে টিপ্ টিপ্ করিয়া ব্যষ্টি পড়িতেছে এবং সর্বত্র ঘন মেঘের কুণ্ডলিকায় মনে হইতেছে, যেন বিধাতা হিমালয়পর্বতসুত সমস্ত বিশ্বচিত্র রবার দিয়া ঘষিয়া ঘষিয়া মুছিয়া ফেলিবার উপক্রম করিয়াছেন।

জনশূন্য ক্যালকাটা রোডে একাকী পদচারণ করিতে করিতে ভাবিতেছিলাম— অবলম্বনহীন মেঘরাজ্যে আর তো ভালো লাগে না, শব্দস্পর্শরূপময়ী বিচিত্রা ধরণীমাতাকে পুনরায় পাঁচ ইন্দ্রিয় দ্বারা পাঁচ রকমে আকড়িয়া ধরিবার জন্য প্রাণ আকুল হইয়া উঠিয়াছে।

এমন সময়ে অনতিদূরে রমণীকঠের সন্ধান রোদনশব্দজনক শব্দে পাইলাম। রোগশোকসংকুল সংসারে রোদনশব্দটা কিছুই বিচিত্র নহে, অন্যত্র অন্যসময় হইলে ফিরিয়া চাহিতাম কি না সন্দেহ, কিন্তু এই অসীম মেঘরাজ্যের মধ্যে সে-রোদন সমস্ত লুপ্ত জগতের একমাত্র রোদনের মতো আমার কানে আসিয়া প্রবেশ করিল, তাহাকে তুচ্ছ বলিয়া মনে হইল না।

শব্দ লক্ষ্য করিয়া নিকটে গিয়া দেখিলাম, গৈরিকবসনাবৃত্তা নারী, তাহার মস্তকে স্বর্ণকপিশ জটাভার চূড়া-আকারে আবদ্ধ, পথপ্রান্তে শিলাখণ্ডের উপর বসিয়া মৃদুস্বরে ক্রন্দন করিতেছে। তাহা সদ্যশোকের বিলাপ নহে, বহুদিনসঞ্চিত নিঃশব্দ শ্রান্তি ও অবসাদ আজ মেঘাঙ্ককার নির্জনতার ভারে ভাঙিয়া উচ্ছ্বসিত হইয়া পড়িতেছে।

মনে মনে ভাবিলাম, এ বেশ হইল, ঠিক যেন ঘর-গড়া গল্পের মতো আরম্ভ হইল; পর্বতশ্রেণী সন্ন্যাসিনী বসিয়া কাঁদিতেছে ইহা যে কখনো চর্মচর্কে দেখিব এমন আশা কখনিকালে ছিল না।

মেয়েটি কোন্ জাত ঠাহর হইল না। সদয় হিন্দি ভাষায় জিজ্ঞাসা করিলাম, “কে তুমি, তোমার কী হইয়াছে।”

প্রথমে উত্তর দিল না, মেঘের মধ্য হইতে সজলদীপ্তনেত্রে আমাকে একবার দেখিয়া লইল। আমি আবার কহিলাম, “আমাকে ভয় করিয়ো না। আমি ভয়লোক।”

শুনিয়া সে হাসিয়া খাস হিন্দুস্থানিতে বলিয়া উঠিল, “বহুদিন হইতে ভয়ভয়ের মাথা খাইয়া বসিয়া আছি, লজ্জাশরমও নাই। বাবুজি, একসময় আমি যে-জেনানার ছিলাম সেখানে আমার সহোদর ভাইকে প্রবেশ করিতে হইলেও অনুমতি লইতে হইত, আজ বিশ্বসংসারে আমার পর্দা নাই।”

প্রথমটা একটু রাগ হইল; আমার চালচলন সমস্তই সাহেবী, কিন্তু এই হতভাগিনী বিনা দ্বিধায় আমাকে বাবুজি সম্বোধন করে কেন। ভাবিলাম, এইখানেই আমার উপন্যাস শেষ করিয়া সিগারেটের ধোয়া উড়াইয়া উদ্যতনাসা সাহেবিয়ানার রেলগাড়ির মতো সশব্দে সবেগে সদর্পে গ্রহণ করি। অবশেষে কৌতূহল জয়লাভ করিল। আমি কিছু উচ্চভাব ধারণ করিয়া বক্রশ্রীবার জিজ্ঞাসা করিলাম, “তোমাকে কিছু সাহায্য করিতে পারি? তোমার কোনো প্রার্থনা আছে?”

সে স্থিরভাবে আমার মুখের দিকে চাহিল এবং কণকাল পরে সংক্ষেপে উত্তর করিল, “আমি

বদ্রাওনের নবাব গোলামকাদের খাঁর পুত্রী।”

বদ্রাওন কোন্ মুহুর্তে এবং নবাব গোলামকাদের খাঁ কোন্ নবাব এবং তাঁহার কন্যা যে কী দুঃখে সন্ন্যাসিনীবেশে দার্জিলিঙে ক্যালকাটা রোডের ধারে বসিয়া কাঁদিতে পারে আমি তাহার বিন্দুবিসর্গ জানি না এবং বিশ্বাসও করি না, কিন্তু ভাবিলাম, রসভঙ্গ করিব না, গল্পটি দিব্য জমিয়া আসিতেছে।

তৎক্ষণাৎ সুগভীর মুখে সুদীর্ঘ সেলাম করিয়া কহিলাম, “বিবিসাহেব, মাপ করো, তোমাকে চিনিতে পারি নাই।”

চিনিতে না পারিবার অনেকগুলি যুক্তিসংগত কারণ ছিল, তাহার মধ্যে সর্বপ্রধান কারণ, তাহাকে পূর্বে কস্মিনকালে দেখি নাই, তাহার উপর এমনি কুয়াশা যে নিজের হাত পা কয়খানিই চিনিয়া লওয়া দুঃসাধ্য।

বিবিসাহেবও আমার অপরাধ লইলেন না এবং সন্তুষ্টকণ্ঠে দক্ষিণহস্তের ইঙ্গিতে স্বতন্ত্র শিলাখণ্ড নির্দেশ করিয়া আমাকে অনুমতি করিলেন, “বৈঠিয়ে।”

দেখিলাম, রমণীটির আদেশ করিবার ক্ষমতা আছে। আমি তাঁহার নিকট হইতে সেই সিন্ধু শৈবালাচ্ছন্ন কঠিনবন্ধুর শিলাখণ্ডতলে আসনগ্রহণের সম্মতি প্রাপ্ত হইয়া এক অভাবনীয় সম্মান লাভ করিলাম। বদ্রাওনের গোলামকাদের খাঁর পুত্রী নুরউন্নীসা বা মেহেরউন্নীসা বা নুর-উল্মুলক্ আমাকে দার্জিলিঙে ক্যালকাটা রোডের ধারে তাঁহার অনতিদূরবর্তী অনতি-উচ্চ পঙ্কিল আসনে বসিবার অধিকার দিয়াছেন। হোটেল হইতে ম্যাকিন্টশ পরিয়া বাহির হইবার সময় এমন সুমহৎ সম্ভাবনা আমার স্বপ্নেরও অগোচর ছিল।

হিমালয়বক্ষে শিলাতলে একান্তে দুইটি পাছ নরনারীর রহস্যলাপকাহিনী সহসা সদ্যসম্পূর্ণ কবোক্ষ কাব্যকথার মতো শুনিতে হয়, পাঠকের হৃদয়ের মধ্যে দুরাগত নির্জন গিরিকন্দরের নির্ঝরপ্রপাতধ্বনি এবং কালিদাস-রচিত মেঘদূত-কুমারসম্ভবের বিচিত্র সংগীতমর্মর জাগ্রত হইয়া উঠিতে থাকে, তথাপি এ কথা সকলকেই স্বীকার করিতে হইবে যে, বুট এবং ম্যাকিন্টশ পরিয়া ক্যালকাটা রোডের ধারে কর্দমাসনে এক দীনবেশিনী হিন্দুস্থানী রমণীর সহিত একত্র উপবেশনপূর্বক সম্পূর্ণ আশ্চর্যগৌরব অক্ষুণ্ণভাবে অনুভব করিতে পারে, এমন নব্যবঙ্গ অতি অল্পই আছে। কিন্তু সেদিন ঘনঘোর বাষ্পে দশ দিক আবৃত ছিল, সংসারের নিকট চক্ষুলজ্জা রাখিবার কোনো বিষয় কোথাও ছিল না, কেবল অনন্ত মেঘরাজ্যের মধ্যে বদ্রাওনের নবাব গোলামকাদের খাঁর পুত্রী এবং আমি, এক নববিকশিত বাঙালি সাহেব— দুইজনে দুইখানি প্রস্তরের উপর বিশ্বজগতের দুইখণ্ড প্রলয়াবশেষের ন্যায় অবশিষ্ট ছিলাম, এই বিসদৃশ সম্মিলনের পরম পরিহাস কেবল আমাদের অদৃষ্টের গোচর ছিল, কাহারও দৃষ্টিগোচর ছিল না।

আমি কহিলাম, “বিবিসাহেব, তোমার এ হাল কে করিল।”

বদ্রাওনকুমারী কপালে করাঘাত করিলেন। কহিলেন, “কে সমস্ত করায় তা আমি কি জানি! এতবড়ো প্রস্তরময় কঠিন হিমালয়কে কে সামান্য বাষ্পের মেঘে অন্তরাল করিয়াছে।”

আমি কোনোরূপ দার্শনিক তর্ক না তুলিয়া সমস্ত স্বীকার করিয়া লইলাম; কহিলাম, “তা বটে, অদৃষ্টের রহস্য কে জানে! আমরা তো কীটমাত্র।”

তর্ক তুলিতাম, বিবিসাহেবকে আমি এত সহজে নিষ্কৃতি দিতাম না কিন্তু আমার ভাষায় কুলাইত না। দরোয়ান এবং বেহারাদের সংসর্গে যেটুকু হিন্দি অভ্যস্ত হইয়াছে তাহাতে ক্যালকাটা রোডের ধারে বসিয়া বদ্রাওনের অথবা অন্য কোনো স্থানের কোনো নবাবপুত্রীর সহিত অদৃষ্টবাদ ও স্বাধীন ইচ্ছাবাদ সম্বন্ধে সুস্পষ্টভাবে আলোচনা করা আমার পক্ষে অসম্ভব হইত।

বিবিসাহেব কহিলেন, “আমার জীবনের আশ্চর্য কাহিনী অদ্যই পরিসমাপ্ত হইয়াছে, যদি ফরমায়েশ করেন তো বলি।”

আমি শশব্যস্ত হইয়া কহিলাম, “বিলক্ষণ! ফরমায়েশ কিসের। যদি অনুগ্রহ করেন তো শুনিয়া শ্রবণ সার্থক হইবে।”

কেহ না মনে করেন, আমি ঠিক এই কথাগুলি এমনভাবে হিন্দুস্থানি ভাষায় বলিয়াছিলাম, বলিবার ইচ্ছা ছিল কিন্তু সামর্থ্য ছিল না। বিবিসাহেব যখন কথা কহিতেছিলেন আমার মনে হইতেছিল, যেন শিশিরস্নাত স্বর্ণশীর্ষ স্নিগ্ধশ্যামল শস্যক্ষেত্রের উপর দিয়া প্রভাতের মন্দমধুর বায়ু হিম্মোলিত হইয়া যাইতেছে, তাহার পদে পদে এমন সহজ নম্রতা, এমন সৌন্দর্য, এমন বাক্যের অব্যবহিত প্রবাহ। আর আমি অতি সংক্ষেপে খণ্ড খণ্ড ভাবে বর্বরের মতো সোজা সোজা উত্তর দিতেছিলাম। ভাষায় সেরূপ সুসম্পূর্ণ অবিচ্ছিন্ন সহজ শিষ্টতা আমার কোনোকালে জানা ছিল না; বিবিসাহেবের সহিত কথা কহিবার সময় এই প্রথম নিজের আচরণের দীনতা পদে পদে অনুভব করিতে লাগিলাম।

তিনি কহিলেন, “আমার পিতৃকুলে দিল্লির সম্রাটবংশের রক্ত প্রবাহিত ছিল, সেই কুলগর্ব রক্ষা করিতে গিয়া আমার উপযুক্ত পাত্রের সন্ধান পাওয়া দুঃসাধ্য হইয়াছিল। লঙ্কৌয়ের নবাবের সহিত আমার সম্বন্ধের প্রস্তাব আসিয়াছিল, পিতা ইতস্তত করিতেছিলেন, এমন সময় দাঁতে টোটা কাটা লইয়া সিপাহিলোকের সহিত সরকারবাহাদুরের লড়াই বাধিল, কামানের ধোয়ায় হিন্দুস্থান অন্ধকার হইয়া গেল।”

স্বীকৃষ্টি, বিশেষত সম্ভ্রান্ত মহিলার মুখে হিন্দুস্থানি কখনো শুনি নাই, শুনিয়া স্পষ্ট বুঝিতে পারিলাম, এ ভাষা আমার ভাষা— এ যেদিনের ভাষা সেদিন আর নাই, আজ রেলওয়ে টেলিগ্রাফে, কাজের ভিড়ে, আভিজাত্যের বিলোপে সমস্তই যেন হুস্ব খর্ব নিরলংকার হইয়া গেছে। নবাবজাদীর ভাষামাত্র শুনিয়া সেই ইংরাজ-রচিত আধুনিক শৈলনগরী দার্জিলিঙের ঘনকুঞ্জটিকাজালের মধ্যে আমার মনচ্ছক্কেব সম্মুখে মোঘলসম্রাটের মানসপূরী মায়াবলে জাগিয়া উঠিতে লাগিল— শ্বেতপ্রস্তর-রচিত বড়ো বড়ো অভভেদী সৌধশ্রেণী, পথে লক্ষপুচ্ছ অক্ষপৃষ্ঠে মহলন্দের সাজ, হস্তীপৃষ্ঠে স্বর্ণঝালরখচিত হাওদা, পুরবাসিগণের মস্তকে বিচিত্রবর্ণের উষ্ণীষ, শালের রেশমের মসলিনের প্রচুরপ্রসর জামা পায়জামা, কোমরবন্ধে বক্র তরবারি, জরির জুতার অগ্রভাগে বক্র শীর্ষ— সুদীর্ঘ অবসর, সুলস্ব পরিচ্ছদ, সুপ্রচুর শিষ্টাচার।

নবাবপুত্রী কহিলেন, “আমাদের কেমনা যমুনার তীরে। আমাদের ফৌজের অধিনায়ক ছিল একজন হিন্দু ব্রাহ্মণ। তাহার নাম ছিল কেশরলাল।”

রমণী এই কেশরলাল শব্দটির উপর তাহার নারীকণ্ঠের সমস্ত সংগীত যেন একেবারে এক মুহূর্তে উপড় করিয়া ঢালিয়া দিল। আমি ছড়িটা ভূমিতে রাখিয়া নড়িয়া-চড়িয়া খাড়া হইয়া বসিলাম।

“কেশরলাল পরম হিন্দু ছিল। আমি প্রত্যহ প্রত্যুষে উঠিয়া অন্তঃপুরের গবাক্ষ হইতে দেখিতাম, কেশরলাল আবক্ষ যমুনার জলে নিমগ্ন হইয়া প্রদক্ষিণ করিতে করিতে জোড় করে উর্ধ্বমুখে নবোদিতসূর্যের উদ্দেশে অঞ্জলি প্রদান করিত। পরে সিন্ধুবন্দে ঘাটে বসিয়া একাগ্রমনে জপ সমাপন করিয়া পরিষ্কার সুকণ্ঠে ভৈরো রাগে ভজনগান করিতে করিতে গৃহে ফিরিয়া আসিত।

আমি মুসলমানবালিকা ছিলাম কিন্তু কখনো স্বধর্মের কথা শুনি নাই এবং স্বধর্মসংগত উপাসনাবিধিও জানিতাম না; তখনকার দিনে বিলাসে মদ্যপানে স্বেচ্ছাচারে আমাদের পুরুষের মধ্যে ধর্মবন্ধন শিথিল হইয়া গিয়াছিল এবং অন্তঃপুরের প্রমোদভবনেও ধর্ম সজীব ছিল না।

বিধাতা আমার মনে বোধ করি স্বাভাবিক ধর্মপিপাসা দিয়াছিলেন, অথবা আর কোনো নিগূঢ় কারণ ছিল কি না বলিতে পারি না, কিন্তু প্রত্যহ প্রশান্ত প্রভাতে নবোন্মেষিত অরুণালোকে নিস্তরঙ্গ নীল যমুনার নির্জন শ্বেত সোপানতটে কেশরলালের পূজার্চনাদৃশ্যে আমার সদ্যসুপ্তোচ্চিত অন্তঃকরণ একটি অব্যক্ত ভক্তিমাধুর্যে পরিপ্লুত হইয়া যাইত।

নিয়ত সংযত শুদ্ধাচারে ব্রাহ্মণ কেশরলালের গৌরবর্ণ প্রাণসার সুন্দর তনু দেহখানি ধূমলেশহীন জ্যোতিঃশিখার মতো বোধ হইত; ব্রাহ্মণের পুণ্যমাহাত্ম্য অপূর্ব প্রভাভরে এই মুসলমানদুহিতার মূঢ় হৃদয়কে বিনম্র করিয়া দিত।

আমার একটি হিন্দু বাদী ছিল, সে প্রতিদিন নত হইয়া প্রণাম করিয়া কেশরলালের পদধূলি লইয়া আসিত, দেখিয়া আমার আনন্দও হইত স্রব্বাও জন্মিত। ক্রিয়াকর্মপার্বণ উপলক্ষে এই বন্দিনী মধ্যে

মধ্যে ব্রাহ্মণভোজন করাইয়া দক্ষিণা দিত । আমি নিজে হইতে তাহাকে অর্থসাহায্য করিয়া বলিতাম, 'তুই কেশরলালকে নিমন্ত্রণ করিবি না ?' সে জিভ কাটিয়া বলিত, 'কেশরলালঠাকুর কাহারও অন্নগ্রহণ বা দানপ্রতিগ্রহ করেন না ।'

এইরূপে প্রত্যেকে বা পরোক্ষে কেশরলালকে কোনোরূপ ভক্তিচিহ্ন দেখাইতে না পারিয়া আমার চিন্ত যেন ক্ষুব্ধ ক্ষুধাতুর হইয়া থাকিত ।

আমাদের পূর্বপুরুষের কেহ-একজন একটি ব্রাহ্মণকন্যাকে বলপূর্বক বিবাহ করিয়া আনিয়াছিলেন, আমি অস্ত্রঃপুরের প্রান্তে বসিয়া তাঁহারই পুণ্যরক্তপ্রবাহ আপন শিরার মধ্যে অনুভব করিতাম, এবং সেই রক্তসূত্রে কেশরলালের সহিত একটি ঐক্যস্বপ্ন কল্পনা করিয়া কিয়ৎপরিমাণে তৃপ্তি বোধ হইত ।

আমার হিন্দু দাসীর নিকট হিন্দুধর্মের সমস্ত আচার ব্যবহার, দেবদেবীর সমস্ত আশ্চর্য কাহিনী, রামায়ণ-মহাভারতের সমস্ত অপূর্ব ইতিহাস তন্ন তন্ন করিয়া শুনিতাম, শুনিয়া সেই অবরুদ্ধ অস্ত্রঃপুরের প্রান্তে বসিয়া হিন্দুজগতের এক অপকল্প দৃশ্য আমার মনের সম্মুখে উদ্ঘাটিত হইত । মূর্তিপ্রতিমূর্তি, শঙ্খঘণ্টাধ্বনি, স্বর্ণচূড়াখচিত দেবালয়, ধূপধূনার ধূম, অগুরুচন্দনমিশ্রিত পুষ্পরাশির সুগন্ধ, যোগীসন্ন্যাসীর অলৌকিক ক্ষমতা, ব্রাহ্মণের অমানুষিক মাহাত্ম্য, মানুষ-ছদ্মবেশধারী দেবতাদের বিচিত্র লীলা, সমস্ত জড়িত হইয়া আমার নিকটে এক অতিপুরাতন অতিবিস্তীর্ণ অতিসুন্দর অপ্ৰাকৃত মায়ালোক সৃজন করিত ; আমার চিন্ত যেন নীড়হারা ক্ষুদ্র পক্ষীর ন্যায় প্রদোষকালের একটি প্রকাণ্ড প্রাচীন প্রাসাদের কক্ষে কক্ষে উড়িয়া উড়িয়া বেড়াইত । হিন্দুসংসার আমার বালিকাহৃদয়ের নিকট একটি পরমরমণীয় রূপকথার রাজ্য ছিল ।

এমন সময় কোম্পানি বাহাদুরের সহিত সিপাহিলোকের লড়াই বাধিল । আমাদের বদ্রাওনের ক্ষুদ্র কেল্লাটির মধ্যেও বিপ্লবের তরঙ্গ জাগিয়া উঠিল ।

কেশরলাল বলিল, 'এইবার গো-খাদক গোরালোককে আর্থাবর্ত হইতে দূর করিয়া দিয়া আর-একবার হিন্দুস্থানে হিন্দুমুসলমানে রাজপদ লইয়া দ্যুতক্রীড়া বসাইতে হইবে ।'

আমার পিতা গোলামকাদের ঋ সাবধানী লোক ছিলেন ; তিনি ইংরেজ জাতিকে কোনো একটি বিশেষ কুটুম্বসম্ভাষণে অভিহিত করিয়া বলিলেন, 'উহারা অসাধ্য সাধন করিতে পারে, হিন্দুস্থানের লোক উহাদের সহিত পারিয়া উঠিবে না । আমি অনিশ্চিত প্রত্যাশে আমার এই ক্ষুদ্র কেল্লাটুকু খোয়াইতে পারিব না, আমি কোম্পানিবাহাদুরের সহিত লড়িব না ।'

যখন হিন্দুস্থানের সমস্ত হিন্দুমুসলমানের রক্ত উত্তপ্ত হইয়া উঠিয়াছে, তখন আমার পিতার এই বণিকের মতো সাবধানতায় আমাদের সকলের মনেই ধিককার উপস্থিত হইল । আমার বেগম মাতৃগণ পর্যন্ত চঞ্চল হইয়া উঠিলেন ।

এমন সময় ফৌজ লইয়া সশস্ত্র কেশরলাল আসিয়া আমার পিতাকে বলিলেন, 'নবাবসাহেব, আপনি যদি আমাদের পক্ষে যোগ না দেন তবে যতদিন লড়াই চলে আপনাকে বন্দী রাখিয়া আপনার কেল্লার আধিপত্যভার আমি গ্রহণ করিব ।'

পিতা বলিলেন, 'সে-সমস্ত হাঙ্গামা কিছুই করিতে হইবে না, তোমাদের পক্ষে আমি রহিব ।'

কেশরলাল কহিলেন, 'ধনকোষ হইতে কিছু অর্থ বাহির করিতে হইবে ।'

পিতা বিশেষ কিছু দিলেন না ; কহিলেন, 'যখন যেমন আবশ্যক হইবে আমি দিব ।'

আমার সীমন্ত হইতে পদাঙ্গুলি পর্যন্ত অঙ্গপ্রত্যঙ্গের যতকিছু ভূষণ ছিল সমস্ত কাপড়ে বাধিয়া আমার হিন্দু দাসী দিয়া গোপনে কেশরলালের নিকট পাঠাইয়া দিলাম । তিনি গ্রহণ করিলেন । আনন্দে আমার ভূষণবিহীন প্রত্যেক অঙ্গপ্রত্যঙ্গ পুলকে রোমাঞ্চিত হইয়া উঠিল ।

কেশরলাল মরিচাপড়া বন্দকের চোঙ এবং পুরাতন তলোয়ারগুলি মাজিয়া ঘষিয়া সাফ করিতে প্রস্তুত হইলেন, এমন সময় হঠাৎ একদিন অপরাহ্নে জিলার কমিশনার সাহেব লালকুর্তি গোরা লইয়া আকাশে ধূলা উড়াইয়া আমাদের কেল্লার মধ্যে আসিয়া প্রবেশ করিল ।

আমার পিতা গোলামকাদের ঋ গোপনে তাঁহাকে বিদ্রোহসংবাদ দিয়াছিলেন ।

বদ্বাণের কৌজের উপর কেশরলালের এমন একটি অলৌকিক আধিপত্য ছিল যে, তাঁর কথায় তাহারা ভাঙা বন্দুক ও ভোঁতা তরবারি হস্তে লড়াই করিয়া মরিতে প্রস্তুত হইল।

বিশ্বাসঘাতক পিতার গৃহ আমার নিকট নরকের মতো বোধ হইল। কোন্‌দে দুঃখে লজ্জার ঘৃণায় বুক ফাটিয়া যাইতে লাগিল, তবু চোখ দিয়া এক কোঁটা জল বাহির হইল না। আমার ভীক্ৰ ভ্রাতার পরিচ্ছদ পরিয়া ছন্নবেশে অন্তঃপুর হইতে বাহির হইয়া গেলাম, কাহারও দেখিবার অবকাশ ছিল না।

তখন ধূলা এবং বারুদের ধোয়া, সৈনিকের চিৎকার এবং বন্দুকের শব্দ ধামিয়া গিয়া মৃত্যুর ভীষণ শাস্তি জলস্থল-আকাশ আচ্ছন্ন করিয়াছে। যমুনার জল রক্তরাগে রঞ্জিত করিয়া সূর্য অন্ত গিয়াছে, সন্ধ্যাকাশে শুক্রপক্ষের পরিপূর্ণপ্রায় চন্দ্রমা।

রণক্ষেত্র মৃত্যুর বিকট দৃশ্যে আকীর্ণ। অন্য সময় হইলে কল্পনায় আমার বন্ধ ব্যথিত হইয়া উঠিত, কিন্তু সেদিন স্বপ্নাবিষ্টের মতো আমি ঘুরিয়া ঘুরিয়া বেড়াইতেছিলাম, খুঁজিতেছিলাম কোথায় আছে কেশরলাল, সেই একমাত্র লক্ষ্য ছাড়া আর সমস্ত আমার নিকট অলীক বোধ হইতেছিল।

খুঁজিতে খুঁজিতে রাত্রি দ্বিপ্রহরে উজ্জ্বল চন্দ্রালোকে দেখিতে পাইলাম, রণক্ষেত্রের অদূরে যমুনাতীরের আশ্রয়স্থানে কেশরলাল এবং তাঁহার ভক্তভৃত্য দেওকিনন্দনের মৃতদেহ পড়িয়া আছে। বুঝিতে পারিলাম, সাংঘাতিক আহত অবস্থায়, হয় প্রভু ভৃত্যকে অথবা ভৃত্য প্রভুকে রণক্ষেত্র হইতে এই নিরাপদ স্থানে বহন করিয়া আনিয়া শান্তিতে মৃত্যুহস্তে আত্মসমর্পণ করিয়াছে।

প্রথমেই আমি আমার বহুদিনের বুদ্ধিক্রিত ভক্তিবৃত্তির চরিতার্থতা সাধন করিলাম। কেশরলালের পদতলে লুপ্তিত হইয়া পড়িয়া আমার আজ্ঞানুলবিত কেশরলাল উন্মুক্ত করিয়া দিয়া বারংবার তাঁহার পদধূলি মুছিয়া লইলাম, আমার উত্তপ্ত ললাটে তাঁহার হিমশীতল পাদপদ্ম তুলিয়া লইলাম, তাঁহার চরণ চূষন করিবামাত্র বহুদিবসের নিরুদ্ধ অশ্রুশি উচ্ছ্বসিত উদ্বেলিত হইয়া উঠিল।

এমন সময়ে কেশরলালের দেহ বিচলিত হইল, এবং সহসা তাঁহার মুখ হইতে বেদনার অক্ষুট আর্দ্রস্বর শুনিয়া আমি তাঁহার চরণতল ছাড়িয়া চমকিয়া উঠিলাম; শুনিলাম নিমীলিত নেত্রে শুষ্ক কণ্ঠে একবার বলিলেন 'জল'।

আমি তৎক্ষণাৎ আমার গাত্রবস্ত্র যমুনার জলে ভিজাইয়া ছুটিয়া চলিয়া আসিলাম। বসন নিংড়াইয়া কেশরলালের আমীলিত গুঠাধরের মধ্যে জল দিতে লাগিলাম, এবং বামচক্ষু নষ্ট করিয়া তাঁহার কপালে যে নিদারুণ আঘাত লাগিয়াছিল সেই আহত স্থানে আমার সিক্ত বসনপ্রান্ত ছিড়িয়া বাঁধিয়া দিলাম।

এমনি বারকতক যমুনা হইতে জল আনিয়া তাঁহার মুখে চক্ষে সিক্তন করার পর অল্পে অল্পে চেতনার সঞ্চার হইল। আমি জিজ্ঞাসা করিলাম 'আর জল দিব ?' কেশরলাল কহিলেন, 'কে তুমি।' আমি আর থাকিতে পারিলাম না, বলিলাম, 'অধীনা আপনার ভক্ত সেবিকা। আমি নবাব গোলামকাদের ঋণ কন্যা।' মনে করিয়াছিলাম, কেশরলাল আসন্ন মৃত্যুকালে তাঁহার ভক্তের শেষ পরিচয় সঙ্গে করিয়া লইয়া যাইবেন, এ সুখ হইতে আমাকে কেহ বঞ্চিত করিতে পারিবে না।

আমার পরিচয় পাইবামাত্র কেশরলাল সিংহের ন্যায় গর্জন করিয়া উঠিয়া বলিলেন, 'বেইমানের কন্যা, বিধবা। মৃত্যুকালে যবনের জল দিয়া তুই আমার ধর্ম নষ্ট করিলি।' এই বলিয়া প্রবল বলে আমার কপোলদেশে দক্ষিণ করতলের আঘাত করিলেন, আমি মুছিতপ্রায় হইয়া চক্ষে অন্ধকার দেখিতে লাগিলাম।

তখন আমি বোড়শী, প্রথম দিন অন্তঃপুর হইতে বাহিরে আসিয়াছি, তখনো বহিরাকাশের লুঙ্ক তপ্ত সূর্যকর আমার সুকুমার কপোলের রক্তিম লাবণ্যবিভা অপহরণ করিয়া লয় নাই, সেই বহিঃসংসারে পদক্ষেপ করিবামাত্র সংসারের নিকট হইতে, আমার সংসারের দেবতার নিকট হইতে এই প্রথম সন্ধ্যা প্রাপ্ত হইলাম।"

আমি নির্বাপিত-সিগারেটে এতক্ষণ মোহমুগ্ধ চিত্তার্পিতের ন্যায় বসিয়াছিলাম। গল্প শুনিতেছিলাম, কি ভাষা শুনিতেছিলাম, কি সংগীত শুনিতেছিলাম জানি না, আমার মুখে একটি কথা ছিল না।

এতক্ষণ পরে আমি আর থাকিতে পারিলাম না, হঠাৎ বলিয়া উঠিলাম, “জানোয়ার।”

নবাবজাদী কহিলেন, “কে জানোয়ার ! জানোয়ার কি মৃত্যুযন্ত্রণার সময় মুখের নিকট সমাহৃত জলবিন্দু পরিত্যাগ করে।”

আমি অপ্রতিভ হইয়া কহিলাম, “তা বটে। সে দেবতা।”

নবাবজাদী কহিলেন, “কিসের দেবতা ! দেবতা কি ভক্তের একাগ্রচিত্তের সেবা প্রত্যাখ্যান করিতে পারে !”

আমি বলিলাম, “তাও বটে।” বলিয়া চূপ করিয়া গেলাম।

নবাবপুত্রী কহিতে লাগিলেন, “প্রথমটা আমার বড়ো বিবম বাজিল। মনে হইল, সমস্ত বিশ্বজগৎ হঠাৎ আমার মাথার উপর চুরমার হইয়া ভাঙিয়া পড়িয়া গেল। মুহূর্তের মধ্যে সংজ্ঞা লাভ করিয়া সেই কঠোর কঠিন নিষ্ঠুর নির্বিকার পবিত্র বীর ব্রাহ্মণের পদতলে দূর হইতে প্রণাম করিলাম— মনে মনে কহিলাম, হে ব্রাহ্মণ, তুমি হীনের সেবা, পরের অন্ন, ধনীরা দান, যুবতীর যৌবন, রমণীর প্রেম, কিছুই গ্রহণ কর না ; তুমি স্বতন্ত্র, তুমি একাকী, তুমি নির্লিপ্ত, তুমি সুদূর, তোমার নিকট আত্মসমর্পণ করিবার অধিকারও আমার নাই !

নবাবদুহিতাকে ভুলুষ্ঠিতমস্তকে প্রণাম করিতে দেখিয়া কেশরলাল কী মনে করিল বলিতে পারি না, কিন্তু তাহার মুখে কিম্বয় অথবা কোনো ভাবান্তর প্রকাশ পাইল না। শাস্তভাবে একবার আমার মুখের দিকে চাহিল ; তাহার পরে ধীরে ধীরে উঠিল। আমি সচকিত হইয়া আশ্রয় দিবার জন্য আমার হস্ত প্রসারণ করিলাম, সে তাহা নীরবে প্রত্যাখ্যান করিল, এবং বহু কষ্টে যমুনার ঘাটে গিয়া অবতীর্ণ হইল। সেখানে একটি খেয়ানৌকা বাধা ছিল। পার হইবার লোকও ছিল না, পার করিবার লোকও ছিল না। সেই নৌকার উপর উঠিয়া কেশরলাল বাধন খুলিয়া দিল, নৌকা দেখিতে দেখিতে মধ্যপ্রান্তে গিয়া ক্রমশ অদৃশ্য হইয়া গেল— আমার ইচ্ছা হইতে লাগিল, সমস্ত হৃদয়ভার, সমস্ত যৌবনভার, সমস্ত অনাদৃত ভক্তিভার লইয়া সেই অদৃশ্য নৌকার অভিমুখে ছোড়কর করিয়া সেই নিস্তরু নিশীথে সেই চন্দ্রালোকপুলকিত নিস্তরু যমুনার মধ্যে অকাল-বৃষ্টিচ্যুত পুষ্পমঞ্জরীর ন্যায় এই ব্যর্থ জীবন বিসর্জন করি।

কিন্তু পারিলাম না। আকাশের চন্দ্র, যমুনাপারের ঘনকৃষ্ণ বনরেখা, কালিন্দীর নিবিড় নীল নিষ্কম্প জলরাশি, দূরে আশ্রবনের উর্ধ্বে আমাদের জ্যোৎস্নাচিকণ কেল্লার চূড়াগ্রভাগ, সকলেই নিঃশব্দগভীর ঐকতানে মৃত্যুর গান গাহিল ; সেই নিশীথে গ্রহচন্দ্রতারাখচিত নিস্তরু তিন ভুবন আমাকে একবাক্যে মরিতে কহিল। কেবল বীচিভঙ্গবিহীন প্রশান্ত যমুনাবক্ষোবাহিত একখানি অদৃশ্য জীর্ণ নৌকা সেই জ্যোৎস্না রজনীর সৌম্যসুন্দর শান্তনীতল অনন্ত ভুবনমোহন মৃত্যুর প্রসারিত আলিঙ্গনপাশ হইতে বিচ্ছিন্ন করিয়া আমাকে জীবনের পথে টানিয়া লইয়া চলিল। আমি মোহস্বপ্নাভিহতার ন্যায় যমুনার তীরে তীরে কোথাও-বা কাশবন, কোথাও-বা মরুবালাকা, কোথাও-বা বন্ধুর বিদীর্ণ তট, কোথাও-বা ঘনশস্যদুর্গম বনখণ্ডের ভিতর দিয়া চলিতে লাগিলাম।”

এইখানে বস্তা চূপ করিল। আমিও কোনো কথা কহিলাম না।

অনেকক্ষণ পরে নবাবদুহিতা কহিল, “ইহার পরে ঘটনাবলী বড়ো জটিল। সে কেমন করিয়া বিপ্লবে করিয়া পরিষ্কার করিয়া বলিব জানি না। একটা গহন অরণ্যের মাঝখান দিয়া যাত্রা করিয়াছিলাম, ঠিক কোন্ পথ দিয়া কখন চলিয়াছিলাম সে কি আর খুঁজিয়া বাহির করিতে পারি। কোথায় আরম্ভ করিব, কোথায় শেষ করিব, কোন্টা ত্যাগ করিব, কোন্টা রাখিব, সমস্ত কাহিনীকে কী উপায়ে এমন স্পষ্ট প্রত্যক্ষ করিয়া তুলিব যাহাতে কিছুই অসাধ্য অসম্ভব অপ্রকৃত বোধ না হয়।

কিন্তু জীবনের এই কয়টা দিনে ইহা বুঝিয়াছি যে, অসাধ্য অসম্ভব কিছুই নাই। নবাব-অস্তঃপুরের বালিকার পক্ষে বাহিরের সংসার একান্ত দুর্গম বলিয়া মনে হইতে পারে, কিন্তু তাহা কাল্পনিক ; একবার

বাহির হইয়া পড়িলে একটা চলিবার পথ থাকেই। সে-পথ নবাবি পথ নহে, কিন্তু পথ ; সে-পথে মানুষ চিরকাল চলিয়া আসিয়াছে— তাহা বন্ধুর বিচিত্র সীমাহীন, তাহা শাখাপ্রশাখায় বিভক্ত, তাহা সুখেদুঃখে বাধাবিয়ে জটিল, কিন্তু তাহা পথ।

এই সাধারণ মানবের পথে একাকিনী নবাবদুহিতার সুদীর্ঘ ভ্রমণবৃত্তান্ত সুখশ্রাব্য হইবে না, হইলেও সে-সব কথা বলিবার উৎসাহ আমার নাই। এক কথায়, দুঃখকষ্ট বিপদ অবমাননা অনেক ভোগ করিতে হইয়াছে, তবু জীবন অসহ্য হয় নাই। আতশবাজির মতো যত দাহন ততই উদ্দাম গতি লাভ করিয়াছি। যতক্ষণ বেগে চলিয়াছিলাম ততক্ষণ পুড়িতেছি বলিয়া বোধ ছিল না, আজ হঠাৎ সেই পরম দুঃখের সেই চরম সুখের আলোকশিখাটি নিবিয়া গিয়া এই পথপ্রান্তের ধূলির উপর জড় পদার্থের ন্যায় পড়িয়া গিয়াছি— আজ আমার যাত্রা শেষ হইয়া গেছে, এইখানেই আমার কাহিনী সমাপ্ত।”

এই বলিয়া নবাবপুত্রী থামিল। আমি মনে মনে ঘাড় নাড়িলাম ; এখানে তো কোনোমতেই শেষ হয় না। কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া ভাঙা হিন্দিতে বলিলাম, “বেয়াদপি মাপ করিবেন, শেষদিককার কথাটা আর অল্প একটু খোলসা করিয়া বলিলে অধীনের মনের ব্যাকুলতা অনেকটা হ্রাস হয়।”

নবাবপুত্রী হাসিলেন। বুঝিলাম, আমার ভাঙা হিন্দিতে ফল হইয়াছে। যদি আমি খাস হিন্দিতে বাৎ চলাইতে পারিতাম তাহা হইলে আমার কাছে তাঁহার লজ্জা ভাঙিত না, কিন্তু আমি যে তাঁহার মাতৃভাষা অতি অল্পই জানি সেইটেই আমাদের উভয়ের মধ্যে বহুৎ ব্যবধান, সেইটেই একটা আব্রু।

তিনি পুনরায় আরম্ভ করিলেন, “কেশরলালের সংবাদ আমি প্রায়ই পাইতাম কিন্তু কোনোমতেই তাঁহার সাক্ষাৎ লাভ করিতে পারি নাই। তিনি তাঁতিয়াটোপির দলে মিশিয়া সেই বিপ্লবচ্ছন্ন আকাশতলে অকস্মাৎ কখনো পূর্বে, কখনো পশ্চিমে, কখনো ঈশানে, কখনো নৈঋতে, বজ্রপাতের মতো মুহূর্তের মধ্যে ভাঙিয়া পড়িয়া, মুহূর্তের মধ্যে অদৃশ্য হইতেছিলেন।

আমি তখন যোগিনী সাজিয়া কাশীর শিবানন্দস্বামীকে পিতৃসম্বোধন করিয়া তাঁহার নিকট সংস্কৃত শাস্ত্র অধ্যয়ন করিতেছিলাম। ভারতবর্ষের সমস্ত সংবাদ তাঁহার পদতলে আসিয়া সমাগত হইত, আমি ভক্তিভরে শাস্ত্র শিক্ষা করিতাম এবং মর্মান্তিক উদবেগের সহিত যুদ্ধের সংবাদ সংগ্রহ করিতাম।

ক্রমে ব্রিটিশরাজ হিন্দুস্থানের বিদ্রোহবহি পদতলে দলন করিয়া নিবাইয়া দিল। তখন সহসা কেশরলালের সংবাদ আর পাওয়া গেল না। ভীষণ প্রলয়ালোকের রক্তরশ্মিতে ভারতবর্ষের দূরদূরান্তর হইতে যে-সকল বীর-মূর্তি ক্ষণে ক্ষণে দেখা যাইতেছিল, হঠাৎ তাহারা অন্ধকারে পড়িয়া গেল।

তখন আমি আর থাকিতে পারিলাম না। গুরুর আশ্রয় ছাড়িয়া ভৈরবীবেশে আবার বাহির হইয়া পড়িলাম। পথে পথে, তীর্থে তীর্থে, মঠে মন্দিরে ভ্রমণ করিয়াছি, কোথাও কেশরলালের কোনো সন্ধান পাই নাই। দুই-একজন যাহারা তাহার নাম জানিত, কহিল, ‘সে হয় যুদ্ধে নয় রাজদণ্ডে মৃত্যু লাভ করিয়াছে।’ আমার অন্তরাখ্যা কহিল, ‘কখনো নহে, কেশরলালের মৃত্যু নাই।— সেই ব্রাহ্মণ সেই দুঃসহ জ্বলদগ্নি কখনো নির্বাণ পায় নাই, আমার আত্মাহুতি গ্রহণ করিবার জন্য সে এখনো কোন্ দুর্গম নির্জন যজ্ঞবেদীতে উর্ধ্বশিখা হইয়া জ্বলিতেছে।’

হিন্দুশাস্ত্রে আছে জ্ঞানের দ্বারা তপস্যার দ্বারা শূদ্র ব্রাহ্মণ হইয়াছে, মুসলমান ব্রাহ্মণ হইতে পারে কি না সে কথার কোনো উল্লেখ নাই ; তাহার একমাত্র কারণ তখন মুসলমান ছিল না। আমি জানিতাম কেশরলালের সহিত আমার মিলনের বহু বিলম্ব আছে, কারণ তৎপূর্বে আমাকে ব্রাহ্মণ হইতে হইবে। একে একে ত্রিশ বৎসর উত্তীর্ণ হইল, আমি অন্তরে বাহিরে আচারে ব্যবহারে কায়মনোবাক্যে ব্রাহ্মণ হইলাম, আমার সেই ব্রাহ্মণ পিতামহীর রক্ত নিষ্কলুষতেজে আমার সর্বঙ্গে প্রবাহিত হইল, আমি মনে মনে আমার সেই যৌবনারম্ভের প্রথম ব্রাহ্মণ, আমার যৌবনশেষের শেষ ব্রাহ্মণ, আমার ত্রিভুবনের এক ব্রাহ্মণের পদতলে সম্পূর্ণ নিঃসংকোচে আপনাকে প্রতিষ্ঠিত করিয়া একটি অপরূপ দীপ্তিলাভ করিলাম।

যুদ্ধবিপ্লবের মধ্যে কেশরলালের বীরত্বের কথা আমি অনেক শুনিয়াছি, কিন্তু সে কথা আমার হৃদয়ে

মুদ্রিত হয় নাই। আমি সেই যে দেখিয়াছিলাম, নিঃশব্দে জ্যোৎস্নানিশীথে নিস্তব্ধ যমুনার মধ্যশ্রোতে একখানি ক্ষুদ্র নৌকার মধ্যে একাকী কেশরলাল ভাসিয়া চলিয়াছে, সেই চিত্রই আমার মনে অঙ্কিত হইয়া আছে। আমি কেবল অহরহ দেখিতেছিলাম, ব্রাহ্মণ নির্জন শ্রোত বাহিয়া নিশিদিন কোন্ অনির্দেশ মহারহস্যভিমুখে ধাবিত হইতেছে, তাহার কোনো সঙ্গী নাই, সেবক নাই, কাহাকেও তাহার কোনো আবশ্যক নাই, সেই নির্মল আত্মনিমগ্ন পুরুষ আপনাতে আপনি সম্পূর্ণ; আকাশের গ্রহচন্দ্রতারা তাহাকে নিঃশব্দে নিরীক্ষণ করিতেছে।

এমন সময় সংবাদ পাইলাম, কেশরলাল রাজদণ্ড হইতে পলায়ন করিয়া নেপালে আশ্রয় লইয়াছে। আমি নেপালে গেলাম। সেখানে দীর্ঘকাল বাস করিয়া সংবাদ পাইলাম, কেশরলাল বহুকাল হইল নেপাল ত্যাগ করিয়া কোথায় চলিয়া গিয়াছে কেহ জানে না।

তাহার পর হইতে পাহাড়ে পাহাড়ে ভ্রমণ করিতেছি। এ হিন্দুর দেশ নহে— ভূটিয়া লেপচাগণ স্লেচ্ছ, ইহাদের আহারব্যবহারে আচারবিচার নাই, ইহাদের দেবতা ইহাদের পূজাচর্চাবিধি সকলই স্বতন্ত্র। বহুদিনের সাধনায় আমি যে বিশুদ্ধ শুচিতা লাভ করিয়াছি, ভয় হইতে লাগিল, পাছে তাহাতে রেখামাত্র চিহ্ন পড়ে। আমি বহু চেষ্টায় আপনাকে সর্বপ্রকার মলিন সংস্পর্শ হইতে রক্ষা করিয়া চলিতে লাগিলাম। আমি জানিতাম, আমার তরী তীরে আসিয়া পৌঁছিয়াছে, আমার জীবনের চরমতীর্থ অনতিদূরে।

তাহার পরে আর কী বলিব। শেষ কথা অতি স্বল্প। প্রদীপ যখন নেবে তখন একটি ফুৎকারেই নিবিয়া যায়, সে কথা আর সুদীর্ঘ করিয়া কী ব্যাখ্যা করিব।

আটত্রিশ বৎসর পরে এই দার্জিলিঙে আসিয়া আজ প্রাতঃকালে কেশরলালের দেখা পাইয়াছি।” বস্তুকে এইখানে ক্ষান্ত হইতে দেখিয়া আমি ঔৎসুক্যের সহিত জিজ্ঞাসা করিলাম, “কী দেখিলেন।”

নবাবপুত্রী কহিলেন, “দেখিলাম, বৃদ্ধ কেশরলাল ভূটিয়াপটীতে ভূটিয়া স্ত্রী এবং তাহার গর্ভজাত পৌত্রপৌত্রী লইয়া ম্লানবস্ত্রে মলিন অঙ্গনে ভুট্টা হইতে শস্য সংগ্রহ করিতেছে।”

গল্প শেষ হইল। আমি ভাবিলাম, একটা সাস্বনার কথা বলা আবশ্যিক। কহিলাম, “আটত্রিশ বৎসর একাদিক্রমে যাহাকে প্রাণভয়ে বিজাতীয়ের সংশ্রবে অহরহ থাকিতে হইয়াছে সে কেমন করিয়া আপন আচার রক্ষা করিবে।”

নবাবকন্যা কহিলেন, “আমি কি তাহা বুঝি না। কিন্তু এতদিন আমি কী মোহ লইয়া ফিরিতেছিলাম! যে ব্রহ্মণ্য আমার কিশোর হৃদয় হরণ করিয়া লইয়াছিল আমি কি জানিতাম, তাহা অভ্যাস তাহা সংস্কার মাত্র। আমি জানিতাম, তাহা ধর্ম, তাহা অনাদি অনন্ত। তাহাই যদি না হইবে তবে ষোলোবৎসর বয়সে প্রথম পিতৃগৃহ হইতে বাহির হইয়া সেই জ্যোৎস্নানিশীথে আমার বিকশিত পুষ্পিত ভক্তিবৈগম্যকম্পিত দেহমনপ্রাণের প্রতিদানে ব্রাহ্মণের দক্ষিণ হস্ত হইতে যে দুঃসহ অপমান প্রাপ্ত হইয়াছিলাম, কেন তাহা গুরুহস্তের দীক্ষার ন্যায় নিঃশব্দে অবনত মস্তকে দ্বিগুণিত ভক্তিভরে শিরোধার্য করিয়া লইয়াছিলাম। হায় ব্রাহ্মণ, তুমি তো তোমার এক অভ্যাসের পরিবর্তে আর-এক অভ্যাস লাভ করিয়াছ, আমি আমার এক যৌবন এক জীবনের পরিবর্তে আর-এক জীবন যৌবন কোথায় ফিরিয়া পাইব?”

এই বলিয়া রমণী উঠিয়া দাঁড়াইয়া কহিল, “নমস্কার বাবুজি!”

মুহূর্তপরেই যেন সংশোধন করিয়া কহিল, “সেলাম বাবুসাহেব!” এই মুসলমান-অভিবাদনের দ্বারা সে যেন জীর্ণভিত্তি ধূলিশায়ী ভগ্ন ব্রাহ্মণ্যের নিকট শেষ বিদায় গ্রহণ করিল। আমি কোনো কথা না বলিতেই সে সেই হিমাদ্রিশিখরের ধূসর কুম্বাটিকারশির মধ্যে মেঘের মতো মিলাইয়া গেল।

আমি ক্ষণকাল চক্ষু মুদ্রিত করিয়া সমস্ত ঘটনাবলী মানসপটে চিত্রিত দেখিতে লাগিলাম। মহলন্দের আসনে যমুনাতীরের গবাক্ষে সুখাসীনা ষোড়শী নবাববালিকাকে দেখিলাম, তীর্থমন্দিরে

সন্ধ্যারতিকালে তপস্বিনীর ভক্তিগদগদ একাগ্র মূর্তি দেখিলাম, তাহার পরে এই দার্জিলিঙে ক্যালকাটা রোডের প্রান্তে প্রবীণার কুহেলিকাঙ্কর ভগ্নহৃদয়ভারকাতর নৈরাশ্যমূর্তিও দেখিলাম, একটি সুকুমার রমণীদেহে ব্রাহ্মণমুসলমানের রক্ততরঙ্গের বিপরীত সংঘর্ষজনিত বিচিত্র ব্যাকুল সংগীতধ্বনি সুন্দর সুসম্পূর্ণ উর্দু ভাষায় বিগলিত হইয়া আমার মস্তিষ্কের মধ্যে স্পন্দিত হইতে লাগিল।

চক্ষু খুলিয়া দেখিলাম, হঠাৎ মেঘ কাটিয়া গিয়া স্নিগ্ধ রৌদ্রে নির্মল আকাশ বলমল করিতেছে, ঠেলাগাড়িতে ইংরাজ রমণী ও অধপৃষ্ঠে ইংরাজ পুরুষগণ বায়ুসেবনে বাহির হইয়াছে, মধ্যে মধ্যে দুই-একটি বাঙালির গলাবন্ধবিজড়িত মুখমণ্ডল হইতে আমার প্রতি সকৌতুক কটাক্ষ বর্ষিত হইতেছে।

ক্রমত উঠিয়া পড়িলাম, এই সূর্যালোকিত অনাবৃত জগৎদৃশ্যের মধ্যে সেই মেঘাঙ্কর কাহিনীকে আর সত্য বলিয়া মনে হইল না। আমার বিশ্বাস, আমি পর্বতের কুয়াশার সহিত আমার সিগারেটের ধূম ভূরিপরিমাণে মিশ্রিত করিয়া একটি কল্পনাধর রচনা করিয়াছিলাম— সেই মুসলমানব্রাহ্মণী, সেই বিপ্রবীর, সেই যমুনাভীরের কেদা, কিছুই হয়তো সত্য নহে।

বৈশাখ ১৩০৫

পুত্রযজ্ঞ

বৈদ্যনাথ গ্রামের মধ্যে বিজ্ঞ ছিলেন সেইজন্য তিনি ভবিষ্যতের দিকে দৃষ্টি রাখিয়া বর্তমানের সমস্ত কাজ করিতেন। যখন বিবাহ করিলেন তখন তিনি বর্তমান নববধুর অপেক্ষা ভাবী নবকুমারের মুখ স্পষ্টতরূপে দেখিতে পাইয়াছিলেন। শুভদৃষ্টির সময় এতটা দূরদৃষ্টি প্রায় দেখা যায় না। তিনি পাকা লোক ছিলেন সেইজন্য প্রেমের চেয়ে পিণ্ডটাকেই অধিক বৃষ্টিতেন এবং পুত্রার্থে ক্রিয়তে ভার্য্যা এই মর্মেই তিনি বিনোদিনীকে বিবাহ করিয়াছিলেন।

কিন্তু এ সংসারে বিজ্ঞ লোকও ঠকে। যৌবনপ্রাপ্ত হইয়াও যখন বিনোদিনী তাহার সর্বপ্রধান কর্তব্যটি পালন করিল না তখন পুত্রাম নরকের দ্বার খোলা দেখিয়া বৈদ্যনাথ বড়ো চিন্তিত হইলেন। মৃত্যুর পরে তাহার বিপুল ঐশ্বর্যই বা কে ভোগ করিবে এই ভাবনায় মৃত্যুর পূর্বে তিনি সেই ঐশ্বর্য ভোগ করিতে একপ্রকার বিমুগ্ধ হইলেন। পূর্বেই বলিয়াছি, বর্তমানের অপেক্ষা ভবিষ্যৎটাকেই তিনি সত্য বলিয়া জানিতেন।

কিন্তু যুবতী বিনোদিনীর নিকট হঠাৎ এতটা প্রাজ্ঞতা প্রত্যাশা করা যায় না। সে বেচারার দুর্মূল্য বর্তমান, তাহার নববিকশিত যৌবন, বিনা প্রেমে বিকলে অভিবাহিত হইয়া যায়, এইটেই তাহার পক্ষে সব চেয়ে শোচনীয় ছিল। পারলৌকিক পিণ্ডের কুখাটা সে ইহলৌকিক চিন্তকুখাদাহে একেবারেই ভুলিয়া বসিয়াছিল, মনুর পবিত্র বিধান এবং বৈদ্যনাথের আধ্যাত্মিক ব্যাখ্যায় তাহার বুদ্ধিক্রিত হৃদয়ে তিলমাত্র তৃপ্তি হইল না।

যে যাহাই বলুক, এই বয়সটাতে ভালোবাসা দেওয়া এবং ভালোবাসা পাওয়াই রমণীর সকল সুখ এবং সকল কর্তব্যের চেয়ে স্বভাবতই বেশি মনে হয়।

কিন্তু বিনোদার ভাগ্যে নবপ্রেমের বর্ষাবারিসিঙ্কনের বদলে স্বামীর, পিস্নাশুড়ির এবং অন্যান্য গুরু ও গুরুতর লোকের সমুচ্চ আকাশ হইতে তর্জন-গর্জনের শিলাবৃষ্টি ব্যবহা হইল। সকলেই তাহাকে বহু্যা বলিয়া অপরাধী করিত। একটা ফুলের চারাকে আলোক এবং বাতাস হইতে রুদ্ধঘরে রাখিলে তাহার যে রূপ অবস্থা হয়, বিনোদার বন্ধিত যৌবনেরও সেইরূপ অবস্থা ঘটিয়াছিল।

সদাসর্বদা এই-সকল চাপাচুপি ও বকাবকির মধ্যে থাকিতে না পারিয়া যখন সে কুসুমের বাড়ি তাস খেলিতে যাইত সেই সময়টা তাহার বড়ো ভালো লাগিত। সেখানে পুত্নরকের ভীষণ ছায়া সর্বদা বর্তমান না থাকতে হাসি-ঠাট্টা-গল্পের কোনো বাধা ছিল না।

কুসুম যেদিন তাস খেলিবার সাথি না পাইত সেদিন তাহার তরুণ দেবর নগেন্দ্রকে ধরিয়া আনিত । নগেন্দ্র ও বিনোদার আপত্তি হাসিয়া উড়াইয়া দিত । এ সংসারে এক হইতে আর হয় এবং খেলা ক্রমে সংকটে পরিণত হইতে পারে, এ-সব গুরুতর কথা অল্পবয়সে হঠাৎ বিশ্বাস হয় না ।

এ সম্বন্ধে নগেন্দ্রেরও আপত্তির দৃঢ়তা কিছুমাত্র দেখা গেল না, এখন আর সে তাস খেলিবার জন্য অধিক পীড়াপীড়ির অপেক্ষা করিতে পারে না ।

এইরূপে বিনোদার সহিত নগেন্দ্রের প্রায়ই দেখাসাক্ষাৎ হইতে লাগিল ।

নগেন্দ্র যখন তাস খেলিতে বসিত তখন তাসের অপেক্ষা সজীবতর পদার্থের প্রতি তাহার নয়নমন পড়িয়া থাকিতে খেলায় প্রায়ই হারিতে লাগিল । পরাজয়ের প্রকৃত কারণ বুঝিতে কুসুম এবং বিনোদার কাহারও বাকি রহিল না । পূর্বেই বলিয়াছি, কর্মফলের গুরুত্ব বোঝা অল্প বয়সের কর্ম নহে । কুসুম মনে করিত, এ একটা বেশ মজা হইতেছে, এবং মজাটা ক্রমে ষোলো-আনায় সম্পূর্ণ হইয়া উঠে ইহাতে তাহার একটা আগ্রহ ছিল । ভালোবাসার নবাবুঝে গোপনে জলসিঞ্চন তরুণীদের পক্ষে বড়ো কৌতুকের ।

বিনোদারও মন্দ লাগিল না । হৃদয়জয়ের সুতীক্ষ্ণ ক্ষমতাটা একজন পুরুষ মানুষের উপর শানিত করিবার ইচ্ছা অন্যায় হইতে পারে, কিন্তু নিতান্ত অস্বাভাবিক নহে ।

এইরূপে তাসের হারজিৎ ও ছক্কাপাঞ্জার পুনঃপুন আবর্তনের মধ্যে কোন্-এক সময়ে দুইটি খেলোয়াড়ের মনে মনে মিল হইয়া গেল, অন্তর্যামী ব্যতীত আর-একজন খেলোয়াড় তাহা দেখিল এবং আমোদ বোধ করিল ।

একদিন দুপুরবেলায় বিনোদা কুসুম ও নগেন্দ্র তাস খেলিতেছিল । কিছুক্ষণ পরে কুসুম তাহার রুগ্ন শিশুর কান্না শুনিয়া উঠিয়া গেল । নগেন্দ্র বিনোদার সহিত গল্প করিতে লাগিল । কিন্তু কী গল্প করিতেছিল তাহা নিজেই বুঝিতে পারিতেছিল না ; রক্তশ্রোত তাহার হৃৎপিণ্ড উদ্বেলিত করিয়া তাহার সর্বশরীরের শিরার মধ্যে তরঙ্গিত হইতেছিল ।

হঠাৎ একসময় তাহার উদ্দাম যৌবন বিনয়ের সমস্ত বাধ ভাঙিয়া ফেলিল, হঠাৎ বিনোদার হাত দুটি চাপিয়া ধরিয়া সবলে তাহাকে টানিয়া লইয়া চুষন করিল । বিনোদা নগেন্দ্র-কর্তৃক এই অবমাননায় ক্রোধে ক্ষোভে লজ্জায় অধীর হইয়া নিজের হাত ছাড়াইবার জন্য টানাটানি করিতেছে এমন সময় তাহাদের দৃষ্টিগোচর হইল, ঘরে তৃতীয় ব্যক্তির আগমন হইয়াছে । নগেন্দ্র নতমুখে ঘর হইতে বাহির হইবার পথ অন্বেষণ করিতে লাগিল ।

পরিচারিকা গম্ভীরস্বরে কহিল, “বউঠাকরুন, তোমাকে পিসিমা ডাকছেন ।” বিনোদা ছলছল চক্ষে নগেন্দ্রের প্রতি বিদ্যুৎকটাক্ষ বর্ষণ করিয়া দাসীর সঙ্গে চলিয়া গেল ।

পরিচারিকা যেটুকু দেখিয়াছিল তাহাকে হুস্ব এবং যাহা না দেখিয়াছিল তাহাকেই সুদীর্ঘতর করিয়া বৈদ্যনাথের অন্তঃপুরে একটা ঝড় তুলিয়া দিল । বিনোদার কী দশা হইল সে কথা বর্ণনার অপেক্ষা কল্পনা সহজ । সে যে কতদূর নিরপরাধ কাহাকেও কুখাইতে চেষ্টা করিল না, নতমুখে সমস্ত সহিয়া গেল ।

বৈদ্যনাথ আপন ভাবী পিণ্ডাতার আবির্ভাবসম্ভাবনা অত্যন্ত সংশয়াচ্ছন্ন জ্ঞান করিয়া বিনোদাকে কহিল, “কলঙ্কিনী, তুই আমার ঘর হইতে দূর হইয়া যা ।”

বিনোদা শয়নকক্ষের দ্বার রোধ করিয়া বিছানায় শুইয়া পড়িল, তাহার অশ্রুহীন চক্ষু মধ্যাহ্নের মরুভূমির মতো জ্বলিতেছিল । যখন সন্ধ্যার অন্ধকার ঘনীভূত হইয়া বাহিরের বাগানে কাকের ডাক ধামিয়া গেল, তখন নক্ষত্রখচিত শান্ত আকাশের দিকে চাহিয়া তাহার বাপমায়ের কথা মনে পড়িল এবং তখন দুই গণ্ড দিয়া অশ্রু বিগলিত হইয়া পড়িতে লাগিল ।

সেই রাতে বিনোদা স্বামীগৃহ ত্যাগ করিয়া গেল । কেহ তাহার খোঁজও করিল না ।

তখন বিনোদা জানিত না যে, ‘প্রজনার্থং মহাভাগা’ স্ত্রী-জন্মের মহাভাগ্য সে লাভ করিয়াছে, তাহার স্বামীর পারলৌকিক সদগতি তাহার গর্ভে আশ্রয় গ্রহণ করিয়াছে ।

এই ঘটনার পর দশ বৎসর অতীত হইয়া গেল।

ইতিমধ্যে বৈদ্যনাথের বৈষয়িক অবস্থার প্রচুর উন্নতি হইয়াছে। এখন তিনি পল্লীগ্রাম ছাড়িয়া কলিকাতায় বহু বাড়ি কিনিয়া বাস করিতেছেন।

কিন্তু তাহার বিষয় যতই বৃদ্ধি হইল বিষয়ের উত্তরাধিকারীর জন্য প্রাণ ততই ব্যাকুল হইয়া উঠিতে লাগিল।

পরে পরে দুইবার বিবাহ করিলেন তাহাতে পুত্র না জন্মিয়া কেবলই কলহ জন্মিতে লাগিল। দৈবজ্ঞপণ্ডিতে সন্ন্যাসী-অবধূতে ঘর ভরিয়া গেল; শিকড় মাদুলি জলপড়া এবং পেটেন্ট ঔষধের বর্ষণ হইতে লাগিল। কালীঘাটে যত ছাগশিশু মরিল তাহার অস্থিস্থপে তৈমুরলঙ্গের কঙ্কালজয়স্তম্ভ ধিক্কৃত হইতে পারিত; কিন্তু তবু, কেবল গুটিকতক অস্থি ও অতি স্বল্প মাংসের একটি ক্ষুদ্রতম শিশুও বৈদ্যনাথের বিশাল প্রাসাদের প্রাস্তস্থান অধিকার করিয়া দেখা দিল না। তাহার অবর্তমানে পরের ছেলে কে তাহার অন্ন খাইবে ইহাই ভাবিয়া অগ্নে তাহার অর্কুচি জন্মিল।

বৈদ্যনাথ আরো একটি স্ত্রী বিবাহ করিলেন; কারণ সংসারে আশারও অন্ত নাই, কন্যাদায়গ্রস্তের কন্যারও শেষ নাই।

দৈবজ্ঞেরা কোষ্ঠী দেখিয়া বলিল, ঐ কন্যার পুত্রস্থানে যেরূপ শুভযোগ দেখা যাইতেছে তাহাতে বৈদ্যনাথের ঘরে প্রজাবৃদ্ধির আর বিলম্ব নাই; তাহার পরে ছয় বৎসর অতীত হইয়া গেল তথাপি পুত্রস্থানের শুভযোগ আলস্য পরিত্যাগ করিলেন না।

বৈদ্যনাথ নৈরাশ্যে অবনত হইয়া পড়িলেন। অবশেষে শাস্ত্রজ্ঞ পণ্ডিতের পরামর্শে একটা প্রচুর ব্যয়সাধ্য যজ্ঞের আয়োজন করিলেন, তাহাতে বহুকাল ধরিয়া বহু ব্রাহ্মণের সেবা চলিতে লাগিল।

এ দিকে তখন দেশবাসী দুর্ভিক্ষে বহু বিহার উড়িয়া অস্থিচর্মসার হইয়া উঠিয়াছিল। বৈদ্যনাথ যখন অগ্নের মধ্যে বসিয়া ভাবিতেছিলেন 'আমার অন্ন কে খাইবে', তখন সমস্ত উপবাসী দেশ আপন রিক্তস্থালীর দিকে চাহিয়া ভাবিতেছিল 'কী খাইব'।

ঠিক সেই সময়ে চারিমাস কাল ধরিয়া বৈদ্যনাথের চতুর্থ সহধর্মিণী একশত ব্রাহ্মণের পাদোদক পান করিতেছিল এবং একশত ব্রাহ্মণ প্রাতে প্রচুর অন্ন এবং সায়াহ্নে অপরিাপ্ত পরিমাণে জলপান খাইয়া খুরি সরা ভাঁড় এবং দধিঘৃতলিপ্ত কলার পাতে মুনিসিপালিটির আবর্জনাশকট পরিপূর্ণ করিয়া তুলিতেছিল। অগ্নের গন্ধে দুর্ভিক্ষকাতর বৃদ্ধকুগণ দলে দলে দ্বারে সমাগত হইতে লাগিল, তাহাদিগকে সর্বদা খেদাইয়া রাখিবার জন্য অতিরিক্ত দ্বারী নিযুক্ত হইল।

একদিন প্রাতে বৈদ্যনাথের মার্বেলমণ্ডিত দালানে একটি স্থলোদর সন্ন্যাসী দুইসের মোহনভোগ এবং দেড়সের দুগ্ধ সেবায় নিযুক্ত আছে, বৈদ্যনাথ গায়ে একখানি চাদর দিয়া জোড়করে একান্ত বিনীতভাবে ভূতলে বসিয়া ভক্তিভরে পবিত্র ভোজনব্যাপার নিরীক্ষণ করিতেছিলেন, এমন সময় কোনোমতে দ্বারীদের দৃষ্টি এড়াইয়া জীর্ণদেহ বালক-সহিত একটি অতি শীর্ণকায় রমণী গৃহে প্রবেশ করিয়া ক্ষীণ স্বরে কহিল, "বাবু, দুটি খেতে দাও।"

বৈদ্যনাথ শশব্যস্ত হইয়া চিৎকার করিয়া উঠিলেন, "গুরুদয়াল! গুরুদয়াল!" গতিক মন্দ বুদ্ধিয়া স্ত্রীলোকটি অতি করুণ স্বরে কহিল, "ওগো, এই ছেলটিকে দুটি খেতে দাও। আমি কিছু চাই নে।"

গুরুদয়াল আসিয়া বালক ও তাহার মাতাকে তাড়াইয়া দিল। সেই ক্ষুধাতুর নিরন্ন বালকটি বৈদ্যনাথের একমাত্র পুত্র। একশত পরিপুষ্ট ব্রাহ্মণ এবং তিনজন বলিষ্ঠ সন্ন্যাসী বৈদ্যনাথকে পুত্রপ্রাপ্তির দুরাশায় প্রলুব্ধ করিয়া তাহার অন্ন খাইতে লাগিল।

ডিটেকটিভ

আমি পুলিশের ডিটেকটিভ কর্মচারী। আমার জীবনে দুটিমাত্র লক্ষ্য ছিল— আমার স্ত্রী এবং আমার ব্যবসায়। পূর্বে একান্তবর্তী পরিবারের মধ্যে ছিলাম, সেখানে আমার স্ত্রীর প্রতি সমাদরের অভাব হওয়াতেই আমি দাদার সঙ্গে ঝগড়া করিয়া বাহির হইয়া আসি। দাদাই উপার্জন করিয়া আমাকে পালন করিতেছিলেন, অতএব সহসা সস্ত্রীক তাহার আশ্রয় ত্যাগ করিয়া আসা আমার পক্ষে দুঃসাহসের কাজ হইয়াছিল।

কিন্তু কখনো নিজের উপরে আমার বিশ্বাসের ক্রটি ছিল না। আমি নিশ্চয় জানিতাম, সুন্দরী স্ত্রীকে যেমন বশ করিয়াছি বিমুখ অদৃষ্টলক্ষ্মীকেও তেমনি বশ করিতে পারিব। মহিমচন্দ্র এ সংসারে পশ্চাতে পড়িয়া থাকিবে না।

পুলিসবিভাগে সামান্যভাবে প্রবেশ করিলাম, অবশেষে ডিটেকটিভ-পদে উত্তীর্ণ হইতে অধিক বিলম্ব হইল না।

উজ্জ্বল শিখা হইতেও যেমন কঙ্কলপাত হয় তেমনি আমার স্ত্রীর প্রেম হইতেও ঈর্ষা এবং সন্দেহের কালিমা বাহির হইত। সেটাতে আমার কিছু কাজের ব্যাঘাত করিত; কারণ পুলিশের কর্মে স্থানাস্থান কালাকাল বিচার করিলে চলে না, বরঞ্চ স্থানের অপেক্ষা অস্থান এবং কালের অপেক্ষা অকালটারই চর্চা অধিক করিয়া করিতে হয়— তাহাতে করিয়া আমার স্ত্রীর স্বভাবসিদ্ধ সন্দেহ আরো যেন দুর্নিবার হইয়া উঠিত। সে আমাকে ভয় দেখাইবার জন্য বলিত, “তুমি এমন যখন-তখন যেখানে-সেখানে যাপন কর, কালেভদ্রে আমার সঙ্গে দেখা হয়, আমার জন্য তোমার আশঙ্কা হয় না?” আমি তাহাকে বলিতাম, “সন্দেহ করা আমাদের ব্যবসায়, সেই কারণে ঘরের মধ্যে সেটাকে আর আনি না।”

স্ত্রী বলিত, “সন্দেহ করা আমার ব্যবসায় নহে, উহা আমার স্বভাব, আমাকে তুমি লেশমাত্র সন্দেহের কারণ দিলে আমি সব করিতে পারি।”

ডিটেকটিভ লাইনে আমি সকলের সেরা হইব, একটা নাম রাখিব, এ প্রতিজ্ঞা আমার দৃঢ় ছিল। এ সম্বন্ধে যতকিছু বিবরণ এবং গল্প আছে তাহার কোনোটাই পড়িতে বাকি রাখি নাই। কিন্তু পড়িয়া কেবল মনের অসন্তোষ এবং অধীরতা বাড়িতে লাগিল।

কারণ, আমাদের দেশের অপরাধীগুলো ভীক নির্বোধ, অপরাধগুলো নিজীব এবং সরল, তাহার মধ্যে দুরাহতা দুর্গমতা কিছুই নাই। আমাদের দেশের খুনী নররক্তপাতের উৎকট উদ্বেজনা কোনোমতেই নিজের মধ্যে সংবরণ করিতে পারে না। জালিয়াত যে-জাল বিস্তার করে তাহাতে অনতিবিলম্বে নিজেই আপাদমস্তক জড়াইয়া পড়ে, অপরাধবৃহৎ হইতে নির্গমনের কটকৌশল সে কিছুই জানে না। এমন নিজীব দেশে ডিটেকটিভের কাজে সুখও নাই, গৌরবও নাই।

বড়োবাজারের মাড়োয়ারি জুয়াচোরকে অনায়াসে শ্রেণ্তার করিয়া কতবার মনে মনে বলিয়াছি, ‘ওরে অপরাধীকুলকলঙ্ক, পরের সর্বনাশ করা গুণী ওস্তাদলোকের কর্ম; তোর মতো আনাড়ি নির্বোধের সাধুতপস্বী হওয়া উচিত ছিল।’ খুনীকে ধরিয়া তাহার প্রতি স্বগত উক্তি করিয়াছি, ‘গবর্মেন্টের সমুন্নত ফাসিকাষ্ঠ কি তোদের মতো গৌরববিহীন প্রাণীদের জন্য হইয়াছিল— তোদের না আছে উদার কল্পনাশক্তি, না আছে কঠোর আত্মসংযম, তোরা বেটারা খুনী হইবার স্পর্ধা করিস!’

আমি কল্পনাচক্ষে যখন লন্ডন এবং প্যারিসের জনাকীর্ণ পথের দুই পার্শ্বে শীতবাস্পাকুল অশ্রুভেদী হর্ম্যশ্রেণী দেখিতে পাইতাম তখন আমার শরীর রোমাঞ্চিত হইয়া উঠিত। মনে মনে ভাবিতাম, ‘এই হর্ম্যরাজি এবং পথ-উপপথের মধ্য দিয়া যেমন জনশ্রোত কর্মশ্রোত উৎসবশ্রোত সৌন্দর্যশ্রোত অহরহ বহিয়া যাইতেছে, তেমনি সর্বত্রই একটা হিংস্রকুটিল কৃককৃষ্ণিত ভয়ংকর অপরাধপ্রবাহ তলে তলে আপনার পথ করিয়া চলিয়াছে; তাহারই সামীপ্যে যুরোপীয় সামাজিকতার হাস্যকৌতুক শিষ্টাচার এমন বিরটিভীষণ রমণীয়তা লাভ করিয়াছে। আর, আমাদের কলিকাতার পথপার্শ্বের মুক্তবাতায়ন গৃহশ্রেণীর

মধ্যে রান্নাবান্না, গৃহকার্য, পরীক্ষার পাঠ, তাসদাবার বৈঠক, দাম্পত্য কলহ, বড়োজোর ভ্রাতৃবিচ্ছেদ এবং মকদ্দমার পরামর্শ ছাড়া বিশেষ কিছু নাই— কোনো-একটা বাড়ির দিকে চাহিয়া কখনো এ কথা মনে হয় না যে, হয়তো এই মুহূর্তেই এই গৃহের কোনো-একটা কোণে শয়তান মুখ ঠুঁজিয়া বসিয়া আপনার কালো কালো ডিমগুলিতে তা দিতেছে।

আমি অনেক সময়ই রাস্তায় বাহির হইয়া পথিকদের মুখ এবং চলনের ভাব পর্যবেক্ষণ করিতাম ; ভাবে ভঙ্গিতে যাহাদিগকে কিছুমাত্র সন্দেহজনক বোধ হইয়াছে আমি অনেক সময়ই গোপনে তাহাদের অনুসরণ করিয়াছি, তাহাদের নামধাম ইতিহাস অনুসন্ধান করিয়াছি, অবশেষে পরম নৈরাশ্যের সহিত আবিষ্কার করিয়াছি— তাহারা নিষ্কলঙ্ক ভালোমানুষ, এমন-কি, তাহাদের আত্মীয়-বান্ধবেরাও তাদের সম্বন্ধে আড়ালে কোনোপ্রকার গুরুতর মিথ্যা অপবাদও প্রচার করে না। পথিকদের মধ্যে সব চেয়ে যাহাকে পাবণ্ড বলিয়া মনে হইয়াছে, এমন-কি, যাহাকে দেখিয়া নিশ্চয় মনে করিয়াছি যে, এইমাত্র সে কোনো একটা উৎকট দুর্ভাগ্য সাধন করিয়া আসিয়াছে, সন্ধান করিয়া জানিয়াছি— সে একটি ছাত্রবৃত্তি স্কুলের দ্বিতীয় পণ্ডিত, তখনই অধ্যাপনকার্য সমাধা করিয়া বাড়ি ফিরিয়া আসিতেছে। এই-সকল লোকেরাই অন্য-কোনো দেশে জন্মগ্রহণ করিলে বিখ্যাত চোরডাকাত হইয়া উঠিতে পারিত, কেবলমাত্র যথোচিত জীবনীশক্তি এবং যথেষ্ট পরিমাণ পৌরুষের অভাবেই আমাদের দেশে ইহারা কেবল পণ্ডিত করিয়া বৃদ্ধবয়সে পেলন লইয়া মরে ; বহু চেঁচা ও সন্ধানের পর এই দ্বিতীয় পণ্ডিতটার নিরীহতার প্রতি আমার যেরূপ সুগভীর অশ্রদ্ধা জন্মিয়াছিল কোনো অতিক্রম ঘটনাটি-চোরের প্রতি তেমন হয় নাই।

অবশেষে একদিন সন্ধ্যাবেলায় আমাদেরই বাসার অনতিদূরে একটি গ্যাসপোস্টের নীচে একটা মানুষ দেখিলাম, বিনা আবশ্যকে সে উৎসুকভাবে একই স্থানে ঘুরিতেছে ফিরিতেছে। তাহাকে দেখিয়া আমার সন্দেহমাত্র রহিল না যে, সে একটি-কোনো গোপন দুরভিসন্ধির পশ্চাতে নিযুক্ত রহিয়াছে। নিজে অঙ্ককারে প্রচ্ছন্ন থাকিয়া তাহার চেহারাখানা বেশ ভালো করিয়া দেখিয়া লইলাম— তরুণ বয়স, দেখিতে সুশ্রী ; আমি মনে মনে কহিলাম, দুর্ভাগ্য করিবার এই তো ঠিক উপযুক্ত চেহারা ; নিজের মুখশ্রীই যাহাদের সর্বপ্রধান বিরুদ্ধ সাক্ষী তাহারা যেন সর্বপ্রকার অপরাধের কাজ সর্বপ্রযত্নে পরিহার করে ; সংকার্য করিয়া তাহারা নিষ্ফল হইতে পারে, কিন্তু দুর্ভাগ্য দ্বারা সফলতালাভও তাহাদের পক্ষে দুরূহ। দেখিলাম, এই ছোকরাটির চেহারাটাই ইহার সর্বপ্রধান বাহাদুরি ; সেজন্য আমি মনে মনে অনেকক্ষণ ধরিয়া তাহার তারিফ করিলাম ; বলিলাম, 'ভগবান তোমাকে যে দুর্লভ সুবিধাটি দিয়াছেন সেটাকে বীতিমত কাজে খাটাইতে পার, তবে তো বলি শাবাশ।'

আমি অঙ্ককার হইতে তাহার সম্মুখে আসিয়াই পৃষ্ঠে চপেটাঘাতপূর্বক বলিলাম, "এই যে, ভালো আছেন তো ?" সে তৎক্ষণাৎ প্রবলমাত্রায় চমকিয়া উঠিয়া একেবারে ফ্যাকাশে হইয়া উঠিল। আমি কহিলাম, "মাপ করিবেন, ভুল হইয়াছে, হঠাৎ আপনাকে অন্য লোক ঠাওরাইয়াছিলাম।" মনে মনে কহিলাম 'কিছুমাত্র ভুল করি নাই, যাহা ঠাওরাইয়াছিলাম তাই বটে।' কিন্তু এতটা অধিক চমকিয়া ওঠা তাহার পক্ষে অনুপযুক্ত হইয়াছিল, ইহাতে আমি কিছু ক্লান্ত হইলাম। নিজের শরীরের প্রতি তাহার আরো অধিক দখল থাকা উচিত ছিল ; কিন্তু শ্রেষ্ঠতার সম্পূর্ণ আদর্শ অপরাধী শ্রেণীর মধ্যেও বিরল। চোরকেও সেরা চোর করিয়া তুলিতে প্রকৃতি কৃপণতা করিয়া থাকে।

অন্তরালে আসিয়া দেখিলাম, সে ব্রহ্মভাবে গ্যাসপোস্ট ছাড়িয়া চলিয়া গেল। পিছনে পিছনে গেলাম ; দেখিলাম, ছোকরাটি গোলদিঘির মধ্যে প্রবেশ করিয়া পুষ্করিণীতীরে তৃণশয্যার উপর চিত হইয়া শুইয়া পড়িল ; আমি ভাবিলাম, উপায়চিন্তার এ একটা স্থান বটে, গ্যাসপোস্টের তলদেশ অপেক্ষা অনেকাংশে ভালো— লোকে যদি কিছু সন্দেহ করে তো বড়োজোর এই ভাবিতে পারে যে, ছোকরাটি অঙ্ককার আকাশে প্রেয়সীর মুখচন্দ্র অঙ্কিত করিয়া কৃকপক্ষ রাত্রির অভাব পূরণ করিতেছে। ছেলের প্রতি উত্তরোত্তর আমার চিন্ত আকৃষ্ট হইতে লাগিল।

অনুসন্ধান করিয়া তাহার বাসা জানিলাম। মন্থন তাহার নাম, সে কলেজের ছাত্র, পরীক্ষা ফেল করিয়া গ্রীষ্মাবকাশে ঘুরিয়া ঘুরিয়া বেড়াইতেছে, তাহার বাসার সহবাসী ছাত্রগণ সকলেই আপন আপন

বাড়ি চলিয়া গেছে। দীর্ঘ অবকাশকালে সকল ছাত্রই বাসা ছাড়িয়া পালায়, এই লোকটিকে কোন দুইগ্রহ ছুটি দিতেছে না সেটা বাহির করিতে কৃতসংকল্প হইলাম।

আমিও ছাত্র সাজিয়া তাহার বাসার এক অংশ গ্রহণ করিলাম। প্রথমদিন যখন সে আমাকে দেখিল কেমন একরকম করিয়া সে আমার মুখের দিকে চাহিল, তাহার ভাবটা ভালো বুঝিলাম না। যেন সে বিস্মিত, যেন সে আমার অভিপ্রায় বুঝিতে পারিয়াছে, এমনি একটা ভাব। বুঝিলাম, শিকারীর উপযুক্ত শিকার বটে, ইহাকে সোজাভাবে ফস্ করিয়া কায়দা করা যাইবে না।

অথচ যখন তাহার সহিত প্রণয়বন্ধনের চেষ্টা করিলাম তখন সে ধরা দিতে কিছুমাত্র দ্বিধা করিল না। কিন্তু মনে হইল, সেও আমাকে সূতীক দৃষ্টিতে দেখে, সেও আমাকে চিনিতে চায়। মনুষ্যচরিত্রের প্রতি এইরূপ সদাসতর্ক সজাগ কৌতূহল, ইহা ওস্তাদের লক্ষণ। এত অল্প বয়সে এতটা চাতুরী দেখিয়া বড়ো খুশি হইলাম।

মনে ভাবিলাম, মাঝখানে একজন রমণী না আনিলে এই অসাধারণ অকালধূর্ত ছেলোটের হৃদয়হার উদ্ঘাটন করা সহজ হইবে না।

একদিন গদগদকণ্ঠে মন্থধকে বলিলাম, “ভাই, একটি ঋীলোককে আমি ভালোবাসি, কিন্তু সে আমাকে ভালোবাসে না।”

প্রথমটা সে যেন কিছু চকিতভাবে আমার মুখের দিকে চাহিল, তাহার পর ইবৎ হাসিয়া কহিল, “এরূপ দুর্বোগ বিয়ল নহে। এইপ্রকার মজা করিবার জন্যই কৌতুকপূর্ণ বিধাতা নরনারীর প্রভেদ করিয়াছেন।”

আমি কহিলাম, “তোমার পরামর্শ ও সাহায্য চাহি।” সে সন্মত হইল।

আমি বানাইয়া বানাইয়া অনেক ইতিহাস কহিলাম; সে সাগ্রহে কৌতূহলে সমস্ত কথা শুনি, কিন্তু অধিক কথা কহিল না। আমার ধারণা ছিল, ভালোবাসার বিশেষত গর্হিত ভালোবাসার, ব্যাপার প্রকাশ করিয়া বলিলে মানুষের মধ্যে অন্তরঙ্গতা দ্রুত বাড়িয়া উঠে; কিন্তু বর্তমান ক্ষেত্রে তাহার কোনো লক্ষণ দেখা গেল না, ছোকরাটি পূর্বাপেক্ষা যেন চূপ মারিয়া গেল, অথচ সকল কথা মনে গাঁথিয়া লইল। ছেলোটের প্রতি আমার ভক্তির সীমা রহিল না।

এ দিকে মন্থধ প্রত্যহ গোপনে দ্বার রোধ করিয়া কী করে, এবং তার গোপন অভিসন্ধি কিরূপে কতদূর অগ্রসর হইতেছে আমি তাহার ঠিকানা করিতে পারিলাম না, অথচ অগ্রসর হইতেছিল তাহার সন্দেহ নাই। কী একটা নিগূঢ় ব্যাপারে সে ব্যাপৃত আছে এবং সম্প্রতি সেটা অত্যন্ত পরিপক হইয়াছে, তাহা এই নবযুবকটির মুখ দেখিবামাত্র বুঝা যাইত। আমি গোপন চাবিতে তাহার ডেস্ক খুলিয়া দেখিয়াছি, তাহাতে একটা অত্যন্ত দুর্বোধ কবিতার খাতা, কলেজের বক্তৃতার নোট এবং বাড়ির লোকের গোটাকতক অকিঞ্চিৎকর চিঠি ছাড়া আর কিছুই পাওয়া যায় নাই। কেবল বাড়ির চিঠি হইতে এই প্রমাণ হইয়াছে যে, বাড়ি ফিরিবার জন্য আত্মীয়স্বজন বারংবার প্রবল অনুরোধ করিয়াছে; তথাপি, তৎসঙ্গেও বাড়ি না যাইবার একটা সংগত কারণ অবশ্য আছে; সেটা যদি ন্যায়সংগত হইত তবে নিশ্চয় কথায় কথায় এতদিনে ফাঁস হইত, কিন্তু তাহার সম্পূর্ণ বিপরীত হইবার সম্ভাবনা থাকাতাই এই ছোকরাটির গতিবিধি এবং ইতিহাস আমার কাছে এমন নিরতিশয় ঔৎসুক্যজনক হইয়াছে— যে অসামাজিক মনুষ্যসম্প্রদায় পাতালতলে সম্পূর্ণ আত্মগোপন করিয়া এই বৃহৎ মনুষ্যসমাজকে সর্বদাই নীচের দিক হইতে দোলায়মান করিয়া রাখিয়াছে, এই বালকটি সেই বিশ্বব্যাপী বহুপুরাতন বৃহৎজাতির একটি অঙ্গ, এ সামান্য একজন স্কুলের ছাত্র নহে; এ জগৎব্যবহারিণী সর্বনাশিনীর একটি প্রলয়সহচর; আধুনিককালের চশমাপরা নিরীহ বাঙালি ছাত্রের বেশে কলেজের পাঠ অধ্যয়ন করিতেছে, নমুণধারী কাপালিক বেশে ইহার ঠৈরবতা আমার নিকট আরো ঠৈরবতর হইত না; আমি ইহাকে ভক্তি করি।

অবশেষে সম্পূর্ণ রমণীর অবতারণা করিতে হইল। পুলিশের বেতনভোগী হরিমতি আমার সহায় হইল। মন্থধকে জানাইলাম, আমি এই হরিমতির হতভাগ্য প্রণয়কাঙ্ক্ষী, ইহাকে লক্ষ্য করিয়াই আমি

কিছুদিন গোলদিঘির ধারে মন্মথের পার্শ্বচর হইয়া 'আবার গগনে কেন সুধাংশু-উদয় রে' কবিতাটি বারংবার আবৃত্তি করিলাম ; এবং হরিমতিও কতকটা অন্তরের সহিত, কতকটা লীলাসহকারে জানাইল যে, তাহার চিত্ত সে মন্মথকে সমর্পণ করিয়াছে । কিন্তু আশানুরূপ ফল হইল না, মন্মথ সুদূর নির্লিপ্ত অবিচলিত কৌতূহলের সহিত সমস্ত পর্যবেক্ষণ করিতে লাগিল ।

এমন সময় একদিন মধ্যাহ্নে তাহার ঘরের মেঝেতে একখানি চিঠির গুটিকতক ছিন্নাংশ কুড়াইয়া পাইলাম । জোড়া দিয়া দিয়া এই অসম্পূর্ণ বাক্যটুকু আদায় করিলাম, "আজ সন্ধ্যা সাতটার সময় গোপনে তোমার বাসায়"— অনেক খুঁজিয়া আর কিছু বাহির করিতে পারিলাম না ।

আমার অন্তঃকরণ পুলকিত হইয়া উঠিল ; মাটির মধ্য হইতে কোনো বিলুপ্তবংশ প্রাচীন প্রাণীর একখণ্ড হাড় পাইলে প্রত্নজীবতত্ত্ববিদের কল্পনা যেমন মহানন্দে সজাগ হইয়া উঠে আমারও সেই অবস্থা হইল ।

আমি জানিতাম, আজ রাত্রি দশটার সময় আমাদের বাসায় হরিমতির আবির্ভাব হইবার কথা আছে, ইতিমধ্যে সন্ধ্যা সাতটার সময় ব্যাপারখানা কী । ছেলেটির যেমন সাহস তেমনি তীক্ষ্ণ বুদ্ধি । যদি কোনো গোপন অপরাধের কাজ করিতে হয় তবে ঘরে যেদিন কোনো একটা বিশেষ হাঙ্গামা সেই দিন অবকাশ বুঝিয়া করা ভালো । প্রথমত প্রধান ব্যাপারের দিকে সকলের দৃষ্টি আকৃষ্ট থাকে, দ্বিতীয়ত যেদিন যেখানে কোনো বিশেষ সমাগম আছে সেদিন সেখানে কেহ ইচ্ছাপূর্বক কোনো গোপন ব্যাপারের অনুষ্ঠান করিবে ইহা কেহ সম্ভব মনে করে না ।

ইহা আমার সন্দেহ হইল যে, আমার সহিত এই নূতন বন্ধুত্ব এবং হরিমতির সহিত এই প্রেমাত্মিনয়, ইহাকেও মন্মথ আপন কার্যসিদ্ধির উপায় করিয়া লইয়াছে ; এইজন্যই সে আপনাকে ধরাও দেয় না, আপনাকে ছাড়াইয়াও লয় না । আমরা তাহাকে তাহার গোপন কার্য হইতে আড়াল করিয়া রাখিয়াছি ; সকলেই মনে করিতেছে যে, সে আমাদের লইয়াই ব্যাপৃত রহিয়াছে— সেও সে ভ্রম দূর করিতে চায় না ।

তর্কগুলা একবার ভাবিয়া দেখো । যে বিদেশী ছাত্র ছুটির সময় আত্মীয়স্বজনের অনুনয়বিনয় উপেক্ষা করিয়া শূন্য বাসায় একলা পড়িয়া থাকে, নির্জন স্থানে তাহার বিশেষ প্রয়োজন আছে এ-বিষয়ে কাহারও সংশয় থাকিতে পারে না, অথচ আমি তাহার বাসায় আসিয়া তাহার নির্জনতা ভঙ্গ করিয়াছি ; এবং একটা রমণীর অবতারণা করিয়া নূতন উপদ্রব সৃজন করিয়াছি ; কিন্তু ইহা সত্ত্বেও সে বিরক্ত হয় না, বাসা ছাড়ে না, আমাদের সঙ্গ হইতে দূরে থাকে না— অথচ হরিমতি অথবা আমার প্রতি তাহার তিলমাত্র আসক্তি জন্মে নাই ইহা নিশ্চয় সত্য, এমন-কি, তাহার অসতর্ক অবস্থায় বারংবার লক্ষ্য করিয়া দেখিয়াছি, আমাদের উভয়ের প্রতি তাহার একটা আন্তরিক ঘৃণা ক্রমেই যেন প্রবল হইয়া উঠিতেছে ।

ইহার একমাত্র তাৎপর্য এই যে, সজ্ঞতার সাফাইটুকু রক্ষা করিয়া নির্জনতার সুবিধাটুকু ভোগ করিতে হইলে আমার মতো নবপরিচিত লোককে নিকটে রাখা সর্বাপেক্ষা সদুপায় ; এবং কোনো বিষয়ে একান্তমনে লিপ্ত হওয়ার পক্ষে রমণীর মতো এমন সহজ ছুতা আর কিছু নাই । ইতিপূর্বে মন্মথের আচরণ যেরূপ নিরর্থক এবং সন্দেহজনক ছিল, আমাদের আগমনের পর তাহা সম্পূর্ণ লোপ হইল । কিন্তু এতটা দূরের কথা মুহূর্তের মধ্যে বিচার করিয়া দেখিতে পারে, এতবড়ো মতলবী লোক যে আমাদের বাংলাদেশে জন্মগ্রহণ করিতে পারে ইহা চিন্তা করিয়া আমার হৃদয় উৎসাহে পূর্ণ হইয়া উঠিল— মন্মথ কিছু যদি মনে না করিত, তবে আমি বোধ হয় তাহাকে দুই হাতে বন্ধে চাপিয়া ধরিতে পারিতাম ।

সেদিন মন্মথের সঙ্গে দেখা হইবামাত্র তাহাকে বলিলাম, "আজ তোমাকে সন্ধ্যা সাতটার সময় হোটেল খাওয়াইব সংকল্প করিয়াছি ।" শুনিয়া সে একটু চমকিয়া উঠিল, পরে আত্মসংবরণ করিয়া কহিল, "ভাই, মাপ করো, আমার পাকঘরের অবস্থা আজ বড়ো শোচনীয় ।" হোটেলের খানায় মন্মথের কখনো কোনো কারণে অনভিক্রটি দেখি নাই, আজ তাহার অন্তরিস্থিত নিশ্চয়ই নিতান্তই দুরাহ অবস্থায় উপনীত হইয়াছে ।

সেদিন সন্ধ্যায় পূর্বভাগে আমার বাসায় থাকিবার কথা ছিল না। কিন্তু আমি সেদিন গায়ে পড়িয়া নানা কথা পাড়িয়া বৈকালের দিকে কিছুতেই আর উঠিবার গা করিলাম না। মন্থ মনে মনে অস্থির হইয়া উঠিতে লাগিল, আমার সকল মতের সঙ্গেই সে সম্পূর্ণ সম্মতি প্রকাশ করিল, কোনো তর্কের কিছুমাত্র প্রতিবাদ করিল না। অবশেষে ঘড়ির দিকে দৃষ্টিপাত করিয়া ব্যাকুলচিত্তে উঠিয়া পাড়াইয়া কহিল, “হরিমতিকে আজ আনিতে যাইবে না?” আমি সচকিত ভাবে কহিলাম, “হাঁ হাঁ, সে কথা ভুলিয়া গিয়াছিলাম। তুমি, ভাই, আহারাদি প্রস্তুত করিয়া রাখো, আমি ঠিক সাড়ে দশটা রাতে তাহাকে এখানে আনিয়া উপস্থিত করিব।” এই বলিয়া চলিয়া গেলাম।

আনন্দের নেশা আমার সর্বশরীরের রক্তের মধ্যে সঞ্চার করিতে লাগিল। সন্ধ্যা সাত ঘটিকার প্রতি মন্থের যেপ্রকার ঔৎসুক্য দেখিলাম আমার ঔৎসুক্য তদপেক্ষা অল্প ছিল না, আমি আমাদের বাসার অনতিদূরে প্রচ্ছন্ন থাকিয়া প্রেয়সীসমাগমোৎকর্ষিত প্রণয়ীর ন্যায় মুহূর্মুহ ঘড়ি দেখিতে লাগিলাম। গোধূলির অন্ধকার ঘনীভূত হইয়া যখন রাজপথে গ্যাস জ্বালিবার সময় হইল এমন সময় একটি রুদ্ধদ্বার পাল্কি আমাদের বাসার মধ্যে প্রবেশ করিল। ঐ আচ্ছন্ন পাল্কিটির মধ্যে একটি অশ্রুসিক্ত অবগুষ্ঠিত পাপ, একটি মূর্তিমতী ট্র্যাজেডি কলেজের ছাত্রনিবাসের মধ্যে গুটিকতক উড়ে বেহারার স্বন্ধে চাপিয়া সমুচ্চ হাই-হাই শব্দে অত্যন্ত অনায়াসে সহজভাবে প্রবেশ করিতেছে কল্পনা করিয়া আমার সর্বশরীরে অপূর্ব পুলকসঞ্চার হইল।

আমি আর অধিক বিলম্ব করিতে পারিলাম না। অনতিকাল পরে ধীরে ধীরে সিড়ি বাহিয়া দেহতলায় উঠিলাম। ইচ্ছা ছিল গোপনে লুকাইয়া দেখিয়া শুনিয়া লইব, কিন্তু তাহা ঘটিল না; কারণ, সিড়ির সম্মুখবর্তী ঘরেই সিড়ির দিকে মুখ করিয়া মন্থ বসিয়াছিল, এবং গৃহের অপর প্রান্তে বিপরীতমুখে একটি অবগুষ্ঠিতা নারী বসিয়া মৃদুস্বরে কথা কহিতেছিল। যখন দেখিলাম মন্থ আমাকে দেখিতে পাইয়াছে, তখন দ্রুত ঘরের মধ্যে প্রবেশ করিয়াই বলিলাম, “ভাই, আমার ঘড়িটা ঘরে ফেলিয়া আসিয়াছি, তাই লইতে আসিলাম।” মন্থ এমনি অভিভূত হইয়া পড়িল যে, বোধ হইল যেন তখনই সে মাটিতে পড়িয়া যাইবে। আমি কৌতুক এবং আনন্দে নিরতিশয় ব্যগ্র হইয়া উঠিলাম; বলিলাম, “ভাই, তোমার অসুখ করিয়াছে না কি?” সে কোনো উত্তর দিতে পারিল না। তখন সেই কাষ্ঠপুস্তলিকাবৎ আড়ষ্ট অবগুষ্ঠিত নারীর দিকে ফিরিয়া জিজ্ঞাসা করিলাম, “আপনি মন্থের কে হন?” কোনো উত্তর পাইলাম না, কিন্তু দেখিলাম তিনি মন্থের কেহই হন না, আমারই স্ত্রী হন! তাহার পর কী হইল সকলে জানেন।

এই আমার ডিটেকটিভ-পদের প্রথম চোর ধরা।

আমি ক্রিয়ৎক্ষণ পরে ডিটেকটিভ মহিমচন্দ্রকে কহিলাম, “মন্থের সহিত তোমার স্ত্রীর সম্বন্ধ সমাজবিরুদ্ধ না হইতেও পারে।”

মহিম কহিল, “না হইবারই সম্ভব। আমার স্ত্রীর বাস্তব হইতে মন্থের এই চিঠিখানি পাওয়া গেছে।” বলিয়া একখানি চিঠি আমার হাতে দিল; সেখানি নিম্নে প্রকাশিত হইল—

সুচরিতাসু,

হতভাগ্য মন্থের কথা তুমি বোধ করি এতদিনে ভুলিয়া গিয়াছ। বাল্যকালে যখন কাজিবাড়ির মাতুলালয়ে যাইতাম, তখন সর্বদাই সেখান হইতে তোমাদের বাড়ি গিয়া তোমার সহিত অনেক খেলা করিয়াছি। আমাদের সে খেলাঘর এবং সে খেলার সম্পর্ক ভাঙিয়া গেছে। তুমি জান কি না বলিতে পারি না, একসময় ধৈর্যের বাধ ভাঙিয়া এবং লজ্জার মাথা খাইয়া তোমার সহিত আমার বিবাহের সম্বন্ধ-চেষ্টাও করিয়াছিলাম, কিন্তু আমাদের বয়স প্রায় এক বলিয়া উভয় পক্ষেরই কর্তারা কোনোক্রমে রাজি হইলেন না।

তাহার পর তোমার বিবাহ হইয়া গেলে চার-পাঁচ বৎসর তোমার আর কোনো সন্ধান পাই নাই। আজ পাঁচ মাস হইল তোমার স্বামী কলিকাতার পুলিশের কর্ম লইয়া শহরে বদলি হইয়াছেন, খবর

পাইয়া আমি তোমাদের বাসা সজ্জান করিয়া বাহির করিয়াছি।

তোমার সহিত সাক্ষাতের দুরাশা আমার নাই এবং অন্তর্যামী জানেন, তোমার গার্হস্থ্যসুখের মধ্যে উপভবের মতো প্রবেশলাভ করিবার দুরভিসন্ধিও আমি রাখি না। সন্ধ্যার সময় তোমাদের বাসার সম্মুখবর্তী একটি গ্যাসপোস্টের তলে আমি সূর্যোপাসকের ন্যায় দাঁড়াইয়া থাকি, তুমি ঠিক সাড়ে সাতটার সময় একটি প্রজ্বলিত কেবোসিন ল্যাম্প লইয়া প্রত্যহ নিয়মিত তোমাদের দোতলার দক্ষিণ দিকের ঘরের কাঁচের জানলাটির সম্মুখে স্থাপন কর; সেইসময় মুহূর্তকালের জন্য তোমার দীপালোকিত প্রতিমাখানি আমার দৃষ্টিপথে উদ্ভাসিত হইয়া উঠে, তোমার সম্বন্ধে আমার এই একটিমাত্র অপরাধ।

ইতিমধ্যে ঘটনাক্রমে তোমার স্বামীর সহিত আমার আলাপ এবং ক্রমে ঘনিষ্ঠতাও হইয়াছে। তাহার চরিত্র যেরূপ দেখিলাম তাহাতে বুদ্ধিতে বাকি নাই যে, তোমার জীবন সুখের নহে। তোমার প্রতি আমার কোনোপ্রকার সামাজিক অধিকার নাই, কিন্তু যে বিধাতা তোমার দুঃখকে আমার দুঃখে পরিণত করিয়াছেন তিনিই সে দুঃখমোচনের চেষ্টাভার আমার উপরেই স্থাপন করিয়াছেন।

অতএব আমার স্পর্ধা মাপ করিয়া শুক্রবার সন্ধ্যাবেলায় ঠিক সাতটার সময় গোপনে পালকি করিয়া একবার বিশ মিনিটের জন্য আমার বাসায় আসিলে আমি তোমাকে তোমার স্বামী সম্বন্ধে কতকগুলি গোপন কথা বলিতে চাই, যদি বিশ্বাস না কর এবং যদি সহ্য করিতে পার তবে তৎসম্বন্ধে প্রমাণও দেখাইতে পারি, এবং সেই সঙ্গে কতকগুলি পরামর্শ দিতেও ইচ্ছা করি; আমি ভগবানকে অন্তরে রাখিয়া আশা করিতেছি, সেই পরামর্শ মতে চলিলে তুমি একদিন সুখী হইতে পারিবে।

আমার উদ্দেশ্য সম্পূর্ণ নিঃস্বার্থ নহে। ক্ষণকালের জন্য তোমাকে সম্মুখে দেখিব, তোমার কথা শুনিব এবং তোমার চরণতলস্পর্শে আমার গৃহখানিকে চিরকালের জন্য সুখস্বপ্নমণ্ডিত করিয়া তুলিব, এ আকাঙ্ক্ষাও আমার অন্তরে আছে। যদি আমাকে বিশ্বাস না কর এবং যদি এ সুখ হইতেও আমাকে বঞ্চিত করিতে চাও, তবে সে কথা আমাকে লিখিয়ো, আমি তদুত্তরে পত্রযোগেই সকল কথা জানাইব। যদি চিঠি লিখিবার বিশ্বাসও না থাকে তবে আমার এই পত্রখানি তোমার স্বামীকে দেখাইয়ো, তাহার পরে আমার যাহা বক্তব্য তাহা তাঁহাকেই বলিব।

নিত্যশুভাকাঙ্ক্ষী
শ্রীমন্ত্রনাথ মজুমদার

আষাঢ় ১৩০৫

অধ্যাপক

প্রথম পরিচ্ছেদ

কালেজে আমার সহপাঠীসম্প্রদায়ের মধ্যে আমার একটু বিশেষ প্রতিপত্তি ছিল। সকলেই আমাকে সকল বিষয়েই সমজদার বলিয়া মনে করিত।

ইহার প্রধান কারণ, ডুল হটক আর ঠিক হটক, সকল বিষয়েই আমার একটা মতামত ছিল। অধিকাংশ লোকেই হাঁ এবং না জোর করিয়া বলিতে পারে না, আমি সেটা খুব বলিতাম।

কেবল যে আমি মতামত লইয়া ছিলাম তাহা নহে, নিজেও রচনা করিতাম; বক্তৃতা দিতাম, কবিতা লিখিতাম, সমালোচনা করিতাম, এবং সর্বপ্রকারেই আমার সহপাঠীদের স্বর্বাণ্ড ও শ্রদ্ধার পাত্র হইয়াছিলাম।

কালেজে এইরূপে শেষ পর্যন্ত আপন মহিমা মহীয়ান রাখিয়া বাহির হইয়া আসিতে পারিতাম। কিন্তু ইতিমধ্যে আমার খ্যাতিহানের শনি এক নূতন অধ্যাপকের মূর্তি ধারণ করিয়া কালেজে উদ্ভিত হইল।

আমাদের তখনকার সেই নবীন অধ্যাপকটি আজকালকার একজন সুবিখ্যাত লোক, অতএব আমার এই জীবনবৃত্তান্তে তাঁহার নাম গোপন করিলেও তাঁহার উজ্জ্বল নামের বিশেষ ক্ষতি হইবে না। আমার প্রতি তাঁহার আচরণ লক্ষ করিয়া বর্তমান ইতিহাসে তাঁহাকে বামাচরণবাবু বলিয়া ডাকা যাইবে।

ইহার বয়স যে আমাদের অপেক্ষা অধিক ছিল তাহা নহে; অল্পদিন হইল এম. এ. পরীক্ষায় প্রথম হইয়া টনি সাহেবের বিশেষ প্রশংসা লাভ করিয়া বাহির হইয়া আসিয়াছেন, কিন্তু লোকটি ব্রাহ্ম বলিয়া কেমন তাঁহাকে অত্যন্ত সুদূর এবং স্বতন্ত্র মনে হইত, আমাদের সমকালীন সমবয়স্ক বলিয়া বোধ হইত না। আমরা নবাহিন্দুর দল পরস্পরের মধ্যে তাঁহাকে ব্রহ্মদৈত্য বলিয়া ডাকিতাম।

আমাদের একটি তর্কসভা ছিল। আমি সে সভার বিক্রমাদিত্য এবং আমিই সে সভার নবরত্ন ছিলাম। আমরা ছত্রিশজন সভ্য ছিলাম, তন্মধ্যে পঁয়ত্রিশ জনকে গণনা হইতে বাদ দিলে কোনো ক্ষতি হইত না এবং অবশিষ্ট একজনের যোগ্যতা সম্বন্ধে আমার যেরূপ ধারণা উক্ত পঁয়ত্রিশ জনেরও সেইরূপ ধারণা ছিল।

এই সভার বার্ষিক অধিবেশন উপলক্ষে আমি কার্লাইলের সমালোচনা করিয়া এক ওজস্বী প্রবন্ধ রচনা করিয়াছিলাম। মনে দৃঢ় বিশ্বাস ছিল, তাহার অসাধারণত্বে শ্রোতামাত্রেরই চমৎকৃত হইবে— চমৎকৃত হইবার কথা ছিল, কারণ, আমার প্রবন্ধে কার্লাইলকে আদ্যোপান্ত নিন্দা করিয়াছিলাম।

সে অধিবেশনে সভাপতি ছিলেন বামাচরণবাবু। প্রবন্ধপাঠ শেষ হইলে আমার সহায়ী ভক্তগণ আমার মতের অসমসাহসিকতা ও ইংরাজিভাষায় বিশুদ্ধ তেজস্বিতায় বিমুগ্ধ ও নিরুত্তর হইয়া বসিয়া রহিল। কাহারও কিছু বক্তব্য নাই শুনিয়া বামাচরণবাবু উঠিয়া শাস্ত্রগম্বীর স্বরে সংক্ষেপে বুঝাইয়া দিলেন যে, আমেরিকার সুলেখক সুবিখ্যাত লাউয়েল সাহেবের প্রবন্ধ হইতে আমার প্রবন্ধটির যে-অংশ চুরি সে-অংশ অতি চমৎকার, এবং যে-অংশ আমার সম্পূর্ণ নিজের সেটুকু পরিত্যাগ করিলেই ভালো হইত।

যদি তিনি বলিতেন, লাউয়েলের সহিত নবীন প্রবন্ধলেখকের মতের এমন-কি, ভাষারও আশ্চর্য অবিকল ঐক্য দেখা যাইতেছে, তাহা হইলে তাঁহার কথাটা সত্যও হইত, অথচ অপ্রিয়ও হইত না।

এই ঘটনার পর, সহপাঠীমহলে আমার প্রতি যে অশুভ বিশ্বাস ছিল তাহাতে একটি বিদারণরেখা পড়িল। কেবল আমার চিরানুরক্ত ভক্তাগ্রগণ্য অমূল্যচরণের হৃদয়ের লেশমাত্র বিকার জন্মিল না। সে আমাকে বারংবার বলিতে লাগিল, “তোমার বিদ্যাপতি নাটকখানা ব্রহ্মদৈত্যকে গুনাইয়া দাও, দেখি সে সম্বন্ধে নিন্দুক কী বলিতে পারে।”

রাজা শিবসিংহের মহিষী লছিমাদেবীকে কবি বিদ্যাপতি ভালোবাসিতেন এবং তাঁহাকে না দেখিলে তিনি কবিতা রচনা করিতে পারিতেন না। এই মর্ম অবলম্বন করিয়া আমি একখানি পরম শোকাবহ উচ্চশ্রেণীর পদ্যনাটক রচনা করিয়াছিলাম; আমার শ্রোতৃবর্গের মধ্যে যাহারা পুরাতত্ত্বের মর্যাদা লঙ্ঘন করিতে চাহেন না তাহারা বলিতেন, ইতিহাসে এরূপ ঘটনা ঘটে নাই। আমি বলিতাম, সে ইতিহাসের দুর্ভাগ্য! ঘটিলে ইতিহাসের বেশি সরস ও সত্য হইত।

নাটকখানি যে উচ্চশ্রেণীর সে কথা আমি পূর্বেই বলিয়াছি। অমূল্য বলিত সর্বোচ্চশ্রেণীর। আমি আপনাকে যতটা মনে করিতাম, সে আবার আমাকে তাহারও চেয়ে বেশি মনে করিত। অতএব, আমার যে কী এক বিরাট রূপ তাহার চিত্রে প্রতিফলিত ছিল, আমিও তাহার ইয়ত্তা করিতে পারিতাম না।

নাটকখানি বামাচরণবাবুকে গুনাইয়া দিবার পরামর্শ আমার কাছে মন্দ লাগিল না; কারণ, সে নাটকে নিন্দাযোগ্য ছিদ্র লেশমাত্র ছিল না এইরূপ আমার সুদৃঢ় বিশ্বাস। অতএব, আর-একদিন তর্কসভার বিশেষ অধিবেশন আহূত হইল, ছাত্রবৃন্দের সমক্ষে আমি আমার নাটকখানি পাঠ করিলাম এবং বামাচরণবাবু তাহার সমালোচনা করিলেন।

সে সমালোচনাটি বিস্তারিত আকারে লিপিবদ্ধ করিবার প্রবৃত্তি আমার নাই। সংক্ষেপত, সমালোচনাটি আমার অনুকূল হয় নাই; বামাচরণবাবুর মতে নাটকগত পাত্রগণের চরিত্র ও

মনোভাব-সকল নির্দিষ্ট বিশেষত্ব প্রাপ্ত হয় নাই। বড়ো বড়ো সাধারণ ভাবের কথা আছে, কিন্তু তাহা বাষ্পবৎ অনিশ্চিত, লেখকের অন্তরের মধ্যে আকার ও জীবন প্রাপ্ত হইয়া তাহা সৃষ্টিত হইয়া উঠে নাই।

বৃষ্টির পৃচ্ছদেশেই হল থাকে, বামাচরণবাবুর সমালোচনার উপসংহারেই তীব্রতম বিষ সঞ্চিত ছিল। আসন গ্রহণ করিবার পূর্বে তিনি বলিলেন, আমার এই নাটকের অনেকগুলি দৃশ্য এবং মূলভাবটি গেটে-রচিত টাসো নাটকের অনুকরণ, এমন-কি অনেকস্থলে অনুবাদ।

এ কথার সদুত্তর ছিল। আমি বলিতে পারিতাম, হউক অনুকরণ, কিন্তু সেটা নিন্দার বিষয় নহে! সাহিত্যরাজ্যে চুরিবিদ্যা বড়ো বিদ্যা, এমন-কি, ধরা পড়িলেও। সাহিত্যের বড়ো বড়ো মহাজনগণ এই কাজ করিয়া আসিয়াছেন, এমন-কি, সেক্সপিয়রও বাদ যান না। সাহিত্যে যাহার অরিজিন্যালিটি অত্যন্ত অধিক সেই চুরি করিতে সাহস করে, কারণ, সে পরের জিনিসকে সম্পূর্ণ আপনার করিতে পারে।

ভালো ভালো এইরূপ আরো অনেক কথা ছিল, কিন্তু সেদিন বলা হয় নাই। বিনয় তাহার কারণ নহে। আসল কথা, সেদিন একটি কথাও মনে পড়ে নাই। প্রায় পাঁচ-সাতদিন পরে একে একে উত্তরগুলি দৈবাগত ব্রহ্মাস্ত্রের ন্যায় আমার মনে উদয় হইতে লাগিল; কিন্তু শত্রুপক্ষ সম্মুখে উপস্থিত না থাকাতে সে অস্ত্রগুলি আমাকেই বিধিয়া মারিল। ভাবিতাম, এ কথাগুলো অন্তত আমার ক্লাসের ছাত্রদিগকে শুনাইয়া দিব। কিন্তু উত্তরগুলি আমার সহায়ী গর্দভদিগের বুদ্ধির পক্ষে কিছু অতিমাত্র সূক্ষ্ম ছিল! তাহারা জানিত, চুরিমাগ্রেই চুরি; আমার চুরি এবং অন্যের চুরিতে যে কতটা প্রভেদ আছে তাহা বুঝিবার সামর্থ্য যদি তাহাদের থাকিত তবে আমার সহিতও তাহাদের বিশেষ প্রভেদ থাকিত না।

বি. এ. পরীক্ষা দিলাম, পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারিব তাহাতেও আমার সন্দেহ ছিল না; কিন্তু মনে আনন্দ রহিল না। বামাচরণের সেই গুটিকতক কথার আঘাতে আমার সমস্ত খ্যাতি ও আশার অপ্রভেদী মন্দির ভগ্নস্বূপ হইয়া পড়িল। কেবল আমার প্রতি অবোধ অমূল্যের শ্রদ্ধা কিছুতেই হাস হইল না; প্রভাতে যখন যশঃসূর্য আমার সম্মুখে উদিত ছিল তখনো সেই শ্রদ্ধা অতি দীর্ঘ ছায়ার ন্যায় আমার পদতললগ্ন হইয়া ছিল, আবার সায়াহ্নে যখন আমার যশঃসূর্য পশ্চাতে অস্তোন্মুখ হইল তখনো সেই শ্রদ্ধা দীর্ঘায়তন বিস্তার করিয়া আমার পদপ্রান্ত পরিত্যাগ করিল না। কিন্তু এ শ্রদ্ধায় কোনো পরিতৃপ্তি নাই, ইহা শূন্য ছায়ামাত্র, ইহা মৃৎ ভক্তহৃদয়ের মোহাক্ষকার, ইহা বুদ্ধির উজ্জ্বল রশ্মিপাত নহে।

দ্বিতীয় পরিচ্ছেদ

বাবা বিবাহ দিবার জন্য আমাকে দেশ হইতে ডাকিয়া পাঠাইলেন। আমি কিছুদিন সময় লইলাম।

বামাচরণবাবুর সমালোচনায় আমার নিজের মধ্যে একটা আত্মবিরোধ, নিজের প্রতি নিজের একটা বিদ্রোহভাব জন্মিয়াছিল। আমার সমালোচক অংশ আমার লেখক অংশকে গোপনে আঘাত দিতেছিল। আমার লেখক অংশ বলিতেছিল, আমি ইহার প্রতিশোধ লইব; আবার একবার লিখিব এবং তখন দেখিব, আমি বড়ো না আমার সমালোচক বড়ো।

মনে মনে স্থির করিলাম, বিশ্বপ্রেম, পরের জন্য আত্মবিসর্জন এবং শত্রুকে মার্জনা— এই ভাবটি অবলম্বন করিয়া গদ্যে হউক পদ্যে হউক, খুব 'সাব্বাইম'-গোছের একটা-কিছু লিখিব; বাঙালি সমালোচকদিগকে সুবৃহৎ সমালোচনার খোরাক জোগাইব।

স্থির করিলাম, একটি সুন্দর নির্জন স্থানে বসিয়া আমার জীবনের এই সর্বপ্রধান কীর্তিটির সৃষ্টিকার্য সমাধা করিব। প্রতিজ্ঞা করিলাম, অন্তত একমাসকাল বন্ধুবান্ধব পরিচিত-অপরিচিত কাহারও সহিত সাক্ষাৎ করিব না।

অমূল্যকে ডাকিয়া আমার প্ল্যান বলিলাম। সে একেবারে স্তম্ভিত হইয়া গেল, সে যেন তখনই আমার ললাটে স্বদেশের অনতিদূরবর্তী ভাবী মহিমার প্রথম অরুণ-জ্যোতি দেখিতে পাইল। গভীর

মুখে আমার হাত চাপিয়া ধরিয়া বিস্ফারিত নেত্র আমার মুখের প্রতি স্থাপন করিয়া মৃদুস্বরে কহিল, “যাও, ভাই, অমর কীর্তি অক্ষয় গৌরব অর্জন করিয়া আইস।”

আমার শরীর রোমাঞ্চিত হইয়া উঠিল ; মনে হইল, যেন আসন্নগৌরবগর্ভিত ভক্তিবিশ্বল বঙ্গদেশের প্রতিনিধি হইয়া অমৃতা এই কথাগুলি আমাকে বলিল।

অমৃতাও বড়ো কম ত্যাগস্বীকার করিল না ; সে স্বদেশের হিতের জন্য সুদীর্ঘ একমাসকাল আমার সঙ্গপ্রত্যাশা সম্পূর্ণরূপে বিসর্জন করিল। সুগভীর দীর্ঘনিশ্বাস ফেলিয়া আমার বন্ধু ট্রামে চড়িয়া তাহার কর্নওয়ালিস স্ট্রীটের বাসায় চলিয়া গেল, আমি গঙ্গার ধারে ফরাসডাঙার বাগানে অমর কীর্তি অক্ষয় গৌরব উপার্জন করিতে গেলাম।

গঙ্গার ধারে নির্জন ঘরে চিত হইয়া শুইয়া বিশ্বজনীন প্রেমের কথা ভাবিতে ভাবিতে মধ্যাহ্নে প্রগাঢ় নিদ্রাবেশ হইত, একেবারে অপরাহ্নে পাঁচটার সময় জাগিয়া উঠিতাম। তাহার পর শরীর মনটা কিছু অবসাদগ্রস্ত হইয়া থাকিত ; কোনোমতে চিত্তবিনোদন ও সময়যাপনের জন্য বাগানের পশ্চাদিকে রাজপথের ধারে একটা ছোটো কাষ্ঠাসনে বসিয়া চুপচাপ করিয়া গোরুর গাড়ি ও লোক-চলাচল দেখিতাম। নিতান্ত অসহ্য হইলে স্টেশনে গিয়া বসিতাম, টেলিগ্রাফের কাঁটা কটকট শব্দ করিত, টিকিটের ঘন্টা বাজিত, লোকসমাগম হইত, রক্তচক্ষু সহস্রপদ লৌহসরীসূপ ফুসিতে ফুসিতে আসিত, উৎকট চীৎকার করিয়া চলিয়া যাইত, লোকজনের ছড়ামুড়ি পড়িত, কিয়ৎক্ষণের জন্য কৌতুকবোধ করিতাম। বাড়ি ফিরিয়া, আহার করিয়া, সঙ্গী অভাবে সকাল-সকাল শুইয়া পড়িতাম, এবং প্রাতঃকালে সকাল-সকাল উঠিবার কিছুমাত্র প্রয়োজন না থাকাতে বেলা আট-নয়টা পর্যন্ত বিছানায় যাপন করিতাম।

শরীর মাটি হইল, বিশ্বপ্রেমেরও কোনো অঙ্কিসঙ্কি ঝুঁজিয়া পাইলাম না। কোনোকালে একা থাকা অভ্যাস না থাকাতে সঙ্গীহীন গঙ্গাতীর শূন্য শ্মশানের মতো বোধ হইতে লাগিল ; অমৃতাটাও এমনি গর্দভ যে, একদিনের জন্যও সে আপন প্রতিজ্ঞা ভঙ্গ করিল না।

ইতিপূর্বে কলিকাতায় বসিয়া ভাবিতাম, বিপুলছায়া বটবৃক্ষের তলে পা ছড়াইয়া বসিব, পদপ্রান্তে কলনাদিনী শ্রোতস্বিনী আপন-মনে বহিয়া চলিবে— মাঝখানে স্বপ্নাবিষ্ট কবি, এবং চারি দিকে তাহার ভাবরাজ্য ও বহিঃপ্রকৃতি— কাননে পুষ্প, শাখায় বিহঙ্গ, আকাশে তারা, মনের মধ্যে বিশ্বজনীন প্রেম এবং লেখনীমুখে অশ্রান্ত অজস্র ভাবশ্রোত বিচিত্র ছন্দে প্রবাহিত। কিন্তু কোথায় প্রকৃতি এবং কোথায় প্রকৃতির কবি, কোথায় বিশ্ব আর কোথায় বিশ্বপ্রেমিক ! একদিনের জন্যও বাগানে বাহির হই নাই। কাননের ফুল কাননে ফুটিত, আকাশের তারা আকাশে উঠিত, বটবৃক্ষের ছায়া বটবৃক্ষের তলে পড়িত, আমিও ঘরের ছেলে ঘরেই পড়িয়া থাকিতাম।

আত্মমাহাত্ম্য কিছুতেই প্রমাণ করিতে না পারিয়া বামাচরণের প্রতি আক্রোশ বাড়িয়া উঠিতে লাগিল।

সে সময়টাতে বাল্যবিবাহ লইয়া বাঙলার শিক্ষিতসমাজে একটা বাগ্যুক্ত বাধিয়াছিল। বামাচরণ বাল্যবিবাহের বিরুদ্ধ পক্ষে ছিলেন এবং পরস্পর শোনা গিয়াছিল যে তিনি একটি যুবতী কুমারীর প্রণয়পাশে আবদ্ধ এবং অচিরে পরিণয়পাশে বদ্ধ হইবার প্রত্যাশায় আছেন।

বিষয়টা আমার কাছে অত্যন্ত কৌতুকবহু ঠেকিয়াছিল, এবং বিশ্বপ্রেমের মহাকাব্যও ধরা দিল না, তাই বসিয়া বসিয়া বামাচরণকে নায়কের আদর্শ করিয়া কদম্বকলি মঞ্জুমদার নামক একটি কাল্পনিক যুবতীকে নায়িকা খাড়া করিয়া সুতীত্র এক প্রহসন লিখিলাম। লেখনী এই অমর কীর্তিটি প্রসব করিবার পর আমি কলিকাতা যাত্রার উদ্যোগ করিতে লাগিলাম। এমন সময় যাত্রায় ব্যাঘাত পড়িল।

তৃতীয় পরিচ্ছেদ

একদিন অপরাহ্নে স্টেশনে না গিয়া অলসভাবে বাগানবাড়ির ঘরগুলি পরিদর্শন করিতেছিলাম। আবশ্যিক না হওয়াতে ইতিপূর্বে অধিকাংশ ঘরে পদার্পণ করি নাই, বাহ্যবস্ত্র সম্বন্ধে আমার কৌতুহল বা

অভিনিবেশ লেশমাত্র ছিল না। সেদিন নিতান্তই সময়ব্যাপনের উদ্দেশে বায়ুভরে উত্তীর্ণ চ্যুতপত্রের মতো ইতস্তত ফিরিতেছিলাম।

উত্তর বিকের ঘরের দরজা খুলিবামাত্র একটি ক্ষুদ্র বারান্দায় গিয়া উপস্থিত হইলাম। বারান্দার সম্মুখেই বাগানের উত্তরসীমার প্রাচীরের গাত্রসংলগ্ন দুইটি বৃহৎ জামের গাছ মুখামুখি করিয়া দাঁড়াইয়া আছে। সেই দুইটি গাছের মধ্যবর্তী অবকাশ দিয়া আর-একটি বাগানের সুদীর্ঘ বকুলবীথির কিয়দংশ দেখা যায়।

কিন্তু সে-সময়ই আমি পরে প্রত্যক্ষ করিয়াছিলাম, তখন আমার আর-কিছুই দেখিবার অবসর হয় নাই, কেবল দেখিয়াছিলাম, একটি বোড়শী যুবতী হাতে একখানি বই লইয়া মস্তক আনমিত করিয়া পদচারণা করিতে করিতে অধ্যয়ন করিতেছে।

ঠিক সে-সময়ে কোনোরূপ তত্ত্বালোচনা করিবার ক্ষমতা ছিল না, কিন্তু কিছুদিন পরে ভাবিয়াছিলাম যে, দুঃস্বপ্ন বড়ো বড়ো বাণ শরাসন বাগাইয়া রথে চড়িয়া বনে মৃগয়া করিতে আসিয়াছিলেন, মৃগ তো মরিল না, মাঝে হইতে দৈবাৎ দশমিনিট কাল গাছের আড়ালে দাঁড়াইয়া যাহা দেখিলেন, যাহা শুনিলেন, তাহাই তাহার জীবনের সকল দেখাশুনার সেরা হইয়া দাঁড়াইল। আমিও পেন্সিল কলম এবং খাতাপত্র উদাত করিয়া কাব্যমৃগয়ায় বাহির হইয়াছিলাম, বিশ্বপ্রেম বেচারী তো পলাইয়া রক্ষা পাইল, আর আমি দুইটি জামগাছের আড়াল হইতে যাহা দেখিবার তাহা দেখিয়া লইলাম; মানুষের একটা জীবনে এমন দুইবার দেখা যায় না।

পৃথিবীতে অনেক জিনিসই দেখি নাই। জাহাজে উঠি নাই, বেলুনে চড়ি নাই, কয়লার খনির মধ্যে নামি নাই— কিন্তু আমার নিজের মানসী আদর্শের সম্বন্ধে আমি যে সম্পূর্ণ ভ্রান্ত এবং অজ্ঞ ছিলাম তাহা এই উত্তর বিকের বারান্দায় আসিবার পূর্বে সন্দেহমাত্র করি নাই। বয়স একুশ প্রায় উত্তীর্ণ হয়, ইতিমধ্যে আমার অন্তঃকরণ কল্পনাযোগবলে নারীসৌন্দর্যের একটা ধ্যানমূর্তি যে সৃজন করিয়া লয় নাই, এ কথা বলিতে পারি না। সেই মূর্তিকে নানা বেশভূষায় সজ্জিত এবং নানা অবস্থার মধ্যে স্থাপন করিয়াছি, কিন্তু কখনো সুদূর স্বপ্নেও তাহার পায়ে জুতা, গায়ে জামা, হাতে বই দেখিব এমন আশাও করি নাই, ইচ্ছাও করি নাই। কিন্তু আমার লক্ষ্মী ফাদুন-শেষের অপরাহ্নে প্রবীণ তরুশ্রেণীর আকম্পিত ঘনপল্লববিতানে দীর্ঘনিপতিত ছায়া এবং আলোক-রেখাঙ্কিত পুষ্পবনপথে, জুতা পায়ে দিয়া, জামা গায়ে দিয়া, বই হাতে করিয়া, দুইটি জামগাছের আড়ালে অকস্মাৎ দেখা দিলেন— আমিও কোনো কথাটি কহিলাম না।

দুই মিনিটের বেশি আর দেখা গেল না। নানা ছিত্র দিয়া দেখিবার নানা চেষ্টা করিয়াছিলাম কিন্তু কোনো ফল পাই নাই। সেইদিন প্রথম সন্ধ্যার প্রাক্কালে বটবৃক্ষতলে প্রসারিত চরণে বসিলাম— আমার চোখের সম্মুখে পরপারের ঘনীভূত তরুশ্রেণীর উপর সন্ধ্যাতারা প্রশান্ত স্মিতহাস্যে উদ্ভিত হইল, এবং দেখিতে দেখিতে সন্ধ্যাত্রী আপন নাথহীন বিপুল নির্জন বাসরগৃহের দ্বার খুলিয়া দিয়া নিঃশব্দে দাঁড়াইয়া রহিল।

যে বইখানি তাহার হাতে দেখিয়াছিলাম সেটা আমার পক্ষে একটা নূতন রহস্য নিকেতন হইয়া দাঁড়াইল। ভাবিতে লাগিলাম, সেটা কী বই। উপন্যাস অথবা কাব্য? তাহার মধ্যে কী ভাবের কথা আছে। যে পাতাটি খোলা ছিল এবং যাহার উপরে সেই অপরাহ্নবেলার ছায়া ও রবিরশ্মি, সেই বকুলবনের পল্লবমর্মর এবং সেই যুগলচক্ষুর ঔৎসুক্যপূর্ণ স্থিরদৃষ্টি নিপতিত হইয়াছিল, ঠিক সেই পাতাটিতে গল্পের কোন্ অংশ, কাব্যের কোন্ রসটুকু প্রকাশ পাইতেছিল। সেইসঙ্গে ভাবিতে লাগিলাম, ঘনমুক্ত কেশজালের অঙ্ককারচ্ছায়াতলে সুকুমার ললাটমণ্ডপটির অভ্যন্তরে বিচিত্র ভাবের আবেশ কেমন করিয়া লীলায়িত হইয়া উঠিতেছিল, কুমারীহৃদয়ের নিভৃত নির্জনতার উপরে নব নব কাব্যমায়া কী অপূর্ব সৌন্দর্যলোক সৃজন করিতেছিল— অর্ধেক রাত্রি ধরিয়া এমন কত কী ভাবিয়াছিলাম তাহা পরিশ্রুটরূপে ব্যক্ত করা অসম্ভব।

কিন্তু, সে যে কুমারী এ কথা আমাকে কে বলিল। আমার বহুপূর্ববর্তী প্রেমিক দুঃস্বপ্নকে

পরিচয়লাভের পূর্বেই যিনি শকুন্তলা সম্বন্ধে আশ্বাস দিয়াছিলেন, তিনিই । তিনি মনের বাসনা ; তিনি মানুষকে সত্য মিথ্যা জের কথা অজ্ঞপ্র বলিয়া থাকেন ; কোনোটা খাটে, কোনোটা খাটে না, দুব্যস্তের এবং আমারটা খাটিয়া গিয়াছিল ।

আমার এই অপরিচিতা প্রতিবেশিনী বিবাহিতা কি কুমারী কি ব্রাহ্মণ কি শূদ্র, সে সংবাদ লওয়া আমার পক্ষে কঠিন ছিল না, কিন্তু তাহা করিলাম না, কেবল নীরব চকোরের মতো বহুসহস্র যোজন দূর হইতে আমার চন্দ্রমণ্ডলটিকে বেটন করিয়া করিয়া উর্ধ্বকণ্ঠে নিরীক্ষণ করিবার চেষ্টা করিলাম ।

পরদিন মধ্যাহ্নে একখানি ছোটো নৌকা ভাড়া করিয়া তীরের দিকে চাহিয়া জোয়ার বাহিয়া চলিলাম, মালাদিগকে দাঁড় টানিতে নিষেধ করিয়া দিলাম ।

আমার শকুন্তলার তপোবনকুটিরটি গঙ্গার ধারেই ছিল । কুটিরটি ঠিক কণ্ঠের কুটিরের মতো ছিল না ; গঙ্গা হইতে ঘাটের সিঁড়ি বৃহৎ বাড়ির বারান্দার উপর উঠিয়াছে, বারান্দাটি ঢালু কাঠের ছাদ দিয়া ছায়াময় ।

আমার নৌকাটি যখন নিঃশব্দে ঘাটের সম্মুখে ভাসিয়া আসিল, দেখিলাম আমার নবযুগের শকুন্তলা বারান্দার ভূমিতলে বসিয়া আছেন ; পিঠের দিকে একটা চৌকি, চৌকির উপরে গোটাকতক বই রহিয়াছে, সেই বইগুলির উপরে তাহার খোলা চুল স্তূপাকারে ছড়াইয়া পড়িয়াছে, তিনি সেই চৌকিতে ঠেস দিয়া উর্ধ্বমুখ করিয়া উত্তোলিত বাম বাহুর উপর মাথা রাখিয়াছেন, নৌকা হইতে তাহার মুখ অদৃশ্য, কেবল সুকোমল কণ্ঠের একটি সুকুমার বক্ররেখা দেখা যাইতেছে, খোলা দুইখানি পদপদ্মবের একটি ঘাটের উপরের সিঁড়িতে এবং একটি তাহার নীচের সিঁড়িতে প্রসারিত, শাড়ির কালো পাড়টি বাঁকা হইয়া পড়িয়া সেই দুটি পা বেটন করিয়া আছে । একখানা বই মনোযোগহীন শিথিল দক্ষিণ হস্ত হইতে শস্ত হইয়া ভূতলে পড়িয়া রহিয়াছে । মনে হইল, যেন মূর্তিমতী মধ্যাহ্নলক্ষ্মী ! সহসা দিবসের কর্মের মাঝখানে একটি নিস্পন্দসুন্দরী অবসরপ্রতিমা । পদতলে গঙ্গা, সম্মুখে সুদূর পরপার এবং উর্ধ্বে তীব্রতাপিত নীলাম্বর তাহাদের সেই অন্তরাঙ্কারূপিণীর দিকে, সেই দুটি খোলা পা, সেই অলসবিন্যস্ত বাম বাহু, সেই উৎকৃষ্ট বক্রিম কণ্ঠরেখার দিকে নিরতিশয় নিস্তব্ধ একাগ্রতার সহিত নীরবে চাহিয়া আছে ।

যতক্ষণ দেখা যায় দেখিলাম, দুই সজলপদ্মব নেত্রপাতের দ্বারা দুইখানি চরণপদ্ম বারংবার নিছিয়া মুছিয়া লইলাম ।

অবশেষে নৌকা যখন দূরে গেল, মাঝখানে একটা তীরতরুর আড়াল আসিয়া পড়িল, তখন হঠাৎ যেন কী একটা ক্রটি স্মরণ হইল, চমকিয়া মাঝিকে কহিলাম, “মাঝি, আজ আর আমার হুগলি যাওয়া হইল না, এইখান হইতেই বাড়ি ফেরো ।” কিন্তু ফিরিবার সময় উজ্জানে দাঁড় টানিতে হইল, সেই শব্দে আমি সংকুচিত হইয়া উঠিলাম । সেই দাঁড়ের শব্দে যেন এমন কাহাকে আঘাত করিতে লাগিল যাহা সচেতন সুন্দর সুকুমার, যাহা অনন্ত-আকাশ-ব্যাপী অথচ একটি হরিণশাবকের মতো ভীক । নৌকা যখন ঘাটের নিকটবর্তী হইল তখন দাঁড়ের শব্দে আমার প্রতিবেশিনী প্রথমে ধীরে মুখ তুলিয়া মৃদু কৌতূহলের সহিত আমার নৌকার দিকে চাহিল, মুহূর্ত পরেই আমার ব্যগ্রব্যাকুল দৃষ্টি দেখিয়া সে চকিত হইয়া গৃহমধ্যে চলিয়া গেল ; আমার মনে হইল, আমি যেন তাহাকে আঘাত করিলাম, যেন কোথায় তাহার বাজিল !

তাড়াতাড়ি উঠিবার সময় তাহার ক্রোড় হইতে একটি অর্ধদষ্ট স্বল্পপক পেয়ারা গড়াইতে গড়াইতে নিম্ন সোপানে আসিয়া পড়িল, সেই দর্শনচিহ্নিত অধরচূষিত ফলটির জন্য আমার সমস্ত অন্তঃকরণ উৎসুক হইয়া উঠিল, কিন্তু মাঝিমালাদের লজ্জায় তাহা দূর হইতে নিরীক্ষণ করিতে করিতে চলিয়া গেলাম । দেখিলাম, উত্তরোত্তর লোলুপায়মান জোয়ারের জল ছলছল লুক শব্দে তাহার লোল রসনার দ্বারা সেই ফলটিকে আয়ত্ত করিবার জন্য বারংবার উন্মুখ হইয়া উঠিতেছে, আধ ঘণ্টার মধ্যে তাহার নির্লজ্জ অধ্যবসায় চরিতার্থ হইবে ইহাই কল্পনা করিয়া ক্লিষ্টচিত্তে আমি আমার বাড়ির ঘাটে আসিয়া উত্তীর্ণ হইলাম ।

বটবৃক্ষছায়ায় পা ছড়াইয়া দিয়া সমস্তদিন স্বপ্ন দেখিতে লাগিলাম, দুইখানি সুকোমল পদপল্লবের তলে বিশ্বপ্রকৃতি মাথা নত করিয়া পড়িয়া আছে— আকাশ আলোকিত, ধরণী পুলকিত, বাতাস উতলা, তাহারই মধ্যে দুইখানি অনাবৃত চরণ স্থির নিষ্পন্দ সুন্দর ; তাহারা জানেও না যে, তাহাদেরই রেণুকণার মাদকতায় তপ্তযৌবন নববসন্ত দিগ্বিদিকে রোমাঞ্চিত হইয়া উঠিতেছে ।

ইতিপূর্বে প্রকৃতি আমার কাছে বিক্লিষ্ট বিচ্ছিন্ন ছিল, নদী বন আকাশ সমস্তই স্বতন্ত্র ছিল । আজ সেই বিশাল বিপুল বিকীরণতার মাঝখানে একটি সুন্দরী প্রতিমূর্তি দেখা দিবামাত্র তাহা অবয়ব ধারণ করিয়া এক হইয়া উঠিয়াছে । আজ প্রকৃতি আমার কাছে এক ও সুন্দর, সে আমাকে অহরহ মুকভাবে অনুনয় করিতেছে, “আমি মৌন, তুমি আমাকে ভাষা দেও, আমার অন্তঃকরণে যে-একটি অব্যক্ত স্তব উৎখিত হইতেছে তুমি তাহাকে ছন্দে লয়ে তানে তোমার সুন্দর মানবভাষায় ধ্বনিত করিয়া তোলো !”

প্রকৃতির সেই নীরব অনুনয়ে আমার হৃদয়ের সমস্ত তন্ত্রী বাজিতে থাকে । বারংবার কেবল এই গান শুনি, “হে সুন্দরী, হে মনোহারিণী, হে বিশ্বজয়িনী, হে মনপ্রাণপতঙ্গের একটিমাত্র দীপশিখা, হে অপারিসীম জীবন, হে অনন্তমধুর মৃত্যু !” এ গান শেষ করিতে পারি না, সংলগ্ন করিতে পারি না ; ইহাকে আকারে পরিস্ফুট করিতে পারি না, ইহাকে ছন্দে গাঁথিয়া ব্যক্ত করিয়া বলিতে পারি না ; মনে হয়, আমার অন্তরের মধ্যে জোয়ারের জলের মতো একটা অনির্বচনীয় অপরিমেয় শক্তির সঞ্চার হইতেছে, এখনো তাহাকে আয়ত্ত করিতে পারিতেছি না, যখন পারিব তখন আমার কণ্ঠ অকস্মাৎ দিব্য সংগীতে ধ্বনিত, আমার ললাট অলৌকিক আভায় আলোকিত হইয়া উঠিবে ।

এমন সময় একটি নৌকা পরপারের নৈহাটি স্টেশন হইতে পার হইয়া আমার বাগানের ঘাটে আসিয়া লাগিল । দুই স্বক্কের উপরে কোঁচানো চাদর ঝলাইয়া ছাতাটি কক্ষে লইয়া হাস্যমুখে অমূল্য নামিয়া পড়িল । অকস্মাৎ বন্ধুকে দেখিয়া আমার মনে যেরূপ ভাবোদয় হইল, আশা করি, শত্রুর প্রতিও কাহারও যেন সেইরূপ না ঘটে । বেলা প্রায় দুইটার সময় আমাকে সেই বটের ছায়ায় নিতান্ত ক্ষিপ্তের মতো বসিয়া থাকিতে দেখিয়া অমূল্যর মনে ভারি একটা আশার সঞ্চার হইল । পাছে বঙ্গদেশের ভবিষ্যৎ সর্বশ্রেষ্ঠ কাব্যের কোনো-একটা অংশ তাহার পদশব্দে সচকিত হইয়া বন্য রাজহংসের মতো একেবারে জলের মধ্যে গিয়া পড়ে সেই ভয়ে সে সসংকোচে মৃদুমন্দগমনে আসিতে লাগিল ; দেখিয়া আমার আরো রাগ হইল, কিঞ্চিৎ অধীর হইয়া কহিলাম, “কী হে অমূল্য, ব্যাপারখানা কী ! তোমার পায়ে কাঁটা ফুটিল নাকি ।” অমূল্য ভাবিল, আমি খুব একটা মজার কথা বলিলাম ; হাসিতে হাসিতে কাছে আসিয়া তরুতল কোঁচা দিয়া বিশেষরূপে ঝাড়িয়া লইল, পকেট হইতে একটি রুমাল লইয়া ভাঁজ খুলিয়া বিছাইয়া তাহার উপরে সাবধানে বসিল, কহিল, “যে প্রহসনটা লিখিয়া পাঠাইয়াছ সেটা পড়িয়া হাসিয়া বাঁচি না ।” বলিয়া তাহার স্থানে স্থানে আবৃত্তি করিতে করিতে হাস্যোচ্চ্বাসে তাহার নিশ্বাসরোধ হইবার উপক্রম হইল । আমার এমনি মনে হইল যে, যে কলমে সেই প্রহসনটা লিখিয়াছিলাম, সেটা যে গাছের কাষ্ঠদণ্ডে নির্মিত সেটাকে শিকড়সুদ্ধ উৎপাটন করিয়া মস্ত একটা আগুন করিয়া প্রহসনটাকে ছাই করিয়া ফেলিলেও আমার খেদ মিটিবে না ।

অমূল্য সসংকোচে জিজ্ঞাসা করিল, “তোমার সে কাব্যের কতদূর ।” শুনিয়া আরও আমার গা জ্বলিতে লাগিল, মনে মনে কহিলাম, ‘যেমন আমার কাব্য তেমনি তোমার বুদ্ধি !’ মুখে কহিলাম, “সে-সব পরে হইবে ভাই, আমাকে অনর্থক ব্যস্ত করিয়া তুলিয়ো না ।”

অমূল্য লোকটা কৌতূহলী, চারি দিক পর্যবেক্ষণ না করিয়া সে থাকিতে পারে না, তাহার ভয়ে আমি উত্তরের দরজাটা বন্ধ করিয়া দিলাম । সে আমাকে জিজ্ঞাসা করিল, “ও দিকে কী আছে হে ।” আমি বলিলাম, “কিছু না !” এতবড়ো মিথ্যা কথাটা আমার জীবনে আর কখনো বলি নাই ।

দুটা দিন আমাকে নানা প্রকারে বিদ্ধ করিয়া, দঙ্ক করিয়া, তৃতীয় দিনের সন্ধ্যার টেনে অমূল্য চলিয়া গেল । এই দুটা দিন আমি বাগানের উত্তরের দিকে যাই নাই, সে দিকে নেত্রপাতমাত্র করি নাই, কৃপণ যেমন তাহার রত্নভাণ্ডারটি লুকাইয়া বেড়ায় আমি তেমনি করিয়া আমার উত্তরের সীমানার বাগানটি সামলাইয়া বেড়াইতেছিলাম । অমূল্য চলিয়া যাইবামাত্র একেবারে ছুটিয়া দ্বার খুলিয়া দোতলার ঘরের

উত্তরের বারান্দায় বাহির হইয়া পড়িলাম। উপরে উন্মুক্ত আকাশে প্রথম কৃষ্ণপঙ্কে অপর্যাপ্ত জ্যোৎস্না ; নিম্নে শাখাজালনিবন্ধ তরুশ্রেণীতলে খণ্ডকিরণখচিত একটি গভীর নিভৃত প্রদোষাকার ; মমরিত ঘনপল্লবের দীর্ঘনিশ্বাসে, তরুতলবিচ্যুত বকুলফুলের নিবিড় সৌরভে এবং সঙ্ঘ্যারণের স্তম্ভিত সংঘত নিঃশব্দতায় তাহা রোমে রোমে পরিপূর্ণ হইয়াছিল। তাহারই মাঝখানটিতে আমার কুমারী প্রতিবেশিনী তাহার ষেতমন্ত্র বৃদ্ধ পিতার দক্ষিণ হস্ত ধরিয়া ধীরে ধীরে পদচারণা করিতে করিতে কী কথা কহিতেছিল— বৃদ্ধ সন্নেহে অথচ শ্রদ্ধাভরে ঈষৎ অবনমিত হইয়া নীরবে মনোযোগসহকারে শুনিতেন। এই পবিত্র স্নিগ্ধ বিশ্রান্তালাপে ব্যাঘাত করিবার কিছুই ছিল না, সঙ্ঘ্যাকালের শাস্ত নদীতে কচিং দাঁড়ের শব্দ সুদূরে বিলীন হইতেছিল এবং অবিরল তরুশাখার অসংখ্য নীড়ে দুটি-একটি পাখি দৈবাৎ কক্ষিক মৃদুকাকলিতে জাগিয়া উঠিতেছিল। আমার অন্তঃকরণ আনন্দে অথবা বেদনায় যেন বিদীর্ণ হইবে মনে হইল। আমার অস্তিত্ব যেন প্রসারিত হইয়া সে ছায়ালোকবিচিত্র ধরণীতলের সহিত এক হইয়া গেল, আমি যেন আমার বক্ষঃস্থলের উপর ধীরবিক্ষিপ্ত পদচারণা অনুভব করিতে লাগিলাম, যেন তরুপল্লবের সহিত সংলগ্ন হইয়া গিয়া আমার কানের কাছে মধুর মৃদুগুঞ্জনধ্বনি শুনিত পাইলাম। এই বিশাল মৃত প্রকৃতির অন্তর্বেদনা যেন আমার সর্বশরীরের অস্থিগুলির মধ্যে কুহরিত হইয়া উঠিল ; আমি যেন বৃষ্টিতে পারিলাম, ধরণী পায়ের নীচে পড়িয়া থাকে, অথচ পা জড়াইয়া ধরিতে পারে না বলিয়া ভিতরে ভিতরে কেমন করিতে থাকে, নতশাখা বনস্পতিগুলি কথা শুনিত পায় অথচ কিছুই বৃষ্টিতে পারে না বলিয়া সমস্ত শাখায় পল্লবে মিলিয়া কেমন উর্ধ্বশ্বাসে উন্মাদ কলশকে হাহাকার করিয়া উঠিতে চাহে। আমিও আমার সর্বান্তে সর্বান্তঃকরণে ঐ পদবিক্ষেপ, ঐ বিশ্রান্তালাপ, অব্যবহিতভাবে অনুভব করিতে লাগিলাম কিন্তু কোনোমতেই ধরিতে পারিলাম না বলিয়া ঝুরিয়া ঝুরিয়া মরিতে লাগিলাম।

পরদিনে আমি আর থাকিতে পারিলাম না। প্রাতঃকালে আমার প্রতিবেশীর সহিত সাক্ষাৎ করিতে গেলাম। ভবনাথবাবু তখন বড়ো এক পেয়ালা চা পাশে রাখিয়া চোখে চশমা দিয়া নীলপেলিলে-মাগ-করা একখানা হ্যামিলটনের পুরাতন পুঁথি মনোযোগ দিয়া পড়িতেছিলেন। আমি ঘরে প্রবেশ করিলে চশমার উপরিভাগ হইতে আমাকে কিয়ৎকণ অন্যমনস্কভাবে দেখিলেন, বই হইতে মনটাকে এক মুহূর্তে প্রত্যাহরণ করিতে পারিলেন না। অবশেষে অকস্মাৎ সচকিত হইয়া ব্রহ্মভাবে আতিথ্যের জন্য প্রস্তুত হইয়া উঠিলেন। আমি সংক্ষেপে আত্মপরিচয় দিলাম। তিনি এমনি শশব্যস্ত হইয়া উঠিলেন যে চশমার খাপ খুঁজিয়া পাইলেন না। খামকা বলিলেন, “আপনি চা খাইবেন ?” আমি যদিচ চা খাই না, তথাপি বলিলাম, “আপন্থি নাই।” ভবনাথবাবু ব্যস্ত হইয়া উঠিয়া ‘কিরণ’ ‘কিরণ’ বলিয়া ডাকিতে লাগিলেন। দ্বারের নিকট অত্যন্ত মধুর শব্দ শুনিলাম, “কী, বাবা।” ফিরিয়া দেখিলাম, তাপসকণ্ঠদুহিতা সহসা আমাকে দেখিয়া ব্রহ্ম হরিণীর মতো পলায়নোদ্ভূতা হইয়াছেন। ভবনাথবাবু তাঁহাকে ফিরিয়া ডাকিলেন ; আমার পরিচয় দিয়া কহিলেন, “ইনি আমাদের প্রতিবেশী মহীন্দ্রকুমার বাবু।” এবং আমাকে কহিলেন, “ইনি আমার কন্যা কিরণবাবা।” আমি কী করিব ভাবিয়া পাইতেছিলাম না, ইতিমধ্যে কিরণ আমাকে আনন্দসুন্দর নমস্কার করিলেন। আমি তাড়াতাড়ি ক্রটি সারিয়া লইয়া তাহা শোধ করিয়া দিলাম। ভবনাথবাবু কহিলেন, “মা, মহীন্দ্রবাবুর জন্য এক পেয়ালা চা আনিয়া দিতে হইবে।” আমি মনে মনে অত্যন্ত সংকুচিত হইয়া উঠিলাম কিন্তু মুখ ফুটিয়া কিছু বলিবার পূর্বেই কিরণ ঘর হইতে বাহির হইয়া গেলেন। আমার মনে হইল, যেন কৈলাসে সনাতন ভোলানাথ তাহার কন্যা স্বয়ং লক্ষ্মীকে অতিথির জন্য এক পেয়ালা চা আনিতে বলিলেন ; অতিথির পক্ষে সে নিশ্চয়ই অমিশ্র অমৃত হইবে, কিন্তু তবু, কাছাকাছি নন্দী ভূঙ্গী কোনো বেটাই কি হাজির ছিল না।

চতুর্থ পরিচ্ছেদ

ভবনাথবাবুর বাড়ি আমি এখন নিত্য অতিথি। পূর্বে চা জিনিসটাকে অত্যন্ত ডরাইতাম, এক্ষণে সকালে বিকালে চা খাইয়া খাইয়া আমার চায়ের নেশা ধরিয়া গেল।

আমাদের বি. এ. পরীক্ষার জন্য জার্মানপণ্ডিত-বিরচিত দর্শনশাস্ত্রের নব্য-ইতিহাস আমি সদ্য পাঠ করিয়া আসিয়াছিলাম, তদুপলক্ষে ভবনাথবাবুর সহিত কেবল দর্শন-আলোচনার জন্যই আসিতাম, কিছুদিন এইপ্রকার ভান করিলাম। তিনি হ্যামিলটন প্রভৃতি কতকগুলি সেকাল-প্রচলিত ব্রাহ্ম পুঁথি লইয়া এখনো নিযুক্ত রহিয়াছেন, ইহাতে তাঁহাকে আমি কৃপাপাত্র মনে করিতাম, এবং আমার নূতন বিদ্যা অত্যন্ত আড়ম্বরের সহিত জাহির করিতে ছাড়িতাম না। ভবনাথবাবু এমনি ভালোমানুষ, এমনি সকল বিষয়ে সসংকোচ যে, আমার মতো অল্পবয়স্ক যুবকের মুখ হইতেও সকল কথা মানিয়া যাইতেন, তিলমাত্র প্রতিবাদ করিতে হইলে অস্থির হইয়া উঠিতেন, ভয় করিতেন পাছে আমি কিছুতে ক্ষুব্ধ হই। কিরণ আমাদের এই-সকল তত্ত্বালোচনার মাঝখান হইতেই কোনো ছুতায় উঠিয়া চলিয়া যাইত। তাহাতে আমার যেমন ক্ষোভ জন্মিত তেমনি আমি গর্বও অনুভব করিতাম। আমাদের আলোচ্য বিষয়ের দুরূহ পাণ্ডিত্য কিরণের পক্ষে দুঃসহ; সে যখন মনে মনে আমার বিদ্যাপর্বতের পরিমাপ করিত তখন তাহাকে কত উচ্চই চাহিতে হইত।

কিরণকে যখন দূর হইতে দেখিতাম তখন তাহাকে শকুন্তলা দময়ন্তী প্রভৃতি বিচিত্র নামে এবং বিচিত্র ভাবে জানিতাম, এখন ঘরের মধ্যে তাহাকে 'কিরণ' বলিয়া জানিলাম, এখন আর সে জগতের বিচিত্র নায়িকার ছায়ারূপিণী নহে, এখন সে একমাত্র কিরণ। এখন সে শতশতাব্দীর কাব্যলোক হইতে অবতীর্ণ হইয়া, অনন্তকালের যুবকচিস্তের স্বপ্নস্বর্গ পরিহার করিয়া, একটি নির্দিষ্ট বাঙালিঘরের মধ্যে কুমারী-কন্যারূপে বিরাজ করিতেছে। সে আমারই মাতৃভাষায় আমার সঙ্গে অত্যন্ত সাধারণ ঘরের কথা বলিয়া থাকে, সামান্য কথায় সরলভাবে হাসিয়া উঠে, সে আমাদেরই ঘরের মেয়ের মতো দুই হাতে দুটি সোনার বালা পরিয়া থাকে, গলার হারটি বেশি কিছু নয় কিন্তু বড়ো সুমিষ্ট, শাড়ির প্রান্তটি কখনো কবরীর উপরিভাগ ঝুকিয়া বেঁটন করিয়া আসে কখনো-বা পিড়গৃহের অনভ্যাসবশত চ্যুত হইয়া পড়িয়া যায়, ইহা আমার কাছে বড়ো আনন্দের। সে যে অকাল্পনিক, সে যে সত্য, সে যে কিরণ, সে যে তাহা ব্যতীত নহে এবং তাহার অধিক নহে, এবং যদিচ সে আমার নহে তবুও সে যে আমাদের, সেজন্য আমার অন্তঃকরণ সর্বদাই তাহার প্রতি উচ্ছ্বসিত কৃতজ্ঞতারসে অভিভুক্ত হইতে থাকে।

একদিন জ্ঞানমাত্রেরই আপেক্ষিকতা লইয়া ভবনাথবাবুর নিকট অত্যন্ত উৎসাহসহকারে বাচালতা প্রকাশ করিতেছিলাম; আলোচনা কিয়দ্দূর অগ্রসর হইবামাত্র কিরণ উঠিয়া গেল এবং অনতিকাল পরেই সম্মুখের বারান্দায় একটা তোলা উনান এবং ঝাধিবার সরঞ্জাম আনিয়া রাখিয়া, ভবনাথবাবুকে ডরুসনা করিয়া বলিল, "বাবা, কেন তুমি মহীন্দ্রবাবুকে ঐ-সকল শক্ত কথা লইয়া বৃথা বকাইতেছ। আসুন মহীন্দ্রবাবু, তার চেয়ে আমার রান্নায় বোগ দিলে কাজে লাগিবে।"

ভবনাথবাবুর কোনো দোষ ছিল না, এবং কিরণ তাহা অবগত ছিল। কিন্তু ভবনাথবাবু অপরাধীর মতো অনুতপ্ত হইয়া ঈষৎ হাসিয়া বলিলেন, "তা বটে! আচ্ছা ও কথাটা আর-একদিন হইবে।" এই বলিয়া নিরুদ্বেগচিত্তে তিনি তাঁহার নিত্যনিয়মিত অধ্যয়নে নিযুক্ত হইলেন।

আবার আর-একদিন অপরাহ্নে আর-একটা গুরুতর কথা পাড়িয়া ভবনাথবাবুকে স্তম্ভিত করিয়া দিতেছি এমন সময় ঠিক মাঝখানে আসিয়া কিরণ কহিল, "মহীন্দ্রবাবু, অবলাকে সাহায্য করিতে হইবে। দেয়ালে লতা চড়াইব, নাগাল পাইতেছি না, আপনাকে এই পেরেকগুলি মারিয়া দিতে হইবে।" আমি উৎফুল্ল হইয়া উঠিয়া গেলাম, ভবনাথবাবুও প্রফুল্লমনে পড়িতে বসিলেন।

এমনি প্রায় যখনই ভবনাথবাবুর কাছে আমি ভারী কথা পাড়িবার উপক্রম করি, কিরণ একটা-না-একটা কাজের ছুতা ধরিয়া ভঙ্গ করিয়া দেয়। ইহাতে আমি মনে-মনে পুলকিত হইয়া উঠিতাম, আমি বৃষ্টিতাম যে, কিরণের কাছে আমি ধরা পড়িয়াছি; সে কেমন করিয়া বৃষ্টিতে পারিয়াছে যে, ভবনাথবাবুর সহিত তত্ত্বালোচনা আমার জীবনের চরম সুখ নহে।

বাহ্যবস্তুর সহিত আমাদের ইন্দ্রিয়বোধের সঙ্ঘর্ষ নির্গর করিতে গিয়া যখন দুরূহ রহস্যরসাতলের ব্রূহ্মপথে অবতীর্ণ হইয়াছি এমন সময় কিরণ আসিয়া বলিত, "মহীন্দ্রবাবু, রান্নাঘরের পাশে আমার বেগুনের খেত আপনাকে দেখাইয়া আনিগে, চলুন।"

আকাশকে অসীম মনে করা কেবল আমাদের অনুমানমাত্র, আমাদের অভিজ্ঞতা ও কল্পনাশক্তির বাহিরে কোথাও কোনো-একরূপে তাহার সীমা থাকা কিছুই অসম্ভব নহে, ইত্যাকার মস্তব্য প্রকাশ করিতেছি, এমন সময় কিরণ আসিয়া বলিত, “মহীন্দ্রবাবু, দুটো আম পাকিয়াছে, আপনাকে ডাল নামাইয়া ধরিতে হইবে।”

কী উচ্চার, কী মুক্তি ! অকূল সমুদ্রের মাঝখান হইতে এক মুহূর্তে কী সুন্দর কূলে আসিয়া উঠিতাম । অনন্ত আকাশ ও বাহ্যবস্তু সম্বন্ধে সংশয়জ্ঞান যতই দূশ্ছেদ্য জটিল হউক-না কেন, কিরণের বেগনের খেত বা আমতলা সম্বন্ধে কোনোপ্রকার দুরূহতা ও সন্দেহের লেশমাত্র ছিল না । কাব্যে বা উপন্যাসে তাহা উল্লেখযোগ্য নহে কিন্তু জীবনে তাহা সমুদ্রবেষ্টিত দ্বীপের ন্যায় মনোহর । মাটিতে পা ঠেকা যে কী আরাম তাহা সে-ই জানে যে বহুক্ষণ জলের মধ্যে সাঁতার দিয়াছে । আমি এতদিন কল্পনায় যে প্রেমসমুদ্র সৃজন করিয়াছিলাম তাহা যদি সত্য হইত তবে সেখানে চিরকাল যে কী করিয়া ভাসিয়া বেড়াইতাম তাহা বলিতে পারি না । সেখানে আকাশও অসীম, সমুদ্রও অসীম, সেখান হইতে আমাদের প্রতিদ্বন্দ্বের বিচিত্র জীবনযাত্রার সীমাবদ্ধ ব্যাপার একেবারে নির্বাসিত, সেখানে তুচ্ছতার লেশমাত্র নাই, সেখানে কেবল ছন্দে লয়ে সংগীতে ভাব ব্যক্ত করিতে হয়, এবং তলাইতে গেলে কোথাও তল পাওয়া যায় না । কিরণ সেখান হইতে মজ্জমান এই হতভাগ্যের কেশপাশ ধরিয়া যখন তাহার আমতলায় তাহার বেগনের খেতে টানিয়া তুলিল তখন পায়ের তলায় মাটি পাইয়া আমি ঝাঁচিয়া গেলাম । আমি দেখিলাম, বারান্দায় বসিয়া খিচুড়ি ঝাঁধিয়া, মই চড়িয়া দেয়ালে পেরেক মারিয়া, লেবুগাছে ঘনসবুজ পত্ররাশির মধ্য হইতে সবুজ লেবুফল সন্ধান করিতে সাহায্য করিয়া অভাবনীয় আনন্দ লাভ করা যায়, অথচ সে আনন্দলাভের জন্য কিছুমাত্র প্রয়াস পাইতে হয় না— আপনি যে কথা মুখে আসে, আপনি যে হাসি উচ্ছ্বসিত হইয়া ওঠে, আকাশ হইতে যতটুকু আলো আসে এবং গাছ হইতে যতটুকু ছায়া পড়ে তাহাই যথেষ্ট । ইহা ছাড়া আমার কাছে একটি সোনার কাঠি ছিল আমার নবযৌবন, একটি পরশপাথর ছিল আমার প্রেম, একটি অক্ষয় কল্পতরু ছিল আমার নিজের প্রতি নিজের অক্ষুণ্ণ বিশ্বাস ; আমি বিজয়ী, আমি ইন্দ্র, আমার উচ্চৈঃশ্রবর পথে কোনো বাধা দেখিতে পাই নাই । কিরণ, আমার কিরণ, তাহাতে আমার সন্দেহ নাই । সে কথা এতক্ষণ স্পষ্ট করিয়া বলি নাই, কিন্তু হৃদয়ের এক প্রান্ত হইতে আর-এক প্রান্ত মুহূর্তের মধ্যে মহাসুখে বিদীর্ণ করিয়া সে কথা বিদ্যুতের মতো আমার সমস্ত অন্তঃকরণ ঝাঁধিয়া ক্ষণে ক্ষণে নাচিয়া উঠিতেছিল । কিরণ, আমার কিরণ ।

ইতিপূর্বে আমি কোনো অনাঙ্গীয়া মহিলার সংস্রবে আসি নাই, যে নব্য-রমণীগণ শিক্ষালাভ করিয়া অবরোধের বাহিরে সঞ্চরণ করেন তাঁহাদের রীতিনীতি আমি কিছুই অবগত নহি ; অতএব তাঁহাদের আচরণে কোন্‌খানে শিষ্টতার সীমা, কোন্‌খানে প্রেমের অধিকার, তাহা আমি কিছুই জানি না ; কিন্তু ইহাও জানি না, আমাকে কেনই বা ভালো না বাসিবে, আমি কোন্ অংশে ন্যূন ।

কিরণ যখন আমার হাতে চায়ের পেয়ালাটি দিয়া যাইত তখন চায়ের সঙ্গে পাত্রভরা কিরণের ভালোবাসাও গ্রহণ করিতাম, চা-টি যখন পান করিতাম তখন মনে করিতাম, আমার গ্রহণ সার্থক হইল এবং কিরণেরও দান সার্থক হইল । কিরণ যদি সহজ সুরে বলিত ‘মহীন্দ্রবাবু, কাল সকাল-সকাল আসবেন তো ?’ তাহার মধ্যে ছন্দে লয়ে বাজিয়া উঠিত—

কী মোহিনী জান, বন্ধু, কী মোহিনী জান !
অবলার প্রাণ নিতে নাহি তোমা-হেন !

আমি সহজ কথায় উত্তর করিতাম, ‘কাল আটটার মধ্যে আসব ।’ তাহার মধ্যে কিরণ কি গুনিতে পাইত না—

পরানপুতলি তুমি হিয়ে-মণিহার,
সরবস ধন মোর সকল সংসার ।

আমার সমস্তদিন এবং সমস্ত রাত্রি অমৃতে পূর্ণ হইয়া গেল। আমার সমস্ত চিন্তা এবং কল্পনা মুহূর্তে মুহূর্তে নূতন নূতন শাখাপ্রশাখা বিস্তার করিয়া লতার ন্যায় কিরণকে আমার সহিত বেঁটন করিয়া বাঁধিতে লাগিল। যখন শুভ-অবসর আসিবে তখন কিরণকে কী পড়াইব, কী শিখাইব, কী শুনাইব, কী দেখাইব তাহারই অসংখ্য সংকল্পে আমার মন আচ্ছন্ন হইয়া গেল। এমন-কি, স্থির করিলাম, জার্মানপণ্ডিত-রচিত দর্শনশাস্ত্রের নব্য ইতিহাসেও যাহাতে তাহার চিন্তের ঔৎসুক্য জন্মে এমন শিক্ষা তাহাকে দিতে হইবে, নতুবা আমাকে সে সর্বতোভাবে বৃষ্টিতে পারিবে না। ইংরাজি কাব্যসাহিত্যের সৌন্দর্যলোকে আমি তাহাকে পথ দেখাইয়া লইয়া যাইব। আমি মনে মনে হাসিলাম, কহিলাম, 'কিরণ, তোমার আমতলা এবং বেগুনের খেত আমার কাছে নূতন রাজ্য। আমি কন্ঠিনকালে স্বপ্নেও জানিতাম না যে, সেখানে বেগুন এবং ঝড়ে-পড়া কাঁচা আম ছাড়াও দুর্লভ অমৃতফল এত সহজে পাওয়া যায়। কিন্তু যখন সময় আসিবে তখন আমিও তোমাকে এমন এক রাজ্যে লইয়া যাইব যেখানে বেগুন ফলে না কিন্তু তথাপি বেগুনের অভাব মুহূর্তের জন্য অনুভব করিতে হয় না। সে জ্ঞানের রাজ্য, ভাবের স্বর্গ।'

সূর্যাস্তকালের দিগন্তবিলীন পাণ্ডুবর্ণ সঙ্ঘাতারা ঘনায়মান সায়াহ্নে ক্রমেই যেমন পরিষ্কৃত দীপ্তি লাভ করে, কিরণও তেমন কিছুদিন ধরিয়া ভিতর হইতে আনন্দে লাবণ্যে নারীত্বের পূর্ণতায় যেন প্রস্ফুটিত হইয়া উঠিল। সে যেন তাহার গৃহের, তাহার সংসারের ঠিক মধ্য-আকাশে অধিরোহণ করিয়া চারি দিকে আনন্দের মঙ্গলজ্যোতি বিকীর্ণ করিতে লাগিল; সেই জ্যোতিতে তাহার বৃদ্ধ পিতার শুভ্রকেশের উপর পবিত্রতর উজ্জ্বল আভা পড়িল, এবং সেই জ্যোতি আমার উদ্বেল হৃদয়সমুদ্রের প্রত্যেক তরঙ্গের উপর কিরণের মধুর নামের একটি করিয়া জ্যোতির্ময় স্বাক্ষর মুদ্রিত করিয়া দিল।

এ দিকে আমার ছুটি সংক্ষিপ্ত হইয়া আসিল, বিবাহ-উদ্দেশ্যে বাড়ি আসিবার জন্য পিতার সন্মুখে অনুরোধ ক্রমে কঠিন আদেশে পরিণত হইবার উপক্রম হইল, এ দিকে অমূল্যকেও আর ঠেকাইয়া রাখা যায় না, সে কোনদিন উন্মত্ত বন্যস্তীর ন্যায় আমার এই পদ্যবনের মাঝখানে ফস করিয়া তাহার বিপুল চরণচতুষ্টয় নিক্ষেপ করিবে এ উদ্বেগও উত্তরোত্তর প্রবল হইতে লাগিল। কেমন করিয়া অবিলম্বে অস্তরের আকাঙ্ক্ষাকে ব্যস্ত করিয়া আমার প্রণয়কে পরিণয়ে বিকশিত করিয়া তুলিব, তাহাই ভাবিতে লাগিলাম।

পঞ্চম পরিচ্ছেদ

একদিন মধ্যাহ্নকালে ভবনাথবাবুর গৃহে গিয়া দেখি, তিনি গ্রীষ্মের উত্তাপে চৌকিতে ঠেসান দিয়া ঘুমাইয়া পড়িয়াছেন এবং সম্মুখে গঙ্গাতীরের বারান্দায় নির্জন ঘাটের সোপানে বসিয়া কিরণ কী বই পড়িতেছে। আমি নিঃশব্দপদে পশ্চাতে গিয়া দেখি, একখানি নূতন কাব্যসংগ্রহ, যে পাতাটি খোলা আছে তাহাতে শেলির একটি কবিতা উদ্ভূত এবং তাহার পার্শ্বে লাল কালিতে একটি পরিষ্কার লাইন টানা। সেই কবিতাটি পাঠ করিয়া কিরণ ঈষৎ একটি দীর্ঘনিশ্বাস ত্যাগ করিয়া স্বপ্নভারাকুল নয়নে আকাশে দূরতম প্রান্তের দিকে চাহিল; বোধ হইল, যেন সেই একটি কবিতা কিরণ আজ এক ঘণ্টা ধরিয়া দশবার করিয়া পড়িয়াছে এবং অনন্ত নীলাকাশে, আপন হৃদয়তরঙ্গীর পালে একটিমাত্র উত্তপ্ত দীর্ঘনিশ্বাস দিয়া, তাহাকে অতিদূর নক্ষত্রলোকে প্রেরণ করিয়াছে। শেলি কাহার জন্য এই কবিতাটি লিখিয়াছিল জানি না; মহীন্দ্রনাথ নামক কোনো বাঙালি যুবকের জন্য লেখে নাই তাহাতে সন্দেহ নাই, কিন্তু আজ এই স্তবগানে আমি ছাড়া আর-কাহারও অধিকার নাই ইহা আমি জোর করিয়া বলিতে পারি। কিরণ এই কবিতাটির পাশে আপন অস্তরতম হৃদয়-পেলিল দিয়া একটি উজ্জ্বল রক্তচিহ্ন আঁকিয়া দিয়াছে, সেই মায়াগণ্ডির মোহমন্ত্রে কবিতাটি আজ তাহারই, এবং সেইসঙ্গে আমারও। আমি পুলকোচ্ছ্বসিত চিন্তকে সংবরণ করিয়া সহজ সুরে কহিলাম, "কী পড়িতেছেন।" পালভরা নৌকা যেন হঠাৎ চড়ায় ঠেকিয়া গেল। কিরণ চমকিয়া উঠিয়া তাড়াতাড়ি বইখানা বন্ধ করিয়া একেবারে আঁচলের মধ্যে ঢাকিয়া ফেলিল। আমি হাসিয়া কহিলাম, "বইখানি একবার দেখিতে পারি?" কিরণকে কী যেন

বাজিল, সে আগ্রহসহকারে বলিয়া উঠিল, “না না, ও বই থাক।”

আমি কিয়দ্দূরে একটা ধাপ নীচে বসিয়া ইংরাজি কাব্যসাহিত্যের কথা উত্থাপন করিলাম, এমন করিয়া কথা তুলিলাম যাহাতে কিরণেরও সাহিত্যশিক্ষা হয় এবং আমারও মনের কথা ইংরাজি কবির জ্বলিত্তে ব্যক্ত হইয়া উঠে। খররৌদ্রতাপে সুগভীর নিস্তব্ধতার মধ্যে জলের স্থলের ছোটো ছোটো কলশকগুলি নিদ্রাকাতর জননীরা ঘুমপাড়ানি গানের মতো অতিশয় মৃদু এবং সস্বকরণ হইয়া আসিল।

কিরণ যেন অধীর হইয়া উঠিল; কহিল, “বাবা একা বসিয়া আছেন, অনন্ত আকাশ সম্বন্ধে আপনাদের সে তর্কটা শেষ করিবেন না?” আমি মনে মনে ভাবিলাম, অনন্ত আকাশ তো চিরকাল থাকিবে এবং তাহার সম্বন্ধে তর্কও তো কোনোকালে শেষ হইবে না; কিন্তু জীবন স্বল্প এবং শুভ অবসর দুর্লভ ও ক্ষণস্থায়ী। কিরণের কথার উত্তর না দিয়া কহিলাম, “আমার কতকগুলি কবিতা আছে, আপনাকে শুনাইব।” কিরণ কহিল, “কাল শুনিব।” বলিয়া একেবারে উঠিয়া ঘরের দিকে চাহিয়া বলিয়া উঠিল, “বাবা, মহীন্দ্রবাবু আসিয়াছেন।” ভবনাথবাবু নিদ্রাভঙ্গে বালকের ন্যায় তাঁহার সরল নেত্রদ্বয় উন্মীলন করিয়া ব্যস্ত হইয়া উঠিলেন। আমার বক্ষে যেন ধক করিয়া একটা মস্ত ঘা লাগিল। ভবনাথবাবুর ঘরে গিয়া অনন্ত আকাশ সম্বন্ধে তর্ক করিতে লাগিলাম। কিরণ বই হাতে লইয়া দোতলায় বোধ হয় তাহার নির্জন শয়নকক্ষে নির্বিঘ্নে পড়িতে গেল।

পরদিন সকালের ডাকে লালপেলিলের দাগ-দেওয়া একখানা স্টেটসম্যান কাগজ পাওয়া গেল, তাহাতে বি. এ. পরীক্ষার ফল বাহির হইয়াছে। প্রথমেই প্রথম ডিভিশান-কোঠায় কিরণবাবা বন্দ্যোপাধ্যায় বলিয়া একটা নাম চোখে পড়িল; আমার নিজের নাম প্রথম দ্বিতীয় তৃতীয় কোনো বিভাগেই নাই।

পরীক্ষায় অকৃতার্থ হইবার বেদনার সঙ্গে সঙ্গে বহুদিনের ন্যায় একটা সন্দেহ বাজিতে লাগিল যে, কিরণবাবা বন্দ্যোপাধ্যায় হয়তো আমাদেরই কিরণবাবা। সে-যে কালেজে পড়িয়াছে বা পরীক্ষা দিয়াছে, এ কথা যদিও আমাকে বলে নাই তথাপি সন্দেহ ক্রমেই প্রবল হইতে লাগিল। কারণ, ভাবিয়া দেখিলাম, বৃদ্ধ পিতা এবং তাঁহার কন্যাটি নিজেদের সম্বন্ধে কোনো কথাই কখনো আলাপ করেন নাই, এবং আমিও নিজের আখ্যান বলিতে এবং নিজের বিদ্যা প্রচার করিতে সর্বদাই এমন নিবৃন্ত ছিলাম যে, তাঁহাদের কথা ভালো করিয়া জিজ্ঞাসাও করি নাই।

জার্মানপণ্ডিত-রচিত আমার নৃতন-পড়া দর্শনের ইতিহাস সম্বন্ধীয় তর্কগুলি আমার মনে পড়িতে লাগিল, এবং মনে পড়িল, আমি একদিন কিরণকে বলিয়াছিলাম, “আপনাকে যদি আমি কিছুদিন গুটিকতক বই পড়াইবার সুযোগ পাই তাহা হইলে ইংরাজি কাব্যসাহিত্য সম্বন্ধে আপনার একটা পরিষ্কার ধারণা জন্মাইতে পারি।”

কিরণবাবা দর্শনশাস্ত্রে অনার লইয়াছেন এবং সাহিত্যে প্রথম শ্রেণীতে উত্তীর্ণ। যদি এই কিরণ হয়!

অবশেষে প্রবল খোঁচা দিয়া আপন ভ্রাতৃদের অহংকারকে উদ্দীপ্ত করিয়া কহিলাম, “হয় হউক—আমার রচনাবলী আমার জয়স্তম্ভ।” বলিয়া খাতা-হাতে সবলে পা কেলিয়া মাথা পূর্বাপেক্ষা উঠে তুলিয়া ভবনাথবাবুর বাগানে গিয়া উপস্থিত হইলাম।

তখন তাঁহার ঘরে কেহ ছিল না। আমি একবার ভালো করিয়া বৃদ্ধের পুস্তকগুলি নিরীক্ষণ করিতে লাগিলাম। দেখিলাম, এক কোণে আমার সেই নব্য জার্মানপণ্ডিত-রচিত দর্শনের ইতিহাসখানি অন্যদরে পড়িয়া রহিয়াছে; খুলিয়া দেখিলাম, ভবনাথবাবুর স্বহস্তলিখিত নোটো তাহার মার্জিত পরিপূর্ণ। বৃদ্ধ নিজে তাঁহার কন্যাকে শিক্ষা দিয়াছেন। আমার আর সন্দেহ রহিল না।

ভবনাথবাবু অন্যদিনের অপেক্ষা প্রসন্নজ্যোতির্বিজ্বলিত মুখে ঘরে আসিয়া প্রবেশ করিলেন, যেন কোনো সুসংবাদের নির্বরধারায় তিনি সদ্য প্রাতঃস্নান করিয়া আসিয়াছেন। আমি অকস্মাৎ কিছু দস্তুর

ভাবে রুক্ষহাস্যে হাসিয়া কহিলাম, “ভবনাথবাবু, আমি পরীক্ষায় ফেল করিয়াছি।” যে-সকল বড়ো বড়ো লোক বিদ্যালয়ের পরীক্ষায় ফেল করিয়া জীবনের পরীক্ষায় প্রথমশ্রেণীতে উত্তীর্ণ হয়, আমি যেন আজ তাহাদেরই মধ্যে গণ্য হইলাম। পরীক্ষা বাণিজ্য ব্যবসায় চাকুরি প্রভৃতিতে কৃতকার্য হওয়া মাঝামাঝি লোকের লক্ষণ, নিম্নতম এবং উচ্চতম শ্রেণীর লোকদেরই অকৃতকার্য হইবার আশ্চর্য ক্ষমতা আছে। ভবনাথবাবুর মুখ স্নেহহরণ হইয়া আসিল, তিনি তাঁহার কন্যার পরীক্ষাস্তরঙ্গসংবাদ আমাকে আর দিতে পারিলেন না; কিন্তু আমার অসংগত উগ্র প্রফুল্লতা দেখিয়া কিছু বিস্মিত হইয়া গেলেন। তাঁহার সরল বুদ্ধিতে আমার গর্বের কারণ বুঝিতে পারিলেন না।

এমন সময় আমাদের কলেজের নবীন অধ্যাপক বামাচরণবাবুর সহিত কিরণ সলঙ্ক সরসোজ্জ্বল মুখে বর্ষাধৌত লতাটির মতো ছলছল করিতে করিতে ঘরের মধ্যে প্রবেশ করিল। আমার আর কিছুই বুঝিতে বাকি রহিল না। রাত্রে বাড়িতে আসিয়া আমার রচনাবলীর খাতাখানা পুড়াইয়া ফেলিয়া দেশে গিয়া বিবাহ করিলাম।

গঙ্গার ধারে যে বৃহৎ কাব্য লিখিবার কথা ছিল তাহা লেখা হইল না, কিন্তু জীবনের মধ্যে তাহা লাভ করিলাম।

ভাদ্র ১৩০৫

রাজটিকা

নবেন্দুশেখরের সহিত অরুণলেখার যখন বিবাহ হইল তখন হোমধূমের অন্তরাল হইতে ভগবান প্রজাপতি ঈষৎ একটু হাস্য করিলেন। হায়, প্রজাপতির পক্ষে যাহা খেলা আমাদের পক্ষে তাহা সকল সময়ে কৌতুকের নহে।

নবেন্দুশেখরের পিতা পূর্ণেন্দুশেখর ইংরাজরাজ-সরকারে বিখ্যাত। তিনি এই ভবসমুদ্রে কেবলমাত্র দ্রুতবেগে সেলাম-চালনা দ্বারা রায়বাহাদুর পদবীর উত্তম মরুকূলে উত্তীর্ণ হইয়াছিলেন; আরো দুর্গমতর সম্মানপথের পাথেয় তাঁহার ছিল, কিন্তু পঞ্চাশ বৎসর বয়ঃক্রমকালে অনতিদূরবর্তী রাজখেতাবের কুহেলিকাচ্ছন্ন গিরিচূড়ার প্রতি করুণ লোলুপ দৃষ্টি স্থিরনিবদ্ধ করিয়া এই রাজানুগৃহীত ব্যক্তি অকস্মাৎ খেতাববর্জিত-লোকে গমন করিলেন এবং তাঁহার বহু-সেলাম-শিথিল গ্রীবাগ্রস্থি শ্মশানশয্যায় বিশ্রাম লাভ করিল।

কিন্তু, বিজ্ঞানে বলে, শক্তির স্থানান্তর ও রূপান্তর আছে, নাশ নাই— চঞ্চলা লক্ষ্মীর অচঞ্চলা সখী সেলামশক্তি পৈতৃক স্বল্প হইতে পুত্রের স্বল্পে অবতীর্ণ হইলেন, এবং নবেন্দুর নবীন মস্তক তরঙ্গতাড়িত কুম্মাণ্ডের মতো ইংরাজের দ্বারে দ্বারে অবিশ্রাম উঠিতে পড়িতে লাগিল।

নিঃসন্তান অবস্থায় ইহার প্রথম স্ত্রীর মৃত্যু হইলে যে পরিবারে ইনি দ্বিতীয় দারপরিগ্রহ করিলেন সেখানকার ইতিহাস ভিন্নপ্রকার।

সে পরিবারে বড়োভাই প্রমথনাথ পরিচিতবর্গের প্রীতি এবং আত্মীয়বর্গের আদরের স্থল ছিলেন। বাড়ির লোকে এবং পাড়ার পাঁচজনে তাঁহাকে সর্ববিষয়ে অনুকরণস্থল বলিয়া জানিত।

প্রমথনাথ বিদ্যায় বি. এ. এবং বুদ্ধিতে বিচক্ষণ ছিলেন; কিন্তু মোটা মাহিনা বা জোর কলমের কোনো ধার ধারিতেন না; মুকুন্ডের বলও তাঁহার বিশেষ ছিল না, কারণ, ইংরাজ তাঁহাকে যে পরিমাণ দূরে রাখিত তিনিও তাহাকে সেই পরিমাণ দূরে রাখিয়া চলিতেন। অতএব, গৃহকোণে এবং পরিচিতমণ্ডলীর মধ্যেই প্রমথনাথ জাজ্বল্যমান ছিলেন, দূরস্থ লোকের দৃষ্টি আকর্ষণ করিবার কোনো ক্ষমতা তাঁহার ছিল না।

এই প্রমথনাথ একবার বছর তিনকের জন্য বিলাতে ভ্রমণ করিয়া আসিয়াছিলেন। সেখানে ইংরাজের সৌজন্যে মুক্ত হইয়া ভারতবর্ষের অপমানদুঃখ সমস্ত ভুলিয়া ইংরাজি সাজ পরিয়া দেশে ফিরিয়া আসেন।

ভাইবোনেরা প্রথমটা একটু কুষ্ঠিত হইল, অবশেষে দুইদিন পরে বলিতে লাগিল, ইংরাজি কাপড়ে দাদাকে যেমন মানায় এমন আর-কাহাকেও না। ইংরাজি বস্ত্রের গৌরবগর্ব পরিবারের অন্তরের মধ্যে ধীরে ধীরে সঞ্চারিত হইল।

প্রমথনাথ বিলাত হইতে মনে ভাবিয়া আসিয়াছিলেন 'কী করিয়া ইংরাজের সহিত সমপর্যায় রক্ষা করিয়া চলিতে হয় আমি তাহারই অপূর্ব দৃষ্টান্ত দেখাইব'— নত না হইলে ইংরাজের সহিত মিলন হয় না এ কথা যে বলে সে নিজের হীনতা প্রকাশ করে এবং ইংরাজকেও অন্যায় অপরাধী করিয়া থাকে।

প্রমথনাথ বিলাতের বড়ো বড়ো লোকের কাছ হইতে অনেক সাদরপত্র আনিয়া ভারতবর্ষীয় ইংরাজমহলে কিঞ্চিৎ প্রতিপত্তি লাভ করিলেন। এমন-কি, মধ্যে মধ্যে সস্ত্রীক ইংরাজের চা ডিনার খেলা এবং হাস্যকৌতুকের কিঞ্চিৎ কিঞ্চিৎ ভাগ পাইতে লাগিলেন। সৌভাগ্যমদমস্ততায় ক্রমশই তাঁহার শিরা-উপশিরাগুলি অল্প অল্প রীৱী করিতে শুরু করিল।

এমন সময়ে একটি নূতন রেলওয়ে লাইন খোলা উপলক্ষে রেলওয়ে কোম্পানির নিমন্ত্রণে ছোটোলাটের সঙ্গে দেশের অনেকগুলি রাজপ্রসাদগর্বিত সম্ভ্রান্তলোকে গাড়ি বোঝাই করিয়া নবলৌহপথে যাত্রা করিলেন। প্রমথনাথও তাহার মধ্যে ছিলেন।

ফিরিবার সময় একটা ইংরাজ দারোগা দেশীয় বড়োলোকদিগকে কোনো-এক বিশেষ গাড়ি হইতে অত্যন্ত অপমানিত করিয়া নামাইয়া দিল। ইংরাজবেশধারী প্রমথনাথও মানে মানে নামিয়া পড়িবার উপক্রম করিতেছেন দেখিয়া দারোগা কহিল, 'আপনি উঠিতেছেন কেন, আপনি বসুন-না।'

এই বিশেষ সম্মানে প্রমথনাথ প্রথমটা একটু স্তম্ভিত হইয়া উঠিলেন। কিন্তু, যখন গাড়ি ছাড়িয়া দিল, যখন তৃণহীন কর্ণধূসর পশ্চিম প্রান্তরের প্রান্তসীমা হইতে স্নান সূর্যাস্ত-আভা সঙ্করণরক্ষিত লঙ্কার মতো সমস্ত দেশের উপর যেন পরিব্যাপ্ত হইয়া পড়িল এবং যখন তিনি একাকী বসিয়া বাতায়নপথ হইতে অনিমেঘনয়নে বনাস্তুরালবাসিনী কুষ্ঠিতা বঙ্গভূমির প্রতি নিরীক্ষণ করিয়া ভাবিতে লাগিলেন, তখন ধিক্কারে তাঁহার হৃদয় বিদীর্ণ হইল এবং দুই চক্ষু দিয়া অগ্নিজ্বালাময়ী অশ্রুধারা পড়িতে লাগিল।

তাঁহার মনে একটা গল্পের উদয় হইল। একটা গর্দভ রাজপথ দিয়া দেবপ্রতিমার রথ টানিয়া চলিতেছিল, পথিকবর্গ তাহার সম্মুখে ধুলায় লুষ্ঠিত হইয়া প্রতিমাকে প্রণাম করিতেছিল এবং মূঢ় গর্দভ আপন মনে ভাবিতেছিলেন, 'সকলে আমাকেই সম্মান করিতেছে।'

প্রমথনাথ মনে মনে কহিলেন, 'গর্দভের সহিত আমার এই একটু প্রভেদ দেখিতেছি, আমি আজ বুঝিয়াছি, সম্মান আমাকে নহে, আমার স্বক্কের বোঝাগুলোকে।'

প্রমথনাথ বাড়ি আসিয়া বাড়ির ছেলেপুলে সকলকে ডাকিয়া একটা হোমাগ্নি জ্বালাইলেন এবং বিলাতি বেশভূষাগুলো একে একে আহুতিস্বরূপ নিক্ষেপ করিতে লাগিলেন। শিখা যতই উচ্চ হইয়া উঠিল ছেলেরা ততই উচ্ছ্বসিত আনন্দে নৃত্য করিতে লাগিল।

তাঁহার পর হইতে প্রমথনাথ ইংরাজঘরের চায়ের চুমুক এবং কুটির টুকরা পরিত্যাগ করিয়া পুনশ্চ গৃহকোণদুর্গের মধ্যে দুর্গম হইয়া বসিলেন, এবং পূর্বোক্ত লাক্ষিত উপাধিধারীগণ পূর্ববৎ ইংরাজের দ্বারে দ্বারে উষ্ণীয় আন্দোলিত করিয়া ফিরিতে লাগিল।

দৈবদুর্যোগে দুর্ভাগ্য নবেন্দুশেখর এই পরিবারের একটি মধ্যমা ভগিনীকে বিবাহ করিয়া বসিলেন। বাড়ির মেয়েগুলি লেখাপড়াও যেমন জানে দেখিতে শুনিতেও তেমনি; নবেন্দু ভাবিলেন, 'বড়ো জিতিলাম।'

কিন্তু 'আমাকে পাইয়া তোমরাও জিতিয়াছ' এ কথা প্রমাণ করিতে কালবিলম্ব করিলেন না। কোন সাহেব তাঁহার বাবাকে কবে কী চিঠি লিখিয়াছিল তাহা যেন নিতান্ত ভ্রমবশত দৈবক্রমে পকেট হইতে

বাহির করিয়া শ্যালীদের হস্তে চালান করিয়া দিতে লাগিলেন । শ্যালীদের সুন্দর সুকোমল বিস্মৃষ্টির ভিতর হইতে তীক্ষ্ণ প্রখর হাসি যখন টুকটুকে মখমলের খাপের ভিতরকার ঝকঝকে ছোরার মতো দেখা দিতে লাগিল, তখন স্থানকালপাত্র সম্বন্ধে হতভাগ্যের চৈতন্য জন্মিল । বুঝিল, 'বড়ো ভুল করিয়াছি ।'

শ্যালীবর্গের মধ্যে জ্যেষ্ঠা এবং রূপে শুণে শ্রেষ্ঠা লাবণ্যলেখা একদা শুভদিন দেখিয়া নবেন্দুর শয়নকক্ষের কুলুঙ্গির মধ্যে দুইজোড়া বিলাতি বুট সিন্দুরে মণ্ডিত করিয়া স্থাপন করিল ; এবং তাহার সম্মুখে ফুলচন্দন ও দুই জ্বলন্ত বাতি রাখিয়া ধূপধূনা জ্বালাইয়া দিল । নবেন্দু ঘরে প্রবেশ করিবামাত্র দুই শ্যালী তাহার দুই কান ধরিয়া কহিল, "তোমার ইষ্টদেবতাকে প্রণাম করো, তাহার কল্যাণে তোমার পদবৃদ্ধি হউক ।"

তৃতীয়া শ্যালী কিরণলেখা বহুদিন পরিশ্রম করিয়া একখানি চাদরে জোঙ্গ স্মিথ ব্রাউন টমসন প্রভৃতি একশত প্রচলিত ইংরাজি নাম লাল সূতা দিয়া সেলাই করিয়া একদিন মহাসমারোহে নবেন্দুকে নামাবলি উপহার দিল ।

চতুর্থ শ্যালী শশাঙ্কলেখা যদিও বয়ঃক্রম হিসাবে গণ্যব্যক্তির মধ্যে নহে, বলিল, "ভাই, আমি একটা জপমালা তৈরি করিয়া দিব, সাহেবের নাম জপ করিবে ।"

তাহার বড়ো বোনরা তাহাকে শাসন করিয়া বলিল, "যাঃ, তোর আর জ্যাঠামি করিতে হইবে না ।"

নবেন্দুর মনে মনে রাগও হয়, লজ্জাও হয়, কিন্তু শ্যালীদের ছাড়িতেও পারে না, বিশেষত বড়োশ্যালীটি বড়ো সুন্দরী । তাহার মধুও যেমন কাটাও তেমনি ; তাহার নেশা এবং তাহার জ্বালা দুটোই মনের মধ্যে একেবারে লাগিয়া থাকে ! ক্ষতপক্ষ পতঙ্গ রাগিয়া ভো-ভো করিতে থাকে অথচ অন্ধ অরোধের মতো চারি দিকে ঘুরিয়া ঘুরিয়া মরে ।

অবশেষে শ্যালীসংসর্গের প্রবল মোহে পড়িয়া সাহেবের সোহাগ-লালসা নবেন্দু সম্পূর্ণ অস্বীকার করিতে লাগিল । বড়োসাহেবকে যেদিন সেলাম নিবেদন করিতে যাইত শ্যালীদিগকে বলিত, "সুরেন্দ্রবাড়ুয়োর বক্তৃতা শুনিতে যাইতেছি ।" দার্কিলিং হইতে প্রত্যাসন্ন মেজোসাহেবকে শেয়ালদহ স্টেশনে সম্মান জ্ঞাপন করিতে যাইবার সময় শ্যালীদিগকে বলিয়া যাইত, "মেজোমামার সহিত দেখা করিতে চলিলাম ।"

সাহেব এবং শ্যালী, এই দুই নৌকায় পা দিয়া হতভাগা বিষম সংকটে পড়িল । শ্যালীরা মনে মনে কহিল, 'তোমার অন্য নৌকাটাকে ফুটা না করিয়া ছাড়িব না ।'

মহারানীর আগামী জন্মদিনে নবেন্দু খেতাব-স্বর্গলোকের প্রথম সোপানে রায়বাহাদুর পদবীতে পদার্পণ করিবেন এইরূপ শুভব শুনা গেল, কিন্তু সেই সম্ভাবিত সম্মানলাভের আনন্দ-উচ্ছ্বসিত সংবাদ ভীকু বেচারী শ্যালীদিগের নিকটে ব্যক্ত করিতে পারিল না ; কেবল একদিন শরৎশুক্লপক্ষের সায়াহ্নে সর্বনেশে চাঁদের আলোকে পরিপূর্ণচিন্তাবেগে স্ত্রীর কাছে প্রকাশ করিয়া ফেলিল । পরদিন দিবালোকে স্ত্রী পালকি করিয়া তাহার বড়দিদির বাড়ি গিয়া অশ্রুগদগদ কণ্ঠে আক্ষেপ করিতে লাগিল । লাবণ্য কহিল, "তা বেশ তো, রায়বাহাদুর হইয়া তোর স্বামীর তো লেজ বাহির হইবে না, তোর এত লজ্জাটা কিসের !"

অরুণলেখা বারংবার বলিতে লাগিল, "না দিদি, আর যা-ই হই, আমি রায়বাহাদুরনী হইতে পারিব না ।"

আসল কথা, অরুণের পরিচিত ভূতনাথবাবু রায়বাহাদুর ছিলেন, পদবীটার প্রতি আন্তরিক আপত্তির কারণ তাহাই ।

লাবণ্য অনেক আশ্বাস দিয়া কহিল, "আচ্ছা, তোকে সেজন্য ভাবিতে হইবে না ।"

বন্ধারে লাবণ্যর স্বামী নীলরতন কাজ করিতেন । শরতের অবসানে নবেন্দু সেখান হইতে লাবণ্যর

নিমন্ত্রণ পাইলেন। আনন্দচিন্তে অনতিবিলম্বে গাড়ি চড়িয়া যাত্রা করিলেন। রেল চড়িবার সময় তাহার বামাজ কাপিল না, কিন্তু তাহা হইতে কেবল এই প্রমাণ হয় যে, আসন্ন বিপদের সময় বামাজ কাপাটা একটা অমূলক কুসংস্কারমাত্র।

লাবণ্যলেখা পশ্চিম প্রদেশের নবশীতাগমসম্বৃত স্বাস্থ্য এবং সৌন্দর্যের অরুণে পাণ্ডুরে পূর্ণপরিষ্কৃত হইয়া নির্মল শরৎকালের নির্জন-নদীকূল-লালিতা অন্নানপ্রফুল্লা কাশবনত্রীর মতো হাস্যে ও হিন্দ্রোলে ঝলমল করিতেছিল।

নবেন্দুর মুক্ত দৃষ্টির উপরে যেন একটি পূর্ণপুষ্পিতা মালতীলতা নবপ্রভাতের শীতোজ্জ্বল শিশিরকণা ঝলকে ঝলকে বর্ষণ করিতে লাগিল।

মনের আনন্দে এবং পশ্চিমের হাওয়ায় নবেন্দুর অজীর্ণ রোগ দূর হইয়া গেল। স্বাস্থ্যের নেশায়, সৌন্দর্যের মোহে এবং শ্যালীহস্তের শুশ্রূষাপুলকে সে যেন মাটি ছাড়িয়া আকাশের উপর দিয়া চলিতে লাগিল। তাহাদের বাগানের সম্মুখ দিয়া পরিপূর্ণ গঙ্গা যেন তাহারই মনের দূরস্ত পাগলামিকে আকার দান করিয়া বিষম গোলমাল করিতে করিতে প্রবল আবেগে নিরুদ্ধ হইয়া চলিয়া যাইত।

ভোরের বেলা নদীতীরে বেড়াইয়া ফিরিবার সময় শীতপ্রভাতের স্নিগ্ধরৌদ্র যেন প্রিয়মিলনের উস্তাপের মতো তাহার সমস্ত শরীরকে চরিতার্থ করিয়া দিত। তাহার পর ফিরিয়া আসিয়া শ্যালীর শখের রন্ধনে জোগান দিবার ভার লইয়া নবেন্দুর অজ্ঞতা ও অনৈপুণ্য পদে পদে প্রকাশ পাইতে থাকিত। কিন্তু, অভ্যাস ও মনোযোগের দ্বারা উত্তরোত্তর তাহা সংশোধন করিয়া লইবার জন্য মূঢ় অনভিজ্ঞের কিছুমাত্র আগ্রহ দেখা গেল না, কারণ, প্রত্যহ নিজেকে অপরাধী করিয়া সে যে-সকল তাড়না ভৎসনা লাভ করিত তাহাতে কিছুতেই তাহার তৃপ্তির শেষ হইত না। যথার্থ পরিমাণে মালমসলা বিভাগ, উনান হইতে হাঁড়ি তোলা-নামা, উস্তাপাধিকো ব্যঞ্জন পুড়িয়া না যায় তাহার যথোচিত ব্যবস্থা— ইত্যাদি বিষয়ে সে যে সদ্যোজাত শিশুর মতো অপটু অক্ষম এবং নিরুপায় ইহাই প্রত্যহ বলপূর্বক প্রমাণ করিয়া নবেন্দু শ্যালীর কৃপামিশ্রিত হাস্য এবং হাস্যমিশ্রিত লাঞ্ছনা মনের সুখে ভোগ করিত।

মধ্যাহ্নে এক দিকে ক্ষুধার তাড়না অন্য দিকে শ্যালীর পীড়াপীড়ি, নিজের আগ্রহ এবং প্রিয়জনের ঔৎসুক্য, রন্ধনের পারিপাট্য এবং রন্ধনীর সেবামাধুর্য, উভয়ের সংযোগে ভোজন ব্যাপারের ওজন রক্ষা করা তাহার পক্ষে কঠিন হইয়া উঠিত।

আহারের পর সামান্য তাস খেলাতেও নবেন্দু প্রতিভার পরিচয় দিতে পারিত না। চুরি করিত, হাতের কাগজ দেখিত, কাড়াকাড়ি বকাবকি বাধাইয়া দিত কিন্তু তবু জিতিতে পারিত না। না জিতিলেও জোর করিয়া তাহার হার অস্বীকার করিত এবং সেজন্য প্রত্যহ তাহার গঞ্জনার সীমা থাকিত না; তথাপিও পাষাণ আত্মসংশোধনচেষ্টায় সম্পূর্ণ উদাসীন ছিল।

কেবল এক বিষয়ে তাহার সংশোধন সম্পূর্ণ হইয়াছিল। সাহেবের সোহাগ যে জীবনের চরম লক্ষ্য, এ কথা সে উপস্থিতমত ভুলিয়া গিয়াছিল। আত্মীয়-স্বজনের শ্রদ্ধা ও স্নেহ যে কত সুখের ও গৌরবের ইহাই সে সর্বান্তঃকরণে অনুভব করিতেছিল।

তাহা ছাড়া, সে যেন এক নূতন আবহাওয়ার মধ্যে পড়িয়া গিয়াছিল। লাবণ্যর স্বামী নীলরতনবাবু আদালতে বড়ো উকিল হইয়াও সাহেবসুবাদের সহিত সাক্ষাৎ করিতে যাইতেন না বলিয়া অনেক কথা উঠিত। তিনি বলিতেন, “কাজ কী, ভাই! যদি পাশ্চাত্য ভদ্রতা না করে তবে আমি যাহা দিলাম তাহা তো কোনোমতেই ফিরাইয়া পাইব না। মরুভূমির বালি ফুটফুটে সাদা বলিয়াই কি তাহাতে বীজ বুনিয়া কোনো সুখ আছে! ফসল ফিরিয়া পাইলে কালো জমিতেও বীজ বোনা যায়।”

নবেন্দুও টানে পড়িয়া দলে ভিড়িয়া গেল। তাহার আর পরিণামচিন্তা রহিল না। পৈতৃক এবং স্বকীয় যত্নে পূর্বে জমি যাহা পাট করা ছিল তাহাতেই রায়বাহাদুর খেতাবের সম্ভাবনা আপনিই বাড়িতে লাগিল। ইতিমধ্যে আর নবজলসিঞ্চনের প্রয়োজন রহিল না। নবেন্দু ইংরাজের বিশেষ একটি শখের শহরে এক বহুবায়সাহ্য ঘোড়দৌড়স্থান নির্মাণ করিয়া দিয়াছিলেন।

হেনকালে কনগ্রেসের সময় নিকটবর্তী হইল। নীলরতনের নিকট চাঁদা-সংগ্রহের অনুরোধপত্র আসিল।

নবেন্দু লাবণ্যর সহিত মনের আনন্দে নিশ্চিন্তমনে তাস খেলিতেছিল। নীলরতন খাতা-হস্তে মধ্যে আসিয়া পড়িয়া কহিল, “একটা সই দিতে হইবে।”

পূর্বসংস্কারক্রমে নবেন্দুর মুখ শুকাইয়া গেল। লাবণ্য শশব্যস্ত হইয়া কহিল, “খবরদার, এমন কাজ করিয়ো না, তোমার ঘোড়দৌড়ের মাঠখানা মাটি হইয়া যাইবে।”

নবেন্দু আশ্চর্যান্বিত কহিল, “সেই ভাবনায় আমার রাত্রে ঘুম হয় না!”

নীলরতন আশ্বাস দিয়া কহিল, “তোমার নাম কোনো কাগজে প্রকাশ হইবে না।”

লাবণ্য অত্যন্ত চিন্তিত বিস্ময়ভাবে কহিল, “তবু কাজ কী! কী জানি যদি কথায় কথায়—”

নবেন্দু তীব্রস্বরে কহিল, “কাগজে প্রকাশ হইলে আমার নাম কইয়া যাইবে না।”

এই বলিয়া নীলরতনের হাত হইতে খাতা টানিয়া একেবারে হাজার টাকা ফস্ করিয়া সই করিয়া দিল। মনের মধ্যে আশা রহিল, কাগজে সংবাদ বাহির হইবে না।

লাবণ্য মাথায় হাত দিয়া কহিল, “করিলে কী!”

নবেন্দু দর্পভরে কহিল, “কেন, অন্যায় কী করিয়াছি।”

লাবণ্য কহিল, “শেয়ালদ স্টেশনের গার্ড, হোয়াইট-অ্যাবের দোকানের অ্যাসিস্ট্যান্ট, হাটব্রাদারদের সহিস-সাহেব, ঐরা যদি তোমার উপর রাগ করিয়া অভিমান করিয়া বসেন, যদি তোমার পূজার নিমন্ত্রণে শ্যাম্পেন খাইতে না আসেন, যদি দেখা হইলে তোমার পিঠ না চাপড়ান!”

নবেন্দু উদ্ধতভাবে কহিল, “তাহা হইলে আমি বাসায় গিয়া মরিয়া থাকিব।”

দিনকয়েক পরেই নবেন্দু প্রাতঃকালে চা খাইতে-খাইতে খবরের কাগজ পড়িতেছেন, হঠাৎ চোখে পড়িল এক x স্বাক্ষরিত পত্রপত্রেরক তাঁহাকে প্রচুর ধন্যবাদ দিয়া কনগ্রেসে চাঁদার কথা প্রকাশ করিয়াছে এবং তাঁহার মতো লোককে দলে পাইয়া কনগ্রেসের যে কতটা বলবৃদ্ধি হইয়াছে লোকটা তাহারও পরিমাণ নির্ণয় করিতে পারে নাই।

কনগ্রেসের বলবৃদ্ধি! হা স্বর্গগত তাত পূর্ণেশ্বর! কনগ্রেসের বলবৃদ্ধি করিবার জন্যই কি তুমি হতভাগাকে ভারতভূমিতে জন্মদান করিয়াছিলে!

কিন্তু, দুঃখের সঙ্গে সুখও আছে। নবেন্দুর মতো লোক যে যে-সে লোক নহেন, তাঁহাকে নিজ তীরে তুলিবার জন্য যে এক দিকে ভারতবর্ষীয় ইংরাজ-সম্প্রদায় অপর দিকে কনগ্রেস লালায়িতভাবে ছিপ ফেলিয়া অনিমেষলোচনে বসিয়া আছে, এ কথাটা নিতান্ত ঢাকিয়া রাখিবার কথা নহে। অতএব নবেন্দু হাসিতে হাসিতে কাগজখানা লইয়া লাবণ্যকে দেখাইলেন। কে লিখিয়াছে যেন কিছুই জানে না, এমনি ভাবে লাবণ্য আকাশ হইতে পড়িয়া কহিল, “ওমা, এ যে সমস্তই ফাস করিয়া দিয়াছে! আহা! আহা! তোমার এমন শত্রু কে ছিল! তাহার কলমে যেন ঘুণ ধরে, তাহার কালিতে যেন বালি পড়ে, তাহার কাগজ যেন পোকায় কাটে—”

নবেন্দু হাসিয়া কহিল, “আর অভিশাপ দিয়ো না। আমি আমার শত্রুকে মার্জনা করিয়া আশীর্বাদ করিতেছি, তাহার সোনার দোয়াত-কলম হয় যেন!”

দুইদিন পরে কনগ্রেসের বিপক্ষপক্ষীয় একখানা ইংরাজ-সম্পাদিত ইংরাজি কাগজ ডাকযোগে নবেন্দুর হাতে আসিয়া পৌছিলে পড়িয়া দেখিলেন, তাহাতে ‘One who knows’ স্বাক্ষরে পূর্বোক্ত সংবাদের প্রতিবাদ বাহির হইয়াছে। লেখক লিখিতেছেন যে, নবেন্দুকে যাহারা জানেন তাহারা তাহার সম্বন্ধে এই দুর্নাম-রটনা কখনোই বিশ্বাস করিতে পারেন না; চিতাবাঘের পক্ষে নিজ চর্মের কৃষ্ণ অঙ্কগুলির পরিবর্তন যেমন অসম্ভব নবেন্দুর পক্ষেও কনগ্রেসের দলবৃদ্ধি করা তেমনি। বাবু নবেন্দুশেখরের যথেষ্ট নিজস্ব পদার্থ আছে, তিনি কর্মশূন্য উমেদার ও মকেলশূন্য আইনজীবী নহেন। তিনি দুইদিন বিলাতে ঘুরিয়া, বেশভূষা-আচারব্যবহারে অদ্ভুত কপিবৃত্তি করিয়া, স্পর্ধাভরে, ইংরেজ-সমাজে প্রবেশোদ্যত হইয়া, অবশেষে কুপ্তমনে হতাশভাবে ফিরিয়া আসেন নাই, অতএব কেন

যে তিনি এই-সকল ইত্যাদি ইত্যাদি ।

হা পরলোকগত পিতঃ পূর্ণেন্দুশেখর ! ইংরাজের নিকট এত নাম এত বিশ্বাস সঞ্চয় করিয়া তবে তুমি মরিয়াছিলে !

এ চিঠিখানিও শ্যালীর নিকট পেখমের মতো বিস্তার করিয়া ধরিবার যোগ্য । ইহার মধ্যে একটা কথা আছে যে, নবেন্দু অখ্যাত অকিঞ্চন লক্ষ্মীছাড়া নহেন, তিনি সারবান পদার্থবান লোক ।

লাবণ্য পুনশ্চ আকাশ হইতে পড়িয়া কহিল, “এ আবার তোমার কোন্ পরমবন্ধু লিখিল ! কোন্ টিকিট কালেঙ্কটর, কোন্ চামড়ার দালাল, কোন্ গড়ের বাদ্যের বাজনদার !”

নীলরতন কহিল, “এ চিঠির একটা প্রতিবাদ করা তো তোমার উচিত ।”

নবেন্দু কিছু উচু চালে বলিল, “দরকার কী ! যে যা বলে তাহারই কি প্রতিবাদ করিতে হইবে ।”

লাবণ্য উচ্চৈঃস্বরে চারি দিকে একেবারে হাসির ফোয়ারা ছড়াইয়া দিল ।

নবেন্দু অপ্রতিভ হইয়া কহিল, “এত হাসি যে !”

তাহার উত্তরে লাবণ্য পুনর্বার অনিবার্য বেগে হাসিয়া পুষ্পিতযৌবনা দেহলতা লুষ্ঠিত করিতে লাগিল ।

নবেন্দু নাকে মুখে চোখে এই প্রচুর পরিহাসের পিচকারি খাইয়া অত্যন্ত নাকাল হইল । একটু ক্ষুণ্ণ হইয়া কহিল, “তুমি মনে করিতেছ, প্রতিবাদ করিতে আমি ভয় করি !”

লাবণ্য কহিল, “তা কেন ! আমি ভাবিতেছিলাম, তোমার অনেক আশাভরসার সেই ঘোড়দৌড়ের মাঠখানি বাঁচাইবার চেষ্টা এখনো ছাড় নাই— যতক্ষণ স্বাস ততক্ষণ আশ ।”

নবেন্দু কহিল, “আমি বৃষ্টি সেইজন্য লিখিতে চাহি ন্ন !” অত্যন্ত রাগিয়া দোয়াতকলম লইয়া বসিল । কিন্তু, লেখার মধ্যে রাগের রক্তমা বড়ো প্রকাশ পাইল না, কাজেই লাবণ্য ও নীলরতনকে সংশোধনের ভার লইতে হইল । যেন লুচিভাজার পালা পড়িল ; নবেন্দু যেটা জ্বলে ও ঘিয়ে ঠাণ্ডা ঠাণ্ডা নরম নরম করিয়া এবং চাপিয়া যথাসাধ্য চেপটা করিয়া বেলিয়া দেয় তাহার দুই সহকারী তৎক্ষণাৎ সেটাকে ভাজিয়া কড়া ও গরম করিয়া ফুলাইয়া ফুলাইয়া তোলে । লেখা হইল যে, আত্মীয় যখন শত্রু হয় তখন বহিঃশত্রু অপেক্ষা ভয়ংকর হইয়া উঠে । পাঠান অথবা রাশিয়ান ভারত-গবর্নমেন্টের তেমন শত্রু নহে যেমন শত্রু গার্বোদ্ধত আংলো-ইন্ডিয়ান-সম্প্রদায় । গবর্নমেন্টের সহিত প্রজাসাধারণের নিরাপদ সৌহার্দ্যবন্ধনের তাহারাই দুর্ভেদ্য অন্তরায় । কনগ্রেস রাজা ও প্রজার মাঝখানে স্থায়ী সম্ভাবসাধনের যে প্রশস্ত রাজপথ খুলিয়াছে, আংলো-ইন্ডিয়ান কাগজগুলো ঠিক তাহার মধ্যস্থল জুড়িয়া একেবারে কন্টকিত হইয়া রহিয়াছে । ইত্যাদি ।

নবেন্দুর ভিতরে ভিতরে ভয়-ভয় করিতে লাগিল অথচ ‘লেখাটা বড়ো সরেস হইয়াছে’ মনে করিয়া, রহিয়া রহিয়া একটু আনন্দও হইতে লাগিল । এমন সুন্দর রচনা তাহার সাধ্যাতীত ছিল ।

ইহার পর কিছুদিন ধরিয়া নানা কাগজে বিবাদবিসম্বাদ-বাদপ্রতিবাদে নবেন্দুর চাঁদা এবং কনগ্রেসে যোগ দেওয়ার কথা লইয়া দশ দিকে ঢাক বাজিতে লাগিল ।

নবেন্দু এক্ষণে মরিয়া হইয়া কথায় বার্তায় শ্যালীসমাজে অত্যন্ত নিভীক দেশহিতৈষী হইয়া উঠিল । লাবণ্য মনে মনে হাসিয়া কহিল, ‘এখনো তোমার অগ্নিপরীক্ষা বাকি আছে ।’

একদিন প্রাতঃকালে নবেন্দু স্নানের পূর্বে বন্ধস্থল তৈলাঙ্কু করিয়া পৃষ্ঠদেশের দুর্গম অংশগুলিতে তৈলসঞ্চার করিবার কৌশল অবলম্বন করিতেছেন, এমন সময় বেহারা এক কার্ড হাতে করিয়া তাহাকে দিল, তাহাতে স্বয়ং ম্যাজিস্ট্রেটের নাম আকা । লাবণ্য সহাস্যকুতূহলী চক্ষে আড়াল হইতে কৌতুক দেখিতেছিল ।

তৈললাঙ্কিত কলেবরে তো ম্যাজিস্ট্রেটের সহিত সাক্ষাৎ করা যায় না— নবেন্দু ভাজিবার পূর্বে মসলা-মাখা কই-মৎস্যের মতো বৃথা ব্যতিব্যস্ত হইতে লাগিলেন । তাড়াতাড়ি চকিতের মধ্যে স্নান করিয়া কোনোমতে কাপড় পরিয়া উর্ধ্বশ্বাসে বাহিরের ঘরে গিয়া উপস্থিত হইলেন । বেহারা বলিল, “সাহেব অনেকক্ষণ বসিয়া বসিয়া চলিয়া গিয়াছেন ।” এই আগাগোড়া মিথ্যাচরণ পাপের কতটা অংশ

বেহারার, কতটা অংশ লাভগ্য, তাহা নৈতিক গণিতশাস্ত্রের একটা সূক্ষ্ম সমস্যা।

টিকটিকির কাটা লেজ যেমন সম্পূর্ণ অন্ধভাবে ধড় ফড় করে, নবেন্দুর ক্ষুধা হৃদয় ভিতরে ভিতরে তেমনি আছাড় খাইতে লাগিল। সমস্তদিন খাইতে শুইতে আর সোয়াস্তি রহিল না।

লাভগ্য আভ্যন্তরিক হাস্যের সমস্ত আভাস মুখ হইতে সম্পূর্ণ দূর করিয়া দিয়া উদ্ভিন্নভাবে থাকিয়া থাকিয়া জিজ্ঞাসা করিতে লাগিল, “আজ তোমার কী হইয়াছে বলো দেখি ! অসুখ করে নাই তো ?”

নবেন্দু কায়ক্রেমে হাসিয়া কোনোমতে একটা দেশকালপাত্রোচিত উত্তর বাহির করিল ; কহিল, “তোমার এলেকার মধ্যে আবার অসুখ কিসের। তুমি আমার ধনুন্তরিনী।”

কিন্তু, মুহূর্তমধ্যেই হাসি মিলাইয়া গেল এবং সে ভাবিতে লাগিল, ‘একে আমি কন্‌গ্রেসে চাঁদা দিলাম, কাগজে কড়া চিঠি লিখিলাম, তাহার উপরে ম্যাজিস্ট্রেট নিজে আমার সহিত সাক্ষাৎ করিতে আসিলেন, আমি তাঁহাকে বসাইয়া রাখিলাম, না জানি কী মনে করিতেছেন !’

‘হা তাত, হা পূর্ণেন্দুশেখর ! আমি যাহা নই ভাগ্যের বিপাকে গোলেমালে তাহাই প্রতিপন্ন হইলাম।’

পরদিন সাজগোজ করিয়া ঘড়ির চেন ঝুলাইয়া মস্ত একটা পাগড়ি পরিয়া নবেন্দু বাহির হইল। লাভগ্য জিজ্ঞাসা করিল, “যাও কোথায়।”

নবেন্দু কহিল, “একটা বিশেষ কাজ আছে—”

লাভগ্য কিছু বলিল না।

সাহেবের দরজার কাছে কার্ড বাহির করিবামাত্র আরদালি কহিল, “এখন দেখা হইবে না।”

নবেন্দু পকেট হইতে দুইটা টাকা বাহির করিল। আরদালি সংক্ষিপ্ত সেলাম করিয়া কহিল, “আমরা পাচজন আছি।” নবেন্দু তৎক্ষণাৎ দশ টাকার এক নোট বাহির করিয়া দিলেন।

সাহেবের নিকট তলব পড়িল। সাহেব, তখন চটিজুতা ও মর্নিংগোন পরিয়া লেখাপড়ার কাজে নিযুক্ত ছিলেন। নবেন্দু একটা সেলাম করিলেন, ম্যাজিস্ট্রেট তাঁহাকে অঙ্গুলিসংকেতে বসিবার অনুমতি করিয়া কাগজ হইতে মুখ না তুলিয়া কহিলেন, “কী বলিবার আছে, বাবু।”

নবেন্দু ঘড়ির চেন নাড়িতে নাড়িতে বিনীত কম্পিত স্বরে বলিল, “কাল আপনি অনুগ্রহ করিয়া আমার সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন, কিন্তু—”

সাহেব প্রকৃষ্ণিত করিয়া একটা চোখ কাগজ হইতে তুলিয়া বলিলেন, “সাক্ষাৎ করিতে গিয়াছিলাম ! Babu, what nonsense are you talking !”

নবেন্দু “Beg your pardon ! ভুল হইয়াছে, গোল হইয়াছে” করিতে করিতে ঘর্মাণ্ডিত কলেবরে কোনোমতে ঘর হইতে বাহির হইয়া আসিলেন। এবং সে রাত্রে বিছানায় শুইয়া কোনো দূরস্বপ্নশ্রুত মস্তুর ন্যায় একটা বাক্য থাকিয়া থাকিয়া তাঁহার কানে আসিয়া প্রবেশ করিতে লাগিল, “Babu, you are a howling idiot !”

পথে আসিতে আসিতে তাঁহার মনে ধারণা হইল যে, ম্যাজিস্ট্রেট যে তাঁহার সহিত দেখা করিতে আসিয়াছিল সে কথাটা কেবল রাগ করিয়া সে অস্বীকার করিল। মনে মনে কহিলেন, ‘ধরনী ছিধা হও !’ কিন্তু ধরনী তাঁহার অনুরোধ রক্ষা না করাতে নির্বিঘ্নে বাড়ি আসিয়া পৌঁছিলেন।

লাভগ্যকে আসিয়া কহিলেন, “দেশে পাঠাইবার জন্য গোলাপজল কিনিতে গিয়াছিলাম।”

বলিতে-না-বলিতে কালেক্টরের চাপরাস-পরা জনহুয়েক পেয়াদা আসিয়া উপস্থিত। সেলাম করিয়া হাস্যমুখে নীরবে দাঁড়াইয়া রহিল।

লাভগ্য হাসিয়া কহিল, “তুমি কন্‌গ্রেসে চাঁদা দিয়াছ বলিয়া তোমাকে গ্রেফতার করিতে আসে নাই তো ?”

পেয়াদারা ছয়জনে বারো পাটি দস্তাগ্রভাগ উন্মুক্ত করিয়া কহিল, “বকশিশ, বাবু সাহেব।”

নীলরতন পাশের ঘর হইতে বাহির হইয়া বিরক্তস্বরে কহিলেন, “কিসের বকশিশ !”

পেয়াদারা বিকশিতদণ্ডে কহিল, “ম্যাজিস্ট্রেট সাহেবের সহিত দেখা করিতে গিয়াছিলেন, তাহার

বকশিশ ।”

লাবণ্য হাসিয়া কহিল, “ম্যাজিস্ট্রেট সাহেব আজকাল গোলাপজল বিক্রি ধরিয়াছেন নাকি । এমন অত্যন্ত ঠাণ্ডা ব্যবসায় তো তাঁহার পূর্বে ছিল না ।”

হতভাগ্য নবেন্দু গোলাপজলের সহিত ম্যাজিস্ট্রেট-দর্শনের সামঞ্জস্য সাধন করিতে গিয়া কী যে আবোলতাবোল বলিল তাহা কেহ বুঝিতে পারিল না ।

নীলরতন কহিল, “বকশিশের কোনো কাজ হয় নাই । বকশিশ নাহি মিলেগা ।”

নবেন্দু সংকুচিতভাবে পকেট হইতে একটা নোট বাহির করিয়া কহিল, “উহারা গরিব মানুষ, কিছু দিতে দোষ কী ।”

নীলরতন নবেন্দুর হাত হইতে নোট টানিয়া লইয়া কহিল, “উহাদের অপেক্ষা গরিব মানুষ জগতে আছে, আমি তাহাদিগকে দিব ।”

কষ্ট মহেশ্বরের ভূতপ্রেতগণকেও কিঞ্চিৎ ঠাণ্ডা করিবার সুযোগ না পাইয়া নবেন্দু অত্যন্ত ফাঁপরে পড়িয়া গেল । পেয়াদাগণ যখন বহুদৃষ্টি নিক্ষেপ করিয়া গমনোদ্যত হইল, তখন নবেন্দু একান্ত করুণভাবে তাহাদের দিকে চাহিলেন ; নীরবে নিবেদন করিলেন, ‘বাবাসকল, আমার কোনো দোষ নেই, তোমরা তো জান !’

কলিকাতায় কনগ্রেসের অধিবেশন । তদুপলক্ষে নীলরতন সত্ৰীক রাজধানীতে উপস্থিত হইলেন । নবেন্দুও তাঁহাদের সঙ্গে ফিরিল ।

কলিকাতায় পদার্পণ করিবামাত্র কনগ্রেসের দলবল নবেন্দুকে চতুর্দিকে ঘিরিয়া একটা প্রকাণ্ড তাণ্ডব শুরু করিয়া দিল । সম্মান সমাদর স্তুতিবাদের সীমা রহিল না । সকলেই বলিল, “আপনাদের মতো নায়কগণ দেশের কাজে যোগ না দিলে দেশের উপায় নাই ।” কথাটার যাথার্থ্য নবেন্দু অস্বীকার করিতে পারিলেন না, এবং গোলেমালে হঠাৎ কখন দেশের একজন অধিনায়ক হইয়া উঠিলেন । কনগ্রেস-সভায় যখন পদার্পণ করিলেন তখন সকলে মিলিয়া উঠিয়া দাঁড়াইয়া বিজাতীয় বিলাতী তারস্বরে ‘হিপ্ হিপ্ হুরে’ শব্দে তাহাকে উৎকট অভিবাদন করিল । আমাদের মাতৃভূমির কর্ণমূল লজ্জায় রক্তিম হইয়া উঠিল ।

যথাকালে মহারানীর জন্মদিন আসিল, নবেন্দু রায়বাহাদুর খেতাব নিকটসমাগত মরীচিকার মতো অস্তর্ধান করিল ।

সেইদিন সায়াহ্নে লাবণ্যলেখা সমারোহে নবেন্দুকে নিমন্ত্রণপূর্বক তাঁহাকে নববস্ত্রে ভূষিত করিয়া স্বহস্তে তাঁহার ললাটে রক্তচন্দনের তিলক এবং প্রত্যেক শ্যালী তাঁহার কণ্ঠে একগাছি করিয়া স্বরচিত পুষ্পমালা পরাইয়া দিল । অরুণাস্বরবসনা অরুণলেখা সেদিন হাস্যে লজ্জায় এবং অলংকারে আড়াল হইতে ঝকমক করিতে লাগিল । তাহার স্বৈরাচারিত লজ্জাশীতল হস্তে একটা গোড়েমালা দিয়া ভগিনীরা তাহাকে টানাটানি করিল কিন্তু সে কোনোমতে বশ মানিল না এবং সেই প্রধান মাল্যখানি নবেন্দুর কণ্ঠ কামনা করিয়া জনহীন নিশীথের জন্য গোপনে অপেক্ষা করিতে লাগিল । শ্যালীরা নবেন্দুকে কহিল, “আজ আমরা তোমাকে রাজা করিয়া দিলাম ! ভারতবর্ষে এমন সম্মান তুমি ছাড়া আর কাহারও সম্ভব হইবে না ।”

নবেন্দু ইহাতে সম্পূর্ণ সন্তুষ্ট হইল কি না তাহা তাহার অন্তঃকরণ আর অন্তর্ভাবীই জানেন, কিন্তু আমাদের এ সম্বন্ধে সম্পূর্ণ সন্দেহ রহিয়া গিয়াছে । আমাদের দৃঢ় বিশ্বাস, মরিবার পূর্বে সে রায়বাহাদুর হইবেই এবং তাহার মৃত্যু উপলক্ষে Englishman ও Pioneer সম্বন্ধে শোক করিতে ছাড়িবে না । অতএব, ইতিমধ্যে Three Cheers for বাবু পূর্ণেশ্বর ! হিপ্ হিপ্ হুরে, হিপ্ হিপ্ হুরে, হিপ্ হিপ্ হুরে !

মণিহারা

সেই জীর্ণপ্রায় বাধাঘাটের ধারে আমার বোট লাগানো ছিল। তখন সূর্য অস্ত গিয়াছে।

বোটের ছাদের উপরে মাঝি নমাজ পড়িতেছে। পশ্চিমের স্বলভ আকাশপটে তাহার নীরব উপাসনা ক্রমে ক্রমে ছবির মতো আঁকা পড়িতেছিল। ছিন্ন রেখাহীন নদীর জলের উপর ভাষাভীত অসংখ্য বর্ণছটা দেখিতে দেখিতে কিকা হইতে গাঢ় লেখার, সোনার রঙ হইতে ইস্পাতের রঙে, এক আভা হইতে আর-এক আভার মিলাইয়া আসিতেছিল।

জানালা-ভাঙা বারান্দা-ঝুলিয়া-পড়া জরাগ্রস্ত বৃহৎ অটালিকার সম্মুখে অল্পখমূল বিদারিত ঘাটের উপর ঝিল্লিমুখর সজ্জাবেলায় একলা বসিয়া আমার শুষ্ক চক্ষুর কোণ ভিজিবে-ভিজিবে করিতেছে, এমন সময়ে মাথা হইতে পা পর্বন্ত হঠাৎ চমকিয়া উঠিয়া গুনলাম, “মহাশয়ের কোথা হইতে আগমন।”

দেখিলাম ভদ্রলোকটি স্বপ্নাহারশীর্ণ, ভাগ্যলক্ষ্মী কর্তৃক নিতান্ত অনাদৃত। বাংলাদেশের অধিকাংশ বিদেশী চাকরের যেমন একরকম বহুকাল-জীর্ণসংস্কার-বিহীন চেহারা, ইহারও সেইরূপ। ধূতির উপরে একখানি মলিন তৈলাস্ত আসামি মটকার বোতাম খোলা চাপকান; কর্মক্ষেত্র হইতে যেন অল্পক্ষণ হইল ফিরিতেছেন। এবং যে সময় কিঞ্চিৎ জলপান খাওয়া উচিত ছিল সে সময় হতভাগ্য নদীতীরে কেবল সজ্জার হাওয়া খাইতে আসিয়াছেন।

আগন্তুক সোপানপার্শ্বে আসনগ্রহণ করিলেন। আমি কহিলাম, “আমি ঝাঁচি হইতে আসিতেছি।”

“কী করা হয়।”

“ব্যাবসা করিয়া থাকি।”

“কী ব্যাবসা।”

“হরীতকী, রেশমের গুটি এবং কাঠের ব্যাবসা।”

“কী নাম।”

ঈষৎ ধামিয়া একটা নাম বলিলাম। কিন্তু সে আমার নিজের নাম নহে।

ভদ্রলোকের কৌতূহলনিবৃত্তি হইল না। পুনরায় প্রশ্ন হইল, “এখানে কী করিতে আগমন।”

আমি কহিলাম, “বায়ুপরিবর্তন।”

লোকটি কিছু আশ্চর্য হইল। কহিল, “মহাশয়, আজ প্রায় ছয়বৎসর ধরিয়া এখানকার বায়ু এবং তাহার সঙ্গে সঙ্গে প্রত্যহ গড়ে পনেরো গ্রেন্ করিয়া কুইনাইন খাইতেছি কিন্তু কিছু তো ফল পাই নাই।”

আমি কহিলাম, “এ কথা মানিতেই হইবে, ঝাঁচি হইতে এখানে বায়ুর যথেষ্ট পরিবর্তন দেখা যাইবে।”

তিনি কহিলেন, “আজ্ঞা হাঁ, যথেষ্ট। এখানে কোথায় বাসা করিবেন।”

আমি ঘাটের উপরকার জীর্ণবাড়ি দেখাইয়া কহিলাম, “এই বাড়িতে।”

বোধ করি লোকটির মনে সন্দেহ হইল, আমি এই পোড়ো বাড়িতে কোনো গুপ্তধনের সন্ধান পাইয়াছি। কিন্তু এ সম্বন্ধে আর কোনো তর্ক তুলিলেন না, কেবল আজ পনেরো বৎসর পূর্বে এই অস্তিশাপগ্রস্ত বাড়িতে যে ঘটনাটি ঘটিয়াছিল তাহারই বিস্তারিত বর্ণনা করিলেন।

লোকটি এখানকার ইন্সুলমাস্টার। তাহার ক্রুখা ও রোগ শীর্ণ মুখে মস্ত একটা টাকের নীচে একজোড়া বড়ো বড়ো চক্ষু আপন কোটরের ভিতর হইতে অস্বাভাবিক উজ্জ্বলতায় ছলিতেছিল। তাহাকে দেখিয়া ইংরাজ-কবি কোলরিঞ্জের সৃষ্ট প্রাচীন নাবিকের কথা আমার মনে পড়িল।

মাঝি নমাজ পড়া সমাধা করিয়া রক্তনকার্বে মন দিয়াছে। সজ্জার শেষ আভাটুকু মিলাইয়া আসিয়া ঘাটের উপরকার জনশূন্য অন্ধকার বাড়ি আপন পূর্বাভাসের প্রকাশ প্রেতমূর্তির মতো নিস্তব্ধ দাঁড়াইয়া রহিল।

ইন্সুলমাস্টার কহিলেন—

আমি এই গ্রামে আসার প্রায় দশ বৎসর পূর্বে এই বাড়িতে ফণিভূষণ সাহা বাস করিতেন। তিনি তাঁহার অপূত্রক পিতৃব্য দুর্গামোহন সাহার বৃহৎ বিষয় এবং ব্যবসায়ের উত্তরাধিকারী হইয়াছিলেন। কিন্তু, তাঁহাকে একালে ধরিয়াছিল। তিনি লেখাপড়া শিখিয়াছিলেন। তিনি জুতাসমেত সাহেবের আপিসে ঢুকিয়া সম্পূর্ণ খাটি ইংরাজি বলিতেন। তাহাতে আবার দাড়ি রাখিয়াছিলেন, সুতরাং সাহেব-সওদাগরের নিকট তাঁহার উন্নতির সম্ভাবনামাত্র ছিল না। তাঁহাকে দেখিবামাত্রই নব্যবঙ্গ বলিয়া ঠাহর হইত।

আবার ঘরের মধ্যেও এক উপসর্গ জুটিয়াছিল। তাঁহার স্ত্রীটি ছিলেন সুন্দরী। একে কালেজে-পড়া তাহাতে সুন্দরী স্ত্রী, সুতরাং সেকালের চলচলন আর রহিল না। এমন-কি, ব্যামো হইলে অ্যাসিস্ট্যান্ট-সার্জনকে ডাকা হইত। অশন বসন ভূষণও এই পরিমাণে বাড়িয়া উঠিতে লাগিল।

মহাশয় নিশ্চয়ই বিবাহিত, অতএব এ কথা আপনাকে বলাই বাহুল্য যে, সাধারণত স্ত্রীজাতি কাঁচা আম, কাল লঙ্কা এবং কড়া স্বামীই ভালোবাসে। যে দুর্ভাগ্য পুরুষ নিজের স্ত্রীর ভালোবাসা হইতে বঞ্চিত সে-যে কুস্তী অথবা নির্ধন তাহা নহে, সে নিতান্ত নিরীহ।

যদি জিজ্ঞাসা করেন, কেন এমন হইল আমি এ সম্বন্ধে অনেক কথা ভাবিয়া রাখিয়াছি। যাহার যা প্রবৃত্তি এবং ক্ষমতা সেটার চর্চা না করিলে সে সুখী হয় না। শিশু শান দিবার জন্য হরিণ শস্ত গাছের গুঁড়ি খোঁজে, কলাগাছে তাহার শিং ঘষিবার সুখ হয় না। নরনারীর ভেদ হইয়া অবধি স্ত্রীলোক দুরন্ত পুরুষকে নানা কৌশলে ভুলাইয়া বশ করিবার বিদ্যা চর্চা করিয়া আসিতেছে। যে স্বামী আপনি বশ হইয়া বসিয়া থাকে তাহার স্ত্রী-বেচারি একেবারেই বেকার, সে তাহার মাতামহীদের নিকট হইতে শতলক্ষ বৎসরের শান-দেওয়া যে উজ্জ্বল বক্রগাত্র, অগ্নিবাণ ও নাগপাশবন্ধনগুলি পাইয়াছিল তাহা সমস্ত নিষ্ফল হইয়া যায়।

স্ত্রীলোক পুরুষকে ভুলাইয়া নিজের শক্তিতে ভালোবাসা আদায় করিয়া লইতে চায়, স্বামী যদি ভালোমানুষ হইয়া সে অবসরটুকু না দেয়, তবে স্বামীর অদৃষ্ট মন্দ এবং স্ত্রীরও ততোধিক।

নবসভ্যতার শিক্ষামন্ত্রে পুরুষ আপন স্বভাবসিদ্ধ বিধাতাদত্ত সুমহৎ বর্বরতা হারাইয়া আধুনিক দাম্পত্যসম্বন্ধটাকে এমন শিথিল করিয়া ফেলিয়াছে। অভাগা ফণিভূষণ আধুনিক সভ্যতার কল হইতে অত্যন্ত ভালোমানুষটি হইয়া বাহির হইয়া আসিয়াছিল— ব্যবসায়েও সে সুবিধা করিতে পারিল না, দাম্পত্যেও তাহার তেমন সুযোগ ঘটে নাই।

ফণিভূষণের স্ত্রী মণিমালিকা, বিনা চেষ্টায় আদর, বিনা অশ্রুবর্ষণে ঢাকাই শাড়ি এবং বিনা দুর্জয় মানে বাজুবন্ধ লাভ করিত। এইরূপে তাহার নারীপ্রকৃতি এবং সেইসঙ্গে তাহার ভালোবাসা নিশ্চেষ্ট হইয়া গিয়াছিল; সে কেবল গ্রহণ করিত, কিছু দিত না। তাহার নিরীহ এবং নির্বোধ স্বামীটি মনে করিত, দানই বৃষ্টি প্রতিদান পাইবার উপায়। একেবারে উল্টা বৃষ্টিয়াছিল আর কি।

ইহার ফল হইল এই যে, স্বামীকে সে আপন ঢাকাই শাড়ি এবং বাজুবন্ধ জোগাইবার যত্নস্বরূপ ড্রান করিত; যত্নটিও এমন সূচক যে, কোনোদিন তাহার চাকায় এক ফোঁটা তেল জোগাইবারও দরকার হয় নাই।

ফণিভূষণের জন্মস্থান ফুলবেড়ে, বাণিজ্যস্থান এখানে। কর্মানুরোধে এখানেই তাহাকে অধিকাংশ সময় থাকিতে হইত। ফুলবেড়ের বাড়িতে তাহার মা ছিল না, তবু পিসি মাসি ও অন্য পাঁচজন ছিল। কিন্তু, ফণিভূষণ পিসি মাসি ও অন্য পাঁচজনের উপকারার্থেই বিশেষ করিয়া সুন্দরী স্ত্রী ঘরে আনে নাই। সুতরাং স্ত্রীকে সে পাঁচজনের কাছ থেকে আনিয়া এই কুঠিতে একলা নিজের কাছেই রাখিল। কিন্তু অন্যান্য অধিকার হইতে স্ত্রী-অধিকারের প্রভেদ এই যে, স্ত্রীকে পাঁচজনের কাছ হইতে বিচ্ছিন্ন করিয়া একলা নিজের কাছে রাখিলেই যে সব সময় বেশি করিয়া পাওয়া যায় তাহা নহে।

স্ত্রীটি বেশি কথাবার্তা কহিত না, পাড়াপ্রতিবেশিনীদের সঙ্গেও তাহার মেলামেশা বেশি ছিল না

ব্রত উপলক্ষ করিয়া দুটো ব্রাহ্মণকে খাওয়ানো বা বৈকবীকে দুটো পয়সা ভিক্ষা দেওয়া কখনো তাহার দ্বারা ঘটে নাই। তাহার হাতে কোনো জিনিস নষ্ট হয় নাই ; কেবল স্বামীর আদরগুলো ছাড়া অন্য বাহ্য পাইয়াছে সমস্তই জমা করিয়া রাখিয়াছে। আশ্চর্যের বিষয় এই যে, সে নিজের অপরাধ যৌবনশ্রী হইতেও যেন লেশমাত্র অপব্যয় ঘটতে দেয় নাই। লোকে বলে, তাহার চব্বিশবৎসর বয়সের সময়ও তাহাকে চোন্দবৎসরের মতো কাঁচা দেখিতে ছিল। বাহাদের হৃৎপিণ্ড বরফের পিণ্ড, বাহাদের বুকের মধ্যে ভালোবাসার ছালাযন্ত্রণা স্থান পায় না, তাহারা বোধ করি সুদীর্ঘকাল তাজা থাকে, তাহারা কৃপণের মতো অন্তরে বাহিরে আপনাকে জমাইয়া রাখিতে পারে।

ঘনপল্লবিত অতিসতেজ লতার মতো বিধাতা মণিমালিকাকে নিষ্ফলা করিয়া বাধিলেন, তাহাকে সম্ভান হইতে বঞ্চিত করিলেন। অর্থাৎ, তাহাকে এমন একটা কিছু দিলেন না যাহাকে সে আপন লোহার সিন্দূকের মণিমালিকা অপেক্ষা বেশি করিয়া বুঝিতে পারে, যাহা বসন্তপ্রভাতের নবসূর্যের মতো আপন কোমল উস্তাপে তাহার হৃদয়ের বরফপিণ্ডটা গলাইয়া সংসারের উপর একটা স্নেহনির্ঝর বহাইয়া দেয়।

কিন্তু মণিমালিকা কাজকর্মে মজবুত ছিল। কখনোই সে লোকজন বেশি রাখে নাই। যে কাজ তাহার দ্বারা সাধ্য সে কাজে কেহ বেতন লইয়া যাইবে ইহা সে সহিতে পারিত না। সে কাহারও জন্য চিন্তা করিত না, কাহাকেও ভালোবাসিত না, কেবল কাজ করিত এবং জমা করিত, এইজন্য তাহার রোগ শোক তাপ কিছুই ছিল না ; অপরিমিত স্বাস্থ্য, অবিচলিত শাস্তি এবং সঞ্চীয়মান সম্পদের মধ্যে সে সবলে বিরাজ করিত।

অধিকাংশ স্বামীর পক্ষে ইহাই যথেষ্ট ; যথেষ্ট কেন, ইহা দুর্লভ। অঙ্গের মধ্যে কটিদেশ বলিয়া একটা ব্যাপার আছে তাহা কোমরে বাথা না হইলে মনে পড়ে না ; গৃহের আশ্রয়স্বরূপে স্ত্রী-যে একজন আছে ভালোবাসার তাড়নায় তাহা পদে পদে এবং তাহা চব্বিশঘণ্টা অনুভব করার নাম ঘরকন্নার কোমরে বাথা। নিরতিশয় পাতিব্রতটা স্ত্রীর পক্ষে গৌরবের বিষয় কিন্তু পতির পক্ষে আরামের নহে, আমার তো এইরূপ মত।

মহাশয়, স্ত্রীর ভালোবাসা ঠিক কতটা পাইলাম, ঠিক কতটুকু কম পড়িল, অতি সূক্ষ্ম নিক্তি ধরিয়া তাহা অহরহ তৌল করিতে বসি কি পুরুষমানুষের কর্ম ! স্ত্রী আপনার কাজ করুক, আমি আপনার কাজ করি, ঘরের মোটা হিসাবটা তো এই। অব্যক্তের মধ্যে কতটা ব্যস্ত, ভাবের মধ্যে কতটুকু অভাব, সুস্পষ্টের মধ্যেও কী পরিমাণ ইচ্ছিত, অগুণপরমাণুর মধ্যে কতটা বিপুলতা— ভালোবাসাবাসির তত সুসূক্ষ্ম বোধশক্তি বিধাতা পুরুষমানুষকে দেন নাই, দিবার প্রয়োজন হয় নাই। পুরুষমানুষের তিলপরিমাণ অনুরাগ-বিরাগের লক্ষণ লইয়া মেয়েরা বটে ওজন করিতে বসে। কথার মধ্য হইতে আসল ভঙ্গিটুকু এবং ভঙ্গির মধ্য হইতে আসল কথাটুকু চিরিয়া চিরিয়া চুনিয়া চুনিয়া বাহির করিতে থাকে। কারণ, পুরুষের ভালোবাসাই তাহাদের বল, তাহাদের জীবনব্যবসায়ের মূলধন। ইহারই হাওয়ার গতিক লক্ষ্য করিয়া ঠিক সময়ে ঠিকমত পাল ঘুরাইতে পারিলে তবেই তাহাদের তরণী তরিয়া যায়। এইজন্যই বিধাতা ভালোবাসামান-যন্ত্রটি মেয়েদের হৃদয়ের মধ্যে ঝুলাইয়া দিয়াছেন, পুরুষদের দেন নাই।

কিন্তু বিধাতা যাহা দেন নাই সম্প্রতি পুরুষরা সেটি সংগ্রহ করিয়া লইয়াছেন। কবির বিধাতার উপর টেকা দিয়া এই দুর্লভ যন্ত্রটি, এই দিগদর্শন যন্ত্রশলাকাটি নির্বিচারে সর্বসাধারণের হস্তে দিয়াছেন। বিধাতার দোষ দিই না, তিনি মেয়েপুরুষকে যথেষ্ট ভিন্ন করিয়াই সৃষ্টি করিয়াছিলেন, কিন্তু সভ্যতায় সে ভেদ আর থাকে না, এখন মেয়েও পুরুষ হইতেছে, পুরুষও মেয়ে হইতেছে ; সুতরাং ঘরের মধ্য হইতে শাস্তি ও শৃঙ্খলা বিদায় লইল। এখন শুভবিবাহের পূর্বে, পুরুষকে বিবাহ করিতেছি না মেয়েকে বিবাহ করিতেছি, তাহা কোনোমতে নিশ্চয় করিতে না পারিয়া, বরকন্যা উভয়েরই চিন্ত আশঙ্কায় দূর দূর করিতে থাকে।

আপনি বিরক্ত হইতেছেন ! একলা পড়িয়া থাকি স্ত্রীর নিকট হইতে নির্বাসিত ; দূর হইতে সংসারের

অনেক নিগূঢ় তত্ত্ব মনের মধ্যে উদয় হয়— এগুলো ছাত্রদের কাছে বলিবার বিষয় নয়, কথাপ্রসঙ্গে আপনাকে বলিয়া লইলাম, চিন্তা করিয়া দেখিবেন।

মোটকথাটা এই যে, যদিচ রক্তনে নুন কম হইত না এবং পানে চুন বেশি হইত না, তথাপি ফণিভূষণের হৃদয় কী-যেন-কী নামক একটা দুঃসাধ্য উৎপাত অনুভব করিত। স্বীর কোনো দোষ ছিল না, কোনো ভ্রম ছিল না, তবু স্বামীর কোনো সুখ ছিল না। সে তাহার সহধর্মিণীর শূন্যগহ্বর হৃদয় লক্ষ্য করিয়া কেবলই হীরামুক্তার গহনা ঢালিত কিন্তু সেগুলো পড়িত গিয়া লোহার সিন্দুকে, হৃদয় শূন্যই থাকিত। খুড়া দুর্গামোহন ভালোবাসা এত সূক্ষ্ম করিয়া বৃদ্ধিত না। এত কাতর হইয়া চাহিত না, এত প্রচুর পরিমাণে দিত না, অথচ খুড়ির নিকট হইতে তাহা অল্প পরিমাণে লাভ করিত। ব্যবসায়ী হইতে গেলে নব্যবাবু হইলে চলে না এবং স্বামী হইতে গেলে পুরুষ হওয়া দরকার, এ কথায় সন্দেহমাত্র করিবেন না।

ঠিক এই সময়ে শৃগালগুলা নিকটবর্তী ঝোপের মধ্য হইতে অত্যন্ত উচ্চৈঃস্বরে চিৎকার করিয়া উঠিল। মাস্টারমহাশয়ের গল্পশ্রোতে মিনিটকয়েকের জন্য বাধা পড়িল। ঠিক মনে হইল, সেই অন্ধকার সভাভূমিতে কৌতুকপ্রিয় শৃগালসম্প্রদায় ইন্সুলমাস্টারের ব্যাখ্যাত দাম্পত্যনীতি গুনিয়াই হউক বা নবসভাতাদুর্বল ফণিভূষণের আচরণেই হউক রহিয়া রহিয়া অট্টহাস্য করিয়া উঠিতে লাগিল। তাহাদের ভাবোচ্ছ্বাস নিবৃত্ত হইয়া জলস্থল দ্বিগুণতর নিস্তব্ধ হইলে পর, মাস্টার সঙ্ক্যার অন্ধকারে তাহার বহৎ উজ্জ্বল চকু পাকাইয়া গল্প বলিতে লাগিলেন—

ফণিভূষণের জটিল এবং বহুবিকৃত ব্যবসায়ে হঠাৎ একটা ফাঁড়া উপস্থিত হইল। ব্যাপারটা কী তাহা আমার মতো অব্যবসায়ীর পক্ষে বোঝা এবং বোঝানো শক্ত। মোক্ষা কথা, সহসা কী কারণে বাজারে তাহার ক্রেডিট রাখা কঠিন হইয়া পড়িয়াছিল। যদি কেবলমাত্র পাঁচটা দিনের জন্যও সে কোথাও হইতে লাখদেড়েক টাকা বাহির করিতে পারে, বাজারে একবার বিদ্যাতের মতো এই টাকাটার চেহারা দেখাইয়া যায়, তাহা হইলেই মুহূর্তের মধ্যে সংকট উত্তীর্ণ হইয়া তাহার ব্যবসা পালভরে ছুটিয়া চলিতে পারে।

টাকাটার সুযোগ হইতেছিল না। স্থানীয় পরিচিত মহাজনদের নিকট হইতে ধার করিতে প্রবৃত্ত হইয়াছে একরূপ জনরব উঠিলে তাহার ব্যবসায়ের দ্বিগুণ অনিষ্ট হইবে, আশঙ্কায় তাহাকে অপরিচিত স্থানে ঋণের চেষ্টা দেখিতে হইতেছিল। সেখানে উপযুক্ত বন্ধক না রাখিলে চলে না।

গহনা বন্ধক রাখিলে লেখাপড়া এবং বিলম্বের কারণ থাকে না, চটপট এবং সহজেই কাজ হইয়া যায়।

ফণিভূষণ একবার স্বীর কাছে গেল। নিজের স্বীর কাছে স্বামী যেমন সহজভাবে যাইতে পারে ফণিভূষণের তেমন করিয়া যাইবার ক্ষমতা ছিল না। সে দুর্ভাগ্যক্রমে নিজের স্বীকে ভালোবাসিত, যেমন ভালোবাসা কাব্যের নায়ক কাব্যের নায়িকাকে বাসে; যে ভালোবাসায় সম্বর্পণে পদক্ষেপ করিতে হয় এবং সকল কথা মুখে ফুটিয়া বাহির হইতে পারে না, যে ভালোবাসার প্রবল আকর্ষণ সূর্য এবং পৃথিবীর আকর্ষণের ন্যায় মাঝখানে একটা অতিদূর ব্যবধান রাখিয়া দেয়।

তথাপি তেমন তেমন দায়ে পড়িলে কাব্যের নায়ককেও প্রেমসীর নিকট হৃদি এবং বন্ধক এবং শ্যান্ডনোটের প্রসঙ্গ তুলিতে হয়; কিন্তু সুর বাধিয়া যায়, বাক্যস্থলন হয়, এমন সকল পরিষ্কার কাজের কথা মধ্যও ভাবের জড়িমা ও বেদনার বেপথু আসিয়া উপস্থিত হয়। হতভাগা ফণিভূষণ স্পষ্ট করিয়া বলিতে পারিল না, 'ওগো, আমার দরকার হইয়াছে, তোমার গহনাগুলো দাও।'

কথাটা বলিল, অথচ অত্যন্ত দুর্বলভাবে বলিল। মণিমালিকা যখন কঠিন মুখ করিয়া হাঁ-না কিছুই উত্তর করিল না, তখন সে একটা অত্যন্ত নিষ্ঠুর আঘাত পাইল কিন্তু আঘাত করিল না। কারণ, পুরুষোচিত বর্বরতা লেশমাত্র তাহার ছিল না। যেখানে জোর করিয়া কাড়িয়া লওয়া উচিত ছিল,

সেখানে সে আপনার আন্তরিক স্কোভ পর্যন্ত চাপিয়া গেল। যেখানে ভালোবাসার একমাত্র অধিকার, সর্বনাশ হইয়া গেলেও সেখানে বলকে প্রবেশ করিতে দিবে না, এই তাহার মনের ভাব। এ সম্বন্ধে তাহাকে যদি ভৎসনা করা যাইত তবে সম্ভবত সে এইরূপ সূন্দর তর্ক করিত যে, বাজারে যদি অন্যায় কারণেও আমার ক্রেডিট না থাকে তবে তাই বলিয়া বাজার লুটিয়া লইবার অধিকার আমার নাই, স্ত্রী যদি স্বেচ্ছাপূর্বক বিশ্বাস করিয়া আমাকে গহনা না দেয়, তবে তাহা আমি কাড়িয়া লইতে পারি না। বাজারে যেমন ক্রেডিট ঘরে তেমনি ভালোবাসা, বাহুবল কেবলমাত্র রণক্ষেত্রে। পদে পদে এইরূপ ঊর্ভাস সূন্দর সূন্দর তর্কসূত্র কাটিবার জন্যই কি বিধাতা পুরুষমানুষকে এরূপ উদার, এরূপ প্রবল, এরূপ বৃহদাকার করিয়া নির্মাণ করিয়াছিলেন। তাহার কি বসিয়া বসিয়া অত্যন্ত সুকুমার চিন্তবৃত্তিকে নিরতিশয় তনিমার সহিত অনুভব করিবার অবকাশ আছে, না ইহা তাহাকে শোভা পায়।

যাহা হউক, আপন উন্নত হৃদয়বৃত্তির গর্বে স্ত্রীর গহনা স্পর্শ না করিয়া ফণিভূষণ অন্য উপায়ে অর্থ-সংগ্রহের জন্য কলিকাতায় চলিয়া গেল।

সংসারে সাধারণত স্ত্রীকে স্বামী যতটা চেনে স্বামীকে স্ত্রী তাহার চেয়ে অনেক বেশি চেনে; কিন্তু স্বামীর প্রকৃতি যদি অত্যন্ত সূন্দর হয় তবে স্ত্রীর অণুবীক্ষণে তাহার সমস্তটা ধরা পড়ে না। আমাদের ফণিভূষণকে ফণিভূষণের স্ত্রী ঠিক বুদ্ধিত না; স্ত্রীলোকের অশিক্ষিতপটুত্ব যে-সকল বহুকালাগত প্রাচীন সংস্কারের দ্বারা গঠিত, অত্যন্ত নব্য পুরুষেরা তাহার বাহিরে গিয়া পড়ে। ইহারা এক রকমের! ইহারা মেয়েমানুষের মতোই রহস্যময় হইয়া উঠিতেছে। সাধারণ পুরুষমানুষের যে-কটা বড়ো বড়ো কোটা আছে, অর্থাৎ কেহ-বা বর্বর, কেহ-বা নির্বোধ, কেহ-বা অন্ধ, তাহার মধ্যে কোনোটাতেই ইহাদিগকে ঠিকমত স্থাপন করা যায় না।

সুতরাং মণিমালিকা পরামর্শের জন্য তাহার মন্ত্রীকে ডাকিল। গ্রামসম্পর্কে অথবা দূরসম্পর্কে মণিমালিকার এক ভাই ফণিভূষণের কুঠিতে গোমস্তার অধীনে কাজ করিত। তাহার এমন স্বভাব ছিল না যে কাজের দ্বারা উন্নতি লাভ করে, কোনো-একটা উপলক্ষ করিয়া আত্মীয়তার জোরে বেতন এবং বেতনেরও বেশি কিছু কিছু সংগ্রহ করিত।

মণিমালিকা তাহাকে ডাকিয়া সকল কথা বলিল; জিজ্ঞাসা করিল, 'এখন পরামর্শ কী।'

সে অত্যন্ত বুদ্ধিমানের মতো মাথা নাড়িল; অর্থাৎ গতিক ভালো নহে। বুদ্ধিমানেরা কখনোই গতিক ভালো দেখে না। সে কহিল, 'বাবু কখনোই টাকা সংগ্রহ করিতে পারিবেন না, শেষকালে তোমার এ গহনাতে টান পড়িবেই।'

মণিমালিকা মানুষকে যেরূপ জ্ঞানিত তাহাতে বুদ্ধিল, এইরূপ হওয়াই সম্ভব এবং ইহাই সংগত। তাহার দৃষ্টিভঙ্গি সূতীত্ব হইয়া উঠিল। সংসারে তাহার সম্ভান নাই; স্বামী আছে বটে কিন্তু স্বামীর অস্তিত্ব সে অন্তরের মধ্যে অনুভব করে না, অতএব যাহা তাহার একমাত্র যত্নের ধন, যাহা তাহার ছেলের মতো ক্রমে ক্রমে বৎসরে বৎসরে বাড়িয়া উঠিতেছে, যাহা রূপকমাত্র নহে, যাহা প্রকৃতই সোনা, যাহা মানিক, যাহা বঙ্কর, যাহা কঠোর, যাহা মাথার— সেই অনেকদিনের অনেক সাধের সামগ্রী এক মুহূর্তেই ব্যবসায়ের অন্তলম্পর্শ গহ্বরের মধ্যে নিষ্কিন্তু হইবে ইহা কল্পনা করিয়া তাহার সর্বশরীর হিম হইয়া আসিল। সে কহিল, 'কী করা যায়।'

মধুসূদন কহিল, 'গহনাগুলো লইয়া এইবেলা বাপের বাড়ি চলো।' গহনার কিছু অংশ, এমন-কি, অধিকাংশই যে তাহার ভাগে আসিবে বুদ্ধিমান মধু মনে মনে তাহার উপায় ঠাহরাইল।

মণিমালিকা এ প্রস্তাবে তৎক্ষণাৎ সম্মত হইল।

আষাঢ়শেষের সন্ধ্যাবেলায় এই ঘাটের ধারে একখানি নৌকা আসিয়া লাগিল। ঘনমেঘাচ্ছন্ন প্রত্যবে নিবিড় অন্ধকারে নিদ্রাহীন ভেকের কলরবের মধ্যে একখানি মোটা চাদরে পা হইতে মাথা পর্যন্ত আবৃত করিয়া মণিমালিকা নৌকায় উঠিল। মধুসূদন নৌকার মধ্য হইতে জাগিয়া উঠিয়া কহিল, 'গহনার বাস্কাটা আমার কাছে দাও।' মণি কহিল, 'সে পরে হইবে, এখন নৌকা খুলিয়া দাও।'

নৌকা খুলিয়া দিল, ধরস্রোতে ছুট করিয়া ভাসিয়া গেল।

মণিমালিকা সমস্ত রাত ধরিয়া একটি একটি করিয়া তাহার সমস্ত গহনা সর্বান্ত ভরিয়া পরিয়াছে, মাথা হইতে পা পর্যন্ত আর স্থান ছিল না। বাস্তব করিয়া গহনা লইলে সে বাস্তব হাতছাড়া হইয়া যাইতে পারে, এ আশঙ্কা তাহার ছিল। কিন্তু, গায়ে পরিয়া গেলে তাহাকে না বধ করিয়া সে গহনা কেহ লইতে পারিবে না।

সঙ্গে কোনোপ্রকার বাস্তব না দেখিয়া মধুসূদন কিছু বুঝিতে পারিল না, মোটা চাদরের নীচে যে মণিমালিকার দেহপ্রাণের সঙ্গে সঙ্গে দেহপ্রাণের অধিক গহনাগুলি আচ্ছন্ন ছিল তাহা সে অনুমান করিতে পারে নাই! মণিমালিকা ফণিভূষণকে বুঝিত না বটে, কিন্তু মধুসূদনকে চিনিত তাহার বাকি ছিল না।

মধুসূদন গোমস্তার কাছে একখানা চিঠি রাখিয়া গেল যে, সে কত্রীকে পিত্রালায়ে পৌছাইয়া দিতে রওনা হইল। গোমস্তা ফণিভূষণের বাপের আমলের; সে অত্যন্ত বিরক্ত হইয়া হুস্ব-ইকারকে দীর্ঘ-ঈকার এবং দস্তা-সকে তালবা-শ করিয়া মনিবকে এক পত্র লিখিল, ভালো বাংলা লিখিল না কিন্তু কত্রীকে অযথা প্রশয় দেওয়া যে পুরুষোচিত নহে এ কথাটা ঠিকমতই প্রকাশ করিল।

ফণিভূষণ মণিমালিকার মনের কথাটা ঠিক বুঝিল। তাহার মনে এই আঘাতটা প্রবল হইল যে, 'আমি গুরুতর ক্ষতিসম্ভাবনা সত্ত্বেও কত্রীর অলংকার পরিভাগ করিয়া প্রাণপণ চেষ্টায় অর্থসংগ্রহে প্রবৃত্ত হইয়াছি, তবু আমাকে সন্দেহ। আমাকে আজিও চিনিল না।'

নিজের প্রতি যে নিদারুণ অন্যায়ে ক্রুদ্ধ হওয়া উচিত ছিল, ফণিভূষণ তাহাতে ক্ষুব্ধ হইল মাত্র। পুরুষমানুষ বিধাতার ন্যায়দণ্ড, তাহার মধ্যে তিনি বজ্রাগ্নি নিহিত করিয়া রাখিয়াছেন, নিজের প্রতি অথবা অপরের প্রতি অন্যায়ে সংঘর্ষে সে যদি দপ করিয়া জ্বলিয়া উঠিতে না পারে তবে দিক তাহাকে। পুরুষমানুষ দাবাগ্নির মতো রাগিয়া উঠিবে সামান্য কারণে, আর কত্রীলোক শ্রাবণমেঘের মতো অশ্রুপাত করিতে থাকিবে বিনা উপলক্ষে বিধাতা এইরূপ বন্দোবস্ত করিয়াছিলেন, কিন্তু সে আর টেকে না।

ফণিভূষণ অপরাধিনী কত্রীকে লক্ষ্য করিয়া মনে মনে কহিল, 'এই যদি তোমার বিচার হয় তবে এইরূপই হউক, আমার কর্তব্য আমি করিয়া যাইব।' আরো শতাব্দী-পাঁচছয় পরে যখন কেবল অধ্যাত্মশক্তিতে জগৎ চলিবে তখন যাহার জন্মগ্রহণ করা উচিত ছিল সেই ভাবী যুগের ফণিভূষণ উনবিংশ শতাব্দীতে অবতীর্ণ হইয়া সেই আদিযুগের কত্রীলোককে বিবাহ করিয়া বসিয়াছে শাস্ত্রে যাহার বুদ্ধিকে প্রলয়ংকরী বলিয়া থাকে। ফণিভূষণ কত্রীকে এক-অক্ষর পত্র লিখিল না এবং মনে মনে প্রতিজ্ঞা করিল, এ সম্বন্ধে কত্রীর কাছে কখনো সে কোনো কথাই উল্লেখ করিবে না। কী ভীষণ দণ্ডবিধি।

দিনদশেক পরে কোনোমতে যথোপযুক্ত টাকা সংগ্রহ করিয়া বিপদস্বীর্ণ ফণিভূষণ বাড়ি আসিয়া উপস্থিত হইল। সে জানিত, বাপের বাড়িতে গহনাপত্র রাখিয়া এতদিনে মণিমালিকা ঘরে ফিরিয়া আসিয়াছে। সেদিনকার দীন প্রার্থীভাব ত্যাগ করিয়া কৃতকার্য কৃতীপুরুষ কত্রীর কাছে দেখা দিলে মণি যে কিরূপ লজ্জিত এবং অনাবশ্যক প্রয়াসের জন্য কিঞ্চিৎ অনুতপ্ত হইবে, ইহাই কল্পনা করিতে করিতে ফণিভূষণ অন্তঃপুরে শয়নাগারের দ্বারের কাছে আসিয়া উপনীত হইল।

দেখিল, দ্বার রুদ্ধ। তালা ভাঙিয়া ঘরে ঢুকিয়া দেখিল, ঘর শূন্য। কোণে লোহার সিঁদুক খোলা পড়িয়া আছে, তাহাতে গহনাপত্রের চিহ্নমাত্র নাই।

স্বামীর বৃকের মধ্যে ধক করিয়া একটা ঘা লাগিল। মনে হইল, সংসার উদ্দেশ্যহীন এবং ভালোবাসা ও বাণিজ্যব্যাবসা সমস্তই ব্যর্থ। আমরা এই সংসারপিঞ্জরের প্রত্যেক শলাকার উপরে প্রাণপাত করিতে বসিয়াছি, কিন্তু তাহার ভিতরে পাখি নাই, রাখিলেও সে থাকে না। তবে অহরহ হৃদয়খনির রক্তমানিক ও অক্ষয়লের মুক্তামালা দিয়া কী সাজাইতে বসিয়াছি। এই চিরজীবনের সর্বস্বজড়ানো শূন্য সংসার-খাঁচাটা ফণিভূষণ মনে মনে পদাঘাত করিয়া অতিদূরে ফেলিয়া দিল।

ফণিভূষণ কত্রীর সম্বন্ধে কোনোরূপ চেষ্টা করিতে চাহিল না। মনে করিল, যদি ইচ্ছা হয় তো ফিরিয়া আসিবে। বৃদ্ধ ব্রাহ্মণ গোমস্তা আসিয়া কহিল, 'চূপ করিয়া থাকিলে কী হইবে, কত্রীবধুর খবর লওয়া

চাই তো ।' এই বলিয়া মণিমালিকার পিত্রালয়ে লোক পাঠাইয়া দিল । সেখান হইতে খবর আসিল, মণি অথবা মধু এ পর্যন্ত সেখানে পৌঁছে নাই ।

তখন চারি দিকে খোঁজ পড়িয়া গেল । নদীতীরে-তীরে প্রসন্ন করিতে করিতে লোক ছুটিল । মধুর তল্লাস করিতে পুলিশে খবর দেওয়া হইল— কোন্ নৌকা, নৌকার মাঝি কে, কোন্ পথে তাহারা কোথায় চলিয়া গেল, তাহার কোনো সন্ধান মিলিল না ।

সর্বপ্রকার আশা ছাড়িয়া দিয়া একদিন ফণিভূষণ সন্ধ্যাকালে তাহার পরিত্যক্ত শয়নগৃহের মধ্যে প্রবেশ করিল । সেদিন জন্মাষ্টমী, সকাল হইতে অবিশ্রান্ত বৃষ্টি পড়িতেছে । উৎসব উপলক্ষে গ্রামের প্রান্তরে একটা মেলা বসে, সেখানে আটচালার মধ্যে বায়োয়ারির যাত্রা আরম্ভ হইয়াছে । মুঘলধারায় বৃষ্টিপাতশব্দে যাত্রার গানের সুর মৃদুতর হইয়া কানে আসিয়া প্রবেশ করিতেছে । ঐ-যে বাতায়নের উপরে শিথিলকঙ্কা দরজাটা ঝুলিয়া পড়িয়াছে ঐখানে ফণিভূষণ অঙ্ককারে একলা বসিয়াছিল— বাদলার হাওয়া বৃষ্টির ছাঁট এবং যাত্রার গান ঘরের মধ্যে প্রবেশ করিতেছিল, কোনো খেয়ালই ছিল না । ঘরের দেওয়ালে আট স্টুডিও-রচিত লক্ষ্মীসরস্বতীর এক জোড়া ছবি টাঙানো ; আলনার উপরে একটি গামছা ও তোয়ালে, একটি চুড়িপেড়ে ও একটি ডুরে শাড়ি সদাব্যবহারযোগ্যভাবে পাকানো ঝুলানো রহিয়াছে । ঘরের কোণে টিপাইয়ের উপরে পিতলের ডিবায় মণিমালিকার স্বহস্তরচিত গুটিকতক পান শুষ্ক হইয়া পড়িয়া আছে । কাচের আলমারির মধ্যে তাহার আবাল্যসঞ্চিত চীনের পুতুল, এসেসের শিশি, রঙিন কাচের ডিক্যান্টার, শৌখিন তাস, সমুদ্রের বড়ো বড়ো কড়ি, এমন-কি, শূন্য সাবানের বাস্তুগুলি পর্যন্ত অতি পরিপাটি করিয়া সাজানো ; যে অতিক্রম গোলকবিশিষ্ট ছোটো শাখের কেরোসিন-ল্যাম্প সে নিজে প্রতিদিন প্রস্তুত করিয়া স্বহস্তে জ্বালাইয়া কুলুঙ্গির উপর রাখিয়া দিত তাহা যথাস্থানে নির্বাপিত এবং স্নান হইয়া দাঁড়াইয়া আছে, কেবল সেই ক্ষুদ্র ল্যাম্পটি এই শয়নকক্ষে মণিমালিকার শেষ মুহূর্তের নিকটের সাক্ষী ; সমস্ত শূন্য করিয়া যে চলিয়া যায়, সেও এত চিহ্ন, এত ইতিহাস, সমস্ত জড়সামগ্রীর উপর আপন সজীব হৃদয়ের এত স্নেহস্বাক্ষর রাখিয়া যায় ! এসো মণিমালিকা, এসো, তোমার দীপটি তুমি জ্বালাও, তোমার ঘরটি তুমি আলো করো, আয়নার সম্মুখে দাঁড়াইয়া তোমার যত্নকুঞ্চিত শাড়িটি তুমি পরো, তোমার জিনিসগুলি তোমার জন্য অপেক্ষা করিতেছে । তোমার কাছ হইতে কেহ কিছু প্রত্যাশা করে না, কেবল তুমি উপস্থিত হইয়া মাত্র তোমার অক্ষয় যৌবন তোমার অম্লান সৌন্দর্য লইয়া চারি দিকের এই-সকল বিপুল বিক্ষিপ্ত অনাথ জড়সামগ্রীরশিকে একটি প্রাণের ঐক্যে সঞ্জীবিত করিয়া রাখো ; এই-সকল মূক প্রাণহীন পদার্থের অবাস্তু ক্রন্দন গৃহকে শ্মশান করিয়া তুলিয়াছে ।

গভীর রাত্রে কখন একসময়ে বৃষ্টির ধারা এবং যাত্রার গান থামিয়া গেছে । ফণিভূষণ জানলার কাছে যেমন বসিয়াছিল তেমনি বসিয়া আছে । বাতায়নের বাহিরে এমন একটা জগদ্ব্যাপী নীরঙ্ক অঙ্ককার যে তাহার মনে হইতেছিল, যেন সম্মুখে যমালয়ের একটা অপ্রভেদী সিংহদ্বার, যেন এইখানে দাঁড়াইয়া কাঁদিয়া ডাকিলে চিরকালের লুপ্ত জিনিস অচিরকালের মতো একবার দেখা দিতেও পারে । এই মসীকৃষ্ণ মৃত্যুর পটে, এই অতি কঠিন নিকষ-পাষাণের উপর এই হারানো সোনার একটি রেখা পড়িতেও পারে ।

এমন সময় একটা ঠকঠক শব্দের সঙ্গে সঙ্গে গহনার ঝঙ্কম্ শব্দ শোনা গেল । ঠিক মনে হইল, শব্দটা নদীর ঘাটের উপর হইতে উঠিয়া আসিতেছে । তখন নদীর জল এবং রাত্রির অঙ্ককার এক হইয়া মিশিয়া গিয়াছিল । পুলকিত ফণিভূষণ দুই উৎসুক চক্ষু দিয়া অঙ্ককার ঠেলিয়া ঠেলিয়া ফুড়িয়া ফুড়িয়া দেখিতে চেষ্টা করিতে লাগিল— স্ফীত হৃদয় এবং ব্যগ্র দৃষ্টি ব্যথিত হইয়া উঠিল, কিছুই দেখা গেল না । দেখিবার চেষ্টা যতই একান্ত বাড়িয়া উঠিল অঙ্ককার ততই যেন ঘনীভূত, জগৎ ততই বেন ছায়াবৎ হইয়া আসিল । প্রকৃতি নিশীথরাত্রে আপন মৃত্যুনিকেতনের গবাক্ষদ্বারে অকস্মাৎ অতিধিসমাগম দেখিয়া দ্রুত হস্তে আরো একটা বেশি করিয়া পর্দা ফেলিয়া দিল ।

শব্দটা ক্রমে ঘাটের সর্বোচ্চ সোপানতল ছাড়িয়া বাড়ির দিকে অগ্রসর হইতে লাগিল । বাড়ির

সম্মুখে আসিয়া থামিল। দেউড়ি বন্ধ করিয়া দরোয়ান যাত্রা শুনিতে গিয়াছিল। তখন সেই রুদ্ধ দ্বারের উপর ঠক্ঠক্ ঝমঝম করিয়া ঘা পড়িতে লাগিল, যেন অলংকারের সঙ্গে সঙ্গে একটা শক্ত জিনিস দ্বারের উপর আসিয়া পড়িতেছে। ফণিভূষণ আর থাকিতে পারিল না। নির্বাণদীপ কন্ধগুলি পার হইয়া, অঙ্ককার সিঁড়ি দিয়া নামিয়া, রুদ্ধ দ্বারের নিকট আসিয়া উপস্থিত হইল। দ্বার বাহির হইতে তালাবন্ধ ছিল। ফণিভূষণ প্রাণপণে দুই হাতে সেই দ্বার নাড়া দিতেই সেই সংঘাতে এবং তাহার শব্দে চমকিয়া জাগিয়া উঠিল। দেখিতে পাইল, সে নিম্নিত অবস্থায় উপর হইতে নীচে নামিয়া আসিয়াছিল। তাহার সর্বশরীর ঘর্মাক্ত, হাত পা বরফের মতো ঠাণ্ডা, এবং হৃৎপিণ্ড নির্বাণেশ্বখ প্রদীপের মতো ক্ষুরিত হইতেছে। স্বপ্ন ভাঙিয়া দেখিল, বাহিরে আর-কোনো শব্দ নাই, কেবল শ্রাবণের ধারা তখনো ঝরঝর শব্দে পড়িতেছিল এবং তাহারই সহিত মিশ্রিত হইয়া শুনা যাইতেছিল, যাত্রার ছেলেরা ভোরের সুরে তান ধরিয়াছে।

যদিচ ব্যাপারটা সমস্তই স্বপ্ন কিন্তু এত অধিক নিকটবর্তী এবং সত্যবৎ যে ফণিভূষণের মনে হইল, যেন অতি অল্পের জন্যই সে তাহার অসম্ভব আকাঙ্ক্ষার আশ্চর্য সফলতা হইতে বঞ্চিত হইল। সেই জলপতনশব্দের সহিত দুরাগত ভৈরবীর তান তাহাকে বলিতে লাগিল, এই জাগরণই স্বপ্ন, এই জগৎই মিথ্যা।

তাহার পরদিনেও যাত্রা ছিল এবং দরোয়ানেরও ছুটি ছিল। ফণিভূষণ হুকুম দিল, আজ সমস্ত রাত্রি যেন দেউড়ির দরজা খোলা থাকে। দরোয়ান কহিল, মেলা উপলক্ষে নানা দেশ হইতে নানাপ্রকার লোক আসিয়াছে, দরজা খোলা রাখিতে সাহস হয় না। ফণিভূষণ সে কথা মানিল না। দরোয়ান কহিল, 'তবে আমি সমস্ত রাত্রি হাজির থাকিয়া পাহারা দিব।' ফণিভূষণ কহিল, 'সে হইবে না, তোমাকে যাত্রা শুনিতে যাইতেই হইবে।' দরোয়ান আশ্চর্য হইয়া গেল।

পরদিন সন্ধ্যাবেলায় দীপ নিভাইয়া দিয়া ফণিভূষণ তাহার শয়নকক্ষের সেই বাতায়নে আসিয়া বসিল। আকাশে অবষ্টিসংরম্ভ মেঘ এবং চতুর্দিকে কোনো-একটি অনির্দিষ্ট আসন্নপ্রতীক্ষার নিস্তব্ধতা। ভেকের অশ্রান্ত কলরব এবং যাত্রার গানের চীৎকারধ্বনি সেই স্তব্ধতা ভাঙিতে পারে নাই, কেবল তাহার মধ্যে একটা অসংগত অদ্ভুতরস বিস্তার করিতেছিল।

অনেকরাত্রে একসময়ে ভেক এবং ঝিল্লি এবং যাত্রার দলের ছেলেরা চূপ করিয়া গেল এবং রাত্রে অঙ্ককারের উপরে আরো একটা কিসের অঙ্ককার আসিয়া পড়িল। বুঝা গেল, এইবার সময় আসিয়াছে।

পূর্বদিনের মতো নদীর ঘাটে একটা ঠক্ঠক্ এবং ঝমঝম শব্দ উঠিল। কিন্তু, ফণিভূষণ সে দিকে চোখ ফিরাইল না। তাহার ভয় হইল, পাছে অধীর ইচ্ছা এবং অশান্ত চেঁচায় তাহার সকল ইচ্ছা সকল চেঁচা ব্যর্থ হইয়া যায়। পাছে আগ্রহের বেগ তাহার ইন্দ্রিয়শক্তিকে অভিভূত করিয়া ফেলে। সে আপনার সকল চেঁচা নিজের মনকে দমন করিবার স্নান্য প্রয়োগ করিল, কাঠের মূর্তির মতো শক্ত হইয়া স্থির হইয়া বসিয়া রহিল।

শিঞ্জিত শব্দ আজ ঘাট হইতে ক্রমে ক্রমে অগ্রসর হইয়া মুস্ত দ্বারের মধ্যে প্রবেশ করিল। শুনা গেল, অন্দর মহলের গোলসিঁড়ি দিয়া ঘুরিতে ঘুরিতে শব্দ উপরে উঠিতেছে। ফণিভূষণ আপনাকে আর দমন করিতে পারে না, তাহার বন্ধ তুফানের ডিঙির মতো আছাড় খাইতে লাগিল এবং নিশ্বাস রোধ হইবার উপক্রম হইল। গোলসিঁড়ি শেষ করিয়া সেই শব্দ বারান্দা দিয়া ক্রমে ঘরের নিকটবর্তী হইতে লাগিল। অবশেষে ঠিক সেই শয়নকক্ষের দ্বারের কাছে আসিয়া ঝট্‌কট্ এবং ঝমঝম থামিয়া গেল। কেবল চৌকাঠটি পার হইলেই হয়।

ফণিভূষণ আর থাকিতে পারিল না। তাহার রুদ্ধ আবেগ এক মুহূর্তে প্রবলবেগে উচ্ছ্বসিত হইয়া উঠিল; সে বিদ্যুৎবেগে চৌকি হইতে উঠিয়া কাঁদিয়া চীৎকার করিয়া উঠিল, 'মনি!' অমনি সচকিত হইয়া জাগিয়া দেখিল, তাহারই সেই ব্যাকুল কণ্ঠের চীৎকারে ঘরের শাসিগুলো পর্যন্ত ধ্বনিত স্পন্দিত হইতেছে। বাহিরে সেই ভেকের কলরব এবং যাত্রার ছেলেরা ক্লিষ্ট কণ্ঠের গান।

ফণিভূষণ নিজের ললাটে সবলে আঘাত করিল।

পরদিন মেলা ভাঙিয়া গেছে। দোকানি এবং যাত্রার দল চলিয়া গেল। ফণিভূষণ হুকুম দিল, সেইদিন সন্ধ্যার পর তাহার বাড়িতে সে নিজে ছাড়া আর কেহই থাকিবে না। চাকরেরা স্থির করিল, বাবু তান্ত্রিকমতে একটা কী সাধনে নিযুক্ত আছেন। ফণিভূষণ সমস্তদিন উপবাস করিয়া রহিল।

জনশূন্য বাড়িতে সন্ধ্যাবেলায় ফণিভূষণ বাতায়নতলে আসিয়া বসিল। সেদিন আকাশের স্থানে স্থানে মেঘ ছিল না, এবং ধৌত নির্মল বাতাসের মধ্য দিয়া নক্ষত্রগুলিকে অত্যুজ্জ্বল দেখাইতেছিল। কৃষ্ণপক্ষ দশমীর চাঁদ উঠিতে অনেক বিলম্ব আছে। মেলা উত্তীর্ণ হইয়া যাওয়াতে পরিপূর্ণ নদীতে নৌকা মাত্রই ছিল না এবং উৎসবজাগরণক্রান্ত গ্রাম দুইরাত্রি জাগরণের পর আজ গভীর নিদ্রায় নিমগ্ন।

ফণিভূষণ একখানা চৌকিতে বসিয়া চৌকির পিঠের উপর মাথা উর্ধ্বমুখ করিয়া তারা দেখিতেছিল; ভাবিতেছিল, একদিন যখন তাহার বয়স ছিল উনিশ, যখন কলিকাতার কালেজে পড়িত, যখন সন্ধ্যাকালে গোলদিঘির তৃণশয়নে চিত হইয়া, হাতের উপরে মাথা রাখিয়া, ঐ অনন্তকালের তারাগুলির দিকে চাহিয়া থাকিত এবং মনে পড়িত তাহার সেই নদীকূলবর্তী স্বপ্নরবাড়ির একটি বিরলকক্ষে চোদ্দবৎসরের বয়ঃসন্ধিগতা মণির সেই উজ্জ্বল কাঁচা মুখখানি, তখনকার সেই বিরহ কী সুমধুর, তখনকার সেই তারাগুলির আলোকস্পন্দন হৃদয়ের যৌবনস্পন্দনের সঙ্গে সঙ্গে কী বিচিত্র 'বসন্তরাগেণ যতিতালাত্যাং' বাজিয়া বাজিয়া উঠিত! আজ সেই একই তারা আগুন দিয়া আকাশে মোহমুদগারের শ্লোক কয়টা লিখিয়া রাখিয়াছে; বলিতেছে, সংসারোহয়মতীব বিচিত্রঃ!।

দেখিতে দেখিতে তারাগুলি সমস্ত লুপ্ত হইয়া গেল। আকাশ হইতে একখানা অঙ্কার নামিয়া এবং পৃথিবী হইতে একখানা অঙ্কার উঠিয়া চোখের উপরকার এবং নীচেকার পল্লবের মতো একত্র আসিয়া মিলিত হইল। আজ ফণিভূষণের চিন্তা শান্ত ছিল। সে নিশ্চয় জানিত, আজ তাহার অভীষ্ট সিদ্ধ হইবে, সাধকের নিকট মৃত্যু আপন রহস্য উদ্ঘাটন করিয়া দিবে।

পূর্বরাত্রির মতো সেই শব্দ নদীর জলের মধ্য হইতে ঘাটের সোপানের উপর উঠিল। ফণিভূষণ দুই চক্ষু নিম্নীলিত করিয়া স্থির দৃঢ়চিন্তে ধ্যানাসনে বসিল। শব্দ দ্বারীশূন্য দেউড়ির মধ্যে প্রবেশ করিল, শব্দ জনশূন্য অন্তঃপুরের গোলসিড়ির মধ্য দিয়া ঘুরিয়া ঘুরিয়া উঠিতে লাগিল, শব্দ দীর্ঘ বারান্দা পার হইল এবং শয়নকক্ষের দ্বারের কাছে আসিয়া ক্ষণকালের জন্য থামিল।

ফণিভূষণের হৃদয় ব্যাকুল এবং সর্বাঙ্গ কষ্টকিত হইয়া উঠিল, কিন্তু আজ সে চক্ষু খুলিল না। শব্দ চৌকাঠ পার হইয়া অঙ্কার ঘরের মধ্যে প্রবেশ করিল। আলনায় যেখানে শাড়ি কোঁচানো আছে, কুলুঙ্গিতে যেখানে কেরোসিনের দীপ দাঁড়াইয়া, টিপাইয়ের ধারে যেখানে পানের বাটায় পান শুষ্ক, এবং সেই বিচিত্রসামগ্রীপূর্ণ আলমারির কাছে প্রত্যেক জায়গায় এক-একবার করিয়া দাঁড়াইয়া অবশেষে শব্দটা ফণিভূষণের অত্যন্ত কাছে আসিয়া থামিল।

তখন ফণিভূষণ চোখ মেলিল এবং দেখিল, ঘরে নবোদিত দশমীর চন্দ্রালোক আসিয়া প্রবেশ করিয়াছে, এবং তাহার চৌকির ঠিক সম্মুখে একটি কঙ্কাল দাঁড়াইয়া। সেই কঙ্কালের আট আঙুলে আংটি, করতলে রতনচক্র, প্রকোষ্ঠে বালা, বাহুতে বাজুবন্ধ, গলায় কণ্ঠি, মাথায় সিঁধি, তাহার আপাদমস্তকে অস্থিতে অস্থিতে এক-একটি আভরণ সোনায় হীরায় বকঝক করিতেছে। অলংকারগুলি টিলা, ঢলঢল করিতেছে, কিন্তু অঙ্গ হইতে খসিয়া পড়িতেছে না। সর্বাপেক্ষা ভয়ংকর, তাহার অস্থিময় মুখে তাহার দুই চক্ষু ছিল সজীব; সেই কালো তারা, সেই ঘনদীর্ঘ পল্লব, সেই সজল উজ্জ্বলতা, সেই অবিচলিত দৃঢ়শাস্তি দৃষ্টি। আজ আঠারো বৎসর পূর্বে একদিন আলোকিত সভাগৃহে নহবতের সাহানা আলাপের মধ্যে ফণিভূষণ যে দুটি আয়ত-সুন্দর কালো-কালো ঢলঢল চোখ শুভদৃষ্টিতে প্রথম দেখিয়াছিল সেই দুটি চক্ষুই আজ শ্রাবণের অর্ধরাত্রে কৃষ্ণপক্ষ দশমীর চন্দ্রকিরণে দেখিল; দেখিয়া তাহার সর্বশরীরে রক্ত হিম হইয়া আসিল। প্রাণপণে দুই চক্ষু বুজিতে চেষ্টা করিল, কিছুতেই পারিল না; তাহার চক্ষু মৃত মানুষের চক্ষুর মতো নির্নিমেষ চাহিয়া রহিল।

তখন সেই কঙ্কাল স্তম্ভিত ফণিভূষণের মুখের দিকে তাহার দৃষ্টি স্থির রাখিয়া দক্ষিণ হস্ত তুলিয়া

নীরবে অঙ্গুলিসংকেতে ডাকিল । তাহার চার আঙুলের অস্থিতে হীরার আংটি ঝক্‌ঝক্‌ করিয়া উঠিল ।

ফণিভূষণ মূঢ়ের মতো উঠিয়া দাঁড়াইল । কঙ্কাল ছারের অভিমুখে চলিল ; হাড়েতে হাড়েতে গহনায় গহনায় কঠিন শব্দ হইতে লাগিল । ফণিভূষণ পাশবন্ধ পুষ্পলীর মতো তাহার পশ্চাৎ পশ্চাৎ চলিল । বারান্দা পার হইল, নিবিড় অঙ্ককার গোলসিঁড়ি ঘুরিয়া ঘুরিয়া খট্‌খট্‌ ঠক্‌ঠক্‌ ঝম্‌ঝম্‌ করিতে করিতে নীচে উদ্ভীর্ণ হইল । নীচেকার বারান্দা পার হইয়া জনশূন্য দীপহীন দেউড়িতে প্রবেশ করিল । অবশেষে দেউড়ি পার হইয়া ইটের-খোয়া-দেওয়া বাগানের রাস্তায় বাহির হইয়া পড়িল । খোয়াগুলি অস্থিপাতে কড়কড় করিতে লাগিল । সেখানে ক্ষীণ জ্যোৎস্না ঘন ডালপালার মধ্যে আটক খাইয়া কোথাও নিষ্কৃতির পথ পাইতেছিল না ; সেই বর্ষার নিবিড়গন্ধ অঙ্ককার ছায়াপথে জোনাকির ঝাঁকের মধ্য দিয়া উভয়ে নদীর ঘাটে আসিয়া উপস্থিত হইল ।

ঘাটের যে ধাপ বাহিয়া শব্দ উপরে উঠিয়াছিল সেই ধাপ দিয়া অলংকৃত কঙ্কাল তাহার আন্দোলনহীন ঝঞ্জুগতিতে কঠিন শব্দ করিয়া এক-পা এক-পা নামিতে লাগিল । পরিপূর্ণ বর্ষানদীর প্রবলশ্রোত জলের উপর জ্যোৎস্নার একটি দীর্ঘরেখা ঝিক্‌ঝিক্‌ করিতেছে ।

কঙ্কাল নদীতে নামিল, অনুবর্তী ফণিভূষণও জলে পা দিল । জলস্পর্শ করিবামাত্র ফণিভূষণের তন্দ্রা ছুটিয়া গেল । সম্মুখে আর তাহার পথপ্রদর্শক নাই, কেবল নদীর পরপারে গাছগুলা স্তব্ধ হইয়া দাঁড়াইয়া এবং তাহাদের মাথার উপরে ষণ্ড চাঁদ শাস্ত অবাকভাবে চাহিয়া আছে । আপাদমস্তক বারংবার শিহরিয়া শিহরিয়া স্থলিতপদে ফণিভূষণ শ্রোতের মধ্যে পড়িয়া গেল । যদিও সাতার জানিত কিন্তু স্নায়ু তাহার বশ মানিল না, স্বপ্নের মধ্য হইতে কেবল মুহূর্তমাত্র জাগরণের প্রান্তে আসিয়া পরক্ষণে অতলস্পর্শ সৃষ্টির মধ্যে নিমগ্ন হইয়া গেল ।

গল্প শেষ করিয়া ইন্সুলমাস্টার খানিকক্ষণ থামিলেন । হঠাৎ থামিবামাত্র বোঝা গেল, তিনি ছাড়া ইতিমধ্যে জগতের আর-সকলই নীরব নিস্তব্ধ হইয়া গেছে । অনেকক্ষণ আমি একটি কথাও বলিলাম না এবং অঙ্ককারে তিনি আমার মুখের ভাবও দেখিতে পাইলেন না ।

আমাকে জিজ্ঞাসা করিলেন, “আপনি কি এ গল্প বিশ্বাস করিলেন না ।”

আমি জিজ্ঞাসা করিলাম, “আপনি কি ইহা বিশ্বাস করেন ।”

তিনি কহিলেন, “না । কেন করি না তাহার কয়েকটি যুক্তি দিতেছি । প্রথমত প্রকৃতিঠাকুরানী উপন্যাসলেখিকা নহেন, তাঁহার হাতে বিস্তর কাজ আছে—”

আমি কহিলাম, “দ্বিতীয়ত, আমারই নাম শ্রীযুক্ত ফণিভূষণ সাহা ।”

ইন্সুলমাস্টার কিছুমাত্র লজ্জিত না হইয়া কহিলেন, “আমি তাহা হইলে ঠিকই অনুমান করিয়াছিলাম ; আপনার স্বীর নাম কী ছিল ।”

আমি কহিলাম, “নৃত্যকালী ।”

অগ্রহায়ণ ১৩০৫

দৃষ্টিদান

ওনিয়াছি, আজকাল অনেক বাঙালির মেয়েকে নিজের চেঁচায় স্বামী সংগ্রহ করিতে হয় । আমিও তাই করিয়াছি, কিন্তু দেবতার সহায়তায় । আমি ছেলেবেলা হইতে অনেক ব্রত এবং অনেক শিবপূজা করিয়াছিলাম ।

আমার আটবেংসর বয়স উদ্ভীর্ণ না হইতেই বিবাহ হইয়া গিয়াছিল । কিন্তু পূর্বজন্মের পাপবশত আমি আমার এমন স্বামী পাইয়াও সম্পূর্ণ পাইলাম না । মা ত্রিনয়নী আমার দুইচক্ষু লইলেন । জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত স্বামীকে দেখিয়া লইবার সুখ দিলেন না ।

বাল্যকাল হইতেই আমার অগ্নিপরীক্ষার আরম্ভ হয়। চোন্দবৎসর পার না হইতেই আমি একটি মৃতশিশু জন্ম দিলাম; নিজেও মরিবার কাছাকাছি গিয়াছিলাম কিন্তু যাহাকে দুঃখভোগ করিতে হইবে সে মরিলে চলিবে কেন। যে দীপ জ্বলিবার জন্য হইয়াছে তাহার তেল অল্প হয় না; রাত্রিভোর জ্বলিয়া তবে তাহার নির্বাণ।

ঝাঁচিলাম বটে কিন্তু শরীরের দুর্বলতায়, মনের খেদে, অথবা যে কারণেই হউক, আমার চোখের পীড়া হইল।

আমার স্বামী তখন ডাক্তারি পড়িতেছিলেন। নূতন বিদ্যাশিক্ষার উৎসাহবশত চিকিৎসা করিবার সুযোগ পাইলে তিনি খুশি হইয়া উঠিতেন। তিনি নিজেই আমার চিকিৎসা আরম্ভ করিলেন।

দাদা সে বছর বি. এল. দিবেন বলিয়া কালেজে পড়িতেছিলেন। তিনি একদিন আসিয়া আমার স্বামীকে কহিলেন, “করিতেছ কী। কুমুর চোখ দুটো যে নষ্ট করিতে বসিয়াছ। একজন ভালো ডাক্তার দেখাও।”

আমার স্বামী কহিলেন, “ভালো ডাক্তার আসিয়া আর নূতন চিকিৎসা কী করিবে। ওষুধপত্র তো সব জানাই আছে।”

দাদা কিছু রাগিয়া কহিলেন, “তবে তো তোমার সঙ্গে তোমাদের কালেজের বড়োসাহেবের কোনো প্রভেদ নাই।”

স্বামী বলিলেন, “আইন পড়িতেছ, ডাক্তারির তুমি কী বোঝ। তুমি যখন বিবাহ করিবে তখন তোমার স্ত্রীর সম্পত্তি লইয়া যদি কখনো মকদ্দমা বাধে তুমি কি আমার পরামর্শমত চলিবে।”

আমি মনে মনে ভাবিতেছিলাম, রাজায় রাজায় যুদ্ধ হইলে উলুখড়েরই বিপদ সবচেয়ে বেশি। স্বামীর সঙ্গে বিবাদ বাধিল দাদার, কিন্তু দুইপক্ষ হইতে বাজিতেছে আমাকেই। আবার ভাবিলাম, দাদারা যখন আমাকে দানই করিয়াছেন তখন আমার সম্বন্ধে কর্তব্য লইয়া এ-সমস্ত ভাগাভাগি কেন। আমার সুখদুঃখ, আমার রোগ ও আরোগ্য, সে তো সমস্তই আমার স্বামীর।

সেদিন আমার এই এক সামান্য চোখের চিকিৎসা লইয়া দাদার সঙ্গে আমার স্বামীর যেন একটু মনাস্তর হইয়া গেল। সহজেই আমার চোখ দিয়া জল পড়িতেছিল, আমার জলের ধারা আরো বাড়িয়া উঠিল; তাহার প্রকৃত কারণ আমার স্বামী কিংবা দাদা কেহই তখন বুঝিলেন না।

আমার স্বামী কালেজে গেলে বিকালবেলায় হঠাৎ দাদা এক ডাক্তার লইয়া আসিয়া উপস্থিত। ডাক্তার পরীক্ষা করিয়া কহিল, সাবধানে না থাকিলে পীড়া গুরুতর হইবার সম্ভাবনা আছে। এই বলিয়া কী-সমস্ত ওষুধ লিখিয়া দিল, দাদা তখনই তাহা আনাইতে পাঠাইলেন।

ডাক্তার চলিয়া গেলে আমি দাদাকে বলিলাম, “দাদা, আপনার পায়ে পড়ি, আমার যে চিকিৎসা চলিতেছে তাহাতে কোনোরূপ ব্যাঘাত ঘটাইবেন না।”

আমি শিশুকাল হইতে দাদাকে খুব ভয় করিতাম; তাহাকে যে মুখ ফুটিয়া এমন করিয়া কিছু বলিতে পারিব, ইহা আমার পক্ষে এক আশ্চর্য ঘটনা। কিন্তু, আমি বেশ বুঝিয়াছিলাম, আমার স্বামীকে লুকাইয়া দাদা আমার যে চিকিৎসার ব্যবস্থা করিতেছেন তাহাতে আমার অশুভ বৈ শুভ নাই।

দাদাও আমার প্রগল্ভতায় বোধ করি কিছু আশ্চর্য হইলেন। কিছুক্ষণ চুপ করিয়া ভাবিয়া অবশেষে বলিলেন, “আচ্ছা, আমি আর ডাক্তার আনিব না, কিন্তু যে ওষুধটা আসিবে তাহা বিধিমতে সেবন করিয়া দেখিস।” ওষুধ আসিলে পর আমাকে তাহা ব্যবহারের নিয়ম বুঝাইয়া দিয়া চলিয়া গেলেন। স্বামী কালেজ হইতে আসিবার পূর্বেই আমি সে কৌটা এবং শিশি এবং তুলি এবং বিধিবিধান সমস্তই সযত্নে আমাদের প্রাক্কণের পাতকুয়ার মধ্যে ফেলিয়া দিলাম।

দাদার সঙ্গে কিছু আড়ি করিয়াই আমার স্বামী যেন আরো দ্বিগুণ চেষ্টায় আমার চোখের চিকিৎসায় প্রবৃত্ত হইলেন। এবেলা ওবেলা ওষুধ বদল হইতে লাগিল। চোখে ঠুলি পরিলাম, চশমা পরিলাম, চোখে ফোটা ফোটা করিয়া ওষুধ ঢালিলাম, ঠুড়া লাগাইলাম, দুর্গন্ধ মাছের তেল খাইয়া ভিতরকার পাকযন্ত্রসূত্র যখন বাহির হইবার উদ্যম করিত তাহাও দমন করিয়া রহিলাম।

স্বামী জিজ্ঞাসা করিতেন, কেমন বোধ হইতেছে। আমি বলিতাম, অনেকটা ভালো। আমি মনে করিতেও চেষ্টা করিতাম যে, ভালোই হইতেছে। যখন বেশি জল পড়িতে থাকিত তখন ভাবিতাম জল কাটিয়া যাওয়াই ভালো লক্ষণ; যখন জল পড়া বন্ধ হইত তখন ভাবিতাম, এই তো আরোগ্য হইবার পথে দাঁড়াইয়াছি।

কিন্তু কিছুকাল পরে যন্ত্রণা অসহ্য হইয়া উঠিল। চোখে ঝাপসা দেখিতে লাগিলাম এবং মাথার বেদনায় আমাকে স্থির থাকিতে দিল না। দেখিলাম, আমার স্বামীও যেন কিছু অপ্রতিভ হইয়াছেন। এতদিন পরে কী ছুতা করিয়া যে ডাক্তার ডাকিবেন, ভাবিয়া পাইতেছেন না।

আমি তাঁহাকে বলিলাম, “দাদার মন রক্ষার জন্য একবার একজন ডাক্তার ডাকিতে দোষ কী। এই লইয়া তিনি অনর্থক রাগ করিতেছেন, ইহাতে আমার মনে কষ্ট হয়। চিকিৎসা তো তুমিই করিবে, ডাক্তার একজন উপসর্গ থাকি ভালো।”

স্বামী কহিলেন, “ঠিক বলিয়াছ।” এই বলিয়া সেইদিনই এক ইংরাজ ডাক্তার লইয়া হাজির করিলেন। কী কথা হইল জানি না কিন্তু মনে হইল, যেন সাহেব আমার স্বামীকে কিছু ভৎসনা করিলেন; তিনি নতশিরে নিরুত্তরে দাঁড়াইয়া রহিলেন।

ডাক্তার চলিয়া গেলে আমি আমার স্বামীর হাত ধরিয়া বলিলাম, “কোথা হইতে একটা গোয়ার গোরা-গর্দভ ধরিয়া আনিয়াছ, একজন দেশী ডাক্তার আনিলেই হইত। আমার চোখের রোগ ও কি তোমার চেয়ে ভালো বুঝিবে।”

স্বামী কিছু কুণ্ঠিত হইয়া বলিলেন, “চোখে অস্ত্র করা আবশ্যিক হইয়াছে।”

আমি একটু রাগের ভান করিয়া কহিলাম, “অস্ত্র করিতে হইবে, সে তো তুমি জানিতে কিন্তু প্রথম হইতেই সে কথা আমার কাছে গোপন করিয়া গেছ। তুমি কি মনে কর, আমি ভয় করি।”

স্বামীর লজ্জা দূর হইল; তিনি বলিলেন, “চোখে অস্ত্র করিতে হইবে শুনিলে ভয় না করে, পুরুষের মধ্যে এমন বীর কয়জন আছে।”

আমি ঠাট্টা করিয়া বলিলাম, “পুরুষের বীরত্ব কেবল স্ত্রীর কাছে।”

স্বামী তৎক্ষণাৎ ম্লান গম্ভীর হইয়া কহিলেন, “সে কথা ঠিক। পুরুষের কেবল অহংকার সার।”

আমি তাঁহার গাম্ভীর্য উড়াইয়া দিয়া কহিলাম, “অহংকারেও বুঝি তোমরা মেয়েদের সঙ্গে পার? তাহাতেও আমাদের ক্ষিত।”

ইতিমধ্যে দাদা আসিলে আমি দাদাকে বিবলে ডাকিয়া বলিলাম, “দাদা, আপনার সেই ডাক্তারের ব্যবস্থামত চলিয়া এতদিন আমার চোখ বেশ ভালোই হইতেছিল, একদিন ভ্রমক্রমে খাইবার ওষুধটা চক্ষে লেপন করিয়া তাহার পর হইতে চোখ যায়-যায় হইয়া উঠিয়াছে। আমার স্বামী বলিতেছেন, চোখে অস্ত্র করিতে হইবে।”

দাদা বলিলেন, “আমি ভাবিতেছিলাম, তোরা স্বামীর চিকিৎসাই চলিতেছে, তাই আরো আমি রাগ করিয়া এতদিন আসি নাই।”

আমি বলিলাম, “না, আমি গোপনে সেই ডাক্তারের ব্যবস্থামতই চলিতেছিলাম, স্বামীকে জানাই নাই, পাছে তিনি রাগ করেন।”

স্বীকৃত্য গ্রহণ করিলে এত মিথ্যাও বলিতে হয়! দাদার মনেও কষ্ট দিতে পারি না, স্বামীর যশও ক্ষুণ্ণ করা চলে না। মা হইয়া কোলের শিশুকে ভুলাইতে হয়, স্ত্রী হইয়া শিশুর বাপকে ভুলাইতে হয়—মেয়েদের এত ছলনার প্রয়োজন।

ছলনার ফল হইল এই যে, অন্ধ হইবার পূর্বে আমার দাদা এবং স্বামীর মিলন দেখিতে পাইলাম। দাদা ভাবিলেন, গোপনচিকিৎসা করিতে গিয়া এই দুর্ঘটনা ঘটিল; স্বামী ভাবিলেন, গোড়ায় আমার দাদার পরামর্শ শুনিলেই ভালো হইত। এই ভাবিয়া দুই অন্তঃকরণ হৃদয় ভিতরে ভিতরে ক্রমাগতী হইয়া পরস্পরের অত্যন্ত নিকটবর্তী হইল। স্বামী দাদার পরামর্শ লইতে লাগিলেন, দাদাও বিনীতভাবে সকল বিষয়ে আমার স্বামীর মতের প্রতিই নির্ভর প্রকাশ করিলেন।

অবশেষে উভয়ের পরামর্শক্রমে একদিন একজন ইংরাজ ডাক্তার আসিয়া আমার বাম চোখে অস্ত্রাঘাত করিল। দুর্বল চক্ষু সে আঘাত কাটাইয়া উঠিতে পারিল না, তাহার ক্ষীণ দীপ্তিটুকু হঠাৎ নিবিয়া গেল। তাহার পরে বাকি চোখটাও দিনে দিনে অল্পে অল্পে অন্ধকারে আবৃত হইয়া গেল। বাল্যকালে শুভদৃষ্টির দিনে যে চন্দনচর্চিত তরুণমূর্তি আমার সম্মুখে প্রথম প্রকাশিত হইয়াছিল তাহার উপরে চিরকালের মতো পর্দা পড়িয়া গেল।

একদিন স্বামী আমার শয্যাপার্শ্বে আসিয়া কহিলেন, “তোমার কাছে আর মিথ্যা বড়াই করিব না, তোমার চোখ-দুটি আমিই নষ্ট করিয়াছি।”

দেখিলাম, তাঁহার কণ্ঠস্বরে অশ্রুজল ভরিয়া আসিয়াছে। আমি দুই হাতে তাঁহার দক্ষিণহস্ত চাপিয়া কহিলাম, “বেশ করিয়াছ, তোমার জিনিস তুমি লইয়াছ। ভাবিয়া দেখো দেখি, যদি কোনো ডাক্তারের চিকিৎসায় আমার চোখ নষ্ট হইত তাহাতে আমার কী সাঙ্কনা থাকিত। ভবিতব্যতা যখন খণ্ডে না তখন চোখ তো আমার কেহই বাচাইতে পারিত না, সে চোখ তোমার হাতে গিয়াছে এই আমার অন্ধতার একমাত্র সুখ। যখন পূজার ফুল কম পড়িয়াছিল তখন রামচন্দ্র তাঁহার দুই চক্ষু উৎপাটন করিয়া দেবতাকে দিতে গিয়াছিলেন। আমার দেবতাকে আমার দৃষ্টি দিলাম— আমার পূর্ণিমার জ্যোৎস্না, আমার প্রভাতের আলো, আমার আকাশের নীল, আমার পৃথিবীর সবুজ সব তোমাকে দিলাম; তোমার চোখে যখন যাহা ভালো লাগিবে আমাকে মুখে বলিয়ো, সে আমি তোমার চোখের দেখার প্রসাদ বলিয়া গ্রহণ করিব।”

আমি এত কথা বলিতে পারি নাই, মুখে এমন করিয়া বলাও যায় না; এ-সব কথা আমি অনেক দিন ধরিয়া ভাবিয়াছি। মাঝে মাঝে যখন অবসাদ আসিত, নিষ্ঠার তেজ্জ্ঞান হইয়া পড়িত, নিজেকে বঞ্চিত দুঃখিত দুর্ভাগ্যদণ্ড বলিয়া মনে হইত, তখন আমি নিজের মনকে দিয়া এই-সব কথা বলাইয়া লইতাম; এই শাস্তি, এই ভক্তিকে অবলম্বন করিয়া নিজের দুঃখের চেয়েও নিজেকে উচ্চ করিয়া তুলিতে চেষ্টা করিতাম। সেদিন কতকটা কথায় কতকটা নীরবে বোধ করি আমার মনের ভাবটা তাঁহাকে একরকম করিয়া বুঝাইতে পারিতেছিলাম। তিনি কহিলেন, “কুমু, মৃত্যু করিয়া তোমার যা নষ্ট করিয়াছি সে আর ফিরাইয়া দিতে পারিব না, কিন্তু আমার যতদূর সাধ্য তোমার চোখের অভাব মোচন করিয়া তোমার সঙ্গে সঙ্গে থাকিব।”

আমি কহিলাম, “সে কোনো কাজের কথা নয়। তুমি যে তোমার ঘরকন্নাতে একটি অঙ্কের হাসপাতাল করিয়া রাখিবে, সে আমি কিছুতেই হইতে দিব না। তোমাকে আর একটি বিবাহ করিতেই হইবে।”

কী জন্য যে বিবাহ করা নিতান্ত আবশ্যিক তাহা সবিস্তারে বলিবার পূর্বে আমার একটুখানি কণ্ঠরোধ হইবার উপক্রম হইল। একটু কাশিয়া, একটু সামলাইয়া লইয়া বলিতে যাইতেছি, এমন সময় আমার স্বামী উচ্ছ্বসিত আবেগে বলিয়া উঠিলেন, “আমি মৃত, আমি অহংকারী, কিন্তু তাই বলিয়া আমি পাষাণ নই। নিজের হাতে তোমাকে অন্ধ করিয়াছি, অবশেষে সেই দোষে তোমাকে পরিত্যাগ করিয়া যদি অন্য স্ত্রী গ্রহণ করি তবে আমাদের ইষ্টদেব গোপীনাথের শপথ করিয়া বলিতেছি, আমি যেন ব্রহ্মহত্যা-পিতৃহত্যার পাতকী হই।”

এতবড়ো শপথটা করিতে দিতাম না, বাধা দিতাম, কিন্তু অশ্রু তখন বুক বাহিয়া, কণ্ঠ চাপিয়া, দুইচক্ষু ছাপিয়া, করিয়া পড়িবার জো করিতেছিল; তাহাকে সংবরণ করিয়া কথা বলিতে পারিতেছিলাম না। তিনি যাহা বলিলেন তাহা শুনিয়া বিপুল আনন্দের উদ্বেগে বালিশের মধ্যে মুখ চাপিয়া কাঁদিয়া উঠিলাম। আমি অন্ধ, তবু তিনি আমাকে ছাড়িবেন না। দুঃখীর দুঃখের মতো আমাকে হৃদয়ে ধরিয়া রাখিবেন। এত সৌভাগ্য আমি চাই না, কিন্তু মন তো স্বার্থপর।

অবশেষে অশ্রুর প্রথম পশলাটা সবেগে বর্ষণ হইয়া গেলে তাঁহার মুখ আমার বুকের কাছে টানিয়া লইয়া বলিলাম, “এমন ভয়ংকর শপথ কেন করিলে। আমি কি তোমাকে নিজের সুখের জন্য বিবাহ করিতে বলিয়াছিলাম। সতীনের দিয়া আমি আমার স্বার্থ সাধন করিতাম। চোখের অভাবে তোমার

যে কাজ নিজে করিতে পারিতাম না সে আমি তাহাকে দিয়া করাইতাম।”

স্বামী কহিলেন, “কাজ তো দাসীতেও করে। আমি কি কাজের সুবিধার জন্য একটা দাসী বিবাহ করিয়া আমার এই দেবীর সঙ্গে একাসনে বসাইতে পারি।” বলিয়া আমার মুখ তুলিয়া ধরিয়া আমার ললাটে একটি নির্মল চুম্বন করিলেন; সেই চুম্বনের দ্বারা আমার যেন তৃতীয় নেত্র উন্মীলিত হইল, সেইক্ষণে আমার দেবীত্বে অভিষেক হইয়া গেল। আমি মনে মনে কহিলাম, সেই ভালো। যখন অন্ধ হইয়াছি তখন আমি এই বহিঃসংসারের আর গৃহিণী হইতে পারি না, এখন আমি সংসারের উপরে উঠিয়া দেবী হইয়া স্বামীর মঙ্গল করিব। আর মিথ্যা নয়, ছলনা নয়, গৃহিণী রমণীর যতকিছু ক্ষুদ্রতা এবং কপটতা আছে সমস্ত দূর করিয়া দিলাম।

সেদিন সমস্ত দিন নিজের সঙ্গে একটা বিরোধ চলিতে লাগিল। গুরুতর শপথে বাধা হইয়া স্বামী যে কোনোমতেই দ্বিতীয়বার বিবাহ করিতে পারিবেন না, এই আনন্দ মনের মধ্যে যেন একেবারে দংশন করিয়া রহিল; কিছুতেই তাহাকে ছাড়াইতে পারিলাম না। অদ্য আমার মধ্যে যে নূতন দেবীর আবির্ভাব হইয়াছে তিনি কহিলেন, ‘হয়তো এমন দিন আসিতে পারে যখন এই শপথ-পালন অপেক্ষা বিবাহ করিলে তোমার স্বামীর মঙ্গল হইবে।’ কিন্তু আমার মধ্যে যে পুরাতন নারী ছিল সে কহিল, ‘তা হউক, কিন্তু তিনি যখন শপথ করিয়াছেন তখন তো আর বিবাহ করিতে পারিবেন না।’ দেবী কহিলেন, ‘তা হউক, কিন্তু ইহাতে তোমার খুশি হইবার কোনো কারণ নাই।’ মানবী কহিল, ‘সকলই বুঝি, কিন্তু যখন তিনি শপথ করিয়াছেন তখন’ ইত্যাদি। বার বার সেই এক কথা। দেবী তখন কেবল নিরুত্তরে ভ্রুকৃষ্টি করিলেন এবং একটা ভয়ংকর আশঙ্কার অঙ্ককারে আমার সমস্ত অন্তঃকরণ আচ্ছন্ন হইয়া গেল।

আমার অন্তঃকরণ স্বামী চাকরদাসীকে নিষেধ করিয়া নিজে আমার সকল কাজ করিয়া দিতে উদ্যত হইলেন। স্বামীর উপর তুচ্ছ বিষয়েও এইরূপ নিরুপায় নির্ভর প্রথমটা ভালোই লাগিত। কারণ, এমনি করিয়া সর্বদাই তাঁহাকে কাছে পাইতাম। চোখে তাঁহাকে দেখিতাম না বলিয়া তাঁহাকে সর্বদা কাছে পাইবার আকাঙ্ক্ষা অত্যন্ত বাড়িয়া উঠিল। স্বামীসুখের যে অংশ আমার চোখের ভাগে পড়িয়াছিল সেইটে এখন অন্য ইন্দ্রিয়েরা ঝাঁটিয়া লইয়া নিজেদের ভাগ বাড়াইয়া লইবার চেষ্টা করিল। এখন আমার স্বামী অধিকক্ষণ বাহিরের কাজে থাকিলে মনে হইত, আমি যেন শূন্যে রহিয়াছি, আমি যেন কোথাও কিছু ধরিতে পারিতেছি না, আমার যেন সব হারাইল। পূর্বে স্বামী যখন কালেজে যাইতেন তখন বিলম্ব হইলে পথের দিকের জানালা একটুখানি ফাঁক করিয়া পথ চাহিয়া থাকিতাম। যে জগতে তিনি বেড়াইতেন সে জগৎটাকে আমি চোখের দ্বারা নিজের সঙ্গে বাধিয়া রাখিয়াছিলাম। আজ আমার দৃষ্টিহীন সমস্ত শরীর তাঁহাকে অন্বেষণ করিতে চেষ্টা করে। তাঁহার পৃথিবীর সহিত আমার পৃথিবীর যে প্রধান সাক্ষাৎ ছিল সেটা আজ ভাঙিয়া গেছে। এখন তাঁহার এবং আমার মাঝখানে একটা দৃষ্টের অঙ্কতা; এখন আমাকে কেবল নিরুপায় ব্যগ্রভাবে বসিয়া থাকিতে হয়, কখন তিনি তাঁহার পার হইতে আমার পারে আপনি আসিয়া উপস্থিত হইবেন। সেইজন্য এখন, যখন ক্ষণকালের জন্যও তিনি আমাকে ছাড়িয়া চলিয়া যান তখন আমার সমস্ত অন্ধ দেহ উদ্যত হইয়া তাঁহাকে ধরিতে যায়, হাহাকার করিয়া তাঁহাকে ডাকে।

কিন্তু এত আকাঙ্ক্ষা, এত নির্ভর তো ভালো নয়। একে তো স্বামীর উপরে স্ত্রীর ভারই যথেষ্ট, তাহার উপরে আবার অঙ্কতার প্রকাণ্ড ভার চাপাইতে পারি না। আমার এই বিশ্বজোড়া অঙ্ককার, এ আমিই বহন করিব। আমি একাগ্রমনে প্রতিজ্ঞা করিলাম, আমার এই অনন্ত অঙ্কতা দ্বারা স্বামীকে আমি আমার সঙ্গে বাধিয়া রাখিব না।

অন্ধকালের মধ্যেই কেবল শব্দ-গন্ধ-স্পর্শের দ্বারা আমি আমার সমস্ত অভ্যন্তর কর্ম সম্পন্ন করিতে শিখিলাম। এমন-কি, আমার অনেক গৃহকর্ম পূর্বের চেয়ে অনেক বেশি নৈপুণ্যের সহিত নির্বাহ করিতে পারিলাম। এখন মনে হইতে লাগিল, দৃষ্টি আমাদের কাজের যতটা সাহায্য করে তাহার চেয়ে ঢের বেশি বিক্ষিপ্ত করিয়া দেয়। যতটুকু দেখিলে কাজ ভালো হয় চোখ তাহার চেয়ে ঢের বেশি দেখে। এবং চোখ যখন পাহারার কাজ করে কান তখন অলস হইয়া যায়, যতটা তাহার শোনা উচিত তাহার

চেয়ে সে কম শোনে। এখন চঞ্চল চোখের অবর্তমানে আমার অন্য সমস্ত ইন্দ্রিয় তাহাদের কর্তব্য শাস্ত্র এবং সম্পূর্ণভাবে করিতে লাগিল।

এখন আমার স্বামীকে আর আমার কোনো কাজ করিতে দিলাম না, এবং তাহার সমস্ত কাজ আবার পূর্বের মতো আমিই করিতে লাগিলাম।

স্বামী আমাকে কহিলেন, “আমার প্রায়শ্চিত্ত হইতে আমাকে বঞ্চিত করিতেছ।”

আমি কহিলাম, “তোমার প্রায়শ্চিত্ত কিসের আমি জানি না, কিন্তু আমার পাপের ভার আমি বাড়াইব কেন।”

যাহাই বলুন, আমি যখন তাহাকে মুক্তি দিলাম তখন তিনি নিশ্বাস ফেলিয়া ঝাঁচিলেন; অন্ধ স্ত্রীর সেবাকে চিরজীবনের ব্রত করা পুরুষের কর্ম নহে।

আমার স্বামী ডাক্তারি পাস করিয়া আমাকে সঙ্গে লইয়া মফস্বলে গেলেন।

পাড়াগায়ে আসিয়া যেন মাতৃক্রোড়ে আসিলাম মনে হইল। আমার আট বৎসর বয়সের সময় আমি গ্রাম ছাড়িয়া শহরে আসিয়াছিলাম। ইতিমধ্যে দশ বৎসরে জন্মভূমি আমার মনের মধ্যে ছায়ার মতো অস্পষ্ট হইয়া আসিয়াছিল। যতদিন চক্ষু ছিল কলিকাতা শহর আমার চারি দিকে আর-সমস্ত স্মৃতিকে আড়াল করিয়া দাঁড়াইয়াছিল। চোখ যাইতেই বুঝিলাম, কলিকাতা কেবল চোখ ভুলাইয়া রাখিবার শহর, ইহাতে মন ভরিয়া রাখে না। দুটি হারাইবামাত্র আমার সেই বালাকালের পল্লীগ্রাম দিব্যসানে নক্ষত্রলোকের মতো আমার মনের মধ্যে উজ্জ্বল হইয়া উঠিল।

অগ্রহায়ণের শেষাংশে আমরা হাসিমপুরে গেলাম। নূতন দেশ, চারি দিক দেখিতে কিরকম তাহা বুঝিলাম না, কিন্তু বালাকালের সেই গন্ধে এবং অনুভবে আমাকে সর্বাস্তে বেষ্টন করিয়া ধরিল। সেই শিশিরে-ভেজা নূতন চষা খেত হইতে প্রভাতের হাওয়া, সেই সোনা-ঢালা অড়র এবং সরিষা-খেতের আকাশ-ভরা কোমল সৃষ্টি গন্ধ, সেই রাখালের গান, এমন-কি, ভাঙা রাস্তা দিয়া গোরুর গাড়ি চলার শব্দ পর্যন্ত আমাকে পুলকিত করিয়া তুলিল। আমার সেই জীবনারম্ভের অতীত স্মৃতি তাহার অনির্বচনীয় ধ্বনি ও গন্ধ লইয়া প্রত্যক্ষ বর্তমানের মতো আমাকে ঘিরিয়া বসিল; অন্ধ চক্ষু তাহার কোনো প্রতিবাদ করিতে পারিল না। সেই বালাকালের মধ্যে ফিরিয়া গেলাম, কেবল মাকে পাইলাম না। মনে মনে দেখিতে পাইলাম, দিদিমা তাহার বিরল কেশগুচ্ছ মুক্ত করিয়া রৌদ্রে পিঠ দিয়া প্রাঙ্গণে বড়ি দিতেছেন, কিন্তু তাহার সেই মৃদুকম্পিত প্রাচীন দুর্বল কণ্ঠে আমাদের গ্রাম্য সাধু ভজনদাসের দেহতন্ত্র-গগন গুণ্ডনস্বরে শুনিতে পাইলাম না; সেই নবায়ের উৎসব শীতের শিশিরস্নাত আকাশের মধ্যে সজীব হইয়া জাগিয়া উঠিল, কিন্তু টেকিশালে নূতন ধান কুটিবার জনতার মধ্যে আমার ছোটো ছোটো পল্লিসঙ্গিনীদের সমাগম কোথায় গেল! সন্ধ্যাবেলা অদূরে কোথা হইতে হান্সাধ্বনি শুনিতে পাই, তখন মনে পড়ে, মা সন্ধ্যাদীপ হাতে করিয়া গোয়ালে আলো দেখাইতে যাইতেছেন; সেইসঙ্গে ভিজা জাবনার ও খড়-জ্বালানো ধোয়ার গন্ধ যেন হৃদয়ের মধ্যে প্রবেশ করে এবং শুনিতে পাই, পুকুরের পাড়ে বিদ্যালংকারদের ঠাকুরবাড়ি হইতে কাঁসরঘণ্টার শব্দ আসিতেছে। কে যেন আমার সেই শিশুকালের আটটি বৎসরের মধ্য হইতে তাহার সমস্ত বস্তু-অংশ ছাঁকিয়া লইয়া কেবল তাহার রসটুকু গন্ধটুকু আমার চারি দিকে রাশীকৃত করিয়াছে।

এইসঙ্গে আমার সেই ছেলেবেলাকার ব্রত এবং ভোরবেলায় ফুল তুলিয়া শিবপূজার কথা মনে পড়িল। এ কথা স্বীকার করিতেই হইবে, কলিকাতার আলাপ-আলোচনা আনাগোনার গোলমালে বুদ্ধির একটু বিকার ঘটেই। ধর্মকর্ম-ভক্তিশ্রদ্ধার মধ্যে নির্মল সরলতাটুকু থাকে না। সেদিনের কথা আমার মনে পড়ে যেদিন অন্ধ হওয়ার পরে কলিকাতায় আমার পল্লিবাসিনী এক সখী আসিয়া আমাকে বলিয়াছিল, “তোমার রাগ হয় না, কুমু? আমি হইলে এমন স্বামীর মুখ দেখিতাম না।” আমি বলিলাম, “ভাই, মুখ দেখা তো বড়ই বটে, সেজন্যে এ পোড়া চোখের উপর রাগ হয়, কিন্তু স্বামীর উপর রাগ করিতে যাইব কেন।” যথাসময়ে ডাক্তার ডাকেন নাই বলিয়া লাভ্য আমার স্বামীর উপর অত্যন্ত রাগিয়াছিল এবং আমাকেও রাগাইবার চেষ্টা করিয়াছিল। আমি তাহাকে বুঝাইলাম, সংসারে থাকিলে

ইচ্ছায় অনিচ্ছায় জ্ঞানে অজ্ঞানে ভুলে শাস্তিতে দুঃখ সুখ নানারকম ঘটয়া থাকে ; কিন্তু মনের মধ্যে যদি ভক্তি স্থির রাখিতে পারি তবে দুঃখের মধ্যেও একটা শাস্তি থাকে, নহিলে কেবল রাগারাগি রেষারেষি বকাবকি করিয়াই জীবন কাটয়া যায় । অন্ধ হইয়াছি এই তো যথেষ্ট দুঃখ, তাহার পরে স্বামীর প্রতি বিদ্বেষ করিয়া দুঃখের বোঝা বাড়াইব কেন । আমার মতো বালিকার মুখে সেকেলে কথা শুনিয়া লাবণ্য রাগ করিয়া অবজ্ঞাভরে মাথা নাড়িয়া চলিয়া গেল । কিন্তু যা-ই বলি, কথার মধ্যে বিষ আছে, কথা একেবারে ব্যর্থ হয় না । লাবণ্যের মুখ হইতে রাগের কথা আমার মনের মধ্যে দুটো-একটা ফুলিঙ্গ ফেলিয়া গিয়াছিল, আমি সেটা পা দিয়া মাড়াইয়া নিবাইয়া দিয়াছিলাম, কিন্তু তবু দুটো-একটা দাগ থাকিয়াছিল ; তাই বলিতেছিলাম, কলিকাতায় অনেক তর্ক, অনেক কথা ; সেখানে দেখিতে দেখিতে বুদ্ধি অকালে পাকিয়া কঠিন হইয়া উঠে ।

পাড়াগায়ে আসিয়া আমার সেই শিবপূজার শীতল শিউলিফুলের গন্ধে হৃদয়ের সমস্ত আশা ও বিশ্বাস আমার সেই শিশুকালের মতোই নবীন ও উজ্জ্বল হইয়া উঠিল । দেবতায় আমার হৃদয় এবং আমার সংসার পরিপূর্ণ হইয়া গেল । আমি নতশিরে লুটাইয়া পড়িলাম । বলিলাম, “হে দেব, আমার চক্ষু গেছে বেশ হইয়াছে, তুমি তো আমার আছ ।”

হায়, ভুল বলিয়াছিলাম । তুমি আমার আছ, এ কথাও স্পর্ধার কথা । আমি তোমার আছি, কেবল এইটুকু বলিবারই অধিকার আছে । ওগো, একদিন কষ্ট চাপিয়া আমার দেবতা এই কথাটা আমাকে বলাইয়া লইবে । কিছুই না থাকিতে পারে, কিন্তু আমাকে থাকিতেই হইবে । কাহারও উপরে কোনো জোর নাই ; কেবল নিজের উপরেই আছে ।

কিছুকাল বেশ সুখে কাটিল । ডাক্তারিতে আমার স্বামীরও প্রতিপত্তি বাড়িতে লাগিল । হাতে কিছু টাকাও জমিল ।

কিন্তু টাকা জিনিসটা ভালো নয় । উহাতে মন চাপা পড়িয়া যায় । মন যখন রাজত্ব করে তখন সে আপনার সুখ আপনি সৃষ্টি করিতে পারে, কিন্তু ধন যখন সুখ-সম্বলয়ের ভার নেয় তখন মনের আর কাজ থাকে না । তখন, আগে যেখানে মনের সুখ ছিল জিনিসপত্র আসবাব আয়োজন সেই জায়গাটুকু ছুড়িয়া বসে । তখন সুখের পরিবর্তে কেবল সামগ্রী পাওয়া যায় ।

কোনো বিশেষ কথা বা বিশেষ ঘটনার উল্লেখ করিতে পারি না কিন্তু অন্ধের অনুভবশক্তি বেশি বলিয়া, কিংবা কী কারণ জানি না, অবস্থার সচ্ছলতার সঙ্গে সঙ্গে আমার স্বামীর পরিবর্তন আমি বেশ বৃদ্ধিতে পারিতাম । যৌবনারম্ভে ন্যায়-অন্যায় ধর্ম-অধর্ম সম্বন্ধে আমার স্বামীর যে একটি বেদনাবোধ ছিল সেটা যেন প্রতিদিন অসাড় হইয়া আসিতেছিল । মনে আছে, তিনি একদিন বলিতেন, “ডাক্তারি যে কেবল জীবিকার জন্য শিখিতেছি তাহা নহে, ইহাতে অনেক গরিবের উপকার করিতে পারিব ।” যে-সব ডাক্তার দরিদ্র মুমূর্ষুর দ্বারে আসিয়া আগাম ভিজিট না লইয়া নাড়ি দেখিতে চায় না তাহাদের কথা বলিতে গিয়া ঘৃণায় তাঁহার বাকরোধ হইত । আমি বৃদ্ধিতে পারি, এখন আর সে দিন নাই । একমাত্র ছেলের প্রাণরক্ষার জন্য দরিদ্র নারী তাঁহার পা জড়াইয়া ধরিয়ামাছে, তিনি তাহা উপেক্ষা করিয়াছেন ; শেষে আমি মাথার দিব্য দিয়া তাঁহাকে চিকিৎসায় পাঠাইয়াছি, কিন্তু মনের সঙ্গে কাজ করেন নাই । যখন আমাদের টাকা অল্প ছিল তখন অন্যায় উপার্জনকে আমার স্বামী কী চক্ষে দেখিতেন, তাহা আমি জানি । কিন্তু ব্যাঙ্কে এখন অনেক টাকা জমিয়াছে, এখন একজন ধনী লোকের আমলা আসিয়া তাঁহার সঙ্গে গোপনে দুইদিন ধরিয়া অনেক কথা বলিয়া গেল, কী বলিল আমি কিছুই জানি না, কিন্তু তাহার পরে যখন তিনি আমার কাছে আসিলেন, অত্যন্ত প্রফুল্লতার সঙ্গে অন্য নানা বিষয়ে নানা কথা বলিলেন, তখন আমার অন্তঃকরণের স্পর্শশক্তিদ্বারা বৃদ্ধিলাভ, তিনি আজ কলঙ্ক মাখিয়া আসিয়াছেন ।

অন্ধ হইবার পূর্বে আমি যাহাকে শেখবার দেখিয়াছিলাম আমার সে স্বামী কোথায় । যিনি আমার বৃষ্টিহীন দুই চক্ষুর মাঝখানে একটি চূষন করিয়া আমাকে একদিন দেবীপদে অভিষিক্ত করিয়াছিলেন, আমি তাঁহার কী করিতে পারিলাম । একদিন একটা রিপূর ঝড় আসিয়া যাহাদের অকস্মাৎ পতন হয়

তাহারা আর-একটা হৃদয়াবেগে আবার উপরে উঠিতে পারে, কিন্তু এই-যে দিনে দিনে পলে পলে মজ্জার ভিতর হইতে কঠিন হইয়া যাওয়া, বাহিরে বাড়িয়া উঠিতে উঠিতে অন্তরকে তিলে তিলে চাপিয়া ফেলা, ইহার প্রতিকার ভাবিতে গেলে কোনো রাস্তা খুঁজিয়া পাই না।

স্বামীর সঙ্গে আমার চোখে-দেখার যে বিচ্ছেদ ঘটয়াছে সে কিছুই নয় ; কিন্তু প্রাণের ভিতরটা যেন হাঁপাইয়া ওঠে যখন মনে করি, আমি যেখানে তিনি সেখানে নাই ; আমি অন্ধ, সংসারের আলোকবর্জিত অন্তরপ্রদেশে আমার সেই প্রথম বয়সের নবীন প্রেম, অন্ধুঃ ভক্তি, অশুভ বিশ্বাস লইয়া বসিয়া আছি— আমার দেবমন্দিরে জীবনের আরম্ভে আমি বালিকার করপুটে যে শেফালিকার অর্ঘ্যদান করিয়াছিলাম তাহার শিশির এখনো শুকায় নাই ; আর, আমার স্বামী এই ছায়াশীতল চিরনবীনতার দেশ ছাড়িয়া টাকা-উপার্জনের পশ্চাতে সংসারমরুভূমির মধ্যে কোথায় অদৃশ্য হইয়া চলিয়া যাইতেছেন ! আমি যাহা বিশ্বাস করি, যাহাকে ধর্ম বলি, যাহাকে সকল সুখ-সম্পত্তির অধিক বলিয়া জানি, তিনি অতিদূর হইতে তাহার প্রতি হাসিয়া কটাক্ষপাত করেন ! কিন্তু একদিন এ বিচ্ছেদ ছিল না, প্রথম বয়সে আমরা এক পথেই যাত্রা আরম্ভ করিয়াছিলাম ; তাহার পরে কখন যে পথের ভেদ হইতে আরম্ভ হইতেছিল তাহা তিনিও জানিতে পারেন নাই, আমিও জানিতে পারি নাই ; অবশেষে আজ আমি আর তাঁহাকে ডাকিয়া সাড়া পাই না।

এক-এক সময়ে ভাবি, হয়তো অন্ধ বলিয়া সামান্য কথাকে আমি বেশি করিয়া দেখি। চক্ষু থাকিলে আমি হয়তো সংসারকে ঠিক সংসারের মতো করিয়া চিনিতে পারিতাম।

আমার স্বামীও আমাকে একদিন তাহাই বুঝাইয়া বলিলেন। সেদিন সকালে একটি বৃদ্ধ মুসলমান তাহার পৌত্রীর ওলাউঠার চিকিৎসার জন্য তাঁহাকে ডাকিতে আসিয়াছিল। আমি শুনিতে পাইলাম সে কহিল, “বাবা আমি গরিব, কিন্তু আল্লা তোমার ভালো করিবেন।” আমার স্বামী কহিলেন, “আল্লা যাহা করিবেন কেবল তাহাতেই আমার চলিবে না, তুমি কী করিবে সেটা আগে শুনি।” শুনিবামাত্র ভাবিলাম, ঈশ্বর আমাকে অন্ধ করিয়াছেন, কিন্তু বধির করেন নাই কেন। বৃদ্ধ গভীর দীর্ঘনিশ্বাসের সহিত ‘হে আল্লা’ বলিয়া বিদায় হইয়া গেল। আমি তখনই ঝিকে দিয়া তাহাকে অন্তঃপুরের খিড়কিঘারে ডাকাইয়া আনিলাম ; কহিলাম, “বাবা, তোমার নাতনির জন্য এই ডাক্তারের খরচা কিছু দিলাম, তুমি আমার স্বামীর মঙ্গল প্রার্থনা করিয়া পাড়া হইতে হরিশ ডাক্তারকে ডাকিয়া লইয়া যাও।”

কিন্তু সমস্ত দিন আমার মুখে অন্ন রুচিল না। স্বামী অপরাহ্নে নিদ্রা হইতে জাগিয়া জিজ্ঞাসা করিলেন, “তোমাকে বিমর্ষ দেখিতেছি কেন।” পূর্বকালের অভ্যস্ত উত্তর একটা মুখে আসিতেছিল— ‘না, কিছুই হয় নাই’ ; কিন্তু ছলনার কাল গিয়াছে, আমি স্পষ্ট করিয়া বলিলাম, “কতদিন তোমাকে বলিব মনে করি, কিন্তু বলিতে গিয়া ভাবিয়া পাই না, ঠিক কী বলিবার আছে। আমার অন্তরের কথাটা আমি বুঝাইয়া বলিতে পারিব কি না জানি না, কিন্তু নিশ্চয় তুমি নিজের মনের মধ্যে বুঝিতে পার, আমরা দুজনে যেমনভাবে এক হইয়া জীবন আরম্ভ করিয়াছিলাম আজ তাহা পৃথক হইয়া গেছে।” স্বামী হাসিয়া কহিলেন, “পরিবর্তনই তো সংসারের ধর্ম।” আমি কহিলাম, “টাকাকড়ি রূপযৌবন সকলেরই পরিবর্তন হয়, কিন্তু নিত্য জিনিস কি কিছুই নাই।” তখন তিনি একটু গভীর হইয়া কহিলেন, “দেখো, অন্য স্ত্রীলোকেরা সত্যকার অভাব লইয়া দুঃখ করে— কাহারও স্বামী উপার্জন করে না, কাহারও স্বামী ভালোবাসে না, তুমি আকাশ হইতে দুঃখ টানিয়া আন।” আমি তখনই বুঝিলাম, অন্ধতা আমার চোখে এক অজ্ঞান মাঝাইয়া আমাকে এই পরিবর্তমান সংসারের বাহিরে লইয়া গেছে, আমি অন্য স্ত্রীলোকের মতো নহি, আমাকে আমার স্বামী বুঝিবেন না।

ইতিমধ্যে আমার এক পিসশাশুড়ি দেশ হইতে তাহার ভ্রাতৃস্পুত্রের সংবাদ লইতে আসিলেন। আমরা উভয়ে তাঁহাকে প্রণাম করিয়া উঠিতেই তিনি প্রথম কথাতেই বলিলেন, “বলি, বউমা, তুমি তো কপালক্রমে দুইটি চক্ষু খোয়াইয়া বসিয়াছ, এখন আমাদের অবিনাশ অন্ধ স্ত্রীকে লইয়া ঘরকন্না চালাইবে কী করিয়া। উহার আর-একটা বিয়ে-থাওয়া দিয়া দাও !” স্বামী যদি ঠাট্টা করিয়া বলিতেন ‘তা বেশ তো পিসিমা, তোমরা দেখিয়া-শুনিয়া একটা ঘটকালি করিয়া দাও-না’— তাহা হইলে সমস্ত পরিষ্কার

হইয়া যাইত । কিন্তু তিনি কুণ্ঠিত হইয়া কহিলেন, “আঃ, পিসিমা, কী বলিতেছ ।” পিসিমা উত্তর করিলেন, “কেন, অন্যায় কী বলিতেছি । আচ্ছা, বউমা, তুমিই বলো তো, বাছা ।” আমি হাসিয়া কহিলাম, “পিসিমা, ভালো লোকের কাছে পরামর্শ চাহিতেছ । যাহার গাঠ কাটিতে হইবে তাহার কি কেহ সম্মতি নেয় ।” পিসিমা উত্তর করিলেন, “হাঁ, সে কথা ঠিক বটে । তা, তোতে আমাতে গোপনে পরামর্শ করিব, কী বলিস, অবিনাশ । তাও বলি, বউমা, কুলীনের মেয়ের সতিন যত বেশি হয়, তাহার স্বামীগৌরব ততই বাড়ে । আমাদের ছেলে ডাক্তারি না করিয়া যদি বিবাহ করিত, তবে উহার রোজগারের ভাবনা কী ছিল । রোগী তো ডাক্তারের হাতে পড়িলেই মরে, মরিলে তো আর ভিজিট দেয় না, কিন্তু বিধাতার শাপে কুলীনের স্ত্রীর মরণ নাই এবং সে যতদিন বাঁচে ততদিনই স্বামীর লাভ ।”

দুইদিন বাদে আমার স্বামী আমার সম্মুখে পিসিমাকে জিজ্ঞাসা করিলেন, “পিসিমা, আত্মীয়ের মতো করিয়া বউয়ের সাহায্য করিতে পারে, এমন একটি ভদ্রঘরের স্ত্রীলোক দেখিয়া দিতে পার ? উনি চোখে দেখিতে পান না, সর্বদা গুঁর একটি সন্নি কী কেহ থাকিলে আমি নিশ্চিত থাকিতে পারি ।” যখন নূতন অঙ্ক হইয়াছিল তখন এ কথা বলিলে খাটিত, কিন্তু এখন চোখের অভাবে আমার কিংবা ঘরকন্নার বিশেষ কী অসুবিধা হয় জানি না ; কিন্তু প্রতিবাদমাত্র না করিয়া চূপ করিয়া রহিলাম । পিসিমা কহিলেন, “অভাব কী । আমারই তো ভাসুরের এক মেয়ে আছে, যেমন সুন্দরী তেমনি লক্ষ্মী । মেয়েটির বয়স হইল, কেবল উপযুক্ত বরের প্রত্যাশায় অপেক্ষা করিয়া আছে ; তোমার মতো কুলীন পাইলে এখনই বিবাহ দিয়া দেয় ।” স্বামী চকিত হইয়া কহিলেন, “বিবাহের কথা কে বলিতেছে ।” পিসিমা কহিলেন, “ওমা, বিবাহ না করিলে ভদ্রঘরের মেয়ে কি তোমার ঘরে অমনি আসিয়া পড়িয়া থাকিবে ।” কথাটা সংগত বটে এবং স্বামী তাহার কোনো সদুত্তর দিতে পারিলেন না ।

আমার রুদ্ধ চক্ষুর অনন্ত অঙ্ককারের মধ্যে আমি একলা দাঁড়াইয়া উর্ধ্বমুখে ডাকিতে লাগিলাম, ‘ভগবান আমার স্বামীকে রক্ষা করো ।’

তাহার দিনকয়েক পরে একদিন সকালবেলায় আমার পূজা-আহ্নিক সারিয়া বাহিরে আসিতেই পিসিমা কহিলেন, “বউমা, যে ভাসুরঝির কথা বলিয়াছিলাম সেই আমাদের হেমাস্ত্রিনী আজ দেশ হইতে আসিয়াছে । হিমু, ইনি তোমার দিদি, ইহাকে প্রণাম করো ।”

এমন সময় আমার স্বামী হঠাৎ আসিয়া যেন অপরিচিত স্ত্রীলোককে দেখিয়া ফিরিয়া যাইতে উদ্যত হইলেন । পিসিমা কহিলেন, “কোথা যাস, অবিনাশ ।” স্বামী জিজ্ঞাসা করিলেন, “ইনি কে ।” পিসিমা কহিলেন, “এই মেয়েটিই আমার সেই ভাসুরঝি হেমাস্ত্রিনী ।” ইহাকে কখন আনা হইল, কে আনিল, কী বৃত্তান্ত, লইয়া আমার স্বামী বারংবার অনেক অনাবশ্যক ক্ৰিয় প্রকাশ করিতে লাগিলেন ।

আমি মনে মনে কহিলাম, ‘যাহা ঘটতেছে তাহা তো সবই বুঝিতেছি, কিন্তু ইহার উপরে আবার ছলনা আরম্ভ হইল ? লুকাচুরি, ঢাকাঢাকি, মিথ্যাকথা ! অধর্ম করিতে যদি হয় তো করো, সে নিজের অশাস্ত প্রবৃত্তির জন্য, কিন্তু আমার জন্য কেন হীনতা করা । আমাকে ভুলাইবার জন্য কেন মিথ্যাচরণ ।’

হেমাস্ত্রিনীর হাত ধরিয়া আমি তাহাকে আমার শয়নগৃহে লইয়া গেলাম । তাহার মুখে গায়ে হাত বুলাইয়া তাহাকে দেখিলাম, মুখটি সুন্দর হইবে, বয়সও চোন্দ-পনেরোর কম হইবে না ।

বালিকা হঠাৎ মধুর উচ্চকণ্ঠে হাসিয়া উঠিল ; কহিল, “ও কী করিতেছ । আমার ভৃত ঝাড়াইয়া দিবে নাকি ।”

সেই উন্মুক্ত সরল হাস্যধ্বনিতে আমাদের মাঝখানের একটা অঙ্ককার মেঘ যেন একমুহূর্তে কাটিয়া গেল । আমি দক্ষিণবাহতে তাহার কণ্ঠ বেটন করিয়া কহিলাম, “আমি তোমাকে দেখিতেছি, ভাই ।” বলিয়া তাহার কোমল মুখখানিতে আর-একবার হাত বুলাইলাম ।

“দেখিতেছ ?” বলিয়া সে আবার হাসিতে লাগিল । কহিল, “আমি কি তোমার বাগানের সিম না বেগুন যে হাত বুলাইয়া দেখিতেছ কতবড়োটা হইয়াছি ?”

তখন আমার হঠাৎ মনে হইল, আমি যে অঙ্ক তাহা হেমাস্ত্রিনী জানে না । কহিলাম, “বোন, আমি

যে অঙ্ক ।” শুনিয়া সে কিছুক্ষণ আশ্চর্য হইয়া গম্ভীর হইয়া রহিল । বেশ বৃষ্টিতে পারিলাম, তাহার কুতূহলী তরুণ আয়ত নেত্র দিয়া সে আমার দৃষ্টিহীন চক্ষু এবং মুখের ভাব মনোযোগের সহিত দেখিল ; তাহার পরে কহিল, “ওঃ, তাই বৃষ্টি কাকিকে এখানে আনাইয়াছ ?”

আমি কহিলাম, “না, আমি ডাকি নাই । তোমার কাকি আপনি আসিয়াছেন ।”

বালিকা আবার হাসিয়া উঠিয়া কহিল, “দয়া করিয়া ? তাহা হইলে দয়াময়ী শীঘ্র নড়িতেছেন না ! কিন্তু, বাবা আমাকে এখানে কেন পাঠাইলেন ।”

এমন সময় পিসিমা ঘরে প্রবেশ করিলেন । এতক্ষণ আমার স্বামীর সঙ্গে তাহার কথাবার্তা চলিতেছিল । ঘরে আসিতেই হেমাস্ত্রিনী কহিল, “কাকি, আমরা বাড়ি ফিরিব কবে বলো ।”

পিসিমা কহিলেন, “ওমা ! এইমাত্র আসিয়াই অমনি যাই-যাই । অমন চঞ্চল মেয়েও তো দেখি নাই ।”

হেমাস্ত্রিনী কহিল, “কাকি, তোমার তো এখান হইতে শীঘ্র নড়িবার গতিক দেখি না । তা, তোমার এ হল আত্মীয়ঘর, তুমি যতদিন খুশি থাকো, আমি কিন্তু চলিয়া যাইব, তা তোমাকে বলিয়া রাখিতেছি ।” এই বলিয়া আমার হাত ধরিয়া কহিল, “কী বলো ভাই, তোমরা তো আমার ঠিক আপন নও ।” আমি তাহার এই সরল প্রশ্নের কোনো উত্তর না দিয়া তাহাকে আমার বুকের কাছে টানিয়া লইলাম । দেখিলাম, পিসিমা যতই প্রবলা হউন এই কন্যাটিকে তাহার সামলাইবার সাধ্য নাই । পিসিমা প্রকাশ্যে রাগ না দেখাইয়া হেমাস্ত্রিনীকে একটু আদর করিবার চেষ্টা করিলেন ; সে তাহা যেন গা হইতে ঝাড়িয়া ফেলিয়া দিল । পিসিমা সমস্ত ব্যাপারটাকে আদুরে মেয়ের একটা পরিহাসের মতো উড়াইয়া দিয়া হাসিয়া চলিয়া যাইতে উদ্যত হইলেন । আবার কী ভাবিয়া ফিরিয়া আসিয়া হেমাস্ত্রিনীকে কহিলেন, “হিমু, চল তোর স্নানের বেলা হইল ।” সে আমার কাছে আসিয়া কহিল, “আমরা দুইজনে ঘাটে যাইব, কী বলো ভাই ।” পিসিমা অনিচ্ছাসঙ্গেও ক্ৰান্ত দিলেন ; তিনি জানিতেন, টানাটানি করিতে গেলে হেমাস্ত্রিনীরই জয় হইবে এবং তাহাদের মধ্যকার বিরোধ অশোভনরূপে আমার সম্মুখে প্রকাশ হইবে ।

খিড়কির ঘাটে যাইতে যাইতে হেমাস্ত্রিনী আমাকে জিজ্ঞাসা করিল, “তোমার ছেলেপুলে নাই কেন ।” আমি ঈষৎ হাসিয়া কহিলাম, “কেন তাহা কী করিয়া জানিব, ঈশ্বর দেন নাই ।” হেমাস্ত্রিনী কহিল, “অবশ্য, তোমার ভিতরে কিছু পাপ ছিল ।” আমি কহিলাম, “তাহাও অন্তর্যামী জানেন ।” বালিকা প্রমাণস্বরূপে কহিল, “দেখো-না, কাকির ভিতরে এত কুটিলতা যে উহার গর্ভে সন্তান জন্মিতে পায় না ।” পাপপুণ্য সুখদুঃখ দণ্ডপূরস্কারের তত্ত্ব নিজেও বৃষ্টি না, বালিকাকেও বুঝাইলাম না ; কেবল একটা নিশ্বাস ফেলিয়া মনে মনে তাহাকে কহিলাম, তুমিই জান ! হেমাস্ত্রিনী তৎক্ষণাৎ আমাকে জড়াইয়া ধরিয়া হাসিয়া উঠিয়া কহিল, “ওমা, আমার কথা শুনিয়াও তোমার নিশ্বাস পড়ে ! আমার কথা বৃষ্টি কেহ গ্রাহ্য করে ।”

দেখিলাম, স্বামীর ডাক্তারি ব্যবসাতে ব্যাঘাত হইতে লাগিল ; দূরে ডাক পড়িলে তো যানই না, কাছে কোথাও গেলেও চটপট সারিয়া চলিয়া আসেন । পূর্বে যখন কর্মের অবসরে ঘরে থাকিতেন, মধ্যাহ্নে আহার এবং নিদ্রার সময়ে কেবল বাড়ির ভিতরে আসিতেন । এখন পিসিমাও যখন-তখন ডাকিয়া পাঠান, তিনিও অনাবশ্যক পিসিমার খবর লইতে আসেন । পিসিমা যখন ডাক ছাড়িয়া বলেন ‘হিমু, আমার পানের বাটাটা নিয়ে আয় তো’, আমি বৃষ্টিতে পারি, পিসিমার ঘরে আমার স্বামী আসিয়াছেন । প্রথম প্রথম দিন-দুই-তিন হেমাস্ত্রিনী পানের বাটা, তেলের বাটি, সিদুরের কৌটো প্রভৃতি যথাদিষ্ট লইয়া যাইত । কিন্তু, তাহার পরে ডাক পড়িলে সে আর কিছুতেই নড়িত না, ঝির হাত দিয়া আদিষ্ট দ্রব্য পাঠাইয়া দিত । পিসি ডাকিতেন, ‘হেমাস্ত্রিনী, হিমু, হিমি’— বালিকা যেন আমার প্রতি একটা করুণার আবেগে আমাকে জড়াইয়া থাকিত ; একটা আশঙ্কা এবং বিবাদে তাহাকে আচ্ছন্ন করিত । ইহার পর হইতে আমার স্বামীর কথা সে আমার কাছে ভ্রমেও উল্লেখ করিত না ।

ইতিমধ্যে আমার দাদা আমাকে দেখিতে আসিলেন । আমি জানিতাম, দাদার দৃষ্টি তীক্ষ্ণ । ব্যাপারটা

কিরূপ চলিতেছে তাহা তাহার নিকট গোপন করা প্রায় অসাধ্য হইবে। আমার দাদা বড়ো কঠিন বিচারক। তিনি লেশমাত্র অন্যায়কে ক্ষমা করিতে জানেন না। আমার স্বামী যে তাহারই চক্ষের সম্মুখে অপরাধীরূপে দাঁড়াইবেন, ইহাই আমি সব চেয়ে ভয় করিতাম। আমি অতিরিক্ত প্রফুল্লতা দ্বারা সমস্ত আচ্ছন্ন করিয়া রাখিলাম। আমি বেশি কথা বলিয়া, বেশি ব্যস্তসমস্ত হইয়া, অত্যন্ত ধুমধাম করিয়া চারি দিকে যেন একটা ধূলা উড়াইয়া রাখিবার চেষ্টা করিলাম। কিন্তু, সেটা আমার পক্ষে এমন অস্বাভাবিক যে তাহাতেই আরও বেশি ধরা পড়িবার কারণ হইল। কিন্তু, দাদা বেশি দিন থাকিতে পারিলেন না, আমার স্বামী এমনি অস্থিরতা প্রকাশ করিতে লাগিলেন যে, তাহা প্রকাশ্য রূঢ়তার আকার ধারণ করিল। দাদা চলিয়া গেলেন। বিদায় লইবার পূর্বে পরিপূর্ণ স্নেহের সহিত আমার মাথার উপর অনেকক্ষণ কল্পিত হস্ত রাখিলেন; মনে মনে একাগ্রচিত্তে কী আশীর্বাদ করিলেন তাহা বুঝিতে পারিলাম; তাহার অশ্রু আমার অশ্রুসিক্ত কপোলের উপর আসিয়া পড়িল।

মনে আছে, সেদিন চৈত্রমাসের সন্ধ্যাবেলায় হাটের বারে লোকজন বাড়ি ফিরিয়া যাইতেছে। দূর হইতে বৃষ্টি লইয়া একটা ঝড় আসিতেছে, তাহারই মাটি-ভেজা গন্ধ এবং বাতাসের আর্দ্রভাব আকাশে ব্যাপ্ত হইয়াছে; সঙ্গচ্যুত সাথিগণ অঙ্ককার মাঠের মধ্যে পরস্পরকে ব্যাকুল উর্ধ্বকণ্ঠে ডাকিতেছে। অন্ধের শয়নগৃহে যতক্ষণ আমি একলা থাকি ততক্ষণ প্রদীপ জ্বালানো হয় না; পাছে শিখা লাগিয়া কাপড় ধরিয়া উঠে বা কোনো দুর্ঘটনা হয়। আমি সেই নির্জন অঙ্ককার কক্ষের মধ্যে মাটিতে বসিয়া দুই হাত জুড়িয়া আমার অনন্ত অঙ্কজগতের জগদীশ্বরকে ডাকিতেছিলাম, বলিতেছিলাম, 'প্রভু; তোমার দয়া যখন অনুভব হয় না, তোমার অভিপ্রায় যখন বুঝি না, তখন এই অনাথ ভগ্ন হৃদয়ের হালটাকে প্রাণপণে দুই হাতে বন্ধে চাপিয়া ধরি; বুক দিয়া রক্ত বাহির হইয়া যায় তবু তুফান সামলাইতে পারি না; আমার আর কত পরীক্ষা করিবে, আমার কতটুকুই বা বল।' এই বলিতে বলিতে অশ্রু উচ্ছ্বসিত হইয়া উঠিল, হাটের উপর মাথা রাখিয়া কাঁদিতে লাগিলাম। সমস্ত দিন ঘরের কাজ করিতে হয়। হেমাস্ত্রিনী ছায়ার মতো কাছে কাছে থাকে, বৃকের ভিতরে যে অশ্রু ভরিয়া উঠে সে আর ফেলিবার অবসর পাই না। অনেক দিন পরে আজ চোখের জল বাহির হইল। এমন সময় দেখিলাম, খাট একটু নড়িল, মানুষ চন্ডার উসখুস শব্দ হইল এবং মুহূর্তপরে হেমাস্ত্রিনী আসিয়া আমার গলা জড়াইয়া ধরিয়া নিঃশব্দে অঞ্চল দিয়া আমার চোখ মুছাইয়া দিতে লাগিল। সে-যে সন্ধ্যার আরম্ভে কী ভাবিয়া কখন আসিয়া খাটেই শুইয়াছিল, আমি জানিতে পারি নাই। সে একটি প্রশ্নও করিল না, আমিও তাহাকে কোনো কথাই বলিলাম না। সে ধীরে ধীরে তাহার শীতল হস্ত আমার ললাটে বুলাইয়া দিতে লাগিল। ইতিমধ্যে কখন মেঘগর্জন এবং মুষলধারে বর্ষণের সঙ্গে সঙ্গে একটা ঝড় হইয়া গেল বুঝিতেই পারিলাম না; বহুকাল পরে একটি সুস্বিক্ত শান্তি আসিয়া আমার জ্বরদাহদগ্ধ হৃদয়কে জুড়াইয়া দিল।

পরদিন হেমাস্ত্রিনী কহিল, "কাকি, তুমি যদি বাড়ি না যাও আমি আমার কৈবর্তদাদার সঙ্গে চলিলাম, তাহা বলিয়া রাখিতেছি।" পিসিমা কহিলেন, "তাহাতে কাজ কী, আমিও কাল যাইতেছি; একসঙ্গেই যাওয়া হইবে। এই দেখ হিমু, আমার অবিনাশ তোর জন্যে কেমন একটি মুস্তা-দেওয়া আংটি কিনিয়া দিয়াছে।" বলিয়া সগর্বে পিসিমা আংটি হেমাস্ত্রিনীর হাতে দিলেন। হেমাস্ত্রিনী কহিল, "এই দেখো কাকি, আমি কেমন সুন্দর লক্ষ্য করিতে পারি।" বলিয়া জানলা হইতে তাক করিয়া আংটি খিড়কি পুকুরের মাঝখানে ফেলিয়া দিল। পিসিমা রাগে দুঃখে বিস্ময়ে কণ্টকিত হইয়া উঠিলেন। আমাকে বারংবার করিয়া হাতে ধরিয়া বলিয়া দিলেন, 'বউমা, এই ছেলেমানবির কথা অবিনাশকে খবরদার বলিয়ো না; ছেলে আমার তাহা হইলে মনে দুঃখ পাইবে। মাথা খাও, বউমা।' আমি কহিলাম, "আর বলিতে হইবে না পিসিমা, আমি কোনো কথাই বলিব না।"

পরদিনে যাত্রার পূর্বে হেমাস্ত্রিনী আমাকে জড়াইয়া ধরিয়া কহিল, "দিদি, আমাকে মনে রাখিস।" আমি দুই হাত বারংবার তাহার মুখে বুলাইয়া কহিলাম, "অঙ্ক কিছু ভোলে না, বোন; আমার তো জগৎ নাই, আমি কেবল মন লইয়াই আছি।" বলিয়া তাহার মাথাটা লইয়া একবার আঘাণ করিয়া চুম্বন করিলাম। ঝরঝর করিয়া তাহার কেশরাশির মধ্যে আমার অশ্রু ঝরিয়া পড়িল।

হেমঙ্গিনী বিদায় লইলে আমার পৃথিবীটা শুষ্ক হইয়া গেল— সে আমার প্রাণের মধ্যে যে সৌগন্দ্য সৌন্দর্য সংগীত যে উজ্জ্বল আলো এবং যে কোমল তরুণতা আনিয়াছিল তাহা চলিয়া গেলে একবার আমার সমস্ত সংসার, আমার চারি দিকে, দুই হাত বাড়াইয়া দেখিলাম, কোথায় আমার কী আছে ! আমার স্বামী আসিয়া বিশেষ প্রফুল্লতা দেখাইয়া কহিলেন, “ইহারা গেলেন, এখন বাঁচা গেল, একটু কাজকর্ম করিবার অবসর পাওয়া যাইবে।” ঝিক্ ঝিক্, আমাকে । আমার জন্য কেন এত চাতুরী । আমি কি সত্যকে ডরাই । আমি কি আঘাতকে কখনো ভয় করিয়াছি । আমার স্বামী কি জানেন না ? যখন আমি দুই চক্ষু দিয়াছিলাম তখন আমি কি শাস্তমনে আমার চিরাকার গ্রহণ করি নাই ?

এতদিন আমার এবং আমার স্বামীর মধ্যে কেবল অন্ধতার অন্তরাল ছিল, আজ হইতে আর-একটা ব্যবধান সৃজন হইল । আমার স্বামী ভুলিয়াও কখনো হেমঙ্গিনীর নাম আমার কাছে উচ্চারণ করিতেন না, যেন তাঁহার সম্পর্কীয় সংসার হইতে হেমঙ্গিনী একেবারে লুপ্ত হইয়া গেছে, যেন সেখানে সে কোনোকালে লেশমাত্র রেখাপাত করে নাই । অথচ পত্র দ্বারা তিনি যে সর্বদাই তাহার খবর পাইতেছেন, তাহা আমি অনায়াসে অনুভব করিতে পারিতাম ; যেমন পুকুরের মধ্যে বন্যার জল যেদিন একটু প্রবেশ করে সেই দিনই পদ্মের ডাঁটায় টান পড়ে, তেমনি তাঁহার ভিতরে একটুও যেদিন স্ফীতির সঞ্চার হয় সেদিন আমার হৃদয়ের মূলের মধ্য হইতে আমি আপনি অনুভব করিতে পারি । কবে তিনি খবর পাইতেন এবং কবে পাইতেন না তাহা আমার কাছে কিছু অগোচর ছিল না । কিন্তু, আমিও তাঁহাকে তাহার কথা শুধাইতে পারিতাম না । আমার অন্ধকার হৃদয়ে সেই যে উন্মত্ত উদ্দাম উজ্জ্বল সুন্দর তারাটি ক্ষণকালের জন্য উদয় হইয়াছিল তাহার একটু খবর পাইবার এবং তাহার কথা আলোচনা করিবার জন্য আমার প্রাণ তৃষিত হইয়া থাকিত, কিন্তু আমার স্বামীর কাছে মুহূর্তের জন্য তাহার নাম করিবার অধিকার ছিল না । আমাদের দুজনার মাঝখানে বাক্যে এবং বেদনায় পরিপূর্ণ এই একটা নীরবতা অটল ভাবে বিরাজ করিত ।

বৈশাখ মাসের মাঝামাঝি একদিন ঝি আসিয়া আমাকে জিজ্ঞাসা করিল, “মাঠাকরুন, ঘাটে যে অনেক আয়োজনে নৌকা প্রস্তুত হইতেছে, বাবামশায় কোথায় যাইতেছেন ?” আমি জানিতাম, একটা কী উদ্যোগ হইতেছে ; আমার অদৃষ্টাকাশে প্রথম কিছুদিন ঝড়ের পূর্বকার নিস্তব্ধতা এবং তাহার পরে প্রলয়ের ছিন্নবিচ্ছিন্ন মেঘ আসিয়া জমিতেছিল, সংহারকারী শংকর নীরব অঙ্গুলির ইঙ্গিতে তাঁহার সমস্ত প্রলয়শক্তিকে আমার মাথার উপরে জড়ো করিতেছেন, তাহা আমি বুঝিতে পারিতেছিলাম । ঝিকে বলিলাম, “কই, আমি তো এখনো কোনো খবর পাই নাই।” ঝি আর-কোনো প্রশ্ন জিজ্ঞাসা করিতে সাহস না করিয়া নিশ্বাস ফেলিয়া চলিয়া গেল ।

অনেক রাত্রে আমার স্বামী আসিয়া কহিলেন, “দূরে এক জায়গায় আমার ডাক পড়িয়াছে, কাল ভোরেই আমাকে রওনা হইতে হইবে । বোধ করি ফিরিতে দিন-দুই-তিন বিলম্ব হইতে পারে।”

আমি শয্যা হইতে উঠিয়া দাঁড়াইয়া কহিলাম, “কেন আমাকে মিথ্যা বলিতেছ।”

আমার স্বামী কম্পিত অশ্রুট কঠে কহিলেন, “মিথ্যা কী বলিলাম।”

আমি কহিলাম “তুমি বিবাহ করিতে যাইতেছ।”

তিনি চূপ করিয়া রহিলেন । আমিও স্থির হইয়া দাঁড়াইয়া রহিলাম । অনেকক্ষণ ঘরে কোনো শব্দ রহিল না । শেষে আমি বলিলাম, “একটা উত্তর দাও । বলো, হাঁ, আমি বিবাহ করিতে যাইতেছি।”

তিনি প্রতিধ্বনির ন্যায় উত্তর দিলেন, “হাঁ, আমি বিবাহ করিতে যাইতেছি।”

আমি কহিলাম, “না, তুমি যাইতে পারিবে না । তোমাকে আমি এই মহাবিপদ মহাপাপ হইতে রক্ষা করিব । এ যদি না পারি তবে আমি তোমার কিসের স্ত্রী ; কী জন্য আমি শিবপূজা করিয়াছিলাম।”

আবার অনেকক্ষণ গৃহ নিঃশব্দ হইয়া রহিল । আমি মাটিতে পড়িয়া স্বামীর পা জড়াইয়া ধরিয়া কহিলাম, “আমি তোমার কী অপরাধ করিয়াছি, কিসে আমার ক্রটি হইয়াছে, অন্য স্ত্রীতে তোমার কিসের প্রয়োজন । মাথা খাও, সত্য করিয়া বলো।”

তখন আমার স্বামী ধীরে ধীরে কহিলেন, “সত্যই বলিতেছি, আমি তোমাকে ভয় করি । তোমার

অঙ্কতা তোমাকে এক অনন্ত আবরণে আবৃত করিয়া রাখিয়াছে, সেখানে আমার প্রবেশ করিবার জো নাই। তুমি আমার দেবতা, তুমি আমার দেবতার ন্যায় ভয়ানক, তোমাকে লইয়া প্রতিদিন গৃহকার্য করিতে পারি না। যাহাকে বকিব বকিব, রাগ করিব, সোহাগ করিব, গহনা গড়াইয়া দিব, এমন একটি সামান্য রমণী আমি চাই।”

“আমার বৃকের ভিতরে চিরিয়া দেখো ! আমি সামান্য রমণী, আমি মনের মধ্যে সেই নববিবাহের বালিকা বৈ কিছু নই ; আমি বিশ্বাস করিতে চাই, নির্ভর করিতে চাই, পূজা করিতে চাই ; তুমি নিজেকে অপমান করিয়া আমাকে দুঃসহ দুঃখ দিয়া তোমার চেয়ে আমাকে বড়ো করিয়া তুলিয়া না— আমাকে সর্ববিষয়ে তোমার পায়ের নীচে রাখিয়া দাও।”

আমি কী কী কথা বলিয়াছিলাম সে কি আমার মনে আছে। ক্ষুদ্র সমুদ্র কি নিজের গর্জন নিজে শুনিতে পায়। কেবল মনে পড়ে বলিয়াছিলাম, “যদি আমি সতী হই তবে ভগবান সাক্ষী রহিলেন, তুমি কোনোমতেই তোমার ধর্মশপথ লঙ্ঘন করিতে পারিবে না। সে মহাপাপের পূর্বে হয় আমি বিধবা হইব, নয় হেমাস্ত্রিনী বাঁচিয়া থাকিবে না।” এই বলিয়া আমি মূর্ছিত হইয়া পড়িয়া গেলাম।

যখন আমার মূর্ছা ভঙ্গ হইয়া গেল তখনো রাত্রিশেষের পাখি ডাকিতে আরম্ভ করে নাই এবং আমার স্বামী চলিয়া গেছেন।

আমি ঠাকুরঘরে দ্বার রুদ্ধ করিয়া পূজায় বসিলাম। সমস্ত দিন আমি ঘরের বাহির হইলাম না। সন্ধ্যার সময়ে কালবৈশাখী ঝড়ে দালান কাঁপিতে লাগিল। আমি বলিলাম না যে, ‘হে ঠাকুর, আমার স্বামী এখন নদীতে আছেন, তাঁহাকে রক্ষা করো।’ আমি কেবল একান্তমনে বলিতে লাগিলাম, ‘ঠাকুর, আমার অদৃষ্টে যাহা হইবার তা হউক, কিন্তু আমার স্বামীকে মহাপাতক হইতে নিবৃত্ত করো।’ সমস্ত রাত্রি কাটিয়া গেল। তাহার পরদিনও আসন পরিত্যাগ করি নাই। এই অনিদ্রা-অনাহারে কে আমাকে বল দিয়াছিল জানি না, আমি পাষণমূর্তির সম্মুখে পাষণমূর্তির মতোই বসিয়া ছিলাম।

সন্ধ্যার সময় বাহির হইতে দ্বার-ঠেলাঠেলি আরম্ভ হইল। দ্বার ভাঙিয়া যখন ঘরে লোক প্রবেশ করিল তখন আমি মূর্ছিত হইয়া পড়িয়া আছি।

মূর্ছাভঙ্গে শুনিলাম, “দিদি।” দেখিলাম, হেমাস্ত্রিনীর কোলে শুইয়া আছি। মাথা নাড়িতেই তাহার নূতন চেলি খস্‌খস্‌ করিয়া উঠিল। হা ঠাকুর, আমার প্রার্থনা শুনিলে না। আমার স্বামীর পতন হইল।

হেমাস্ত্রিনী মাথা নিচু করিয়া ধীরে ধীরে কহিল, “দিদি, তোমার আশীর্বাদ লইতে আসিয়াছি।”

প্রথম একমুহূর্ত কাঠের মতো হইয়া পরক্ষণেই উঠিয়া বসিলাম ; কহিলাম, “কেন আশীর্বাদ করিব না, বোন। তোমার কী অপরাধ।”

হেমাস্ত্রিনী তাহার সুমিষ্ট উচ্চকণ্ঠে হাসিয়া উঠিল ; কহিল, “অপরাধ ! তুমি বিবাহ করিলে অপরাধ হয় না, আর আমি করিলেই অপরাধ ?”

হেমাস্ত্রিনীকে জড়াইয়া ধরিয়া আমিও হাসিলাম। মনে মনে কহিলাম, জগতে আমার প্রার্থনাই কি চূড়ান্ত। তাঁহার ইচ্ছাই কি শেষ নহে। যে আঘাত পড়িয়াছে সে আমার মাথার উপরেই পড়ুক, কিন্তু হৃদয়ের মধ্যে যেখানে আমার ধর্ম, আমার বিশ্বাস আছে, সেখানে পড়িতে দিব না। আমি যেমন ছিলাম তেমনি থাকিব।

হেমাস্ত্রিনী আমার পায়ের কাছে পড়িয়া আমার পায়ের ধূলা লইল। আমি কহিলাম, “তুমি চিরসৌভাগ্যবতী, চিরসুখিনী হও।”

হেমাস্ত্রিনী কহিল, “কেবল আশীর্বাদ নয়, তোমার সতীর হস্তে আমাকে এবং তোমার ভগ্নীপতিকে বরণ করিয়া লইতে হইবে। তুমি তাঁহাকে লজ্জা করিলে চলিবে না। যদি অনুমতি কর তাঁহাকে অন্তঃপুরে লইয়া আসি।”

আমি কহিলাম, “স্থানো।”

কিছুক্ষণ পরে আমার ঘরে নূতন পদশব্দ প্রবেশ করিল। সন্বেহ প্রশ্ন শুনিলাম, “ভালো আছিস, কুমু ?”

আমি ব্রহ্ম বিছানা ছাড়িয়া উঠিয়া পায়ের কাছে প্রণাম করিয়া কহিলাম, “দাদা !”

হেমাস্ত্রিনী কহিল, “দাদা কিসের । কান মলিয়া দাও, ও তোমার ছোটো ভগ্নীপতি ।”

তখন সমস্ত বুঝিলাম । আমি জানিতাম, দাদার প্রতিজ্ঞা ছিল বিবাহ করিবেন না ; মা নাই, তাঁহাকে অনুনয় করিয়া বিবাহ করাইবার কেহ ছিল না । এবার আমিই তাঁহার বিবাহ দিলাম । দুই চক্ষু বাহিয়া ছুঁ করিয়া জল ঝরিয়া পড়িতে লাগিল, কিছুতেই থামাইতে পারি না । দাদা ধীরে ধীরে আমার চুলের মধ্যে হাত বুলাইয়া দিতে লাগিলেন ; হেমাস্ত্রিনী আমাকে জড়াইয়া ধরিয়া কেবল হাসিতে লাগিল ।

রাত্রে ঘুম হইতেছিল না ; আমি উৎকণ্ঠিতচিত্তে স্বামীর প্রত্যাগমন প্রত্যাশা করিতেছিলাম । লজ্জা এবং নৈরাশ্য তিনি কিরূপভাবে সংবরণ করিবেন, তাহা আমি স্থির করিতে পারিতেছিলাম না ।

অনেক রাত্রে অতি ধীরে দ্বার খুলিল । আমি চমকিয়া উঠিয়া বসিলাম । আমার স্বামীর পদশব্দ । বন্ধের মধ্যে হৃৎপিণ্ড আছাড় খাইতে লাগিল ।

তিনি বিছানার মধ্যে আসিয়া আমার হাত ধরিয়া কহিলেন, “তোমার দাদা আমাকে রক্ষা করিয়াছেন । আমি ক্ষণকালের মোহে পড়িয়া মরিতে যাইতেছিলাম । সেদিন আমি যখন নৌকায় উঠিয়াছিলাম, আমার বৃকের মধ্যে যে কী পাথর চাপিয়াছিল তাহা অন্তর্যামী জানেন ; যখন নদীর মধ্যে ঝড়ে পড়িয়াছিলাম তখন প্রাণের ভয়ও হইতেছিল, সেইসঙ্গে ভাবিতেছিলাম, যদি ডুবিয়া যাই তাহা হইলেই আমার উদ্ধার হয় । মথুরগঞ্জে পৌঁছিয়া শুনিলাম, তাহার পূর্বদিনেই তোমার দাদার সঙ্গে হেমাস্ত্রিনীর বিবাহ হইয়া গেছে । কী লজ্জায় এবং কী আনন্দে নৌকায় ফিরিয়াছিলাম তাহা বলিতে পারি না । এই কয়দিনে আমি নিশ্চয় করিয়া বুঝিয়াছি, তোমাকে ছাড়িয়া আমার কোনো সুখ নাই । তুমি আমার দেবী ।”

আমি হাসিয়া কহিলাম, “না, আমার দেবী হইয়া কাজ নাই, আমি তোমার ঘরের গৃহিণী, আমি সামানা নারী মাত্র ।”

স্বামী কহিলেন, “আমারও একটা অনুরোধ তোমাকে রাখিতে হইবে । আমাকে আর দেবতা বলিয়া কখনো অপ্রতিভ করিয়ো না ।”

পরদিন ছলুরব ও শঙ্কুধ্বনিতে পাড়া মাতিয়া উঠিল । হেমাস্ত্রিনী আমার স্বামীকে আহারে উপবেশনে প্রভাতে রাত্রে, নানাপ্রকারে পরিহাস করিতে লাগিল ; নির্যাতনের আর সীমা রহিল না, কিন্তু তিনি কোথায় গিয়াছিলেন, কী ঘটিয়াছিল, কেহ তাহার লেশমাত্র উল্লেখ করিল না ।

পৌষ ১৩০৫

সদর ও অন্তর

বিপিনকিশোর ধনীগৃহে জন্মিয়াছিলেন, সেইজন্য ধন যে পরিমাণে ব্যয় করিতে জানিতেন তাহার অর্ধেক পরিমাণেও উপার্জন করিতে শেখেন নাই । সুতরাং যে গৃহে জন্ম সে গৃহে দীর্ঘকাল বাস করা ঘটিল না ।

সুন্দর সুকুমারমূর্তি তরুণ যুবক, গানবাজনায় সিদ্ধহস্ত, কাজকর্মে নিরতিশয় অগ্ৰটু ; সংসারের পক্ষে সম্পূর্ণ অনাবশ্যক । জীবনযাত্রার পক্ষে জগন্নাথদেবের রথের মতো অচল ; যেরূপ বিপুল আয়োজনে চলিতে পারেন সেরূপ আয়োজন সম্প্রতি বিপিনকিশোরের আয়ত্ত্বাধীন ।

সৌভাগ্যক্রমে রাজা চিত্তরঞ্জন কোর্ট অফ ওয়ার্ড্‌স্ হইতে বিষয় প্রাপ্ত হইয়া শব্দের খিয়েটার ফাদিবার চেষ্টা করিতেছেন এবং বিপিনকিশোরের সুন্দর চেহারা ও গান গাহিবার ও গান তৈয়ারি করিবার ক্ষমতায় মুগ্ধ হইয়া, তাহাকে সাদরে নিজের অনুচরশ্রেণীতে ভুক্ত করিয়া লইয়াছেন ।

রাজা বি. এ. পাস। তাঁহার কোনোপ্রকার উচ্ছ্বলতা ছিল না। বড়োমানুষের ছেলে হইয়াও নিয়মিত সময়ে, এমন-কি, নির্দিষ্ট স্থানেই শয়ন ভোজন করিতেন। বিপিনকিশোরকে হঠাৎ তাঁহার নেশার মতো লাগিয়া গেল। তাঁহার গান শুনিতে ও তাঁহার রচিত গীতিনাট্য আলোচনা করিতে করিতে ভাত ঠাণ্ডা হইতে থাকে, রাত বাড়িয়া যায়। দেওয়ানজি বলিতে লাগিলেন, তাঁহার সংযতস্বভাব মনিষের চরিত্রদোষের মধ্যে কেবল ঐ বিপিনকিশোরের প্রতি অতিশয় আসক্তি।

রানী বসন্তকুমারী স্বামীকে তর্জন করিয়া বলিলেন, “কোথাকার এক লক্ষ্মীছাড়া বানর আনিয়া শরীর মাটি করিবার উপক্রম করিয়াছ, ওটাকে দূর করিতে পারিলেই আমার হাড়ে বাতাস লাগে।”

রাজা যুবতী স্ত্রীর ঈর্ষায় মনে মনে একটু খুশি হইতেন, হাসিতেন; ভাবিতেন, মেয়েরা যাহাকে ভালোবাসে কেবল তাহাকেই জানে। জগতে যে আদরের পাত্র অনেক গুণী আছে, স্ত্রীলোকের শাস্ত্রে সে কথা লেখে না। যে লোক তাহার কানে বিবাহের মন্ত্র পড়িয়াছে সকল গুণ তাহার এবং সকল আদর তাহারই জন্য। স্বামীর আধঘণ্টা খাবার সময় অতীত হইয়া গেলে অসহ্য হয়, আর, স্বামীর আশ্রিতকে দূর করিয়া দিলে তাহার একমুষ্টি অন্ন জুটিবে না, এ সম্বন্ধে সে সম্পূর্ণ উদাসীন। স্ত্রীলোকের এই বিবেচনাই পক্ষপাত দৃষ্ণীয় হইতে পারে, কিন্তু চিন্তরঞ্জনের নিকট তাহা নিতান্ত অপ্রীতিকর বোধ হইল না। এইজন্য তিনি যখন-তখন বেশিমাাত্রায় বিপিনের গুণগান করিয়া স্ত্রীকে খ্যাপাইতেন ও বিশেষ আমোদ বোধ করিতেন।

এই রাজকীয় খেলা বেচারা বিপিনের পক্ষে সুবিধাজনক হয় নাই। অস্ত্রপুরের বিমুখতায় তাঁহার আহালাদিক ব্যবস্থায় পদে পদে কণ্টক পড়িতে লাগিল। ধনীগৃহের ভৃত্য আশ্রিত ভদ্রলোকের প্রতি স্বভাবতই প্রতিকূল; তাহারা রানীর আক্রোশে সাহস পাইয়া ভিতরে ভিতরে বিপিনকে অনেকপ্রকার উপেক্ষা দেখাইত।

রানী একদিন পুটেকে ভৎসনা করিয়া কহিলেন, “তোকে যে কোনো কাজেই পাওয়া যায় না, সমস্ত দিন করিস কী।”

সে কহিল, রাজার আদেশে বিপিনবাবুর সেবাতেই তাহার দিন কাটিয়া যায়।

রানী কহিলেন, “ইস, বিপিনবাবু যে ভারি নবাব দেখিতেছি।”

পরদিন হইতে পুটে বিপিনের উচ্ছিষ্ট ফেলিয়া রাখিত; অনেকসময় তাহার অন্ন ঢাকিয়া রাখিত না। অনভ্যস্ত হস্তে বিপিন নিজের অঙ্গের খালি নিজে মাজিতে লাগিল এবং মাঝে মাঝে উপবাস দিল; কিন্তু ইহা লইয়া রাজার নিকট নাশিশ ফরিয়াদ করা তাহার স্বভাববিরুদ্ধ। কোনো চাকরের সহিত কলহ করিয়া সে আত্মাবমাননা করে নাই। এইরূপে বিপিনের ভাগ্যে সদর হইতে আদর বাড়িতে লাগিল, অন্দর হইতে অবজ্ঞার সীমা রহিল না।

এ দিকে সুভদ্রাহরণ গীতিনাট্য রিহার্সালশেষে প্রস্তুত। রাজবাটির অঙ্গনে তাহার অভিনয় হইল। রাজা স্বয়ং সাজিলেন কৃষ্ণ, বিপিন সাজিলেন অর্জুন। আহা, অর্জুনের যেমন কণ্ঠ তেমনি রূপ। দর্শকগণ ‘ধন্য ধন্য’ করিতে লাগিল।

রাত্রে রাজা আসিয়া বসন্তকুমারীকে জিজ্ঞাসা করিলেন, “কেমন অভিনয় দেখিলে।”

রানী কহিলেন, “বিপিন তো বেশ অর্জুন সাজিয়াছিল। বড়োঘরের ছেলের মতো তাহার চেহারা বটে, এবং গলার সুরটিও তো দিবা।”

রাজা বলিলেন, “আর, আমার চেহারা বুঝি কিছুই নয়, গলাটাও বুঝি মন্দ?”

রানী বলিলেন, “তোমার কথা আলাদা।” বলিয়া পুনরায় বিপিনের অভিনয়ের কথা পাড়িলেন।

রাজা ইহা অপেক্ষা অনেক উচ্ছ্বসিত ভাবায় রানীর নিকট বিপিনের গুণগান করিয়াছেন; কিন্তু অদ্য রানীর মুখের এইটুকুমাত্র প্রশংসা শুনিয়া তাঁহার মনে হইল, বিপিনটার ক্ষমতা যে-পরিমাণে অবিবেচক লোকে তদপেক্ষা তাহাকে ঢের বেশি বাড়াইয়া থাকে। উহার চেহারাই বা কী, আর গলাই বা কী এমন। কিয়ৎকাল পূর্বে তিনিও এই অবিবেচকশ্রেণীর মধ্যে ছিলেন; হঠাৎ কী কারণে তাঁহার বিবেচনা-শক্তি বাড়িয়া উঠিল।

পরদিন হইতে বিপিনের আহারাদির সুব্যবস্থা হইল। বসন্তকুমারী রাজাকে কহিলেন, “বিপিনকে কাছারি ঘরে আমলাদের সহিত বাসা দেওয়া অন্যায় হইয়াছে। হাজার হউক, একসময়ে উহার অবস্থা ভালো ছিল।”

রাজা কেবল সংক্ষেপে উড়াইয়া দিয়া কহিলেন, “হাঁঃ!”

রানী অনুরোধ করিলেন, “খোকার অন্নপ্রাশন উপলক্ষে আর-একদিন থিয়েটার দেওয়া হউক।” রাজা কথাটা কানেই তুলিলেন না।

একদিন ভালো কাপড় কোঁচানো হয় নাই বলিয়া রাজা পুটে চাকরকে ভৎসনা করাতে সে কহিল, “কী করিব, রানীমার আদেশে বিপিনবাবুর বাসন মাজিতে ও সেবা করিতেই সময় কাটিয়া যায়।”

রাজা রাগিয়া উঠিয়া কহিলেন, “ইস, বিপিনবাবু তো ভারি নবাব হইয়াছেন, নিজের বাসন বুঝি নিজে মাজিতে পারেন না।”

বিপিন পুনর্মুখিক হইয়া পড়িল।

রানী রাজাকে ধরিয়া পড়িলেন, সন্ধ্যাবেলায় তাঁহাদের সংগীতালোচনার সময় পাশের ঘরে থাকিয়া পর্দার আড়ালে তিনি গান শুনিবেন, বিপিনের গান তাঁহার ভালো লাগে। রাজা অনতিকাল পরেই পূর্ববৎ অত্যন্ত নিয়মিত সময়ে শয়ন ভোজন আরম্ভ করিলেন। গানবাজনা আর চলে না।

রাজা মধ্যাহ্নে জমিদারি-কাজ দেখিতেন। একদিন সকাল সকাল অস্ত্রপুরে গিয়া দেখিলেন, রানী কী একটা পড়িতেছেন। রাজা জিজ্ঞাসা করিলেন, “ও কী পড়িতেছ।”

রানী প্রথমটা একটু অপ্রতিভ হইয়া কহিলেন, “বিপিনবাবুর একটা গানের খাতা আনাইয়া দুটো-একটা গানের কথা মুখস্থ করিয়া লইতেছি; হঠাৎ তোমার শখ মিটিয়া গিয়া আর তো গান শুনিবার জো নাই।” বহুপূর্বে শখটাকে সমূলে বিনাশ করিবার জন্য রানী যে বহুবিধ চেষ্টা করিয়াছিলেন সে কথা কেহ তাহাকে স্মরণ করাইয়া দিল না।

পরদিন বিপিনকে রাজা বিদায় করিয়া দিলেন; কাল হইতে কী করিয়া কোথায় তাঁহার অন্নমুষ্টি জুটিবে সে সম্বন্ধে কোনো বিবেচনা করিলেন না।

দুঃখ কেবল তাহাই নহে, ইতিমধ্যে বিপিন রাজার সহিত অকৃত্রিম অনুরাগে আবদ্ধ হইয়া পড়িয়াছিলেন; বেতনের চেয়ে রাজার প্রণয়টা তাঁহার কাছে অনেক বেশি দামী হইয়া উঠিয়াছিল। কিন্তু, কী অপরাধে যে হঠাৎ রাজার হৃদয়তা হারাইলেন, অনেক ভাবিয়াও বিপিন তাহা ঠিক করিতে পারিলেন না। এবং দীর্ঘনিশ্বাস ফেলিয়া তাঁহার পুরাতন তস্করাটিতে গেলাপ পরাইয়া বন্ধুহীন বৃহৎ সংসারে বাহির হইয়া পড়িলেন; যাইবার সময় রাজভৃত্য পুটেকে তাঁহার শেষ সম্বল দুইটি টাকা পুরস্কার দিয়া গেলেন।

আষাঢ় ১৩০৭

উদ্ধার

গৌরী প্রাচীন ধনীবংশের পরমাদরে পালিতা সুন্দরী কন্যা। স্বামী পরেশ হীনাবস্থা হইতে সম্প্রতি নিজের উপার্জনে কিঞ্চিৎ অবস্থার উন্নতি করিয়াছে; যতদিন তাঁহার দৈন্য ছিল ততদিন কন্যার কষ্ট হইবে ভয়ে শশুর শাশুড়ি স্ত্রীকে তাঁহার বাড়িতে পাঠান নাই। গৌরী বেশ-একটু বয়স্কা হইয়াই পতিগৃহে আসিয়াছিল।

বোধ করি এই-সকল কারণেই পরেশ সুন্দরী যুবতী স্ত্রীকে সম্পূর্ণ নিজের আয়ত্তগম্য বলিয়া বোধ করিতেন না এবং বোধ করি সন্দিক্ধ স্বভাব তাঁহার একটা ব্যাধির মধ্যে।

পরে পশ্চিমে একটি ক্ষুদ্র শহরে ওকালতি করিতেন ; ঘরে আত্মীয়স্বজন বড়ো কেহ ছিল না, একাকিনী স্ত্রীর জন্য তাঁহার চিন্তা উদ্ভিন্ন হইয়া থাকিত । মাঝে মাঝে এক-একদিন হঠাৎ অসময়ে তিনি আদালত হইতে বাড়িতে আসিয়া উপস্থিত হইতেন । প্রথম প্রথম স্বামীর এইরূপ আকস্মিক অভ্যুদয়ের কারণ গৌরী ঠিক বুঝিতে পারিত না ।

মাঝে মাঝে অকারণ পরেশ এক-একটা করিয়া চাকর ছাড়াইয়া দিতে লাগিলেন । কোনো চাকর তাঁহার আর দীর্ঘকাল পছন্দ হয় না । বিশেষত অসুবিধার আশঙ্কা করিয়া যে চাকরকে গৌরী রাখবার জন্য অধিক আগ্রহ প্রকাশ করিত, তাহাকে পরেশ এক মুহূর্ত স্থান দিতেন না । তেজস্বিনী গৌরী ইহাতে যতই আঘাত বোধ করিত স্বামী ততই অস্থির হইয়া এক-এক সময়ে অদ্ভুত ব্যবহার করিতে থাকিতেন ।

অবশেষে আত্মসংবরণ করিতে না পারিয়া যখন দাসীকে গোপনে ডাকিয়া পরেশ নানাপ্রকার সন্দিক্ধ জিজ্ঞাসাবাদ আরম্ভ করিলেন তখন সে-সকল কথা গৌরীর কর্ণগোচর হইতে লাগিল । অভিমানিনী স্বল্পভাষিনী নারী অপমানে আহত সিংহিনীর ন্যায় অন্তরে অন্তরে উদ্দীপ্ত হইতে লাগিলেন এবং এই উন্মত্ত সন্দেহ দম্পতির মাঝখানে প্রলয়খণ্ডের মতো পড়িয়া উভয়কে একেবারে বিচ্ছিন্ন করিয়া দিল ।

গৌরীর কাছে তাঁহার তীব্র সন্দেহ প্রকাশ পাইয়া যখন একবার লজ্জা ভাঙিয়া গেল, তখন পরেশ স্পষ্টতই প্রতিদিন পদে পদে আশঙ্কা ব্যক্ত করিয়া স্ত্রীর সহিত কলহ করিতে আরম্ভ করিল এবং গৌরী যতই নিরন্তর অবজ্ঞা এবং ক্রোধাতের ন্যায় তীক্ষ্ণকটাক্ষ দ্বারা তাঁহাকে আপাদমস্তক যেন ক্ষতবিক্ষত করিতে লাগিল, ততই তাঁহার সংশয়মস্ততা আরো যেন বাড়িবার দিকে চলিল ।

এইরূপ স্বামীসুখ হইতে প্রতিহত হইয়া পুত্রহীনা তরুণী ধর্মে মন দিল । হরিসভার নবীন প্রচারক ব্রহ্মচারী পরমানন্দস্বামীকে ডাকিয়া মন্ত্র লইল এবং তাঁহার নিকট ভাগবতের ব্যাখ্যা শুনিতে আরম্ভ করিল । নারীহৃদয়ের সমস্ত ব্যর্থ স্নেহ প্রেম কেবল ভক্তি-আকারে পুঞ্জীভূত হইয়া গুরুদেবের পদতলে সমর্পিত হইল ।

পরমানন্দের সাধুচরিত্র সম্বন্ধে দেশবিদেশে কাহারও মনে সংশয়মাত্র ছিল না । সকলে তাঁহাকে পূজা করিত । পরেশ ইহার সম্বন্ধে মুখ ফুটিয়া সংশয় প্রকাশ করিতে পারিতেন না বলিয়াই তাহা গুপ্ত ক্রমের মতো ক্রমশ তাঁহার মর্মের নিকট পর্যন্ত খনন করিয়া চলিয়াছিল ।

একদিন সামান্য কারণে বিষ উদ্দীপিত হইয়া পড়িল । স্ত্রীর কাছে পরমানন্দকে উল্লেখ করিয়া 'দুশ্চরিত্র ভণ্ড' বলিয়া গালি দিলেন এবং কহিলেন, "তোমার শালগ্রাম স্পর্শ করিয়া শপথপূর্বক বলো দেখি সেই বকধার্মিককে তুমি মনে মনে ভালোবাস না ।"

দলিত ফণিনীর ন্যায় মুহূর্তের মধ্যেই উদগ্র হইয়া মিথ্যা স্পর্ধা দ্বারা স্বামীকে বিদ্ধ করিয়া গৌরী রুদ্ধকণ্ঠে কহিল, "ভালোবাসি, তুমি কী করিতে চাও করো ।" পরেশ তৎক্ষণাৎ ঘরে তালাচাবি লাগাইয়া তাহাকে রুদ্ধ করিয়া আদালতে চলিয়া গেল ।

অসহ্য রোষে গৌরী কোনোমতে দ্বার উন্মোচন করাইয়া তৎক্ষণাৎ বাড়ি হইতে বাহির হইয়া গেল ।

পরমানন্দ নিভৃত ঘরে জনহীন মধ্যাহ্নে শাস্ত্রপাঠ করিতেছিলেন । হঠাৎ অমেঘবাহিনী বিদ্যুৎতার মতো গৌরী ব্রহ্মচারীর শাস্ত্রাধ্যয়নের মাঝখানে আসিয়া ভাঙিয়া পড়িল ।

গুরু কহিলেন, "এ কী ।"

শিষ্য কহিল, "গুরুদেব, অপমানিত সংসার হইতে আমাকে উদ্ধার করিয়া লইয়া চলো, তোমার সেবাব্রতে আমি জীবন উৎসর্গ করিব ।"

পরমানন্দ কঠোর ভৎসনা করিয়া গৌরীকে গৃহে ফিরিয়া পাঠাইলেন । কিন্তু, হায় গুরুদেব, সেদিনকার সেই অকস্মাৎ ছিন্নবিচ্ছিন্ন অধ্যয়নসূত্র আর কি তেমন করিয়া জোড়া লাগিতে পারিল ।

পরে গৃহে আসিয়া মুক্তদ্বার দেখিয়া স্ত্রীকে জিজ্ঞাসা করিলেন, "এখানে কে আসিয়াছিল ।"

স্ত্রী কহিল, "কেহ আসে নাই, আমি গুরুদেবের গৃহে গিয়াছিলাম ।"

পরে মুহূর্তকাল পাংশু এবং পরক্ষণেই রক্তবর্ণ হইয়া কহিলেন, "কেন গিয়াছিলে ।"

গৌরী কহিল, “আমার খুশি।”

সেদিন হইতে পাহারা বসাইয়া স্ত্রীকে ঘরে রুদ্ধ করিয়া পরেশ এমনি উপদ্রব আরম্ভ করিলেন যে শহরময় কুৎসা রটিয়া গেল।

এই-সকল কুৎসিত অপমান ও অত্যাচারের সংবাদে পরমানন্দের হরিচিন্তা দূর হইয়া গেল। এই নগর অবিলম্বে পরিত্যাগ করা তিনি কর্তব্য বোধ করিলেন, অথচ উৎপীড়িতকে ফেলিয়া কোনোমতেই দূরে যাইতে পারিলেন না। সন্ন্যাসীর এই কয়দিনকার দিনরাত্রের ইতিহাস কেবল অন্তর্যামীই জানেন।

অবশেষে অবরোধের মধ্যে থাকিয়া গৌরী একদিন পত্র পাইল, “বৎসে, আলোচনা করিয়া দেখিলাম, ইতিপূর্বে অনেক সাধ্বী সাধকরমণী কৃষ্ণপ্রেমে সংসার ত্যাগ করিয়াছেন। যদি সংসারের অত্যাচারে হরিপাদপদ্ম হইতে তোমার চিন্তা বিক্ষিপ্ত হইয়া থাকে, তবে জানাইলে ভগবানের সহায়তায় তাঁহার সেবিকাকে উদ্ধার করিয়া প্রভুর অভয় পদারবিন্দে উৎসর্গ করিতে প্রয়াসী হইব। ২৬শে ফাল্গুন বৃধবারে অপরাহ্ন ২ ঘটিকার সময় ইচ্ছা করিলে তোমাদের পৃষ্ঠরিণীতীরে আমার সহিত সাক্ষাৎ হইতে পারিবে।”

গৌরী পত্রখানি কেশে বাধিয়া খোঁপার মধ্যে ঢাকিয়া রাখিল। ২৬শে ফাল্গুন মধ্যাহ্নে স্নানের পূর্বে চুল খুলিবার সময় দেখিল, চিঠিখানি নাই। হঠাৎ সন্দেহ হইল, হয়তো চিঠিখানি কখন বিছানায় স্থলিত হইয়া পড়িয়াছে এবং তাহা তাঁহার স্বামীর হস্তগত হইয়াছে। স্বামী সে পত্র-পাঠে ঈর্ষায় দগ্ধ হইতেছে মনে করিয়া গৌরী মনে মনে একপ্রকার জ্বালাময় আনন্দ অনুভব করিল; কিন্তু তাহার শিরোভূষণ পত্রখানি পাশগুহস্তস্পর্শে লাঞ্চিত হইতেছে, এ কল্পনাও তাহার সহ্য হইল না। দ্রুতপদে স্বামীগৃহে গেল।

দেখিল, স্বামী ভূতলে পড়িয়া গোঁ গোঁ করিতেছে, মুখ দিয়া ফেনা পড়িতেছে, চক্ষুতারকা কপালে উঠিয়াছে। দক্ষিণ বন্ধমুষ্টি হইতে পত্রখানি ছাড়াইয়া লইয়া তাড়াতাড়ি ডাক্তার ডাকিয়া পাঠাইল।

ডাক্তার আসিয়া কহিল, আপোপ্লেস্মি— তখন রোগীর মৃত্যু হইয়াছে।

সেইদিন মফস্বলে পরেশের একটি জরুরি মকদ্দমা ছিল। সন্ন্যাসীর এতদূর পতন হইয়াছিল যে, তিনি সেই সংবাদ লইয়া গৌরীর সহিত সাক্ষাতের জন্য প্রস্তুত হইয়াছিলেন।

সদাবিধবা গৌরী যেমন বাতায়ন হইতে গুরুদেবকে চোরের মতো পৃষ্ঠরিণীর তটে দেখিল, তৎক্ষণাৎ বজ্রচকিতের ন্যায় দৃষ্টি অবনত করিল। গুরু যে কোথা হইতে কোথায় নামিয়াছেন, তাহা যেন বিদ্যুতালোকে সহসা এই মুহূর্তে তাহার হৃদয়ে উদভাসিত হইয়া উঠিল।

গুরু ডাকিলেন, “গৌরী।”

গৌরী কহিল, “আসিতেছি, গুরুদেব।”

মৃত্যুসংবাদ পাইয়া পরেশের বন্ধুগণ যখন সংস্কারের জন্য উপস্থিত হইল, দেখিল, গৌরীর মৃতদেহ স্বামীর পার্শ্বে শয়ান। সে বিষ খাইয়া মরিয়াছে। আধুনিক কালে এই আশ্চর্য সহমরণের দৃষ্টান্তে সতীমাহাত্ম্যে সকলে স্তম্ভিত হইয়া গেল।

শ্রাবণ ১৩০৭

দুবুদ্ধি

ভিটা ছাড়িতে হইল। কেমন করিয়া, তাহা খোলসা করিয়া বলিব না, আভাস দিব মাত্র।

আমি পাড়াগোঁয়ে নোঁটভ ডাক্তার, পুলিশের থানার সম্মুখে আমার বাড়ি। যমরাজের সহিত আমার যে পরিমাণ আনুগত্য ছিল দারোগাবাবুদের সহিত তাহা অপেক্ষা কম ছিল না, সুতরাং নর ও নারায়ণের দ্বারা মানুষের যত বিবিধ রকমের পীড়া ঘটিতে পারে তাহা আমার সুগোচর ছিল। যেমন মণির দ্বারা

বলয়ের এবং বলয়ের দ্বারা মণির শোভা বৃদ্ধি হয় তেমনি আমার মধ্যস্থতায় দারোগার এবং দারোগার মধ্যস্থতায় আমার উত্তরোত্তর আর্থিক শ্রীবৃদ্ধি ঘটিতেছিল।

এই-সকল ঘনিষ্ঠ কারণে হাল নিয়মের কৃতবিদ্যা দারোগা ললিত চক্রবর্তীর সঙ্গে আমার একটু বিশেষ বন্ধুত্ব ছিল। তাহার একটি অরক্ষণীয় আত্মীয়া কন্যার সহিত বিবাহের জন্য মাঝে মাঝে অনুরোধ করিয়া আমাকেও প্রায় তিনি অরক্ষণীয় করিয়া তুলিয়াছিলেন। কিন্তু, শশী আমার একমাত্র কন্যা, মাতৃহীনা, তাহাকে বিমাতার হাতে সমর্পণ করিতে পারিলাম না। বর্ষে বর্ষে নূতন পঞ্জিকার মতে বিবাহের কত শুভলগ্নই ব্যর্থ হইল। আমারই চোখের সম্মুখে কত যোগ্য এবং অযোগ্য পাত্র চতুর্দোলায় চড়িল, আমি কেবল বরযাত্রীর দলে বাহিরবাড়িতে মিষ্টান্ন খাইয়া নিশ্বাস ফেলিয়া বাড়ি ফিরিয়া আসিলাম।

শশীর বয়স বারো হইয়া প্রায় তেরোয় পড়ে। কিছু সুবিধামত টাকার জোগাড় করিতে পারিলেই মেয়েটিকে একটি বিশিষ্ট বড়োঘরে বিবাহ দিতে পারিব, এমন আশা পাইয়াছি। সেই কর্মটি শেষ করিতে পারিলে অবিলম্বে আর-একটি শুভকর্মের আয়োজনে মনোনিবেশ করিতে পারিব।

সেই অত্যাবশ্যক টাকাটার কথা ধ্যান করিতেছিলাম, এমন সময় তুলসীপাড়ার হরিনাথ মজুমদার আসিয়া আমার পায়ে ধরিয়া কাঁদিয়া পড়িল। কথাটা এই, তাহার বিধবা কন্যা রাত্রে হঠাৎ মারা গিয়াছে, শত্রুপক্ষ গর্ভপাতের অপবাদ দিয়া দারোগার কাছে বেনামি পত্র লিখিয়াছে। এক্ষণে পুলিশ তাহার মৃতদেহ লইয়া টানাটানি করিতে উদ্যত।

সদ্য কন্যাশোকের উপর এতবড়ো অপমানের আঘাত তাহার পক্ষে অসহ্য হইয়াছে। আমি ডাক্তারও বটে, দারোগার বন্ধুও বটে, কোনোমতে উদ্ধার করিতে হইবে।

লক্ষ্মী যখন ইচ্ছা করেন তখন এমনি করিয়াই কখনো সদর কখনো খিড়কি দরজা দিয়া অনাহৃত আসিয়া উপস্থিত হন। আমি ঘাড় নাড়িয়া বলিলাম, “ব্যাপারটা বড়ো গুরুতর।” দুটো-একটা কল্পিত উদাহরণ প্রয়োগ করিলাম, কম্পমান বৃদ্ধ হরিনাথ শিশুর মতো কাঁদিতে লাগিল।

বিস্তারিত বলা বাহুল্য, কন্যার অস্ত্যোষ্টিসংকারের সুযোগ করিতে হরিনাথ ফতুর হইয়া গেল।

আমার কন্যা শশী করুণ স্বরে আসিয়া জিজ্ঞাসা করিল, “বাবা, ঐ বড়ো তোমার পায়ে ধরিয়া কেন অমন করিয়া কাঁদিতেছিল।” আমি তাহাকে ধমক দিয়া বলিলাম, “যা যা, তোর এত খবরে দরকার কী।”

এইবার সংপাত্রে কন্যাদানের পথ সুপ্রশস্ত হইল। বিবাহের দিন স্থির হইয়া গেল। একমাত্র কন্যার বিবাহ, ভোজের আয়োজন প্রচুর করিলাম। বাড়িতে গৃহিণী নাই, প্রতিবেশীরা দয়া করিয়া আমাকে সাহায্য করিতে আসিল। সর্বস্বান্ত কৃতজ্ঞ হরিনাথ দিনরাত্রি খাটিতে লাগিল।

গায়ে-হলুদের দিনে রাত তিনটার সময় হঠাৎ শশীকে ওলাউঠায় ধরিল। রোগ উত্তরোত্তর কঠিন হইয়া উঠিতে লাগিল। অনেক চেষ্টার পর নিষ্ফল ঔষধের শিশিগুলা ভূতলে ফেলিয়া ছুটিয়া গিয়া হরিনাথের পা জড়াইয়া ধরিলাম। কহিলাম, “মাপ করো দাদা, এই পাষণ্ডকে মাপ করো। আমার একমাত্র কন্যা, আমার আর কেহ নাই।”

হরিনাথ শশব্যস্ত হইয়া কহিল, “ডাক্তারবাবু, করেন কী, করেন কী। আপনার কাছে আমি চিরঋণী, আমার পায়ে হাত দিবেন না।”

আমি কহিলাম, “নিরপরাধে আমি তোমার সর্বনাশ করিয়াছি, সেই পাপে আমার কন্যা মরিতেছে।”

এই বলিয়া সর্বলোকের সমক্ষে আমি চীৎকার করিয়া বলিলাম, “ওগো, আমি এই বৃদ্ধের সর্বনাশ করিয়াছি, আমি তাহার দণ্ড লইতেছি, ভগবান আমার শশীকে রক্ষা করুন।”

বলিয়া হরিনাথের চটিজুতা খুলিয়া লইয়া নিজের মাথায় মারিতে লাগিলাম, বৃদ্ধ ব্যস্তসমস্ত হইয়া আমার হাত হইতে জুতা কাড়িয়া লইল।

পরদিন দশটা-বেলায় গায়ে-হলুদের হরিদ্রাচিহ্ন লইয়া শশী ইহসংসার হইতে চিরবিদায় গ্রহণ করিল।

তাহার পরদিনেই দারোগাবাবু কহিলেন, “ওহে আর কেন, এইবার বিবাহ করিয়া ফেলো। দেখাশুনার তো একজন লোক চাই?”

মানুষের মর্মান্তিক দুঃখশোকের প্রতি এরূপ নিষ্ঠুর অশ্রদ্ধা শয়তানকেও শোভা পায় না। কিন্তু, নানা ঘটনায় দারোগার কাছে এমন মনুষ্যত্বের পরিচয় দিয়াছিলাম যে, কোনো কথা বলিবার মুখ ছিল না। দারোগার বন্ধুত্ব সেই দিন যেন আমাকে চাবুক মারিয়া অপমান করিল।

হৃদয় যতই ব্যথিত থাকে, কর্মচক্র চলিতেই থাকে। আগেকার মতোই কুখার আহার, পরিধানের বস্ত্র, এমন-কি, চুলার কাষ্ঠ এবং জুতার ফিতা পর্যন্ত পরিপূর্ণ উদ্যমে নিয়মিত সংগ্রহ করিয়া ফিরিতে হয়।

কাজের অবকাশে যখন একলা ঘরে আসিয়া বসিয়া থাকি তখন মাঝে মাঝে কানে সেই করুণ কণ্ঠের প্রশ্ন বাজিতে থাকে, “বাবা, ঐ বুড়ো তোমার পায়ে ধরিয়া কেন অমন করিয়া কাঁদিতেছিল।” দরিদ্র হরিনাথের জীর্ণ ঘর নিজের ব্যয়ে ছাইয়া দিলাম, আমার দুঃখবতী গাভীটি তাহাকে দান করিলাম, তাহার বন্ধকি জ্যোতজমা মহাজনের হাত হইতে উদ্ধার করিয়া দিলাম।

কিছুদিন সদ্যশোকের দুঃসহ বেদনায় নির্জন সঙ্কায় এবং অনিদ্র রাত্রে কেবলই মনে হইত, আমার কোমলহৃদয়া মেয়েটি সংসারলীলা শেষ করিয়াও তাহার বাপের নিষ্ঠুর দুঃকর্মে পরলোকে কোনোমতেই শাস্তি পাইতেছে না। সে যেন ব্যথিত হইয়া কেবলই আমাকে প্রশ্ন করিয়া ফিরিতেছে, বাবা, কেন এমন করিলে।

কিছুদিন এমনি হইয়াছিল, গরিবের চিকিৎসা করিয়া টাকার জন্য তাগিদ করিতে পারিতাম না। কোনো ছোটো মেয়ের ব্যামো হইলে মনে হইত আমার শশীই যেন পল্লীর সমস্ত রুগণা বালিকার মধ্যে রোগ ভোগ করিতেছে।

তখন পুরা বর্ষায় পল্লী ভাসিয়া গেছে। ধানের খেত এবং গৃহের অঙ্গনপার্শ্ব দিয়া নৌকায় করিয়া ফিরিতে হয়। ভোররাত্রি হইতে বৃষ্টি শুরু হইয়াছে, এখনো বিরাম নাই।

জমিদারের কাছারিবাড়ি হইতে আমার ডাক পড়িয়াছে। বাবুদের পাল্লির মাঝি সামান্য বিলম্বটুকু সহ্য করিতে না পারিয়া উদ্ধত হইয়া উঠিবার উপক্রম করিতেছে।

ইতিপূর্বে এরূপ দুর্যোগে যখন আমাকে বাহির হইতে হইত তখন একটি লোক ছিল যে আমার পুরাতন ছাতাটি খুলিয়া দেখিত তাহাতে কোথাও ছিদ্র আছে কি না, এবং একটি ব্যগ্র কণ্ঠ বাদলার হাওয়া ও বৃষ্টির ছাঁট হইতে সযত্নে আশ্রয় রক্ষা করিবার জন্য আমাকে বারংবার সতর্ক করিয়া দিত। আজ শূন্য নীরব গৃহ হইতে নিজের ছাতা নিজে সন্ধান করিয়া লইয়া বাহির হইবার সময় তাহার সেই স্নেহময় মুখখানি স্মরণ করিয়া একটুখানি বিলম্ব হইতেছিল। তাহার রুদ্ধ শয়নঘরটার দিকে তাকাইয়া ভাবিতেছিলাম, যে লোক পরের দুঃখকে কিছুই মনে করে না তাহার সুখের জন্য ভগবান ঘরের মধ্যে এত স্নেহের আয়োজন কেন রাখিবেন। এই ভাবিতে ভাবিতে সেই শূন্য ঘরটার দরজার কাছে আসিয়া বুকের মধ্যে হু হু করিতে লাগিল। বাহিরে বড়োলোকের ড্তোর তর্জনস্বর শুনিয়া তাড়াতাড়ি শোক সংবরণ করিয়া বাহির হইয়া পড়িলাম।

নৌকায় উঠিবার সময় দেখি, ধানার ঘাটে ডোঙা বাধা, একজন চাষা কৌপীন পরিয়া বৃষ্টিতে ভিজিতেছে। আমি জিজ্ঞাসা করিলাম, “কী রে।” উত্তরে শুনিলাম গতরাত্রে তাহার কন্যাকে সাপে কাটিয়াছে, ধানায় রিপোর্ট করিবার জন্য হতভাগ্য তাহাকে দূরগ্রাম হইতে বহিয়া আনিয়াছে। দেখিলাম, সে তাহার নিজের একমাত্র গাত্রবস্ত্র খুলিয়া মৃতদেহ ঢাকিয়া রাখিয়াছে। জমিদারি কাছারির অসহিষ্ণু মাঝি নৌকা ছাড়িয়া দিল।

বেলা একটার সময় বাড়ি ফিরিয়া আসিয়া দেখি, তখনো সেই লোকটা বুকের কাছে হাত পা গুটাইয়া বসিয়া বসিয়া ভিজিতেছে; দারোগাবাবুর দর্শন মেলে নাই। আমি তাহাকে আমার রক্তন-অঙ্গের এক অংশ পাঠাইয়া দিলাম। সে তাহা ছুঁইল না।

তাড়াতাড়ি আহার সারিয়া কাছারির রোগীর তাগিদে পুনর্বার বাহির হইলাম। সন্ধ্যার সময় বাড়ি

ফিরিয়া দেখি তখনো লোকটা একেবারে অভিভূতের মতো বসিয়া আছে। কথা জিজ্ঞাসা করিলে উত্তর দিতে পারে না, মুখের দিকে তাকাইয়া থাকে। এখন তাহার কাছে, এই নদী, ঐ গ্রাম, ঐ থানা, এই মেঘাচ্ছন্ন আর্দ্র পঙ্কিল পৃথিবীটা স্বপ্নের মতো। বারংবার প্রশ্নের দ্বারা জানিলাম, একবার একজন কনস্টেবল আসিয়া জিজ্ঞাসা করিয়াছিল, টাকে কিছু আছে কি না। সে উত্তর করিয়াছিল, সে নিতান্তই গরিব, তাহার কিছু নাই। কনস্টেবল বলিয়া গেছে, “থাক্ বেটা, তবে এখন বসিয়া থাক।”

এমন দৃশ্য পূর্বেও অনেকবার দেখিয়াছি, কখনো কিছুই মনে হয় নাই। আজ কোনোমতেই সহ্য করিতে পারিলাম না। আমার শরীর করুণা-গদগদ অব্যক্ত কণ্ঠ সমস্ত বাদলার আকাশ জুড়িয়া বাজিয়া উঠিল। ঐ কন্যাহারা বাকাহীন চাষার অপরিমেয় দুঃখ আমার বৃকের পাজরগুলোকে যেন ঠেলিয়া উঠিতে লাগিল।

দারোগাবাবু বেতের মোড়ায় বসিয়া আরামে গুড়গুড়ি টানিতেছিলেন। তাহার কন্যাদায়গ্রস্ত আত্মীয় মেসোটি আমার প্রতি লক্ষ করিয়াই সম্প্রতি দেশ হইতে আসিয়াছেন; তিনি মাদুরের উপর বসিয়া গল্প করিতেছিলেন। আমি একদমে ঝড়ের বেগে সেখানে উপস্থিত হইলাম। চীৎকার করিয়া বলিলাম, “আপনারা মানুষ না পিশাচ?” বলিয়া আমার সমস্ত দিনের উপার্জনের টাকা ঝনাৎ করিয়া তাহার সম্মুখে ফেলিয়া দিয়া কহিলাম, “টাকা চান তো এই নিন, যখন মরিবেন সঙ্গে লইয়া যাইবেন; এখন এই লোকটাকে ছুটি দিন, ও কন্যার সংকার করিয়া আসুক।”

বহু উৎপীড়িতের অশ্রুসেচনে দারোগার সহিত ডাক্তারের যে প্রণয় বাড়িয়া উঠিয়াছিল তাহা এই ঝড়ে ভূমিসাৎ হইয়া গেল।

অনতিকাল পরে দারোগার পায়ে ধরিয়াছি, তাহার মহদাশয়তার উল্লেখ করিয়া অনেক স্তুতি এবং নিজেদের বুদ্ধিব্রংশ লইয়া অনেক আত্মধিক্কার প্রয়োগ করিয়াছি, কিন্তু শেষটা ভিটা ছাড়িতে হইল।

ভাদ্র ১৩০৭

ফেল

ল্যাজা এবং মুড়া, রাহু এবং কেতু, পরস্পরের সঙ্গে আড়াআড়ি করিলে যেমন দেখিতে হইত এও ঠিক সেইরকম। প্রাচীন হালদার বংশ দুই খণ্ডে পৃথক হইয়া প্রকাণ্ড বসত-বাড়ির মাঝখানে এক ভিত্তি তুলিয়া পরস্পর পিঠাপিঠি করিয়া বসিয়া আছে; কেহ কাহারও মুখদর্শন করে না।

নবগোপালের ছেলে নলিন এবং ননীগোপালের ছেলে নন্দ একবংশজাত, একবয়সি, এক ইন্সুলে যায় এবং পারিবারিক বিদ্বেষ ও রেবারেষিতেও উভয়ের মধ্যে সম্পূর্ণ ঐক্য।

নলিনের বাপ নবগোপাল অত্যন্ত কড়া লোক। ছেলেকে হাঁপ ছাড়িতে দিতেন না, পড়াশুনা ছাড়া আর কথা ছিল না। খেলা খাদ্য ও সাজসজ্জা সম্বন্ধে ছেলের সর্বপ্রকার শখ তিনি খাতাপত্র ও ইন্সুল-বইয়ের নীচে চাপিয়া রাখিয়াছিলেন।

নন্দের বাপ ননীগোপালের শাসনপ্রণালী অত্যন্ত শিথিল ছিল। মা তাহাকে অত্যন্ত ফিটফাট করিয়া সাজাইয়া ইন্সুলে পাঠাইতেন, আনা-তিনেক জলপানিও সঙ্গে দিতেন; নন্দ ভাজা মসলা ও কুলপির বরফ, লাঠিম ও মার্বলগুলিকা ইচ্ছামত ভোগবিতরণের দ্বারা যশস্বী হইয়া উঠিয়াছিল।

মনে মনে পরাভব অনুভব করিয়া নলিন কেবলই ভাবিত, নন্দের বাবা যদি আমার বাবা হইত এবং আমার বাবা যদি নন্দের পিতৃস্থান অধিকার করিত, তাহা হইলে নন্দকে মজা দেখাইয়া দিতাম।

কিন্তু, সেরূপ সুযোগ ঘটবার পূর্বে ইতিমধ্যে নন্দ বৎসরে বৎসরে প্রাইজ পাইতে লাগিল; নলিন রিক্তহস্তে বাড়ি আসিয়া ইন্সুলের কর্তৃপক্ষদের নামে পক্ষপাতের অপবাদ দিতে লাগিল। বাপ তাহাকে

অন্য ইস্কুলে দিলেন, বাড়িতে অন্য মাস্টার রাখিলেন, ঘুমের সময় হইতে একঘণ্টা কাটিয়া পড়ার সময়ে যোগ করিলেন, কিন্তু ফলের তারতম্য হইল না। নন্দ পাস করিতে করিতে বি. এ. উত্তীর্ণ হইয়া গেল, নলিন ফেল করিতে করিতে এনট্রান্স ক্লাসে জাতিকালের ইদুরের মতো আটকা পড়িয়া রহিল।

এমন সময় তাহার পিতা তাহার প্রতি দয়া করিলেন। তিনি মরিলেন। তিন বৎসর মেয়াদ খাটিয়া এনট্রান্স ক্লাস হইতে তাহার মুক্তি হইল এবং স্বাধীন নলিন আংটি বোতাম ঘড়ির-চেনে আদ্যোপান্ত ঝকমক করিয়া নন্দকে নিরতিশয় নিশ্চিন্ত করিয়া দিবার চেষ্টা করিতে লাগিল। এনট্রান্স ফেলের জুড়ি চৌঘড়ি বি. এ. পাসের একঘোড়ার গাড়িকে অনায়াসে ছাড়াইয়া যাইতে লাগিল; বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি ওয়েলার ঘোড়ার সহিত সমান চালে চলিতে পারিল না।

এ দিকে নলিন এবং নন্দর বিবাহের জন্য পাত্রীর সন্ধান চলিতেছে। নলিনের প্রতিজ্ঞা, সে এমন কন্যা বিবাহ করিবে যাহার উপমা মেলা ভার, তাহার জুড়ি এবং তাহার স্ত্রীর কাছে নন্দকে হার মানিতেই হইবে।

সবচেয়ে ভালোর জন্য যাহার আকাঙ্ক্ষা, অনেক ভালো তাহাকে পরিত্যাগ করিতে হয়। কাছাকাছি কোনো মেয়াকেই নলিন পছন্দ করিয়া খতম করিতে সাহস করিল না; পাছে আরো ভালো তাহাকে ফাঁকি দিয়া আর কাহারও ভাগ্যে জোটে।

অবশেষে খবর পাওয়া গেল, রাওলপিণ্ডিতে এক প্রবাসী বাঙালির এক পরমাসুন্দরী মেয়ে আছে। কাছের সুন্দরীর চেয়ে দূরের সুন্দরীকে বেশি লোভনীয় বলিয়া মনে হয়। নলিন মাতিয়া উঠিল, খরচপত্র দিয়া কন্যাকে কলিকাতায় আনানো হইল। কন্যাটি সুন্দরী বটে। নলিন কহিল, “যিনি যাই করুন, ফস করিয়া রাওলপিণ্ডি ছাড়াইয়া যাইবেন এমন সাধ্য কাহারও নাই। অস্তুত এ কথা কেহ বলিতে পারিবেন না যে, এ মেয়ে তো আমরা পূর্বেই দেখিয়াছিলাম, পছন্দ হয় নাই বলিয়া সম্বন্ধ করি নাই।”

কথাবার্তা তো প্রায় একপ্রকার স্থির, পানপত্রের আয়োজন হইতেছে, এমন সময় একদিন প্রাতে দেখা গেল, ননীগোপালের বাড়ি হইতে বিচিত্র খালার উপর বিবিধ উপটোকন লইয়া দাসীচাকরের দল সার বাধিয়া চলিয়াছে।

নলিন কহিল, “দেখে এসো তো হে, ব্যাপারখানা কী।”

খবর আসিল, নন্দর ভাবী বধূর জন্য পানপত্র যাইতেছে।

নলিন তৎক্ষণাৎ গুড়গুড়ি টানা বন্ধ করিয়া সচকিত হইয়া উঠিয়া বসিল; বলিল, “খবর নিতে হচ্ছে তো।”

তৎক্ষণাৎ গাড়ি ভাড়া করিয়া ছড় ছড় শব্দে দূত ছুটিল। বিপিন হাজরা ফিরিয়া আসিয়া কহিল, “কলকাতার মেয়ে, কিন্তু খাসা মেয়ে।”

নলিনের বুক দমিয়া গেল, কহিল, “বল কী হে।”

হাজরা কেবলমাত্র কহিল, “খাসা মেয়ে।”

নলিন বলিল, “এ তো দেখতে হচ্ছে।”

পারিষদ বলিল, “সে আর শক্তটা কী!” বলিয়া তর্জনী ও অঙ্গুষ্ঠে একটা কাল্পনিক টাকা বাজাইয়া দিল।

সুযোগ করিয়া নলিন মেয়ে দেখিল। যতই মনে হইল, এ মেয়ে নন্দর জন্য একেবারে স্থির হইয়া গেছে ততই বোধ হইতে লাগিল, মেয়েটি রাওলপিণ্ডির চেয়ে ভালো দেখিতে। দ্বিধাপীড়িত হইয়া নলিন পারিষদকে জিজ্ঞাসা করিল, “কেমন ঠেকছে হে।”

হাজরা কহিল, “আজ্ঞে, আমাদের চোখে তো ভালোই ঠেকছে!”

নলিন কহিল, “সে ভালো কি এ ভালো।”

হাজরা বলিল, “এ-ই ভালো।”

তখন নলিনের বোধ হইল, ইহার চোখের পলক তাহার চেয়ে আরো একটু যেন ঘন; তাহার রঙটা

ইহার চেয়ে একটু যেন বেশি ফ্যাকাশে, ইহার গৌরবর্ণে একটু যেন হলদে আভায় সোনা মিশাইয়াছে। ইহাকে তো হাতছাড়া করা যায় না।

নলিন বিমর্ষভাবে চিত হইয়া গুড়গুড়ি টানিতে টানিতে কহিল, “ওহে হাজরা, কী করা যায় বলো তো।”

হাজরা বলিল, “মহারাজ, শক্তটা কী।” বলিয়া পুনশ্চ অঙ্গুষ্ঠে তর্জনীতে কাল্পনিক টাকা বাজাইয়া দিল।

টাকাটা যখন সত্যি সত্যি বাজিয়া উঠিল তখন যথোচিত ফল হইতে বিলম্ব হইল না। কন্যার পিতা একটা অকারণ ছুতা করিয়া বরের পিতার সহিত তুমুল ঝগড়া বাধাইলেন। বরের পিতা বলিলেন, “তোমার কন্যার সহিত আমার পুত্রের যদি বিবাহ দিই তবে—” ইত্যাদি ইত্যাদি।

কন্যার পিতা আরো একগুণ অধিক করিয়া বলিলেন, “তোমার পুত্রের সহিত আমার কন্যার যদি বিবাহ দিই তবে” ইত্যাদি ইত্যাদি।

অতঃপর আর বিলম্ব মাত্র না করিয়া নলিন নন্দকে ফাঁকি দিয়া শুভলগ্নে শুভবিবাহ সত্বর সম্পন্ন করিয়া ফেলিল। এবং হাসিতে হাসিতে হাজরাকে বলিল, “বি. এ. পাস করা তো একেই বলে। কী বলো হে হাজরা। এবারে আমাদের ও বাড়ির বড়োবাবু ফেল।”

অনতিকাল পরেই ননীগোপালের বাড়িতে একদিন ঢাক ঢোল সানাই বাজিয়া উঠিল। নন্দর গায়ে হলুদ।

নলিন কহিল, “ওহে হাজরা, খবর লও তো পাত্ৰীটি কে।”

হাজরা আসিয়া খবর দিল, পাত্ৰীটি সেই রাওলপিণ্ডির মেয়ে।

রাওলপিণ্ডির মেয়ে : হাঃ হাঃ হাঃ। নলিন অত্যন্ত হাসিতে লাগিল। ও বাড়ির বড়োবাবু আর কন্যা পাইলেন না, আমাদেরই পরিত্যক্ত পাত্ৰীটিকে বিবাহ করিতেছেন। হাজরাও বিস্তর হাসিল।

কিন্তু, উত্তরোত্তর নলিনের হাসির আর জোর রহিল না। তাহার হাসির মধ্যে কীট প্রবেশ করিল। একটি ক্ষুদ্র সংশয় তীক্ষ্ণ স্বরে কানে কানে বলিতে লাগিল, ‘আহা, হাতছাড়া হইয়া গেল। শেষকালে নন্দর কপালে জুটিল।’ ক্ষুদ্র সংশয় ক্রমশই রক্তক্ষীত জোকের মতো বড়ো হইয়া উঠিল, তাহার কণ্ঠস্বরও মোটা হইল। সে বলিল, ‘এখন আর কোনোমতেই ইহাকে পাওয়া যাইবে না, কিন্তু আসলে ইহাকেই দেখিতে ভালো। ভারি ঠকিয়াছ।’

অস্তঃপুরে নলিন যখন খাইতে গেল তখন তাহার স্ত্রীর ছোটোখাটো সমস্ত খুঁত মস্ত হইয়া তাহাকে উপহাস করিতে লাগিল। মনে হইতে লাগিল, স্ত্রীটা তাহাকে ভয়ানক ঠকাইয়াছে।

রাওলপিণ্ডিতে যখন সম্বন্ধ হইতেছিল, তখন নলিন সেই কন্যার যে ফোটা পাইয়াছিল, সেইখানি বাহির করিয়া দেখিতে লাগিল। “বাহবা, অপকৃপ রূপমাধুরী। এমন লক্ষ্মীকে হাতে পাইয়া ঠেলিয়াছি, আমি এত বড়ো গাধা।”

বিবাহসম্বন্ধে আলো জ্বলাইয়া বাজনা বাজাইয়া জুড়িতে চড়িয়া বর বাহির হইল। নলিন শুইয়া পড়িয়া গুড়গুড়ি হইতে যৎসামান্য সাস্বনা আকর্ষণের নিষ্ফল চেষ্টা করিতেছে এমন সময় হাজরা প্রসন্নবদনে হাসিতে হাসিতে আসিয়া নন্দকে লক্ষ্য করিয়া পরিহাস জমাইবার উপক্রম করিল।

নলিন হাঁকিল, “দরোয়ান !”

হাজরা তটস্থ হইয়া দরোয়ানকে ডাকিয়া দিল।

বাবু হাজরাকে দেখাইয়া দিয়া কহিল, “অবহি ইন্স্কা কান পকড়কে বাহার নিকাল দো।”

শুভদৃষ্টি

কান্তিচন্দ্রের বয়স অল্প, তথাপি ত্রীবিয়োগের পর দ্বিতীয় ত্রীর অনুসন্ধানের ক্ষান্ত থাকিয়া পশুপক্ষী-শিকারেই মনোনিবেশ করিয়াছেন। দীর্ঘ কৃশ কঠিন লঘু শরীর, তীক্ষ্ণ দৃষ্টি, অব্যর্থ লক্ষ্য, সাজসজ্জায় পশ্চিমদেশীর মতো; সঙ্গে সঙ্গে কুস্তিগির হীরা সিং, ছক্কনলাল, এবং গাইয়ে বাজিয়ে খাসাহেব, মিঞাসাহেব অনেক ফিরিয়া থাকে; অকর্মণ্য অনুচর-পরিচরেরও অভাব নাই।

দুই-চারিজন শিকারী বন্ধুবান্ধব লইয়া অস্থানের মাঝামাঝি কান্তিচন্দ্র নৈদিঘির বিলের ধারে শিকার করিতে গিয়াছেন। নদীতে দুইটি বড়ো বোটে তাহাদের বাস, আরো গোটা-তিনচার নৌকায় চাকরবাকরের দল গ্রামের ঘাট ঘিরিয়া বসিয়া আছে। গ্রামবধূদের জল তোলা, স্নান করা প্রায় বন্ধ। সমস্ত দিন বন্দুকের আওয়াজে জলস্থল কম্পমান, সন্ধ্যাবেলায় ওস্তাদি গলায় তানকর্তবে পল্লীর নিদ্রাতন্ত্রা তিরোহিত।

একদিন সকালে কান্তিচন্দ্র বোটে বসিয়া বন্দুকের চোঙ সযত্নে স্বহস্তে পরিষ্কার করিতেছেন, এমন সময় অনতিদূরে হাঁসের ডাক শুনিয়া চাহিয়া দেখিলেন, একটি বালিকা দুই হাতে দুইটি তরুণ হাঁস বক্ষে চাপিয়া ধরিয়া ঘাটে আনিয়াছে। নদীটি ছোটো, প্রায় স্রোতহীন, নানাজাতীয় শৈবালে ভরা। বালিকা হাঁস দুইটিকে জলে ছাড়িয়া দিয়া একেবারে আয়ত্তের বাহিরে না যায় এইভাবে ত্রস্তসতর্ক স্নেহে তাহাদের আগলাইবার চেষ্টা করিতেছে। এটুকু বুঝা গেল, অন্য দিন সে তাহার হাঁস জলে ছাড়িয়া দিয়া চলিয়া যাইত, কিন্তু সম্প্রতি শিকারীর ভয়ে নিশ্চিন্ত চিন্তে রাখিয়া যাইতে পারিতেছে না।

মেয়েটির সৌন্দর্য নিরতিশয় নবীন, যেন বিশ্বকর্মা তাহাকে সদ্য নির্মাণ করিয়া ছাড়িয়া দিয়াছেন। বয়স ঠিক করা শক্ত। শরীরটি বিকশিত কিন্তু মুখটি এমন কাঁচা যে, সংসার কোথাও যেন তাহাকে লেশমাত্র স্পর্শ করে নাই। সে যে যৌবনে পা ফেলিয়াছে এখনো নিজের কাছে সে খবরটি তাহার পৌছে নাই।

কান্তিচন্দ্র ক্ষণকালের জন্য বন্দুক সাফ করায় টিল দিলেন। তাহার চমক লাগিয়া গেল। এমন জায়গায় এমন মুখ দেখিবেন বলিয়া কখনো আশা করেন নাই। অথচ, রাজার অন্তঃপুরের চেয়ে এই জায়গাতেই এই মুখখানি মানাইয়াছিল। সোনার ফুলদানির চেয়ে গাছেই ফুলকে সাজে। সেদিন শরতের শিশিরে এবং প্রভাতের রৌদ্রে নদীতীরের বিকশিত কাশবনটি ঝলমল করিতেছিল, তাহারই মধ্যে সেই সরল নবীন মুখখানি কান্তিচন্দ্রের মুক্ত চক্ষে আশ্বিনের আসন্ন আগমনীর একটি আনন্দচ্ছবি আঁকিয়া দিল। মন্দাকিনীতীরে তরুণ পার্বতী কখনো কখনো এমন হংসশিশু বক্ষে লইয়া আসিতেন, কালিদাস সে কথা লিখিতে ভুলিয়াছেন।

এমন সময় হঠাৎ মেয়েটি ভীতব্রস্ত হইয়া কাঁদো-কাঁদো মুখে তাড়াতাড়ি হাঁস-দুটিকে বুকে তুলিয়া লইয়া অব্যক্ত আর্তস্বরে ঘাট ত্যাগ করিয়া চলিল। কান্তিচন্দ্র কারণসন্ধানের বাহিরে আসিয়া দেখিলেন, তাহার একটি রসিক পারিষদ কৌতুক করিয়া বালিকাকে ভয় দেখাইবার জন্য হাঁসের দিকে ফাঁকা বন্দুক লক্ষ্য করিতেছে। কান্তিচন্দ্র পশ্চাৎ হইতে বন্দুক কাড়িয়া লইয়া হঠাৎ তাহার গালে সশব্দে প্রকাণ্ড একটি চপেটাঘাত করিলেন, অকস্মাৎ রসভঙ্গ হইয়া লোকটা সেইখানে ধপ্ করিয়া বসিয়া পড়িল। কান্তি পুনরায় কামরায় আসিয়া বন্দুক সাফ করিতে লাগিলেন।

সেইদিন বেলা প্রহর-তিনেকের সময় গ্রামপথের ঘনচ্ছায়ার মধ্য দিয়া শিকারীর দল শস্যক্ষেত্রের দিকে চলিয়াছিল। তাহাদের মধ্যে একজন বন্দুকের আওয়াজ করিয়া দিল। কিছু দূরে বাঁশঝাড়ের উপর হইতে কী একটা পাখি আহত হইয়া ঘুরিতে ঘুরিতে ভিতরের দিকে পড়িয়া গেল।

কৌতূহলী কান্তিচন্দ্র পাখির সন্ধানের ঝোপঝাড় ভেদ করিয়া ভিতরে গিয়া দেখিলেন, একটি সচ্ছল গৃহস্থঘর, প্রান্তণে সারি সারি ধানের গোলা। পরিচ্ছন্ন বৃহৎ গোয়ালঘরের কুলগাছতলায় বসিয়া সকালবেলাকার সেই মেয়েটি একটি আহত ঘুঘু বুদ্ধের কাছে তুলিয়া উচ্ছ্বসিত হইয়া কাঁদিতেছে এবং গামলার জলে অঞ্চল ভিজাইয়া পাখির চঞ্চুপুটের মধ্যে জল নিংড়াইয়া দিতেছে। পোষা বিড়ালটা

তাহার কোলের উপর দুই পা তুলিয়া উর্ধ্বমুখে ঘুঘুটির প্রতি উৎসুক দৃষ্টিপাত করিতেছে ; বালিকা মধো মধো তাহার নাসিকাগ্রভাগে তর্জনী-আঘাত করিয়া লুক্ক জন্তুর অতিরিক্ত আগ্রহ দমন করিয়া দিতেছে ।

পল্লীর নিস্তরক মধ্যাহ্নে একটি গৃহস্থপ্রাক্কণের সচ্ছল শান্তির মধ্যে এই করুণচ্ছবি এক মুহূর্তেই কান্তিচন্দ্রের হৃদয়ের মধ্যে আঁকা হইয়া গেল । বিরলপল্লব গাছটির ছায়া ও রৌদ্র বালিকার ক্রোড়ের উপর আসিয়া পড়িয়াছে ; অদূরে আহারপরিভূক্ত পরিপুষ্ট গাভী আলসো মাটিতে বসিয়া শৃঙ্গ ও পুচ্ছ-আন্দোলনে পিঠের মাছি তাড়াইতেছে ; মাঝে মাঝে ঝাশের ঝাড়ে ফিস্ ফিস্ কথার মতো নূতন উত্তরবাতাসের খস্ খস্ শব্দ উঠিতেছে । সেদিন প্রভাতে নদীতীরে বনের মধ্যে যাহাকে বনশ্রীর মতো দেখিতে হইয়াছিল, আজ মধ্যাহ্নে নিস্তরক গোষ্ঠপ্রাক্কণচ্ছায়ায় তাহাকে স্নেহবিগলিত গৃহলক্ষ্মীটির মতো দেখিতে হইল ।

কান্তিচন্দ্র বন্দুক-হস্তে হঠাৎ এই ব্যথিত বালিকার সম্মুখে আসিয়া অত্যন্ত কুণ্ঠিত হইয়া পড়িলেন । মনে হইল, যেন বমালসুদ্ধ চোর ধরা পড়িলাম । পাখিটি যে আমার গুলিতে আহত হয় নাই, কোনোপ্রকারে এই কৈফিয়তটুকু দিতে ইচ্ছা হইল । কেমন করিয়া কথাটা পাড়িবেন ভাবিতেছেন এমন সময় কুটির হইতে কে ডাকিল, “সুধা ।” বালিকা যেন চমকিত হইয়া উঠিল । আবার ডাক পড়িল, “সুধা ।” তখন সে তাড়াতাড়ি পাখিটি লইয়া কুটিরমুখে চলিয়া গেল । কান্তিচন্দ্র ভাবিলেন নামটি উপযুক্ত বটে । সুধা !

কান্তি তখন দলের লোকের হাতে বন্দুক রাখিয়া সদর পথ দিয়া সেই কুটিরের দ্বারে আসিয়া উপস্থিত হইলেন । দেখিলেন, একটি প্রৌঢ়বয়স্ক মুণ্ডিতমুখ শাস্তমূর্তি ব্রাহ্মণ দাওয়ায় বসিয়া হরিভক্তিবিলাস পাঠ করিতেছেন । ভক্তিমণ্ডিত তাহার মুখের সুগভীর স্নিগ্ধ প্রশান্ত ভাবের সহিত কান্তিচন্দ্র সেই বালিকার দয়ার্দ্র মুখের সাদৃশ্য অনুভব করিলেন ।

কান্তি তাহাকে নমস্কার করিয়া কহিলেন, “তৃষ্ণা পাইয়াছে ঠাকুর, এক ঘটি জল পাইতে পারি কি ।”

ব্রাহ্মণ তাড়াতাড়ি তাহাকে অভ্যর্থনা করিয়া বসাইলেন এবং ভিতর হইতে পিতলের রেকাবিতে কয়েকটি বাতাসা ও কাঁসার ঘটিতে জল লইয়া স্বহস্তে অতিথির সম্মুখে রাখিলেন ।

কান্তি জল খাইলে পর ব্রাহ্মণ তাহার পরিচয় লইলেন । কান্তি পরিচয় দিয়া কহিলেন, “ঠাকুর, আপনার যদি কোনো উপকার করিতে পারি তো কৃতার্থ হই ।”

নবীন ঝাড়ুজো কহিলেন, “বাবা, আমার আর কী উপকার করিবে । তবে সুধা বলিয়া আমার একটি কন্যা আছে, তাহার বয়স হইতে চলিল, তাহাকে একটি সংপাত্রে দান করিতে পারিলেই সংসারের ঋণ হইতে মুক্তিলাভ করি । কাছে কোথাও ভালো ছেলে দেখি না, দূরে সন্ধান করিবার মতো সামর্থ্যও নাই ; ঘরে গোপীনাথের বিগ্রহ আছে, তাহাকে ফেলিয়া কোথাও যাই নাই ।”

কান্তি কহিলেন, “আপনি নৌকায় আমার সহিত সাক্ষাৎ করিলে পাত্র সম্বন্ধে আলোচনা করিব ।”

এ দিকে কান্তির প্রেরিত চরগণ বন্দোপাধ্যায়ের কন্যা সুধার কথা যাহাকেই জিজ্ঞাসা করিল সকলেই একবাক্যে কহিল, এমন লক্ষ্মীস্বভাবা কন্যা আর হয় না ।

পরদিন নবীন বোটে উপস্থিত হইলে কান্তি তাহাকে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিলেন এবং জানাইলেন, তিনিই ব্রাহ্মণের কন্যাকে বিবাহ করিতে ইচ্ছুক আছেন । ব্রাহ্মণ এই অভাবনীয় সৌভাগ্যে রুদ্ধকণ্ঠে কিছুক্ষণ কথাই কহিতে পারিলেন না । মনে করিলেন, কিছু একটা ভ্রম হইয়াছে । কহিলেন, “আমার কন্যাকে তুমি বিবাহ করিবে ?”

কান্তি কহিলেন, “আপনার যদি সম্মতি থাকে, আমি প্রস্তুত আছি ।”

নবীন আবার জিজ্ঞাসা করিলেন, “সুধাকে ?”— উত্তরে শুনিলেন, “হা ।”

নবীন স্থিরভাবে কহিলেন, “তা দেখাশোনা—”

কান্তি যেন দেখেন নাই, ভান করিয়া কহিলেন, “সেই একেবারে শুভদৃষ্টির সময় ।”

নবীন গদগদকণ্ঠে কহিলেন, “আমার সুধা বড়ো সুশীলা মেয়ে, ঝাধাবাড়া ঘরকন্নার কাজে

অধিতীয় । তুমি যেমন না দেখিয়াই তাহাকে বিবাহ করিতে প্রস্তুত হইয়াছ তেমনি আশীর্বাদ করি, আমার সুখা পতিব্রতা সতীলক্ষ্মী হইয়া চিরকাল তোমার মঙ্গল করুক । কখনো মুহূর্তের জন্য তোমার পরিতাপের কারণ না ঘটুক ।”

কান্তি আর বিলম্ব করিতে চাহিলেন না, মাঘ মাসেই বিবাহ স্থির হইয়া গেল ।

পাড়ার মজুমদারদের পুরাতন কোঠাবাড়িতে বিবাহের স্থান নির্দিষ্ট হইয়াছে । বর হাতি চড়িয়া মশাল জ্বলাইয়া বাজনা বাজাইয়া যথাসময়ে আসিয়া উপস্থিত ।

শুভদৃষ্টির সময় বর কন্যার মুখের দিকে চাহিলেন । নতশির টোপর-পরা চন্দনচর্চিত সুধাকে ভালো করিয়া যেন দেখিতে পাইলেন না । উদ্বেলিত হৃদয়ের আনন্দে চোখে যেন ধাধা লাগিল ।

বাসরঘরে পাড়ার সরকারি ঠানদিদি যখন বরকে দিয়া জোর করিয়া মেয়ের ঘোমটা খোলাইয়া দিলেন তখন কান্তি হঠাৎ চমকিয়া উঠিলেন ।

এ তো সেই মেয়ে নয় । হঠাৎ বৃকের কাছ হইতে একটা কালো বস্তু উঠিয়া তাঁহার মস্তিষ্কে যেন আঘাত করিল, মুহূর্তে বাসরঘরের সমস্ত প্রদীপ যেন অন্ধকার হইয়া গেল এবং সেই অন্ধকারপ্লাবনে নববধূর মুখখানিকেও যেন কালিমালিপ্ত করিয়া দিল ।

কান্তিচন্দ্র দ্বিতীয়বার বিবাহ করিবেন না বলিয়া মনে মনে প্রতিজ্ঞা করিয়াছিলেন ; সেই প্রতিজ্ঞা কি এমনি একটা অদ্ভুত পরিহাসে অদৃষ্ট তুড়ি দিয়া ভাঙিয়া দিল ! কত ভালো ভালো বিবাহের প্রস্তাব অগ্রাহ্য করিয়াছেন, কত আত্মীয়-বন্ধুবান্ধবদের সানুনয় অনুরোধ অবহেলা করিয়াছেন ; উচ্চকুটুম্বিতার আকর্ষণ, অর্থের প্রলোভন, রূপখ্যাতির মোহ সমস্ত কাটাইয়া অবশেষে কোন্-এক অজ্ঞাত পত্নীগ্রামে বিলের ধারে এক অজ্ঞাত দরিদ্রের ঘরে এতবড়ো বিড়ম্বনা, লোকের কাছে মুখ দেখাইবেন কী করিয়া ।

শ্বশুরের উপরে প্রথমটা রাগ হইল । প্রতারক এক মেয়ে দেখাইয়া আর-এক মেয়ের সহিত আমার বিবাহ দিল । কিন্তু ভাবিয়া দেখিলেন, নবীন তো তাঁহাকে বিবাহের পূর্বে কন্যা দেখাইতে চান নাই এমন নয়, তিনি নিজেই দেখিতে অসম্মত হইয়াছিলেন । বৃদ্ধির দোষে যে এতবড়ো ঠকাটা ঠকিয়াছেন সে লজ্জার কথাটা কাহারও কাছে প্রকাশ না করাই শ্রেয়ঃ বিবেচনা করিলেন ।

ঐশ্বয় যেন গিলিলেন কিন্তু মুখের তারটা বিগড়াইয়া গেল । বাসরঘরের ঠাট্টা আমোদ কিছুই তাঁহার কাছে রুচিল না । নিজের এবং সর্বসাধারণের প্রতি রাগে তাঁহার সর্বাত্ম জ্বলিতে লাগিল ।

এমন সময় হঠাৎ তাঁহার পার্শ্ববর্তিনী বধু অব্যক্ত ভীত স্বরে চমকিয়া উঠিল । সহসা তাহার কোলের কাছ দিয়া একটা খরগোশের বাচ্ছা ছুটিয়া গেল । পরক্ষণেই সেদিনকার সেই মেয়েটি শশকশিশুর অনুসরণপূর্বক তাহাকে ধরিয়া গালের কাছে রাখিয়া একান্ত স্নেহে আদর করিতে লাগিল । “ঐ রে, পাগলি আসিয়াছে” বলিয়া সকলে তাহাকে চলিয়া যাইতে ইঙ্গিত করিল । সে ভ্রূক্ষেপমাত্র না করিয়া ঠিক বরকন্যার সম্মুখে বসিয়া শিশুর মতো কৌতূহলে কী হইতেছে দেখিতে লাগিল । বাড়ির কোনো দাসী তাহার হাত ধরিয়া টানিয়া লইবার চেষ্টা করিলে বর ব্যস্ত হইয়া কহিলেন, “আহা, থাক-না, বসুক ।”

মেয়েটিকে জিজ্ঞাসা করিলেন, “তোমার নাম কী ।”

সে উত্তর না দিয়া দুলিতে লাগিল । ঘরসূদ্ধ রমণী হাসিয়া উঠিল ।

কান্তি আবার জিজ্ঞাসা করিলেন, “তোমার হাঁস-দুটি কত বড়ো হইল ।”

অসংকোচে মেয়েটি নীরবে তাঁহার মুখের দিকে চাহিয়া দেখিতে লাগিল ।

হতবুদ্ধি কান্তি সাহসপূর্বক আবার জিজ্ঞাসা করিলেন, “তোমার সেই ঘুঘু আরাম হইয়াছে তো ?” কোনো ফল পাইলেন না । মেয়েরা এমনভাবে হাসিতে লাগিল যেন বর ভারি ঠকিয়াছেন ।

অবশেষে প্রশ্ন করিয়া খবর পাইলেন, মেয়েটি কালো এবং বোবা, পাড়ার যত পশুপক্ষীর প্রিয়সঙ্গিনী । সেদিন সে যে সুখা ডাক শুনিয়া উঠিয়া ঘরে গিয়াছিল সে তাঁহার অনুমান মাত্র, তাহার আর-কোনো কারণ ছিল ।

কান্তি তখন মনে মনে চমকিয়া উঠিলেন । যাহা হইতে বঞ্চিত হইয়া পৃথিবীতে তাঁহার কোনো সুখ

ছিল না, শুভদৈবক্রমে তাহার নিকট হইতে পরিভ্রাণ পাইয়া নিজেকে ধন্য জ্ঞান করিলেন। মনে করিলেন, যদি এই মেয়েটির বাপের কাছে যাইতাম এবং সে ব্যক্তি আমার প্রার্থনা-অনুসারে কন্যাটিকে কোনোমতে আমার হাতে সমর্পণ করিয়া নিষ্কলিত লাভের চেষ্টা করিত !

যতক্ষণ আয়ুস্ক্যত এই মেয়েটির মোহ তাহার মনটিকে আলোড়িত করিতেছিল ততক্ষণ নিজের বধূটি সম্বন্ধে একেবারে অন্ধ হইয়া ছিলেন। নিকটেই আর কোথাও কিছু সাহসনার কারণ ছিল কি না তাহা অনুসন্ধান করিয়া দেখিবার প্রবৃত্তিও ছিল না। যেই শুনিলেন মেয়েটি বোবা ও কালা অমনি সমস্ত জগতের উপর হইতে একটা কালো পর্দা ছিন্ন হইয়া পড়িয়া গেল। দূরের আশা দূর হইয়া নিকটের জিনিসগুলি প্রত্যক্ষ হইয়া উঠিল। সুগভীর পরিভ্রাণের নিশ্বাস ফেলিয়া কাঙ্ক্ষিত লক্ষ্যাবনত বধূর মুখের দিকে কোনো-এক সুযোগে চাহিয়া দেখিলেন। এতক্ষণে যথার্থ শুভদৃষ্টি হইল। চর্মচক্ষুর অন্তরালবর্তী মনোনেত্রের উপর হইতে সমস্ত বাধা খসিয়া পড়িল। হৃদয় হইতে এবং প্রদীপ হইতে সমস্ত আলোক বিচ্ছুরিত হইয়া একটিমাত্র কোমল সুকুমার মুখের উপরে প্রতিফলিত হইল; কাঙ্ক্ষিত দেখিলেন, একটি স্নিগ্ধ শ্রী, একটি শাস্ত লাবণ্যে মুখখানি মণ্ডিত। বুঝিলেন, নবীনের আশীর্বাদ সার্থক হইবে।

আশ্বিন ১৩০৭

যজ্ঞেশ্বরের যজ্ঞ

এক সময় যজ্ঞেশ্বরের অবস্থা ভালোই ছিল। এখন প্রাচীন ভাঙা কোঠা বাড়িটাকে সাপ-ব্যাঙ-বাদুড়ের হস্তে সমর্পণ করিয়া খোড়ো ঘরে ভগবদ্গীতা লইয়া কালযাপন করিতেছেন।

এগারো বৎসর পূর্বে তাহার মেয়েটি যখন জন্মিয়াছিল তখন বংশের সৌভাগ্যশালী কৃষ্ণপক্ষের শেষকলায় আসিয়া ঠেকিয়াছে। সেইজন্য সাধ করিয়া মেয়ের নাম রাখিয়াছিলেন কমলা। ভাবিয়াছিলেন, যদি এই কৌশলে ফাঁকি দিয়া চঞ্চলা লক্ষ্মীকে কন্যাকাপে ঘরে ধরিয়া রাখিতে পারেন। লক্ষ্মী সে ফন্দিতে ধরা দিলেন না, কিন্তু মেয়েটির মুখে নিজের শ্রী রাখিয়া গেলেন। বড়ো সুন্দরী মেয়ে।

মেয়েটির বিবাহ সম্বন্ধে যজ্ঞেশ্বরের যে খুব উচ্চ আশা ছিল তাহা নহে। কাছাকাছি যে-কোনো একটি সংপাত্রে বিবাহ দিতে তিনি প্রস্তুত ছিলেন। কিন্তু তাহার জ্যাঠাইমা তাহার বড়ো আদরের কমলাকে বড়ো ঘর না হইলে দিবেন না, পণ করিয়া বসিয়া আছেন। তাহার নিজের হাতে অল্প কিছু সংগতি ছিল, ভালো পাত্র পাইলে তাহা বাহির করিয়া দিবেন, স্থির করিয়াছেন।

অবশেষে জ্যাঠাইমার উত্তেজনায় শাস্ত্রাধ্যয়নগুঞ্জিত শাস্ত্র পত্নীগৃহ ছাড়িয়া যজ্ঞেশ্বরের পাত্র-সন্ধান বাহির হইলেন। রাজশাহিতে তাহার এক আশ্রয়ী উকিলের বাড়িতে গিয়া আশ্রয় লইলেন।

এই উকিলের মক্কেল ছিলেন জমিদার গৌরসুন্দর চৌধুরী। তাহার একমাত্র পুত্র বিদূতিভূষণ এই উকিলের অভিভাবকতায় কলেজে পড়াশুনা করিত। ছেলোট কখন যে মেয়েটিকে আসিয়া দেখিয়াছিল তাহা ভগবান প্রজাপতিই জানিতেন।

কিন্তু প্রজাপতির চক্রান্ত যজ্ঞেশ্বরের বুঝিবার সাধ্য ছিল না। তাই বিদূতি সম্বন্ধে তাহার মনে কোনোপ্রকার দুরাশা স্থান পায় নাই। নিরীহ যজ্ঞেশ্বরের অল্প আশা, অল্প সাহস; বিদূতির মতো ছেলে যে তাহার জামাই হইতে পারে এ তাহার সম্ভব বলিয়া বোধ হইল না।

উকিলের যত্নে একটি চলনসই পাত্রের সন্ধান পাওয়া গেছে। তাহার বুদ্ধিগুণ না থাক, বিবয়-আশয় আছে। পাস একটিও দেয় নাই বটে কিন্তু কালেক্টরিতে ৩,২৭৫ টাকা খাজনা দিয়া থাকে।

পাত্রের দল একদিন আসিয়া মেয়েটিকে পছন্দ করিয়া কীরের ছাঁচ, নারিকেলের মিষ্টান্ন ও নাটোরের কাচাগোলা খাইয়া গেল। বিড়তি তাহার অনতিকাল পরে আসিয়া খবর শুনিলেন। যজ্ঞেশ্বর মনের আনন্দে তাঁহাকেও কাচাগোলা খাওয়াইতে উদ্যত হইলেন। কিন্তু কুখার অত্যন্ত অভাব জানাইয়া বিড়তি কিছু খাইল না। কাহারও সহিত ভালো করিয়া কথাই কহিল না, বাড়ি চলিয়া গেল।

সেইদিনই সন্ধ্যাবেলায় উকিলবাবু বিড়তির কাছ হইতে এক পত্র পাইলেন। মর্মটা এই, যজ্ঞেশ্বরের কন্যাকে তাহার বড়ো পছন্দ এবং তাহাকে সে বিবাহ করিতে উৎসুক।

উকিল ডাবিলেন, 'এ তো বিষম মুশকিলে পড়িলাম। গৌরসুন্দরবাবু ভাবিবেন, আমিই আমার আত্মীয়কন্যার সহিত তাঁহার ছেলের বিবাহের চক্রান্ত করিতেছি।'

অত্যন্ত ব্যস্ত হইয়া তিনি যজ্ঞেশ্বরকে দেশে পাঠাইলেন, এবং পূর্বোক্ত পত্রটির সহিত বিবাহের দিন যথাসম্ভব নিকটবর্তী করিয়া দিলেন। বিড়তিকে ডাকিয়া অভিভাবকমহাশয় পড়াশুনা ছাড়া আর-কোনো দিকে মন দিতে বিশেষ করিয়া নিষেধ করিলেন। শুনিয়া রাগে বিড়তির জেদ চার গুণ বাড়িয়া গেল।

বিবাহের আয়োজন উদ্যোগ চলিতেছে এমন সময় একদিন যজ্ঞেশ্বরের খোড়ো ঘরে বিড়তিভূষণ স্বয়ং আসিয়া উপস্থিত। যজ্ঞেশ্বর ব্যস্ত হইয়া কহিলেন, "এসো বাবা, এসো।" কিন্তু, কোথায় বসাইবেন, কী খাওয়াইবেন, কিছুই ভাবিয়া পাইলেন না। এখানে নাটোরের কাচাগোলা কোথায়!

বিড়তিভূষণ যখন স্নানের পূর্বে রোয়াকে বসিয়া তেল মাখিতেছেন তখন জ্যাঠাইমা তাঁহার রক্তগিরিনিভ গৌর পুট দেহটি দেখিয়া মুগ্ধ হইলেন। যজ্ঞেশ্বরকে ডাকিয়া কহিলেন, "এই ছেলোটিকে সঙ্গে আমাদের কমলার বিবাহ হয় না কি।" ভীক যজ্ঞেশ্বর বিস্ফারিত নেত্রে কহিলেন, "সে কি হয়!"

জ্যাঠাইমা কহিলেন, "কেন হইবে না। চেষ্টা করিলেই হয়।" এই বলিয়া তিনি বাধানপাড়ার গোয়ালাদের ঘর হইতে ভালো ছানা ও কীর আনাইয়া বিবিধ আকার ও আয়তনের মোদক-নির্মাণে প্রবৃত্ত হইলেন।

স্নানহারের পর বিড়তিভূষণ সলজ্জ সসংকোচে নিজের বিবাহের প্রস্তাব উত্থাপন করিলেন। যজ্ঞেশ্বর আনন্দে ব্যাকুল হইয়া জ্যাঠাইমাকে সুসংবাদ দিলেন।

জ্যাঠাইমা শান্ত মুখে কহিলেন, "তা বেশ হয়েছে বাপু, কিন্তু তুমি একটু ঠাণ্ডা হও।" তাঁহার পক্ষে এটা কিছুই আশাতীত হয় নাই। যদি কমলার জন্য এক দিক হইতে কাবুলের আমীর ও অন্য দিক হইতে চীনের সম্রাট তাঁহার দ্বারস্থ হইত তিনি আশ্চর্য হইতেন না।

কীশাশ্বাস যজ্ঞেশ্বর বিড়তিভূষণের হাত ধরিয়া বলিতে লাগিলেন, "দেখো বাবা, আমার সকল দিক যেন নষ্ট না হয়।"

বিবাহের প্রস্তাব পাকা করিয়া বিড়তিভূষণ তাঁহার বাপের কাছে আসিয়া উপস্থিত হইলেন।

গৌরসুন্দর নিজে নিরঙ্কর ছিলেন বলিয়া শিক্ষিত ছেলোটিকে মনে মনে বিশেষ খাতির করিতেন। তাঁহার কোনো আচরণে বা মতে পাছে তাঁহার ছেলের কাছে সুশিক্ষা বা শিষ্টতার অভাব ধরা পড়ে এই সংকোচ তিনি দূর করিতে পারিতেন না। তাঁহার একমাত্র প্রাণাধিক পুত্র যেন বাপকে মনে মনে ধিক্কার না দেয়, যেন অশিক্ষিত বাপের জন্য তাহাকে লজ্জিত না হইতে হয়; এ চেষ্টা তাঁহার সর্বদা ছিল। কিন্তু তবু যখন শুনিলেন, বিড়তি দরিদ্রকন্যাকে বিবাহ করিতে উদ্যত, তখন প্রথমটা রাগ প্রকাশ করিয়া উঠিলেন। বিড়তি নতশিরে চূপ করিয়া রহিল। তখন গৌরসুন্দর কিঞ্চিৎ শান্ত হইয়া নিজেকে সংশোধন করিয়া লইয়া কহিলেন, "আমি কি পনের লোভে তোমাকে বিবাহ করিতে বলিতেছি। তা মনে করিয়ো না। নিজের ছেলেকে লইয়া বেহাইয়ের সঙ্গে দরদস্তুর করিতে বসিব, আমি তেমন ছোটো লোক নই। কিন্তু বড়ো ঘরের মেয়ে চাই।"

বিড়তিভূষণ বুঝাইয়া দিলেন, যজ্ঞেশ্বর সম্ভ্রান্তবংশীয়, সম্ভ্রান্তি গরিব হইয়াছেন।

গৌরসুন্দর দায়ে পড়িয়া মত দিলেন কিন্তু মনে মনে যজ্ঞেশ্বরের প্রতি অত্যন্ত রাগ করিলেন।

তখন দুই পক্ষে কথাবার্তা চলিতে লাগিল। আর সব ঠিক হইল কিন্তু বিবাহ হইবে কোথায় তাহা

লইয়া কিছুতেই নিষ্পত্তি হয় না। গৌরসুন্দর এক ছেলের বিবাহে খুব ধুমধাম করিতে চান, কিন্তু বুড়াশিবতলার সেই খোড়ো ঘরে সমস্ত ধুমধাম ব্যর্থ হইয়া যাইবে। তিনি জেদ করিলেন, তাহারই বাড়িতে বিবাহসভা হইবে।

শুনিয়া মাতৃহীনা কন্যার দিদিমা কান্না জুড়িয়া দিলেন। তাহাদেরও তো এক সময় সুদিন ছিল, আজ লক্ষ্মী বিমুখ হইয়াছেন বলিয়া কি সমস্ত সাধ জলাঞ্জলি দিতে হইবে, পিতৃপুরুষের মান বজায় থাকিবে না? সে হইবে না; আমাদের ঘর খোড়ো হউক আর যাই হউক, এইখানেই বিবাহ দিতে হইবে।

নিরীহ-প্রকৃতি যজ্ঞেশ্বর অত্যন্ত দ্বিধায় পড়িয়া গেলেন। অবশেষে বিভূতিভূষণের চেষ্টায় কন্যাগৃহেই বিবাহ স্থির হইল।

ইহাতে গৌরসুন্দর এবং তাহার দলবল কন্যাকর্তার উপর আরো চটিয়া গেলেন। সকলেই স্থির করিলেন, স্পর্ধিত দরিদ্রকে অপদস্থ করিতে হইবে। বরযাত্র যাহা জোড়ানো হইল তাহা পস্টনবিশেষ। এ সম্বন্ধে গৌরসুন্দর ছেলের কোনো পরামর্শ লইলেন না।

বৈশাখ মাসে বিবাহের দিন স্থির হইল। যজ্ঞেশ্বর তাহার স্বল্পবশিষ্ট যথাসর্বস্ব পণ করিয়া আয়োজন করিয়াছে। নূতন আটচালা বাধিয়াছে, পাবনা হইতে ঘি ময়দা চিনি দধি প্রভৃতি আনাইয়াছে। জ্যাঠাইমা তাহার যে গোপন পূজির বলে স্বগৃহেই বিবাহপ্রস্তুতবে জেদ করিয়াছিলেন তাহার প্রায় শেষ পয়সাটি পর্যন্ত বাহির করিয়া দিয়াছেন।

এমন সময় দুর্ভাগার অদৃষ্টক্রমে বিবাহের দুই দিন আগে হইতে প্রচণ্ড দুর্যোগ আরম্ভ হইল। ঝড় যদি-বা ধামে তো বৃষ্টি ধামে না, কিছুক্ষণের জন্য যদি-বা নরম পড়িয়া আসে আবার দ্বিগুণ বেগে আরম্ভ হয়। এমন বর্ষণ বিশ-পঁচিশ বছরের মধ্যে কেহ দেখে নাই।

গৌরসুন্দর পূর্ব হইতেই গুটিকতক হাতি ও পালকি স্টেশনে হাজির রাখিয়াছিলেন। আশপাশের গ্রাম হইতে যজ্ঞেশ্বর ছইওয়ালা গোরুর গাড়ির জোগাড় করিতে লাগিলেন। দুদিনে গাড়োয়ানরা নড়িতে চায় না, হাতে পায়ে ধরিয়া দ্বিগুণ মূল্য কবুল করিয়া যজ্ঞেশ্বর তাহাদের রাজি করিলেন। বরযাত্রের মধ্যে যাহাদিগকে গোরুর গাড়িতে চড়িতে হইল তাহারা চটিয়া আশুন হইল।

গ্রামের পথে জল দাঁড়াইয়া গেছে। হাতির পা বসিয়া বার, গাড়ির চাকা ঠেলিয়া তোলা দায় হইল। তখনো বৃষ্টির বিরাম নাই। বরযাত্রগণ ভিজিয়া কাদা মাখিয়া বিধিবিড়ম্বনার প্রতিশোধ কন্যাকর্তার উপর তুলিবে বলিয়া মনে মনে স্থির করিয়া রাখিল। হতভাগ্য যজ্ঞেশ্বরকে এই অসাময়িক বৃষ্টির জন্য জবাবদিহি করিতে হইবে।

বর সদলবলে কন্যাকর্তার কুটিরে আসিয়া পৌঁছিলেন। অভাবনীয় লোকসমাগম দেখিয়া গৃহস্বামীর বুক দমিয়া গেল। ব্যাকুল যজ্ঞেশ্বর কাহাকে কোথায় বসাইবেন ভাবিয়া পান না, কপালে করাঘাত করিয়া কেবলই বলিতে থাকেন, “বড়ো কষ্ট দিলাম, বড়ো কষ্ট দিলাম।” যে আটচালা বানাইয়াছিলেন, তাহার চারি দিক হইতে জল পড়িতেছে। বৈশাখ মাসে যে এমন আবহাওয়া বহিবে তাহা তিনি স্বপ্নেও আশঙ্কা করেন নাই। গণগ্রামের ভদ্র অভদ্র সমস্ত লোকই যজ্ঞেশ্বরকে সাহায্য করিতে উপস্থিত হইয়াছিল; সংকীর্ণ স্থানকে তাহারা আরো সংকীর্ণ করিয়া তুলিল এবং বৃষ্টির কন্ডোলের উপর তাহাদের কলরব যোগ হইয়া একটা সমুদ্রমহনের মতো গোলমালের উৎপত্তি হইল। পল্লীবৃদ্ধগণ ধনী অতিথিদের সম্মাননার উপযুক্ত উপায় না দেখিয়া বাহাকে-তাহাকে ক্রমাগতই জোড়হস্তে বিনয় করিয়া বেড়াইতে লাগিল।

বরকে যখন অন্তঃপুরে লইয়া গেল তখন ক্রুদ্ধ বরযাত্রীর দল রব তুলিল, তাহাদের ক্রুখা পাইয়াছে, আহার চাই। মুখ পাংশুবর্ণ করিয়া যজ্ঞেশ্বর গলায় কাপড় দিয়া সকলকে বলিলেন, “আমার সাধ্যমত যাহা-কিছু আয়োজন করিয়াছিলাম সব জলে ভাসিয়া গেছে।”

দ্রব্যসামগ্রী কতক পাবনা হইতে পথের মধ্যে কতক বা ভদ্রপ্রায় পাকশালায় গিয়া গুলিয়া উনান নিবিয়া একাকার হইয়া গেছে। সহসা উপযুক্ত পরিমাণ আহার সংগ্রহ করা যাইতে পারে বুড়াশিবতলা এমন গ্রামই নহে।

গৌরসুন্দর যজ্ঞেশ্বরের দুর্গতিতে খুশি হইলেন। কহিলেন, “এতগুলো মানুষকে তো অনাহারে রাখা যায় না, কিছু তো উপায় করিতে হইবে।”

বরযাত্রীগণ খেপিয়া উঠিয়া মহা হাঙ্গামা করিতে লাগিল। কহিল, “আমরা স্টেশনে গিয়া ট্রেন ধরিয়া এখনই বাড়ি ফিরিয়া যাই।”

যজ্ঞেশ্বর হাত জোড় করিয়া কহিলেন, “একেবারে উপবাস নয়। শিবতলার ছানা বিখ্যাত। উপযুক্ত পরিমাণে ছানা কদমা সংগ্রহ আছে। আমার অন্তরের মধ্যে যাহা হইতেছে তাহা অন্তর্বামীই জানেন।”

যজ্ঞেশ্বরের দুর্গতি দেখিয়া বাধানপাড়ার গোয়ালারা বলিয়াছিল, “ভয় কী ঠাকুর, ছানা যিনি বত খাইতে পারেন আমরা জোগাইয়া দিব।” বিদেশের বরযাত্রীগণ না খাইয়া ফিরিলে শিবতলা গ্রামের অপমান; সেই অপমান ঠেকাইবার জন্য গোয়ালারা প্রচুর ছানার বন্দোবস্ত করিয়াছে।

বরযাত্রীগণ পরামর্শ করিয়া জিজ্ঞাসা করিল, “যত আবশ্যিক ছানা জোগাইতে পারিবে তো?”

যজ্ঞেশ্বর কথঞ্চিৎ আশাবিত্ত হইয়া কহিল, “তা পারিব।” “আজ্ঞা তবে আনো” বলিয়া বরযাত্রীগণ বসিয়া গেল। গৌরসুন্দর বসিলেন না, তিনি নীরবে এক প্রান্তে দাঁড়াইয়া কৌতুক দেখিতে লাগিলেন।

আহারস্থানের চারি দিকেই পুঙ্করিণী ভরিয়া উঠিয়া জলে কাদায় একাকার হইয়া গেছে। যজ্ঞেশ্বর যেমন যেমন পাতে ছানা দিয়া যাইতে লাগিলেন তৎক্ষণাৎ বরযাত্রীগণ তাহা কাঁধ ডিঙাইয়া পশ্চাতে কাদার মধ্যে টপ্ টপ্ করিয়া ফেলিয়া দিতে লাগিল।

উপায়বিহীন যজ্ঞেশ্বরের চক্ষু জলে ভাসিয়া গেল। বারংবার সকলের কাছে জোড়হাত করিতে লাগিলেন; কহিলেন, “আমি অতি ক্ষুদ্র ব্যক্তি, আপনাদের নির্যাতনের যোগ্য নই।”

একজন শুদ্ধহাসা হাসিয়া উত্তর করিল, “মেয়ের বাপ তো বটেন, সে অপরাধ যায় কোথায়।” যজ্ঞেশ্বরের স্বগ্রামের বৃদ্ধগণ বার বার থিক্কার করিয়া বলিতে লাগিল, “তোমার যেমন অকস্মাৎ সেইমত ঘরে কন্যাদান করিলেই এ দুর্গতি ঘটিল না।”

এ দিকে অন্তঃপুরে মেয়ের দিদিমা অকল্যাণশঙ্কাসম্বন্ধেও অশ্রু সংকরণ করিতে পারিলেন না। দেখিয়া মেয়ের চোখ দিয়া জল পড়িতে লাগিল। যজ্ঞেশ্বরের জ্যাঠাইমা আসিয়া বিতৃপ্তিকে কহিলেন, “ভাই, অপরাধ যা হইবার তা তো হইয়া গেছে, এখন মাপ করো, আজিকার মতো শুভকর্ম সম্পন্ন হইতে দাও।”

এ দিকে ছানার অন্যায় অপব্যয় দেখিয়া গোয়ালার দল রাগিয়া হাঙ্গামা করিতে উদ্যত। পাছে বরযাত্রীদের সহিত তাহাদের একটা বিবাদ বাধিয়া যায় এই আশঙ্কায় যজ্ঞেশ্বর তাহাদিগকে ঠাণ্ডা করিবার জন্য বহুতর চেষ্টা করিতে লাগিলেন। এমন সময় ভোজনশালায় অসময়ে বর আসিয়া উপস্থিত। বরযাত্রীরা ভাবিল, বর বৃষ্টি রাগ করিয়া অন্তঃপুর হইতে বাহির হইয়া আসিয়াছেন, তাহাদের উৎসাহ বাড়িয়া উঠিল।

বিতৃপ্তি রুদ্ধকণ্ঠে কহিলেন, “বাবা, আমাদের এ কিরকম ব্যবহার।” বলিয়া একটা ছানার থালা বহুতে লইয়া তিনি পরিবেশনে প্রবৃত্ত হইলেন। গোয়ালাদিগকে বলিলেন, “তোমরা পশ্চাৎ দাঁড়াও, কাহারও ছানা যদি থাকে পড়ে তো সেগুলো আবার পাতে তুলিয়া দিতে হইবে।”

গৌরসুন্দরের মুখের দিকে চাহিয়া দুই-একজন উঠিবে কি না ইতস্তত করিতেছিল— বিতৃপ্তি কহিলেন, “বাবা, তুমিও বসিয়া যাও, অনেক রাত হইয়াছে।”

গৌরসুন্দর বসিয়া গেলেন। ছানা যথাস্থানে পৌছিতে লাগিল।

উলুখড়ের বিপদ

বাবুদের নায়েব গিরিশ বসুর অন্তঃপুরে প্যারী বলিয়া একটি নূতন দাসী নিযুক্ত হইয়াছিল। তাহার বয়স অল্প ; চরিত্র ভালো। দূর বিদেশ হইতে আসিয়া কিছুদিন কাজ করার পরেই একদিন সে বৃদ্ধ নায়েবের অনুরাগদৃষ্টি হইতে আশ্রয়ার্থকর জন্য গৃহিণীর নিকট কাঁদিয়া গিয়া পড়িল। গৃহিণী কহিলেন, “বাবা, তুমি অন্য কোথাও যাও ; তুমি ভালোমানুষের মেয়ে, এখানে থাকিলে তোমার সুবিধা হইবে না।” বলিয়া গোপনে কিছু অর্থ দিয়া বিদায় করিয়া দিলেন।

কিন্তু পালানো সহজ ব্যাপার নহে, হাতে পথ-খরচও সামান্য, সেইজন্য প্যারী গ্রামে হরিহর ভট্টাচার্য মহাশয়ের নিকটে গিয়া আশ্রয় লইল। বিবেচক ছেলেরা কহিল, “বাবা, কেন বিপদ ঘরে আনিতেছেন।” হরিহর কহিলেন, “বিপদ স্বয়ং আসিয়া আশ্রয় প্রার্থনা করিলে তাহাকে ফিরাইতে পারি না।”

গিরিশ বসু সাষ্টাঙ্গে প্রণাম করিয়া কহিল, “ভট্টাচার্যমহাশয়, আপনি আমার ঐ ভাঙাইয়া আনিলেন কেন? ঘরে কাজের ভারি অসুবিধা হইতেছে।” ইহার উত্তরে হরিহর দু-চারটে সত্য কথা খুব শক্ত করিয়াই বলিলেন। তিনি মানী লোক ছিলেন, কাহারও খাতিরে কোনো কথা ঘুরাইয়া বলিতে জানিতেন না। নায়েব মনে মনে উকাতপক্ষ পিপীলিকার সহিত তাঁহার তুলনা করিয়া চলিয়া গেল। যাইবার সময় খুব ঘট করািয়া পায়ের ধূলা লইল। দুই-চারি দিনের মধ্যেই ভট্টাচার্যের বাড়িতে পুলিশের সমাগম হইল। গৃহিণীঠাকুরানীর বালিশের নীচে হইতে নায়েবের স্ত্রীর একজোড়া ইয়ারিং বাহির হইল। ঐ প্যারী চোর সাব্যস্ত হইয়া জেলে গেল। ভট্টাচার্যমহাশয় দেশবিখ্যাত প্রতিপত্তির জোরে চোরাই-মাল রক্ষার অভিযোগ হইতে নিষ্কৃতি পাইলেন। নায়েব পুনশ্চ ব্রাহ্মণের পদধূলি লইয়া গেল। ব্রাহ্মণ বুঝিলেন, হতভাগিনীকে তিনি আশ্রয় দেওয়াতেই প্যারীর সর্বনাশ ঘটিল। তাঁহার মনে শেল বিধিয়া রহিল। ছেলেরা কহিল, “জমিজমা বেচিয়া কলিকাতায় যাওয়া যাক, এখানে বড়ো মুশকিল দেখিতেছি।” হরিহর কহিলেন, “পৈতৃক ভিটা ছাড়িতে পারিব না, অদৃষ্টে থাকিলে বিপদ কোথায় না ঘটে।”

ইতিমধ্যে নায়েব গ্রামে অতিমাত্রায় খাজনা বৃদ্ধির চেষ্টা করায় প্রজারা বিদ্রোহী হইল। হরিহরের সমস্ত ব্রাহ্মণের জমা, জমিদারের সঙ্গে কোনো সম্বন্ধ নাই। নায়েব তাহার প্রভুকে জানাইল, হরিহরই প্রজাদিগকে প্রশ্রয় দিয়া বিদ্রোহী করিয়া তুলিয়াছে। জমিদার কহিলেন, “যেমন করিয়া পার ভট্টাচার্যকে শাসন করো।” নায়েব ভট্টাচার্যের পদধূলি লইয়া কহিল, “সামনের ঐ জমিটা পরগনার ভিটার মধ্যে পড়িতেছে ; ওটা তো ছাড়িয়া দিতে হয়।” হরিহর কহিলেন, “সে কী কথা। ও যে আমার বহুকালের ব্রহ্মত্র।” হরিহরের গৃহপ্রাক্ষণের সংলগ্ন পৈতৃক জমি জমিদারের পরগনার অন্তর্গত বলিয়া নালিশ রুজু হইল। হরিহর বলিলেন, “এ জমিটা তো তবে ছাড়িয়া দিতে হয়, আমি তো বৃদ্ধ বয়সে আদালতে সাক্ষী দিতে পারিব না।” ছেলেরা বলিল, “বাড়ির সংলগ্ন জমিটাই যদি ছাড়িয়া দিতে হয় তবে ভিটার টিকিব কী করিয়া।”

প্রাণাধিক পৈতৃক ভিটার মায়ার বৃদ্ধ কম্পিতপদে আদালতের সাক্ষ্যক্ষেত্র গিয়া দাঁড়াইলেন। মুন্সেফ নবগোপালবাবু তাঁহার সাক্ষ্যই প্রামাণ্য করিয়া মকদ্দমা ডিসমিস করিয়া দিলেন। ভট্টাচার্যের খাস প্রজারা ইহা লইয়া গ্রামে ভারি উৎসবসমারোহ আরম্ভ করিয়া দিল। হরিহর তাড়াতাড়ি তাহাদিগকে ধামাইয়া দিলেন। নায়েব আসিয়া পরম আড়ম্বরে ভট্টাচার্যের পদধূলি লইয়া গায়ে মাথায় মাখিল এবং আপিল রুজু করিল। উকিলরা হরিহরের নিকট হইতে টাকা লন না। তাঁহারা ব্রাহ্মণকে বারংবার আশ্বাস দিলেন, এ মকদ্দমায় হারিবার কোনো সম্ভাবনা নাই। দিন কি কখনো রাত হইতে পারে। ওনিয়া হরিহর নিশ্চিন্ত হইয়া ঘরে বসিয়া রহিলেন।

একদিন জমিদারি কাছারিতে ঢাকঢোল বাজিয়া উঠিল, পাঠা কাটিয়া নায়েবের বাসায় কালীপূজা হইবে। ব্যাপারখানা কী। ভট্টাচার্য স্বয়ং পাইলেন, আপিলে তাঁহার হার হইয়াছে।

ভট্টাচার্য মাথা চাপড়াইয়া উকিলকে জিজ্ঞাসা করিলেন, “বসন্তবাবু, . . . রিলেন কী । আমার কী দশা হইবে ।”

দিন যে কেমন করিয়া রাত হইল, বসন্তবাবু তাহার নিগূঢ় বৃত্তান্ত বলিলেন, “সম্প্রতি যিনি নূতন অ্যাডিশনাল জজ হইয়া আসিয়াছেন তিনি মুলেফ থাকা কালে মুলেফ নবগোপালবাবুর সহিত তাহার ভারি খিটিমিটি বাধিয়াছিল । তখন কিছু করিয়া উঠিতে পারেন নাই ; আজ জজের আসনে বসিয়া নবগোপালবাবুর রায় পাইবামাত্র উলটাইয়া দিতেছেন ; আপনি হারিলেন সেইজন্য ।” ব্যাকুল হরিহর কহিলেন, “হাইকোর্টে ইহার কোনো আপিল নাই ?” বসন্ত কহিলেন, “জজবাবু আপিলে ফল পাইবার সম্ভাবনা মাত্র রাখেন নাই । তিনি আপনাদের সাক্ষীকে সন্দেহ করিয়া বিরুদ্ধ পক্ষের সাক্ষীকেই বিশ্বাস করিয়া গিয়াছেন । হাইকোর্টে তো সাক্ষীর বিচার হইবে না ।”

বৃদ্ধ সাক্ষরনেত্র কহিলেন, “তবে আমার উপায় ?”

উকিল কহিলেন, “উপায় কিছুই দেখি না ।”

গিরিশ বসু পরদিন লোকজন সঙ্গে লইয়া ঘটী করিয়া ব্রাহ্মণের পদধূলি লইয়া গেল এবং বিদায়কালে উচ্ছ্বসিত দীর্ঘনিশ্বাসে কহিল, “প্রভু, তোমারই ইচ্ছা ।”

প্রতিবেশিনী

আমার প্রতিবেশিনী বালবিধবা । যেন শরতের শিশিরাক্রম্বত শেফালির মতো বৃন্তচ্যুত ; কোনো বাসরগৃহের ফুলশয্যার জন্য সে নহে, সে কেবল দেবপূজার জন্যই উৎসর্গ-করা ।

তাহাকে আমি মনে মনে পূজা করিতাম । তাহার প্রতি আমার মনের ভাবটা যে কী ছিল পূজা ছাড়া তাহা অন্য কোনো সহজ ভাষায় প্রকাশ করিতে ইচ্ছা করি না— পরের কাছে তো নয়ই, নিজের কাছেও না ।

আমার অন্তরঙ্গ প্রিয়বন্ধু নবীনমাধব, সেও কিছু জানিত না । এইরূপে এই যে আমার গভীরতম আবেগটিকে গোপন করিয়া নির্মল করিয়া রাখিয়াছিলাম, ইহাতে আমি কিছু গর্ব অনুভব করিতাম ।

কিন্তু মনের বেগ পার্বতী নদীর মতো নিজের জন্মশিখরে আবদ্ধ হইয়া থাকিতে চাহে না । কোনো একটা উপায়ে বাহির হইবার চেষ্টা করে । অকৃতকার্য হইলে বন্ধের মধ্যে বেদনার সৃষ্টি করিতে থাকে । তাই ভাবিতেছিলাম, কবিতায় ভাব প্রকাশ করিব । কিন্তু কৃষ্টিতা লেখনী কিছুতেই অগ্রসর হইতে চাহিল না ।

পরমাশ্চর্যের বিষয় এই যে, ঠিক এই সময়েই আমার বন্ধু নবীনমাধবের অকস্মাৎ বিপুল বেগে কবিতা লিখিবার ঝোক আসিল, যেন হঠাৎ ভূমিকম্পের মতো ।

সে বেচারার এরূপ দৈববিপত্তি পূর্বে কখনো হয় নাই, সুতরাং সে এই অভিনব আন্দোলনের জন্য লেশমাত্র প্রস্তুত ছিল না । তাহার হাতের কাছে ছন্দ মিল কিছুরই জোগাড় ছিল না, তবু সে দমিল না দেখিয়া আশ্চর্য হইয়া গেলাম । কবিতা যেন বৃদ্ধ বয়সের দ্বিতীয় পক্ষের স্ত্রীর মতো তাহাকে পাইয়া বসিল । নবীনমাধব ছন্দ মিল সম্বন্ধে সহায়তা ও সংশোধনের জন্য আমার শরণাপন্ন হইল ।

কবিতার বিষয়গুলি নূতন নহে ; অথচ পুরাতনও নহে । অর্থাৎ তাহাকে চিরনূতনও বলা যায়, চিরপুরাতন বলিলেও চলে । প্রেমের কবিতা, প্রিয়তমার প্রতি । আমি তাহাকে একটা ঠেলা দিয়া হাসিয়া জিজ্ঞাসা করিলাম, “কে হে, ইনি কে ।”

নবীন হাসিয়া কহিল, “এখনো সন্ধান পাই নাই ।”

নবীন রচয়িতার সহায়তাকার্যে আমি অত্যন্ত আরাগ্ন পাইলাম । নবীনের কাল্পনিক প্রিয়তমার প্রতি আমার রুদ্ধ আবেগ প্রয়োগ করিলাম । শাবকহীন মুরগি যেমন হাঁসের ডিম পাইলেও বুক পাতিয়া তা

দিতে বসে, হতভাগ্য আমি তেমনি নবীনমাধবের ভাবের উপরে হৃদয়ের সমস্ত উত্তাপ দিয়া চাপিয়া বসিলাম। আনাড়ির লেখা এমনি প্রবল বেগে সংশোধন করিতে লাগিলাম যে, প্রায় পনেরো-আনা আমারই লেখা দাঁড়াইল।

নবীন বিস্মিত হইয়া বলে, “ঠিক এই কথাই আমি বলিতে চাই, কিন্তু বলিতে পারি না। অথচ তোমার এ-সব ভাব জোগায় কোথা হইতে।”

আমি কবির মতো উত্তর করি, “কল্পনা হইতে। কারণ, সত্য নীরব, কল্পনাই মুখরা। সত্য ঘটনা ভাবশ্রোতকে পাথরের মতো চাপিয়া থাকে, কল্পনাই তাহার পথ মুক্ত করিয়া দেয়।

নবীন গম্ভীরমুখে একটুখানি ভাবিয়া কহিল, “তাই তো দেখিতেছি। ঠিক বটে।” আবার খানিকক্ষণ ভাবিয়া বলিল, “ঠিক ঠিক।”

পূর্বেই বলিয়াছি আমার ভালোবাসার মধ্যে একটি কাতর সংকোচ ছিল, তাই নিজের জবানিতে কোনোমতে লিখিতে পারিলাম না। নবীনকে পর্দার মতো মাঝখানে রাখিয়া তবেই আমার লেখনী মুখ খুলিতে পারিল। লেখাগুলো যেন রসে ভরিয়া উস্তাপে ফাটিয়া উঠিতে লাগিল।

নবীন বলিল, “এ তো তোমারই লেখা। তোমারই নামে বাহির করি।”

আমি কহিলাম, “বিলক্ষণ। এ তোমারই লেখা, আমি সামান্য একটু বদল করিয়াছি মাত্র।”

ক্রমে নবীনেরও সেইরূপ ধারণা জন্মিল।

জ্যোতির্বিদ যেমন নক্ষত্রোদয়ের অপেক্ষায় আকাশের দিকে তাকাইয়া থাকে আমিও যে তেমনি মাঝে মাঝে আমাদের পাশের বাড়ির বাতায়নের দিকে চাহিয়া দেখিতাম, সে কথা অস্বীকার করিতে পারি না। মাঝে মাঝে ভক্তের সেই ব্যাকুল দৃষ্টিক্ষেপ সার্থকও হইত। সেই কর্মযোগনিরতা ব্রহ্মচারিণীর সৌম্য মুখশ্রী হইতে শাস্ত্রসিদ্ধ জ্যোতি প্রতিবিম্বিত হইয়া মুহূর্তের মধ্যে আমার সমস্ত চিন্তাকোভ দমন করিয়া দিত।

কিন্তু সেদিন সহসা এ কী দেখিলাম। আমার চন্দ্রলোকেও কি এখনো অশ্ল্যুৎপাত আছে। সেখানকার জনশূন্য সমাধিময় গিরিগুহার সমস্ত বহির্দাহ এখনো সম্পূর্ণ নির্বাণ হইয়া যায় নাই কি।

সেদিন বৈশাখ মাসের অপরাহ্নে ইশান কোণে মেঘ ঘনাইয়া আসিতেছিল। সেই আসন্ন ঝঞ্জার মেঘবিজ্জুরিত রুদ্রদীপ্তিতে আমার প্রতিবেশিনী জানালায় একাকিনী দাঁড়াইয়া ছিল। সেদিন তাহার শূন্যনিবিষ্ট ঘনকক দৃষ্টির মধ্যে কী সুদূরপ্রসারিত নিবিড় বেদনা দেখিতে পাইলাম।

আছে, আমার ঐ চন্দ্রলোকে এখনো উস্তাপ আছে! এখনো সেখানে উক নিশ্বাস সমীরিত। দেবতার জন্য মানুষ নহে, মানুষের জন্যই সে। তাহার সেই দুটি চকুর বিশাল ব্যাকুলতা সেদিনকার সেই ঝড়ের আলোকে ব্যগ্র পাখির মতো উড়িয়া চলিয়াছিল। স্বর্গের দিকে নহে, মানবহৃদয়নীড়ের দিকে।

সেই উৎসুক আকাঙ্ক্ষা-উদ্দীপ্ত দৃষ্টিপাতটি দেখার পর হইতে অশান্ত চিন্তাকে সুস্থির করিয়া রাখা আমার পক্ষে দুঃসাধ্য হইল। তখন কেবল পরের কাঁচা কবিতা সংশোধন করিয়া তৃপ্তি হয় না— একটা যে-কোনোপ্রকার কাজ করিবার জন্য চঞ্চলতা জন্মিল।

তখন সংকল্প করিলাম, বাংলাদেশে বিধবাবিবাহ প্রচলিত করিবার জন্য আমার সমস্ত চেষ্টা প্রয়োগ করিব। কেবল বক্তৃতা ও লেখা নহে, অর্থসাহায্য করিতেও অগ্রসর হইলাম।

নবীন আমার সঙ্গে তর্ক করিতে লাগিল; সে বলিল, “চিরবৈধব্যের মধ্যে একটি পবিত্র শাস্তি আছে, একাদশীর ক্ষীণ জ্যোৎস্নালোকিত সমাধিস্থমির মতো একটি বিরাট রমণীয়তা আছে; বিবাহের সম্ভাবনামাত্রই কি সেটা ভাঙিয়া যায় না।”

এ-সব কবিত্বের কথা শুনিতেই আমার রাগ হইত। দুর্ভিক্ষে যে লোক জীর্ণ হইয়া মরিতেছে তাহার কাছে আহরপুট লোক যদি ঝড়ের কুলঙ্কের প্রতি ধূলা প্রকাশ করিয়া ফুলের গন্ধ এবং পাখির গান দিয়া মুমূর্ষুর পেট ভরাইতে চাহে তাহা হইলে সে কেমন হয়।

আমি রাগিয়া কহিলাম, “দেখো নবীন, আর্টিস্ট লোকে বলে, দৃশ্য হিসাবে পোড়ো বাড়ির একটা

সৌন্দর্য আছে। কিন্তু বাড়িটাকে কেবল ছবির হিসাবে দেখিলে চলে না, তাহাতে বাস করিতে হয়, অতএব আর্টিস্ট যাহাই বলুন, মেরামত আবশ্যিক। বৈধব্য লইয়া তুমি তো দূর হইতে দিব্য কবিত্ব করিতে চাও, কিন্তু তাহার মধ্যে একটি আকাঙ্ক্ষাপূর্ণ মানবহৃদয় আপনার বিচিত্র বেদনা লইয়া বাস করিতেছে, সেটা স্মরণ রাখা কর্তব্য।”

মনে করিয়াছিলাম, নবীনমাধবকে কোনোমতেই দলে টানিতে পারিব না, সেদিন সেইজন্যই কিছু অতিরিক্ত উদ্বার সহিত কথা কহিয়াছিলাম। কিন্তু হঠাৎ দেখিলাম, আমার বক্তৃতা-অবসানে নবীনমাধব একটিমাত্র গভীর দীর্ঘনিশ্বাস ফেলিয়া আমার সমস্ত কথা মানিয়া লইল; বাকি আরো অনেক ভালো ভালো কথা বলিবার অবকাশই দিল না।

সপ্তাহখানেক পরে নবীন আসিয়া কহিল, “তুমি যদি সাহায্য কর আমি একটি বিধবাবিবাহ করিতে প্রস্তুত আছি।”

এমনি খুশি হইলাম— নবীনকে বুকে টানিয়া কোলাকুলি করিলাম; কহিলাম, “যত টাকা লাগে আমি দিব।” তখন নবীন তাহার ইতিহাস বলিল।

বুঝিলাম, তাহার প্রিয়তমা কাল্পনিক নহে। কিছুকাল ধরিয়া একটি বিধবা নারীকে সে দূর হইতে ভালোবাসিত, কাহারও কাছে তাহা প্রকাশ করে নাই। যে মাসিক পত্রে নবীনের গুরুত্ব আমার, কবিতা বাহির হইত সেই পত্রগুলি যথাস্থানে গিয়া পৌঁছিত। কবিতাগুলি ব্যর্থ হয় নাই। বিনা সাক্ষাৎকারে চিত্ত আকর্ষণের এই এক উপায় আমার বন্ধু বাহির করিয়াছিলেন।

কিন্তু নবীন বলেন, তিনি চক্রান্ত করিয়া এই-সকল কৌশল অবলম্বন করেন নাই। এমন-কি, তাহার বিশ্বাস ছিল বিধবা পড়িতে জানেন না। বিধবার ভাইয়ের নামে কাগজগুলি বিনা স্বাক্ষরে বিনা মূল্যে পাঠাইয়া দিতেন। এ কেবল মনকে সান্ত্বনা দিবার একটা পাগলামি মাত্র। মনে হইত দেবতার উদ্দেশে পুষ্পাঞ্জলি দান করা গেল, তিনি জানুন বা না জানুন, গ্রহণ করুন বা নাই করুন।

নানা ছুতায় বিধবার ভাইয়ের সহিত নবীন যে বন্ধুত্ব করিয়া লইয়াছিলেন, নবীন বলেন, তাহারও মধ্যে কোনো উদ্দেশ্য ছিল না। যাহাকে ভালোবাসা যায় তাহার নিকটবর্তী আত্মীয়ের সঙ্গ মধুর বোধ হয়।

অবশেষে ভাইয়ের কঠিন পীড়া উপলক্ষে ভগিনীর সহিত কেমন করিয়া সাক্ষাৎ হয় সে সুদীর্ঘ কথা। কবির সহিত কবিতার অবলম্বিত বিষয়টির প্রত্যক্ষ পরিচয় হইয়া কবিতা সম্বন্ধে অনেক আলোচনা হইয়া গেছে। আলোচনা যে কেবল ছাপানো কবিতা-কয়টির মধ্যেই বদ্ধ ছিল তাহাও নহে।

সম্প্রতি আমার সহিত তর্কে পরাস্ত হইয়া নবীন সেই বিধবার সহিত সাক্ষাৎ করিয়া বিবাহের প্রস্তাব করিয়া বসিয়াছে। প্রথমে কিছুতেই সম্প্রতি পায় নাই। নবীন তখন আমার মুখের সমস্ত যুক্তিগুলি প্রয়োগ করিয়া এবং তাহার সহিত নিজের চোখের দুই-চার ফোটা জল মিশাইয়া তাহাকে সম্পূর্ণ হার মানাইয়াছে। এখন বিধবার অভিভাবক পিসে কিছু টাকা চায়।

আমি বলিলাম, “এখনই লও।”

নবীন বলিল, “তাহা ছাড়া বিবাহের পর প্রথম মাস পাঁচ-ছয় বাবা নিশ্চয় আমার মাসহারা বন্ধ করিয়া দিবেন, তখনকার মতো উভয়ের খরচ চালাইবার জোগাড় করিয়া দিতে হইবে।” আমি কথাটি না কহিয়া চেক লিখিয়া দিলাম। বলিলাম, “এখন তাহার নামটি বলো। আমার সঙ্গে যখন কোনো প্রতিযোগিতা নাই তখন পরিচয় দিতে ভয় করিয়ো না। তোমার গা ঠুইয়া শপথ করিতেছি, আমি তাহার নামে কবিতা লিখিব না, এবং যদি লিখি তাহার ভাইকে না পাঠাইয়া তোমার কাছে পাঠাইয়া দিব।”

নবীন কহিল, “আরে, সেজন্য আমি ভয় করি না। বিধবাবিবাহের লজ্জায় তিনি অত্যন্ত কাতর, তাই তোমাদের কাছে তাহার সম্বন্ধে আলোচনা করিতে তিনি অনেক করিয়া নিবেদন করিয়া দিয়াছিলেন। কিন্তু এখন আর ঢাকিয়া রাখা মিথ্যা। তিনি তোমারই প্রতিবেশিনী, ১৯ নম্বরে থাকেন।”

হৃৎপিণ্ডটা যদি লোহার বয়লার হইত তো এক চমকে ধক্ করিয়া ফাটিয়া যাইত । জিজ্ঞাসা করিলাম, “বিধবাবিবাহে তাঁহার অমত নাই ?”

নবীন হাসিয়া কহিল, “সম্প্রতি তো নাই ।”

আমি কহিলাম, “কেবল কবিতা পড়িয়াই তিনি মুগ্ধ ?”

নবীন কহিল, “কেন, আমার সেই কবিতাগুলি তো মন্দ হয় নাই ।”

আমি মনে মনে কহিলাম, ‘ধিক্ ।’

ধিক্ কাহাকে । তাঁহাকে, না আমাকে, না বিধাতাকে । কিন্তু ধিক্ ।

নষ্টনীড়

প্রথম পরিচ্ছেদ

ভূপতির কাজ করিবার কোনো দরকার ছিল না । তাঁহার টাকা যথেষ্ট ছিল, এবং দেশটাও গরম । কিন্তু গ্রহবশত তিনি কাজের লোক হইয়া জন্মগ্রহণ করিয়াছিলেন । এইজন্য তাঁহাকে একটা ইংরেজি খবরের কাগজ বাহির করিতে হইল । ইহার পরে সময়ের দীর্ঘতার জন্য তাঁহাকে আর বিলাপ করিতে হয় নাই ।

ছেলেবেলা হইতে তাঁর ইংরেজি লিখিবার এবং বস্তুতঃ দিবার শখ ছিল । কোনোপ্রকার প্রয়োজন না থাকিলেও ইংরেজি খবরের কাগজে তিনি চিঠি লিখিতেন, এবং বস্তুতঃ না থাকিলেও সভাস্থলে দু-কথা না বলিয়া ছাড়িতেন না ।

তাঁহার মতো ধনী লোককে দলে পাইবার জন্য রাষ্ট্রনৈতিক দলপতির অজস্র স্তুতিবাদ করাতে নিজের ইংরেজি রচনাশক্তি সম্বন্ধে তাঁহার ধারণা যথেষ্ট পরিপুষ্ট হইয়া উঠিয়াছিল ।

অবশেষে তাঁহার উকিল শ্যালক উমাপতি ওকালতি ব্যবসাতে হতোদ্যম হইয়া ভগিনীপতিকে কহিল, ‘ভূপতি, তুমি একটা ইংরেজি খবরের কাগজ বাহির করো । তোমার যে রকম ‘অসাধারণ’ ইত্যাদি ।

ভূপতি উৎসাহিত হইয়া উঠিল । পরের কাগজে পত্র প্রকাশ করিয়া গৌরব নাই, নিজের কাগজে স্বাধীন কলমটাকে পুরাদমে ছুটাইতে পারিবে । শ্যালককে সহকারী করিয়া নিতান্ত অল্প বয়সেই ভূপতি সম্পাদকের গদিতে আরোহণ করিল ।

অল্প বয়সে সম্পাদকি নেশা এবং রাজনৈতিক নেশা অত্যন্ত জোর করিয়া ধরে । ভূপতিকে মাতাইয়া তুলিবার লোকও ছিল অনেক ।

এইরূপে সে যতদিন কাগজ লইয়া ভোর হইয়া ছিল ততদিনে তাহার বালিকা বধু চারুলতা ধীরে ধীরে যৌবনে পদার্পণ করিল । খবরের কাগজের সম্পাদক এই মন্ত খবরটি ভালো করিয়া টের পাইল না । ভারত গবর্নমেন্টের সীমান্তনীতি ক্রমশই স্কীত হইয়া সংযমের বন্ধন বিদীর্ণ করিবার দিকে যাইতেছে, ইহাই তাহার প্রধান লক্ষের বিষয় ছিল ।

ধনীগৃহে চারুলতার কোনো কর্ম ছিল না । ফলপরিণামহীন ফুলের মতো পরিপূর্ণ অনাবশ্যকতার মধ্যে পরিস্ফুট হইয়া উঠাই তাহার চেঁচানু্য দীর্ঘ দিনরাত্রির একমাত্র কাজ ছিল । তাহার কোনো অভাব ছিল না ।

এমন অবস্থার সুযোগ পাইলে বধু স্বামীকে লইয়া অত্যন্ত বাড়বাড়ি করিয়া থাকে, দাম্পত্যসীলার সীমান্তনীতি সংসারের সমস্ত সীমা লঙ্ঘন করিয়া সময় হইতে অসময়ে এবং বিহিত হইতে অবিহিতে গিয়া উত্তীর্ণ হয় । চারুলতার সে সুযোগ ছিল না । কাগজের আবরণ ভেদ করিয়া স্বামীকে অধিকার করা তাহার পক্ষে দুরূহ হইয়াছিল ।

যুবতী স্ত্রীর প্রতি মনোবোগ আকর্ষণ করিয়া কোনো আত্মীয়া তাহাকে ভৎসনা করিলে ভূপতি একবার সচেতন হইয়া কহিল, “তাই তো, চারু একজন কেউ সঙ্গিনী থাকা উচিত, ও বেচারার কিছুই করিবার নাই।”

শ্যালক উমাপতিকে কহিল, “তোমার স্ত্রীকে আমাদের এখানে আনিয়া রাখো-না— সমবয়সি স্ত্রীলোক কেহ কাছে নাই, চারু নিশ্চয়ই ভারি কাঁকা ঠেকে।”

স্ত্রীসঙ্গের অভাবই চারুর পক্ষে অত্যন্ত শোকাবহ, সম্পাদক এইরূপ বুকিল এবং শ্যালকজায়া মন্দাকিনীকে বাড়িতে আনিয়া সে নিশ্চিত হইল।

যে সময়ে স্বামী স্ত্রী প্রেমোন্মত্তের প্রথম অরুণালোকে পরস্পরের কাছে অপরাপ মহিমায় চিরনূতন বলিয়া প্রতিভাত হয়, দাম্পত্যের সেই স্বর্ণপ্রভামণ্ডিত প্রত্যুৎকাল অচেতন অবস্থায় কখন অতীত হইয়া গেল কেহ জানিতে পারিল না। নূতনদের স্বাদ না পাইয়াই উভয়ে উভয়ের কাছে পুরাতন পরিচিত অভ্যস্ত হইয়া গেল।

লেখাপড়ার দিকে চারুলতার একটা স্বাভাবিক ঝোক ছিল বলিয়া তাহার দিনগুলো অত্যন্ত বোকা হইয়া উঠে নাই। সে নিজের চেষ্টায় নানা কৌশলে পড়িবার বন্দোবস্ত করিয়া লইয়াছিল। ভূপতির পিসতুতো ভাই অমল খার্ড-ইয়ারে পড়িতেছিল, চারুলতা তাহাকে ধরিয়া পড়া করিয়া লইত; এই কর্মটুকু আদায় করিয়া লইবার জন্য অমলের অনেক আবদার তাহাকে সহ্য করিতে হইত। তাহাকে প্রায়ই হোটেল খাইবার খোরাকি এবং ইংরেজি সাহিত্যগ্রন্থ কিনিবার খরচা জোগাইতে হইত। অমল মাঝে মাঝে বন্ধুদের নিমন্ত্রণ করিয়া খাওয়াইত, সেই বন্ধু-সমাধার ভার গুরুদক্ষিণার স্বরূপ চারুলতা নিজে গ্রহণ করিত। ভূপতি চারুলতার প্রতি কোনো দাবি করিত না, কিন্তু সামান্য একটু পড়াইয়া পিসতুতো ভাই অমলের দাবির অন্ত ছিল না। তাহা লইয়া চারুলতা প্রায় মাঝে মাঝে কৃত্রিম কোপ এবং বিদ্রোহ প্রকাশ করিত; কিন্তু কোনো একটা লোকের কোনো কাজে আসা এবং স্নেহের উপদ্রব সহ্য করা তাহার পক্ষে অত্যাশঙ্ক্য হইয়া উঠিয়াছিল।

অমল কহিল, “বোঠান, আমাদের কালেজের রাজবাড়ির জামাইবাবু রাজঅন্তঃপুরের খাস হাতের কুননি কার্পেটের জুতো পরে আসে, আমার তো সহ্য হয় না— একজোড়া কার্পেটের জুতো চাই, নইলে কোনোমতেই পদমর্বাণা রক্ষা করতে পারছি নে।”

চারু। হাঁ, তাই বৈকি! আমি বসে বসে তোমার জুতো সেলাই করে মরি। দাম দিচ্ছি, বাজার থেকে কিনে আনো গে যাও।

অমল বলিল, “সেটি হচ্ছে না।”

চারু জুতা সেলাই করিতে জানে না, এবং অমলের কাছে সে কথা স্বীকার করিতেও চাহে না। কিন্তু তাহার কাছে কেহ কিছু চায় না, অমল চায়— সংসারে সেই একমাত্র প্রার্থীর প্রার্থনা রক্ষা না করিয়া সে থাকিতে পারে না। অমল যে সময় কালেজে যাইত সেই সময়ে সে লুকাইয়া বহু বস্ত্রে কার্পেটের সেলাই শিখিতে লাগিল। এবং অমল নিজে বন্ধন তাহার জুতার দরবার সম্পূর্ণ ভুলিয়া বসিয়াছে এমন সময় একদিন সন্ধ্যাবেলায় চারু তাহাকে নিমন্ত্রণ করিল।

শ্রীম্মের সময় ছাদের উপর আসন করিয়া অমলের আহ্বানের জায়গা করা হইয়াছে। বালি উড়িয়া পড়িবার ভয়ে পিতলের ঢাকনায় থালা ঢাকা রহিয়াছে। অমল কালেজের বেশ পরিত্যাগ করিয়া মুখ ধুইয়া কিট্কাট্ হইয়া আসিয়া উপস্থিত হইল।

অমল আসনে বসিয়া ঢাকা খুলিল; দেখিল, থালায় একজোড়া নূতন-বাধানো পশমের জুতা সাজানো রহিয়াছে। চারুলতা উচ্চৈঃস্বরে হাসিয়া উঠিল।

জুতা পাইয়া অমলের আশা আরো বাড়িয়া উঠিল। এখন গলাবন্ধ চাই, স্নেশমের রুমালে কুলকাটা পাড় সেলাই করিয়া দিতে হইবে, তাহার বাহিরের ঘরে বসিবার বড়ো কেন্দারায় তেলের দাগ নিবারণের জন্য একটা কাজ-করা আবরণ আবশ্যিক।

প্রত্যেক বারেই চারুলতা আপত্তি প্রকাশ করিয়া কলহ করে এবং প্রত্যেক বারেই বহু বস্ত্রে ও স্নেহে

শৌখিন অমলের শখ মিটাইয়া দেয়। অমল মাঝে মাঝে জিজ্ঞাসা করে, “বউঠান, কতদূর হইল।”

চারুলতা মিথ্যা করিয়া বলে, “কিছুই হয় নি।” কখনো বলে, “সে আমার মনেই ছিল না।”

কিন্তু অমল ছাড়িবার পাত্র নয়। প্রতিদিন স্মরণ করাইয়া দেয় এবং আবদার করে। নাছোড়বান্দা অমলের সেই-সকল উপদ্রব উদ্বেক করাইয়া দিবার জন্যই চারু ঔদাসীনা প্রকাশ করিয়া বিরোধের সৃষ্টি করে এবং হঠাৎ একদিন তাহার প্রার্থনা পূরণ করিয়া দিয়া কৌতুক দেখে।

ধনীর সংসারে চারুকে আর কাহারও জন্য কিছুই করিতে হয় না, কেবল অমল তাহাকে কাজ না করাইয়া ছাড়ে না। এ-সকল ছোটোখাটো শখের খাটুনিতেই তাহার স্বদয়বৃত্তির চর্চা এবং চরিতার্থতা হইত।

ভূপতির অন্তঃপুরে যে একখণ্ড জমি পড়িয়া ছিল তাহাকে বাগান বলিলে অনেকটা অত্যুক্তি করা হয়। সেই বাগানের প্রধান বনস্পতি ছিল একটা বিলাতি আমড়া গাছ।

এই ভূখণ্ডের উন্নতিসাধনের জন্য চারু এবং অমলের মধ্যে একটা কমিটি বসিয়াছে। উভয়ে মিলিয়া কিছুদিন হইতে ছবি আঁকিয়া, প্ল্যান করিয়া, মহা উৎসাহে এই জমিটার উপরে একটা বাগানের কল্পনা ফলাও করিয়া তুলিয়াছে।

অমল বলিল, “বউঠান, আমাদের এই বাগানে সেকালের রাজকন্যার মতো তোমাকে নিজের হাতে গাছে জল দিতে হবে।”

চারু কহিল, “আর ঐ পশ্চিমের কোণটাতে একটা কুঁড়ে তৈরি করে নিতে হবে, হরিণের বাচ্ছা থাকবে।”

অমল কহিল, “আর-একটি ছোটোখাটো ঝিলের মতো করতে হবে, তাতে হাঁস চরবে।”

চারু সে প্রস্তাবে উৎসাহিত হইয়া কহিল, “আর তাতে নীলপল্ল দেব, আমার অনেকদিন থেকে নীলপল্ল দেখবার সাধ আছে।”

অমল কহিল, “সেই ঝিলের উপর একটি সাকো বেঁধে দেওয়া যাবে, আর ঘাটে একটি বেশ ছোটো ডিঙি থাকবে।”

চারু কহিল, “ঘাট অবশ্য সাদা মার্বেলের হবে।”

অমল পেনসিল কাগজ লইয়া ক্রল কাটিয়া কম্পাস ধরিয়া মহা আড়ম্বরে বাগানের একটা ম্যাপ আঁকিল।

উভয়ে মিলিয়া দিনে দিনে কল্পনার সংশোধন পরিবর্তন করিতে করিতে বিশ-পঁচিশখানা নূতন ম্যাপ আঁকা হইল।

ম্যাপ খাড়া হইলে কত খরচ হইতে পারে তাহার একটা এস্টিমেট তৈরি হইতে লাগিল। প্রথমে সংকল্প ছিল—চারু নিজের বরাদ্দ মাসহারা হইতে ক্রমে ক্রমে বাগান তৈরি করিয়া তুলিবে; ভূপতি তো বাড়িতে কোথায় কী হইতেছে তাহা চাহিয়া দেখে না; বাগান তৈরি হইলে তাহাকে সেখানে নিয়ন্ত্রণ করিয়া আশ্চর্য করিয়া দিবে; সে মনে করিবে, আলাদিনের প্রদীপের সাহায্যে জাপান দেশ হইতে একটা আন্ত বাগান তুলিয়া আনা হইয়াছে।

কিন্তু এস্টিমেট যথেষ্ট কম করিয়া ধরিলেও চারুর সংগতিতে কুলায় না। অমল তখন পুনরায় ম্যাপ পরিবর্তন করিতে বসিল। কহিল, “তা হলে বউঠান, ঐ ঝিলটা বাদ দেওয়া যাক।”

চারু কহিল, “না না, ঝিল বাদ দিলে কিছুতেই চলবে না, ওতে আমার নীলপল্ল থাকবে।”

অমল কহিল, “তোমার হরিণের ঘরে টালির ছাদ নাই দিলে। ওটা অমনি একটা সাদাসিধে খোড়ো চাল করলেই হবে।”

চারু অত্যন্ত রাগ করিয়া কহিল, “তা হলে আমার ও ঘরে দরকার নেই—ও থাক।”

মরিশস হইতে লবঙ্গ, কর্ণাট হইতে চন্দন, এবং সিংহল হইতে দারচিনির চারা আনাহবার প্রস্তাব ছিল, অমল তাহার পরিবর্তে মানিকতলা হইতে সাধারণ মিশি ও বিলাতি গাছের নাম করিতেই চারু মুখ ভার করিয়া বসিল; কহিল, “তা হলে আমার বাগানে কাজ নেই।”

এস্টিমেট কমাইবার এরূপ প্রথা নয়। এস্টিমেটের সঙ্গে সঙ্গে কল্পনাকে খর্ব করা চারুর পক্ষে অসাধ্য এবং অমল মুখে যাহাই বলুক, মনে মনে তাহারও সেটা রুচিকর নয়।

অমল কহিল, “তবে বউঠান, তুমি দাদার কাছে বাগানের কথাটা পাড়ো ; তিনি নিশ্চয় টাকা দেবেন।”

চারু কহিল, “না, তাঁকে বললে মজা কী হল। আমরা দুজনে বাগান তৈরি করে তুলব। তিনি তো সাহেববাড়িতে ফরমাশ দিয়ে ইডেন গার্ডেন বানিয়ে দিতে পারেন— তা হলে আমাদের ঘ্যানের কী হবে।”

আমড়া গাছের ছায়ায় বসিয়া চারু এবং অমল অসাধ্য সংকল্পের কল্পনাসুখ বিস্তার করিতেছিল। চারুর ভাজ মন্দা দোতলা হইতে ডাকিয়া কহিল, “এত বেলায় বাগানে তোরা কী করছিস।”

চারু কহিল, “পাকা আমড়া খুঁজছি।”

লুকা মন্দা কহিল, “পাস যদি আমার জন্যে আনিস।”

চারু হাসিল, অমল হাসিল। তাহাদের সমস্ত সংকল্পগুলির প্রধান সুখ এবং গৌরব এই ছিল যে, সেগুলি তাহাদের দুজনের মধ্যেই আবদ্ধ। মন্দার আর বা-কিছু গুণ থাক, কল্পনা ছিল না ; সে এ-সকল প্রস্তাবের রস গ্রহণ করিবে কী করিয়া। সে এই দুই সভ্যের সকলপ্রকার কমিটি হইতে একেবারে বর্জিত।

অসাধ্য বাগানের এস্টিমেটও কমিল না, কল্পনাও কোনো অংশে হার মানিতে চাহিল না। সুতরাং আমড়াতলার কমিটি এইভাবেই কিছুদিন চলিল। বাগানের যেখানে ঝিল হইবে, যেখানে হরিণের ঘর হইবে, যেখানে পাথরের বেদী হইবে, অমল সেখানে চিহ্ন কাটিয়া রাখিল।

তাহাদের সংকল্পিত বাগানে এই আমড়াতলার চার দিক কী ভাবে বাধাইতে হইবে, অমল একটি ছোটো কোদাল লইয়া তাহারই দাগ কাটিতেছিল— এমন সময় চারু গাছের ছায়ায় বসিয়া বলিল, “অমল, তুমি যদি লিখতে পারতে তা হলে বেশ হত।”

অমল জিজ্ঞাসা করিল, “কেন বেশ হত।”

চারু। তা হলে আমাদের এই বাগানের বর্ণনা করে তোমাকে দিয়ে একটা গল্প লেখাতুম। এই ঝিল, এই হরিণের ঘর, এই আমড়াতলা, সমস্তই তাতে থাকত— আমরা দুজনে ছাড়া কেউ বুঝতে পারত না, বেশ মজা হত। অমল, তুমি একবার লেখবার চেষ্টা করে দেখো-না, নিশ্চয় তুমি পারবে।

অমল কহিল, “আচ্ছা, যদি লিখতে পারি তো আমাকে কী দেবে।”

চারু কহিল, “তুমি কী চাও।”

অমল কহিল, “আমার মশারির চালে আমি নিজে লতা ঐকে দেব, সেইটে তোমাকে আগাগোড়া রেশম দিয়ে কাজ করে দিতে হবে।”

চারু কহিল, “তোমার সমস্ত বাড়াবাড়ি। মশারির চালে আবার কাজ !”

মশারি জিনিসটাকে একটা শ্রীহীন কারাগারের মতো করিয়া রাখার বিরুদ্ধে অমল অনেক কথা বলিল। সে কহিল, সংসারের পনেরো-আনা লোকের যে সৌন্দর্যবোধ নাই এবং কুশ্রীতা তাহাদের কাছে কিছুমাত্র পীড়াকর নহে ইহাই তাহার প্রমাণ।

চারু সে কথা তৎক্ষণাৎ মনে মনে মানিয়া লইল এবং ‘আমাদের এই দুটি লোকের নিভৃত কমিটি যে সেই পনেরো-আনার অন্তর্গত নহে’ ইহা মনে করিয়া সে খুশি হইল।

কহিল, “আচ্ছা বেশ, আমি মশারির চাল তৈরি করে দেব, তুমি লেখো।”

অমল রহস্যপূর্ণভাবে কহিল, “তুমি মনে কর, আমি লিখতে পারি নে ?”

চারু অত্যন্ত উত্তেজিত হইয়া কহিল, “তবে নিশ্চয় তুমি কিছু লিখেছ, আমাকে দেখাও।”

অমল। আজ থাক, বউঠান।

চারু। না, আজই দেখাতে হবে— মাথা খাও, তোমার লেখা নিয়ে এসো সে।

চারুকে তাহার লেখা শোনাইবার অভিযোগভাঙেই অমলকে এতদিন বাধা দিতেছিল। পাছে চারু না

বোঝে, পাছে তাহার ভালো না লাগে, এ সংকোচ সে তাড়াইতে পারিতেছিল না।

আজ খাতা আনিয়া একটুখানি লাল হইয়া, একটুখানি কাশিয়া, পড়িতে আরম্ভ করিল। চারু গাছের ঠুড়িতে হেলান দিয়া ঘাসের উপর পা ছড়াইয়া শুনিতে লাগিল।

প্রবন্ধের বিষয়টা ছিল 'আমার খাতা'। অমল লিখিয়াছিল— 'হে আমার শুভ্র খাতা, আমার কল্পনা এখনো তোমাকে স্পর্শ করে নাই। সূতিকাগৃহে ভাগ্যপুরুষ প্রবেশ করিবার পূর্বে শিশুর ললাটপট্টের ন্যায় তুমি নির্মল, তুমি রহস্যময়। যেদিন তোমার শেষ পৃষ্ঠার শেষ ছত্রে উপসংহার লিখিয়া দিব, সেদিন আজ কোথায়! তোমার এই শুভ্র শিশুপত্রগুলি সেই চিরদিনের জন্য মসীচিহ্নিত সমাপ্তির কথা আজ স্বপ্নেও কল্পনা করিতেছে না।'— ইত্যাদি অনেকখানি লিখিয়াছিল।

চারু তরুচ্ছায়ায় বসিয়া শুক হইয়া শুনিতে লাগিল। পড়া শেষ হইলে কণকাল চূপ করিয়া থাকিয়া কহিল, "তুমি আবার লিখতে পার না!"

সেদিন সেই গাছের তলায় অমল সাহিত্যের মাদকরস প্রথম পান করিল; সাকী ছিল নবীনা, রসনাও ছিল নবীন এবং অপরাহ্নের আলোক দীর্ঘ ছায়াপাতে রহস্যময় হইয়া আসিয়াছিল।

চারু বলিল, "অমল, গোটাকতক আমড়া পেড়ে নিয়ে যেতে হবে, নইলে মন্দাকে কী হিসেব দেব।"

মূঢ় মন্দাকে তাহাদের পড়াশুনা এবং আলোচনার কথা বলিতে প্রবৃত্তিই হয় না, সুতরাং আমড়া পাড়িয়া লইয়া যাইতে হইল।

দ্বিতীয় পরিচ্ছেদ

বাগানের সংকল্প তাহাদের অন্যান্য অনেক সংকল্পের ন্যায় সীমাহীন কল্পনাক্ষেত্রের মধ্যে কখন হারাইয়া গেল তাহা অমল এবং চারু লক্ষণ করিতে পারিল না।

এখন অমলের লেখাই তাহাদের আলোচনা ও পরামর্শের প্রধান বিষয় হইয়া উঠিল। অমল আসিয়া বলে, "বোঠান, একটা বেশ চমৎকার ভাব মাথায় এসেছে।"

চারু উৎসাহিত হইয়া উঠে; বলে, "চলো, আমাদের দক্ষিণের বারান্দায়— এখানে এখনই মন্দা পান সাজতে আসবে।"

চারু কাশ্মীরি বারান্দায় একটি জীর্ণ বেতের কেদারায় আসিয়া বসে এবং অমল রেলিঙের নিচেকার উচ্চ অংশের উপর বসিয়া পা ছড়াইয়া দেয়।

অমলের লিখিবার বিষয়গুলি প্রায়ই সুনির্দিষ্ট নহে; তাহা পরিষ্কার করিয়া বলা শক্ত। গোলমাল করিয়া সে যাহা বলিত তাহা স্পষ্ট বুঝা কাহারও সাধ্য নহে। অমল নিজেই বার বার বলিত, "বোঠান, তোমাকে ভালো বোঝাতে পারছি নে।"

চারু বলিত, "না, আমি অনেকটা বুঝতে পেরেছি; তুমি এইটে লিখে ফেলো, দেখি কোরো না।"

সে বানিকটা বুঝিয়া, খানিকটা না বুঝিয়া, অনেকটা কল্পনা করিয়া, অনেকটা অমলের ব্যস্ত করিবার আবেগের দ্বারা উত্তেজিত হইয়া, মনের মধ্যে কী একটা খাড়া করিয়া তুলিত, তাহাতেই সে সুখ পাইত এবং আগ্রহে অধীর হইয়া উঠিত।

চারু সেইদিন বিকালেই জিজ্ঞাসা করিত, "কতটা লিখলে।"

অমল বলিত, "এরই মধ্যে কি লেখা যায়।"

চারু পরদিন সকালে ঈষৎ কলহের স্বরে জিজ্ঞাসা করিত, "কই, তুমি সেটা লিখলে না?"

অমল বলিত, "রোসো, আর-একটু ভাবি।"

চারু রাগ করিয়া বলিত, "তবে যাও।"

বিকালে সেই রাগ ধনীভূত হইয়া চারু যখন কথা বন্ধ করিবার জো করিত তখন অমল লেখা কাগজের একটা অংশ রুমাল বাহির করিবার ছলে পকেট হইতে একটুখানি বাহির করিত।

মুহূর্তে চারু মৌন ভাঙিয়া গিয়া সে বলিয়া উঠিত, “ঐ-বে তুমি লিখেছ ! আমাকে কাকি ! দেখাও ।”

অমল বলিত, “এখনো শেষ হয় নি, আর-একটু লিখে শোনাব ।”

চারু । না, এখনই শোনাতে হবে ।

অমল এখনই শোনাইবার জন্যই ব্যস্ত ; কিন্তু চারুকে কিছুকণ কাড়াকাড়ি না করাইয়া সে শোনাইত না । তার পরে অমল কাগজখানি হাতে করিয়া বসিয়া প্রথমটা একটুখানি পাতা ঠিক করিয়া লইত, পেনসিল লইয়া দুই-এক জায়গায় দুটো-একটা সংশোধন করিতে থাকিত, ততক্ষণ চারু চিন্তা পুলকিত কৌতূহলে জলভরনত মেঘের মতো সেই কাগজ কয়খানির দিকে ঝুকিয়া রহিত ।

অমল দুই-চারি প্যারাগ্রাফ যখন যাহা লেখে তাহা যতটুকুই হোক চারুকে সদ্য সদ্য শোনাইতে হয় । বাকি অলিখিত অংশটুকু আলোচনা এবং কল্পনায় উভয়ের মধ্যে মণ্ডিত হইতে থাকে ।

এতদিন দুজনে আকাশকুসুমের চয়নে নিযুক্ত ছিল, এখন কাব্যকুসুমের চাষ আরম্ভ হইয়া উভয়ে আর-সমস্তই ভুলিয়া গেল ।

একদিন অপরাহ্নে অমল কালেজ হইতে ফিরিলে তাহার পকেটটা কিছু অতিরিক্ত ভরা বলিয়া বোধ হইল । অমল যখন বাড়িতে প্রবেশ করিল তখনই চারু অন্তঃপুরের গবাক হইতে তাহার পকেটের পূর্ণতার প্রতি লক্ষ করিয়াছিল ।

অমল অনাদিন কালেজ হইতে ফিরিয়া বাড়ির ভিতরে আসিতে দেরি করিত না ; আজ সে তাহার ভরা পকেট লইয়া বাহিরের ঘরে প্রবেশ করিল, শীঘ্র আসিবার নাম করিল না ।

চারু অন্তঃপুরের সীমান্তদেশে আসিয়া অনেকবার তালি দিল, কেহ শুনিল না । চারু কিছু রাগ করিয়া তাহার বারান্দায় মন্থধ দস্তর এক বই হাতে করিয়া পড়িবার চেষ্টা করিতে লাগিল ।

মন্থধ দস্ত নূতন গ্রন্থকার । তাহার লেখার ধরন অনেকটা অমলেরই মতো, এইজন্য অমল তাহাকে কখনো প্রশংসা করিত না ; মাঝে মাঝে চারু কাছে তাহার লেখা বিকৃত উচ্চারণে পড়িয়া বিদ্রূপ করিত— চারু অমলের নিকট হইতে সে বই কাড়িয়া লইয়া অবজ্ঞাভরে দূরে ফেলিয়া দিত ।

আজ যখন অমলের পদশব্দ শুনিতে পাইল তখন সেই মন্থধ দস্তর ‘কলকঠ’-নামক বই মুখের কাছে তুলিয়া ধরিয়া চারু অত্যন্ত একাগ্রভাবে পড়িতে আরম্ভ করিল ।

অমল বারান্দায় প্রবেশ করিল, চারু লক্ষণ করিল না । অমল কহিল, “কী বোঠান, কী পড়া হচ্ছে ।”

চারুকে নিরুত্তর দেখিয়া অমল চৌকির পিছনে আসিয়া বইটা দেখিল । কহিল, “মন্থধ দস্তর গলগণ্ড ।”

চারু কহিল, “আঃ, বিরক্ত কোরো না, আমাকে পড়তে দাও ।” পিঠের কাছে দাঁড়াইয়া অমল ব্যঙ্গধরে পড়িতে লাগিল, “আমি তৃণ, ক্ষুদ্র তৃণ ; ভাই রক্তাশ্বর রাজবেশধারী, অশোক, আমি তৃণমাত্র ! আমার ফুল নাই, আমার ছায়া নাই, আমার মস্তক আমি আকাশে তুলিতে পারি না, বসন্তের কোকিল আমাকে আশ্রয় করিয়া কুহুধরে জগৎ মাতায় না— তবু ভাই অশোক, তোমার ঐ পুষ্পিত উচ্চ শাখা হইতে তুমি আমাকে উপেক্ষা করিয়ো না ; তোমার পায়ে পড়িয়া আছি আমি তৃণ, তবু আমাকে তুচ্ছ করিয়ো না ।”

অমল এইটুকু বই হইতে পড়িয়া তার পরে বিদ্রূপ করিয়া বানাইয়া বলিতে লাগিল, “আমি কলার কাঁদি, কাঁচকলার কাঁদি, ভাই কুম্বাণ্ড, ভাই গৃহচালবিহারী কুম্বাণ্ড, আমি নিতান্তই কাঁচকলার কাঁদি ।”

চারু কৌতূহলের তাড়নায় রাগ রাখিতে পারিল না ; হাসিয়া উঠিয়া বই ফেলিয়া দিয়া কহিল, “তুমি ভারি হিংসূটে, নিজের লেখা ছাড়া কিছু পছন্দ হয় না ।”

অমল কহিল, “তোমার ভারি উদারতা, তৃণটি পেলেও গিলে খেতে চাও ।”

চারু । আজ্ঞা মশায়, ঠাট্টা করতে হবে না— পকেটে কী আছে বের করে ফেলো ।

অমল । কী আছে আন্দাজ করো ।

অনেকক্ষণ চাককে বিরক্ত করিয়া অমল পকেট হইতে 'সরোরুহ'-নামক বিখ্যাত মাসিক পত্র বাহির করিল।

চাক দেখিল, কাগজে অমলের সেই 'খাতা'-নামক প্রবন্ধটি বাহির হইয়াছে।

চাক দেখিয়া চূপ করিয়া রহিল। অমল মনে করিয়াছিল, তাহার বোঠান খুব খুশি হইবে। কিন্তু খুশির বিশেষ কোনো লক্ষণ না দেখিয়া বলিল, 'সরোরুহ পত্রে যে-সে লেখা বের হয় না।'

অমল এটা কিছু বেশি বলিল। যে-কোনোপ্রকার চলনসই লেখা পাইলে সম্পাদক ছাড়েন না। কিন্তু অমল চাককে বুঝাইয়া দিল, সম্পাদক বড়োই কড়া লোক, একশো প্রবন্ধের মধ্যে একটা বাছিয়া লেন।

ওনিয়া চাক খুশি হইবার চেষ্টা করিতে লাগিল কিন্তু খুশি হইতে পারিল না। কিসে যে সে মনের মধ্যে আঘাত পাইল তাহা বুঝিয়া দেখিবার চেষ্টা করিল; কোনো সংগত কারণ বাহির হইল না।

অমলের লেখা অমল এবং চাক দুজনের সম্পত্তি। অমল লেখক এবং চাক পাঠক। তাহার গোপনতাই তাহার প্রধান রস। সেই লেখা সকলে পড়িবে এবং অনেকেই প্রশংসা করিবে, ইহাতে চাককে যে কেন এতটা পীড়া দিতেছিল তাহা সে ভালো করিয়া বুঝিল না।

কিন্তু লেখকের আকাঙ্ক্ষা একটিমাত্র পাঠকে অধিকদিন মেটে না। অমল তাহার লেখা ছাপাইতে আরম্ভ করিল। প্রশংসাও পাইল।

মাঝে মাঝে ভক্তের চিঠিও আসিতে লাগিল। অমল সেগুলি তাহার বোঠানকে দেখাইত। চাক তাহাতে খুশিও হইল, কষ্টও পাইল। এখন অমলকে লেখায় প্রবৃত্ত করাইবার জন্য একমাত্র তাহারই উৎসাহ ও উত্তেজনার প্রয়োজন রহিল না। অমল মাঝে মাঝে কদাচিৎ নামস্বাক্ষরবিহীন রমণীর চিঠিও পাইতে লাগিল। তাহা লইয়া চাক তাহাকে ঠাট্টা করিত কিন্তু সুখ পাইত না। হঠাৎ তাহাদের কমিটির রুদ্ধ দ্বার খুলিয়া বাংলাদেশের পাঠকমণ্ডলী তাহাদের দুজনকার মাঝখানে আসিয়া দাঁড়াইল।

ভূপতি একদিন অবসরকালে কহিল, "তাই তো চাক, আমাদের অমল যে এমন ভালো লিখতে পারে তা তো আমি জানতুম না।"

ভূপতির প্রশংসায় চাক খুশি হইল। অমল ভূপতির আশ্রিত, কিন্তু অন্য আশ্রিতদের সহিত তাহার অনেক প্রভেদ আছে এ কথা তাহার স্বামী বুঝিতে পারিলে চাক যেন গর্ব অনুভব করে। তাহার ভাবটা এই যে 'অমলকে কেন যে আমি এতটা স্নেহ আদর করি এতদিনে তোমরা তাহা বুঝিলে; আমি অনেকদিন আগেই অমলের মর্যাদা বুঝিয়াছিলাম, অমল কাহারও অবজ্ঞার পাত্র নহে।'

চাক জিজ্ঞাসা করিল, "তুমি তার লেখা পড়েছ?"

ভূপতি কহিল, "হাঁ— না ঠিক পড়ি নি। সময় পাই নি। কিন্তু আমাদের নিশিকান্ত প'ড়ে খুব প্রশংসা করছিল। সে বাংলা লেখা বেশ বোঝে।"

ভূপতির মনে অমলের প্রতি একটি সম্মানের ভাব জাগিয়া উঠে, ইহা চাকের একান্ত ইচ্ছা।

তৃতীয় পরিচ্ছেদ

উমাপদ ভূপতিকে তাহার কাগজের সঙ্গে অন্য পাঁচরকম উপহার দিবার কথা বুঝাইতেছিল। উপহারে যে কী করিয়া লোকসান কাটাইয়া লাভ হইতে পারে তাহা ভূপতি কিছুতেই বুঝিতে পারিতেছিল না।

চাক একবার ঘরের মধ্যে প্রবেশ করিয়াই উমাপদকে দেখিয়া চলিয়া গেল। আবার কিছুক্ষণ ঘুরিয়া ফিরিয়া ঘরে আসিয়া দেখিল, দুইজনে হিসাব লইয়া তর্কে প্রবৃত্ত।

উমাপদ চাকের অধৈর্য দেখিয়া কোনো ছুতা করিয়া বাহির হইয়া গেল। ভূপতি হিসাব লইয়া মাথা ঘুরাইতে লাগিল।

চারু ঘরে ঢুকিয়া বলিল, “এখনো বুঝি তোমার কাজ শেষ হল না । দিনরাত ঐ একখানা কাগজ নিয়ে যে তোমার কী করে কাটে, আমি তাই ভাবি ।”

ভূপতি হিসাব সরাইয়া রাখিয়া একটুখানি হাসিল । মনে মনে ভাবিল, ‘বাস্তবিক চারুর প্রতি আমি মনোযোগ দিবার সময়ই পাই না, বড়ো অন্যায । ও বেচারার পক্ষে সময় কাটাইবার কিছুই নাই ।’

ভূপতি স্নেহপূর্ণস্বরে কহিল, “আজ যে তোমার পড়া নেই ! মাস্টারটি বুঝি পালিয়েছেন ? তোমার পাঠশালার সব উলটো নিয়ম— ছাত্রীটি পুঁথিপত্র নিয়ে প্রস্তুত, মাস্টার পলাতক ! আজকাল অমল তোমাকে আগেকার মতো নিয়মিত পড়ায় বলে তো বোধ হয় না ।”

চারু কহিল, “আমাকে পড়িয়ে অমলের সময় নষ্ট করা কি উচিত । অমলকে তুমি বুঝি একজন সামান্য প্রাইভেট টিউটর পেয়েছ ?”

ভূপতি চারুর কটিদেশ ধরিয়া কাছে টানিয়া কহিল, “এটা কি সামান্য প্রাইভেট টিউটরি হল । তোমার মতো বউঠানকে যদি পড়াতে পেতুম তা হলে—”

চারু । ইস্ ইস্, তুমি আর বোলো না । স্বামী হয়েই রক্ষে নেই তো আরো কিছু !

ভূপতি ঈষৎ একটু আহত হইয়া কহিল, “আচ্ছা, কাল থেকে আমি নিশ্চয় তোমাকে পড়াব । তোমার বইগুলো আনো দেখি, কী তুমি পড় একবার দেখে নিই ।”

চারু । ঢের হয়েছে, তোমার আর পড়াতে হবে না । এখনকার মতো তোমার খবরের কাগজের হিসাবটা একটু রাখবে ! এখন আর-কোনো দিকে মন দিতে পারবে কি না বোলো ।

ভূপতি কহিল, “নিশ্চয় পারব । এখন তুমি আমার মনকে যে দিকে ফেরাতে চাও সেই দিকেই ফিরবে ।”

চারু । আচ্ছা বেশ, তা হলে অমলের এই লেখাটা একবার পড়ে দেখো কেমন চমৎকার হয়েছে । সম্পাদক অমলকে লিখেছে, এই লেখা পড়ে নবগোপালবাবু তাকে বাংলার রাশ্বিন নাম দিয়েছেন ।

শুনিয়া ভূপতি কিছু সংকুচিতভাবে কাগজখানা হাতে করিয়া লইল । খুলিয়া দেখিল, লেখাটির নাম ‘আষাঢ়ের চাঁদ’ । গত দুই সপ্তাহ ধরিয়া ভূপতি ভারত গবর্নমেন্টের বাজেট-সমালোচনা লইয়া বড়ো বড়ো অঙ্কপাত করিতেছিল, সেই-সকল অঙ্ক বহুপদ কীটের মতো তাহার মস্তিষ্কের নানা বিবরের মধ্যে সঞ্চারণ করিয়া ফিরিতেছিল— এমন সময় হঠাৎ বাংলা ভাষায় ‘আষাঢ়ের চাঁদ’ প্রবন্ধ আগাগোড়া পড়িবার জন্য তাহার মন প্রস্তুত ছিল না । প্রবন্ধটিও নিতান্ত ছোটো নহে ।

লেখাটা এইরূপে শুরু হইয়াছে— ‘আজ কেন আষাঢ়ের চাঁদ সারা রাত মেঘের মধ্যে এমন করিয়া লুকাইয়া বেড়াইতেছে । যেন স্বর্গলোক হইতে সে কী চুরি করিয়া আনিয়াছে, যেন তাহার কলঙ্ক ঢাকিবার স্থান নাই । ফাল্গুন মাসে যখন আকাশের একটি কোণেও মৃষ্টিপরিমাণ মেঘ ছিল না তখন তো জগতের চক্ষুর সম্মুখে সে নির্লঙ্কের মতো উন্মুক্ত আকাশে আপনাকে প্রকাশ করিয়াছিল— আর আজ তাহার সেই ঢলঢল হাসিখানি— শিশুর স্বপ্নের মতো, প্রিয়ার স্মৃতির মতো, সুরেশ্বরী শচীর অলকবিলম্বিত মুস্তার মালার মতো—’

ভূপতি মাথা চুলকাইয়া কহিল, “বেশ লিখেছে । কিন্তু আমাকে কেন । এ-সব কবিত্ব কি আমি বুঝি ।”

চারু সংকুচিত হইয়া ভূপতির হাত হইতে কাগজখানা কাড়িয়া লইয়া কহিল, “তুমি তবে কী বোঝ ।”

ভূপতি কহিল, “আমি সংসারের লোক, আমি মানুষ বুঝি ।”

চারু কহিল, “মানুষের কথা বুঝি সাহিত্যের মধ্যে লেখে না ?”

ভূপতি । ভুল লেখে । তা ছাড়া মানুষ যখন সশরীরে বর্তমান তখন বানানো কথার মধ্যে তাকে খুঁজে বেড়াবার দরকার ?

বলিয়া চারুলতার চিবুক ধরিয়া কহিল, “এই যেমন আমি তোমাকে বুঝি, কিন্তু সেজন্য কি ‘মেঘনাদবধ’ ‘কবিকঙ্কণ চণ্ডী’ আগাগোড়া পড়ার দরকার আছে ।”

ভূপতি কাব্য বোঝে না বলিয়া অহংকার করিত । তবু অমলের লেখা ভালো করিয়া না পড়িয়াও

তাহার প্রতি মনে মনে ভূপতির একটা শ্রদ্ধা ছিল। ভূপতি ভাবিত, 'বলিবার কথা কিছুই নাই অথচ এত কথা অনর্গল বানাইয়া বলা সে তো আমি মাথা কুটিয়া মরিলেও পারিতাম না। অমলের পেটে যে এত ক্ষমতা ছিল তাহা কে জানিত।'

ভূপতি নিজের রসজ্ঞতা অস্বীকার করিত কিন্তু সাহিত্যের প্রতি তাহার কৃপণতা ছিল না। দরিদ্র লেখক তাহাকে ধরিয়া পড়িলে বই ছাপিবার খরচ ভূপতি দিত, কেবল বিশেষ করিয়া বলিয়া দিত, "আমাকে যেন উৎসর্গ করা না হয়।" বাংলা ছোটো বড়ো সমস্ত সাপ্তাহিক এবং মাসিক পত্র, খ্যাত অখ্যাত পাঠ্য অপাঠ্য সমস্ত বই সে কিনিত। বলিত, "একে পড়ি না, তার পরে যদি না কিনি তবে পাপও করিব প্রায়শ্চিত্তও হইবে না।" পড়িত না বলিয়াই মন্দ বইয়ের প্রতি তাহার লেশমাত্র বিদ্বেষ ছিল না, সেইজন্য তাহার বাংলা লাইব্রেরি গ্রন্থে পরিপূর্ণ ছিল।

অমল ভূপতির ইংরেজি প্রুফ-সংশোধন-কার্যে সাহায্য করিত; কোনো-একটা কাপির দুর্বোধ্য হস্তাক্ষর দেখাইয়া লইবার জন্য সে একতাড়া কাগজপত্র লইয়া ঘরে ঢুকিল।

ভূপতি হাসিয়া কহিল, "অমল, তুমি আবারের চাঁদ আর ভাদ্র মাসের পাকা তালের উপর যতখুশি লেখো, আমি তাতে কোনো আপত্তি করি নে— আমি কারও স্বাধীনতায় হাত দিতে চাই নে— কিন্তু আমার স্বাধীনতায় কেন হস্তক্ষেপ। সেগুলো আমাকে না পড়িয়ে ছাড়বেন না, তোমার বোঠানের এ কী অভ্যাচার।"

অমল হাসিয়া কহিল, "তাই তো বোঠান— আমার লেখাগুলো নিয়ে তুমি যে দাদাকে জ্বলুম করবার উপায় বের করবে, এমন জানলে আমি লিখতুম না।"

সাহিত্যরসে বিমুগ্ধ ভূপতির কাছে আনিয়া তাহার অত্যন্ত দরদের লেখাগুলিকে অপদস্থ করাতে অমল মনে মনে চাকুর উপর রাগ করিল এবং চাকুর তৎক্ষণাৎ তাহা বৃষ্টিতে পারিয়া বেদনা পাইল। কথাটাকে অন্য দিকে লইয়া যাইবার জন্য ভূপতিকে কহিল, "তোমার ভাইটির একটি বিয়ে দিয়ে দাও দেখি, তা হলে আর লেখার উপদ্রব সহ্য করতে হবে না।"

ভূপতি কহিল, "এখনকার ছেলেরা আমাদের মতো নির্বোধ নয়। তাদের যত কবিত্ব লেখায়, কাজের বেলায় সেয়ানা। কই, তোমার দেওরকে তো বিয়ে করতে রাজি করাতে পারলে না।"

চাকুর চলিয়া গেলে ভূপতি অমলকে কহিল, "অমল, আমাকে এই কাগজের হাঙ্গামে থাকতে হয়, চাকুর বেচারি বড়ো একলা পড়েছে। কোনো কাজকর্ম নেই, মাঝে মাঝে আমার এই লেখবার ঘরে উকি মেয়ে চলে যায়। কী করব বলো। তুমি, অমল, ওকে একটু পড়াশুনোয় নিযুক্ত রাখতে পারলে ভালো হয়। মাঝে মাঝে চাকুরকে যদি ইংরেজি কাব্য থেকে তর্জমা করে শোনাও তা হলে ওর উপকারও হয়, ভালোও লাগে। চাকুর সাহিত্যে বেশ রুচি আছে।"

অমল কহিল, "তা আছে। বোঠান যদি আরো একটু পড়াশুনো করেন তা হলে আমার বিশ্বাস উনি নিজে বেশ ভালো লিখতে পারবেন।"

ভূপতি হাসিয়া কহিল, "ততটা আশা করি নে, কিন্তু চাকুর বাংলা লেখার ভালোমন্দ আমার চেয়ে ঢের বুঝতে পারে।"

অমল। ওঁর কল্পনাশক্তি বেশ আছে, স্ত্রীলোকের মধ্যে এমন দেখা যায় না।

ভূপতি। পুরুষের মধ্যেও কম দেখা যায়, তার সাক্ষী আমি। আচ্ছা, তুমি তোমার বউঠাকরুনকে যদি গড়ে তুলতে পার আমি তোমাকে পারিতোষিক দেব।

অমল। কী দেবে শুনি।

ভূপতি। তোমার বউঠাকরুনের জুড়ি একটি ধুজে-পেতে এনে দেব।

অমল। আবার তাকে নিয়ে পড়তে হবে! চিরজীবন কি গড়ে তুলতেই কাটাবে।

দুটি ভাই আজকালকার ছেলে, কোনো কথা তাহাদের মুখে বাধে না।

চতুর্থ পরিচ্ছেদ

পাঠকসমাজে প্রতিপত্তি লাভ করিয়া অমল এখন মাথা তুলিয়া উঠিয়াছে। আগে সে স্কুলের ছাত্রটির মতো থাকিত, এখন সে যেন সমাজের গণ্যমান্য মানুষের মতো হইয়া উঠিয়াছে। মাঝে মাঝে সভায় সাহিত্যপ্রবন্ধ পাঠ করে— সম্পাদক ও সম্পাদকের দূত তাহার ঘরে আসিয়া বসিয়া থাকে, তাহাকে নিমন্ত্রণ করিয়া খাওয়ায়, নানা সভার সভ্য ও সভাপতি হইবার জন্য তাহার নিকট অনুরোধ আসে, ভূপতির ঘরে দাসদাসী-আত্মীয়স্বজনের চক্রে তাহার প্রতিষ্ঠান অনেকটা উপরে উঠিয়া গেছে।

মন্দাকিনী এতদিন তাহাকে বিশেষ একটা কেহ বলিয়া মনে করে নাই। অমল ও চারু হাস্যলাপ-আলোচনাকে সে ছেলেমানুষি বলিয়া উপেক্ষা করিয়া পান সাজিত ও ঘরের কাজকর্ম করিত; নিজেকে সে উহাদের চেয়ে শ্রেষ্ঠ এবং সংসারের পক্ষে আবশ্যিক বলিয়াই জানিত।

অমলের পান খাওয়া অপরিমিত ছিল। মন্দার উপর পান সাজিবার ভার থাকাতো সে পানের অযথা অপব্যয়ে বিরক্ত হইত। অমলে চারুতে বড়বস্ত্র করিয়া মন্দার পানের ভাগ্য প্রায়ই লুপ্ত করিয়া আনা তাহাদের একটা আমোদের মধ্যে ছিল। কিন্তু এই শৌখিন চোর দুটির চৌর্বপরিহাস মন্দার কাছে আমোদজনক বোধ হইত না।

আসল কথা, একজন আশ্রিত অন্য আশ্রিতকে প্রসন্নচক্রে দেখে না। অমলের জন্য মন্দাকে যেটুকু গৃহকর্ম অতিরিক্ত করিতে হইত সেটুকুতে সে যেন কিছু অপমান বোধ করিত। চারু অমলের পক্ষপাতী ছিল বলিয়া মুখ ফুটিয়া কিছু বলিতে পারিত না, কিন্তু অমলকে অবহেলা করিবার চেষ্টা তাহার সর্বদাই ছিল। সুযোগ পাইলেই দাসদাসীদের কাছেও গোপনে অমলের নামে খোঁচা দিতে সে ছাড়িত না। তাহারাও বোগ দিত।

কিন্তু অমলের যখন অভ্যুত্থান আরম্ভ হইল তখন মন্দার একটু চমক লাগিল। সে অমল এখন আর নাই। এখন তাহার সংকুচিত নম্রতা একেবারে ঘুচিয়া গেছে। অপরকে অবজ্ঞা করিবার অধিকার এখন যেন তাহারই হাতে। সংসারে প্রতিষ্ঠা প্রাপ্ত হইয়া যে পুরুষ অসংশয়ে অকুণ্ঠিতভাবে নিজেকে প্রচার করিতে পারে, যে লোক একটা নিশ্চিত অধিকার লাভ করিয়াছে, সেই সমর্থ পুরুষ সহজেই নারীর দৃষ্টি আকর্ষণ করিতে পারে। মন্দা যখন দেখিল অমল চারি দিক হইতেই শ্রদ্ধা পাইতেছে তখন সেও অমলের উচ্চ মস্তকের দিকে মুখ তুলিয়া চাহিল। অমলের তরুণ মুখে নবগৌরবের গর্বোজ্জ্বল দীপ্তি মন্দার চক্রে মোহ আনিল; সে যেন অমলকে নূতন করিয়া দেখিল।

এখন আর পান চুরি করিবার প্রয়োজন রহিল না। অমলের খ্যাতিলাভে চারুর এই আর-একটা লোকসান; তাহাদের বড়বস্ত্রের কৌতুকবন্ধনটুকু বিচ্ছিন্ন হইয়া গেল; পান এখন অমলের কাছে আপনি আসিয়া পড়ে, কোনো অভাব হয় না।

তাহা ছাড়া, তাহাদের দুইজনে, গঠিত দল হইতে মন্দাকিনীকে নানা কৌশলে দূরে রাখিয়া তাহারা যে আমোদ বোধ করিত, তাহাও নষ্ট হইবার উপক্রম হইয়াছে। মন্দাকে তফাতে রাখা কঠিন হইল। অমল যে মনে করিবে চারুই তাহার একমাত্র বন্ধু ও সমজদার, ইহা মন্দার ভালো লাগিত না। পূর্বকৃত অবহেলা সে সুদে আসলে শোধ দিতে উদ্যত। সুতরাং অমলে চারুতে মুখোমুখি হইলেই মন্দা কোনো ছলে মাঝখানে আসিয়া ছায়া ফেলিয়া গ্রহণ লাগাইয়া দিত। হঠাৎ মন্দার এই পরিবর্তন লইয়া চারু তাহার অসাক্ষাতে যে পরিহাস করিবে সে অবসরটুকু পাওয়া শক্ত হইল।

মন্দার এই অনাহুত প্রবেশ চারুর কাছে বড় বিরক্তিকর বোধ হইত অমলের কাছে ততটা বোধ হয় নাই, এ কথা বলা বাহুল্য। বিমুখ রমণীর মন ক্রমশ তাহার দিকে যে ফিরিতেছে, ইহাতে ভিতরে ভিতরে সে একটা আগ্রহ অনুভব করিতেছিল।

কিন্তু চারু যখন দূর হইতে মন্দাকে দেখিয়া তীব্র মৃদুস্বরে বলিত “ঐ আসছেন” তখন অমলও বলিত, “তাই তো, ছালালে দেখছি।” পৃথিবীর অন্য-সকল সঙ্গের প্রতি অসহিষ্ণুতা প্রকাশ করা

তাহাদের একটা দস্তুর ছিল ; অমল সেটা হঠাৎ কী বলিয়া ছাড়ে । অবশেষে মন্দাকিনী নিকটবর্তিনী হইলে অমল যেন বলপূর্বক সৌজন্য করিয়া বলিত, “তার পরে, মন্দা-বউঠান, আজ তোমার পানের বাটায় বাটপাড়ির লক্ষণ কিছু দেখলে !”

মন্দা । যখন চাইলেই পাও ভাই, তখন চুরি করবার দরকার !

অমল । চেয়ে পাওয়ার চেয়ে তাতে সুখ বেশি ।

মন্দা । তোমরা কী পড়ছিলে পড়ো-না, ভাই । খামলে কেন । পড়া শুনতে আমার বেশ লাগে । ইতিপূর্বে পাঠানুরাগের জন্য খ্যাতি অর্জন করিতে মন্দার কিছুমাত্র চেষ্টা দেখা যায় নাই, কিন্তু ‘কালোহি বলবন্তরঃ’ ।

চারুর ইচ্ছা নহে অরসিকা মন্দার কাছে অমল পড়ে, অমলের ইচ্ছা মন্দাও তাহার লেখা শোনে ।

চারু । অমল কমলাকান্তের দপ্তরের সমালোচনা লিখে এনেছে, সে কি তোমার—

মন্দা । হলেমই বা মুখু, তবু শুনলে কি একেবারেই বুঝতে পারি নে ।

তখন আর-একদিনের কথা অমলের মনে পড়িল । চারুতে মন্দাতে বিস্তি খেলিতেছে, সে তাহার লেখা হাতে করিয়া খেলাসভায় প্রবেশ করিল । চারুকে শুনাইবার জন্য সে অধীর, খেলা ভাঙিতেছে না দেখিয়া সে বিরক্ত । অবশেষে বলিয়া উঠিল, “তোমরা তবে খেলো বউঠান, আমি অখিলবাবুকে লেখাটা শুনিয়া আসি গে ।”

চারু অমলের চাদর চাপিয়া কহিল, “আঃ, বোসো-না, যাও কোথায় ।” বলিয়া তাড়াতাড়ি হারিয়া খেলা শেষ করিয়া দিল ।

মন্দা বলিল, “তোমাদের পড়া আরম্ভ হবে বুঝি ? তবে আমি উঠি ।”

চারু ভদ্রতা করিয়া কহিল, “কেন, তুমিও শোনো-না ভাই ।”

মন্দা । না ভাই, আমি তোমাদের ও-সব ছাইপাশ কিছুই বুঝি নে ; আমার কেবল ঘুম পায় । বলিয়া সে অকালে খেলাভঙ্গে উভয়ের প্রতি অত্যন্ত বিরক্ত হইয়া চলিয়া গেল ।

সেই মন্দা আজ কমলাকান্তের সমালোচনা শুনিবার জন্য উৎসুক । অমল কহিল, “তা বেশ তো মন্দা-বউঠান, তুমি শুনবে সে তো আমার সৌভাগ্য ।” বলিয়া পাত উলটাইয়া আবার গোড়া হইতে পড়িবার উপক্রম করিল ; লেখার আরম্ভে সে অনেকটা পরিমাণ বস ছড়াইয়াছিল, সেটুকু বাদ দিয়া পড়িতে তাহার প্রবৃত্তি হইল না ।

চারু তাড়াতাড়ি বলিল, “ঠাকুরপো, তুমি যে বলেছিলে জাহ্নবী লাইব্রেরি থেকে পুরোনো মাসিক পত্র কতকগুলো এনে দেবে ।”

অমল । সে তো আজ নয় ।

চারু । আজই তো । বেশ । ভুলে গেছ বুঝি ।

অমল । ভুলব কেন । তুমি যে বলেছিলে—

চারু । আচ্ছা বেশ, এনো না । তোমরা পড়ো । আমি যাই, পরেশকে লাইব্রেরিতে পাঠিয়ে দিই গে । বলিয়া চারু উঠিয়া পড়িল ।

অমল বিপদ আশঙ্কা করিল । মন্দা মনে মনে বুঝিল এবং মুহূর্তের মধ্যেই চারুর প্রতি তাহার মন বিবাস্ত হইয়া উঠিল । চারু চলিয়া গেলে অমল যখন উঠিবে কি না ভাবিয়া ইতস্তত করিতেছিল মন্দা ঈষৎ হাসিয়া কহিল, “যাও ভাই, মান ভাঙাও গে ; চারু রাগ করেছে । আমাকে লেখা শোনালে মুশকিলে পড়বে ।”

ইহার পরে অমলের পক্ষে ওঠা অত্যন্ত কঠিন । অমল চারুর প্রতি কিছু কষ্ট হইয়া কহিল, “কেন, মুশকিল কিসের ।” বলিয়া লেখা বিতুষ্ট করিয়া ধরিয়া পড়িবার উপক্রম করিল ।

মন্দা দুই হাতে তাহার লেখা আচ্ছাদন করিয়া বলিল, “কাজ নেই ভাই, পোড়ো না ।” বলিয়া, যেন অশ্রু সংকরণ করিয়া, অন্যত্র চলিয়া গেল ।

পঞ্চম পরিচ্ছেদ

চারু নিমন্ত্রণে গিয়াছিল। মন্দা ঘরে বসিয়া চূলে দড়ি বিনাইতেছিল। “বউঠান” বলিয়া অমল ঘরের মধ্যে প্রবেশ করিল। মন্দা নিশ্চয় জানিত যে, চারুর নিমন্ত্রণে যাওয়ার সংবাদ অমলের অগোচর ছিল না; হাসিয়া কহিল, “আহা অমলবাবু, কাকে খুঁজতে এসে কার দেখা পেলে। এমনি তোমার অদৃষ্ট।” অমল কহিল, “বা দিকের বিচালিও যেমন ডান দিকের বিচালিও ঠিক তেমনি, গর্দভের পক্ষে দুইই সমান আদরের।” বলিয়া সেইখানে বসিয়া গেল।

অমল। মন্দা-বোঠান, তোমাদের দেশের গল্প বলো, আমি শুনি।

লেখার বিষয় সংগ্রহ করিবার জন্য অমল সকলের সব কথা কৌতূহলের সহিত শুনিত। সেই কারণে মন্দাকে এখন সে আর পূর্বের ন্যায় সম্পূর্ণ উপেক্ষা করিত না। মন্দার মনস্তত্ত্ব, মন্দার ইতিহাস, এখন তাহার কাছে ঔৎসুকাজনক। কোথায় তাহার জন্মভূমি, তাহাদের গ্রামটি কিরূপ, ছেলেবেলা কেমন করিয়া কাটিত, বিবাহ হইল কবে, ইত্যাদি সকল কথাই সে খুঁটিয়া খুঁটিয়া জিজ্ঞাসা করিতে লাগিল। মন্দার ক্ষুদ্র জীবনবৃত্তান্ত সম্বন্ধে এত কৌতূহল কেহ কখনো প্রকাশ করে নাই। মন্দা আনন্দে নিজের কথা বকিয়া যাইতে লাগিল; মাঝে মাঝে কহিল, “কী বকছি তার ঠিক নাই।”

অমল উৎসাহ দিয়া কহিল, “না, আমার বেশ লাগছে, বলে যাও।” মন্দার বাপের এক কানা গোমস্তা ছিল, সে তাহার দ্বিতীয় পক্ষের স্ত্রীর সঙ্গে ঝগড়া করিয়া এক-একদিন অভিমানে অনশনব্রত গ্রহণ করিত, অবশেষে ক্ষুধার জ্বালায় মন্দাদের বাড়িতে কিরূপে গোপনে আহার করিতে আসিত এবং দৈবাৎ একদিন স্ত্রীর কাছে কিরূপে ধরা পড়িয়াছিল, সেই গল্প যখন হইতেছে এবং অমল মনোযোগের সহিত শুনিত শুনিত সেকৌতুকে হাসিতেছে, এমন সময় চারু ঘরের মধ্যে আসিয়া প্রবেশ করিল।

গল্পের সূত্র ছিন্ন হইয়া গেল। তাহার আগমনে হঠাৎ একটা জমাট সভা ভাঙিয়া গেল, চারু তাহা স্পষ্টই বুঝিতে পারিল।

অমল জিজ্ঞাসা করিল, “বউঠান, এত সকাল-সকাল ফিরে এলে যে।”

চারু কহিল, “তাই তো দেখছি। বেশি সকাল-সকালই ফিরেছি।” বলিয়া চলিয়া যাইবার উপক্রম করিল।

অমল কহিল, “ভালোই করেছ, বাঁচিয়েছ আমাকে। আমি ভাবছিলুম, কখন না জানি ফিরবে মন্থধ দত্তর ‘সজ্জার পাখি’ বলে নূতন বইটা তোমাকে পড়ে শোনাব বলে এনেছি।”

চারু। এখন থাক, আমার কাজ আছে।

অমল। কাজ থাকে তো আমাকে হুকুম করো, আমি করে দিচ্ছি।

চারু জানিত অমল আজ বই কিনিয়া আনিয়া তাহাকে শুনাইতে আসিবে; চারু ইর্ষা জন্মাইবার জন্য মন্থধর লেখার প্রচুর প্রশংসা করিবে এবং অমল সেই বইটাকে বিকৃত করিয়া পড়িয়া বিদ্রূপ করিতে থাকিবে। এই-সকল কল্পনা করিয়াই অধৈর্যবশত সে অকালে নিমন্ত্রণগৃহের সমস্ত অনুনয়বিনয় লঙ্ঘন করিয়া অসুখের ছুতায় গৃহে চলিয়া আসিতেছে। এখন বার বার মনে করিতেছে, ‘সেখানে ছিলাম ভালো, চলিয়া আসা অন্যায্য হইয়াছে।’

মন্দাও তো কম বেহায়া নয়। একলা অমলের সহিত একঘরে বসিয়া দাঁত বাহির করিয়া হাসিতেছে। লোকে দেখিলে কী বলিবে। কিন্তু মন্দাকে এ কথা লইয়া ভৎসনা করা চারুর পক্ষে বড়ো কঠিন। কারণ, মন্দা যদি তাহারই দৃষ্টান্তের উল্লেখ করিয়া জবাব দেয়। কিন্তু সে হইল এক, আর এ হইল এক। সে অমলকে রচনায় উৎসাহ দেয়, অমলের সঙ্গে সাহিত্যালোচনা করে, কিন্তু মন্দার তো সে উদ্দেশ্য আদর্শই নয়। মন্দা নিঃসন্দেহই সরল যুবককে মুগ্ধ করিবার জন্য জাল বিস্তার করিতেছে। এই ভয়ঙ্কর বিপদ হইতে বেচারী অমলকে রক্ষা করা তাহারই কর্তব্য। অমলকে এই মায়ামিনীর মতলব কেমন করিয়া বুঝাইবে। বুঝাইলে তাহার প্রলোভনের নিবৃত্তি না হইয়া যদি উলটা হয়।

বেচারি দাদা ! তিনি তাহার স্বামীর কাগজ লইয়া দিন রাত খাটিয়া মরিতেছেন, আর মন্দা কিনা কোণটিতে বাসিয়া অমলকে ভুলাইবার জন্য আয়োজন করিতেছে । দাদা বেশ নিশ্চিত আছেন । মন্দার উপরে তাঁর অগাধ বিশ্বাস । এ-সকল ব্যাপার চারু কী করিয়া স্বচক্ষে দেখিয়া স্থির থাকিবে । ভারি অন্যায় ।

কিন্তু আগে অমল বেশ ছিল, যেদিন হইতে লিখিতে আরম্ভ করিয়া নাম করিয়াছে সেই দিন হইতেই যত অনর্থ দেখা যাইতেছে । চারুই তো তাহার লেখার গোড়া । কৃষ্ণে সে অমলকে রচনায় উৎসাহ দিয়াছিল । এখন কি আর অমলের 'পরে তাহার পূর্বের মতো জোর খাটিবে । এখন অমল পাচজনের আদরের স্বাদ পাইয়াছে, অতএব একজনকে বাদ দিলে তাহার আসে যায় না ।

চারু স্পষ্টই বুঝিল, তাহার হাত হইতে গিয়া পাচজনের হাতে পড়িয়া অমলের সমূহ বিপদ । চারুকে অমল এখন নিজের ঠিক সমকক্ষ বলিয়া জানে না ; চারুকে সে ছাড়াইয়া গেছে । এখন সে লেখক, চারু পাঠক । ইহার প্রতিকার করিতেই হইবে ।

আহা, সরল অমল, মায়াবিনী মন্দা, বেচারি দাদা ।

ষষ্ঠ পরিচ্ছেদ

সেদিন আবার নবীন মেঘে আকাশ আচ্ছন্ন । ঘরের মধ্যে অন্ধকার ঘনীভূত হইয়াছে বলিয়া চারু তাহার খোলা জানালার কাছে একান্ত ঝুঁকিয়া পড়িয়া কী একটা লিখিতেছে ।

অমল কখন নিঃশব্দপদে পশ্চাতে আসিয়া দাঁড়াইল তাহা সে জানিতে পারিল না । বাদলার স্নিগ্ধ আলোকে চারু লিখিয়া গেল, অমল পড়িতে লাগিল । পাশে অমলেরই দুই-একটা ছাপানো লেখা খোলা পড়িয়া আছে ; চারুর কাছে সেইগুলিই রচনার একমাত্র আদর্শ ।

“ হবে যে বল, তুমি লিখতে পার না ! ” হঠাৎ অমলের কণ্ঠ শুনিয়া চারু অত্যন্ত চমকিয়া উঠিল ; তাড়াতাড়ি খাতা লুকাইয়া ফেলিল ; কহিল, “তোমার ভারি অন্যায় ।”

অমল । কী অন্যায় করেছি ।

চারু । নুকিয়ে নুকিয়ে দেখছিলে কেন ।

অমল । প্রকাশ্যে দেখতে পাই নে বলে ।

চারু তাহার লেখা ছিড়িয়া ফেলিবার উপক্রম করিল । অমল ফস্ করিয়া তাহার হাত হইতে খাতা কাড়িয়া লইল, চারু কহিল, “তুমি যদি পড় তোমার সঙ্গে জন্মের মতো আড়ি ।”

অমল । যদি পড়তে বারণ কর তা হলে তোমার সঙ্গে জন্মের মতো আড়ি ।

চারু । আমার মাথা খাও ঠাকুরপো, পোড়ো না ।

অবশেষে চারুকেই হার মানিতে হইল । কারণ, অমলকে তাহার লেখা দেখাইবার জন্য মন ছুটুকটু করিতেছিল, অথচ দেখাইবার বেলায় যে তাহার এত লজ্জা করিবে তাহা সে ভাবে নাই । অমল যখন অনেক অনুনয় করিয়া পড়িতে আরম্ভ করিল তখন লজ্জায় চারুর হাত-পা বরফের মতো হিম হইয়া গেল । কহিল, “আমি পান নিয়ে আসি গে ।” বলিয়া তাড়াতাড়ি পাশের ঘরে পান সাজিবার উপলক্ষ করিয়া চলিয়া গেল ।

অমল পড়া সাক্ষ করিয়া চারুকে গিয়া কহিল, “চমৎকার হয়েছে ।”

চারু পানে ঘরের দিতে ভুলিয়া কহিল, “বাও, আর ঠাট্টা করতে হবে না । দাও, আমার খাতা দাও ।”

অমল কহিল, “খাতা এখন দেব না, লেখাটা কপি করে নিয়ে কাগজে পাঠাব ।”

চারু । হ্যাঁ, কাগজে পাঠাবে বৈকি ! সে হবে না ।

চারু ভারি গোলমাল করিতে লাগিল । অমলও কিছুতে ছাড়িল না । সে যখন বার বার শপথ করিয়া কহিল “কাগজে দিবার উপযুক্ত হইয়াছে” তখন চারু যেন নিতান্ত হতাশ হইয়া কহিল, “তোমার

সঙ্গে তো পেরে ওঠবার জো নেই! যেটা ধরবে সে আর কিছুতেই ছাড়বে না!”

অমল কহিল, “দাদাকে একবার দেখাতে হবে।”

তুনিয়া চারু পান সাজা ফেলিয়া আসন হইতে বেগে উঠিয়া পড়িল; খাতা কাড়িবার চেষ্টা করিয়া কহিল, “না, তাঁকে শোনাতে পাবে না। তাঁকে যদি আমার লেখার কথা বল তা হলে আমি আর এক অক্ষর লিখব না।”

অমল। বউঠান, তুমি ভারি ডুল বুঝছ। দাদা মুখে যাই বলুন, তোমার লেখা দেখলে খুব খুশি হবেন।

চারু। তা হোক, আমার খুশিতে কাজ নেই।

চারু প্রতিজ্ঞা করিয়া বসিয়াছিল সে লিখিবে— অমলকে আশ্চর্য করিয়া দিবে; মন্দার সহিত তাহার যে অনেক প্রভেদ এ কথা প্রমাণ না করিয়া সে ছাড়িবে না। এ কয়দিন বিস্তর লিখিয়া সে ছিড়িয়া ফেলিয়াছে। যাহা লিখিতে যায় তাহা নিতান্ত অমলের লেখার মতো হইয়া উঠে; মিলাইতে গিয়া দেখে এক-একটা অংশ অমলের রচনা হইতে প্রায় অবিকল উদ্ভূত হইয়া আসিয়াছে। সেইগুলিই ভালো, বাকিগুলো কাঁচা। দেখিলে অমল নিশ্চয়ই মনে মনে হাসিবে, ইহাই কল্পনা করিয়া চারু সে-সকল লেখা কুটি কুটি করিয়া ছিড়িয়া পুকুরের মধ্যে ফেলিয়া দিয়াছে, পাছে তাহার একটা খণ্ডও দৈবাৎ অমলের হাতে আসিয়া পড়ে।

প্রথমে সে লিখিয়াছিল ‘শ্রাবণের মেঘ’। মনে করিয়াছিল, ‘ভাবাক্রম্ভলে অভিব্যক্ত খুব একটা নূতন লেখা লিখিয়াছি।’ হঠাৎ চেতনা পাইয়া দেখিল জিনিসটা অমলের ‘আষাঢ়ের চাঁদ’-এর এপিঠ-ওপিঠ মাত্র। অমল লিখিয়াছে, ‘ভাই চাঁদ, তুমি মেঘের মধ্যে চোবের মতো লুকাইয়া বেড়াইতেছ কেন।’ চারু লিখিয়াছিল, ‘সখী কাদম্বিনী, হঠাৎ কোথা হইতে আসিয়া তোমার নীলাঞ্জলের তলে চাঁদকে চুরি করিয়া পলায়ন করিতেছ’ ইত্যাদি।

কোনোমতেই অমলের গণ্ডি এড়াইতে না পারিয়া অবশেষে চারু রচনার বিষয় পরিবর্তন করিল। চাঁদ, মেঘ, শেফালি, বউ-কথা-কণ, এ-সমস্ত ছাড়িয়া সে ‘কালীতলা’ বলিয়া একটা লেখা লিখিল। তাহাদের গ্রামে ছায়ায়-অন্ধকার পুকুরটির ধারে কালীর মন্দির ছিল; সেই মন্দিরটি লইয়া তাহার বাল্যকালের কল্পনা ভয় ঔৎসুক্য, সেই সম্বন্ধে তাহার বিচিত্র স্মৃতি, সেই জাগ্রত ঠাকুরানীর মাহাত্ম্য সম্বন্ধে গ্রামে চিরপ্রচলিত প্রাচীন গল্প— এই-সমস্ত লইয়া সে একটি লেখা লিখিল। তাহার আরম্ভ-ভাগ অমলের লেখার ছাঁদে কাব্যোদ্ভবপূর্ণ হইয়াছিল, কিন্তু খানিকট অগ্রসর হইতেই তাহার লেখা সহজেই সরল এবং পল্লীগ্রামের ভাষা-ভঙ্গি-আভাসে পরিপূর্ণ হইয়া উঠিয়াছিল।

এই লেখাটা অমল কাড়িয়া লইয়া পড়িল। তাহার মনে হইল, গোড়ার দিকটা বেশ সরস হইয়াছে, কিন্তু কবিত্ব শেষ পর্যন্ত রক্ষিত হয় নাই। যাহা হউক, প্রথম রচনার পক্ষে লেখিকার উদ্যম প্রশংসনীয়।

চারু কহিল, “ঠাকুরপো, এসো আমরা একটা মাসিক কাগজ বের করি। কী বল।”

অমল। অনেকগুলি রৌপ্যচক্র না হলে সে কাগজ চলবে কী করে।

চারু। আমাদের এ কাগজে কোনো খরচ নেই। ছাপা হবে না তো— হাতের অক্ষরে লিখব। তাতে তোমার আমার ছাড়া আর কারও লেখা বেরবে না, কাউকে পড়তে দেওয়া হবে না। কেবল দু কপি করে বের হবে; একটি তোমার জন্যে, একটি আমার জন্যে।

কিছুদিন পূর্বে হইলে অমল এ প্রস্তাবে মাতিয়া উঠিত; এখন গোপনতার উৎসাহ তাহার চলিয়া গেছে। এখন দশজনকে উদ্দেশ্য না করিয়া কোনো রচনায় সে সুখ পায় না। তবু সাবেক কালের ঠাট বজায় রাখিবার জন্য উৎসাহ প্রকাশ করিল। কহিল, “সে বেশ মজা হবে।”

চারু কহিল, “কিন্তু প্রতিজ্ঞা করতে হবে, আমাদের কাগজ ছাড়া আর কোথাও তুমি লেখা বের করতে পারবে না।”

অমল। তা হলে সম্পাদকরা যে মেরেই ফেলবে।

চারু। আর আমার হাতে বুকি মারের অস্ত্র নেই ?

সেইরূপ কথা হইল। দুই সম্পাদক, দুই লেখক এবং দুই পাঠকে মিলিয়া কমিটি বসিল। অমল কহিল, “কাগজের নাম দেওয়া যাক চারুপাঠ।” চারু কহিল, “না, এর নাম অমলা।”

এই নূতন বন্দোবস্তে চারু মাঝের কয়দিনের দুঃখবিরক্তি ভুলিয়া গেল। তাহাদের মাসিক পত্রটিতে তো মন্দার প্রবেশ করিবার কোনো পথ নাই এবং বাহিরের লোকেরও প্রবেশের দ্বার রুদ্ধ।

সপ্তম পরিচ্ছেদ

ভূপতি একদিন আসিয়া কহিল, “চারু, তুমি যে লেখিকা হয়ে উঠবে, পূর্বে এমন তো কোনো কথা ছিল না।”

চারু চমকিয়া লাল হইয়া উঠিয়া কহিল, “আমি লেখিকা ! কে বললে তোমাকে। কখনো না।”

ভূপতি। বামালসুদ্ধ গ্রেফতার। প্রমাণ হাতে-হাতে। বলিয়া ভূপতি একখণ্ড সরোকহ বাহির করিল। চারু দেখিল, যে-সকল লেখা সে তাহাদের গুণ্ড সম্পত্তি মনে করিয়া নিজেদের হস্তলিখিত মাসিক পত্রে সঙ্কয় করিয়া রাখিতেছিল তাহাই লেখক-লেখিকার নামসুদ্ধ সরোকহে প্রকাশ হইয়াছে।

কে যেন তাহার খাচার বডো সাধের পোষা পাখিগুলিকে দ্বার খুলিয়া উড়াইয়া দিয়াছে, এমনি তাহার মনে হইল। ভূপতির নিকটে ধরা পড়িবার লজ্জা ভুলিয়া গিয়া বিশ্বাসঘাতী অমলের উপর তাহার মনে মনে অত্যন্ত রাগ হইতে লাগিল।

“আর এইটে দেখো দেখি।” বলিয়া বিশ্ববন্ধু খবরের কাগজ খুলিয়া ভূপতি চারুর সম্মুখে ধরিল। তাহাতে ‘হাল বাংলা লেখার চণ্ড’ বলিয়া একটা প্রবন্ধ বাহির হইয়াছে।

চারু হাত দিয়া ঠেলিয়া দিয়া কহিল, “এ পড়ে আমি কী করব।” তখন অমলের উপর অভিমানে আর কোনো দিকে সে মন দিতে পারিত্বেছিল না। ভূপতি জোর করিয়া কহিল, “একবার পড়ে দেখোই-না।”

চারু অগত্যা চোখ বুলাইয়া গেল। আধুনিক কোনো কোনো লেখকশ্রেণীর ভাবাডম্বরে পূর্ণ গদ্য লেখাকে গালি দিয়া লেখক খুব কড়া প্রবন্ধ লিখিয়াছে। তাহার মধ্যে অমল এবং মন্থাথ দস্তর লেখার ধারাকে সমালোচক তীব্র উপহাস করিয়াছে, এবং তাহারই সঙ্গে তুলনা করিয়া নবীনা লেখিকা শ্রীমতী চারুবারাভার অকৃত্রিম সরলতা, অনায়াস সরসতা এবং চিত্ররচনানৈপুণ্যের বহুল প্রশংসা করিয়াছে। লিখিয়াছে, এইরূপ রচনাপ্রণালীর অনুকরণ করিয়া সফলতা লাভ করিলে তবেই অমল-কোম্পানির নিস্তার, নচেৎ তাহারা সম্পূর্ণ ফেল করিবে ইহাতে কোনো সন্দেহ নাই।

ভূপতি হাসিয়া কহিল, “একেই বলে গুরুমারা বিদ্যে।”

চারু তাহার লেখার এই প্রথম প্রশংসায় এক-একবার খুশি হইতে গিয়া তৎক্ষণাৎ পীড়িত হইতে লাগিল। তাহার মন যেন কোনোমতেই খুশি হইতে চাহিল না। প্রশংসার লোভনীয় সুধাপাত্র মুখের কাছ পর্যন্ত আসিতেই ঠেলিয়া ফেলিয়া দিতে লাগিল।

সে বুকিতে পারিল, তাহার লেখা কাগজে ছাপাইয়া অমল হঠাৎ তাহাকে বিস্মিত করিয়া দিবার সংকল্প করিয়াছিল। অবশেষে ছাপা হইলে পর স্থির করিয়াছিল কোনো-একটা কাগজে প্রশংসাপূর্ণ সমালোচনা বাহির হইলে দুইটা একসঙ্গে দেখাইয়া চারুর রোষণাস্তি ও উৎসাহবিধান করিবে। যখন প্রশংসা বাহির হইল তখন অমল কেন আগ্রহের সহিত তাহাকে দেখাইতে আসিল না। এ সমালোচনায় অমল আঘাত পাইয়াছে এবং চারুকে দেখাইতে চাহে না বলিয়াই এ কাগজগুলি সে একেবারে গোপন করিয়া গেছে। চারু আরামের জন্য অতি নিভতে যে একটি ক্ষুদ্র সাহিত্যনীড় রচনা করিতেছিল হঠাৎ প্রশংসা-শিলাবৃষ্টির একটা বডো রকমের শিলা আসিয়া সেটাকে একেবারে স্থলিত করিবার জো করিল। চারুর ইহা একেবারেই ভালো লাগিল না।

ভূপতি চলিয়া গেলে চারু তাহার শোবার ঘরের খাটে চূপ করিয়া বসিয়া রহিল; সম্মুখে সরোকহ এবং বিশ্ববন্ধু খোলা পড়িয়া আছে।

খাতা-হাতে অমল চাকুরকে সহসা চকিত করিয়া দিবার জন্য পশ্চাৎ হইতে নিঃশব্দপদে প্রবেশ করিল। কাছে আসিয়া দেখিল, বিশ্ববন্ধুর সমালোচনা খুলিয়া চাকুর নিমগ্নচিত্তে বসিয়া আছে।

পুনরায় নিঃশব্দপদে অমল বাহির হইয়া গেল। 'আমাকে গালি দিয়া চাকুর লেখাকে প্রশংসা করিয়াছে বলিয়া আনন্দে চাকুর আর চেতনা নাই।' মুহূর্তের মধ্যে তাহার সমস্ত চিন্তা যেন তিস্তস্বাদ হইয়া উঠিল। চাকুর যে মুখের সমালোচনা পড়িয়া নিজেকে আপন গুরুর চেয়ে মস্ত মনে করিয়াছে, ইহা নিশ্চয় স্থির করিয়া অমল চাকুর উপর ভারি রাগ করিল। চাকুর উচিত ছিল কাগজখানা টুকরা টুকরা করিয়া ছিড়িয়া আগুনে ছাই করিয়া পুড়াইয়া ফেলা।

চাকুর উপর রাগ করিয়া অমল মন্দার ঘরের দ্বারে দাঁড়াইয়া সশব্দে ডাকিল, "মন্দা-বউঠান।"

মন্দা। এসো ভাই, এসো। না চাইতেই যে দেখা পেলুম। আজ আমার কী ভাগ্য।

অমল। আমার নূতন লেখা দু-একটা শুনবে?

মন্দা। কতদিন থেকে 'শোনাও শোনাও' করে আশা দিয়ে রেবেছ কিন্তু শোনাও না তো। কাজ নেই ভাই— আবার কে কোন দিক থেকে রাগ করে বসলে তুমিই বিপদে পড়বে— আমার কী।

অমল কিছু তীব্রস্বরে কহিল, "রাগ করবেন কে। কেনই বা রাগ করবেন। আচ্ছা সে দেখা যাবে, তুমি এখন শোনোই তো।"

মন্দা যেন অত্যন্ত আগ্রহে তাড়াতাড়ি সংযত হইয়া বসিল। অমল সুর করিয়া সমারোহের সহিত পড়িতে আরম্ভ করিল।

অমলের লেখা মন্দার পক্ষে নিতান্তই বিদেশী, তাহার মধ্যে কোথাও সে কোনো কিনারা দেখিতে পায় না। সেইজন্যই সমস্ত মুখে আনন্দের হাসি আনিয়া অতিরিক্ত ব্যগ্রতার ভাবে সে শুনিতে লাগিল। উৎসাহে অমলের কণ্ঠ উত্তরোত্তর উচ্চ হইয়া উঠিল।

সে পড়িতেছিল— 'অভিমন্যু যেমন গর্ভবাসকালে কেবল বৃহ-প্রবেশ করিতে শিখিয়াছিল, বৃহ হইতে নির্গমন শেখে নাই— নদীর স্রোত সেইরূপ গিবিদরীর পাষণ-জঠরের মধ্যে থাকিয়া কেবল সম্মুখেই চলিতে শিখিয়াছিল, পশ্চাতে ফিরিতে শেখে নাই। হায় নদীর স্রোত, হায় যৌবন, হায় কাল, হায় সংসার, তোমরা কেবল সম্মুখেই চলিতে পার— যে পথে স্মৃতির স্বর্ণমণ্ডিত উপলব্ধি ছড়াইয়া আস সে পথে আর কোনোদিন ফিরিয়া যাও না। মানুষের মনই কেবল পশ্চাতের দিকে চায়, অনন্ত জগৎ-সংসার সে দিকে ফিরিয়াও তাকায় না।'

এমন সময় মন্দার দ্বারের কাছে একটি ছায়া পড়িল, সে ছায়া মন্দা দেখিতে পাইল। কিন্তু যেন দেখে নাই একপ ভান করিয়া অনিমেষদৃষ্টিতে অমলের মুখের দিকে চাহিয়া নিবিড় মনোযোগের সহিত পড়া শুনিতে লাগিল।

ছায়া তৎক্ষণাৎ সরিয়া গেল।

চাকুর অপেক্ষা করিয়া ছিল, অমল আসিলেই তাহার সম্মুখে বিশ্ববন্ধু কাগজটিকে যথোচিত লাঞ্চিত করিবে, এবং প্রতিজ্ঞা ভঙ্গ করিয়া তাহাদের লেখা মাসিক পত্রে বাহির করিয়াছে বলিয়া অমলকেও ভৎসনা করিবে।

অমলের আসিবার সময় উত্তীর্ণ হইয়া গেল তবু তাহার দেখা নাই। চাকুর একটা লেখা ঠিক করিয়া রাখিয়াছে; অমলকে শুনাইবার ইচ্ছা; তাহাও পড়িয়া আছে।

এমন সময়ে কোথা হইতে অমলের কণ্ঠস্বর শুনা যায়। এ যেন মন্দার ঘরে। শরবিষ্কের মতো সে উঠিয়া পড়িল। পায়ের শব্দ না করিয়া সে দ্বারের কাছে আসিয়া দাঁড়াইল। অমল যে লেখা মন্দাকে শুনাইতেছে এখনো চাকুর তাহা শোনে নাই। অমল পড়িতেছিল— 'মানুষের মনই কেবল পশ্চাতের দিকে চায়— অনন্ত জগৎ-সংসার সে দিকে ফিরিয়াও তাকায় না।'

চাকুর যেমন নিঃশব্দে আসিয়াছিল তেমন নিঃশব্দে আর ফিরিয়া যাইতে পারিল না। আজ পরে পরে দুই-তিনটা আঘাতে তাহাকে একেবারে ধৈর্যচ্যুত করিয়া দিল। মন্দা যে একবর্ণও বুঝিতেছে না এবং অমল যে নিতান্ত নিবোধ মুঢ়ের মতো তাহাকে পড়িয়া শুনাইয়া তৃপ্তিলাভ করিতেছে, এ কথা তাহার

চীৎকার করিয়া বলিয়া আসিতে ইচ্ছা করিল। কিন্তু না বলিয়া সক্রোধ পদশব্দে তাহা প্রচার করিয়া আসিল। শয়নগৃহে প্রবেশ করিয়া চারু দ্বার সশব্দে বন্ধ করিল।

অমল ক্ষণকালের জন্য পড়ায় কান্দু দিল। মন্দা হাসিয়া চারুর উদ্দেশে ইঙ্গিত করিল। অমল মনে মনে কহিল, 'বউঠানের এ কী দৌরাখ্যা। তিনি কি ঠিক করিয়া রাখিয়াছেন, আমি তাহারই ক্রীতদাস। তাহাকে ছাড়া আর কাহাকেও পড়া শুনাইতে পারিব না। এ যে ভয়ানক জুলুম।' এই ভাবিয়া সে আরো উচ্চৈঃস্বরে মন্দাকে পড়িয়া শুনাইতে লাগিল।

পড়া হইয়া গেলে চারুর ঘরের সম্মুখ দিয়া সে বাহিরে চলিয়া গেল। একবার চাহিয়া দেখিল, ঘরের দ্বার রুদ্ধ।

চারু পদশব্দে বুঝিল, অমল তাহার ঘরের সম্মুখ দিয়া চলিয়া গেল— একবারও থামিল না। রাগে ক্রোধে তাহার কান্না আসিল না। নিজের নূতন-লেখা খাতাখানি বাহির করিয়া তাহার প্রত্যেক পাতা বসিয়া বসিয়া টুকরা টুকরা করিয়া ছিড়িয়া স্তুপাকার করিল। হায়, কী কৃষ্ণণেই এই-সমস্ত লেখালেখি আরম্ভ হইয়াছিল।

অষ্টম পরিচ্ছেদ

সন্ধ্যার সময় বারান্দার টব হইতে ঝুঁইফুলের গন্ধ আসিতেছিল। ছিন্ন মেঘের ভিতর দিয়া স্নিগ্ধ আকাশে তারা দেখা যাইতেছিল। আজ চারু চুল বাঁধে নাই, কাপড় ছাড়ে নাই। জানলার কাছে অন্ধকারে বসিয়া আছে, মৃদুবাভাসে আস্তে আস্তে তাহার খোলা চুল উড়াইতেছে, এবং তাহার চোখ দিয়া এমন ঝর ঝর করিয়া কেন জল বহিয়া যাইতেছে তাহা সে নিজেই বুঝিতে পারিতেছে না।

এমন সময় ভূপতি ঘরে প্রবেশ করিল। তাহার মুখ অত্যন্ত স্নান, হৃদয় ভারাক্রান্ত। ভূপতির আসিবার সময় এখন নহে। কাগজের জন্য লিখিয়া প্রুফ দেখিয়া অন্তঃপুরে আসিতে প্রায়ই তাহার বিলম্ব হয়। আজ সন্ধ্যার পরেই যেন কোন সাব্বনা-প্রত্যাশায় চারুর নিকটে আসিয়া উপস্থিত হইল।

ঘরে প্রদীপ জ্বলিতেছিল না। খোলা জানলার ক্ষীণ আলোকে ভূপতি চারুকে বাতায়নের কাছে অস্পষ্ট দেখিতে পাইল; ধীরে ধীরে পশ্চাতে আসিয়া দাঁড়াইল। পদশব্দ শুনিতে পাইয়াও চারু মুখ ফিরাইল না— মূর্তিটির মতো স্থির হইয়া কঠিন হইয়া বসিয়া রহিল।

ভূপতি কিছু আশ্চর্য হইয়া ডাকিল, "চারু।"

ভূপতির কণ্ঠস্বরে সচকিত হইয়া তাড়াতাড়ি উঠিয়া পড়িল। ভূপতি আসিয়াছে সে তাহা মনে করে নাই। ভূপতি চারুর মাথার চুলের মধ্যে আঙুল বুলাইতে বুলাইতে স্নেহপ্রকণ্ঠে জিজ্ঞাসা করিল, "অন্ধকারে তুমি যে একলাটি বসে আছ, চারু? মন্দা কোথায় গেল।"

চারু যেমনটি আশা করিয়াছিল আজ সমস্ত দিন তাহার কিছুই হইল না। সে নিশ্চয় স্থির করিয়াছিল অমল আসিয়া ক্ৰমা চাহিবে— সেজনা প্রস্তুত হইয়া সে প্রতীক্ষা করিতেছিল, এমন সময় ভূপতির অপ্রত্যাশিত কণ্ঠস্বরে সে যেন আর আশ্বাসংবরণ করিতে পারিল না— একেবারে কাঁদিয়া ফেলিল।

ভূপতি ব্যস্ত হইয়া বাঁধিত হইয়া জিজ্ঞাসা করিল, "চারু, কী হয়েছে, চারু।"

কী হইয়াছে তাহা বলা শক্ত। এমনই কী হয়েছে। বিশেষ তো কিছুই হয় নাই। অমল নিজের নূতন লেখা প্রথমে তাহাকে না শুনাইয়া মন্দাকে শুনাইয়াছে এ কথা লইয়া ভূপতির কাছে কী নালিশ করিবে। শুনিলে কি ভূপতি হাসিবে না? এই তুচ্ছ ব্যাপারের মধ্যে গুরুতর নালিশের বিষয় যে কোনখানে লুকাইয়া আছে তাহা খুঁজিয়া বাহির করা চারুর পক্ষে অসাধ্য। অকারণে সে যে কেন এত অধিক কষ্ট পাইতেছে, ইহাই সম্পূর্ণ বুঝিতে না পারিয়া তাহার কষ্টের বেদনা আরো বাড়িয়া উঠিয়াছে।

ভূপতি। বলো-না চারু, তোমার কী হয়েছে। আমি কি তোমার উপর কোনো অন্যায় করেছি। তুমি তো জানই, কাগজের ঝঞ্জাট নিয়ে আমি কিরকম ব্যতিব্যস্ত হয়ে আছি, যদি তোমার মনে কোনো আঘাত দিয়ে থাকি সে আমি ইচ্ছে করে দিই নি।

ভূপতি এমন বিষয়ে প্রশ্ন করিতেছে যাহার একটিও জবাব দিবার নাই, সেইজন্য চাকু ভিতরে ভিতরে অধীর হইয়া উঠিল ; মনে হইতে লাগিল, ভূপতি এখন তাহাকে নিষ্কৃতি দিয়া ছাড়িয়া গেলে সে ঠাচে ।

ভূপতি দ্বিতীয়বার কোনো উত্তর না পাইয়া পুনর্বার স্নেহসিক্ত স্বরে কহিল, “আমি সর্বদা তোমার কাছে আসতে পারি নে চাকু, সেজন্যে আমি অপরাধী, কিন্তু আর হবে না । এখন থেকে দিনরাত কাগজ নিয়ে থাকব না । আমাকে তুমি যতটা চাও ততটাই পাবে ।”

চাকু অধীর হইয়া বলিল, “সেজন্যে নয় ।”

ভূপতি কহিল, “তবে কী জন্যে ।” বলিয়া খাটের উপর বসিল ।

চাকু বিরস্তির স্বর গোপন করিতে না পারিয়া কহিল, “সে এখন থাক, রাত্রে বলব ।”

ভূপতি মুহূর্তকাল স্তব্ধ থাকিয়া কহিল, “আচ্ছা, এখন থাক ।” বলিয়া আস্তে আস্তে উঠিয়া বাহিরে চলিয়া গেল । তাহার নিজের একটা কী কথা বলিবার ছিল, সে আর বলা হইল না ।

ভূপতি যে একটা স্কোভ পাইয়া গেল, চাকুর কাছে তাহা অগোচর রহিল না । মনে হইল, ‘ফিরিয়া ডাকি ।’ কিন্তু ডাকিয়া কী কথা বলিবে । অনুতাপে তাহাকে বিদ্ধ করিল, কিন্তু কোনো প্রতিকার সে খুঁজিয়া পাইল না ।

রাত্রি হইল । চাকু আজ সবিশেষ যত্ন করিয়া ভূপতির রাত্রে আহার সাজাইল এবং নিজে পাখা হাতে করিয়া বসিয়া রহিল ।

এমন সময় শুনিতে পাইল মন্দা উচ্চঃস্বরে ডাকিতেছে, “ব্রজ, ব্রজ ।” ব্রজ চাকুর সাদা দিলে জিজ্ঞাসা করিল, “অমলবাবুর খাওয়া হয়েছে কি ।” ব্রজ উত্তর করিল, “হয়েছে ।” মন্দা কহিল, “খাওয়া হয়ে গেছে অথচ পান নিয়ে গেলি নে যে ।” মন্দা ব্রজকে অত্যন্ত তিরস্কার করিতে লাগিল ।

এমন সময় ভূপতি অন্তঃপুরে আসিয়া আহারে বসিল, “চাকু পাখা করিতে লাগিল ।

চাকু আজ প্রতিজ্ঞা করিয়াছিল, ভূপতির সঙ্গে প্রফুল্ল স্নিগ্ধভাবে নানা কথা কহিবে । কথাবার্তা আগে হইতে ভাবিয়া প্রস্তুত হইয়া বসিয়া ছিল । কিন্তু মন্দার কঠস্বরে তাহার বিস্তৃত আয়োজন সমস্ত ভাঙিয়া দিল, আহারকালে ভূপতিকে সে একটি কথাও বলিতে পারিল না । ভূপতিও অত্যন্ত বিমর্ষ অনামন হইয়া ছিল । সে ভালো করিয়া খাইল না, চাকু একবার কেবল জিজ্ঞাসা করিল, “কিছু খাচ্ছ না যে ।”

ভূপতি প্রতিবাদ করিয়া কহিল, “কেন । কম খাই নি তো ।”

শয়নঘরে উভয়ে একত্র হইলে ভূপতি কহিল, “আজ রাত্রে তুমি কী বলবে বলেছিলে ।”

চাকু কহিল, “দেখো, কিছুদিন থেকে মন্দার ব্যবহার আমার ভালো বোধ হচ্ছে না । ওকে এখানে রাখতে আমার আর সাহস হয় না ।”

ভূপতি । কেন, কী করেছে ।

চাকু । অমলের সঙ্গে .ও এমনি ভাবে চলে যে, সে দেখলে লজ্জা হয় ।

ভূপতি হাসিয়া উঠিয়া কহিল, “হাঁ, তুমি পাগল হয়েছে ! অমল ছেলেমানুষ । সেদিনকার ছেলে—”

চাকু । তুমি তো ঘরের খবর কিছুই রাখ না, কেবল বাইরের খবর কুড়িয়ে বেড়াও । যাই হোক, বেচারী দাদার জন্যে আমি ভাবি । তিনি কখন খেলেন না খেলেন মন্দা তার কোনো খোঁজও রাখে না, অথচ অমলের পান থেকে চুন খসে গেলেই চাকুরবাকরদের সঙ্গে বকাবকি করে অনর্থ করে ।

ভূপতি । তোমরা মেয়েরা কিন্তু ভারি সন্দিক্‌তা বলতে হয় । চাকু রাগিয়া বলিল, “আচ্ছা বেশ, আমরা সন্দিক্‌ত, কিন্তু বাড়িতে আমি এ-সমস্ত বেহায়াপনা হতে দেব না তা বলে রাখছি ।”

চাকুর এ-সমস্ত অমূলক আশঙ্কায় ভূপতি মনে মনে হাসিল, খুশিও হইল । গৃহ যাহাতে পবিত্র থাকে, দাম্পত্যধর্মে আনুমানিক কাল্পনিক কলঙ্কও লেশমাত্র স্পর্শ না করে, এজন্য সাধনী স্ত্রীদের যে অতিরিক্ত সতর্কতা, যে সন্দেহাকুল দৃষ্টিকোণ, তাহার মধ্যে একটি মাধুর্য এবং মহত্ত্ব আছে ।

ভূপতি শ্রদ্ধায় এবং স্নেহে চাকুর ললাট চুসন করিয়া কহিল, “এ নিয়ে আর কোনো গোল করবার

দরকার হবে না। উমাপদ ময়মনসিংহে প্রাকটিস করতে যাচ্ছে, মন্দাকেও সঙ্গে নিয়ে যাবে।”

অবশেষে নিজের দৃষ্টিভঙ্গি এবং এই-সকল অপ্রীতিকর আলোচনা দূর করিয়া দিবার জন্য ভূপতি টেবিল হইতে একটা খাতা তুলিয়া লইয়া কহিল, “তোমার লেখা আমাকে শোনাও-না, চাকু।”

চাকু খাতা কাড়িয়া লইয়া কহিল, “এ তোমার ভালো লাগবে না, তুমি ঠাট্টা করবে।”

ভূপতি এই কথায় কিছু ব্যথা পাইল, কিন্তু তাহা গোপন করিয়া হাসিয়া কহিল, “আচ্ছা, আমি ঠাট্টা করব না, এমনি স্থির হয়ে শুনব যে তোমার ভ্রম হবে, আমি ঘুমিয়ে পড়েছি।”

কিন্তু ভূপতি আমল পাইল না— দেখিতে দেখিতে খাতাপত্র নানা আবরণ-আচ্ছাদনের মধ্যে অন্তর্হিত হইয়া গেল।

নবম পরিচ্ছেদ

সকল কথা ভূপতি চাকুকে বলিতে পারে নাই। উমাপদ ভূপতির কাগজখানির কর্মাধ্যক্ষ ছিল। চাঁদা আদায়, ছাপাখানা ও বাজারের দেনা শোধ, চাকরদের বেতন দেওয়া, এ-সমস্তই উমাপদের উপর ভার ছিল।

ইতিমধ্যে হঠাৎ একদিন কাগজওয়ালার নিকট হইতে উর্কিলের চিঠি পাইয়া ভূপতি আশ্চর্য হইয়া গেল। ভূপতির নিকট হইতে তাহাদের ২৭০০ টাকা পাওনা জানাইয়াছে। ভূপতি উমাপদকে ডাকিয়া কহিল, “এ কী ব্যাপার! এ টাকা তো আমি তোমাকে দিয়ে দিয়েছি। কাগজের দেনা চার-পাঁচশোর বেশি তো হবার কথা নয়।”

উমাপদ কহিল, “নিশ্চয় এরা ভুল করেছে।”

কিন্তু, আর চাপা রহিল না। কিছুকাল হইতে উমাপদ এইরূপ ফাঁকি দিয়া আসিতেছে। কেবল কাগজ সম্বন্ধে নহে, ভূপতির নামে উমাপদ বাজারে অনেক দেনা করিয়াছে। গ্রামে সে যে একটি পাকা বাড়ি নির্মাণ করিতেছে তাহার মালমসলার কতক ভূপতির নামে লিখাইয়াছে অধিকাংশই কাগজের টাকা হইতে শোধ করিয়াছে।

যখন নিতান্তই ধরা পড়িল তখন সে রুক্ষ স্বরে কহিল, “আমি তো আর নিরুদ্দেশ হচ্ছি নে। কাজ করে আমি ক্রমে ক্রমে শোধ দেব— তোমার সিকি পয়সার দেনা যদি বাকি থাকে তবে আমার নাম উমাপদ নয়।”

তাহার নামের ব্যত্যয়ে ভূপতির কোনো সন্দেহ ছিল না। অর্থের ক্ষতিতে ভূপতি তত ক্ষুব্ধ হয় নাই, কিন্তু অকস্মাৎ এই বিশ্বাসঘাতকতায় সে যেন ঘর হইতে শূন্যের মধ্যে পা ফেলিল।

সেইদিন সে অকালে অস্তঃপুরে গিয়াছিল। পৃথিবীতে একটা যে নিশ্চয় বিশ্বাসের স্থান আছে, সেইটে ক্ষণকালের জন্য অনুভব করিয়া আসিতে তাহার হৃদয় ব্যাকুল হইয়াছিল। চাকু তখন নিজের দুঃখে সঙ্কাদীপ নিবাইয়া জানলার কাছে অঙ্ককারে বসিয়া ছিল।

উমাপদ পরদিনই ময়মনসিংহে যাইতে প্রস্তুত। বাজারের পাওনাদাররা খবর পাইবার পূর্বেই সে সরিয়া পড়িতে চায়। ভূপতি ঘণাপূর্বক উমাপদের সহিত কথা কহিল না— ভূপতির সেই মৌনাবস্থা উমাপদ সৌভাগ্য বলিয়া জ্ঞান করিল।

অমল আসিয়া জিজ্ঞাসা করিল, “মন্দা-বোঠান, এ কী ব্যাপার। জিনিসপত্র গোপাবার ধুম যে?”

মন্দা। আর ভাই, যেতে তো হবেই। চিরকাল কি থাকবে।

অমল। যাচ্ছ কোথায়।

মন্দা। দেশে।

অমল। কেন। এখানে অসুবিধাটা কী হল।

মন্দা। অসুবিধে আমার কী বল। তোমাদের পাঁচজনের সঙ্গে ছিলুম, সুখেই ছিলুম। কিন্তু অন্যের অসুবিধে হতে লাগল যে। বলিয়া চাকুর ঘরের দিকে কটাক্ষ করিল।

অমল গম্ভীর হইয়া চূপ করিয়া রহিল। মন্দা কহিল, “ছি ছি, কী লজ্জা। বাবু কী মনে করলেন।”

অমল এ কথা লইয়া আর অধিক আলোচনা করিল না। এটুকু স্থির করিল, চারু তাহাদের সম্বন্ধে দাদার কাছে এমন কথা বলিয়াছে যাহা বলিবার নহে।

অমল বাড়ি হইতে বাহির হইয়া রাস্তায় বেড়াইতে লাগিল। তাহার ইচ্ছা হইল এ বাড়িতে আর ফিরিয়া না আসে। দাদা যদি বোঠানের কথায় বিশ্বাস করিয়া তাহাকে অপরাধী মনে করিয়া থাকেন, তবে মন্দা যে পথে গিয়াছে তাহাকেও সেই পথে যাইতে হয়। মন্দাকে বিদায় এক হিসাবে অমলের প্রতিও নির্বাসনের আদেশ— সেটা কেবল মুখ ফুটিয়া বলা হয় নাই মাত্র। ইহার পরে কর্তব্য খুব সুস্পষ্ট— আর একদণ্ডও এখানে থাকা নয়। কিন্তু দাদা যে তাহার সম্বন্ধে কোনোপ্রকার অন্যায় ধারণা মনে মনে পোষণ করিয়া রাখিবেন সে হইতেই পারে না। এতদিন তিনি অন্ধুর বিশ্বাসে তাহাকে ঘরে স্থান দিয়া পালন করিয়া আসিতেছেন, সে বিশ্বাসে যে অমল কোনো অংশে আঘাত দেয় নাই সে কথা দাদাকে না বুঝাইয়া সে কেমন করিয়া যাইবে।

ভূপতি তখন আশ্বীয়েব কৃতঘ্নতা, পাওনাদারের তাড়না, উচ্ছ্বল হিসাবপত্র এবং শূন্য তহবিল লইয়া মাথায় হাত দিয়া ভাবিতেছিল। তাহার এই শুষ্ক মনোদুঃখের কেহ দোসর ছিল না— চিন্তাবেদনা এবং ঋণের সঙ্গে একলা দাঁড়াইয়া যুদ্ধ করিবার জন্য ভূপতি প্রস্তুত হইতেছিল।

এমন সময় অমল ঝড়ের মতো ঘরের মধ্যে প্রবেশ করিল। ভূপতি নিজের অগাধ চিন্তার মধ্য হইতে হঠাৎ চমকিয়া উঠিয়া চাহিল। কহিল, “খবর কী অমল।” অকস্মাৎ মনে হইল, অমল বৃষ্টি আর—একটা কী গুরুতর দুঃসংবাদ লইয়া আসিল।

অমল কহিল, “দাদা, আমার উপরে তোমার কি কোনোরকম সন্দেহের কারণ হয়েছে।”

ভূপতি আশ্চর্য হইয়া কহিল, “তোমার উপরে সন্দেহ!” মনে মনে ভাবিল, “সংসার যেরূপ দেখিতেছি তাহাতে কোনোদিন অমলকেও সন্দেহ করিব আশ্চর্য নাই।”

অমল। বোঠান কি আমার চরিত্রসম্বন্ধে তোমার কাছে কোনোরকম দোষারোপ করেছেন।

ভূপতি ভাবিল, ওঃ, এই ব্যাপার। বাঁচা গেল। স্নেহের অভিমান। সে মনে করিয়াছিল, সর্বনাশের উপর বৃষ্টি আর—একটা কিছু সর্বনাশ ঘটিয়াছে, কিন্তু গুরুতর সংকটের সময়েও এই-সকল তুচ্ছ বিষয়ে কর্ণপাত করিতে হয়। সংসার এ দিকে সাকোও নাড়াইবে অথচ সেই সাকোর উপর দিয়া তাহার শাকের আঁটিগুলো পার করিবার জন্য তাগিদ করিতেও ছাড়িবে না।

অন্য সময় হইলে ভূপতি অমলকে পরিহাস করিত, কিন্তু আজ তাহার সে প্রফুল্লতা ছিল না। সে বলিল, “পাগল হয়েছে নাকি।”

অমল আবার জিজ্ঞাসা করিল, “বোঠান কিছু বলেন নি?”

ভূপতি। তোমাকে ভালোবাসেন বলে যদি কিছু বলে থাকেন তাতে রাগ করবার কোনো কারণ নেই।

অমল। কাজকর্মের চেঁচায় এখন আমার অন্যত্র যাওয়া উচিত।

ভূপতি ধমক দিয়া কহিল, “অমল, তুমি কী ছেলেমানুষি করছ তার ঠিক নেই। এখন পড়াশুনো করো, কাজকর্ম পরে হবে।”

অমল বিমর্ষমুখে চলিয়া আসিল, ভূপতি তাহার কাগজের গ্রাহকদের মূল্যপ্রাপ্তির তালিকার সহিত তিন বৎসরের জমাখরচের হিসাব মিলাইতে বসিয়া গেল।

দশম পরিচ্ছেদ

অমল স্থির করিল, বউঠানের সঙ্গে মোকাবিলা করিতে হইবে, এ কথাটার শেষ না করিয়া ছাড়া হইবে না। বোঠানকে যে-সকল শস্ত শস্ত কথা শুনাইবে মনে মনে তাহা আবৃত্তি করিতে লাগিল।

মন্দা চলিয়া গেলে চারু সংকল্প করিল, অমলকে সে নিজে হইতে ডাকিয়া পাঠাইয়া তাহার

রোষণাশক্তি করিবে। কিন্তু একটা লেখার উপলক্ষ করিয়া ডাকিতে হইবে। অমলেরই একটা লেখার অনুকরণ করিয়া 'অমাবস্যার আলো' নামে সে একটা প্রবন্ধ ফাঁদিয়াছে। চারু এটুকু বুঝিয়াছে যে তাহার স্বাধীন ছাঁদের লেখা অমল পছন্দ করে না।

পূর্ণিমা তাহার সমস্ত আলোক প্রকাশ করিয়া ফেলে বলিয়া চারু তাহার নূতন রচনায় পূর্ণিমাকে অত্যন্ত ভৎসনা করিয়া লজ্জা দিতেছে। লিখিতেছে— অমাবস্যার অতলস্পর্শ অঙ্ককারের মধ্যে ষোলোকলা চাঁদের সমস্ত আলোক স্তরে স্তরে আবদ্ধ হইয়া আছে, তাহার এক রশ্মিও হারাইয়া যায় নাই— তাই পূর্ণিমার উজ্জ্বলতা অপেক্ষা অমাবস্যার কালিমা পরিপূর্ণতর— ইত্যাদি। অমল নিজের সকল লেখাই সকলের কাছে প্রকাশ করে এবং চারু তাহা করে না— পূর্ণিমা-অমাবস্যার তুলনার মধ্যে কি সেই কথাটার আভাস আছে।

এ দিকে এই পরিবারের তৃতীয় ব্যক্তি ভূপতি কোনো আসন্ন ঋণের তাগিদ হইতে মুক্তিমন্ডলের জন্য তাহার পরম বন্ধু মতিলালের কাছে গিয়াছিল।

মতিলালকে সংকটের সময় ভূপতি কয়েক হাজার টাকা ধার দিয়াছিল— সেদিন অত্যন্ত বিব্রত হইয়া সেই টাকাটা চাহিতে গিয়াছিল। মতিলাল স্নানের পর গা শুলিয়া পাখার হাওয়া লাগাইতেছিল এবং একটা কাঠের বাস্তুর উপর কাগজ মেলিয়া অতি ছোটো অক্ষরে সহস্র দুর্গানাম লিখিতেছিল। ভূপতিকে দেখিয়া অত্যন্ত হৃদয়তার স্বরে কহিল, "এসো এসো— আজকাল তো তোমার দেখাই পাবার জো নেই।"

মতিলাল টাকার কথা শুনিয়া আকাশপাতাল চিন্তা করিয়া কহিল, "কোন টাকার কথা বলছ। এর মধ্যে তোমার কাছ থেকে কিছু নিয়েছি নাকি।"

ভূপতি সাল-তারিখ স্মরণ করাইয়া দিলে মতিলাল কহিল, "ওঃ, সেটা তো অনেকদিন হল তামাদি হয়ে গেছে।"

ভূপতির চক্ষে তাহার চতুর্দিকের চেহারা সমস্ত যেন বদল হইয়া গেল। সংসারের যে অংশ হইতে মুখোশ খসিয়া পড়িল সে দিকটা দেখিয়া আতঙ্কে ভূপতির শরীর কণ্টকিত হইয়া উঠিল। হঠাৎ বন্যা আসিয়া পড়িলে ভীত ব্যক্তি যেখানে সকলের চেয়ে উচ্চ চূড়া দেখে সেইখানে যেমন ছুটিয়া যায়, সংশয়াক্রান্ত বহিঃসংসার হইতে ভূপতি তেমনি বেগে অন্তঃপুরে প্রবেশ করিল, মনে মনে কহিল, 'আর যাই হোক, চারু তো আমাকে বক্ষনা করিবে না।'

চারু তখন খাটে বসিয়া কোলের উপর বালিশ এবং বালিশের উপর খাতা রাখিয়া ঝুঁকিয়া পড়িয়া একমনে লিখিতেছিল। ভূপতি যখন নিজস্ব তাহার পাশে আসিয়া দাঁড়াইল তখনই তাহার চেতনা হইল, তাড়াতাড়ি তাহার খাতাটা পায়ের নীচে চাপিয়া বসিল।

মনে যখন বেদনা থাকে তখন অল্প আঘাতেই গুরুতর ব্যথা বোধ হয়। চারু এমন অনাবশ্যক সত্বরতার সহিত তাহার লেখা গোপন করিল দেখিয়া ভূপতির মনে বাজিল।

ভূপতি ধীরে ধীরে খাটের উপর চারুর পাশে বসিল। চারু তাহার রচনাস্রোতে অনপেক্ষিত বাধা পাইয়া এবং ভূপতির কাছে হঠাৎ খাতা লুকাইবার ব্যস্ততায় অপ্রতিভ হইয়া কোনো কথাই জোগাইয়া উঠিতে পারিল না।

সেদিন ভূপতির নিজের কিছু দিবার বা কহিবার ছিল না। সে রিক্তহস্তে চারুর নিকটে প্রার্থী হইয়া আসিয়াছিল। চারুর কাছ হইতে আলঙ্কারী ভালোবাসার একটা-কোনো প্রশ্ন, একটা-কিছু আদর পাইলেই তাহার ক্ষত-যন্ত্রণায় ঔষধ পড়িত। কিন্তু 'হ্যাদে লক্ষ্মী হৈল লক্ষ্মীছাড়া', এক মুহূর্তের প্রয়োজনে প্রীতিভাণ্ডারের চাবি চারু যেন কোনোখানে ঝুঁজিয়া পাইল না। উভয়ের সুকঠিন মৌনে ঘরের নীরবতা অত্যন্ত নিবিড় হইয়া আসিল।

খানিকক্ষণ নিতান্ত চূপচাপ থাকিয়া ভূপতি নিশ্বাস ফেলিয়া খাট ছাড়িয়া উঠিল এবং ধীরে ধীরে বাহিরে চলিয়া আসিল।

সেই সময় অমল বিস্তর শস্ত শস্ত কথা মনের মধ্যে বোঝাই করিয়া লইয়া চারুর ঘরে দ্রুতপদে

আসিতেছিল, পথের মধ্যে অমল ভূপতির অত্যন্ত শুষ্ক বিবর্ণ মুখ দেখিয়া উদ্ভিন্ন হইয়া থামিল, জিজ্ঞাসা করিল, “দাদা, তোমার অসুখ করেছে ?”

অমলের স্নিগ্ধস্বর শুনিবামাত্র হঠাৎ ভূপতির সমস্ত হৃদয় তাহার অশ্রুশালি লইয়া বুকের মধ্যে যেন ফুলিয়া উঠিল। কিছুক্ষণ কোনো কথা বাহির হইল না। সবলে আত্মসংবরণ করিয়া ভূপতি আর্দ্রস্বরে কহিল, “কিছু হয় নি, অমল। এবারে কাগজে তোমার কোনো লেখা বেরচ্ছে কি।”

অমল শব্দ শব্দ কথা যাহা সঞ্চয় করিয়াছিল তাহা কোথায় গেল। তাড়াতাড়ি চারুর ঘরে আসিয়া জিজ্ঞাসা করিল, “বউঠান, দাদার কী হয়েছে বলো দেখি।”

চারু কহিল, “কই, তা তো কিছু বুঝতে পারলুম না। অন্য কাগজে বোধ হয় ঠুর কাগজকে গাল দিয়ে থাকবে।”

অমল মাথা নাড়িল।

না ডাকিতেই অমল আসিল এবং সহজভাবে কথাবার্তা আরম্ভ করিয়া দিল দেখিয়া চারু অত্যন্ত আরাম পাইল। একেবারেই লেখার কথা পাড়িল— কহিল, “আজ আমি ‘অমাবস্যার আলো’ বলে একটা লেখা লিখছিলুম; আর একটু হলেই তিনি সেটা দেখে ফেলেছিলেন।”

চারু নিশ্চয় স্থির করিয়াছিল, তাহার নূতন লেখাটা দেখিবার জন্য অমল পীড়াপীড়ি করিবে। সেই অভিপ্রায়ে খাতাখানা একটু নাড়াচাড়াও করিল। কিন্তু, অমল একবার তীব্রদৃষ্টিতে কিছুক্ষণ চারুর মুখের দিকে চাহিল— কী বুঝিল, কী ভাবিল জানি না। চকিত হইয়া উঠিয়া পড়িল। পর্বতপথে চলিতে চলিতে হঠাৎ এক সময়ে মেঘের কুয়াশা কাটিবামাত্র পথিক যেন চমকিয়া দেখিল, সে সহস্র হস্ত গভীর গহ্বরের মধ্যে পা বাড়াইতে যাইতেছিল। অমল কোনো কথা না বলিয়া একেবারে ঘর হইতে বাহির হইয়া গেল।

চারু অমলের এই অভূতপূর্ব ব্যবহারের কোনো তাৎপর্য বুঝিতে পারিল না।

একাদশ পরিচ্ছেদ

পরদিন ভূপতি আবার অসময়ে শয়নঘরে আসিয়া চারুকে ডাকাইয়া আনাইল। কহিল, “চারু, অমলের বেশ একটি ভালো বিবাহের প্রস্তাব এসেছে।”

চারু অনামনস্ত ছিল। কহিল, “ভালো কী এসেছে।”

ভূপতি। বিয়ের সখস্ব।

চারু। কেন, আমাকে কি পছন্দ হল না।

ভূপতি উচ্চৈঃস্বরে হাসিয়া উঠিল। কহিল, “তোমাকে পছন্দ হল কি না সে কথা এখনো অমলকে জিজ্ঞাসা করা হয় নি। যদি-বা হয়ে থাকে আমার তো একটা ছোটো-খাটো দাবি আছে, সে আমি ফস করে ছাড়ছি নে।”

চারু। আঃ, কী বকছ তার ঠিক নেই। তুমি যে বললে, তোমার বিয়ের সখস্ব এসেছে। চারুর মুখ লাল হইয়া উঠিল।

ভূপতি। তা হলে কি ছুটে তোমাকে খবর দিতে আসতুম? বকশিশ পাবার তো আশা ছিল না।

চারু। অমলের সখস্ব এসেছে? বেশ তো। তা হলে আর দেরি কেন।

ভূপতি। বর্ধমানের উকিল রঘুনাথবাবু তাঁর মেয়ের সঙ্গে বিবাহ দিয়ে অমলকে বিলেত পাঠাতে চান।

চারু বিস্মিত হইয়া জিজ্ঞাসা করিল, “বিলেত?”

ভূপতি। হাঁ, বিলেত।

চারু। অমল বিলেত যাবে? বেশ মজা তো। বেশ হয়েছে, ভালোই হয়েছে তা তুমি তাকে একবার বলে দেখো।

ভূপতি । আমি বলবার আগে তুমি তাকে একবার ডেকে বুলিয়ে বললে ভালো হয় না ?
চারু । আমি তো তিন হাজার বার বলেছি । সে আমার কথা রাখে না । আমি তাকে বলতে পারব
না ।

ভূপতি । তোমার কি মনে হয়, সে করবে না ?

চারু । আরো তো অনেকবার চেষ্টা দেখা গেছে, কোনোমতে তো রাজি হয় নি ।

ভূপতি । কিন্তু এবারকার এ প্রস্তাবটা তার পক্ষে ছাড়া উচিত হবে না । আমার অনেক দেনা হয়ে
গেছে, অমলকে আমি তো আর সেরকম করে আশ্রয় দিতে পারব না ।

ভূপতি অমলকে ডাকিয়া পাঠাইল । অমল আসিলে তাহাকে বলিল, “বর্ধমানের উকিল
রঘুনাথবাবুর মেয়ের সঙ্গে তোমার বিয়ের প্রস্তাব এসেছে । তাঁর ইচ্ছে বিবাহ দিয়ে তোমাকে বিলেত
পাঠিয়ে দেবেন । তোমার কী মত ।”

অমল কহিল, “তোমার যদি অনুমতি থাকে, আমার এতে কোনো অমত নেই ।”

অমলের কথা শুনিয়া উভয়ে আশ্চর্য হইয়া গেল । সে যে বলিবামাত্রই রাজি হইবে, এ কেহ মনে
করে নাই ।

চারু তীব্রস্বরে ঠাট্টা করিয়া কহিল, “দাদার অনুমতি থাকলেই উনি মত দেবেন । কী আমার কথার
বাধা ছোটো ভাই । দাদার 'পরে ভক্তি এতদিন কোথায় ছিল, ঠাকুরপো ?”

অমল উত্তর না দিয়া একটুখানি হাসিবার চেষ্টা করিল ।

অমলের নিকন্তরে চারু যেন তাহাকে চেতাইয়া তুলিবার জন্য দ্বিগুণতর ঝঞ্জেব সঙ্গে বলিল, “তার
চেয়ে বলো-না কেন, নিজের ইচ্ছে গেছে । এতদিন ভান করে থাকবার কী দরকার ছিল যে বিয়ে
করতে চাও না ? পেটে খিদে মুখে লাচ্ছ !”

ভূপতি উপহাস করিয়া কহিল, “অমল তোমার খাতিরেই এতদিন খিদে চেপে রেখেছিল, পাছে
ভাজের কথা শুনে তোমার হিংসা হয় ।”

চারু এই কথায় লাল হইয়া উঠিয়া কোলাহল করিয়া বলিতে লাগিল, “হিংসে । তা বৈকি !
কখনো আমার হিংসে হয় না । ওরকম করে বলা তোমার ভারি অন্যায় ।”

ভূপতি । ঐ দেখো । নিজের স্বীকে ঠাট্টাও করতে পারব না ।

চারু । না, ওরকম ঠাট্টা আমার ভালো লাগে না ।

ভূপতি । আচ্ছা, গুরুতর অপরাধ করেছি । মাপ করো । যা হোক, বিয়ের প্রস্তাবটা তা হলে স্থির ?
অমল কহিল, “হাঁ ।”

চারু । মেয়েটি ভালো কি মন্দ তাও বুলি একবার দেখতে যাবারও তর সইল না । তোমার যে এমন
দশা হয়ে এসেছে তা তো একটু আভাসেও প্রকাশ কর নি ।

ভূপতি । অমল, মেয়ে দেখতে চাও তো তার বন্দোবস্ত করি । খবর নিয়েছি মেয়েটি সুন্দরী ।

অমল । না, দেখবার দরকার দেখি নে ।

চারু । ওর কথা শোন কেন । সে কি হয় । কেন না দেখে বিয়ে হবে ? ও না দেখতে চায় আমরা
তো দেখে নেব ।

অমল । না দাদা, ঐ নিয়ে মিথো দেরি করবার দরকার দেখি নে ।

চারু । কাজ নেই বাপু— দেরি হলে বুক ফেটে যাবে । তুমি টোপের মাথায় দিয়ে এখনই বেরিয়ে
পড়ো । কী জানি, তোমার সাত রাজার ধন মানিকটিকে যদি আর কেউ কেড়ে নিয়ে যায় ।

অমলকে চারু কোনো ঠাট্টাতেই কিছুমাত্র বিচলিত করিতে পারিল না ।

চারু । বিলেত পালাবার জন্যে তোমার মনটা বুলি দৌড়ছে ? কেন, এখানে আমরা তোমাকে
মারছিলুম না ধরছিলুম । হ্যাট কোট পরে সাহেব না সাজলে এখনকার ছেলেদের মন ওঠে না ।
ঠাকুরপো, বিলেত থেকে ফিরে এসে আমাদের মতো কালা আদমিদের চিনতে পারবে তো ?

অমল কহিল, “তা হলে আর বিলেত যাওয়া কী করতে ।”

ভূপতি হাসিয়া কহিল, “কালো রূপ ভোলবার জন্যেই তো সাত সমুদ্র পেরোনো । তা, ভয় কী চারু, আমরা রইলুম, কালোর ভক্তের অভাব হবে না ।”

ভূপতি খুশি হইয়া তখনই বর্ধমানে চিঠি লিখিয়া পাঠাইল । বিবাহের দিন স্থির হইয়া গেল ।

দ্বাদশ পরিচ্ছেদ

ইতিমধ্যে কাগজখানা তুলিয়া দিতে হইল । ভূপতি খরচ আর জোগাইয়া উঠিতে পারিল না । লোকসাধারণ-নামক একটা বিপুল নির্মম পদার্থের যে সাধনায় ভূপতি দীর্ঘকাল দিনরাত্রি একান্ত মনে নিযুক্ত ছিল সেটা এক মুহূর্তে বিসর্জন দিতে হইল । ভূপতির জীবনে সমস্ত চেষ্টা যে অভ্যস্ত পথে গত বারো বৎসর অবিলম্বে চলিয়া আসিতেছে সেটা হঠাৎ এক জায়গায় যেন জলের মাঝখানে আসিয়া পড়িল । ইহার জন্য ভূপতি কিছুমাত্র প্রস্তুত ছিল না । অকস্মাৎ-বাধাপ্রাপ্ত তাহার এতদিনকার সমস্ত উদ্যমকে সে কোথায় ফিরাইয়া লইয়া যাইবে । তাহারা যেন উপবাসী অনাথ শিশু-সন্তানদের মতো ভূপতির মুখের দিকে চাহিল, ভূপতি তাহাদিগকে আপন অন্তঃপুরে করুণাময়ী শুশ্রূষাপরায়ণা নারীর কাছে আনিয়া দাড় করাইল ।

নারী তখন কী ভাবিতেছিল । সে মনে মনে বলিতেছিল ‘এ কী আশ্চর্য, অমলের বিবাহ হইবে সে তো খুব ভালোই । কিন্তু এতকাল পরে আমাদের ছাড়িয়া পরের ঘরে বিবাহ করিয়া বিলাত চলিয়া যাইবে, ইহাতে তাহার মনে একবারও একটুখানির জন্য দ্বিধাও জন্মিল না ? এতদিন ধরিয়া তাহাকে যে আমরা এত যত্ন করিয়া রাখিলাম, আর যেমনি বিদায় লইবার একটুখানি ফাঁক পাইল অমনি কোমর ধাধিয়া প্রস্তুত হইল, যেন এতদিন সুযোগের অপেক্ষা করিতেছিল । অথচ মুখে কতই মিষ্ট, কতই ভালোবাসা । মানুষকে চিনিবার জ্ঞান নাই । কে জানিত, যে লোক এত লিখিতে পারে তাহার হৃদয় কিছুমাত্র নাই ।’

নিজের হৃদয়প্রাচুর্যের সহিত তুলনা করিয়া চারু অমলের শূন্য হৃদয়কে অত্যন্ত অবজ্ঞা করিতে অনেক চেষ্টা করিল কিন্তু পারিল না । ভিতরে ভিতরে নিয়ত একটা বেদনার উদবেগ তপ্ত শূলের মতো তাহার অভিমানকে ঠেলিয়া ঠেলিয়া তুলিতে লাগিল— ‘অমল আজ বাদে কাল চলিয়া যাইবে, তবু এ কয়দিন তাহার দেখা নাই । আমাদের মধ্যে যে পরস্পর একটা মনান্তর হইয়াছে সেটা মিটাইয়া লইবার আর অবসরও হইল না ।’ চারু প্রতিশ্রুতি মনে করে অমল আপনি আসিবে— তাহাদের এতদিনকার খেলাধুলা এমন করিয়া ভাঙবে না, কিন্তু অমল আর আসেই না । অবশেষে যখন যাত্রার দিন অত্যন্ত নিকটবর্তী হইয়া আসিল তখন চারু নিজেই অমলকে ডাকিয়া পাঠাইল ।

অমল বলিল, “আর একটু পরে যাচ্ছি ।” চারু তাহাদের সেই বারান্দার চৌকিটাতে গিয়া বসিল । সকালবেলা হইতে ঘন মেঘ করিয়া গুমট হইয়া আছে— চারু তাহার খোলা চুল এলো করিয়া মাথায় জড়াইয়া একটা হাতপাখা লইয়া ক্রান্ত দেহে অল্প অল্প বাতাস করিতে লাগিল ।

অত্যন্ত দেরি হইল । ক্রমে তাহার হাতপাখা আর চলিল না । রাগ দুঃখ অধৈর্য তাহার বৃকের ভিতরে ফুটিয়া উঠিল । মনে মনে বলিল— নাই আসিল অমল, তাতেই বা কী । কিন্তু তবু পদশব্দ মাঝেই তাহার মন ঘরের দিকে ছুটিয়া যাইতে লাগিল ।

দূর গির্জায় এগারোটা বাজিয়া গেল । স্নানান্তে এখনই ভূপতি খাইতে আসিবে । এখনো আধ ঘণ্টা সময় আছে, এখনো অমল যদি আসে । যেমন করিয়া হোক, তাহাদের কয়দিনকার নীরব ঝগড়া আজ মিটাইয়া ফেলিতেই হইবে— অমলকে এমনভাবে বিদায় দেওয়া যাইতে পারে না । এই সমবয়সি দেওর-ভাজের মধ্যে যে চিরন্তন মধুর সম্বন্ধটুকু আছে— অনেক ভাব, আড়ি, অনেক স্নেহের দৌরাখ্যা, অনেক বিশ্রুত সুখালোচনায় বিজড়িত একটি চিরজ্বালাময় লতাবিতান— অমল সে কি আজ ধূল্য লুটাইয়া দিয়া বহুদিনের জন্য বহুদূরে চলিয়া যাইবে । একটু পরিতাপ হইবে না ? তাহার তলে কি শেষ জলও সিঞ্জন করিয়া যাইবে না— তাহাদের অনেকদিনের দেওর-ভাজ সম্বন্ধের শেষ অশ্রুজল !

আধঘণ্টা প্রায় অতীত হয়। এলো খোঁপা খুলিয়া খানিকটা চুলের গুচ্ছ চাক্র দ্রুতবেগে আঙুলে জড়াইতে এবং খুলিতে লাগিল। অক্ষ সংবেদন করা আর যায় না। চাক্র আসিয়া কহিল, “মাঠাকরুন, বাবুর জন্যে ডাব বের করে দিতে হবে।”

চাক্র আচল হইতে ভাঁড়ারের চাবি খুলিয়া কন্ করিয়া চাক্রের পায়ের কাছে ফেলিয়া দিল— সে আশ্চর্য হইয়া চাবি লইয়া চলিয়া গেল।

চাক্র বুদ্ধের কাছ হইতে কী একটা ঠেলিয়া কঠের কাছে উঠিয়া আসিতে লাগিল।

যথাসময়ে ভূপতি সহাস্যমুখে খাইতে আসিল। চাক্র পাখা হাতে আহারস্থানে উপস্থিত হইয়া দেখিল, অমল ভূপতির সঙ্গে আসিয়াছে। চাক্র তাহার মুখের দিকে চাহিল না।

অমল জিজ্ঞাসা করিল, “বোঠান, আমাকে ডাকছ?”

চাক্র কহিল, “না, এখন আর দরকার নেই।”

অমল। তা হলে আমি যাই, আমার আবার অনেক গোছাবার আছে।

চাক্র তখন দীপ্তচক্রে একবার অমলের মুখের দিকে চাহিল; কহিল, “যাও।”

অমল চাক্র মুখের দিকে একবার চাহিয়া চলিয়া গেল।

আহারান্তে ভূপতি কিছুক্ষণ চাক্র কাছে বসিয়া থাকে। আজ দেনাপাওনা-হিসাবপত্রের হান্নামে ভূপতি অত্যন্ত ব্যস্ত— তাই আজ অন্তঃপুরে বেশিক্ষণ থাকিতে পারিবে না বলিয়া কিছু কুণ্ড হইয়া কহিল, “আজ আর আমি বেশিক্ষণ বসতে পারছি নে— আজ অনেক ঝঞ্জাট।”

চাক্র বলিল, “তা যাও-না।”

ভূপতি ভাবিল, চাক্র অভিমান করিল। বলিল, “তাই বলে যে এখনই যেতে হবে তা নয়; একটু জিরিয়ে যেতে হবে।” বলিয়া বসিল। দেখিল চাক্র বিমর্ষ হইয়া আছে। ভূপতি অনুতপ্ত চিন্তে অনেকক্ষণ বসিয়া রহিল, কিন্তু কোনোমতেই কথা জমাইতে পারিল না। অনেকক্ষণ কথোপকথনের বৃথা চেষ্টা করিয়া ভূপতি কহিল, “অমল তো কাল চলে যাচ্ছে, কিছুদিন তোমার বোধ হয় খুব একলা বোধ হবে।”

চাক্র তাহার কোনো উত্তর না দিয়া যেন কী একটা আনিতে চট করিয়া অন্য ঘরে চলিয়া গেল। ভূপতি কিয়ৎক্ষণ অপেক্ষা করিয়া বাইরে প্রস্থান করিল।

চাক্র আজ অমলের মুখের দিকে চাহিয়া লক্ষ করিয়াছিল অমল এই কয়দিনেই অত্যন্ত রোগা হইয়া গেছে— তাহার মুখে তরুণতার সেই স্মৃতি একেবারে নাই। ইহাতে চাক্র সুখও পাইল বেদনাও বোধ করিল। আসন্ন বিচ্ছেদই যে অমলকে ক্লিষ্ট করিতেছে, চাক্র তাহাতে সন্দেহ রহিল না— কিন্তু তবু অমলের এমন ব্যবহার কেন। কেন সে দূরে দূরে পালাইয়া বেড়াইতেছে। বিদায়কালকে কেন সে ইচ্ছাপূর্বক এমন বিরোধিতা করিয়া তুলিতেছে।

বিছানায় শুইয়া ভাবিতে ভাবিতে সে হঠাৎ চমকিয়া উঠিয়া বসিল। হঠাৎ মন্দার কথা মনে পড়িল। যদি এমন হয়, অমল মন্দাকে ভালোবাসে। মন্দা চলিয়া গেছে বলিয়াই যদি অমল এমন করিয়া— ছি! অমলের মন কি এমন হইবে। এত ক্ষুদ্র? এমন কলুষিত? বিবাহিত রমণীর প্রতি তাহার মন যাইবে? অসম্ভব। সন্দেহকে একান্ত চেষ্টায় দূর করিয়া দিতে চাহিল কিন্তু সন্দেহ তাহাকে সবলে দংশন করিয়া রহিল।

এমনি করিয়া বিদায়কাল আসিল। মেঘ পরিষ্কার হইল না। অমল আসিয়া কম্পিতকণ্ঠে কহিল, “বোঠান, আমার যাবার সময় হয়েছে। তুমি এখন থেকে দাদাকে দেখো। তাঁর বড়ো সংকটের অবস্থা— তুমি ছাড়া তাঁর আর সাহায্যের কোনো পথ নেই।”

অমল ভূপতির বিষয় জান ভাব দেখিয়া সন্ধান দ্বারা তাহার দুর্গতির কথা জানিতে পারিয়াছিল। ভূপতি যে কিয়ৎ নিঃশব্দে আপন দুঃখদর্দনার সহিত একলা লড়াই করিতেছে, কাহারও কাছে সাহায্য বা সাহায্য পায় নাই, অথচ আপন আশ্রিত পালিত আত্মীয়জনদিগকে এই প্রলয়সংকটে বিচলিত হইতে দেয় নাই, ইহা সে চিন্তা করিয়া চূপ করিয়া রহিল। তার পরে সে চাক্র কথা ভাবিল, নিজের

কথা ভাবিল, কর্ণমূল লোহিত হইয়া উঠিল, সবেগে বলিল, 'চুলোর যাক আবারের চাঁদ আর অমাবস্যার আলো । আমি ব্যারিস্টার হয়ে এসে দাদাকে যদি সাহায্য করতে পারি তবেই আমি পুরুষমানুষ ।'

গত রাত্রি সমস্ত রাত জাগিয়া চারু ভাবিয়া রাখিয়াছিল অমলকে বিদায়কালে কী কথা বলিবে— সহাস্য অভিমান এবং প্রফুল্ল ঔদাসীন্যের দ্বারা মাজিয়া মাজিয়া সেই কথাগুলিকে সে মনে মনে উজ্জ্বল ও শানিত করিয়া তুলিয়াছিল । কিন্তু বিদায় দিবসের সময় চারুর মুখে কোনো কথাই বাহির হইল না । সে কেবল বলিল, "চিঠি লিখবে তো, অমল ?"

অমল ভূমিতে মাথা রাখিয়া প্রণাম করিল, চারু ছুটিয়া শয়নঘরে গিয়া দ্বার বন্ধ করিয়া দিল ।

ত্রয়োদশ পরিচ্ছেদ

ভূপতি বর্ধমানে গিয়া অমলের বিবাহ-অস্ত্রে তাহাকে বিলাতে রওনা করিয়া ঘরে ফিরিয়া আসিল ।

নানা দিক হইতে ঘা খাইয়া বিশ্বাসপরায়াণ ভূপতির মনে বহিঃসংসারের প্রতি একটা বৈরাগ্যের ভাব আসিয়াছিল । সভাসমিতি মেলামেশা কিছুই তাহার ভালো লাগিত না । মনে হইল, 'এই-সব লইয়া আমি এতদিন কেবল নিজেকেই ফাঁকি দিলাম— জীবনের সুখের দিন বৃথা বহিয়া গেল এবং সারভাগ আবর্জনাকুণ্ডে ফেলিলাম ।'

ভূপতি মনে মনে কহিল, 'যাক, কাগজটা গেল, ভালোই হইল । মুক্তিলাভ করিলাম ।' সন্ধ্যার সময় আধারের সূত্রপাত দেখিলেই পাখি যেমন করিয়া নীড়ে ফিরিয়া আসে, ভূপতি সেইরূপ তাহার দীর্ঘদিনের সঙ্করণক্ষেত্র পরিত্যাগ করিয়া অন্তঃপুরে চারুর কাছে চলিয়া আসিল । মনে মনে স্থির করিল, 'বাস, এখন আর-কোথাও নয় ; এইখানেই আমার স্থিতি ! যে কাগজের জাহাজটা লইয়া সমস্তদিন খেলা করিতাম সেটা ডুবিল, এখন ঘরে চলি ।'

বোধ করি ভূপতির একটা সাধারণ সংস্কার ছিল, স্ত্রীর উপর অধিকার কাহাকেও অর্জন করিতে হয় না, স্ত্রী ধুবতারার মতো নিজের আলো নিজেই জ্বালাইয়া রাখে— হাওয়ায় নেবে না, তেলের অপেক্ষা রাখে না । বাহিরে যখন ভাঙচুর আরম্ভ হইল তখন অন্তঃপুরে কোনো ঝিলানে ফাটল ধরিয়াকে কি না তাহা একবার পরখ করিয়া দেখার কথাও ভূপতির মনে স্থান পায় নাই ।

ভূপতি সন্ধ্যার সময় বর্ধমান হইতে বাড়ি ফিরিয়া আসিল । তাড়াতাড়ি মুখহাত ধুইয়া সকাল সকাল খাইল । অমলের বিবাহ ও বিলাতযাত্রার আদ্যোপান্ত বিবরণ শুনিবার জন্য স্বভাবতই চারু একান্ত উৎসুক হইয়া আছে স্থির করিয়া ভূপতি আজ কিছুমাত্র বিলম্ব করিল না । ভূপতি শোবার ঘরে বিছানায় গিয়া শুইয়া শুড়শুড়ির সুদীর্ঘ নল টানিতে লাগিল । চারু এখনো অনুপস্থিত, বোধ করি গৃহকার্য করিতেছে । তামাক পুড়িয়া শ্রান্ত ভূপতির ঘুম আসিতে লাগিল । কণে কণে ঘুমের ঘোর ভাঙিয়া চমকিয়া জাগিয়া উঠিয়া সে ভাবিতে লাগিল, এখনো চারু আসিতেছে না কেন । অবশেষে ভূপতি থাকিতে না পারিয়া চারুকে ডাকিয়া পাঠাইল । ভূপতি জিজ্ঞাসা করিল, "চারু, আজ যে এত দেরি করলে ?"

চারু তাহার জবাবদিহি না করিয়া কহিল, "হাঁ, আজ দেরি হয়ে গেল ।"

চারুর আগ্রহপূর্ণ প্রশ্নের জন্য ভূপতি অপেক্ষা করিয়া রহিল ; চারু কোনো প্রশ্ন করিল না । ইহাতে ভূপতি কিছু কুণ্ণ হইল । তবে কি চারু অমলকে ভালোবাসে না । অমল যতদিন উপস্থিত ছিল ততদিন চারু তাহাকে লইয়া আমোদ-আহ্লাদ করিল, আর যেই চলিয়া গেল অমনি তাহার সম্বন্ধে উদাসীন ! এইরূপ বিসদৃশ ব্যবহারে ভূপতির মনে খটকা লাগিল, সে ভাবিতে লাগিল— তবে কি চারুর হৃদয়ের গভীরতা নাই । কেবল সে আমোদ করিতেই জানে, ভালোবাসিতে পারে না ? মেরেমানুষের পক্ষে এরূপ নিরাসক্ত ভাব তো ভালো নয় ।

চারু ও অমলের সম্বন্ধে ভূপতি আনন্দ বোধ করিত । এই দুইজনের ছেলেমানুষি আড়ি ও ভাব, খেলা ও মন্ত্রণা তাহার কাছে সুমিষ্ট কৌতুকবহু ছিল ; অমলকে চারু সর্বদা যে যত্ন আদর করিত

তাহাতে চারুর সুকোমল হৃদয়ালুতার পরিচয় পাইয়া ভূপতি মনে মনে খুশি হইত । আজ আশ্চর্য হইয়া ভাবিতে লাগিল, সে সমস্তই কি ভাসা-ভাসা, হৃদয়ের মধ্যে তাহার কোনো ভিত্তি ছিল না ? ভূপতি ভাবিল, চারুর হৃদয় যদি না থাকে তবে কোথায় ভূপতি আশ্রয় পাইবে ।

অল্পে অল্পে পরীক্ষা করিবার জন্য ভূপতি কথা পাড়িল, “চারু, তুমি ভালো ছিলে তো ? তোমার শরীর খারাপ নেই ?”

চারু সংক্ষেপে উত্তর করিল, “ভালোই আছি ।”

ভূপতি । অমলের তো বিয়ে চূকে গেল ।

এই বলিয়া ভূপতি চূপ করিল ; চারু তৎকালোচিত একটা কোনো সংগত কথা বলিতে অনেক চেষ্টা করিল, কোনো কথাই বাহির হইল না ; সে আড়ষ্ট হইয়া রহিল ।

ভূপতি স্বভাবতই কখনো কিছু লক্ষ্য করিয়া দেখে না— কিন্তু অমলের বিদায়শোক তাহার নিজের মনে লাগিয়া আছে বলিয়াই চারুর ঔদাসীনা তাহাকে আঘাত করিল । তাহার ইচ্ছা ছিল, সমবেদনায় ব্যথিত চারুর সঙ্গে অমলের কথা আলোচনা করিয়া সে হৃদয়ভার লাঘব করিবে ।

ভূপতি । মেয়েটিকে দেখতে বেশ ।— চারু, ঘুমোচ্ছ ?

চারু কহিল, “না ।”

ভূপতি । বেচারী অমল একলা চলে গেল । যখন তাকে গাড়িতে উঠিয়ে দিলুম, সে ছেলেমানুষের মতো কাঁদতে লাগল— দেখে এই বুড়োবয়সে আমি আর চোখের জল রাখতে পারলুম না । গাড়িতে দুজন সাহেব ছিল, পুরুষমানুষের কান্না দেখে তাদের ভারি আমোদ বোধ হল ।

নির্বাণদীপ শয়নঘরে বিছানার অঙ্ককারের মধ্যে চারু প্রথমে পাশ ফিরিয়া শুইল, তাহার পর হঠাৎ তাড়াতাড়ি বিছানা ছাড়িয়া চলিয়া গেল । ভূপতি চকিত হইয়া ভিজ্ঞাসা করিল, “চারু, অসুখ করেছে ?”

কোনো উত্তর না পাইয়া সেও উঠিল । পাশে বারান্দা হইতে চাপা কান্নার শব্দ শুনিতে পাইয়া ভ্রমপদে গিয়া দেখিল, চারু মাটিতে পড়িয়া উপুড় হইয়া কান্না রোধ করিবার চেষ্টা করিতেছে ।

এরূপ দুরন্ত শোকোচ্ছ্বাস দেখিয়া ভূপতি আশ্চর্য হইয়া গেল । ভাবিল, চারুকে কী ভুল বুঝিয়াছিলাম । চারুর স্বভাব এতই চাপা যে, আমার কাছেও হৃদয়ের কোনো বেদনা প্রকাশ করিতে চাহে না । যাহাদের প্রকৃতি এইরূপ তাহাদের ভালোবাসা সুগভীর এবং তাহাদের বেদনাও অত্যন্ত বেশি । চারুর প্রেম সাধারণ স্ত্রীলোকদের ন্যায় বাহির হইতে তেমন পরিদৃশ্যমান নহে, ভূপতি তাহা মনে মনে ঠাহর করিয়া দেখিল । ভূপতি চারুর ভালোবাসার উচ্ছ্বাস কখনো দেখে নাই ; আজ বিশেষ করিয়া বুঝিল, তাহার কারণ অন্তরের দিকেই চারুর ভালোবাসার গোপন প্রসার । ভূপতি নিজেও বাহিরে প্রকাশ করিতে অপটু ; চারুর প্রকৃতিতেও হৃদয়াবেগের সুগভীর অন্তঃশীলতার পরিচয় পাইয়া সে একটা ভূপ্তি অনুভব করিল ।

ভূপতি তখন চারুর পাশে বসিয়া কোনো কথা না বলিয়া ধীরে ধীরে তাহার গায়ে হাত বুলাইয়া দিতে লাগিল । কী করিয়া সাহসনা করিতে হয় ভূপতির তাহা জানা ছিল না— ইহা সে বুঝিল না, শোককে যখন কেহ অঙ্ককারে কষ্ট চাপিয়া হত্যা করিতে চাহে তখন সাক্ষী বসিয়া থাকিলে ভালো লাগে না ।

চতুর্দশ পরিচ্ছেদ

ভূপতি যখন তাহার খবরের কাগজ হইতে অবসর লইল তখন নিজের ভবিষ্যতের একটা ছবি নিজের মনের মধ্যে আঁকিয়া লইয়াছিল । প্রতিজ্ঞা করিয়াছিল, কোনো প্রকার দুরাশা-দৃষ্টেটায় যাইবে না, চারুকে লইয়া পড়াশুনা ভালোবাসা এবং প্রতিদিনের ছোটোখাটো গার্হস্থ্য কর্তব্য পালন করিয়া

চলিবে। মনে করিয়াছিল, যে-সকল ঘোরো সুখ সব চেয়ে সুন্দর অথচ সুন্দর, সর্বদাই নাড়াচাড়ার যোগা অথচ পবিত্র নির্মল, সেই সহজলভ্য সুখগুলির দ্বারা তাহার জীবনের গৃহকোণটিতে সজ্জাপ্রদীপ জ্বলাইয়া নিভৃত শান্তির অবতারণা করিবে। হাসি গল্প পরিহাস, পরস্পরের মনোরঞ্জনের জন্য প্রত্যহ ছোটোখাটো আয়োজন, ইহাতে অধিক চেষ্টা আবশ্যিক হয় না অথচ সুখ অপরিাপ্ত হইয়া উঠে।

কার্যকালে দেখিল, সহজ সুখ সহজ নহে। যাহা মূল্য দিয়া কিনিতে হয় না তাহা যদি আপনি হাতের কাছে না পাওয়া যায় তবে আর কোনোমতেই কোথাও খুঁজিয়া পাইবার উপায় থাকে না।

ভূপতি কোনোমতেই চাকুর সঙ্গে বেশ করিয়া জমাইয়া লইতে পারিল না। ইহাতে সে নিজেকেই দোষ দিল। ভাবিল, 'বারো বৎসর কেবল খবরের কাগজ লিখিয়া, স্ত্রীর সঙ্গে কী করিয়া গল্প করিতে হয় সে বিদ্যা একেবারে খোয়াইয়াছি।' সজ্জাদীপ জ্বালিতেই ভূপতি আগ্রহের সহিত ঘরে যায়— সে দুই-একটা কথা বলে, চাকর দুই-একটা কথা বলে, তার পরে কী বলিবে ভূপতি কোনোমতেই ভাবিয়া পায় না। নিজের এই অক্ষমতায় স্ত্রীর কাছে সে লজ্জা বোধ করিতে থাকে। স্ত্রীকে লইয়া গল্প করা সে এতই সহজ মনে করিয়াছিল অথচ মূঢ়ের নিকট ইহা এতই শক্ত! সভাস্থলে বক্তৃতা করা ইহার চেয়ে সহজ।

যে সজ্জাবেলাকে ভূপতি হাস্যে কৌতুকে প্রণয়ে আদরে রমণীয় করিয়া তুলিবে কল্পনা করিয়াছিল, সেই সজ্জাবেলা কাটানো তাহাদের পক্ষে সমস্যার স্বরূপ হইয়া উঠিল। কিছুক্ষণ চেষ্টাপূর্ণ মৌনের পর ভূপতি মনে করে 'উঠিয়া যাই'— কিন্তু উঠিয়া গেলে চাকর কী মনে করিবে এই ভাবিয়া উঠিতেও পারে না। বলে, "চাকর, তাস খেলবে?" চাকর অন্য কোনো গতি না দেখিয়া বলে, আচ্ছা। বলিয়া অনিচ্ছাক্রমে তাস পাড়িয়া আনে, নিতান্ত ভুল করিয়া অনায়াসেই হারিয়া যায়— সে খেলায় কোনো সুখ থাকে না।

ভূপতি অনেক ভাবিয়া একদিন চাকরকে জিজ্ঞাসা করিল, "চাকর, মন্দাকে আনিয়া নিলে হয় না? তুমি নিতান্ত একলা পড়েছ।"

চাকর মন্দার নাম শুনিয়াই জ্বলিয়া উঠিল। বলিল, "না, মন্দাকে আমার দরকার নেই।"

ভূপতি হাসিল। মনে মনে খুশি হইল। সাধীরা যেখানে সতীধর্মের কিছুমাত্র ব্যতিক্রম দেখে সেখানে ধৈর্য রাখিতে পারে না।

বিচ্ছেদের প্রথম ধাক্কা সামলাইয়া চাকর ভাবিল, মন্দা থাকিলে সে হয়তো ভূপতিকে অনেকটা আমোদে রাখিতে পারিবে। ভূপতি তাহার নিকট হইতে যে মনের সুখ চায় সে তাহা কোনোমতে দিতে পারিতেছে না, ইহা চাকর অনুভব করিয়া পীড়া বোধ করিতেছিল। ভূপতি জগৎসংসারের আর-সমস্ত ছাড়িয়া একমাত্র চাকর নিকট হইতেই তাহার জীবনের সমস্ত আনন্দ আকর্ষণ করিয়া লইতে চেষ্টা করিতেছে, এই একাগ্র চেষ্টা দেখিয়া ও নিজের অন্তরের দৈন্য উপলব্ধি করিয়া চাকর ভীত হইয়া পড়িয়াছিল। এমন করিয়া কতদিন কিরূপে চলিবে। ভূপতি আর কিছু অবলম্বন করে না কেন। আর-একটা খবরের কাগজ চালায় না কেন। ভূপতির চিন্তরঞ্জন করিবার অভ্যাস এ পর্যন্ত চাকরকে কখনো করিতে হয় নাই, ভূপতি তাহার কাছে কোনো সেবা দাবি করে নাই, কোনো সুখ প্রার্থনা করে নাই, চাকরকে সে সর্বতোভাবে নিজের প্রয়োজনীয় করিয়া তোলে নাই; আজ হঠাৎ তাহার জীবনের সমস্ত প্রয়োজন চাকর নিকট চাহিয়া বসাতে সে কোথাও কিছু যেন খুঁজিয়া পাইতেছে না। ভূপতির কী চাই, কী হইলে সে তৃপ্ত হয়, তাহা চাকর ঠিকমত জানে না এবং জানিলেও তাহা চাকর পক্ষে সহজে আয়ত্তগম্য নহে।

ভূপতি যদি অল্পে অল্পে অগ্রসর হইত তবে চাকর পক্ষে হয়তো এত কঠিন হইত না। কিন্তু হঠাৎ এক রাতে দেউলিয়া হইয়া রিক্ত ভিক্ষাপাত্র পাতিয়া বসাতে সে যেন বিব্রত হইয়াছে।

চাকর কহিল, "আচ্ছা, মন্দাকে আনিয়া নাও, সে থাকলে তোমার দেখাশুনোর অনেক সুবিধে হতে পারবে।"

ভূপতি হাসিয়া কহিল, "আমার দেখাশুনো! কিছু দরকার নেই।"

ভূপতি কুঃ হইয়া ভাবিল, 'আমি বড়ো নীরস লোক, চাকরকে কিছুতেই আমি সুখী করিতে পারিতেছি না।'

এই ভাবিয়া সে সাহিত্য লইয়া পড়িল। বন্ধুরা কখনো বাড়ি আসিলে বিস্মিত হইয়া দেখিত, ভূপতি টেনিসন, বাইরন, বঙ্কিমের গল্প এই সমস্ত লইয়া আছে। ভূপতির এই অকাল-কাব্যানুরাগ দেখিয়া বন্ধুবান্ধবেরা অত্যন্ত ঠাট্টাবিহ্বল করিতে লাগিল। ভূপতি হাসিয়া কহিল, "ভাই, বাশের ফুলও ধরে, কিন্তু কখন ধরে তার ঠিক নেই।"

একদিন সন্ধ্যাবেলায় শোবার ঘরে বড়ো বাতি জ্বালাইয়া ভূপতি প্রথমে লক্ষ্যায় একটু ইতস্তত করিল; পরে কহিল, "একটা কিছু পড়ে শোনাও?"

চাকর কহিল, "শোনাও-না।"

ভূপতি। কী শোনাও।

চাকর। তোমার যা ইচ্ছে।

ভূপতি চাকরর অধিক আগ্রহ না দেখিয়া একটু দমিল। তবু সাহস করিয়া কহিল, "টেনিসন থেকে একটা কিছু তর্জমা করে তোমাকে শোনাও।"

চাকর কহিল, "শোনাও।"

সমস্তই মাটি হইল। সংকোচ ও নিরুৎসাহে ভূপতির পড়া বাধিয়া যাইতে লাগিল, ঠিকমত বাংলা প্রতিশব্দ জোগাইল না। চাকরর শূন্যদৃষ্টি দেখিয়া বোঝা গেল, সে মন দিতেছে না। সেই দীপালোকিত ছোটো ঘরটি, সেই সন্ধ্যাবেলাকার নিভৃত অবকাশটুকু তেমন করিয়া ভরিয়া উঠিল না।

ভূপতি আরো দুই-একবার এই ভ্রম করিয়া অবশেষে স্ত্রীর সহিত সাহিত্য-চর্চার চেষ্টা পরিত্যাগ করিল।

পঞ্চদশ পরিচ্ছেদ

যেমন গুরুতর আঘাতে স্নায়ু অবশ হইয়া যায় এবং প্রথমটা বেদনা টের পাওয়া যায় না, সেইরূপ বিচ্ছেদের আরম্ভকালে অমলের অভাব চাকর ভালো করিয়া যেন উপলব্ধি করিতে পারে নাই।

অবশেষে যতই দিন যাইতে লাগিল ততই অমলের অভাবে সাংসারিক শূন্যতার পরিমাপ ক্রমাগতই যেন বাড়িতে লাগিল। এই ভীষণ আবিষ্কারে চাকর হতবুদ্ধি হইয়া গেছে। নিকুঞ্জবন হইতে বাহির হইয়া সে হঠাৎ এ কোন্ মরুভূমির মধ্যে আসিয়া পড়িয়াছে— দিনের পর দিন যাইতেছে, মরুপ্রান্তর ক্রমাগতই বাড়িয়া চলিয়াছে। এ মরুভূমির কথা সে কিছুই জানিত না।

ঘুম থেকে উঠিয়াই হঠাৎ বুকের মধ্যে ধক্ক করিয়া উঠে— মনে পড়ে, অমল নাই। সকালে যখন সে বারান্দায় পান সাজিতে বসে, কপে কপে কেবলই মনে হয়, অমল পশ্চাৎ হইতে আসিবে না। এক-একসময় অন্যমনস্ক হইয়া বেশি পান সাজিয়া ফেলে, সহসা মনে পড়ে, বেশি পান খাইবার লোক নাই। যখনই তাঁড়ারঘরে পদাৰ্পণ করে মনে উদয় হয়, অমলের জন্য অলখাবার দিতে হইবে না। মনের অর্ধৈর্ষ্য অন্তঃপুরের সীমান্তে আসিয়া তাহাকে স্মরণ করাইয়া দেয়, অমল কলেজ হইতে আসিবে না। কোনো একটা নূতন বই, নূতন লেখা, নূতন ধবর, নূতন কৌতুক প্রত্যাশা করিবার নাই; কাহারও জন্য কোনো সেলাই করিবার, কোনো লেখা লিখিবার, কোনো শৌখিন জিনিস কিনিয়া রাখিবার নাই।

নিজের অসহ্য কষ্টে ও চাঞ্চল্যে চাকর নিজে বিস্মিত। মনোবেদনার অবিশ্রাম পীড়নে তাহার ভয় হইল। নিজে কেবলই প্রশ্ন করিতে লাগিল, 'কেন। এত কষ্ট কেন হইতেছে। অমল আমার এতই কী যে, তাহার জন্য এত দুঃখ ভোগ করিব। আমার কী হইল, এতদিন পরে আমার এ কী হইল। দাসী চাকরর রাস্তার মুটেমজুরগুলাও নিশ্চয় হইয়া ফিরিতেছে, আমার এমন হইল কেন। ভগবান হরি, আমাকে এমন বিপদে কেন ফেলিলে।'

কেবলই প্রশ্ন করে এবং আশ্চর্য হয়, কিন্তু দুঃখের কোনো উপশম হয় না। অমলের স্মৃতিতে তাহার অন্তর-বাহির এমনি পরিব্যাপ্ত যে, কোথাও সে পালাইবার স্থান পায় না।

ভূপতি কোথায় অমলের স্মৃতির আক্রমণ হইতে তাহাকে রক্ষা করিবে, তাহা না করিয়া সেই বিচ্ছেদবাধিত স্নেহশীল মৃঢ় কেবলই অমলের কথাই মনে করাইয়া দেয়।

অবশেষে চারু একেবারে হাল ছাড়িয়া দিল— নিজের সঙ্গে যুদ্ধ করায় ক্ষান্ত হইল ; হার মানিয়া নিজের অবস্থাকে অবিরোধে গ্রহণ করিল। অমলের স্মৃতিকে যত্নপূর্বক হৃদয়ের মধ্যে প্রতিষ্ঠিত করিয়া লইল।

ক্রমে এমনি হইয়া উঠিল, একাগ্রচিত্তে অমলের ধ্যান তাহার গোপন গর্বের বিষয় হইল— সেই স্মৃতিই যেন তাহার জীবনের শ্রেষ্ঠ গৌরব।

গৃহকার্যের অবকাশে একটা সময় সে নির্দিষ্ট করিয়া লইল। সেই সময় নির্জনে গৃহদ্বার রুদ্ধ করিয়া তন্ন তন্ন করিয়া অমলের সহিত তাহার নিজ জীবনের প্রত্যেক ঘটনা চিন্তা করিত। উপুড় হইয়া বালিশের উপর মুখ রাখিয়া বার বার করিয়া বলিত, “অমল, অমল, অমল !” সমুদ্র পার হইয়া যেন শব্দ আসিত, “বোঠান, কী বোঠান।” চারু সিন্ধু চক্ষু মুদ্রিত করিয়া বলিত, “অমল, তুমি রাগ করিয়া চলিয়া গেলে কেন। আমি তো কোনো দোষ করি নাই। তুমি যদি ভালোমুখে বিদায় লইয়া যাইতে, তাহা হইলে বোধ হয় আমি এত দুঃখ পাইতাম না।” অমল সম্মুখে থাকিলে যেমন কথা হইত চারু ঠিক তেমনি করিয়া কথাগুলি উচ্চারণ করিয়া বলিত, “অমল, তোমাকে আমি একদিনও ভুলি নাই। একদিনও না, একদণ্ডও না। আমার জীবনের শ্রেষ্ঠ পদার্থ সমস্ত তুমিই ফুটাইয়াছ আমার জীবনের সারভাগ দিয়া প্রতিদিন তোমার পূজা করিব।”

এইরূপে চারু তাহার সমস্ত ঘরকন্না তাহার সমস্ত কতর্বোর অন্তঃস্তরের তলদেশে সুড়ঙ্গ খনন করিয়া সেই নিরালোক নিস্তরু অন্ধকারের মধ্যে অশ্রুমালাসঙ্কীর্ণ একটি গোপন শোকের মন্দির নির্মাণ করিয়া রাখিল। সেখানে তাহার স্বামী বা পৃথিবীর আর-কাহারও কোনো অধিকার রহিল না। সেই স্থানটুকু যেমন গোপনতম, তেমনি গভীরতম, তেমনি প্রিয়তম। তাহারই দ্বারে সে সংসারের সমস্ত ছদ্মবেশ পরিত্যাগ করিয়া নিজের অনাবৃত আত্মস্বরূপে প্রবেশ করে এবং সেখান হইতে বাহির হইয়া মুখোশখানা আবার মুখে দিয়া পৃথিবীর হাস্যালাপ ও ক্রিয়াকর্মের রঙ্গভূমির মধ্যে আসিয়া উপস্থিত হয়।

ষোড়শ পরিচ্ছেদ

এইরূপে মনের সহিত স্বপ্নবিবাদ ত্যাগ করিয়া চারু তাহার বৃহৎ বিবাদের মধ্যে একপ্রকার শান্তিলাভ করিল এবং একনিষ্ঠ হইয়া স্বামীকে ভক্তি ও যত্ন করিতে লাগিল। ভূপতি যখন নিদ্রিত থাকিত চারু তখন ধীরে ধীরে তাহার পায়ের কাছে মাথা রাখিয়া পায়ের ধূলা সীমন্তে তুলিয়া লইত। সেবাস্তম্ভ্রবায় গৃহকর্মে স্বামীর লেশমাত্র ইচ্ছা সে অসম্পূর্ণ রাখিত না। আশ্রিত প্রতিপালিত ব্যক্তিদের প্রতি কোনোপ্রকার অযত্নে ভূপতি দুঃখিত হইত জানিয়া, চারু তাহাদের প্রতি আতিথেয় তিলমাত্র ক্রটি ঘটিতে দিত না। এইরূপে সমস্ত কাজকর্ম সারিয়া ভূপতির উচ্ছ্রিত প্রসাদ খাইয়া চারুর দিন শেষ হইয়া যাইত।

এই সেবা ও যত্নে ও ভগ্নত্নী ভূপতি যেন নবযৌবন ফিরিয়া পাইল। স্ত্রীর সহিত পূর্বে যেন তাহার নববিবাহ হয় নাই, এতদিন পরে যেন হইল। সাজসজ্জায় হাস্যে পরিহাসে বিকশিত হইয়া সংসারের সমস্ত দুর্ভাবনাকে ভূপতি মনের একপাশে ঠেলিয়া রাখিয়া দিল। রোগ-আরামের পর যেমন ক্ষুধা বাড়িয়া উঠে, শরীরে ভোগশক্তির বিকাশকে সচেতনভাবে অনুভব করা যায়, ভূপতির মনে এতকাল পরে সেইরূপ একটা অপূর্ব এবং প্রবল ভাবাবেশের সঞ্চার হইল। বহুদিগকে, এমন-কি, চারুকে লুকাইয়া ভূপতি কেবল কবিতা পড়িতে লাগিল। মনে মনে কহিল, ‘কাগজখানা গিয়া এবং অনেক দুঃখ পাইয়া এতদিন পরে আমি আমার স্ত্রীকে আবিষ্কার করিতে পারিয়াছি।’

ভূপতি চারুকে বলিল, “চারু, তুমি আজকাল লেখা একেবারেই ছেড়ে দিয়েছ কেন।”

চারু বলিল, “ভারি তো আমার লেখা।”

ভূপতি । সত্যি কথা বলছি, তোমার মতো অমন বাংলা এখনকার লেখকদের মধ্যে আমি তো আর কারও দেখি নি । ‘বিশ্ববন্ধু’তে যা লিখেছিল আমারও ঠিক তাই মত ।

চারু । আঃ, ধামো ।

ভূপতি “এই দেখো-না” বলিয়া একখণ্ড ‘সরোরুহ’ বাহির করিয়া চারু ও অমলের ভাষার তুলনা করিতে আরম্ভ করিল । চারু আরম্ভমুখে ভূপতির হাত হইতে কাগজ কাড়িয়া লইয়া অমলের মধ্যে আচ্ছাদন করিয়া রাখিল ।

ভূপতি মনে মনে ভাবিল, ‘লেখার সঙ্গী একজন না থাকিলে লেখা বাহির হয় না ; রোসো, আমাকে লেখাটা অভ্যাস করিতে হইবে, তাহা হইলে ক্রমে চারুরও লেখার উৎসাহ সঞ্চার করিতে পারিব ।’

ভূপতি অত্যন্ত গোপনে খাতা লইয়া লেখা অভ্যাস করিতে আরম্ভ করিল । অভিধান দেখিয়া পুনঃপুনঃ কাটিয়া, বার বার কাপি করিয়া ভূপতির বেকার অবস্থার দিনগুলি কাটিতে লাগিল । এত কষ্টে এত চেষ্টায় তাহাকে লিখিতে হইতেছে যে, সেই বহু দুঃখের রচনাগুলির প্রতি ক্রমে তাহার বিশ্বাস ও মমতা জন্মিল ।

অবশেষে একদিন তাহার লেখা আর-একজনকে দিয়া নকল করাইয়া ভূপতি স্ত্রীকে লইয়া দিল । কহিল, “আমার এক বন্ধু নতুন লিখতে আরম্ভ করেছে । আমি তো কিছু বুঝি নে, তুমি একবার পড়ে দেখো দেখি তোমার কেমন লাগে ।”

খাতাখানা চারুর হাতে দিয়া সাধসে ভূপতি বাহিরে চলিয়া গেল । সরল ভূপতির এই ছলনাটুকু চারুর বুঝিতে বাধি রহিল না ।

পড়িল ; লেখার ছাঁদ এবং বিষয় দেখিয়া একটুখানি হাসিল । হায় ! চারু তাহার স্বামীকে ভক্তি করিবার জন্য এত আয়োজন করিতেছে, সে কেন এমন ছেলেমানুষি করিয়া পূজার অর্ঘ্য ছড়াইয়া ফেলিতেছে । চারুর কাছে বাহবা আদায় করিবার জন্য তাহার এত চেষ্টা কেন । সে যদি কিছুই না করিত, চারুর মনোযোগ আকর্ষণের জন্য সর্বদাই তাহার যদি প্রয়াস না থাকিত, তবে স্বামীর পূজা চারুর পক্ষে সহজসাধ্য হইত । চারুর একান্ত ইচ্ছা, ভূপতি কোনো অংশেই নিজেকে চারুর অপেক্ষা ছোটো না করিয়া ফেলে ।

চারু খাতাখানা মুড়িয়া বালিশে হেলান দিয়া দূরের দিকে চাহিয়া অনেকক্ষণ ধরিয়া ভাবিতে লাগিল । অমলও তাহাকে নতুন লেখা পড়িবার জন্য আনিয়া দিত ।

সন্ধ্যাবেলায় উৎসুক ভূপতি শয়নগৃহের সম্মুখবর্তী বারান্দায় ফুলের টব-পর্যবেক্ষণে নিযুক্ত হইল, কোনো কথা জিজ্ঞাসা করিতে সাহস করিল না ।

চারু আপনি বলিল, “এ কি তোমার বন্ধুর প্রথম লেখা ।”

ভূপতি কহিল, “হাঁ ।”

চারু । এত চমৎকার হয়েছে— প্রথম লেখা বলে মনেই হয় না ।

ভূপতি অত্যন্ত খুশি হইয়া ভাবিতে লাগিল, বেনামি লেখাটায় নিজের নামজারি করা যায় কী উপায়ে ।

ভূপতির খাতা ভয়ংকর দ্রুতগতিতে পূর্ণ হইয়া উঠিতে লাগিল । নাম প্রকাশ হইতেও বিলম্ব হইল না ।

সপ্তদশ পরিচ্ছেদ

বিলাত হইতে চিঠি আসিবার দিন কবে, এ খবর চারু সর্বদাই রাখিত । প্রথমে এডেন হইতে ভূপতির নামে একখানা চিঠি আসিল, তাহাতে অমল বউঠানকে প্রণাম নিবেদন করিয়াছে ; সুয়েজ হইতেও ভূপতির চিঠি আসিল, বউঠান তাহার মধ্যেও প্রণাম পাইল । মন্টা হইতে চিঠি পাওয়া গেল, তাহাতেও পুনশ্চ-নিবেদনে বউঠানের প্রণাম আসিল ।

চারু অমলের একখানা চিঠিও পাইল না। ভূপতির চিঠিগুলি চাহিয়া লইয়া উলটিয়া পালটিয়া বার বার করিয়া পড়িয়া দেখিল— প্রণামজ্ঞাপন ছাড়া আর কোথাও তাহার সম্বন্ধে আভাসমাত্রও নাই।

চারু এই কয়দিন যে একটি শাস্ত বিবাদের চম্ভ্রাতপচ্ছায়ার আশ্রয় লইয়াছিল অমলের এই উপেক্ষায় তাহা ছিন্ন হইয়া গেল। অন্তরের মধ্যে তাহার হৃৎপিণ্ডটা লইয়া আবার যেন ছেঁড়াছেড়ি আরম্ভ হইল। তাহার সংসারের কর্তব্যস্থিতির মধ্যে আবার ভূমিকম্পের আন্দোলন জাগিয়া উঠিল।

এখন ভূপতি এক-একদিন অর্ধরাত্রে উঠিয়া দেখে, চারু বিছানায় নাই। খুঁজিয়া খুঁজিয়া দেখে, চারু দক্ষিণের ঘরের জানালায় বসিয়া আছে। তাহাকে দেখিয়া চারু তাড়াতাড়ি উঠিয়া বলে, “ঘরে আজ যে গরম, তাই একটু বাতাসে এসেছি।”

ভূপতি উদ্বেগ হইয়া বিছানায় পাখা টানার বন্দোবস্ত করিয়া দিল, এবং চারুর স্বাস্থ্যভঙ্গ আশঙ্কা করিয়া সর্বদাই তাহার প্রতি দৃষ্টি রাখিল। চারু হাসিয়া বলিল, “আমি বেশ আছি, তুমি কেন মিছামিছি ব্যস্ত হও।” এই হাসিটুকু ফুটাইয়া তুলিতে তাহার বন্ধের সমস্ত শক্তি প্রয়োগ করিতে হইত।

অমল বিলাতে পৌঁছিল। চারু স্থির করিয়াছিল, পথে তাহাকে স্বতন্ত্র চিঠি লিখিবার যথেষ্ট সুযোগ হয়তো ছিল না, বিলাতে পৌঁছিয়া অমল লম্বা চিঠি লিখিবে। কিন্তু সে লম্বা চিঠি আসিল না।

প্রত্যেক মেল আসিবার দিনে চারু তাহার সমস্ত কাজকর্ম কথাবার্তার মধ্যে ভিতরে ভিতরে ছটফট করিতে থাকিত। পাছে ভূপতি বলে, ‘তোমার নামে চিঠি নাই’ এইজন্য সাহস করিয়া ভূপতিকে প্রশ্ন জিজ্ঞাসা করিতে পারিত না।

এমন অবস্থায় একদিন চিঠি আসিবার দিনে ভূপতি মন্দগমনে আসিয়া মৃদুহাস্যে কহিল, “একটা জিনিস আছে, দেখবে?”

চারু ব্যস্তসমস্ত চমকিত হইয়া কহিল, “কই দেখাও।”

ভূপতি পরিহাসপূর্বক দেখাইতে চাহিল না।

চারু অধীর হইয়া ভূপতির চাদরের মধ্য হইতে বাঞ্ছিত পদার্থ কাড়িয়া লইবার চেষ্টা করিল। সে মনে মনে ভাবিল, ‘সকাল হইতেই আমার মন বলিতেছে, আজ আমার চিঠি আসিবেই— এ কখনো বার্থ হইতে পারে না।’

ভূপতির পরিহাসসম্পূর্ণ ক্রমেই বাড়িয়া উঠিল; সে চারুকে এড়াইয়া ষাটের চারি দিকে ফিরিতে লাগিল।

তখন চারু একান্ত বিরক্তির সহিত ষাটের উপর বসিয়া চোখ ছলছল করিয়া তুলিল।

চারুর একান্ত আগ্রহে ভূপতি অত্যন্ত খুশি হইয়া চাদরের ভিতর হইতে নিজের রচনার খাতাখানা বাহির করিয়া তাড়াতাড়ি চারুর কোলে দিয়া কহিল, “রাগ কোরো না। এই নাও।”

অষ্টাদশ পরিচ্ছেদ

অমল যদিও ভূপতিকে জানাইয়াছিল যে, পড়াশুনার তাড়ায় সে দীর্ঘকাল পত্র লিখিতে সময় পাইবে না, তবু দুই-এক মেল তাহার পত্র না আসাতে সমস্ত সংসার চারুর পক্ষে কষ্টকশয়া হইয়া উঠিল।

সন্ধ্যাবেলায় পাঁচ কথার মধ্যে চারু অত্যন্ত উদাসীনভাবে শাস্ত্রবরে তাহার স্বামীকে কহিল, “আজ্ঞা দেখো, বিলেতে একটা টেলিগ্রাফ করে জানলে হয় না, অমল কেমন আছে?”

ভূপতি কহিল, “দুই হপ্তা আগে তার চিঠি পাওয়া গেছে, সে এখন পড়ায় ব্যস্ত।”

চারু। ওঃ, তবে কাজ নেই। আমি ভাবছিলুম, বিদেশে আছে, যদি ব্যামোস্যামো হয়— বলা তো যায় না।

ভূপতি। নাঃ, তেমন কোনো ব্যামো হলে খবর পাওয়া যেত। টেলিগ্রাফ করাও তো কম খরচা নয়।

চারু । তাই নাকি । আমি ভেবেছিলুম, বড়ো জোর এক টাকা কি দু টাকা লাগবে ।

ভূপতি । বল কী, প্রায় একশো টাকার ধাক্কা ।

চারু । তা হলে তো কথাই নেই !

দিন দুয়েক পরে চারু ভূপতিকে বলিল, “আমার বোন এখন চুচড়ায় আছে, আজ একবার তার খবর নিয়ে আসতে পার ?”

ভূপতি । কেন । কোনো অসুখ করেছে নাকি ?

চারু । না, অসুখ না, জানই তো তুমি গেলে তারা কত খুশি হয় ।

ভূপতি চারুর অনুরোধে গাড়ি চড়িয়া হাবড়া-স্টেশন-অভিমুখে ছুটিল । পথে একসার গোকুর গাড়ি আসিয়া তাহার গাড়ি আটক করিল ।

এমন সময় পরিচিত টেলিগ্রাফের হরকরা ভূপতিকে দেখিয়া তাহার হাতে একখানা টেলিগ্রাফ লইয়া দিল । বিলাতের টেলিগ্রাম দেখিয়া ভূপতি ভারি ভয় পাইল । ভাবিল, অমলের হয়তো অসুখ করিয়াছে । ভয়ে ভয়ে খুলিয়া দেখিল টেলিগ্রামে লেখা আছে, ‘আমি ভালো আছি ।’

ইহার অর্থ কী । পরীক্ষা করিয়া দেখিল, ইহা প্রী-পেড টেলিগ্রামের উত্তর ।

হাওড়া যাওয়া হইল না । গাড়ি ফিরাইয়া ভূপতি বাড়ি আসিয়া স্ত্রীর হাতে টেলিগ্রাম দিল । ভূপতির হাতে টেলিগ্রাম দেখিয়া চারুর মুখ পাংশুবর্ণ হইয়া গেল ।

ভূপতি কহিল, “আমি এর মানে কিছুই বুঝিতে পারছি নে ।” অনুসন্ধানে ভূপতি মানে বুঝিল । চারু নিজের গহনা বন্ধক রাখিয়া টাকা ধার করিয়া টেলিগ্রাফ পাঠাইয়াছিল ।

ভূপতি ভাবিল, এত করিবার তো দরকার ছিল না । আমাকে একটু অনুরোধ করিয়া ধরিলেই তো আমি টেলিগ্রাফ করিয়া দিতাম, চারুরকে দিয়া গোপনে বাজারে গহনা বন্ধক দিতে পাঠানো— এ তো ভালো হয় নাই ।

থাকিয়া থাকিয়া ভূপতির মনে কেবলই এই প্রশ্ন হইতে লাগিল, চারু কেন এত বাড়াবাড়ি করিল । একটা অস্পষ্ট সন্দেহ অলঙ্কাভাবে তাহাকে বিদ্ধ করিতে লাগিল । সে সন্দেহটাকে ভূপতি প্রত্যক্ষভাবে দেখিতে চাহিল না, ভুলিয়া থাকিতে চেষ্টা করিল, কিন্তু বেদনা কোনোমতে ছাড়িল না ।

উনবিংশ পরিচ্ছেদ

অমলের শরীর ভালো আছে, তবু সে চিঠি লেখে না ! একেবারে এমন নিদারুণ ছাড়াছাড়ি হইল কী করিয়া । একবার মুখোমুখি এই প্রশ্নটার জবাব লইয়া আসিতে ইচ্ছা হয়, কিন্তু মধো সমুদ্র— পার হইবার কোনো পথ নাই । নিষ্ঠুর বিচ্ছেদ, নিকরপায় বিচ্ছেদ, সকল প্রশ্ন সকল প্রতিকারের অতীত বিচ্ছেদ ।

চারু আপনাকে আর খাড়া রাখিতে পারে না । কাজকর্ম পড়িয়া থাকে, সকল বিষয়েই ভুল হয়, চাকরবাকর চুরি করে ; লোকে তাহার দীনভাব লক্ষ্য করিয়া নানাপ্রকার কানাকানি করিতে থাকে, কিছুতেই তার চেতনামাত্র নাই ।

এমনি হইল, হঠাৎ চারু চমকিয়া উঠিল, কথা কহিতে কহিতে তাহাকে কাঁদিবার জন্য উঠিয়া যাইতে হইত, অমলের নাম শুনিবামাত্র তাহার মুখ বিবর্ণ হইয়া যাইত ।

অবশেষে ভূপতিও সমস্ত দেখিল, এবং যাহা মৃত্যুর জন্য ভাবে নাই তাহাও ভাবিল— সংসার একেবারে তাহার কাছে বৃদ্ধ শুষ্ক জীর্ণ হইয়া গেল ।

মাঝে যে-কয়দিন আনন্দের উন্মেষে ভূপতি অন্ধ হইয়াছিল সেই কয়দিনের স্মৃতি তাহাকে লক্ষ্য দিতে লাগিল । যে অনভিজ্ঞ বানর জহর চেনে না তাহাকে ঝুটা পাথর দিয়া কি এমনি করিয়াই ঠকাইতে হয় ।

চারুর যে-সকল কথায় আদরে ব্যবহারে ভূপতি ভুলিয়াছিল সেগুলো মনে আসিয়া তাহাকে 'মুঢ় মুঢ় মুঢ়' বলিয়া বেত মারিতে লাগিল।

অবশেষে তাহার বহু কষ্টের বহু যত্নের রচনাগুলির কথা যখন মনে উদয় হইল তখন ভূপতি ধরনীকে দ্বিধা হইতে বলিল। অঙ্কশতাড়িতের মতো চারুর কাছে দ্রুতপদে গিয়া ভূপতি কহিল, "আমার সেই লেখাগুলো কোথায়।"

চারু কহিল, "আমার কাছেই আছে।"

ভূপতি কহিল, "সেগুলো দাও।"

চারু তখন ভূপতির জন্য ডিমের কচুরি ভাজিতেছিল, কহিল, "তোমার কি এখনই চাই।"

ভূপতি কহিল, "হ্যাঁ, এখনই চাই।"

চারু কড়া নামাইয়া রাখিয়া আলমারি হইতে খাতা ও কাগজগুলি বাহির করিয়া আনিল। ভূপতি অধীরভাবে তাহার হাত হইতে সমস্ত টানিয়া লইয়া খাতাপত্র একেবারে উনানের মধ্যে ফেলিয়া দিল।

চারু ব্যস্ত হইয়া সেগুলো বাহির করিবার চেষ্টা করিয়া কহিল, "এ কী করলে।"

ভূপতি তাহার হাত চাপিয়া ধরিয়া গর্জন করিয়া বলিল, "থাক।"

চারু বিস্মিত হইয়া দাঁড়াইয়া রহিল। সমস্ত লেখা নিঃশেষে পুড়িয়া ভস্ম হইয়া গেল।

চারু বুঝিল। দীর্ঘনিশ্বাস ফেলিল। কচুরিভাজা অসমাপ্ত রাখিয়া ধীরে ধীরে অন্যত্র চলিয়া গেল।

চারুর সম্মুখে খাতা নষ্ট করিবার সংকল্প ভূপতির ছিল না। কিন্তু ঠিক সামনেই আগুনটা জ্বলিতেছিল, দেখিয়া কেমন যেন তাহার খুন চাপিয়া উঠিল। ভূপতি আত্মসংবরণ করিতে না পারিয়া প্রবলিত নির্বোধের সমস্ত চেষ্টা বন্ধনাকারিণীর সম্মুখেই আগুনে ফেলিয়া দিল।

সমস্ত ছাই হইয়া গেল, ভূপতির আকস্মিক উদ্ভাসিতা যখন শান্ত হইয়া আসিল তখন চারু আপন অপরাধের বোঝা বহন করিয়া যেরূপ গভীর বিবাদে নীরব নতমুখে চলিয়া গেল তাহা ভূপতির মনে জাগিয়া উঠিল— সম্মুখে চাহিয়া দেখিল, ভূপতি বিশেষ করিয়া ভালোবাসে বলিয়াই চারু স্বহস্তে যত্ন করিয়া খাবার তৈরি করিতেছিল।

ভূপতি বারান্দার রেলিঙের উপর ভর দিয়া দাঁড়াইল। মনে মনে ভাবিতে লাগিল— তাহার জন্য চারুর এই যে-সকল অশ্রান্ত চেষ্টা, এই যে-সমস্ত প্রাণপণ বন্ধন ইহা অপেক্ষা সর্বকণ ব্যাপার জগৎসংসারে আর কী আছে। এই-সমস্ত বন্ধন, এ তো ছলনাকারিণীর হয়ে ছলনামাত্র নহে; এই ছলনাগুলির জন্য ক্ষতহৃদয়ের ক্ষতযন্ত্রণা চতুর্ভুগ বাড়াইয়া অভাগিনীকে প্রতিদিন প্রতি মুহূর্তে হতপিণ্ড হইতে রক্ত নিষ্পেক্ষণ করিয়া বাহির করিতে হইয়াছে। ভূপতি মনে মনে কহিল, 'হায় অবলা, হায় দুঃখিনী। দরকার ছিল না, আমার এ-সব কিছুই দরকার ছিল না। এতকাল আমি তো ভালোবাসা না পাইয়াও 'পাই নাই' বলিয়া জানিতেও পারি নাই— আমার তো কেবল প্রুফ দেখিয়া, কাগজ লিখিয়াই চলিয়া গিয়াছিল; আমার জন্য এত করিবার কোনো দরকার ছিল না।'

তখন আপনার জীবনকে চারুর জীবন হইতে দূরে সরাইয়া লইয়া— ডাক্তার যেমন সাংঘাতিক ব্যাধিগ্রস্ত রোগীকে দেখে, ভূপতি তেমনি করিয়া নিঃসম্পর্ক লোকের মতো চারুকে দূর হইতে দেখিল! ঐ একটি ক্ষীণশক্তি নারীর হৃদয় কী প্রবল সংসারের দ্বারা চারি দিকে আক্রান্ত হইয়াছে। এমন লোক নাই যাহার কাছে সকল কথা ব্যস্ত করিতে পারে, এমন কথা নহে যাহা ব্যস্ত করা যায়, এমন স্থান নাই যেখানে সমস্ত হৃদয় উদ্ঘাটিত করিয়া দিয়া সে হাহাকার করিয়া উঠিতে পারে— অথচ এই অপ্রকাশ্য অপরিহার্য অপ্রতিবিধেয় প্রত্যহপুঞ্জীভূত দুঃখভার বহন করিয়া নিতান্ত সহজ লোকের মতো, তাহার সুস্থচিত্ত প্রতিবেশিনীদের মতো, তাহাকে প্রতিদিনের গৃহকর্ম সম্পন্ন করিতে হইতেছে।

ভূপতি তাহার শয়নগৃহে গিয়া দেখিল— জানালার গরাদে ধরিয়া অশ্রুহীন অনিমেবদৃষ্টিতে চারু বাহিরের দিকে চাহিয়া আছে। ভূপতি আন্তে আন্তে তাহার কাছে আসিয়া দাঁড়াইল— কিছু বলিল না, তাহার মাথার উপরে হাত রাখিল।

বিংশ পরিচ্ছেদ

বন্ধুরা ভূপতিকে জিজ্ঞাসা করিল, “ব্যাপারখানা কী। এত ব্যস্ত কেন।”

ভূপতি কহিল, “খবরের কাগজ—”

বন্ধু। আবার খবরের কাগজ ? ভিটেমাটি খবরের কাগজে মুড়ে গঙ্গার জলে ফেলতে হবে নাকি।

ভূপতি। না, আর নিজে কাগজ করছি নে।

বন্ধু। তবে ?

ভূপতি। মৈশুরে একটা কাগজ বের হবে, আমাকে তার সম্পাদক করেছে।

বন্ধু। বাড়িঘর ছেড়ে একেবারে মৈশুরে যাবে ? চাকুরে সঙ্গে নিয়ে যাচ্ছ ?

ভূপতি। না, মামারা এখানে এসে থাকবেন।

বন্ধু। সম্পাদকি নেশা তোমার আর কিছুতেই ছুটল না।

ভূপতি। মানুষের যা হোক একটা কিছু নেশা চাই।

বিদায়কালে চাকু জিজ্ঞাসা করিল, “কবে আসবে ?”

ভূপতি কহিল, “তোমার যদি একলা বোধ হয়, আমাকে লিখো, আমি চলে আসব।”

বলিয়া বিদায় লইয়া ভূপতি যখন দ্বারের কাছ পর্যন্ত আসিয়া পৌঁছিল তখন হঠাৎ চাকু ছুটিয়া আসিয়া তাহার হাত চাপিয়া ধরিল, কহিল, “আমাকে সঙ্গে নিয়ে যাও। আমাকে এখানে ফেলে রেখে যেয়ো না।”

ভূপতি ধমকিয়া দাঁড়াইয়া চাকুর মুখের দিকে চাহিয়া রহিল। মুষ্টি শিথিল হইয়া ভূপতির হাত হইতে চাকুর হাত খুলিয়া আসিল। ভূপতি চাকুর নিকট হইতে সরিয়া বারান্দায় আসিয়া দাঁড়াইল।

ভূপতি বুকিল, অমলের বিচ্ছেদস্মৃতি যে বাড়িকে বেঁটন করিয়া জ্বলিতেছে চাকু দাবানলগ্রস্ত হরিণীর মতো সে বাড়ি পরিত্যাগ করিয়া পালাইতে চায়।— ‘কিন্তু, আমার কথা সে একবার ভাবিয়া দেখিল না ? আমি কোথায় পলাইব। যে স্ত্রী হৃদয়ের মধ্যে নিয়ত অনাকে ধ্যান করিতেছে, বিদেশে গিয়াও তাহাকে ভুলিতে সময় পাইব না ? নির্জন বন্ধুহীন প্রবাসে প্রতাহ তাহাকে সঙ্গদান করিতে হইবে ? সমস্তদিন পরিশ্রম করিয়া সন্ধ্যায় যখন ঘরে ফিরিব তখন নিস্তব্ধ শোকপরায়ণা নারীকে লইয়া সেই সন্ধ্যা কী ভয়ানক হইয়া উঠিবে। যাহার অন্তরের মধ্যে মৃতভার তাহাকে বন্ধের কাছে ধরিয়া রাখা, সে আমি কতদিন পারিব। আরো কত বৎসর প্রতাহ আমাকে এমনি করিয়া ঝাঁচিতে হইবে ! যে আশ্রয় চূর্ণ হইয়া ভাঙিয়া গেছে তাহার ভাঙা ইটকাঠগুলো ফেলিয়া যাইতে পারিব না, কাঁধে করিয়া বহিয়া বেড়াইতে হইবে ?’

ভূপতি চাকুরে আসিয়া কহিল, “না, সে আমি পারিব না।”

মুহূর্তের মধ্যে সমস্ত রক্ত নামিয়া গিয়া চাকুর মুখ কাগজের মতো শুষ্ক সাদা হইয়া গেল, চাকু মুঠা করিয়া ষাট চাপিয়া ধরিল।

তৎক্ষণাৎ ভূপতি কহিল, “চলো চাকু, আমার সঙ্গেই চলো।”

চাকু বলিল, “না, থাক।”

বৈশাখ-অগ্রহায়ণ ১৩০৮

দর্পহরণ

কী করিয়া গল্প লিখিতে হয়, তাহা সম্প্রতি শিখিয়াছি। বহিমবাবু এবং সার ওয়ালটার ষট পড়িয়া আমার বিশেষ ফল হয় নাই। কল কোথা হইতে কেমন করিয়া হইল, আমার এই প্রথম গল্পেই সেই কথাটা লিখিতে বসিলাম।

আমার পিতার মতামত অনেককম ছিল ; কিন্তু বালাবিবাহের বিরুদ্ধে কোনো মত তিনি কেতাব বা স্বাধীনবুদ্ধি হইতে গড়িয়া তোলেন নাই । আমার বিবাহ যখন হয় তখন সাতেরো উত্তীর্ণ হইয়া আঠারোয় পা দিয়াছি ; তখন আমি কলেজে খার্ডইয়ারে পড়ি— এবং তখন আমার চিত্তক্ষেত্রে যৌবনের প্রথম দক্ষিণবাতাস বহিতে আরম্ভ করিয়া কত অলক্ষ্য দিক হইতে কত অনির্বচনীয় গীতে এবং গল্পে, কল্পনে এবং মর্মে আমার তরুণ জীবনকে উৎসুক করিয়া তুলিতেছিল, তাহা এখনো মনে হইলে বুকের ভিতরে দীর্ঘনিশ্বাস ভরিয়া উঠে ।

তখন আমার মা ছিলেন না— আমাদের শ্বশুরসংসারের মধ্যে লক্ষ্মীস্থাপন করিবার জন্য আমার পড়াশুনা শেষ হইবার অপেক্ষা না করিয়াই, বাবা বারো বৎসরের বালিকা নির্ঝরিণীকে আমাদের ঘরে আনিলেন ।

নির্ঝরিণী নামটি হঠাৎ পাঠকদের কাছে প্রচার করিতে সংকোচবোধ করিতেছি । কারণ, তাহাদের অনেকেরই বয়স হইয়াছে— অনেকে ইন্সুল-মাস্টারি মুনসেফি এবং কেহ কেহ বা সম্পাদকিও করেন, তাহারা আমার স্বশুরমহাশয়ের নামনির্বাচনকর্চির অতিমাত্র লালিতা এবং নূতনত্বে হাসিবেন এমন আশঙ্কা আছে । কিন্তু আমি তখন অর্বাচীন ছিলাম, বিচারশক্তির কোনো উপদ্রব ছিল না, তাই নামটি বিবাহের সম্বন্ধ হইবার সময়েই যেমনি শুনিলাম অমনি—

কানের ভিতর দিয়া মরমে পশিল গো,

আকুল করিল মোর প্রাণ ।

এখন বয়স হইয়াছে এবং ওকালতি ছাড়িয়া মুনসেফি-লাভের জন্য বাগ হইয়া উঠিয়াছি, তবু হৃদয়ের মধ্যে ঐ নামটি পুরাতন বেহালার আওয়াজের মতো আরো বেশি মোলায়েম হইয়া বাজিতেছে

প্রথম বয়সের প্রথম প্রেম অনেকগুলি ছোটোখাটো বাধার দ্বারা মধুর । লজ্জার বাধা, ঘরের লোকের বাধা, অনভিজ্ঞতার বাধা— এইগুলির অস্তুরাল হইতে প্রথম পরিচয়ের যে আভাস দিতে থাকে তাহা ভোবের আলোর মতো রঙিন— তাহা মধ্যাহ্নের মতো সুস্পষ্ট, অনাবৃত এবং বর্ণচ্ছটাবিহীন নহে ।

আমাদের সেই নবীন পরিচয়ের মাঝখানে বাবা বিজ্ঞাগিরির মতো দাঁড়াইলেন । তিনি আমাকে হস্টেলে নির্বাসিত করিয়া দিয়া তাহার বউমাকে বাংলা লেখাপড়া শিখাইতে প্রবৃত্ত হইলেন । আমার এই গল্পের শুরু হইল সেইখানে ।

স্বশুরমশায় কেবল তাহার কন্যার নামকরণ করিয়াই নিশ্চেষ্ট ছিলেন না, তিনি তাহাকে শিক্ষাদানেরও প্রভূত আয়োজন করিয়াছিলেন । এমন-কি, উপক্রমণিকা তাহার মুখস্থ শেষ হইয়াছিল । মেঘনাদবধ কাব্য পড়িতে হেমবাবুর টীকা তাহার প্রয়োজন হইত না ।

হস্টেলে গিয়া তাহার পরিচয় পাইয়াছিলাম । আমি সেখানে থাকিতে নানা উপায়ে বাবাকে লুকাইয়া নববিবাহতাপে অত্যন্ত উত্তপ্ত দুই-একখানা চিঠি তাহাকে পাঠাইতে আরম্ভ করিয়াছিলাম । তাহাতে কোটেশন-মার্ক না দিয়া আমাদের নব্য কবিদের কাব্য ছাঁকিয়া অনেক কবিতা ঢালিয়াছিলাম ; ভাবিয়াছিলাম— প্রণয়িনীর কেবল প্রেম আকর্ষণ করাই যথেষ্ট নহে, শ্রদ্ধাও চাই । শ্রদ্ধা পাইতে হইলে বাংলা ভাষায় যেরূপ রচনাপ্রণালীর আশ্রয় লওয়া উচিত সেটা আমার স্বভাবত আসিত না, সেইজন্য, মণৌ বজ্রসমুৎকীর্ণে সূত্রসোবাস্তি মে গতিঃ । অর্থাৎ, অনা জহরিরা যে-সকল মণি ছিদ্র করিয়া রাখিয়াছিলেন, আমার চিঠি তাহা সূত্রের মতো গাঁথিয়া পাঠাইত । কিন্তু, ইহার মধ্যে মণিগুলি অন্যের, কেবলমাত্র সূত্রটুকুই আমার, এ বিনয়টুকু স্পষ্ট করিয়া প্রচার করা আমি ঠিক সংগত মনে করি নাই— কালিদাসও করিতেন না, যদি সত্যি তাহার মণিগুলি চোরাই মাল হইত ।

চিঠির উত্তর যখন পাইলাম তাহার পর হইতে যথাস্থানে কোটেশন-মার্ক দিতে আর কার্পণ্য করি নাই । এটুকু বেশ বোঝা গেল, নববধু বাংলাভাষাটি বেশ জানেন । তাহার চিঠিতে বানান-ভুল ছিল কি না তাহার উপযুক্ত বিচারক আমি নই— কিন্তু সাহিত্যবোধ ও ভাবাবোধ না থাকিলে এমন চিঠি লেখা যায় না, সেটুকু আন্দাজে বুঝিতে পারি ।

স্ত্রীর বিদ্যা দেখিয়া সংস্বামীর যতটুকু গর্ব ও আনন্দ হওয়া উচিত তাহা আমার হয় নাই এমন কথা বলিলে আমাকে অন্যায় অপবাদ দেওয়া হইবে, কিন্তু তাহাই সঙ্গে একটু অন্য ভাবও ছিল। সে ভাবটুকু উচ্চদরের না হইতে পারে, কিন্তু স্বাভাবিক। মুশকিল এই যে, যে উপায়ে আমার বিদ্যার পরিচয় দিতে পারিতাম সেটা বালিকার পক্ষে দুর্গম। সে যেটুকু ইংরেজি জানে তাহাতে বার্ক-মেকলের ছাঁদের চিঠি তাহার উপরে চালাইতে হইলে মশা মারিতে কামান দাগা হইত— মশার কিছুই হইত না, কেবল ধোয়া এবং আওয়াজই সার হইত।

আমার যে তিনটি প্রাণের বন্ধু ছিল তাহাদিগকে আমার স্ত্রীর চিঠি না দেখাইয়া থাকিতে পারিলাম না। তাহারা আশ্চর্য হইয়া কহিল, “এমন স্ত্রী পাইয়াছ, ইহা তোমার ভাগা।” অর্থাৎ, ভাষান্তরে বলিতে গেলে এমন স্ত্রীর উপযুক্ত স্বামী আমি নই।

নির্ঝরিণীর নিকট হইতে পত্রোস্তর পাইবার পূর্বেই যে কখানি চিঠি লিখিয়া ফেলিয়াছিলাম তাহাতে হৃদয়োচ্ছ্বাস যথেষ্ট ছিল, কিন্তু বানান-ভুলও নিতান্ত অল্প ছিল না। সতর্ক হইয়া লেখা যে দরকার তাহা তখন মনেও করি নাই। সতর্ক হইয়া লিখিলে বানান-ভুল হয়তো কিছু কম পড়িত, কিন্তু হৃদয়োচ্ছ্বাসটাও মাঝা যাইত।

এমন অবস্থায় চিঠির মধ্যস্থতা ছাড়িয়া মোকাবিলায় প্রেমালাপই নিরাপদ। সুতরাং, বাবা আপিসে গেলেই আমাকে কালেজ পালাইতে হইত। ইহাতে আমাদের উভয় পক্ষেরই পাঠচর্চায় যে ক্ষতি হইত, আলাপচর্চায় তাহা সুদৃঢ় পোষণ করিয়া লইতাম। বিশ্বজগতে যে কিছুই একেবারে নষ্ট হয় না, এক আকারে যাহা ক্ষতি অন্য আকারে তাহা লাভ— বিজ্ঞানের এই তথ্য প্রেমের পরীক্ষাশালায় বারংবার যাচাই করিয়া লইয়া একেবারে নিঃসংশয় হইয়াছি।

এমন সময়ে আমার স্ত্রীর জাঠতৃতো বোনের বিবাহকাল উপস্থিত— আমরা তো যথানিয়মে আইবুড়োভাত দিয়া খালাস, কিন্তু আমার স্ত্রী স্নেহের আবেগে এক কবিতা রচনা করিয়া লাল কাগজে লাল কালি দিয়া লিখিয়া তাহার ভূগিনীকে না পাঠাইয়া থাকিতে পারিল না। সেই রচনাটি কেমন করিয়া বাবার হস্তগত হইল। বাবা তাহার বধুমাতার কবিতায় রচনানৈপুণ্য, সম্ভাবসৌন্দর্য, প্রসাদগুণ, প্রাঞ্জলতা ইত্যাদি শাস্ত্রসম্মত নানা গুণের সমাবেশ দেখিয়া অভিভূত হইয়া গেলেন। তাহার বৃদ্ধ বন্ধুদিগকে দেখাইলেন, তাহারাও তামাক টানিতে টানিতে বলিলেন, “খাসা হইয়াছে!” নববধুর যে রচনাশক্তি আছে এ কথা কাহারও অগোচর রহিল না। ইহাৎ এইরূপ খ্যাতিবিকাশে রচয়িত্রীর কর্ণমূল এবং কপোলদ্বয় অরুণবর্ণ হইয়া উঠিয়াছিল; অভ্যাসক্রমে তাহা বিলুপ্ত হইল। পূর্বেই বলিয়াছি, কোনো জিনিস একেবারে বিলুপ্ত হয় না— কী জানি, লঙ্কার আভাটুকু তাহার কোমল কপোল ছাড়িয়া আমার কঠিন হৃদয়ের প্রচ্ছন্ন কোণে হয়তো আশ্রয় লইয়া থাকিবে।

কিন্তু তাই বলিয়া স্বামীর কর্তব্যে শৈথিল্য করি নাই। অপকৃপাত সমালোচনার দ্বারা স্ত্রীর রচনার শেষ সংশোধনে আমি কখনোই আলসা করি নাই। বাবা তাহাকে নির্বিচারে যতই উৎসাহ দিয়াছেন, আমি ততই সতর্কতার সহিত ক্রটি নির্দেশ করিয়া তাহাকে যথোচিত সংযত করিয়াছি। আমি ইংরেজি বড়ো বড়ো লেখকের লেখা দেখাইয়া তাহাকে অভিভূত করিতে ছাড়ি নাই। সে কোকিলের উপর একটা কী লিখিয়াছিল, আমি শেলির স্কাইলার্ক ও কীটসের নাইটিঙ্গেল শুনাইয়া তাহাকে একপ্রকার নীরব করিয়া দিয়াছিলাম। তখন বিদ্যার জোরে আমিও যেন শেলি ও কীটসের গৌরবের কতকটা ভাগী হইয়া পড়িতাম। আমার স্ত্রীও ইংরেজি সাহিত্য হইতে ভালো ভালো জিনিস তাহাকে তর্জমা করিয়া শুনাইবার জন্য আমাকে পীড়াপীড়ি করিত, আমি গর্বের সহিত তাহার অনুরোধ রক্ষা করিতাম। তখন ইংরেজি সাহিত্যের মহিমায় উচ্ছ্বল হইয়া উঠিয়া আমার স্ত্রীর প্রতিভাকে কি ম্লান করি নাই। স্ত্রীলোকের কমনীয়তার পক্ষে এই একটু ছায়ার আচ্ছাদন দরকার, বাবা এবং বন্ধুবান্ধবেরা তাহা বুঝিতেন না— কাজেই আমাকে এই কঠোর কর্তব্যের ভার লইতে হইয়াছিল। নিশীথের চন্দ্র মধ্যাহ্নের সূর্যের মতো হইয়া উঠিলে দুই দণ্ড বাহবা দেওয়া চলে, কিন্তু তাহার পরে ভাবিতে হয়, ওটাকে ঢাকা দেওয়া যায় কী উপায়ে।

আমার স্ত্রীর লেখা বাবা এবং অন্যান্য অনেকে কাগজে ছাপাইতে উদ্যত হইয়াছিলেন। নিব্বরিণী তাহাতে লজ্জাপ্রকাশ করিত— আমি তাহার সে লজ্জা রক্ষা করিয়াছি। কাগজে ছাপিতে দিই নাই, কিন্তু বন্ধুবান্ধবদের মধ্যে প্রচার বন্ধ করিতে পারা গেল না।

ইহার কুফল যে কতদূর হইতে পারে, কিছুকাল পরে তাহার পরিচয় পাইয়াছিলাম। তখন উকিল হইয়া আলিপুরে বাহির হই। একটা উইল-কেস লইয়া বিক্রম পঙ্কের সঙ্গে খুব জোরের সহিত লড়িতেছিলাম। উইলটি বাংলায় লেখা। স্বপঙ্কের অনুকূলে তাহার অর্থ যে কিরূপ স্পষ্ট তাহা বিধিমতে প্রমাণ করিতেছিলাম, এমন সময় বিরোধী পঙ্কের উকিল উঠিয়া বলিলেন, “আমার বিদ্বান বন্ধু যদি তাহার বিদুষী স্ত্রীর কাছে এই উইলটি বুঝিয়া লইয়া আসিতেন, তবে এমন অদ্ভুত ব্যাখ্যা দ্বারা মাহুভাষাকে বাধিত করিয়া তুলিতেন না।”

চুলায় আগুন ধরাইবার বেলা ঝুঁ দিতে নাকের জলে চোখের জলে হইতে হয়, কিন্তু গৃহদাহের আগুন নেবানোই দায়। লোকের ভালো কথা চাপা থাকে, আর অনিষ্টকর কথাগুলো মুখে মুখে হহঃ শব্দে ব্যাপ্ত হইয়া যায়। এ গল্পটিও সর্বত্র প্রচারিত হইল। ভয় হইয়াছিল, পাছে আমার স্ত্রীর কানে ওঠে। সৌভাগ্যক্রমে ওঠে নাই— অদ্ভুত এ সম্বন্ধে তাহার কাছ হইতে কোনো আলোচনা কখনো শুনি নাই।

একদিন একটি অপরিচিত ভদ্রলোকের সহিত আমার পরিচয় হইতেই তিনি জিজ্ঞাসা করিলেন, “আপনিই কি শ্রীমতী নিব্বরিণী দেবীর স্বামী।” আমি কহিলাম, “আমি তাহার স্বামী কি না সে কথার জবাব দিতে চাই না, তবে তিনিই আমার স্ত্রী বটেন।” বাহিরের লোকের কাছে স্ত্রীর স্বামী বলিয়া খ্যাতিলাভ করা আমি গৌরবের বিষয় বলিয়া জ্ঞান করি না।

সেটা যে গৌরবের বিষয় নহে, সে কথা আমাকে আর-এক ব্যক্তি অনাবশ্যক স্পষ্ট ভাষায় স্মরণ করাইয়া দিয়াছিল। পূর্বেই পাঠকগণ সংবাদ পাইয়াছেন, আমার স্ত্রীর জাঠতুতো বোনের বিবাহ হইয়াছে। তাহার স্বামীটা অত্যন্ত বর্বর দুর্বল। স্ত্রীর প্রতি তাহার অত্যাচার অসহ্য। আমি এই পাষাণের নির্দয়াচরণ লইয়া আত্মীয়সমাজে আলোচনা করিয়াছিলাম, সে কথা অনেক বড়ো হইয়া তাহার কানে উঠিয়াছিল। সে তাহার পর হইতে আমার প্রতি লক্ষ করিয়া সকলের কাছে বলিয়া বেড়াইতেছে যে, নিজের নামে হইতে আরম্ভ করিয়া শ্বশুরের নামে পর্যন্ত উত্তম-মধ্যম-অধম অনেকরকম খ্যাতির বিবরণ শাস্ত্রে লিখিয়াছে, কিন্তু নিজের স্ত্রীর খ্যাতিতে যশস্বী হওয়ার কল্পনা কবির মাথাতেও আসে নাই।

এমন-সব কথা লোকের মুখে মুখে চলিতে আরম্ভ করিলে স্ত্রীর মনে তো দস্ত জন্মিতেই পারে। বিশেষত বাবার একটা বদ অভ্যাস ছিল, নিব্বরিণীর সামনেই তিনি আমাদের পরস্পরের বাংলাভাষাজ্ঞান লইয়া কৌতুক করিতেন। একদিন তিনি বলিলেন, “হরিশ যে বাংলা চিঠিগুলো লেখে তাহার বানানটা তুমি দেখিয়া দাও-না কেন, বউমা— আমাকে এক চিঠি লিখিয়াছে, তাহাতে সে ‘জগদিস্ত্র’ লিখিতে দীর্ঘ ঐ বসাইয়াছে।” শুনিয়া বাবার বউমা নীরবে একটুখানি স্মিতহাস্য করিলেন। আমিও কথাটাকে ঠাট্টা বলিয়া হাসিলাম, কিন্তু এরকম ঠাট্টা ভালো নয়।

স্ত্রীর দস্তের পরিচয় পাইতে আমার দেরি হইল না। পাড়ার ছেলেদের এক ক্লাব আছে; সেখানে একদিন তাহারা এক বিখ্যাত বাংলা-লেখককে বক্তৃতা দিতে রাজি করিয়াছিল। অপর একটি বিখ্যাত লোককে সভাপতিও ঠিক করা হয়; তিনি বক্তৃতার পূর্বরাত্রে অস্বাস্থ্য জানাইয়া ছুটি লইলেন। ছেলেরা উপায়ান্তর না দেখিয়া আমাকে আসিয়া ধরিল। আমার প্রতি ছেলেদের এই অহৈতুকী শ্রদ্ধা দেখিয়া আমি কিছু প্রফুল্ল হইয়া উঠিলাম; বলিলাম, “তা বেশ তো, বিষয়টা কী বলো তো!”

তাহারা কহিল, “প্রাচীন ও আধুনিক বঙ্গসাহিত্য।”

আমি কহিলাম, “বেশ হইবে, দুটোই আমি ঠিক সমান জানি।”

পরদিন সভায় যাইবার পূর্বে জলখাবার এবং কাপড়চোপড়ের জন্য স্ত্রীকে কিছু তাড়া দিতে লাগিলাম। নিব্বরিণী কহিল, “কেন গো, এত ব্যস্ত কেন— আবার কি পাত্রী দেখিতে যাইতেছ।”

আমি কহিলাম, “একবার দেখিয়াই নাকে-কানে খত দিয়াছি; আর নয়।”

“তবে এত সাজসজ্জার তাড়া যে।”

স্ত্রীকে সগর্বে সমস্ত ব্যাপারটা বলিলাম। শুনিয়া সে কিছুমাত্র উল্লাস প্রকাশ না করিয়া ব্যাকুলভাবে আমার হাত চাপিয়া ধরিল। কহিল, “তুমি পাগল হইয়াছ ? না, না, সেখানে তুমি যাইতে পারিবে না।”

আমি কহিলাম, “রাজপুতনারী যুদ্ধসাজ পরাইয়া স্বামীকে রণক্ষেত্রে পাঠাইয়া দিত— আর বাঙালির মেয়ে কি বক্রভাসভাতেও পাঠাইতে পারে না।”

নির্ব্বাণী কহিল, “ইংরেজি বক্রভা হইলে আমি ভয় করিতাম না, কিন্তু— থাক-না, অনেক লোক আসিবে, তোমার অভ্যাস নাই— শেষকালে—”

শেষকালের কথাটা আমিও কি মাঝে মাঝে ভাবি নাই। রামমোহন রায়ের গানটা মনে পড়িতেছিল—

মনে করো শেষের সে দিন ভয়ংকর,
অন্যে বাক্য কবে কিন্তু তুমি রবে নিকম্বর।

বক্রার বক্রভা-অস্ত্রে উঠিয়া দাঁড়াইবার সময় সভাপতি যদি হঠাৎ ‘দৃষ্টিহীন নাড়ীকীর্ণ হিমকলেবর’ অবস্থায় একেবারে নিকম্বর হইয়া পড়েন, তবে কী গতি হইবে। এই-সকল কথা চিন্তা করিয়া পূর্ব্বোক্ত পলাতক সভাপতিমহাশয়ের চেয়ে আমার স্বাস্থ্য যে কোনো অংশে ভালো ছিল, এমন কথা আমি বলিতে পারি না।

বৃক ফুলাইয়া স্ত্রীকে কহিলাম, “নিঝর, তুমি কি মনে কর—”

স্ত্রী কহিল, “আমি কিছুই মনে করি না— কিন্তু আমার আঙু ভারি মাথা ধরিয়া আসিয়াছে, বোধ হয় জ্বর আসিবে, তুমি আঙু আমাকে ফেলিয়া যাইতে পারিবে না।”

আমি কহিলাম, “সে আলাদা কথা। তোমার মুখটা একটু লাল দেখাইতেছে বটে।”

সেই লালটা সভাস্থলে আমার দূরবস্থা কর্ত্তনা করিয়া লঙ্কায়, অথবা আসন্ন জ্বরের আবেশে, সে কথা নিঃসংশয়ে পর্যালোচনা না করিয়াই আমি ক্লাবের সেক্রেটারিকে স্ত্রীর পীড়ার কথা জানাইয়া নিকৃতিলাভ করিলাম।

বলা বাহুল্য, স্ত্রীর জ্বরভাব অতি সত্বর ছাড়িয়া গেল। আমার অন্তরায়া কহিতে লাগিল, ‘আর সব ভালো হইল, কিন্তু তোমার বাংলা বিদ্যা সম্বন্ধে তোমার স্ত্রীর মনে এই-যে সংস্কার, এটা ভালো নয়। তিনি নিজেকে মস্ত বিদুষী বলিয়া ঠাওরাইয়াছেন— কোনোদিন বা মশারির মাধো নাইটস্কুল খুলিয়া তিনি তোমাকে বাংলা পড়াইবার চেষ্টা করিবেন।’

আমি কহিলাম, “ঠিক কথা— এই বেলা দর্প চূর্ণ না করিলে ক্রমে আর তাহার নাগাল পাওয়া যাইবে না।”

সেই রাত্রেই তাহার সঙ্গে একটু খিটিমিটি বাধাইলাম। অল্প শিক্ষা যে কুরুপ ভয়ংকর জিনিস, পোপের কাব্য হইতে তাহার উদাহরণ উদ্ধার করিয়া তাহাকে শুনাইলাম। ইহাও বুঝাইলাম, কোনোমতে বানান এবং ব্যাকরণ বাচাইয়া লিখিলেই যে লেখা হইল তাহা নহে— আসল জিনিসটা হইতেছে আইডিয়া। কাশিয়া বলিলাম, “সেটা উপক্রমণিকায় পাওয়া যায় না— সেটার জন্য মাথা চাই।” মাথা যে কোথায় আছে সে কথা তাহাকে স্পষ্ট করিয়া বলি নাই, কিন্তু তবু বোধ হয় কথাটা অস্পষ্ট ছিল না। আমি কহিলাম, “লিখিবার যোগ্য কোনো লেখা কোনো দেশে কোনোদিন কোনো স্ত্রীলোক লেখে নাই।”

শুনিয়া নির্ব্বাণীর মেয়েলি তর্কিকতা চড়িয়া উঠিল। সে বলিল, “কেন মেয়েরা লিখিতে পারিবে না। মেয়েরা এতই কি দীন।”

আমি কহিলাম, “রাগ করিয়া কী করিবে। দৃষ্টান্ত দেখাও না।”

নির্ব্বাণী কহিল, “তোমার মতো যদি আমার ইতিহাস পড়া থাকিত তবে নিশ্চয়ই আমি ঢের দৃষ্টান্ত দেখাইতে পারিতাম।”

এ কথাটা শুনিয়া আমার মন একটু নরম হইয়াছিল, কিন্তু তর্ক এইখানেই শেষ হয় নাই। ইহার শেষ যেখানে সেটা পরে বর্ণনা করা যাইতেছে।

'উদ্দীপনা' বলিয়া মাসিক পত্রে ভালো গল্প লিখিবার জন্য পঞ্চাশ টাকা পুরস্কার ঘোষণা করিয়াছিল। কথা এই স্থির হইল, আমরা দুজনেই সেই কাগজে দুটা গল্প লিখিয়া পাঠাইব, দেখি কাহার ভাগ্যে পুরস্কার জোটে।

রাত্রে ঘটনা তো এই। পরদিন প্রভাতের আলোকে বুদ্ধি যখন নির্মল হইয়া আসিল তখন দ্বিধা জন্মিতে লাগিল। কিন্তু প্রতিজ্ঞা করিলাম, এ অবসর ছাড়িয়া দেওয়া হইবে না— যেমন করিয়া হউক, জিতিতেই হইবে। হাতে তখনো দুই মাস সময় ছিল।

প্রকৃতিবাদ অভিধান কিনিলাম, বঙ্কিমের বইগুলোও সংগ্রহ করিলাম। কিন্তু বঙ্কিমের লেখা আমার চেয়ে আমার অন্তঃপুরে অধিক পরিচিত, তাই সে মহদাশ্রয় পরিত্যাগ করিতে হইল। ইংরেজি গল্পের বই দেদার পড়িতে লাগিলাম। অনেকগুলো গল্প ভাঙিয়া-চুরিয়া একটা প্লট দাঁড় করাইলাম। প্লটটা খুবই চমৎকার হইয়াছিল, কিন্তু মুশকিল এই হইল, বাংলা-সমাজে সে-সকল ঘটনা কোনো অবস্থাতেই ঘটিতে পারে না। অতিপ্রাচীন কালের পাঞ্জাবের সীমান্তদেশে গল্পের ভিত্তি ফাঁদিলাম; সেখানে সম্ভব-অসম্ভবের সমস্ত বিচার একেবারে নিরাকৃত হওয়াতে কলমের মুখে কোনো বাধা রহিল না। উদ্দাম প্রণয়, অসম্ভব বীরত্ব, নিদারুণ পরিণাম সার্কাসের ঘোড়ার মতো আমার গল্প ঘিরিয়া অদ্ভুত গতিতে ঘুরিতে লাগিল।

রাত্রে আমার ঘুম হইত না; দিনে আহারকালে ভাতের থালা ছাড়িয়া মাছের ঝোলের বাটিতে ডাল ঢালিয়া দিতাম। আমার অবস্থা দেখিয়া নিষ্করিণী আমাকে অনুনয় করিয়া কঁহিল, "আমার মাথা খাও, তোমাকে আর গল্প লিখিতে হইবে না— আমি হার মানিতেছি।"

আমি উত্তেজিত হইয়া বলিলাম, "তুমি কি মনে করিতেছ আমি দিনরাত্রি কেবল গল্প ভাবিয়াই মরিতেছি। কিছুই না। আমাকে মজেলের কথা ভাবিতে হয়— তোমার মতো গল্প এবং কবিতা চিন্তা করিবার অবসর পড়িয়া থাকিলে আমার ভাবনা কী ছিল।"

যাহা হউক, ইংরেজি প্লট এবং সংস্কৃত অভিধানে মিলাইয়া একটা গল্প খাড়া করিলাম। মনের কোণে ধর্মবুদ্ধিতে একটু পীড়াবোধ করিতে লাগিলাম— ভাবিলাম, বেচারিা নিষ্করিণী ইংরেজি সাহিত্য পড়ে নাই, তাহার ভাব সংগ্রহ করিবার ক্ষেত্র সংকীর্ণ; আমার সঙ্গে তাহার এই লড়াই নিতান্ত অসমকক্ষের লড়াই।

উপসংহার

লেখা পাঠানো হইয়াছে। বৈশাখের সংখ্যায় পুরস্কারযোগ্য গল্পটি বাহির হইবে। যদিও আমার মনে কোনো আশঙ্কা ছিল না, তবু সময় যত নিকটবর্তী হইল, মনটা তত চঞ্চল হইয়া উঠিল।

বৈশাখ মাসও আসিল। একদিন আদালত হইতে সকাল-সকাল ফিরিয়া আসিয়া খবর পাইলাম, বৈশাখের 'উদ্দীপনা' আসিয়াছে, আমার স্ত্রী তাহা পাইয়াছে।

ধীরে ধীরে নিঃশব্দপদে অন্তঃপুরে গেলাম। শয়নঘরে উকি মারিয়া দেখিলাম, আমার স্ত্রী কড়ায় আগুন করিয়া একটা বই পুড়াইতেছে। দেয়ালের আয়নায় নিষ্করিণীর মুখের যে প্রতিবিম্ব দেখা যাইতেছে তাহাতে স্পষ্ট বুঝা গেল, কিছু পূর্বে সে অশ্রুবর্ষণ করিয়া লইয়াছে।

মনে আনন্দ হইল, কিন্তু সেইসঙ্গে একটু দয়াও হইল। আহা, বেচারার গল্পটি 'উদ্দীপনা'য় বাহির হয় নাই। কিন্তু এই সামান্য ব্যাপারে এত দুঃখ! স্ত্রীলোকের অহংকারে এত অল্পেই ঘা পড়ে।

আবার আমি নিঃশব্দে ফিরিয়া গেলাম। উদ্দীপনা-আপিস হইতে নগদ দাম দিয়া একটা কাগজ কিনিয়া আনাইলাম। আমার লেখা বাহির হইয়াছে কি না দেখিবার জন্য কাগজ খুলিলাম। সূচীপত্র দেখিলাম, পুরস্কারযোগ্য গল্পটির নাম 'বিক্রমনারায়ণ' নহে, তাহার নাম 'ননদিনী', এবং তাহার রচয়িতার নাম— এ কী ! এ যে নিঝরিণী দেবী !

বাংলাদেশে আমার স্ত্রী ছাড়া আর কাহারও নাম নিঝরিণী আছে কি। গল্পটি খুলিয়া পড়িলাম। দেখিলাম, নিঝরের সেই হতভাগিনী জাঠতুতো বোনের কৃপান্তটাই ডালপালা দিয়া বর্ণিত। একেবারে ঘরের কথা— সাদা ভাষা, কিন্তু সমস্ত ছবির মতো চোখে পড়ে এবং চক্ষু জলে ভরিয়া যায়। এ নিঝরিণী যে আমারই 'নিঝর' তাহাতে সন্দেহ নাই।

তখন আমার শয়নঘরের সেই দাহদৃশ্য এবং বাধিত রমণীর সেই স্নানমুখ অনেকক্ষণ চুপ করিয়া বসিয়া বসিয়া ভাবিতে লাগিলাম।

রাত্রে শুইতে আসিয়া স্ত্রীকে বলিলাম, "নিঝর, যে খাতায় তোমার লেখাগুলি আছে সেটা কোথায়।"

নিঝরিণী কহিল, "কেন, সে লইয়া তুমি কী করিবে।"

আমি কহিলাম, "আমি ছাপিতে দিব।"

নিঝরিণী। আহা, আর ঠাট্টা করিতে হইবে না।

আমি। না, ঠাট্টা করিতেছি না। সত্যিই ছাপিতে দিব।

নিঝরিণী। সে কোথায় গেছে আমি জানি না।

আমি কিছু ক্ষেদের সঙ্গেই বলিলাম, "না নিঝর, সে কিছুতেই হইবে না। বলা, সেটা কোথায় আছে!"

নিঝরিণী কহিল, "সত্যি সেটা নাই।"

আমি। কেন, কী হইল।

নিঝরিণী। সে আমি পুড়াইয়া ফেলিয়াছি।

আমি চমকিয়া উঠিয়া কহিলাম, "আঁা, সে কী। কবে পুড়াইলে।"

নিঝরিণী। আজই পুড়াইয়াছি। আমি কি জানি না যে, আমার লেখা ছাই লেখা। স্ত্রীলোকের রচনা বলিয়া লোকে মিথ্যা করিয়া প্রশংসা করে।

ইহার পর হইতে এ পর্যন্ত নিঝরকে সাধ্যসাধনা করিয়াও এক ছত্র লিখাইতে পারি নাই। ইতি শ্রীনিঝরিণী দেবী

উপরে যে গল্পটি লেখা হইয়াছে তাহার পনেরো-আনাই গল্প। আমার স্বামী যে বাংলা কত অল্প জানেন, তাহা তাহার রচিত উপন্যাসটি পড়িলেই কাহারও বুঝিতে বাকি থাকিবে না। ছি ছি নিঃস্বরের ত্রিকে লইয়া এমনি করিয়া কি গল্প বানাইতে হয়? ইতি শ্রীনিঝরিণী দেবী

স্ত্রীলোকের চাতুরী সম্বন্ধে দেশী-বিদেশী শাস্ত্রে-অশাস্ত্রে অনেক কথা আছে— তাহাই স্মরণ করিয়া পাঠকেরা ঠকিবেন না। আমার রচনাটুকুর ভাষা ও বানান কে সংশোধন করিয়া দিয়াছেন, সে কথা আমি বলিব না— না বলিলেও বিস্তর পাঠক অনুমান করিতে পারিবেন। আমার স্ত্রী যে কয়-লাইন লিখিয়াছেন তাহার বানানভুলগুলি দেখিলেই পাঠক বুঝিবেন, সেগুলি ইচ্ছাকৃত— তাহার স্বামী যে বাংলায় পরমর্পণিত এবং গল্পটা যে আঘাড়ে, ইহাই প্রমাণ করিবার এই অতি সহজ উপায় তিনি বাহির করিয়াছেন— এইজন্যই কালিদাস লিখিয়াছেন, স্ত্রীণামশিক্ষিতপটুত্বম। তিনি স্ত্রীচরিত্র বুঝিতেন। আমিও সম্প্রতি চোখ-ফোটার পর হইতে বুঝিতে শুরু করিয়াছি। কালে হয়তো কালিদাস হইয়া উঠিতেও পারিব। কালিদাসের সঙ্গে আরো একটু সাদৃশ্য দেখিতেছি। শুনিয়াছি, কবিবর নববিবাহের পর তাহার বিদূষী স্ত্রীকে যে শ্লোক রচনা করিয়া শোনান তাহাতে উষ্ট্রশব্দ হইতে রফলাটা লোপ

করিয়াম্বিলেন— শব্দপ্রয়োগ সম্বন্ধে এরূপ দুর্ঘটনা বর্তমান লেখকের দ্বারাও অনেক ঘটয়াছে—
অতএব, সমস্ত গভীরভাবে পর্যালোচনা করিয়া আশা হইতেছে, কালিদাসের যেরূপ পরিণাম হইয়াছিল,
আমার পক্ষেও তাহা অসম্ভব নহে। ইতি শ্রীঃ

এ গল্প যদি ছাপানো হয়, আমি বাপের বাড়ি চলিয়া যাইব। শ্রীমতী নিঃ

আমিও তৎক্ষণাৎ স্বপ্নরবাড়ি যাত্রা করিব। শ্রীঃ

ফাল্গুন ১৩০৯

মাল্যদান

সকালবেলায় শীত-শীত ছিল। দুপুরবেলায় বাতাসটি অল্প-একটু তাতিয়া উঠিয়া দক্ষিণ দিক হইতে
বহিতে আরম্ভ করিয়াছে।

যতীন যে বারান্দায় বসিয়াছিল, সেখান হইতে বাগানের এক কোণে এক দিকে একটি কাঁঠাল ও
আর-এক দিকে একটি শিরীষগাছের মাঝখানের ফাঁক দিয়া বাহিরের মাঠ চোখে পড়ে। সেই শূন্য মাঠ
ফাল্গুনের বৌদ্রে ধূম্ব করিতেছিল। তাহারই এক প্রান্ত দিয়া কাঁচা পথ চলিয়া গেছে— সেই পথ বাহিয়া
বোঝাই-খালস গোরুর গাড়ি মঙ্গলমনে গ্রামের দিকে ফিরিয়া চলিয়াছে, গাড়োয়ান মাথায় গামছা
ফেলিয়া অত্যন্ত বেকারভাবে গান গাহিতেছে।

এমন সময় পশ্চাতে একটি সহাস্য নারীকণ্ঠ বলিয়া উঠিল, “কী যতীন, পূর্বজন্মের কারও কথা
ভাবিতেছ বুঝি।”

যতীন কহিল, “কেন পটল, আমি এমনিই কি হতভাগা যে, ভাবিতে হইলেই পূর্বজন্ম লইয়া টান
পাড়িতে হয়।”

আত্মীয়সমাজে ‘পটল’ নামে খ্যাত এই মেয়েটি বলিয়া উঠিল, “আর মিথ্যা বড়াই করিতে হইবে
না। তোমার ইহজন্মের সব খবরই তো রাখি, মশায়। ছি ছি, এত বয়স হইল, তবু একটা সামান্য বউও
ঘরে আনিতে পারিলে না। আমাদের ঐ-যে ধনা মালীটা, ওরও একটা বউ আছে— তার সঙ্গে
দুইবেলা ঝগড়া করিয়া সে পাড়াসুদ্ধ লোককে জানাইয়া দেয় যে, বউ আছে বটে। আর তুমি যে
মাঠের দিকে তাকাইয়া ভান করিতেছ, যেন কার চাঁদমুখ ধ্যান করিতে বসিয়াছ, এ-সমস্ত চালাকি আমি
কি বুঝি না— ও কেবল লোক দেখাইবার ভড়ং মাত্র। দেখো যতীন, চেনা বামুনের পৈতের দরকার
হয় না— আমাদের ঐ ধনাটা তো কোনোদিন বিরহের ছুতা করিয়া মাঠের দিকে অমন তাকাইয়া থাকে
না; অতিবড়ো বিচ্ছেদের দিনেও গাছের তলায় নিড়ানি হাতে উহাকে দিন কাটাইতে দেখিয়াছি—
কিন্তু উহার চোখে তো অমন ঘোর-ঘোর ভাব দেখি নাই। আর তুমি মশায়, সাতজন্ম বউয়ের মুখ
দেখিলে না— কেবল হাসপাতালে মড়া কাটিয়া ও পড়া মুখস্থ করিয়া বয়স পার করিয়া দিলে, তুমি
অমনতরো দুপুরবেলা আকাশের দিকে গদগদ হইয়া তাকাইয়া থাক কেন। না, এ-সমস্ত বাজে চালাকি
আমার ভালো লাগে না। আমার গা জ্বালা করে।”

যতীন হাতজোড় করিয়া কহিল, “থাক থাক, আর নয়। আমাকে আর লজ্জা দিয়ো না। তোমাদের
ধনাই ধন্য। উহারই আদর্শে আমি চলিতে চেষ্টা করিব। আর কথা নয়, কাল সকালে উঠিয়াই যে
কাঠকড়ানি মেয়ের মুখ দেখিব, তাহারই গলায় মালা দিব— ধিককার আমার আর সহ্য হইতেছে না।”

পটল। তবে এই কথা রহিল ?

যতীন। হাঁ, রহিল।

পটল । তবে এসো ।

যতীন । কোথায় যাইব ।

পটল । এসোই-না ।

যতীন । না না, একটা কী দুষ্টি তোমার মাথায় আসিয়াছে । আমি এখন নড়িতেছি না ।

পটল । আচ্ছা, তবে এইখানেই বোসো ।— বলিয়া সে দ্রুতপদে প্রস্থান করিল ।

পরিচয় দেওয়া যাক । যতীন এবং পটলের বয়সের একদিন মাত্র তারতম্য । পটল যতীনের চেয়ে একদিনের বড়ো বলিয়া যতীন তাহার প্রতি কোনোপ্রকার সামাজিক সম্মান দেখাইতে নারাজ । উভয়ে খুড়তুতো-জাঠতুতো ভাইবোন । বরাবর একত্রে খেলা করিয়া আসিয়াছে । 'দিদি' বলে না বলিয়া পটল যতীনের নামে বাল্যকালে বাপ-খুড়ার কাছে অনেক নালিশ করিয়াছে, কিন্তু কোনো শাসনবিধির দ্বারা কোনো ফল পায় নাই— একটিমাত্র ছোটো ভাইয়ের কাছেও তাহার পটল-নাম ঘুচিল না ।

পটল দিবা মোটাসোটা গোলগাল, প্রফুল্লতার বসে পরিপূর্ণ । তাহার কৌতুকহাস্য দমন করিয়া রাখে, সমাজে এমন কোনো শক্তি ছিল না । শাস্তির কাছেও সে কোনোদিন গাঙ্গীর্য অবলম্বন করিতে পারে নাই । প্রথম-প্রথম তা লইয়া অনেক কথা উঠিয়াছিল । কিন্তু, শেষকালে সকলকেই হার মানিয়া বলিতে হইল— ওর ঐ রকম । তার পরে এমন হইল যে, পটলের দুর্নিবার প্রফুল্লতার আঘাতে গুরুজনদের গাঙ্গীর্য ধূলিসাৎ হইয়া গেল । পটল তাহার আশেপাশে কোনোখানে মন-ভার মুখ-ভার দৃশ্চিন্তা সহিতে পারিত না— অজস্র গল্প-হাসি-ঠাট্টায় তাহার চাবি দিকের হাওয়া যেন বিদ্যুৎশক্তিতে বোঝাই হইয়া থাকিত ।

পটলের স্বামী হরকুমারবাবু ডেপুটি ম্যাজিস্ট্রেট— বেহার-অঞ্চল হইতে বদলি হইয়া কলিকাতায় আবকারি-বিভাগে স্থান পাইয়াছেন । প্রেগের ভয়ে বলিতে একটি বাগানবাড়ি ভাড়া লইয়া থাকেন, সেখান হইতে কলিকাতায় যাতায়াত করেন । আবকারি-পরিদর্শনে প্রায়ই তাহাকে মফস্বলে ফিরিতে হইবে বলিয়া দেশ হইতে মা এবং অন্য দুই-একজন আত্মীয়কে আনিবার উপক্রম করিতেছেন, এমন সময় ডাক্তারিতে নূতন-উদ্ভীর্ণ পসারপ্রতিপত্তিহীন যতীন বোনের নিমন্ত্রণে হস্তাখানেকের জন্য এখানে আসিয়াছে ।

কলিকাতার গলি হইতে প্রথম দিন গাছপালার মধ্যে আসিয়া যতীন ছায়াময় নির্জন বারান্দায় ফাল্গুন-মধ্যাহ্নের রসালসো আবিষ্ট হইয়া বসিয়া ছিল, এমন সময়ে পূর্বকথিত সেই উপদ্রব আরম্ভ হইল । পটল চলিয়া গেলে আবার খানিকক্ষণের জন্য সে নিশ্চিন্ত হইয়া একটুখানি নড়িয়া-চড়িয়া বেশ আরাম করিয়া বসিল— কাঠকুড়ানি মেয়ের প্রসঙ্গে ছেলেবেলাকার রূপকথার অলিগলির মধ্যে তাহার মন ঘুরিয়া বেড়াইতে লাগিল ।

এমন সময় আবার পটলের হাসিমাখা কণ্ঠের কাকলিতে সে চমকিয়া উঠিল ।

পটল আর-একটি মেয়ের হাত ধরিয়া সবেগে টানিয়া আনিয়া যতীনের সম্মুখে স্থাপন করিল :
কহিল, “ও কুড়ানি ।”

মেয়েটি কহিল, “কী, দিদি ।”

পটল । আমার এই ভাইটি কেমন দেখ দেখি ।

মেয়েটি অসংকোচে যতীনকে দেখিতে লাগিল । পটল কহিল, “কেমন, ভালো দেখিতে না ?”

মেয়েটি গাঙ্গীরভাবে বিচার করিয়া ঘাড় নাড়িয়া কহিল, “হাঁ, ভালো ।”

যতীন লাল হইয়া চৌকি ছাড়িয়া উঠিয়া কহিল, “আঃ পটল, কী ছেলেমানুষি করিতেছ ।”

পটল । আমি ছেলেমানুষি করি; না তুমি বড়োমানুষি কর ! তোমার বৃষ্টি বয়সের গাছপাথর নাই !

যতীন পলায়ন করিল । পটল তাহার পিছনে পিছনে ছুটিতে ছুটিতে কহিল, “ও যতীন, তোমার ভয় নাই, তোমার ভয় নাই । এখনই তোমার মালা দিতে হইবে না— ফাল্গুনচৈত্রে লগ্ন নাই— এখনো হাতে সময় আছে ।”

পটল যাহাকে কুড়ানি বলিয়া ডাকে, সেই মেয়েটি অবাধ হইয়া রহিল । তাহার বয়স বোলো হইবে,

শরীর ছিপছিপে— মুখশ্রী সম্বন্ধে অধিক কিছু বলিবার নাই, কেবল মুখে এই একটি অসামান্যতা আছে যে দেখিলে যেন বনের হরিণের ভাব মনে আসে। কঠিন ভাষায় তাহাকে নিবুন্ধি বলা যাইতেও পারে— কিন্তু তাহা বোকামি নহে, তাহা বুদ্ধিবৃত্তির অপরিশ্ফুরণমাত্র, তাহাতে কুড়ানির মুখের সৌন্দর্য নষ্ট না করিয়া বরঞ্চ একটি বিশিষ্টতা দিয়াছে।

সন্ধ্যাবেলায় হরকুমারবাবু কলিকাতা হইতে ফিরিয়া আসিয়া যতীনকে দেখিয়া কহিলেন, “এই যে, যতীন আসিয়াছে, ভালোই হইয়াছে। তোমাকে একটু ডাক্তারি করিতে হইবে। পশ্চিমে থাকিতে দুর্ভিক্ষের সময় আমরা একটি মেয়েকে লইয়া মানুষ করিতেছি— পটল তাহাকে কুড়ানি বলিয়া ডাকে। উহার বাপ-মা এবং ঐ মেয়েটি আমাদের বাংলার কাছেই একটি গাছতলায় পড়িয়াছিল। যখন খবর পাইয়া গেলাম, গিয়া দেখি, উহার বাপ-মা মরিয়াছে, মেয়েটির প্রাণটুকু আছে মাত্র। পটল তাহাকে অনেক যত্ন বাচাইয়াছে। উহার জ্ঞাতের কথা কেহ জানে না— তাহা লইয়া কেহ আপত্তি করিলেই পটল বলে, ‘ও তো দ্বিজ : একবার মরিয়া এবার আমাদের ঘরে জন্মিয়াছে, উহার সাবেক জাত কোথায় ঘুঁচিয়া গেছে।’ প্রথমে মেয়েটি পটলকে মা বলিয়া ডাকিতে শুরু করিয়াছিল; পটল তাহাকে দমক দিয়া বলিল, ‘খবরদার, আমাকে মা বলিস নে— আমাকে দিদি বলিস।’ পটল বলে, ‘অতবড়া মেয়ে মা বলিলে নিজেকে বড়ি বলিয়া মনে হইবে যে।’ বোধ করি সেই দুর্ভিক্ষের উপবাসে বা আর-কোনো কারণে উহার থাকিয়া-থাকিয়া শূলবেদনার মতো হয়। ব্যাপারখানা কী তোমাকে ভালো করিয়া পরীক্ষা করিয়া দেখিতে হইবে। ওরে তুলসি, কুড়ানিকে ডাকিয়া আন তো।”

কুড়ানি চুল ঝাধিতে ঝাধিতে অসম্পূর্ণ বেণী পিঠের উপরে দুলাইয়া হরকুমারবাবুর ঘরে আসিয়া উপস্থিত হইল। তাহার হরিণের মতো চোখদুটি দুজনের উপর রাখিয়া সে চাহিয়া রহিল।

যতীন ইতস্তত করিতেছে দেখিয়া হরকুমার তাহাকে কহিলেন, “বৃথা সংকোচ করিতেছ, যতীন। উহাকে দেখিতে মস্ত ডাগর, কিন্তু কচি ডাবের মতো উহার ভিতরে কেবল জল ছলছল করিতেছে— এখনো শাসের রেখা মাত্র দেখা দেয় নাই। ও কিছুই বোঝে না— উহাকে তুমি নারী বলিয়া ভ্রম করিয়ো না, ও বনের হরিণী।”

যতীন তাহার ডাক্তারি কর্তব্য সাধন করিতে লাগিল— কুড়ানি কিছুমাত্র কুণ্ডা প্রকাশ করিল না। যতীন কহিল, “শরীরযন্ত্রের কোনো বিকার তো বোঝা গেল না।”

পটল ফস করিয়া ঘরে ঢুকিয়া বলিল, “হৃদয়যন্ত্রেরও কোনো বিকার ঘটে নাই। তার পরীক্ষা দেখিতে চাও?”

বলিয়া কুড়ানির কাছে গিয়া তাহার চিবুক স্পর্শ করিয়া কহিল, “ও কুড়ানি, আমার এই ভাইটিকে তোর পছন্দ হইয়াছে?”

কুড়ানি মাথা হেলাইয়া কহিল, “হাঁ।”

পটল কহিল, “আমার ভাইকে তুমি বিয়ে করিবি?”

সে আবার মাথা হেলাইয়া কহিল, “হাঁ।”

পটল এবং হরকুমারবাবু হাসিয়া উঠিলেন। কুড়ানি কৌতুকের মর্ম না বুঝিয়া তাহাদের অনুকরণে মুখখানি হাসিতে ভরিয়া চাহিয়া রহিল।

যতীন লাল হইয়া উঠিয়া ব্যস্ত হইয়া কহিল, “আঃ পটল, তুমি বাড়াবাড়ি করিতেছ— ভারি অন্যায়। হরকুমারবাবু, আপনি পটলকে বড়ো বেশি প্রশ্রয় দিয়া থাকেন।”

হরকুমার কহিলেন, “নহিলে আমিও যে উহার কাছে প্রশ্রয় প্রত্যাশা করিতে পারি না। কিন্তু যতীন, কুড়ানিকে তুমি জান না বলিয়াই অত ব্যস্ত হইতেছ। তুমি লজ্জা করিয়া কুড়ানিকে সুদ্ধ লজ্জা করিতে শিখাইবে দেখিতেছি। উহাকে জ্ঞানবৃক্ষের ফল তুমি খাওয়াইয়ো না। সকলে উহাকে লইয়া কৌতুক করিয়াছে— তুমি যদি মাঝের থেকে গাঙ্গীর্ঘ দেখাও, তবে সেটা উহার পক্ষে একটা অসংগত ব্যাপার হইবে।”

পটল। ঐজন্যই তো যতীনের সঙ্গে আমার কোনোকালেই বনিল না, ছেলেবেলা থেকে কেবলই

ঝগড়া চলিতেছে— ও বড়ো গম্ভীর ।

হরকুমার । ঝগড়া করাটা বুঝি এমনি করিয়া একেবারে অভ্যাস হইয়া গেছে— ভাই সবিয়া পড়িয়াছেন, এখন—

পটল । ফের মিথ্যা কথা । তোমার সঙ্গে ঝগড়া করিয়া সুখ নাই— আমি চেষ্টাও করি না ।

হরকুমার । আমি গোড়াতেই হার মানিয়া যাই ।

পটল । বড়ো কমই করো । গোড়ায় হার না মানিয়া শেষে হার মানিলে কত খুশি হইতাম ।

বাত্রে শোবার ঘরের জানলা-দরজা খুলিয়া দিয়া যতীন অনেক কথা ভাবিল । যে মেয়ে আপনার বাপ-মাকে না খাইতে পাইয়া মরিতে দেখিয়াছে, তাহার জীবনের উপর কী ভীষণ ছায়া পড়িয়াছে । এই নিদারুণ ব্যাপারে সে কত বড়ো হইয়া উঠিয়াছে— তাহাকে লইয়া কি কৌতুক করা যায় । বিধাতা দয়া করিয়া তাহার বুদ্ধিবৃত্তির উপরে একটা আবরণ ফেলিয়া দিয়াছেন— এই আবরণ যদি উঠিয়া যায় তবে অদৃষ্টের রুদ্রলীলার কী ভীষণ চিহ্ন প্রকাশ হইয়া পড়ে । আজ মধ্যাহ্নে গাছের ফাঁক দিয়া যতীন যখন ফাঙ্কনের আকাশ দেখিতেছিল, দূর হইতে কাঠালমুকুলের গন্ধ মদুতর হইয়া তাহার ঘ্রাণকে আবিষ্ট করিয়া ধরিতেছিল, তখন তাহার মনটা মাধুর্যের কুহেলিকায় সমস্ত জগৎটাকে আচ্ছন্ন করিয়া দেখিয়াছিল— ঐ বুদ্ধিহীন বালিকা তাহার হরিণের মতো চোখ-দুটি লইয়া সেই সোনালি কুহেলিকা অপসারিত করিয়া দিয়াছে ; ফাঙ্কনের এই কৃষ্ণ-গুপ্ত-মর্মরের পশ্চাতে যে সংসার ক্ষুধাতৃষ্ণাতুর দুঃখকঠিন দেহ লইয়া বিরাট মূর্তিতে দাঁড়াইয়া আছে, উদ্ঘাটিত যবনিকার শিল্পমাধুর্যের অন্তরালে সে দেখা দিল ।

পরদিন সন্ধ্যার সময় কুড়ানির সেই বেদনা ধরিল । পটল তাড়াতাড়ি যতীনকে ডাকিয়া পাঠাইল । যতীন আসিয়া দেখিল, কষ্টে কুড়ানির হাতে পায়ে খিল ধরিতেছে, শরীর আড়ষ্ট । যতীন ঔষধ আনিতে পাঠাইয়া বোতলে করিয়া গরম জল আনিতে চুকুম করিল । পটল কহিল, “ভারি মস্ত ডাক্তার হইয়াছ, পায়ে একটু গরম তেল মালিশ করিয়া দাও-না । দেখিতেছ না, পায়ের তেলো হিম হইয়া গেছে ।”

যতীন রোগিণীর পায়ের তলায় গরম তেল সবেগে ঘষিয়া দিতে লাগিল । চিকিৎসা-ব্যাপারে বাহি অনেক হইল । হরকুমার কলিকাতা হইতে ফিরিয়া আসিয়া বার বার কুড়ানির খবর লইতে লাগিলেন । যতীন বুঝিল, সন্ধ্যাবেলায় কর্ম হইতে ফিরিয়া আসিয়া পটল-অভাবে হরকুমারের অবস্থা অচল হইয়া উঠিয়াছে— ঘন ঘন কুড়ানির খবর লইবার তাৎপর্য তাই । যতীন কহিল, “হরকুমারবাবু ছটফট করিতেছেন, তুমি যাও পটল ।”

পটল কহিল, “পরের দোহাই দিবে বৈকি । ছটফট কে করিতেছে তা বুঝিয়াছি । আমি গেলেই এখন তুমি-বাচো । এ দিকে কথায় কথায় লজ্জায় মুখচোখ লাল হইয়া উঠে— তোমার পেটে যে এত ছিল, তা কে বুঝিবে ।”

যতীন । আচ্ছা, দোহাই তোমার, তুমি এইখানেই থাকো । রক্ষা করো— তোমার মুখ বন্ধ হইলে বাঁচি । আমি ভুল বুঝিয়াছিলাম— হরকুমারবাবু বোধ হয় শান্তিতে আছেন, এককম সুযোগ তাঁর সর্বদা ঘটে না ।

কুড়ানি আরাম পাইয়া যখন চোখ খুলিল পটল কহিল, “তোমার চোখ খোলাইবার জন্য তোমার বর যে আজ অনেকক্ষণ ধরিয়া তোকে পায়ে ধরিয়া সাধিয়াছে— আজ তাই বুঝি এত দেরি করিলি । ছি ছি, ওর পায়ের ধুলা নে ।”

কুড়ানি কর্তব্যবোধে তৎক্ষণাৎ গম্ভীরভাবে যতীনের পায়ের ধুলা লইল । যতীন দ্রুতপদে ঘর হইতে চলিয়া গেল ।

তাহার পরদিন হইতে যতীনের উপরে রীতিমত উপদ্রব আরম্ভ হইল । যতীন খাইতে বসিয়াছে, এমন সময় কুড়ানি আসিয়া অজ্ঞানবদনে পাখা দিয়া তাহার মাছি তাড়াইতে প্রবৃত্ত হইল । যতীন ব্যস্ত হইয়া বলিয়া উঠিল, “থাক থাক, কাজ নাই ।” কুড়ানি এই নিবেদে বিস্মিত হইয়া মুখ ফিরাইয়া পশ্চাদবর্তী ঘরের দিকে একবার চাহিয়া দেখিল— তাহার পরে আবার পুনশ্চ পাখা দোলাইতে

লাগিল। যতীন অন্তরালবর্তিনীর উদ্দেশে বলিয়া উঠিল, “পটল, তুমি যদি এমন করিয়া আমাকে ছালাও, তবে আমি খাইব না— আমি এই উঠলাম।”

বলিয়া উঠিবার উপক্রম করিতেই কুড়ানি পাখা ফেলিয়া দিল। যতীন বালিকার বুদ্ধিহীন মুখে তীব্র বেদনার রেখা দেখিতে পাইল; তৎক্ষণাৎ অনুতপ্ত হইয়া সে পুনর্বার বসিয়া পড়িল। কুড়ানি যে কিছু বোঝে না, সে যে লজ্জা পায় না, বেদনা বোধ করে না, এ কথা যতীনও বিশ্বাস করিতে আরম্ভ করিয়াছিল। আজ চকিতের মধ্যে দেখিল, সকল নিয়মেরই ব্যতিক্রম আছে, এবং ব্যতিক্রম কখন হঠাৎ ঘটে আগে হইতে তাহা কেহই বলিতে পারে না। কুড়ানি পাখা ফেলিয়া দিয়া চলিয়া গেল।

পরদিন সকালে যতীন বারান্দায় বসিয়া আছে, গাছপালার মধ্যে কোকিল অত্যন্ত ডাকাডাকি আরম্ভ করিয়াছে, আমের বোলের গন্ধে বাতাস ভারাক্রান্ত— এমন সময় সে দেখিল, কুড়ানি চায়ের পেয়ালা হাতে লইয়া যেন একটু ইতস্তত করিতেছে। তাহার হরিণের মতো চক্কে একটা সঙ্করণ ভয় ছিল— সে চা লইয়া গেলে যতীন বিরক্ত হইবে কি না ইহা যেন সে বুঝিয়া উঠিতে পারিতেছিল না। যতীন বাধিত হইয়া উঠিয়া অগ্রসর হইয়া তাহার হাত হইতে পেয়ালা লইল। এই মানবজন্মের হরিণশিশুটিকে তুচ্ছ কারণে কি বেদনা দেওয়া যায়। যতীন যেমনি পেয়ালা লইল অমনি দেখিল, বারান্দার অপর প্রান্তে পটল সহসা আবির্ভূত হইয়া নিঃশব্দহাস্যে যতীনকে কিল দেখাইল, ভাবটা এই যে, ‘কেমন ধরা পড়িয়াছ।’

সেইদিন সন্ধ্যার সময় যতীন একখানি ডাক্তারি কাগজ পড়িতেছিল, এমন সময় ফুলের গন্ধে চকিত হইয়া উঠিয়া দেখিল, কুড়ানি বকুলের মালা হাতে ঘরের মধ্যে প্রবেশ করিল। যতীন মনে মনে কহিল, ‘বডোই বাডাবাড়ি হইতেছে— পটলের এই নিষ্ঠুর আমোদে আর প্রশ্রয় দেওয়া উচিত হয় না।’ কুড়ানিকে বলিল, “ছি ছি কুড়ানি, তোমাকে লইয়া তোমার দিদি আমোদ করিতেছেন, তুমি বুঝিতে পার না।”

কথা শেষ করিতে না করিতেই কুড়ানি ব্রহ্ম-সংকুচিত-ভাবে প্রশ্বানের উপক্রম করিল। যতীন তখন তাড়াতাড়ি তাহাকে ডাকিয়া কহিল, “কুড়ানি, দেখি তোমার মালা দেখি।” বলিয়া মালাটি তাহার হাত হইতে লইল। কুড়ানির মুখে একটি আনন্দের উজ্জ্বলতা ফুটিয়া উঠিল, অন্তরাল হইতে সেই মুহূর্তে একটি উচ্চহাস্যের উচ্ছ্বাসধ্বনি শুনা গেল।

পরদিন সকালে উপদ্রব করিবার জন্য পটল যতীনের ঘরে গিয়া দেখিল, ঘর শূন্য। একখানি কাগজে কেবল লেখা আছে— ‘পালাইলাম। শ্রীযতীন।’

“ও কুড়ানি, তোর বর যে পালাইল। তাহাকে রাখিতে পারিলি নে!” বলিয়া কুড়ানির বেণী ধরিয়া নাড়া দিয়া পটল ঘরকন্নার কাজে চলিয়া গেল।

কথাটা বুঝিতে কুড়ানির একটু সময় গেল। সে ছবির মতো দাঁড়াইয়া স্থিরদৃষ্টিতে সম্মুখে চাহিয়া রহিল। তাহার পর ধীরে ধীরে যতীনের ঘরে আসিয়া দেখিল, তাহার ঘর খালি। তার পূর্বসন্ধ্যার উপহারের মালাটা টেবিলের উপর পড়িয়া আছে।

বসন্তের প্রাতঃকালটি স্নিগ্ধসুন্দর; রৌদ্রটি কম্পিত ককচূড়ার শাখার ভিতর দিয়া ছায়ার সহিত মিশিয়া বারান্দার উপর আসিয়া পড়িয়াছে। কাঠবিড়ালি লেজ পিঠে তুলিয়া ছুটাছুটি করিতেছে এবং সকল পাখি মিলিয়া নানা সুরে গান গাহিয়া তাহাদের বস্তুব্যা বিষয় কিছুতেই শেষ করিতে পারিতেছে না। পৃথিবীর এই কোণটুকুতে, এই স্থানিকটা ঘনপল্লব ছায়া এবং রৌদ্ররচিত জগৎখণ্ডের মধ্যে প্রাণের আনন্দ ফুটিয়া উঠিতেছিল; তাহারই মাঝখানে ঐ বুদ্ধিহীন বালিকা তাহার জীবনের, তাহার চারি দিকের সংগত কোনো অর্থ বুঝিয়া উঠিতে পারিতেছিল না। সমস্তই কঠিন প্রহেলিকা। কী হইল, কেন এমন হইল, তার পরে এই প্রভাত, এই গৃহ, এই যাহা-কিছু সমস্তই এমন একেবারে শূন্য হইয়া গেল কেন। যাহার বুঝিবার সামর্থ্য অল্প তাহাকে হঠাৎ একদিন নিজ হৃদয়ের এই অতল বেদনার রহস্যগর্ভে কোনো প্রদীপ হাতে না দিয়া কে নামাইয়া দিল। জগতের এই সহজ উচ্ছ্বাসিত প্রাণের রাজ্যে এই গাছপালা-মৃগপক্ষীর আশ্চর্যবিশ্মৃত কলরবের মধ্যে কে তাহাকে আবার টানিয়া তুলিতে পারিবে।

পটল ঘরকন্নার কাজ সারিয়া কুড়ানির সন্ধান লইতে আসিয়া দেখিল, সে যতীনের পরিত্যক্ত ঘরে তাহার খাটের খুরা ধরিয়া মাটিতে পড়িয়া আছে— শূন্য শয্যাটাকে যেন পায়ে ধরিয়া সাধিতেছে। তাহার বুকের ভিতরে যে একটি সুখার পাত্র লুকানো ছিল সেইটে যেন শূন্যতার চরণে বৃথা আশ্বাসে উপুড় করিয়া ঢালিয়া দিতেছে— ভূমিতলে পুঞ্জীভূত সেই স্থলিতকেশা লুপ্তিবসনা নারী যেন নীরব একাগ্রতার ভাষায় বলিতেছে, 'লও, লও, আমাকে লও। ওগো, আমাকে লও।'

পটল বিস্মিত হইয়া কহিল, "ও কী হইতেছে, কুড়ানি।"

কুড়ানি উঠিল না; সে যেমন পড়িয়াছিল তেমনি পড়িয়া রহিল। পটল কাছে আসিয়া তাহাকে স্পর্শ করিতেই সে উচ্ছ্বসিত হইয়া ফুলিয়া ফুলিয়া কাঁদিতে লাগিল।

পটল তখন চকিত হইয়া বলিয়া উঠিল, "ও পোড়ারমুখি, সর্বনাশ করিয়াছিস। মরিয়াছিস!"

হরকুমারকে পটল কুড়ানির অবস্থা জানাইয়া কহিল, "এ কী বিপদ ঘটিল। তুমি কী করিতেছিলে, তুমি আমাকে কেন বারণ করিলে না।"

হরকুমার কহিল, "তোমাকে বারণ করা যে আমার কোনোকালে অভ্যাস নাই। বারণ করিলেই কি ফল পাওয়া যাইত।"

পটল। তুমি কেমন স্বামী? আমি যদি ভুল করি, তুমি আমাকে জোর করিয়া ধামাইতে পার না? আমাকে তুমি এ খেলা খেলিতে দিলে কেন।

এই বলিয়া সে ছুটিয়া গিয়া ভূপতিতা বালিকার গলা জড়াইয়া ধরিয়া কহিল, "লক্ষ্মী বোন আমার, তোর কী বলিবার আছে, আমাকে খুলিয়া বল।"

হায়, কুড়ানির এমন কী ভাষা আছে যে, আপনার হৃদয়ের অব্যক্ত রহস্য সে কথা দিয়া বলিতে পারে। সে একটি অনির্বচনীয় বেদনার উপর তাহার সমস্ত বুক দিয়া চাপিয়া পড়িয়া আছে— সে বেদনাটা কী, জগতে এমন আর কাহারও হয় কি না, তাহাকে লোকে কী বলিয়া থাকে, কুড়ানি তাহার কিছুই জানে না। সে কেবল কান্না দিয়া বলিতে পারে; মনের কথা জানাইবার তাহার আর কোনো উপায় নাই।

পটল কহিল, "কুড়ানি, তোর দিদি বড়ো দুষ্ট; কিন্তু তার কথা যে তুই এমন করিয়া বিশ্বাস করিবি, তা সে কখনো মনেও করে নি। তার কথা কেহ কখনো বিশ্বাস করে না; তুই এমন ভুল কেন করিলি। কুড়ানি, একবার মুখ তুলিয়া তোর দিদির মুখের দিকে চা; তাকে মাপ কর।"

কিন্তু, কুড়ানির মন তখন বিমুখ হইয়া গিয়াছিল, সে কোনোমতেই পটলের মুখের দিকে চাহিতে পারিল না; সে আরো জোর করিয়া হাতের মধ্যে মাথা ঠুঙ্গিয়া রহিল। সে ভালো করিয়া সমস্ত কথা না বুঝিয়াও একপ্রকার মূঢ়ভাবে পটলের প্রতি রাগ করিয়াছিল। পটল তখন ধীরে ধীরে বাহুপাশ খুলিয়া লইয়া উঠিয়া গেল— এবং জানালার ধারে পাথরের মূর্তির মতো স্তব্ধভাবে দাঁড়াইয়া ফান্সনের রৌদ্রচিকণ সুপারিগাছের পল্লবশ্রেণীর দিকে চাহিয়া পটলের দুই চক্ষু দিয়া জল পড়িতে লাগিল।

পরদিন কুড়ানির আর দেখা পাওয়া গেল না। পটল তাহাকে আদর করিয়া ভালো ভালো গহনা এবং কাপড় দিয়া সাজাইত। নিজে সে এলোমেলো ছিল, নিজের সাজ সযত্নে তাহার কোনো যত্ন ছিল না, কিন্তু সাজগোছের সমস্ত শখ কুড়ানির উপর দিয়াই সে মিটাইয়া লইত। বহুকালসঞ্চিত সেই-সমস্ত বসনভূষণ কুড়ানির ঘরের মেজের উপর পড়িয়া আছে। তাহার হাতের বালাচুড়ি, নাসাগ্রের লবঙ্গফুলটি পর্যন্ত সে খুলিয়া ফেলিয়া গিয়াছে। তাহার পটলদিদির এতদিনের সমস্ত আদর সে যেন গা হইতে মুছিয়া ফেলিবার চেষ্টা করিয়াছে।

হরকুমারবাবু কুড়ানির সন্ধান পুলিসে খবর দিলেন। সেবারে শ্রেণ-দমনের বিত্তীষিকায় এত লোক এত দিকে পলায়ন করিতেছিল যে, সেই-সকল পলাতকদের মধ্য হইতে একটি বিশেষ লোককে বাছিয়া লওয়া পুলিসের পক্ষে শক্ত হইল। হরকুমারবাবু দুই-চারিবার ভুল লোকের সন্ধানে অনেক দুঃখ এবং লজ্জা পাইয়া কুড়ানির আশা পরিত্যাগ করিলেন। অজ্ঞাতের কোল হইতে তাহারা যাহাকে পাইয়াছিলেন অজ্ঞাতের কোলের মধ্যেই সে আবার লুকাইয়া পড়িল।

যতীন বিশেষ চেষ্টা করিয়া সেবার শ্লেগ-হাসপাতালে ডাক্তারি-পদ গ্রহণ করিয়াছিল। একদিন দুপুরবেলায় বাসায় আহার সারিয়া হাসপাতালে আসিয়া সে শুনিল, হাসপাতালের স্ত্রী-বিভাগে একটি নূতন রোগিনী আসিয়াছে। পুলিশ তাহাকে পথ হইতে কুড়াইয়া আনিয়াছে।

যতীন তাহাকে দেখিতে গেল। মেয়েটির মুখের অধিকাংশ চাদরে ঢাকা ছিল। যতীন প্রথমেই তাহার হাত তুলিয়া লইয়া নাড়ি দেখিল। নাড়িতে ছুর অধিক নাই, কিন্তু দুর্বলতা অত্যন্ত। তখন পরীক্ষার জন্য মুখের চাদর সরাইয়া দেখিল, সেই কুড়ানি।

ইতিমধ্যে পটলের কাছ হইতে যতীন কুড়ানির সমস্ত বিবরণ জানিয়াছিল। অব্যক্ত হৃদয়ভাবের দ্বারা ছায়াচ্ছন্ন তাহার সেই হরিণচকুদুটি কাজের অবকাশে যতীনের ধ্যানদৃষ্টির উপরে কেবলই অশ্রুহীন কাতরতা বিকীর্ণ করিয়াছে। আজ সেই রোগনির্মীলিত চকুর সুদীর্ঘ পল্লব কুড়ানির শীর্ণ কপালের উপরে কালিমার রেখা টানিয়াছে; দেখিবামাত্র যতীনের বুকের ভিতরটা হঠাৎ কে যেন চাপিয়া ধরিল। এই একটি মেয়েকে বিধাতা এত যত্নে ফুলের মতো সুকুমার করিয়া গড়িয়া দুর্ভিক্ষ হইতে মারীর মধ্যে ভাসাইয়া দিলেন কেন। আজ এই-যে পেলব প্রাণটি ক্লিষ্ট হইয়া বিছানার উপরে পড়িয়া আছে, ইহার এই অল্প কয়দিনের আয়ুর মধ্যে এত বিপদের আঘাত, এত বেদনার ভার সহিল কী করিয়া, ধরিল কোথায়। যতীনই বা ইহার জীবনের মাঝখানে তৃতীয় আর-একটি সংকটের মতো কোথা হইতে আসিয়া জুড়াইয়া পড়িল। রুদ্ধ দীর্ঘনিশ্বাস যতীনের বন্ধোদ্বারে আঘাত করিতে লাগিল— কিন্তু সেই আঘাতের তাড়নায় তাহার হৃদয়ের তারে একটা সুখের মীড়ও বাজিয়া উঠিল। যে ভালোবাসা জগতে দুর্লভ, যতীন তাহা না চাহিতেই, ফাঙ্কনের একটি মধ্যাহ্নে একটি পূর্ণবিকশিত মাধবীমঞ্জরির মতো অকস্মাৎ তার পায়ের কাছে আপনি আসিয়া বসিয়া পড়িয়াছে। যে ভালোবাসা এমন করিয়া মৃত্যুর দ্বার পর্যন্ত আসিয়া মূছিত হইয়া পড়ে, পৃথিবীতে কোন লোক সেই দেবভোগ্য নৈবেদ্যভাভের অধিকারী।

যতীন কুড়ানির পাশে বসিয়া তাহাকে অল্প অল্প গরম দুধ খাওয়াইয়া দিতে লাগিল। খাইতে খাইতে অনেকক্ষণ পরে সে দীর্ঘনিশ্বাস ফেলিয়া চোখ মেলিল। যতীনের মুখের দিকে চাহিয়া তাহাকে সুদূর স্বপ্নের মতো যেন মনে করিয়া লইতে চেষ্টা করিল। যতীন যখন তাহার কপালে হাত রাখিয়া একটুখানি নাড়া দিয়া কহিল, “কুড়ানি”— তখন তাহার অজ্ঞানের শেষ ঘোরটুকু হঠাৎ ভাঙিয়া গেল— যতীনকে সে চিনিলা এবং তখনই তাহার চোখের উপরে বাষ্পকোমল আর-একটি মোহের আবরণ পড়িল। প্রথম-মেঘ-সমাগমে সুগভীর আবাড়ের আকাশের মতো কুড়ানির কালো চোখদুটির উপর একটি যেন সুদূরব্যাপী সজলস্নিগ্ধতা ঘনাইয়া আসিল।

যতীন সক্রমণ যত্নের সহিত কহিল, “কুড়ানি, এই দুধটুকু শেষ করিয়া ফেলো।”

কুড়ানি একটু উঠিয়া বসিয়া পেয়ালার উপর হইতে যতীনের মুখে স্থিরদৃষ্টিতে চাহিয়া সেই দুধটুকু ধীরে ধীরে খাইয়া ফেলিল।

হাসপাতালের ডাক্তার একটিমাত্র রোগীর পাশে সমস্তক্ষণ বসিয়া থাকিলে কাজও চলে না, দেখিতেও ভালো হয় না। অন্যত্র কর্তব্য সারিবার জন্য যতীন যখন উঠিল তখন ভয়ে ও নৈরাশ্যে কুড়ানির চোখদুটি ব্যাকুল হইয়া পড়িল। যতীন তাহার হাত ধরিয়া তাহাকে আশ্বাস দিয়া কহিল, “আমি আবার এখনই আসিব কুড়ানি, তোমার কোনো ভয় নাই।”

যতীন কর্তৃপক্ষদিগকে জানাইল যে, এই নূতন-অনীত রোগিনীর শ্লেগ হয় নাই, সে না খাইয়া দুর্বল হইয়া পড়িয়াছে। এখানে অন্য শ্লেগরোগীর সঙ্গে থাকিলে তাহার পক্ষে বিপদ ঘটিতে পারে।

বিশেষ চেষ্টা করিয়া যতীন কুড়ানিকে অন্যত্র লইয়া যাইবার অনুমতি লাভ করিল এবং নিজের বাসায় লইয়া গেল। পটলকে সমস্ত খবর দিয়া একখানি চিঠিও লিখিয়া দিল।

সেইদিন সন্ধ্যার সময় রোগী এবং চিকিৎসক ছাড়া ঘরে আর কেহ ছিল না। শিয়রের কাছে রঙিন কাগজের আবরণে ঘেরা একটি কেরোসিন ল্যাম্প ছায়াচ্ছন্ন মৃদু আলোক বিকীর্ণ করিতেছিল— ব্র্যাকেটের উপরে একটা ঘড়ি নিস্তরূ ঘরে টিকটিক শব্দে দোলক দোলাইতেছিল।

যতীন কুড়ানির কপালে হাত দিয়া কহিল, “তুমি কেমন বোধ করিতেছ, কুড়ানি।”
 কুড়ানি তাহার কোনো উত্তর না করিয়া যতীনের হাতটি আপনার কপালেই চাপিয়া রাখিয়া দিল।
 যতীন আবার জিজ্ঞাসা করিল, “ভালো বোধ হইতেছে?”
 কুড়ানি একটুখানি চোখ বুজিয়া কহিল, “হাঁ।”
 যতীন জিজ্ঞাসা করিল, “তোমার গলায় এটা কী, কুড়ানি।”

কুড়ানি তাড়াতাড়ি কাপড়টা টানিয়া তাহা ঢাকিবার চেষ্টা করিল। যতীন দেখিল, সে একগাছি শুকনো বকুলের মালা। তখন তাহার মনে পড়িল, সে মালাটা কী। ঘড়ির টিকটিক শব্দের মধ্যে যতীন চূপ করিয়া বসিয়া ভাবিতে লাগিল। কুড়ানির এই প্রথম লুকাইবার চেষ্টা— নিজের হৃদয়ের ভাব গোপন করিবার এই তাহার প্রথম প্রয়াস। কুড়ানি মৃগশিঙ ছিল, সে কখন হৃদয়ভারাতুর যুবতী নারী হইয়া উঠিল। কোন্ রৌদ্রের আলোকে, কোন্ রৌদ্রের উদ্ভাসে তাহার বুজিব উপরকার সমস্ত কুয়াশা কাটিয়া গিয়া তাহার লজ্জা, তাহার শঙ্কা, তাহার বেদনা এমন হঠাৎ প্রকাশিত হইয়া পড়িল।

রাত্রি দুটা-আড়াইটার সময় যতীন চৌকিতে বসিয়াই ঘুমাইয়া পড়িয়াছে। হঠাৎ ঘর খোলার শব্দে চমকিয়া উঠিয়া দেখিল, পটল এবং হরকুমারবাবু এক বড়ো ব্যাগ হাতে ঘরের মধ্যে প্রবেশ করিলেন।

হরকুমার কহিলেন, “তোমার চিঠি পাইয়া কাল সকালে আসিব বলিয়া বিছানায় শুইলাম। অর্ধেক রাত্রে পটল কহিল, ‘ওগো, কাল সকালে গেলে কুড়ানিকে দেখিতে পাইব না— আমাকে এখনই যাইতে হইবে।’ পটলকে কিছুতেই বুঝাইয়া রাখা গেল না, তখনই একটা গাড়ি করিয়া বাহির হইয়া পড়িয়াছি।”

পটল হরকুমারকে কহিল, “চলো, তুমি যতীনের বিছানায় শোবে চলো।”

হরকুমার ঈষৎ আপস্তির আডম্বর করিয়া যতীনের ঘরে গিয়া শুইয়া পড়িলেন, তাহার নিদ্রা যাইতেও দেরি হইল না।

পটল ফিরিয়া আসিয়া যতীনকে ঘরের এক কোণে ডাকিয়া জিজ্ঞাসা করিল, “আশা আছে?”

যতীন কুড়ানির কাছে আসিয়া তাহার নাড়ি দেখিয়া মাথা নাড়িয়া ইঙ্গিতে জানাইল যে, আশা নাই।

পটল কুড়ানির কাছে আপনাকে প্রকাশ না করিয়া যতীনকে আড়ালে লইয়া কহিল, “যতীন, সত্য বলো, তুমি কি কুড়ানিকে ভালোবাস না।”

যতীন পটলকে কোনো উত্তর না দিয়া কুড়ানির বিছানার পাশে আসিয়া বসিল। তাহার হাত চাপিয়া ধরিয়া নাড়া দিয়া কহিল, “কুড়ানি, কুড়ানি।”

কুড়ানি চোখ মেলিয়া মুখে একটি শান্ত মধুর হাসির আভাসমাত্র আনিয়া কহিল, “কী দাদাবাবু।”

যতীন কহিল, “কুড়ানি, তোমার এই মালাটি আমার গলায় পরাইয়া দাও।”

কুড়ানি অনিমেষ অবুঝ চোখে যতীনের মুখের দিকে তাকাইয়া রহিল।

যতীন কহিল, “তোমার মালা আমাকে দিবে না?”

যতীনের এই আদরের প্রশ্নটুকু পাইয়া কুড়ানির মনে পূর্বকৃত অনাদরের একটুখানি অভিমান জাগিয়া উঠিল। সে কহিল, “কী হবে, দাদাবাবু।”

যতীন দুই হাতে তাহার হাত লইয়া কহিল, “আমি তোমাকে ভালোবাসি, কুড়ানি।”

শুনিয়া ক্ষণকালের জন্য কুড়ানি স্তব্ধ রহিল; তাহার পরে তাহার দুই চক্ষু দিয়া অজস্র জল পড়িতে লাগিল। যতীন বিছানার পাশে নামিয়া হাঁটু গাড়িয়া বসিল, কুড়ানির হাতের কাছে মাথা নত করিয়া রাখিল। কুড়ানি গলা হইতে মালা খুলিয়া যতীনের গলায় পরাইয়া দিল।

তখন পটল তাহার কাছে আসিয়া ডাকিল, “কুড়ানি।”

কুড়ানি তাহার শীর্ণ মুখ উজ্জ্বল করিয়া কহিল, “কী, দিদি।”

পটল তাহার কাছে আসিয়া তাহার হাত ধরিয়া কহিল, “আমার উপর তোমার আর কোনো রাগ নাই, বোন?”

কুড়ানি স্নিগ্ধকোমলদৃষ্টিতে কহিল, “না, দিদি।”

পটল কহিল, “যতীন, একবার তুমি ও ঘরে যাও।”

যতীন পাশের ঘরে গেলে পটল ব্যাগ খুলিয়া কুড়ানির সমস্ত কাপড়-গহনা তাহার মধ্য হইতে বাহির করিল। রোগিণীকে অধিক নাড়াচাড়া না করিয়া একখানি লাল বেনারসি শাড়ি সস্তর্পণে তাহার মলিন বস্ত্রের উপর জড়াইয়া দিল। পরে একে একে এক একগাছি চুড়ি তাহার হাতে দিয়া দুই হাতে দুই বালা পরাইয়া দিল। তার পরে ডাকিল, “যতীন।”

যতীন আসিতেই তাহাকে বিছানায় বসাইয়া পটল তাহার হাতে কুড়ানির একছড়া সোনার হার দিল। যতীন সেই হারছড়াটি লইয়া আস্তে আস্তে কুড়ানির মাথা তুলিয়া ধরিয়া তাহাকে পরাইয়া দিল।

ভোরের আলো যখন কুড়ানির মুখের উপরে আসিয়া পড়িল তখন সে আলো সে আর দেখিল না। তাহার অল্পান মুখকান্তি দেখিয়া মনে হইল, সে মরে নাই— কিন্তু সে যেন একটি অতলস্পর্শ সুখস্বপ্নের মধ্যে নিমগ্ন হইয়া গেছে।

যখন মৃতসেহ লইয়া যাইবার সময় হইল তখন পটল কুড়ানির বুকের উপর পড়িয়া কাঁদিতে কাঁদিতে কহিল, “বোন, তোরা ভাগ্য ভালো। জীবনের চেয়ে তোরা মরণ সুখের।”

যতীন কুড়ানির সেই শান্তপ্রিয় মৃত্যুস্বপ্নের দিকে চাহিয়া ভাবিতে লাগিল, ‘যাহার ধন তিনিই নিলেন, আমাকেও বঞ্চিত করিলেন না।’

চৈত্র ১৩০৯

কর্মফল

প্রথম পরিচ্ছেদ

আজ সতীশের মাসি সুকুমারী এবং মেসোমশায় শশধরবাবু আসিয়াছেন— সতীশের মা বিধুমুখী ব্যস্তসমস্তভাবে তাহাদের অভ্যর্থনায় নিযুক্ত। “এসো দিদি, বোসো। আজ কোন্ পুণ্যে রায়মশায়ের দেখা পাওয়া গেল! দিদি না আসলে তোমার আর দেখা পাবার জো নেই।”

শশধর। এতেই বুঝবে তোমার দিদির শাসন কিরকম কড়া। দিনরাত্রি চোখে চোখে রাখেন।

সুকুমারী। তাই বটে, এমন রত্ন ঘরে রেখেও নিশ্চিত মনে ঘুমনো যায় না।

বিধুমুখী। নাকডাকার শব্দে!

সুকুমারী। সতীশ, ছি ছি, তুই এ কী কাপড় পরেছিস। তুই কি এইরকম ধুতি পরে ইস্কুলে যাস নাকি। বিধু, ওকে যে ফ্রকটা কিনে দিয়েছিলেম সে কী হল।

বিধুমুখী। সে ও কোনকালে ছিড়ে ফেলেছে।

সুকুমারী। তা তো ছিড়বেই। ছেলেমানুষের গায়ে এক কাপড় কতদিন টেকে। তা, তাই বলে কি আর নতুন ফ্রক তৈরি করাতে নেই। তোদের ঘরে সকলই অনাসৃষ্টি।

বিধুমুখী। জানোই তো দিদি, তিনি ছেলের গায়ে সস্তা কাপড় দেখলেই আশ্বত্থ হয়ে ওঠেন। আমি যদি না থাকতাম তো তিনি বোধ হয় ছেলেকে দোলাই গায়ে দিয়ে কোমরে ঘুনসি পরিয়ে ইস্কুলে পাঠাতেন— মাগো! এমন সৃষ্টিছাড়া পছন্দও কারও দেখি নি।

সুকুমারী। মিছে না। এক বৈ ছেলে নয়— একে একটু সাজাতে গোজাতেও ইচ্ছা করে না! এমন বাপও তো দেখি নি। সতীশ, পরশু রবিবার আছে, তুই আমাদের বাড়ি যাস, আমি তোরা জন্যে এক সূট কাপড় রায়মশায়ের ওখান হতে আনিবে রাখব। আহা, ছেলেমানুষের কি শখ হয় না।

সতীশ। এক সূটে আমার কী হবে, মাসিমা। ভাদুড়ি সাহেবের ছেলে আমার সঙ্গে একসঙ্গে পড়ে, সে আমাকে তাদের বাড়িতে শিংশং খেলায় নিমন্ত্রণ করেছে— আমার তো সেরকম বাইরে যাবার মখমলের কাপড় নেই।

শশধর । তেমন জারগায় নিমন্ত্রণে না যাওয়াই ভালো, সতীশ ।

সুকুমারী । আচ্ছা আচ্ছা, তোমার আর বক্তৃতা দিতে হবে না । ওর যখন তোমার মতন বয়স হবে তখন—

শশধর । তখন ওকে বক্তৃতা দেবার অন্য লোক হবে, বৃদ্ধ মেসোর পরামর্শ শোনবার অবসর হবে না ।

সুকুমারী । আচ্ছা মশায়, বক্তৃতা করবার অন্য লোক যদি তোমাদের ভাগ্যে না জুটত তবে তোমাদের কী দশা হত বলা দেখি ।

শশধর । সে কথা বলে লাভ কী । সে অবস্থা কল্পনা করাই ভালো ।

সতীশ । (নেপথ্যের দিকে চাহিয়া) না না, এখানে আনতে হবে না, আমি যাচ্ছি ।

প্রস্থান

সুকুমারী । সতীশ ব্যস্ত হয়ে পালালো কেন, বিধু ।

বিধুমুখী । খালয় করে তার জলখাবার আনছিল কিনা, ছেলের তাই তোমাদের সামনে লজ্জা ।

সুকুমারী । আহা, বেচারার লজ্জা হতে পারে । ও সতীশ, শোন্ শোন্ ; তোর মেসোমশায় তোকে পেলোটের বাড়ি থেকে আইসক্রীম খাইয়ে আনবেন, তুই ঠুর সঙ্গে যা । ওগো, যাও-না, ছেলেমানুষকে একটু—

সতীশ । মাসিমা, সেখানে কী কাপড় পরে যাব ।

বিধুমুখী । কেন, তোর তো চাপকান আছে ।

সতীশ । সে বিস্ত্রী ।

সুকুমারী । আর যাই হোক বিধু, তোর ছেলে ভাগ্যে পৈতৃক পছন্দটা পায় নি তাই রক্ষা । বাস্তবিক, চাপকান দেখলেই খানসামা কিংবা যাত্রার দলের ছেলে মনে পড়ে । এমন অসভ্য কাপড় আর নেই ।

শশধর । এ কথাগুলো—

সুকুমারী । চুপিচুপি বলতে হবে ? কেন, ভয় করতে হবে কাকে । মন্ত্রণ নিজের পছন্দমত ছেলেকে সাজ করাবেন, আর আমরা কথা কইতেও পাব না !

শশধর । সর্বনাশ । কথা বন্ধ করতে আমি বলি নে । কিন্তু সতীশের সামনে এ সমস্ত আলোচনা—

সুকুমারী । আচ্ছা আচ্ছা, বেশ । তুমি ওকে পেলোটের ওখানে নিয়ে যাও ।

সতীশ । না মাসিমা, আমি সেখানে চাপকান পরে যেতে পারব না ।

সুকুমারী । এই যে মন্ত্রণবাবু আসছেন । এখনই সতীশকে নিয়ে বকাবকি করে ওকে অস্থির করে তুলবেন । ছেলেমানুষ, বাপের বকুনির চোটে ওর একদণ্ড শাস্তি নেই । আয় সতীশ, তুই আমার সঙ্গে আয়— আমরা পালাই ।

সুকুমারীর প্রস্থান । মন্ত্রণের প্রবেশ

বিধু । সতীশ ঘড়ি ঘড়ি করে কয়দিন আমাকে অস্থির করে তুলেছিল । দিদি তাকে একটা রুপোর ঘড়ি দিয়েছেন— আমি আগে থাকতে বলে রাখলেম, তুমি আবার ওনলে রাগ করবে ।

বিধুমুখীর প্রস্থান

মন্ত্রণ । আগে থাকতে বলে রাখলেও রাগ করব । শশধর, সে ঘড়িটি তোমাকে নিয়ে যেতে হবে ।

শশধর । তুমি তো আচ্ছা লোক । নিয়ে তো গেলেম, শেষকালে বাড়ি গিয়ে জবাবদিহি করবে কে ।

মন্ত্রণ । না শশধর, ঠাট্টা নয়, আমি এ-সব ভালোবাসি নে ।

শশধর । ভালোবাস না, কিন্তু সহ্যও করতে হয়— সংসারে এ কেবল তোমার একসারাই পক্ষে বিধান নয় ।

মন্মথ । আমার নিজের সম্বন্ধে হলে আমি নিঃশব্দে সহ্য করতেম । কিন্তু ছেলেকে আমি মাটি করতে পারি না । যে ছেলে চাবা-মাত্রই পায়, চাবার পূর্বেই যার অভাবমোচন হতে থাকে, সে নিতান্ত দুর্ভাগা । ইচ্ছা দমন করতে না শিখে কেউ কোনো কালে সুখী হতে পারে না । বঞ্চিত হয়ে ধৈর্যরক্ষা করবার যে বিদ্যা, আমি তাই ছেলেকে দিতে চাই, ঘড়ি ঘড়ির-চেন জোগাতে চাই নে ।

শশধর । সে তো ভালো কথা, কিন্তু তোমার ইচ্ছামাত্রই তো সংসারের সমস্ত বাধা তখনই ধূলিসাৎ হবে না । সকলেরই যদি তোমার মতো সদবুদ্ধি থাকত তা হলে তো কথাই ছিল না ; তা যখন নেই তখন সাধুসংকল্পকেও গায়ের জোরে চালানো যায় না, ধৈর্য চাই । ত্রীলোকের ইচ্ছার একেবারে উলটামুখে চলবার চেষ্টা করলে অনেক বিপদে পড়বে— তার চেয়ে পাশ কাটিয়ে একটু ঘুরে গেলে সুবিধামত ফল পাওয়া যায় । বাতাস যখন উলটা বয় জাহাজের পাল তখন আড় করে রাখতে হয়, নইলে চলা অসম্ভব ।

মন্মথ । তাই বুঝি তুমি গৃহিণীর সকল কথাতেই সায় দিয়ে যাও । ভীক !

শশধর । তোমার মতো অসমসাহস আমার নেই । যার ঘরকন্নর অধীনে চব্বিশ ঘণ্টা বাস করতে হয় তাঁকে ভয় না করব তো কাকে করব । নিজের ত্রীর সঙ্গে বীরত্ব করে লাভ কী । আঘাত করলেও কষ্ট, আঘাত পেলেও কষ্ট । তার চেয়ে তর্কের বেলায় গৃহিণীর মতকে সম্পূর্ণ অকাটা বলে স্বীকার করে কাজের বেলায় নিজের মত চালানোই সংপরামর্শ— গোয়ার্তুমি করতে গেলেই মুশকিল বাধে ।

মন্মথ । জীবন যদি সুদীর্ঘ হত তবে ধীরেসুস্থে তোমার মতে চলা যেত, পরমাধু যে অল্প ।

শশধর । সেইজন্যই তো ভাই, বিবেচনা করে চলতে হয় । সামনে একটা পাথর পড়লে যে লোক ঘুরে না গিয়ে সেটা ডিঙিয়ে পথ সংক্ষেপ করতে চায়, বিলম্ব তারই অদৃষ্টে আছে । কিন্তু তোমাকে এ-সকল বলা বৃথা— প্রতিদিনই তো ঠেকছ, তবু যখন শিক্ষা পাচ্ছ না তখন আমার উপদেশে ফল নেই । তুমি এমনি ভাবে চলতে চাও, যেন তোমার ত্রী বলে একটা শক্তির অস্তিত্ব নেই— অথচ তিনি যে আছেন সে সম্বন্ধে তোমার লেশমাত্র সন্দেহ থাকবার কোনো কারণ দেখি নে ।

দ্বিতীয় পরিচ্ছেদ

দাম্পত্য কলহে চৈব বহ্নারন্তে লঘুক্ৰিয়া— শাস্ত্রে এইরূপ লেখে । কিন্তু দাম্পতিবিশেষে ইহার ব্যতিক্রম ঘটে, অভিজ্ঞ ব্যক্তিত্ব তাহা অস্বীকার করেন না ।

মন্মথবাবুর সহিত তাহার ত্রীর মধ্যে মধ্যে যে বাদপ্রতিবাদ ঘটিয়া থাকে তাহা নিশ্চয়ই কলহ, তবু তাহার আরম্ভও বহু নহে, তাহার ক্রিয়াও লঘু নহে— ঠিক অজ্ঞাবুদ্ধের সঙ্গে তাহার তুলনা করা চলে না ।

কয়েকটি দৃষ্টান্ত দ্বারা এ কথার প্রমাণ হইবে ।

মন্মথবাবু কহিলেন, “তোমার ছেলোটিকে যে বিলাতি পোশাক পরাতে আরম্ভ করেছে, সে আমার পছন্দ নয় ।”

বিধু কহিলেন, “পছন্দ বুঝি একা তোমারই আছে । আজকাল তো সকলেই ছেলোদের ইংরেজি কাপড় ধরিয়েছে ।”

মন্মথ হাসিয়া কহিলেন, “সকলের মতেই যদি চলবে তবে সকলকে ছেড়ে একমাত্র আমাকেই বিবাহ করলে কেন ।”

বিধু । তুমি যদি কেবল নিজের মতেই চলবে তবে একা না থেকে আমাকেই বা তোমার বিবাহ করবার কী দরকার ছিল ।

মন্মথ । নিজের মত চালাবার জন্যও যে অন্য লোকের দরকার হয় ।

বিধু । নিজের বোকা বহাবার জন্য ধোবার দরকার হয় গাধাকে, কিন্তু আমি তো আর—

মন্মথ । (জিব কাটিয়া) আরে রাম রাম, তুমি আমার সংসার-মরুভূমির আরব বোড়া । কিন্তু সে প্রাণীবৃত্তান্তের তর্ক এখন থাক । তোমার ছেলোটিকে সাহেব করে তুলো না ।

বিধু। কেন করব না। তাকে কি চাষা করব।

এই বলিয়া বিধু ঘর হইতে বাহির হইয়া গেলেন।

বিধুর বিধবা জ্ঞা পাশের ঘরে বসিয়া দীর্ঘশ্বাস ফেলিয়া মনে করিলেন, স্বামী-স্ত্রীতে বিরলে প্রেমালাপ হইয়া গেল।

তৃতীয় পরিচ্ছেদ

মন্মথ। ও কী ও, তোমার ছেলেটিকে কী মাখিয়েছ।

বিধু। মূর্ছা যেয়ো না, ভয়ানক কিছু নয়, একটুখানি এসেন্স মাত্র। তাও বিলাতি নয়— তোমাদের সাধের দিশি।

মন্মথ। আমি তোমাকে বার বার বলেছি, ছেলেদের তুমি এ-সমস্ত শৌখিন জিনিস অভ্যাস করাতে পারবে না।

বিধু। আচ্ছা, যদি তোমার আরাম বোধ হয় তো কাল হতে কেরোসিন এবং ক্যাস্টর অয়েল মাখাব।

মন্মথ। সেও বাজে খরচ হবে। যেটা না হলেও চলে সেটা না অভ্যাস করাই ভালো। কেরোসিন, ক্যাস্টর অয়েল, গায় মাথায় মাখা আমার মতে অনাবশ্যক।

বিধু। তোমার মতে আবশ্যক জিনিস কটা আছে তা তো জানি না, গোড়াতেই আমাকে বোধ হয় বাদ দিয়ে বসতে হয়।

মন্মথ। তোমাকে বাদ দিলে যে বাদপ্রতিবাদ একেবারেই বন্ধ হবে। এতকালের দৈনিক অভ্যাস হঠাৎ ছাড়লে এ বয়সে হয়তো সহ্য হবে না। যাই হোক, এ কথা আমি তোমাকে আগে হতে বলে রাখছি, ছেলেটিকে তুমি সাহেব কর বা নবাব কর বা সাহেবি-নবাবির খিচুড়ি পাকাও তার খরচ আমি জোগাব না। আমার মৃত্যুর পরে সে যা পাবে তাতে তার শখের খরচ কুলোবে না।

বিধু। সে আমি জানি। তোমার টাকার উপরে ভরসা রাখলে ছেলেকে কোপনি পরানো অভ্যাস করাতেম।

বিধুর এই অবজ্ঞাবাক্যে মর্মান্বিত হইয়াও মন্মথ কণকালের মধ্যে সামলাইয়া লইলেন; কহিলেন, “আমিও তা জানি। তোমার ভগিনীপতি শশধরের 'পরেই তোমার ভরসা। তার সম্মান নেই বলে ঠিক করে বসে আছি, তোমার ছেলেকেই সে উইলে সমস্ত লিখেপড়ে দিয়ে যাবে। সেইজন্যই যখন-তখন ছেলেটাকে ফিরিস্তি সাজিয়ে এক-গা গন্ধ মাখিয়ে তার মেসোর আদর কাড়বার জন্য পাঠিয়ে দাও। আমি দারিদ্র্যের লজ্জা অনায়াসেই সহ্য করতে পারি, কিন্তু ধনী কুটুম্বের সোহাগ-যাচনার লজ্জা আমার সহ্য হয় না।”

এ কথা মন্মথর মনে অনেকদিন উদয় হইয়াছে, কিন্তু কথাটা কঠোর হইবে বলিয়া এ পর্যন্ত কখনো বলেন নাই। বিধু মনে করিতেন, স্বামী তাঁহার গৃহ অভিপ্রায় ঠিক বৃষ্টিতে পারেন নাই, কারণ স্বামীসম্প্রদায় স্ত্রীর মনস্তত্ত্ব সম্বন্ধে অপরিসীম মূর্খ। কিন্তু মন্মথ যে বসিয়া বসিয়া তাঁহার চাল ধরিতে পারিয়াছেন, হঠাৎ জানিতে পারিয়া বিধুর পক্ষে মর্মান্বিত হইয়া উঠিল।

মুখ লাল করিয়া বিধু কহিলেন, “ছেলেকে মাসির কাছে পাঠালেও গায়ে সয় না, এতবড়ো মানী লোকের ঘরে আছি সে তো পূর্বে বুঝতে পারি নি।”

এমন সময় বিধবা জ্ঞা প্রবেশ করিয়া কহিলেন, “মেজবউ, তোদের ধন্য। আজ সতেরো বৎসর হয়ে গেল তবু তোদের কথা কুরালো না। রাতে কুলার না, শেককালে দিনেও দুইজনে মিলে ফিস্ফিস্। তোদের জিবের আগায় বিধাতা এত মধু দিনরাত্রি জোগান কোথা হতে আমি তাই ভাবি। রাগ কোরো না ঠাকুরপো, তোমাদের মধুরালাপে ব্যাঘাত করব না, একবার কেবল দু মিনিটের জন্য মেজবউয়ের কাছ হতে সেলাইয়ের প্যাটানটা দেখিয়ে নিতে এসেছি।”

চতুর্থ পরিচ্ছেদ

সতীশ । জেঠাইমা ।

জেঠাইমা । কী বাপ ।

সতীশ । আজ ভাদুড়ি-সাহেবের ছেলেকে মা চা খাওয়াবেন, তুমি যেন সেখানে হঠাৎ গিয়ে পোড়ো-না ।

জেঠাইমা । আমার বাবার দরকার কী সতীশ ।

সতীশ । যদি যাও তো তোমার এ কাপড়ে চলবে না, তোমাকে—

জেঠাইমা । সতীশ, তোর কোনো ভয় নেই, আমি এই ঘরেই থাকব, যতক্ষণ তোর বন্ধুর চা খাওয়া না হয়, আমি বার হব না ।

সতীশ । জেঠাইমা, আমি মনে করছি, তোমার এই ঘরেই তাকে চা খাওয়াবার বন্দোবস্ত করব । এ বাড়িতে আমাদের যে ঠাসাঠাসি লোক— চা খাবার, ডিনার খাবার মতো ঘর একটাও খালি পাবার জো নেই । মায় শোবার ঘরে সিন্দুক-কিন্দুক কত কী রয়েছে, সেখানে কাকেও নিয়ে যেতে লজ্জা করে ।

জেঠাইমা । আমার এখানেও তো জিনিসপত্র—

সতীশ । ওগুলো আজকের মতো বার করে দিতে হবে । বিশেষত তোমার এই ঝিট-চূপড়ি-বারকোশগুলো কোথাও না লুকিয়ে রাখলে চলবে না ।

জেঠাইমা । কেন বাবা, ওগুলোতে এত লজ্জা কিসের । তাদের বাড়িতে কি কুটনো কুটবার নিয়ম নেই ।

সতীশ । তা জানি নে জেঠাইমা, কিন্তু চা খাবার ঘরে ওগুলো রাখা দস্তুর নয় । এ দেখলে নরেন ভাদুড়ি নিশ্চয় হাসবে, বাড়ি গিয়ে তার বোনদের কাছে গল্প করবে ।

জেঠাইমা । শোনো একবার, ছেলের কথা শোনো । ঝিট-চূপড়ি তো চিরকাল ঘরেই থাকে । তা নিয়ে গল্প করতে তো শুনি নি ।

সতীশ । তোমাকে আর-এক কাজ করতে হবে জেঠাইমা— আমাদের নন্দকে তুমি বৈমন করে পার এখানে ঠেকিয়ে রেখো । সে আমার কথা শুনবে না, খালি গারে কস করে সেখানে গিয়ে উপস্থিত হবে ।

জেঠাইমা । তাকে যেন ঠেকালেম, কিন্তু তোমার বাবা যখন খালি গারে—

সতীশ । সে আমি আগেই মাসিমাকে গিয়ে ধরেছিলাম, তিনি বাবাকে আজ পিঠে খাবার নিয়ন্ত্রণ করেছেন, বাবা এ-সমস্ত কিছুই জানেন না ।

জেঠাইমা । বাবা সতীশ, যা মন হয় করিস, কিন্তু আমার ঘরটাতে তোদের ঐ খানাটানাগুলো—

সতীশ । সে ভালো করে সাক করিয়ে দেব এখন ।

পঞ্চম পরিচ্ছেদ

সতীশ । মা, এমন করে তো চলে না ।

বিধু । কেন, কী হয়েছে ।

সতীশ । চাঁদনির কোট ট্রাউজার পরে আমার বার হতে লজ্জা করে । সেদিন ভাদুড়ি-সাহেবের বাড়ি ইভনিং পার্টি ছিল, কয়েকজন বাবু ছাড়া আর সকলেই ড্রেস সুট পরে গিয়েছিল, আমি সেখানে এই কাপড়ে গিয়ে ভারি অপ্রস্তুতে পড়েছিলাম । বাবা কাপড়ের জন্য যে সামান্য টাকা দিতে চান তাতে ভয়তা রক্ষা হয় না ।

বিধু । জান তো সতীশ, তিনি যা ধরেন তা কিছুতেই ছাড়েন না । কত টাকা হলে তোমার মনের মতো পোশাক হয় শুনি ।

সতীশ । একটা মনিং সূট আর একটা লাউঞ্জ সূটে একশো টাকার কাছাকাছি লাগবে । একটা চলনসই ইভনিং ড্রেস দেড়শো টাকার কমে কিছুতেই হবে না ।

বিধু । বল কী, সতীশ । এ তো তিনশো টাকার ধাক্কা, এত টাকা—

সতীশ । মা, ঐ তোমাদের দোষ । এক, ফকিরি করতে চাও সে ভালো আর যদি ভদ্রসমাজে মিশতে হয় তবে অমন টানাটানি করে চলে না । ভদ্রতা রাখতে গেলে তো খরচ করতে হবে, তার তো কোনো উপায় নেই । সুন্দরবনে পাঠিয়ে দাও-না কেন, সেখানে ড্রেস কোর্টের দরকার হবে না ।

বিধু । তা তো জানি, কিন্তু— আচ্ছা, তোমার মেসো তো তোমাকে জন্মদিনের উপহার দিয়ে থাকেন, এবারকার জন্য একটা নিমন্ত্রণের পোশাক তাঁর কাছ হতে জোগাড় করে নাও-না । কথায় কথায় তোমার মাসির কাছে একটু আভাস দিলেই হয় ।

সতীশ । সে তো অনায়াসেই পারি, কিন্তু বাবা যদি টের পান আমি মেসোর কাছ হতে কাপড় আদায় করেছি, তা হলে রক্ষা থাকবে না ।

বিধু । আচ্ছা, সে আমি সামলাতে পারব ।

সতীশের প্রধান

ভাদুড়ি-সাহেবের মেয়ের সঙ্গে যদি সতীশের কোনোমতে বিবাহের জোগাড় হয় তা হলেও আমি সতীশের জন্য অনেকটা নিশ্চিত থাকতে পারি । ভাদুড়ি-সাহেব ব্যারিস্টার মানুষ, বেশ দু-সশ টাকা রোজগার করে । ছেলেবেলা হতেই সতীশ তো ওদের বাড়ি আনাগোনা করে, মেয়েটি তো আর পাষণ নয়, নিশ্চয় আমার সতীশকে পছন্দ করবে । সতীশের বাপ তো এ-সব কথা একবার চিন্তাও করেন না, বলতে গেলে আশুন হয়ে ওঠেন, ছেলের ভবিষ্যতের কথা আমাকেই সমস্ত ভাবতে হয় ।

ষষ্ঠ পরিচ্ছেদ

মিস্টার ভাদুড়ির বাড়িতে টেনিস-কোর্ট

নলিনী । ও কী সতীশ, পালাও কোথায় ।

সতীশ । তোমাদের এখানে টেনিস পাটী জানতেম না, আমি টেনিস সূট পরে আসি নি ।

নলিনী । সকল গোকুর তো এক রঙের চামড়া হয় না, তোমার না হয় ওরিজিন্যাল বলেই নাম রটবে । আচ্ছা, আমি তোমার সুবিধা করে দিচ্ছি । মিস্টার নন্দী, আপনার কাছে আমার একটা অনুরোধ আছে ।

নন্দী । অনুরোধ কেন, হুকুম বলুন-না— আমি আপনারই সেবার্ধে ।

নলিনী । যদি একবারে অসাধ্য বোধ না করেন তো আজকের মতো আপনারা সতীশকে মাপ করবেন— ইনি আজ টেনিস সূট পরে আসেন নি । এতবড়ো শোচনীয় দুর্ঘটনা !

নন্দী । আপনি ওকালতি করলে খুন জাল ঘর-স্থালানোও মাপ করতে পারি । টেনিস সূট না পরে এলে যদি আপনার এত দয়া হয় তবে আমার এই টেনিস সূটটা মিস্টার সতীশকে দান করে তাঁর এই— এটাকে কী বলি ! তোমার এটা কী সূট সতীশ— খিচুড়ি সূটই বলা যাক— তা আমি সতীশের এই খিচুড়ি সূটটা পরে রোজ এখানে আসব । আমার দিকে যদি স্বর্গের সমস্ত সূর্য চন্দ্র তারা অবাক হয়ে তাকিয়ে থাকে তবু লজ্জা করব না । সতীশ, এ কাপড়টা দান করতে যদি তোমার আপত্তি থাকে তবে তোমার দরজির ঠিকানাটা আমাকে দিয়ে । ফ্যাশানেবল ছাঁটের চেয়ে মিস ভাদুড়ির দয়া অনেক মূল্যবান ।

নলিনী । শোনো শোনো সতীশ, শুনে রাখো । কেবল কাপড়ের ছাঁট নয়, মিষ্ট কথার ছাঁদও তুমি মিস্টার নন্দীর কাছে শিখতে পার । এমন আদর্শ আর পাবে না । বিলাতে ইনি ডিউক ডাচেস ছাড়া আর কারও সঙ্গে কথাও কন নি । মিস্টার নন্দী, আপনাদের সময় বিলাতে বাঙালি ছাত্র কে কে ছিল ।

নন্দী । আমি বাঙালিদের সঙ্গে সেখানে মিশি নি ।

নলিনী । ওনহ । সতীশ । রীতিমত সভ্য হতে গেলে কত সাবধানে থাকতে হয় । তুমি বোধ হয় চেষ্টা করলে পারবে । টেনিস স্টুট সম্বন্ধে তোমার বেরকম সুন্দর ধর্মজ্ঞান তাতে আশা হয় ।

অন্যত্র গমন

সতীশ । (দীর্ঘনিশ্বাস ফেলিয়া) নেলিকে আজ পর্যন্ত বুঝতেই পারলেম না । আমাকে দেখে ও বোধ হয় মনে মনে হাসে । আমারও মুশকিল হয়েছে, আমি কিছুতে এখানে এসে সুস্থমনে থাকতে পারি নে— কেবলই মনে হয়, আমার টাইটা বৃষ্টি কলারের উপরে উঠে গেছে, আমার ট্রাউজারে হাঁটুর কাছটায় হয়তো কুচকে আছে । নন্দীর মতো কবে আমিও বেশ ঐরকম অনায়াসে স্ফূর্তির সঙ্গে—

নলিনী । (পুনরায় আসিয়া) কী সতীশ, এখনো যে তোমার মনের খেদ মিটল না । টেনিস কোর্টার শোকে তোমার হৃদয়টা যে বিদীর্ণ হয়ে গেল । হায়, কোর্তাহারা হৃদয়ের সান্দ্রনা জগতে কোথায় আছে— দরজির বাড়ি ছাড়া ।

সতীশ । আমার হৃদয়টার খবর যদি রাখতে তবে এমন কথা আর বলতে না নেলি ।

নলিনী । (করতালি দিয়া) বাহবা । মিস্টার নন্দীর দৃষ্টান্তে মিষ্ট কথার আমদানি এখনই শুরু হয়েছে । প্রশ্রয় পেলে অত্যন্ত উন্নতি হবে ভরসা হচ্ছে । এসো, একটু কেক খেয়ে যাবে, মিষ্ট কথার পুরস্কার মিষ্টায় ।

সতীশ । না, আজ আর খাব না, আমার শরীরটা—

নলিনী । সতীশ, আমার কথা শোনো— টেনিস কোর্টার খেদে শরীর নষ্ট কোরো না, যাওয়াদাওয়া একেবারে ছাড়া ভালো নয় । কোর্তা জিনিসটা জগতের মধ্যে সেরা জিনিস সন্দেহ নেই, কিন্তু এই তুচ্ছ শরীরটা না হলে সেটা কুলিয়ে বেড়াবার সুবিধা হয় না ।

সপ্তম পরিচ্ছেদ

শশধর । দেখো মন্থাথ, সতীশের উপরে তুমি বড়ো কড়া ব্যবহার আরম্ভ করেছ ; এখন ব্যয়স হয়েছে, এখন ওর প্রতি অতটা শাসন ভালো নয় ।

বিধু । বলো তো রায়মশায় । আমি তো ঠুকে কিছুতেই বুঝিয়ে পারলেম না ।

মন্থাথ । দুটো অপবাদ এক মুহূর্তেই । একজন বললেন নির্দয়, আর-একজন বললেন নির্বোধ । যার কাছে হতবুদ্ধি হয়ে আছি তিনি যা বলেন সহ্য করতে রাজি আছি— তাঁর ভগ্নী যা বলবেন তার উপরেও কথা কব না, কিন্তু তাই বলে তাঁর ভগ্নীপতি পর্যন্ত সহিষ্ণুতা চলবে না । আমার ব্যবহারটা কিরকম কড়া শুনি ।

শশধর । বেচারী সতীশের একটু কাপড়ের শখ আছে, ও পাঁচ জায়গায় মিশতে আরম্ভ করেছে ওকে তুমি চাদনির—

মন্থাথ । আমি তো চাদনির কাপড় পরতে বলি নে । ফিরিঙ্গি পোশাক আমার দু-চক্ষের বিষ । ধুতি-চাদর চাপকান-চোগা পরুক, কখনো লজ্জা পেতে হবে না ।

শশধর । দেখো মন্থাথ, সতীশ যদি এ ব্যয়সে শখ মিটিয়ে না নিতে পারে তবে বুড়োবয়সে খামকা কী করে বসবে, সে আরো বদ দেখতে হবে । আর ভেবে দেখো, যেটাকে আমরা শিশুকাল হতেই সভ্যতা বলে শিখছি তার আক্রমণ ঠেকাবে কী করে ।

মন্থাথ । যিনি সভ্য হবেন তিনি সভ্যতার মালমসলা নিজের খরচেই জোগাবেন । যে দিক হতে তোমার সভ্যতা আসছে টাকাটা সে দিক হতে আসছে না, বরং এখান হতে সেই দিকেই যাচ্ছে ।

বিধু । রায়মশায়, পেরে উঠবেন না— দেশের কথা উঠে পড়লে ঠুকে থামানো যায় না ।

শশধর । ভাই মন্থাথ, ও-সব কথা আমিও বুঝি । কিন্তু, ছেলের আবদারও তো এড়াতে পারি

নে । সতীশ ভাদুড়ি সাহেবদের সঙ্গে যখন মেশামেশি করছে তখন উপযুক্ত কাপড় না থাকলে ও বেচারার বড়ো মুশকিল । আমি র্যাঙ্কিনের বাড়িতে ওয় জনা—

ভৃত্যের প্রবেশ

ভৃত্য । সাহেববাড়ি হতে এই কাপড় এয়েছে ।
মন্মথ । নিয়ে যা কাপড়, নিয়ে যা । এখনই নিয়ে যা ।

বিধুর প্রতি

দেখো, সতীশকে যদি আমি এ কাপড় পরতে দেখি তবে তাকে বাড়িতে থাকতে দেব না, মেসে পাঠিয়ে দেব, সেখানে সে আপন ইচ্ছামত চলতে পারবে ।

শ্রুত প্রশ্ন

শশধর । অবাক কাণ্ড !

বিধু । (সরোদনে) রায়মশায়, তোমাকে কী বলব, আমার বেঁচে সুখ নেই । নিজের ছেলের উপর বাপের এমন ব্যবহার কেউ কোথাও দেখেছে ?

শশধর । আমার প্রতি ব্যবহারটাও তো ঠিক ভালো হল না । বোধ হয় মন্মথের হজমের গোল হয়েছে । আমার পরামর্শ শোনো, তুমি ওকে রোজ সেই একই ডালভাত খাইয়ো না । ও যতই বলুক-না কেন, মাঝে মাঝে মসলাওয়ালা রান্না না হলে মুখে রোচে না, হজমও হয় না । কিছুদিন ওকে ভালো করে খাওয়াও দেখি, তার পরে তুমি যা বলবে ও তাই শুনবে । এ সম্বন্ধে তোমার দিদি তোমার চেয়ে ভালো বোঝেন ।

শশধরের প্রশ্ন । বিধুমুখীর ক্রন্দন

বিধবা জা । (ঘরে প্রবেশ করিয়া, আত্মগত) কখনো কান্না, কখনো হাসি— কত রকম যে সোহাগ তার ঠিক নেই— বেশ আছে ।

দীর্ঘনিশ্বাস

ও মেজবউ, গোসাঘরে বসেছিস ! ঠাকুরপোকে ডেকে দিই, মানভঞ্জনের পালা হয়ে যাক ।

অষ্টম পরিচ্ছেদ

নলিনী । সতীশ, আমি তোমাকে কেন ডেকে পাঠিয়েছি বলি, রাগ কোরো না ।

সতীশ । তুমি ডেকেছ বলে রাগ করব, আমার মেজাজ কি এতই বদ ।

নলিনী । না, ও-সব কথা থাক । সকল সময়েই নন্দী-সাহেবের চেলাগিরি কোরো না । বলো দেখি, আমার জন্মদিনে তুমি আমাকে অমন দামী জিনিস কেন দিলে ।

সতীশ ঘাকে দিয়েছি তার তুলনার জিনিসটার দাম এমনই কি বেশি ।

নলিনী । আবার ফের নন্দীর নকল !

সতীশ । নন্দীর নকল সাথে করি ! তার প্রতি যখন ব্যক্তিবিশেষের পক্ষপাত—

নলিনী । তবে যাও, তোমার সঙ্গে আর আমি কথা কব না ।

সতীশ । আচ্ছা, মাপ করো, আমি চূপ করে শুনব ।

নলিনী । দেখো সতীশ, মিস্টার নন্দী আমাকে নির্বোধের মতো একটা দামী ব্রেসলেট পাঠিয়েছিলেন, তুমি অমন নিবুদ্ধিতার সুর চড়িয়ে তার চেয়ে দামী একটা নেকলেস পাঠাতে গেলে কেন ।

সতীশ । যে অবস্থায় লোকের বিবেচনাশক্তি থাকে না সে অবস্থাটা তোমার জানা নেই বলে তুমি রাগ করছ, নেলি ।

নলিনী । আমার সাতজন্মে জেনে কাজ নেই । কিন্তু এ নেকলেস তোমাকে ফিরে নিয়ে যেতে হবে ।

সতীশ । ফিরে দেবে ?

নলিনী । দেব । বাহাদুরি দেখাবার জন্যে যে দান, আমার কাছে সে দানের কোনো মূল্য নেই ।

সতীশ । তুমি অন্যায় বলছ নেলি ।

নলিনী । আমি কিছুই অন্যায় বলছি নে— তুমি যদি আমাকে একটি ফুল দিতে আমি ঢের বেশি খুশি হতেম । তুমি যখন-তখন প্রায়ই মাঝে মাঝে আমাকে কিছু-না-কিছু দামী জিনিস পাঠাতে আরম্ভ করেছ । পাছে তোমার মনে লাগে বলে আমি এতদিন কিছুই বলি নি । কিন্তু ক্রমেই মাত্রা বেড়ে চলেছে, আর আমার চূপ করে থাকা উচিত নয় । এই নাও তোমার নেকলেস ।

সতীশ । এ নেকলেস তুমি রাস্তায় টান মেরে ফেলে দাও, কিন্তু আমি এ কিছুতেই নেব না ।

নলিনী । আচ্ছা সতীশ, আমি তো তোমাকে ছেলেবেলা হতেই জানি, আমার কাছে ভাড়িয়ে না । সত্য করে বলো, তোমার কি অনেক টাকা ধার হয় নি ।

সতীশ । কে তোমাকে বলেছে । নরেন বুঝি ?

নলিনী । কেউ বলে নি । আমি তোমার মুখ দেখেই বুঝতে পারি । আমার জন্যে তুমি এমন অন্যায় কেন করছ ।

সতীশ । সময়বিশেষে লোকবিশেষের জন্যে মানুষ প্রাণ দিতে ইচ্ছা করে ; আজকালকার দিনে প্রাণ দেবার অবকাশ খুঁজে পাওয়া যায় না— অসুস্থ ধার করবার দুঃখটুকু স্বীকার করবার যে সুখ তাও কি ভোগ করতে দেবে না । আমার পক্ষে যা দুঃসাধ্য আমি তোমার জন্যে তাই করতে চাই নেলি, একেও যদি তুমি নন্দী-সাহেবের নকল বল তবে আমার পক্ষে মর্মান্তিক হয় ।

নলিনী । আচ্ছা, তোমার যা করবার তা তো করেছ— তোমার সেই ত্যাগস্বীকারটুকু আমি নিলেম— এখন এ জিনিসটা ফিরে নাও ।

সতীশ । ওটা যদি আমাকে ফিরিয়ে নিতে হয় তবে ঐ নেকলেসটা গলায় ফাঁস লাগিয়ে দম বন্ধ করে আমার পক্ষে মরা ভালো ।

নলিনী । দেনা তুমি শোধ করবে কী করে ।

সতীশ । মার কাছ হতে টাকা পাব ।

নলিনী । ছি ছি, তিনি মনে করবেন আমার জন্যেই তাঁর ছেলের দেনা হচ্ছে ।

সতীশ । সে কথা তিনি কখনোই মনে করবেন না, তাঁর ছেলেকে তিনি অনেকদিন হতে জানেন ।

নলিনী । আচ্ছা সে যাই হোক, তুমি প্রতিজ্ঞা করো, এখন হতে তুমি আমাকে দামী জিনিস দেবে না । বড়োজোর ফুলের তোড়ার বেশি আর কিছু দিতে পারবে না ।

সতীশ । আচ্ছা, সেই প্রতিজ্ঞাই করলেম ।

নলিনী । যাক, এখন তবে তোমার গুরু নন্দী-সাহেবের পাঠ আবৃত্তি করো । দেখি, স্তুতিবাদ করবার বিদ্যা তোমার কতদূর অগ্রসর হল । আচ্ছা, আমার কানের ডগা সম্বন্ধে কী বলতে পার বলো— আমি তোমাকে পাঁচ মিনিট সময় দিলেম ।

সতীশ । যা বলব তাতে ঐ ডগাটুকু লাল হয়ে উঠবে ।

নলিনী । বেশ বেশ, ভূমিকাটি মন্দ হয় নি । আজকের মতো ঐটুকুই থাক, বাকিটুকু আর-একদিন হবে । এখনই কান ঝাঁকা করতে শুরু হয়েছে ।

নবম পরিচ্ছেদ

বিধু । আমার উপর রাগ কর যা কর, ছেলের উপর কোরো না । তোমার পায়ে ধরি, এবারকার মতো তার সেনাটা শোধ করে দাও ।

মন্ত্রধ । আমি রাগারাগি করছি নে, আমার যা কর্তব্য তা আমাকে করতেই হবে । আমি সতীশকে বার বার বলেছি, সেনা করলে শোধবার ভার আমি নেব না । আমার সে কথাই অনাথা হবে না ।

বিধু । ওগো, এতবড়ো সত্যপ্রতিজ্ঞ যুধিষ্ঠির হলে সংসার চলে না । সতীশের এখন বয়স হয়েছে, তাকে জলপানি যা দাও তাতে ধর না করে তার চলে কী করে বলো দেখি ।

মন্ত্রধ । যার যেরূপ সাধা তার চেয়ে চাল বড়ো করলে কারোই চলে না— ফকিরেরও না, বাদশারও না ।

বিধু । তবে কি ছেলেকে জেলে যেতে হবে ।

মন্ত্রধ । সে যদি যাবার আয়োজন করে এবং তোমরা যদি তার জোগাড় দাও তবে আমি ঠেকিয়ে রাখব কী করে ।

মন্ত্রধর প্রস্থান । শশধরের প্রবেশ

শশধর । আমাকে এ বাড়িতে দেখলে মন্ত্রধ ভয় পায় । ভাবে, কালো কোর্টা ফরমাশ দেবার জন্য ফিতা হাতে তার ছেলের গায়ের মাপ নিতে এসেছি । তাই কদিন আসি নি । আন্ত তোমার চিঠি পেয়ে সূক্ষ্ম কাপড়কাটি করে আমাকে বাড়িছাড়া করেছে ।

বিধু । দিদি আসেন নি ?

শশধর । তিনি এখনই আসবেন । ব্যাপারটা কী ।

বিধু । সবই তো শুনেছ । এখন ছেলেটাকে জেলে না দিলে ঠর মন সুস্থির হচ্ছে না । রাস্কিন-হার্মানের পোশাক তাঁর পছন্দ হল না, জেলখানার কাপড়টাই বোধ হয় তাঁর মতে বেশ সুসভা ।

শশধর । আর যাই বল মন্ত্রধকে বোঝাতে যেতে আমি পারব না । তার কথা আমি বুঝি নে, আমার কথাও সে বোঝে না, শেষকালে—

বিধু । সে কি আমি জানি নে । তোমরা তো তাঁর স্ত্রী নও যে মাথা হেঁট করে সমস্তই সহ্য করবে । কিছু এখন এ বিপদ ঠেকাই কী করে ।

শশধর । তোমার হাতে কিছু কি—

বিধু । কিছুই নেই— সতীশের ধার শুধতে আমার প্রায় সমস্ত গহনাই বাধা পড়েছে, হাতে কেবল বালাজোড়া আছে ।

সতীশের প্রবেশ

শশধর । কী সতীশ, খরচপত্র বিবেচনা করে কর না, এখন কী মুশকিলে পড়েছ দেখো দেখি ।

সতীশ । মুশকিল তো কিছুই দেখি নে ।

শশধর । তবে হাতে কিছু আছে বুঝি ! ফাস কর নি ।

সতীশ । কিছু তো আছেই ।

শশধর । কত ?

সতীশ । অফিম কেনবার মতো ।

বিধু । (কাঁদিয়া উঠিয়া) সতীশ, ও কী কথা তুই বলিস । আমি অনেক দুঃখ পেয়েছি, আমাকে আর দণ্ডাস নে ।

শশধর । ছি ছি, সতীশ । এমন কথা যদি-বা কখনো মনেও আসে তবু কি মার সামনে উচ্চারণ করা যায় । বড়ো অন্যায়ে কথা ।

সুকুমারীর প্রবেশ

বিধু । দিদি, সতীশকে রক্ষা করো । ও কোনদিন কী করে বসে আমি তো ভয়ে ঝাঁচি নে । ও যা বলে শুনে আমার গা কাপে ।

সুকুমারী । ও আবার কী বলে ।

বিধু । বলে কিনা অফিম কিনে আনবে ।

সুকুমারী । কী সর্বনাশ ! সতীশ, আমার গা ছুঁয়ে বল এমন কথা মনেও আনবি নে । চুপ করে রইলি যে । লক্ষ্মী বাপ আমার । তোর মা-মাসির কথা মনে করিস ।

সতীশ । জেলে বসে মনে করার চেয়ে এ-সমস্ত হাস্যকর ব্যাপার জেলের বাইরে চুকিয়ে ফেলাই ভালো ।

সুকুমারী । আমরা থাকতে তোকে জেলে কে নিয়ে যাবে ।

সতীশ । পেয়াদা ।

সুকুমারী । আচ্ছা, সে দেখব কতবড়ো পেয়াদা ; ওগো, এই টাকাটা ফেলে দাওনা, ছেলেমানুষকে কেন কষ্ট দেওয়া ।

শশধর । টাকা ফেলে দিতে পারি, কিন্তু মন্থখ আমার মাথায় ইট ফেলে না মারে ।

সতীশ । মোসামশায়, সে ইট তোমার মাথায় পৌঁছবে না, আমার ঘাড়ে পড়বে । একে একজামিনে ফেল করেছি, তার উপরে দেনা, এর উপরে জেলে যাবার এতবড়ো সুযোগটা যদি মাটি হয়ে যায় তবে বাবা আমার সে অপরাধ মাপ করবেন না ।

বিধু । সত্যি দিদি, সতীশ মেসোর টাকা নিয়েছে শুনলে তিনি বোধ হয় ওকে বাড়ি হতে বার করে দেবেন ।

সুকুমারী । তা দিন-না । আর কি কোথাও বাড়ি নেই নাকি । ও বিধু, সতীশকে তুই আমাকেই দিয়ে দে-না । আমার তো ছেলেপুলে নেই, আমি নাহয় ওকেই মানুষ করি । কী বল গো ।

শশধর । সে তো ভালোই । কিন্তু সতীশ যে বাচ্চের বাচ্ছা, ওকে টানতে গেলে তার মুখ থেকে প্রাণ বাচানো দায় হবে ।

সুকুমারী । বাঘমশায় তো বাচ্ছাটিকে জেলের পেয়াদার হাতেই সমর্পণ করে দিয়েছেন, আমরা যদি তাকে ঝাঁচিয়ে নিয়ে যাই এখন তিনি কোনো কথা বলতে পারবেন না ।

শশধর । বাঘিনী কী বলেন, বাচ্ছাই বা কী বলে ।

সুকুমারী । যা বলে সে আমি জানি, সে কথা আর জিজ্ঞাসা করতে হবে না । তুমি এখন দেনাটা শোধ করে দাও ।

বিধু । দিদি ।

সুকুমারী । আর দিদি দিদি করে কাঁদতে হবে না । চল, তোর চুল বেঁধে দিই গে । এমন ছিরি করে তোর ভগ্নীপতির সামনে বার হতে লজ্জা করে না ?

শশধর ব্যতীত সকলের প্রস্থান । মন্থখের প্রবেশ

শশধর । মন্থখ, ভাই, তুমি একটু বিবেচনা করে দেখো—

মন্থখ । বিবেচনা না করে তো আমি কিছুই করি না ।

শশধর । তবে দোহাই তোমার, বিবেচনা একটু খাটো করো । ছেলেটাকে কি জেলে দেবে । তাতে কি ওর ভালো হবে ।

মন্থখ । ভালোমন্দর কথা কেউই শেষ পর্যন্ত ভেবে উঠতে পারে না । আমি মোটামুটি এই বুঝি যে, বার বার সাবধান করে দেওয়ার পরও যদি কেউ অন্যায় করে তবে তার ফলভোগ হতে তাকে কৃত্রিম উপায়ে রক্ষা করা কারও উচিত হয় না । আমরা যদি মাঝে পড়ে বার্থ করে না দিতেম তবে প্রকৃতির কঠিন শিক্ষায় মানুষ যথার্থ মানুষ হয়ে উঠতে পারত ।

শশধর । প্রকৃতির কঠোর শিক্ষাই যদি একমাত্র শিক্ষা হত তবে বিধাতা বাপমায়ের মনে স্নেহটুকু দিতেন না । মন্থধ, তুমি যে দিনরাত কর্মফল কর্মফল করো আমি তা সম্পূর্ণ মানি না । প্রকৃতি আমাদের কাছ হতে কর্মফল কড়ায় গণ্ডায় আদায় করে নিতে চায় কিন্তু প্রকৃতির উপরে যিনি কর্তা আছেন তিনি মাঝে পড়ে তার অনেকটাই মহুকূপ দিয়ে থাকেন, নইলে কর্মফলের দেনা শুধতে শুধতে আমাদের অস্তিত্ব পর্যন্ত বিকিয়ে যেত । বিজ্ঞানের হিসাবে কর্মফল সত্য, কিন্তু বিজ্ঞানের উপরেও বিজ্ঞান আছে, সেখানে প্রেমের হিসাবে ফলাফল সমস্ত অন্যরকম । কর্মফল নৈসর্গিক, মার্জনাটা তার উপরের কথা ।

মন্থধ । যিনি অনৈসর্গিক মানুষ তিনি যা খুশি করবেন, আমি অতি সামান্য নৈসর্গিক, আমি কর্মফল শেষ পর্যন্তই মানি ।

শশধর । আচ্ছা, আমি যদি সতীশের দেনা শোধ করে তাকে খালাস করি, তুমি কী করবে ।

মন্থধ । আমি তাকে ত্যাগ করব । দেখো, সতীশকে আমি যে ভাবে মানুষ করতে চেয়েছিলেম প্রথম হতেই বাধা দিয়ে তোমরা তা ব্যর্থ করেছ । এক দিক হতে সংযম আর-এক দিক হতে প্রসন্ন পেয়ে সে একেবারে নষ্ট হয়ে গেছে । ক্রমাগতই ভিক্ষা পেয়ে যদি তার সম্মানবোধ এবং দায়িত্ববোধ চলে যায়, যে কাজের যে পরিণাম তোমরা যদি মাঝে পড়ে কিছুতেই তাকে তা বুঝতে না দাও, তবে তার আশা আমি ত্যাগ করলেম । তোমাদের মতেই তাকে মানুষ করো— দুই নৌকোয় পা দিয়েই তার বিপদ ঘটেছে ।

শশধর । ও কী কথা বলছ মন্থধ— তোমার ছেলে—

মন্থধ । দেখো শশধর, নিজের প্রকৃতি ও বিশ্বাস -মতেই নিজের ছেলেকে আমি মানুষ করতে পারি, অন্য কোনো উপায় তো জানি না । যখন নিশ্চয় দেখছি তা কোনোমতেই হবার নয়, তখন পিতার দায়িত্ব আমি আর রাখব না । আমার যা সাধ্য তার বেশি আমি করতে পারব না ।

মন্থধর গ্রহন

শশধর । কী করা যায় । ছেলেটাকে তো জেলে দেওয়া যায় না । অপরাধ মানুষের পক্ষে বত সর্বনেশেই হোক, জেলখানা তার চেয়ে ঢের বেশি ।

দশম পরিচ্ছেদ

ভাদুড়িজায়া । শুনেছ ? সতীশের বাপ হঠাৎ মারা গেছে ।

মিস্টার ভাদুড়ি । হাঁ, সে তো শুনেছি ।

জায়া । সে-যে সমস্ত সম্পত্তি হাসপাতালে দিয়ে গেছে, কেবল সতীশের মার জন্য জীবিতকাল পর্যন্ত ৭৫ টাকা মাসহারা বরাদ্দ করে গেছে । এখন কী করা যায় ।

ভাদুড়ি । এত ভাবনা কেন তোমার ।

জায়া । বেশ লোক যা হোক তুমি । তোমার মেয়ে যে সতীশকে ভালোবাসে সেটা বুঝি তুমি দুই চক্ষু মেলে দেখতে পাও না ! তুমি তো ওদের বিবাহ দিতেও প্রস্তুত ছিলে । এখন উপায় কী করবে ।

ভাদুড়ি । আমি তো মন্থধর টাকার উপর বিশেষ নির্ভর করি নি ।

জায়া । তবে কি ছেলেটির চেহারার উপরেই নির্ভর করে বসেছিলে । অন্নবস্ত্রটা বুঝি অনাবশ্যিক ?

ভাদুড়ি । সম্পূর্ণ আবশ্যিক । যিনি যাই বলুন, ওর চেয়ে আবশ্যিক আর-কিছুই নেই । সতীশের একটি মেসো আছে, বোধ হয় জান ।

জায়া । মেসো তো ঢের লোকেরই থাকে, তাতে কুখ্যাতি হয় না ।

ভাদুড়ি । এই মেসোটি আমার মকেল— অগাধ টাকা— ছেলেপুলে কিছুই নেই— বয়সও নিতান্ত অল্প নয় । সে তো সতীশকেই পোষাপুত্র নিতে চায় ।

জায়া । মেসোটি তো ভালো । তা চটপট নিক-না । তুমি একটু তাড়া দাও-না ।

ভাদুড়ি । তাড়া আমাকে দিতে হবে না, তার ঘরের মধ্যেই তাড়া দেবার লোক আছে । সবই প্রায় ঠিকঠাক, এখন কেবল একটা আইনের খটকা উঠেছে— এক ছেলেকে পোষাপুত্র লওয়া যায় কি না— তা ছাড়া সতীশের আবার বয়স হয়ে গেছে ।

জায়া । আইন তো তোমাদেরই হাতে— তোমরা চোখ বুজে একটা বিধান দিয়ে দাও-না ।

ভাদুড়ি । বাস্তব হোয়ো না— পোষাপুত্র না নিলেও অন্য উপায় আছে ।

জায়া । আমাকে বাচালে । আমি ভাবছিলাম, সম্বন্ধ ভাঙি কী করে । আবার, আমাদের নেলি যেরকম জেদালো মেয়ে, সে যে কী করে বসত বলা যায় না । কিন্তু তাই বলে গরিবের হাতে তো মেয়ে দেওয়া যায় না । ঐ দেখো, তোমার মেয়ে কেঁদে চোখ ফুলিয়েছে । কাল যখন খেতে বসেছিল এমন সময় সতীশের বাপ-মরার খবর পেল, অমনি তখনই উঠে চলে গেল ।

ভাদুড়ি । কিন্তু, নেলি যে সতীশকে ভালোবাসে সে তো দেখে মনে হয় না । ও তো সতীশকে নাকের জলে চোখের জলে করে । আমি আরো মনে করতাম, নন্দীর উপরেই ওর বেশি টান ।

জায়া । তোমার মেয়েটির ঐ স্বভাব । সে যাকে ভালোবাসে তাকেই জ্বালাতন করে । দেখো না বিড়ালছানাটাকে নিয়ে কী কাণ্ডটাই করে ! কিন্তু আশ্চর্য এই, তবু তো ওকে কেউ ছাড়তে চায় না ।

নলিনীর প্রবেশ

নলিনী । মা, একবার সতীশবাবুর বাড়ি যাবে না ? তাঁর মা বোধ হয় খুব কাতর হয়ে পড়েছেন । বাবা, আমি একবার তাঁর কাছে যেতে চাই ।

একাদশ পরিচ্ছেদ

সতীশ । মা, এখানে আমি যে কত সুখে আছি সে তো আমার কাপড়-চোপড় দেখেই বুঝতে পার । কিন্তু মেসোমশায় যতক্ষণ না আমাকে পোষাপুত্র গ্রহণ করেন ততক্ষণ নিশ্চিত হতে পারছি নে । তুমি যে মাসহারা পাও আমার তো তাতে কোনো সাহায্য হবে না । অনেকদিন হতে নেব-নেব করেও আমাকে পোষাপুত্র নিচ্ছেন না— বোধ হয় ওঁদের মনে মনে সম্মানলাভের আশা এখনো আছে ।

বিধু । (হতাশভাবে) সে আশা সফল হয়-না, সতীশ ।

সতীশ । আ ! বলো কী মা !

বিধু । লক্ষণ দেখে তো তাই বোধ হয় ।

সতীশ । লক্ষণ অমন অনেক সময় ভুলও তো হয় ।

বিধু । না, ভুল নয় সতীশ, এবার তোর ভাই হবে ।

সতীশ । কী যে বল মা, তার ঠিক নেই— ভাই হবেই কে বললে ! বোন হতে পারে না বুঝি !

বিধু । দিদির চেহারা যেরকম হয়ে গেছে নিশ্চয় তাঁর মেয়ে হবে না, ছেলেই হবে । তা ছাড়া ছেলেই হোক, মেয়েই হোক, আমাদের পক্ষে সমানই ।

সতীশ । এত বয়সের প্রথম ছেলে, ইতিমধ্যে অনেক বিষয় ঘটতে পারে ।

বিধু । সতীশ, তুই চাকরির চেষ্টা কর ।

সতীশ । অসম্ভব । পাস করতে পারি নি । তা ছাড়া চাকরি করবার অভ্যাস আমার একেবারে গেছে । কিন্তু, যাই বল মা, এ ভারি অন্যায় । আমি তো এতদিনে বাবার সম্পত্তি পেতেম, তার থেকে বঞ্চিত হলেম, তার পরে যদি আবার—

বিধু । অন্যায় নয় তো কী, সতীশ । এ দিকে তোকে ঘরে এনেছেন, ও দিকে আবার ডাক্তার ডাকিয়ে ওষুধও খাওয়া চলছে । নিজের বোনপোর সঙ্গে এ কিরকম ব্যবহার । শেষকালে দয়াল

ডাক্তারের ওষুধ তো খেটে গেল। অস্থির হোস নে সতীশ। একমনে ভগবানকে ডাক— তাঁর কাছে কোনো ডাক্তারই লাগে না। তিনি যদি—

সতীশ। আহা, তিনি যদি এখনো— এখনো সময় আছে। মা, ঐদের প্রতি আমার কৃতজ্ঞ থাকা উচিত, কিন্তু যেরকম অনায়ে হল, সে ভাব রক্ষা করা শক্ত হয়ে উঠেছে। ঈশ্বরের কাছে ঐদের একটা দুর্ঘটনা না প্রার্থনা করে থাকতে পারছি নে— তিনি দয়া করে যেন—

বিধু। আহা তাই হোক, নইলে তোর উপায় কী হবে সতীশ, আমি তাই ভাবি। হে ভগবান, তুমি যেন—

সতীশ। এ যদি না হয় তবে ঈশ্বরকে আমি আর মানব না। কাগজে নাস্তিকতা প্রচার করব।

বিধু। আরে চুপ চুপ, এখন এমন কথা মুখে আনতে নেই। তিনি দয়াময়, তাঁর দয়া হলে কী না ঘটতে পারে। সতীশ, তুই আজ এত ফিটফিট সাজ করে কোথায় চলেছিস। উচু কলার পরে মাথা যে আকাশে গিয়ে ঠেকল! ঘাড় হেঁট করবি কী করে।

সতীশ। এমনি করে কলারের জোরে যতদিন মাথা তুলে চলতে পারি চলব, তার পরে ঘাড় হেঁট করবার দিন যখন আসবে তখন এগুলো ফেলে দিলেই চলবে। বিশেষ কাজ আছে মা, চললেম, কথাবার্তা পরে হবে।

[প্রস্থান]

বিধু। কাজ কোথায় আছে তা জানি। মাগো, ছেলের আর তব সয় না। এ বিবাহটা ঘটবেই। আমি জানি, আমার সতীশের অদৃষ্ট খারাপ নয়; প্রথমে বিঘ্ন যতই ঘটুক, শেষকালটায় ওর ভালো হয়ই, এ আমি বরাবর দেখে আসছি। না হবেই বা কেন। আমি তো স্নাতসারে কোনো পাপ করি নি— আমি তো সতী স্ত্রী ছিলাম, সেইজন্যে আমার খুব বিশ্বাস হচ্ছে দিদির এবারে—

দ্বাদশ পরিচ্ছেদ

সুকুমারী। সতীশ।

সতীশ। কী মাসিমা।

সুকুমারী। কাল যে তোমাকে খোকার কাপড় কিনে আনবার জন্য এত করে বললেম, অপমান বোধ হল বুঝি।

সতীশ। অপমান কিসের মাসিমা। কাল ভাদুড়ি-সাহেবের ওখানে আমার নিমন্ত্রণ ছিল তাই—

সুকুমারী। ভাদুড়ি-সাহেবের ওখানে তোমার এত ঘন ঘন যাতায়াতের দরকার কী, তা তো ভেবে পাই নে। তারা সাহেব মানুষ, তোমার মতো অবস্থার লোকের কি তাদের সঙ্গে বন্ধুত্ব করা সাজে। আমি তো শুনলেম, তোমাকে তারা আজকাল পোছে না, তবু বুঝি ঐ রঙিন টাইয়ের উপর টাইরিং পরে বিলাতি কার্তিক সেজে তাদের ওখানে আনাগোনা করতেই হবে। তোমার কি একটুও সম্মানবোধ নেই। তাই যদি থাকবে তবে কি কাজকর্মের কোনো চেষ্টা না করে এখানে এমন করে পড়ে থাকতে। তার উপরে আবার একটা কাজ করতে বললে মনে মনে রাগ করা হয়, পাছে ঠেকে কেউ বাড়ির সরকার মনে করে ভুল করে। কিন্তু, সরকারও তো ভালো— সে খেটে উপার্জন করে খায়।

সতীশ। মাসিমা, আমিও হয়তো তা পারতাম, কিন্তু তুমিই তো—

সুকুমারী। তাই বটে। জানি, শেষকালে আমারই দোষ হবে। এখন বুঝছি তোমার বাপ তোমাকে ঠিক চিনতেন। তাই তোমাকে এমন করে শাসনে রেখেছিলেন। আমি আরো ছেলেমানুষ বলে দয়া করে তোমাকে ঘরে স্থান দিলেম, জেল থেকে বাচালেম, শেষকালে আমারই দোষ হল। একেই বলে কৃতজ্ঞতা! আচ্ছা, আমারই নাহয় দোষ হল, তবু যে কদিন এখানে আমাদের অন্ন খাচ্ছ, দরকারমত দুটো কাজই নাহয় করে দিলে। এমনকি কেউ করে না। এতে কি অত্যন্ত অপমান বোধ হয়।

সতীশ । কিছু না, কিছু না । কী করতে হবে বলো, আমি এখনই করছি ।

সুকুমারী । খোকার জন্য সাড়ে সাত গজ রেনবো সিন্ধু চাই— আর একটা সেলার সুট—

সতীশের প্রস্থানোদ্যম

শোনো শোনো, ওর মাপটা নিয়ে যেয়ো, জুতো চাই ।

সতীশ প্রস্থানোদ্যম

অত বাস্তব হচ্ছ কেন— সবগুলো ভালো করে শুনেই যাও । আজও বুঝি ভাদুড়ি-সাহেবের কটি বিস্কুট খেতে যাবার জন্য প্রাণ ছটফট করছে । খোকার জন্যে ষ্টু-হ্যাট এনো— আর তার ক্রমালও এক ডজন চাই ।

সতীশের প্রস্থান । তাহাকে পুনরায় ডাকিয়া

শোনো সতীশ, আর-একটা কথা আছে । শুনলাম, তোমার মেসোর কাছ হতে তুমি নতুন সুট কেনবার জন্য আমাকে না বলে টাকা চেয়ে নিয়েছ । যখন নিজের সামর্থ্য হবে তখন যত খুশি সাহেবিয়ানা কোরো, কিন্তু পরের পয়সায় ভাদুড়ি-সাহেবদের তাক লাগিয়ে দেবার জন্য মেসোকে ফতুর করে দিয়ে না । সে টাকাটা আমাকে ফেরত দিয়ে । আজকাল আমাদের বডো টানাটানির সময় ।

সতীশ । আচ্ছা, এনে দিচ্ছি ।

সুকুমারী । এখন তুমি দোকানে যাও, সেই টাকা দিয়ে কিনে বাকিটা ফেরত দিয়ে । একটা হিসাব রাখতে ভুলো না যেন ।

সতীশের প্রস্থানোদ্যম

শোনো সতীশ, এই কটা জিনিস কিনতে আবার যেন আড়াই টাকা গাড়িভাড়া লাগিয়ে বোসো না । ঐ জন্যে তোমাকে কিছু আনতে বলতে ভয় করে । দু পা হেঁটে চলতে হলেই অমনি তোমার মাথায় মাথায় ভাবনা পড়ে— পুরুষমানুষ এত বাবু হলে তো চলে না । তোমার বাবা রোজ সকালে নিজে হেঁটে গিয়ে নতুন বাজার হতে কই মাছ কিনে আনতেন— মনে আছে তো ? মুটেকেও তিনি এক পয়সা দেন নি ।

সতীশ । তোমার উপদেশ মনে থাকবে— আমিও দেব না । আজ হতে তোমার এখানে মুটেভাড়া বেহারার মাইনে যত অল্প লাগে সে দিকে আমার সর্বদাই দৃষ্টি থাকবে ।

ত্রয়োদশ পরিচ্ছেদ

হরেন । দাদা, তুমি অনেকক্ষণ ধরে ও কী লিখছ, কাকে লিখছ বলো-না ।

সতীশ । যা যা, তোর সে খবরে কাজ কী, তুই খেলা কর গে যা ।

হরেন । দেখি-না কী লিখছ— আমি আজকাল পড়তে পারি ।

সতীশ । হরেন, তুই আমাকে বিরক্ত করিস নে বলছি— যা তুই ।

হরেন । ভয়ে আকার ভা, ল, ভাল, বয়ে আকার বা, সয়ে আকার সা, ভালোবাসা । দাদা, কী ভালোবাসার কথা লিখছ বলো-না । তুমিও কাচা পেয়ারা ভালোবাস বুঝি । আমিও বাসি ।

সতীশ । আঃ হরেন, অত চেষ্টাস নে, ভালোবাসার কথা আমি লিখি নি ।

হরেন । অ্যা ! মিথ্যা কথা বলছ ! আমি যে পড়লেম ভয়ে আকার ভা, ল, ভাল, বয়ে আকার সয়ে আকার ভালোবাসা । আচ্ছা, মাকে ডাকি, তাঁকে দেখাও ।

সতীশ । না না, মাকে ডাকতে হবে না । লক্ষ্মীটি, তুই একটু খেলা করতে যা, আমি এইটে শেষ করি ।

হরেন । এটা কী দাদা । এ যে ফুলের তোড়া । আমি নেব ।
 সতীশ । ওতে হাত দিস নে, হাত দিস নে, ছিড়ে ফেলবি ।
 হরেন । না, আমি ছিড়ে ফেলব না, আমাকে দাও-না ।
 সতীশ । খোকা, কাল তোকে আমি অনেক তোড়া এনে দেব, এটা থাক ।
 হরেন । দাদা, এট বেশ, আমি এইটেই নেব ।
 সতীশ । না, এ আর-একজনের জিনিস, আমি তোকে দিতে পারব না ।
 হরেন । অ্যা, মিথ্যে কথা ! আমি তোমাকে লজ্জাস আনতে বলেছিলেম, তুমি সেই টাকায় তোড়া
 কিনে এনেছ— তাই বৈকি, আর-একজনের জিনিস বৈকি ।
 সতীশ । হরেন, লক্ষ্মী ভাই, তুই একটুখানি চুপ কর, চিঠিখানা শেষ করে ফেলি । কাল তোকে
 আমি অনেক লজ্জাস কিনে এনে দেব ।
 হরেন । আচ্ছা, তুমি কী লিখছ আমাকে দেখাও ।
 সতীশ । আচ্ছা দেখাব, আগে লেখাটা শেষ করি ।
 হরেন । তবে আমিও লিখি ।

স্নেট লইয়া চীৎকারস্বরে

ভয়ে আকার ভা, ল, ভাল, বয়ে আকার বা সয়ে আকার সা ভালোবাসা ।
 সতীশ । চুপ চুপ, অত চীৎকার করিস নে । আঃ, থাম্ থাম্ ।
 হরেন । তবে আমাকে তোড়াটা দাও ।
 সতীশ । আচ্ছা নে, কিন্তু খবরদার ছিড়িস নে— ও কী করলি ! যা বারণ করলেম তাই ! ফুলটা
 ছিড়ে ফেললি ! এমন বদ ছেলেও তো দেখি নি ।

তোড়া কাড়িয়া লইয়া চপেটাঘাত করিয়া

লক্ষ্মীছাড়া কোথাকার ! যা, এখন থেকে যা বলছি, যা ।

হরেনের চীৎকারস্বরে ক্রন্দন, সতীশের সবেগে প্রস্থান বিধুমুখীর বাস্ত হইয়া প্রবেশ

বিধু । সতীশ বুঝি হরেনকে কাঁদিয়েছে, দিদি টের পেলে সর্বনাশ হবে । হরেন, বাপ আমার, কাঁদিস
 নে, লক্ষ্মী আমার, সোনা আমার ।
 হরেন । (সরোদনে) দাদা আমাকে মেরেছে ।
 বিধু । আচ্ছা আচ্ছা, চুপ কর, চুপ কর । আমি দাদাকে খুব করে মারব এখন ।
 হরেন । দাদা ফুলের তোড়া কেড়ে নিয়ে গেল ।
 বিধু । আচ্ছা, সে আমি তার কাছ থেকে নিয়ে আসছি ।

হরেনের ক্রন্দন

এমন ছিচকাদুনে ছেলেও তো আমি কখনো দেখি নি । দিদি আদর দিয়ে ছেলোটের মাথা খাচ্ছেন ।
 যখন যেটি চায় তখনই সেটি তাঁকে দিতে হবে । দেখোনা, একবারে দোকান ঝাটিয়ে কাপড়ই কেনা
 হচ্ছে । যেন নবাবপুত্র । ছি ছি, নিজের ছেলেকে কি এমন করেই মাটি করতে হয় । (সতর্জনে)
 খোকা, চুপ কর বলছি । ঐ হামদোবুড়ো আসছে ।

সুকুমারীর প্রবেশ

সুকুমারী । বিধু, ও কী ও ! আমার ছেলেকে কি এমন করেই ভূতের ভয় দেখাতে হয় । আমি
 চাকর-বাকরদের বারণ করে দিয়েছি, কেউ ওর কাছে ভূতের কথা বলতে সাহস করে না । আর তুমি
 বুঝি মাসি হয়ে ওর এই উপকার করতে বসেছ । কেন বিধু, আমার বাছা তোমার কী অপরাধ করেছে ।

ওকে তুমি দুটি চক্ষে দেখতে পার না, তা আমি বেশ বুঝেছি। আমি বরাবর তোমার ছেলেকে পেটের ছেলের মতো মানুষ করলেম, আর তুমি বুঝি আজ তারই শোধ নিতে এসেছ।

বিধু। (সরোদনে) দিদি, এমন কথা বোলো না। আমার কাছে আমার সতীশ আর তোমার হরেনে প্রভেদ কী আছে।

হরেন। মা, দাদা আমাকে মেরেছে।

বিধু। ছি ছি খোকা, মিথ্যা বলতে নেই। দাদা তোর এখানে ছিলই না তা মারবে কী করে।

হরেন। বাঃ, দাদা যে এইখানে বসে চিঠি লিখছিল— তাতে ছিল ভয়ে আকার ভা, ল, ভাল, বয়ে আকার সয়ে আকার, ভালোবাসা। মা, তুমি আমার জন্যে দাদাকে লজ্জুস আনতে বলেছিলে, দাদা সেই টাকায় ফুলের তোড়া কিনে এনেছে— তাতেই আমি একটু হাত দিয়েছিলেম বলেই অমনি আমাকে মেরেছে।

সুকুমারী। তোমরা মায়ে পোয়ে মিলে আমার ছেলের সঙ্গে লেগেছ বুঝি। ওকে তোমাদের সহ্য হচ্ছে না। ও গেলেই তোমরা ঝাঁচ। আমি তাই বলি, খোকা রোজ ডাক্তার-ক'বরাজের বোতল বোতল ওষুধ গিলছে, তবু দিন দিন এমন রোগা হচ্ছে কেন। ব্যাপারখানা আজ বোঝা গেল।

চতুর্দশ পরিচ্ছেদ

সতীশ। আমি তোমার কাছে বিদায় নিতে এসেছি, নেলি।

নলিনী। কেন, কোথায় যাবে।

সতীশ। জাহান্নমে।

নলিনী। সে জায়গায় যাবার জন্য কি বিদায় নেবার দরকার হয়। যে লোক সজ্ঞান জানে সে তো ঘরে বসেই সেখানে যেতে পারে। আজ তোমার মেজাজটা এমন কেন। কলারটা বুঝি ঠিক হাল ফেশানের হয় নি!

সতীশ। তুমি কি মনে কর আমি কেবল কলারের কথাই দিনরাত্রি চিন্তা করি।

নলিনী। তাই তো মনে হয়। সেইজন্যই তো হঠাৎ তোমাকে অত্যন্ত চিন্তাশীলের মতো দেখায়।

সতীশ। ঠাট্টা কোরো না নেলি, তুমি যদি আজ আমার হৃদয়টা দেখতে পেতে—

নলিনী। তা হলে ডুমুরের ফুল এবং সাপের পাঁচ পাও দেখতে পেতাম।

সতীশ। আবার ঠাট্টা! তুমি বড়ো নিষ্ঠুর। সতাই বলছি নেলি, আজ বিদায় নিতে এসেছি।

নলিনী। দোকানে যেতে হবে?

সতীশ। মিনতি করছি নেলি, ঠাট্টা করে আমাকে দণ্ড কোরো না। আজ আমি চিরদিনের মতো বিদায় নেব।

নলিনী। কেন, হঠাৎ সেজন্য তোমার এত বেশি আগ্রহ কেন।

সতীশ। সত্য কথা বলি, আমি যে কত দরিদ্র তা তুমি জান না।

নলিনী। সেজন্য তোমার ভয় কিসের। আমি তো তোমার কাছে টাকা ধার চাই নি।

সতীশ। তোমার সঙ্গে আমার বিবাহের সম্বন্ধ হয়েছিল—

নলিনী। তাই পালাবে? বিবাহ না হতেই হৃৎকম্প।

সতীশ। আমার অবস্থা জানতে পেরে মিস্টার ডাদুড়ি আমাদের সম্বন্ধ ভেঙে দিলেন।

নলিনী। অমনি সেই অপমানেই কি নিরুদ্দেশ হয়ে যেতে হবে। এতবড়ো অভিমানী লোকের কারও সঙ্গে কোনো সম্বন্ধ রাখা শোভা পায় না। সাথে আমি তোমার মুখে ভালোবাসার কথা শুনলেই ঠাট্টা করে উড়িয়ে দি।

সতীশ। নেলি, তবে কি এখনো আমাকে আশা রাখতে বল।

নলিনী । দোহাই সতীশ, অমন নভেলি ছাঁদে কথা বানিয়ে বোলো না, আমার হাসি পায় । আমি তোমাকে আশা রাখতে বলব কেন । আশা যে রাখে সে নিজের গরজেই রাখে, লোকের পরামর্শ শুনে রাখে না ।

সতীশ । সে তো ঠিক কথা । আমি জানতে চাই তুমি দারিদ্র্যকে ঘৃণা কর কি না ।

নলিনী । খুব করি, যদি সে দারিদ্র্য মিথ্যার দ্বারা নিজেকে ঢাকতে চেষ্টা করে ।

সতীশ । নেলি, তুমি কি কখনো তোমার চিরকালের অভাস্ত আরাম ছেড়ে গরিবের ঘরের লক্ষ্মী হতে পারবে ।

নলিনী । নভেলে যেরকম ব্যারামের কথা পড়া যায়, সেটা ভেমন করে চেপে ধরলে আরাম আপনি ঘরছাড়া হয় ।

সতীশ । সে ব্যারামের কোনো লক্ষণ কি তোমার—

নলিনী । সতীশ, তুমি কখনো কোনো পরীক্ষাতেই উত্তীর্ণ হতে পারলে না । স্বয়ং নন্দী-সাহেবও বোধ হয় অমন প্রশ্ন তুলতেন না । তোমাদের একচুলও প্রশ্ন দেওয়া চলে না ।

সতীশ । তোমাকে আমি আজও চিনতে পারলেম না, নেলি ।

নলিনী । চিনবে কেমন করে । আমি তো তোমার হাল ফেশানের টাই নই, কলার নই— দিনরাত যা নিয়ে ভাব তাই তুমি চেন ।

সতীশ । আমি হাত জোড় করে বলছি নেলি, তুমি আজ আমাকে এমন কথা বোলো না । আমি যে কী নিয়ে ভাবি তা তুমি নিশ্চয় জান—

নলিনী । তোমার সম্বন্ধে আমার অন্তর্দৃষ্টি যে এত প্রখর তা এতটা নিঃসংশয়ে স্থির কোরো না । ঐ বাবা আসছেন । আমাকে এখানে দেখলে তিনি অনর্থক বিরক্ত হবেন, আমি যাই ।

[প্রস্থান]

সতীশ । মিস্টার ভাদুড়ি, আমি বিদায় নিতে এসেছি ।

ভাদুড়ি । আচ্ছা, তবে আজ—

সতীশ । যাবার আগে একটা কথা আছে ।

ভাদুড়ি । কিন্তু সময় তো নেই, আমি এখন বেড়াতে বের হব ।

সতীশ । কিছুক্ষণের জন্য কি সঙ্গে যেতে পারি ।

ভাদুড়ি । তুমি যে পার তাতে সন্দেহ নেই, কিন্তু আমি পারব না । সম্প্রতি আমি সঙ্গীর অভাবে তত অধিক ব্যাকুল হয়ে পড়ি নি ।

পঞ্চদশ পরিচ্ছেদ

শশধর । আঃ, কী বল । তুমি কি পাগল হয়েছ নাকি ।

সুকুমারী । আমি পাগল না তুমি চোখে দেখতে পাও না !

শশধর । কোনোটাই আশ্চর্য নয়, দুটোই সম্ভব । কিন্তু—

সুকুমারী । আমাদের হরেনের জন্ম হতেই দেখ নি, ওদের মুখ কেমন হয়ে গেছে । সতীশের ভাবখানা দেখে বুঝতে পার না !

শশধর । আমার অত ভাব বুঝবার ক্ষমতা নেই, সে তো তুমি জানই । মন জিনিসটাকে অদৃশ্য পদার্থ বলেই শিশুকাল হতে আমার কেমন একটা সংস্কার বদ্ধমূল হয়ে গেছে । ঘটনা দেখলে তবু কতকটা বুঝতে পারি ।

সুকুমারী । সতীশ যখনই আড়ালে পায় তোমার ছেলেকে মারে, আবার বিধুও তার পিছনে পিছনে এসে খোকাকে জুজুর ভয় দেখায় ।

শশধর । ঐ দেখো, তোমরা ছোটো কথাকে বড়ো করে তোল । যদিই বা সতীশ খোকাকে কখনো—

সুকুমারী । সে তুমি সহ্য করতে পার, আমি পারব না— ছেলেকে তো তোমার গর্ভে ধরতে হয় নি ।

শশধর । সে কথা আমি অস্বীকার করতে পারব না । এখন তোমার অভিপ্রায় কী শুনি ।

সুকুমারী । শিক্ষা সম্বন্ধে তুমি তো বড়ো বড়ো কথা বল, একবার তুমি ভেবে দেখো-না, আমরা হরেনাকে যেভাবে শিক্ষা দিতে চাই তার মাসি তাকে অনারূপ শেখায়— সতীশের দৃষ্টান্তটিই বা তার পক্ষে কিরূপ সেটাও তো ভেবে দেখতে হয় ।

শশধর । তুমি যখন অত বেশি করে ভাবছ তখন তার উপরে আমার আর ভাববার দরকার কি আছে । এখন কর্তব্য কী বলো ।

সুকুমারী । আমি বলি সতীশকে তুমি বলো, তার মার কাছে থেকে সে এখন কাজকর্মের চেষ্টা দেখুক । পুরুষমানুষ পরের পয়সায় বাবুগিরি করে, সে কি ভালো দেখতে হয় ।

শশধর । ওর মা যে টাকা পায় তাতে সতীশের চলবে কী করে ।

সুকুমারী । কেন, ওদের বাড়ি ভাড়া লাগে না, মাসে পঁচাত্তর টাকা কম কী ।

শশধর । সতীশের যেরূপ চাল দাঁড়িয়েছে, পঁচাত্তর টাকা তো সে চুরুর ডগাতেই ফুঁকে দেবে । মার গহনাগাটি ছিল, সে তো অনেকদিন হল গেছে ; এখন হবিব্যাগ বাধা দিয়ে তো দেনা শোধ হবে না ।

সুকুমারী । যার সামর্থ্য কম তার অত লম্বা চালেই বা দরকার কী ।

শশধর । মশাখ তো সেই কথাই বলত । আমরাই তো সতীশকে অনারূপ বুঝিয়েছিলাম । এখন ওকে দোষ দিই কী করে ।

সুকুমারী । না, দোষ কি ওর হতে পারে । সব দোষ আমারই ! তুমি তো আর কারও কোনো দোষ দেখতে পাও না— কেবল আমার বেলাতেই তোমার দর্শনশক্তি বেড়ে যায় ।

শশধর । ওগো, রাগ কর কেন— আমিও তো দোষী ।

সুকুমারী । তা হতে পারে । তোমার কথা তুমি জান । কিন্তু, আমি কখনো ওকে এমন কথা বলি নি যে, তুমি তোমার মেসোর ঘরে পায়ের উপর পা দিয়ে গোঁফে তা দাও, আর লম্বা কেদারায় বসে বসে আমার বাছার উপর বিষদৃষ্টি দিতে থাকো ।

শশধর । না, ঠিক ঐ কথাগুলো তুমি তাকে মাথার দিবা দিয়ে শপথ করিয়ে নাও নি— অতএব তোমাকে দোষ দিতে পারি নে । এখন কী করতে হবে বলো ।

সুকুমারী । সে তুমি যা ভালো বোধ কর তাই করো । কিন্তু আমি বলছি, সতীশ যতক্ষণ এ বাড়িতে থাকবে, আমি খোকাকে কোনোমতে বাইরে যেতে দিতে পারব না । ডাক্তার খোকাকে হাওয়া খাওয়াতে বিশেষ করে বলে দিয়েছে— কিন্তু হাওয়া খেতে গিয়ে ও কখন একলা সতীশের নজরে পড়বে, সে কথা মনে করলে আমার মন স্থির থাকে না । ও তো আমারই আপন বোনের ছেলে, কিন্তু আমি ওকে এক মুহূর্তের জন্যও বিশ্বাস করি নে— এ আমি তোমাকে স্পষ্টই বললেম ।

সতীশের প্রবেশ

সতীশ । কাকে বিশ্বাস কর না মাসিমা । আমাকে ? আমি তোমার খোকাকে সুযোগ পেলে গলা টিপে মারব, এই তোমার ভয় ? যদি মারি তবে, তুমি তোমার বোনের ছেলের যে অনিষ্ট করেছ, তার চেয়ে ওর কি বেশি অনিষ্ট করা হবে । কে আমাকে ছেলেবেলা হতে নবাবের মতো শৌখিন করে তুলেছে এবং আজ ভিক্টোরের মতো পথে বের করলে । কে আমাকে পিতার শাসন হতে কেড়ে এনে বিশ্বের লাঞ্চার মধ্যে টেনে আনলে । কে আমাকে—

সুকুমারী । ওগো, শুনছ ? তোমার সামনে আমাকে এমনি করে অপমান করে ? নিজের মুখে

বলে কিনা খোকাকে গলা টিপে মারবে ? ওমা, কী হবে গো । আমি কালসাপকে নিজের হাতে দুধকলা দিয়ে পুষেছি ।

সতীশ । দুধকলা আমারও ঘরে ছিল— সে দুধকলায় আমার রক্ত বিষ হয়ে উঠত না— তা হতে চিরকালের মতো বঞ্চিত করে তুমি যে দুধকলা আমাকে খাইয়েছ, তাতে আমার বিষ জমে উঠেছে । সত্য কথাই বলছ, এখন আমাকে ভয় করাই চাই— এখন আমি দংশন করতে পারি ।

বিধুমুখীর প্রবেশ

বিধু । কী সতীশ, কী হয়েছে, তোকে দেখে যে ভয় হয় । অমন করে তাকিয়ে আছিস কেন । আমাকে চিনতে পারছিস নে ? আমি যে তোর মা, সতীশ ।

সতীশ । মা, তোমাকে মা বলব কোন মুখে । মা হয়ে কেন তুমি আমার পিতার শাসন হতে আমাকে বঞ্চিত করলে । কেন তুমি আমাকে জেল হতে ফিরিয়ে আনলে । সে কি মাসির ঘর হতে ভয়ানক । তোমরা ঈশ্বরকে মা বলে ডাক, তিনি যদি তোমাদের মতো মা হন তবে তাঁর আদর চাই নে, তিনি যেন আমাকে নরকে দেন !

শশধর । আঃ সতীশ ! চলো চলো— কী বকছ, থামো । এসো, বাইরে আমার ঘরে এসো ।

ষোড়শ পরিচ্ছেদ

শশধর । সতীশ, একটু ঠাণ্ডা হও । তোমার প্রতি অত্যন্ত অন্যায় হয়েছে, সে কি আমি জানি নে । তোমার মাসি রাগের মুখে কী বলেছেন, সে কি অমন করে মনে নিতে আছে । দেখো, গোড়ায় যা ভুল হয়েছে তা এখন যতটা সম্ভব প্রতিকার করা যাবে, তুমি নিশ্চিত থাকো ।

সতীশ । মেসোমশায়, প্রতিকারের আর কোনো সম্ভাবনা নেই । মাসিমার সঙ্গে আমার এখন যেকোনো সম্পর্ক দাঁড়িয়েছে তাতে তোমার ঘরের অন্ন আমার গলা দিয়ে আর গলবে না । এতদিন তোমাদের যা খরচ করিয়েছি তা যদি শেষ কড়িটি পর্যন্ত শোধ করে না দিতে পারি, তবে আমার মরেও শাস্তি নেই । প্রতিকার যদি কিছু থাকে তো সে আমার হাতে, তুমি কী প্রতিকার করবে ।

শশধর । না, শোনো সতীশ, একটু স্থির হও । তোমার যা কর্তব্য সে তুমি পরে ভেবো— তোমার সম্বন্ধে আমরা যে অন্যায় করেছি তার প্রায়শ্চিত্ত তো আমাকেই করতে হবে । দেখো, আমার বিষয়ের এক অংশ আমি তোমাকে লিখে দেব— সেটাকে তুমি দান মনে কোরো না, সে তোমার প্রাপ্য । আমি সমস্ত ঠিক করে রেখেছি— পরশু শুক্রবারে রেজেষ্ট্রি করে দেব ।

সতীশ । (শশধরের পায়ের ধূলা লইয়া) মেসোমশায়, কী আর বলব— তোমার এই স্নেহে—

শশধর । আচ্ছা, থাক থাক । ও-সব স্নেহ-ফেহ আমি কিছু বুঝি নে, রসকষ আমার কিছুই নেই— যা কর্তব্য তা কোনোবাকমে পালন করতেই হবে এই বুঝি । সাড়ে আটটা বাজল, তুমি আজ কোরিষ্টিয়ানে যাবে বলেছিলে, যাও । সতীশ, একটা কথা তোমাকে বলে রাখি । দানপত্রখানা আমি মিস্টার ভাদুড়িকে দিয়েই লিখিয়ে নিয়েছি । ভাবে বোধ হল, তিনি এই ব্যাপারে অত্যন্ত সন্তুষ্ট হলেন— তোমার প্রতি যে তাঁর টান নেই এমন তো দেখা গেল না । এমন-কি, আমি চলে আসবার সময় তিনি আমাকে বললেন, সতীশ আজকাল আমাদের সঙ্গে দেখা করতে আসে না কেন ।

[সতীশের প্রস্থান

ওরে রামচরণ, তোর মা-ঈকুরানীকে একবার ডেকে দে তো ।

সুকুমারীর প্রবেশ

সুকুমারী । কী স্থির করলে ।

শশধর । একটা চমৎকার প্ল্যান ঠাউরেছি ।

সুকুমারী । তোমার প্ল্যান যত চমৎকার হবে সে আমি জানি । যা হোক, সতীশকে এ বাড়ি হতে বিদায় করেছ তো ?

শশধর । তাই যদি না করব তবে আর প্ল্যান কিসের । আমি ঠিক করেছি সতীশকে আমাদের তরফ-মানিকপুর লিখে পড়ে দেব— তা হলেই সে স্বচ্ছন্দে নিজের খরচ নিজে চালিয়ে আলাদা হয়ে থাকতে পারবে । তোমাকে আর বিরক্ত করবে না ।

সুকুমারী । আহা, কী সুন্দর প্ল্যানই ঠাউরেছ । সৌন্দর্যে আমি একেবারে মুগ্ধ । না না, তুমি অমন পাগলামি করতে পারবে না, আমি বলে দিলাম ।

শশধর । দেখো, এক সময়ে তো ওকেই সমস্ত সম্পত্তি দেবার কথা ছিল ।

সুকুমারী । তখন তো আমার হরেন জন্মায় নি । তা ছাড়া তুমি কি ভাব, তোমার আর ছেলেপুলে হবে না ।

শশধর । সুকু, ভেবে দেখো, আমাদের অন্যায় হচ্ছে । মনেই কর-না কেন, তোমার দুই ছেলে ।

সুকুমারী । সে আমি অতশত বুঝি নে— তুমি যদি এমন কাজ কর তবে আমি গলায় দড়ি দিয়ে মরব— এই আমি বলে গেলুম ।

সুকুমারীর প্রস্থান । সতীশের প্রবেশ

শশধর । কী সতীশ, খিয়েটারে গেলে না ।

সতীশ । না মেসোমশায়, আজ আর খিয়েটার না । এই দেখো, দীর্ঘকাল পরে মিস্টার ভাদুড়ির কাছ হতে আমি নিমন্ত্রণ পেয়েছি । তোমার দানপত্রের ফল দেখো । সংসারের উপর আমার ধিক্কার জন্মে গেছে, মেসোমশায় । আমি তোমার সে তালুক নেব না ।

শশধর । কেন, সতীশ ।

সতীশ । আমি ছদ্মবেশে পৃথিবীর কোনো সুখভোগ করব না । আমার যদি নিজের কোনো মূল্য থাকে তবে সেই মূল্য দিয়ে যতটুকু পাওয়া যায় ততটুকুই ভোগ করব, তার চেয়ে এক কানাকড়িও আমি বেশি চাই না, তা ছাড়া তুমি যে আমাকে তোমার সম্পত্তির অংশ দিতে চাও, মাসিমার সম্মতি নিয়েছ তো ?

শশধর । না, সে তিনি— অর্থাৎ সে একরকম করে হবে । হঠাৎ তিনি রাজি না হতে পারেন, কিন্তু—

সতীশ । তুমি ঠাকে বলেছ ?

শশধর । হ্যাঁ, বলেছি বৈকি ! বিলক্ষণ । ঠাকে না বলেই কি আর—

সতীশ । তিনি রাজি হয়েছেন ?

শশধর । তাকে ঠিক রাজি বলা যায় না বটে, কিন্তু ভালো করে বুঝিয়ে—

সতীশ । বৃথা চেষ্টা মেসোমশায় । তাঁর নারাজিতে তোমার সম্পত্তি নিতে চাই নে ! তুমি ঠাকে বোলো, আজ পর্যন্ত তিনি আমাকে যে অন্ন খাইয়েছেন তা উদগার না করে আমি ঝাচব না । তাঁর সমস্ত ঋণ সুদসুদ শোধ করে তবে আমি হাঁপ ছাড়ব ।

শশধর । সে কিছুই দরকার নেই সতীশ— তোমাকে বরঞ্চ কিছু নগদ টাকা গোপনে—

সতীশ । না মেসোমশায়, আর ঋণ বাড়াব না । তোমার কাছে এখন কেবল আমার একটি অনুরোধ আছে । তোমার যে সাহেব-বন্ধুর আপিসে আমাকে কাজ দিতে চেয়েছিলে, সেখানে আমার কাজ জুটিয়ে দিতে হবে ।

শশধর । পারবে তো ?

সতীশ । এর পরেও যদি না পারি তবে পুনর্বীর মাসিমার অন্ন খাওয়াই আমার উপযুক্ত শাস্তি হবে ।

সপ্তদশ পরিচ্ছেদ

সুকুমারী । দেখো দেখি, এখন সতীশ কেমন পরিশ্রম করে কাজকর্ম করছে । দেখো, অতবড়ো সাহেব-বাবু আজকাল পুরানো কালো আলপাকার চাপকানের উপরে কোঁচানো চাদর ঝুলিয়ে কেমন নিয়মিত আপিসে যায় !

শশধর । বড়োসাহেব সতীশের খুব প্রশংসা করেন ।

সুকুমারী । দেখো দেখি, তুমি যদি তোমার জমিদারিটা তাকে দিয়ে বসতে তবে এতদিনে সে টাই-কলার-জুতা-ছড়ি কিনেই সেটা নিলামে চড়িয়ে দিত । ভাগ্যে আমার পরামর্শ নিয়েছ, তাই তো সতীশ মানুষের মতো হয়েছে ।

শশধর । বিধাতা আমাদের বুদ্ধি দেন নি কিন্তু স্ত্রী দিয়েছেন, আর তোমাদের বুদ্ধি দিয়েছেন তেমনি সঙ্গে সঙ্গে নির্বোধ স্বামীগুলোকেও তোমাদের হাতে সমর্পণ করেছেন— আমাদেরই জিত ।

সুকুমারী । আচ্ছা আচ্ছা, ঢের হয়েছে, ঠাট্টা করতে হবে না ! কিন্তু সতীশের পিছনে এতদিন যে টাকাটা ঢেলেছ সে যদি আজ থাকত— তবে—

শশধর । সতীশ তো বলেছে, কোনো-একদিন সে সমস্তই শোধ করে দেবে ।

সুকুমারী । সে যত শোধ করবে আমার গায়ে বইল ! সে তো বরাবরই ঐরকম লম্বাচৌড়া কথা বলে থাকে । তুমি বৃষ্টি সেই ভরসায় পথ চেয়ে বসে আছ !

শশধর । এতদিন তো ভরসা ছিল, তুমি যদি পরামর্শ দাও তো সেটা বিসর্জন দিই ।

সুকুমারী । দিলে তোমার বেশি লোকসান হবে না, এই পর্যন্ত বলতে পারি । ঐ-যে তোমার সতীশবাবু আসছেন । চাকরি হয়ে অবধি একদিনও তো আমাদের চৌকাঠ মড়ান নি, এমনি তাঁর কৃতজ্ঞতা ! আমি যাই ।

সতীশের প্রবেশ

সতীশ । মাসিমা, পালাতে হবে না । এই দেখো, আমার হাতে অন্ত্রশস্ত্র কিছুই নেই— কেবল খানকয়েক নোট আছে ।

শশধর । ইস ! এ যে একতড়া নোট ! যদি আপিসের টাকা হয় তো এমন করে সঙ্গে নিয়ে বেড়ানো ভালো হচ্ছে না, সতীশ ।

সতীশ । আর সঙ্গে নিয়ে বেড়াব না । মাসিমার পায়ে বিসর্জন দিলাম । প্রণাম হই, মাসিমা । বিস্তর অনুগ্রহ করেছিলে— তখন তার হিসাব রাখতে হবে মনেও করি নি, সুতরাং পরিশোধের অঙ্কে কিছু ভুলচুক হতে পারে । এই পনেরো হাজার টাকা গুনে নাও । তোমার খোকার পোলাও-পরমানে একটি তণ্ডুলকণাও কম না পড়ুক ।

শশধর । এ কী কাণ্ড সতীশ ! এত টাকা কোথায় পেলে ।

সতীশ । আমি গুনচট আঙু ছয় মাস আগাম খরিদ করে রেখেছি— ইতিমধ্যে দর চড়েছে ; তাই মুনফা পেয়েছি ।

শশধর । সতীশ, এ যে জুয়াখেলা ।

সতীশ । খেলা এইখানেই শেষ— আর দরকার হবে না ।

শশধর । তোমার এ টাকা তুমি নিয়ে যাও, আমি চাই না ।

সতীশ । তোমাকে তো দিই নি মেসোমশায় । এ মাসিমার ঋণশোধ । তোমার ঋণ কোনোকালে শোধ করতে পারব না ।

শশধর । কী সুক, এ টাকাগুলো—

সুকুমারী । গুনে খাতাঙ্কির হাতে দাও-না— ঐখানেই কি ছড়ানো পড়ে থাকবে ।

শশধর । সতীশ, খেয়ে এসেছ তো ?

সতীশ । বাড়ি গিয়ে খাব ।

শশধর । অ্যা, সে কী কথা । বেলা যে বিস্তর হয়েছে । আজ এইখানেই খেয়ে যাও ।

সতীশ । আর খাওয়া নয় মেসোমশায় । এক দফা শোধ করলেম, অন্নঞ্চণ আবার নূতন করে ফাদতে পারব না ।

[গ্রহন]

সুকুমারী । বাপের হাত হতে রক্ষা করে এতদিন ওকে খাইয়ে-পরিয়ে মানুষ করলেম, আজ হাতে দু-পয়সা আসতেই ভাবখানা দেখেছ ! কৃতজ্ঞতা এমনিই বটে ! ঘোর কলি কিনা ।

অষ্টাদশ পরিচ্ছেদ

সতীশ । বড়োসাহেব হিসাবের খাতাপত্র কাল দেখবেন । মনে করেছিলেম, ইতিমধ্যে 'গানি'র টাকাটা নিশ্চয় পাওয়া যাবে, তহবিল পূরণ করে রাখব— কিন্তু বাজার নেমে গেল । এখন জেল ছাড়া গতি নেই । ছেলোবেলা হতে সেখানে যাবারই আয়োজন করা গেছে ।

কিন্তু, অদৃষ্টকে ফাঁকি দেব । এই পিস্তলে দুটি গুলি পুরেছি— এই যথেষ্ট । নেলি— না না, ও নাম নয়, ও নাম নয়— আমি তা হলে মরতে পারব না । যদি-বা সে আমাকে ভালোবেসে থাকে, সে ভালোবাসা আমি ধূলিসাৎ করে দিয়ে এসেছি । চিঠিতে আমি তার কাছে সমস্তই কবুল করে লিখেছি । এখন পৃথিবীতে আমার কপালে যাব ভালোবাসা বাকি রইল সে আমার এই পিস্তল । আমার অস্তিমের প্রয়সী, ললাটে তোমার চুম্বন নিয়ে চক্ষু মৃদব ।

মেসোমশায়ের এ বাগানটি আমারই তৈরি । যেখানে যত দুর্লভ গাছ পাওয়া যায় সব সংগ্রহ করে এনেছিলেম । ভেবেছিলেম, এ বাগান একদিন আমারই হবে । ভাগা কার জনা আমাকে দিয়ে এই গাছগুলো রোপণ করে নিচ্ছিল তা আমাকে তখন বলে নি— তা হোক, এই ঝিলের ধারে এই বিলাতি স্টিফানোটিস লতার কুঞ্জে আমার এ জন্মের হাওয়া খাওয়া শেষ করব— মৃত্যুর দ্বারা আমি এ বাগান দখল করে নেব— এখানে হাওয়া খেতে আসতে আর কেউ সাহস করবে না ।

মেসোমশায়কে প্রণাম করে পায়ের ধুলো নিতে চাই । পৃথিবী হতে ঐ ধুলোটুকু নিয়ে যেতে পারলে আমার মৃত্যু সার্থক হত । কিন্তু, এখন সন্ধ্যার সময় তিনি মাসিমার কাছে আছেন— আমার এ অবস্থায় মাসিমার সঙ্গে দেখা করতে আমি সাহস করি নে । বিশেষত পিস্তল ভরা আছে ।

মরবার সময় সকলকে ক্ষমা করে শাস্তিতে মরার উপদেশ শাস্ত্রে আছে । কিন্তু, আমি ক্ষমা করতে পারলেম না । আমার এ মরবার সময় নয় । আমার অনেক সুখের কল্পনা, ভোগের আশা ছিল— অল্প কয়েক বৎসরের জীবনে তা একে একে সমস্তই টুকরা টুকরা হয়ে ভেঙেছে । আমার চেয়ে অনেক অযোগ্য, অনেক নিরোধ লোকের ভাগো অনেক অযাচিত সুখ জুটেছে, আমার জুটেও জুটল না— সেজন্য যারা দায়ী তাদের কিছুতেই ক্ষমা করতে পারব না— কিছুতেই না । আমার মৃত্যুকালের অভিশাপ যেন চিরজীবন তাদের পিছনে পিছনে ফেরে— তাদের সকল সুখকে কানা করে দেয় । তাদের ভৃষ্ণার জলকে বাষ্প করে দেবার জনা আমার দক্ষ জীবনের সমস্ত দাহকে যেন আমি রেখে যেতে পারি ।

হায় ! প্রলাপ ! সমস্তই প্রলাপ ! অভিশাপের কোনো বলই নেই । আমার মৃত্যু কেবল আমাকেই শেষ করে দেবে— আর কারও গায়ে হাত দিতে পারবে না । আঃ— তারা আমার জীবনটাকে একেবারে ছারখার করে দিলে, আর আমি মরেও তাদের কিছুই করতে পারলেম না । তাদের কোনো ক্ষতি হবে না— তারা সুখে থাকবে, তাদের দাঁতমাজা হতে আরম্ভ করে মশারি-ঝাড়া পর্যন্ত কোনো তুচ্ছ কাজটিও বন্ধ থাকবে না— অথচ আমার সূর্য-চন্দ্র-নক্ষত্রের সমস্ত আলোক এক ফুৎকারে নিবল— আমার নেলি— উঃ, ও নাম নয় ।

ও কে ও ! হরেন ! সন্ধ্যার সময় বাগানে বার হয়েছে যে ! বাপ-মাকে লুকিয়ে চুরি করে কাঁচা

পেয়ারা পাড়তে এসেছে। ওর আকাঙ্ক্ষা ঐ কাঁচা পেয়ারার চেয়ে আর অধিক উর্ধ্ব চড়ে নি— ঐ গাছের নিচু ডালেই ওর অধিকাংশ সুখ ফলে আছে। পৃথিবীতে ওর জীবনের কী মূল্য। গাছের একটা কাঁচা পেয়ারা যেমন, এ সংসারে ওর কাঁচা জীবনটাই বা তার চেয়ে কী এমন বড়ো। এখনই যদি ছিন্ন করা যায় তবে জীবনের কত নৈরাশ্য হতে ওকে বাঁচানো যায় তা কে বলতে পারে। আর মাসিমা— ইঃ ! একেবারে লুটাপুটি করতে থাকবে। আঃ !

ঠিক সময়টি, ঠিক স্থানটি, ঠিক লোকটি। হাতকে আর সামলাতে পাচ্ছি নে। হাতটাকে নিয়ে কী করি। হাতটাকে নিয়ে কী করা যায়।

ছড়ি লইয়া সতীশ সবেগে চাড়াগাছগুলিকে ক্রমাগত আঘাত করিতে লাগিল। তাহাতে তাহার উদ্বেজনা ক্রমশ আরো বাড়িয়া উঠিতে লাগিল। অবশেষে নিজের হাতকে সে সবেগে আঘাত করিল; কিন্তু কোনো বেদনা বোধ করিল না। শেষে পকেটের ভিতর হইতে পিস্তল সংগ্রহ করিয়া লইয়া সে হরেনের দিকে সবেগে অগ্রসর হইতে লাগিল।

হরেন। (চমকিয়া উঠিয়া) এ কী ! দাদা নাকি। তোমার দুটি পায়ে পড়ি দাদা, তোমার দুটি পায়ে পড়ি— বাবাকে বলে দিয়া না।

সতীশ। (চীৎকার করিয়া) মেসোমশায়— মেসোমশায়— এইবেলা রক্ষা করো— আর দেরি কোরো না— তোমার ছেলেকে এখনো রক্ষা করো।

শশধর। (ছুটিয়া আসিয়া) কী হয়েছে সতীশ। কী হয়েছে।

সুকুমারী। (ছুটিয়া আসিয়া) কী হয়েছে, আমার বাছার কী হয়েছে।

হরেন। কিছুই হয় নি মা— কিছুই না— দাদা তোমাদের সঙ্গে ঠাট্টা করছেন।

সুকুমারী। এ কিরকম বিস্ত্রী ঠাট্টা। ছি ছি, সকলই অনাসৃষ্টি ! দেখো দেখি। আমার বুক এখনো ধড়াস-ধড়াস করছে। সতীশ মদ ধরেছে বুঝি !

সতীশ। পালাও— তোমাদের ছেলেকে নিয়ে এখনই পালাও। নইলে তোমাদের রক্ষা নেই।

হরেনকে লইয়া ব্রহ্মপদে সুকুমারীর পলায়ন

শশধর। সতীশ, অমন উতলা হোয়ো না। ব্যাপারটা কী বলো। হরেনকে কার হাত হতে রক্ষা করবার জন্য ডেকেছিলে।

সতীশ। আমার হাত হতে। (পিস্তল দেখাইয়া) এই দেখো মেসোমশায়।

ব্রহ্মপদে বিধুমুখীর প্রবেশ

বিধু। সতীশ, তুই কোথায় কী সর্বনাশ করে এসেছিস বল দেখি। আপিসের সাহেব পুলিশ সঙ্গে নিয়ে আমাদের বাড়িতে খানাতল্লাসি করতে এসেছে। যদি পালাতে হয় তো এইবেলা পালা। হায় ভগবান ! আমি তো কোনো পাপ করি নি, আমারই অদৃষ্টে এত দুঃখ ঘটে কেন।

সতীশ। ভয় নেই— পালাবার উপায় আমার হাতেই আছে !

শশধর। তবে কি তুমি—

সতীশ। তাই বটে মেসোমশায়— যা সন্দেহ করছ তাই। আমি চুরি করে মাসির ঋণ শোধ করেছি। আমি চোর। মা, শুনে ঝুঁশি হবে, আমি চোর, আমি খুনী। এখন আর কাঁদতে হবে না— যাও যাও, আমার সম্বন্ধ হতে যাও। আমার অসহ্য বোধ হচ্ছে।

শশধর। সতীশ, তুমি আমার কাছেও তো কিছু ঋণী আছ, তাই শোধ করে যাও।

সতীশ। বলো, কেমন করে শোধ করব। কী আমি দিতে পারি। কী চাও তুমি।

শশধর। ঐ পিস্তলটা দাও।

সতীশ । এই দিলাম । আমি জেলেই যাব । না গেলে আমার পাপের ঋণশোধ হবে না ।
শশধর । পাপের ঋণ শান্তির দ্বারা শোধ হয় না সতীশ, কর্মের দ্বারাই শোধ হয় । তুমি নিশ্চয়
জেনো আমি অনুরোধ করলে তোমার বড়োসাহেব তোমাকে জেলে দেবেন না । এখন হতে জীবনকে
সার্থক করে বেঁচে থাকো ।

সতীশ । মেসোমশায়, এখন আমার পক্ষে বাঁচা যে কত কঠিন তা তুমি জান না— মরব নিশ্চয়
জেনে পায়ের তলা হতে আমার শেষ সুখের অবলম্বনটা আমি পদাঘাতে ফেলে দিয়ে এসেছি— এখন
কী নিয়ে বাঁচব ।

শশধর । তবু বাঁচতে হবে, আমার ঋণের এই শোধ— আমাকে ফাঁকি দিয়ে পালাতে পারবে না ।

সতীশ । তবে তাই হবে ।

শশধর । আমার একটা অনুরোধ শোনো । তোমার মাকে আর মাসিকে অন্তরের সহিত ক্ষমা
করো ।

সতীশ । তুমি যদি আমাকে ক্ষমা করতে পার, তবে এ সংসারে কে এমন থাকতে পারে যাকে আমি
ক্ষমা করতে না পারি ।

প্রণাম করিয়া

মা, আশীর্বাদ করো, আমি সব যেন সহ্য করতে পারি— আমার সকল দোষগুণ নিয়ে তোমরা
আমাকে যেমন গ্রহণ করেছ, সংসারকে আমি যেন তেমনি করে গ্রহণ করি ।

বিধু । বাবা, কী আর বলব । মা হয়ে আমি তোকে কেবল স্নেহই করেছি, তোর কোনো ভালো
করতে পারি নি— ভগবান তোর ভালো করুন । দিদির কাছে আমি একবার তোর হয়ে ক্ষমা ভিক্ষা
করে নিই গে ।

[প্রস্থান

শশধর । তবে এসো সতীশ, আমার ঘরে আজ আহার কবে যেতে হবে ।

দ্রুতপদে নলিনীর প্রবেশ

নলিনী । সতীশ !

সতীশ । কী নলিনী ।

নলিনী । এর মানে কী । এ চিঠি তুমি আমাকে কেন লিখেছ ।

সতীশ । মানে যেমন বুঝেছিলে সেইটেই ঠিক । আমি তোমাকে প্রতারণা করে চিঠি লিখি নি ।
তবে আমার ভাগ্যক্রমে সকলই উলটা হয় । তুমি মনে করতে পার, তোমার দয়া উদ্বেক করবার জন্যই
আমি— কিন্তু মেসোমশায় সাক্ষী আছেন, আমি অভিনয় করেছিলেম না— তবু যদি বিশ্বাস না হয়,
প্রতিজ্ঞারক্ষা করবার এখনো সময় আছে ।

নলিনী । কী তুমি পাগলের মতো বকছ । আমি তোমার কী অপরাধ করেছি যে তুমি আমাকে এমন
নিষ্ঠুর ভাবে—

সতীশ । যেজন্য আমি সংকল্প করেছি সে তুমি জান, নলিনী— আমি তো একবর্ণও গোপন করি
নি, তবু কি আমার উপর তোমার শ্রদ্ধা আছে ।

নলিনী । শ্রদ্ধা ! সতীশ, তোমার উপর ঐজন্যই আমার রাগ ধরে । শ্রদ্ধা, হি হি, শ্রদ্ধা তো
পৃথিবীতে অনেকেই অনেককে করে । তুমি যে কাজ করেছ আমিও তাই করেছি— তোমাতে আমাতে
কোনো ভেদ রাখি নি । এই দেখো, আমার গহনাগুলি সব এনেছি— এগুলি এখনো আমার সম্পত্তি
নয়— এগুলি আমার বাপমায়ের । আমি তাঁদিগকে না বলে এনেছি, এর কত দাম হতে পারে আমি
কিছুই জানি নে ; কিন্তু এ দিয়ে কি তোমার উদ্ধার হবে না ।

শশধর । উদ্ধার হবে, এই গহনাগুলির সঙ্গে আরো অমূল্য যে ধনটি দিয়েছ তা দিয়েই সতীশের
উদ্ধার হবে ।

নলিনী । এই-যে শশধরবাবু, মাপ করবেন, তাড়াতাড়িতে আপনাকে আমি—

শশধর । মা, সেজন্য লজ্জা কী । দৃষ্টির দোষ কেবল আমাদের মতো বুড়োদেরই হয় না—
তোমাদের বয়সে আমাদের মতো প্রবীণ লোক হঠাৎ চোখে ঠেকে না । সতীশ, তোমার আপিসের
সাহেব এসেছেন দেখছি । আমি তাঁর সঙ্গে কথাবার্তা কয়ে আসি, ততক্ষণ তুমি আমার হয়ে
অতিথিসংস্কার করো । মা, এই পিস্তলটা এখন তোমার জিন্মাতেই থাকতে পারে ।

শেষ ১৩১০

মাস্টারমশায়

ভূমিকা

রাত্রি তখন প্রায় দুটা । কলিকাতার নিস্তর শব্দসমূহে একটুখানি ঢেউ তুলিয়া একটা বড়ো
জুড়িগাড়ি ভবানীপুরের দিক হইতে আসিয়া বিজিতলাওয়ার মোড়ের কাছে থামিল । সেখানে একটা
ঠিকাগাড়ি দেখিয়া আরোহী বাবু তাহাকে ডাকিয়া আনাইলেন । তাহার পাশে একটি কোট-হ্যাট-পরা
বাঙালি বিলাতফের্তা যুবা সম্মুখের আসনে দুই পা তুলিয়া দিয়া একটু মদমত্ত অবস্থায় ঘাড় নামাইয়া
ঘুমাইতেছিল । এই যুবকটি নূতন বিলাত-হইতে আসিয়াছে । ইহারই অভ্যর্থনা উপলক্ষে বন্ধুমহলে
একটা খানা হইয়া গেছে । সেই খানা হইতে ফিরিবার পথে একজন বন্ধু তাহাকে কিছুদূর অগ্রসর
করিবার জন্য নিজের গাড়িতে তুলিয়া লইয়াছেন । তিনি ইহাকে দু-তিনবার ঠেলা দিয়া জাগাইয়া
কহিলেন, “মজুমদার, গাড়ি পাওয়া গেছে, বাড়ি যাও ।”

মজুমদার সচকিত হইয়া একটা বিলাতি দিব্য গালিয়া ভাড়াটে গাড়িতে উঠিয়া পড়িল । তাহার
গাড়োয়ানকে ভালো করিয়া ঠিকানা বাতলাইয়া দিয়া ব্রাহ্ম গাড়ির আরোহী নিজের গম্যপথে চলিয়া
গেলেন ।

ঠিকাগাড়ি কিছুদূর সিধা গিয়া পার্ক স্ট্রীটের সম্মুখে ময়দানের রাস্তায় মোড় লইল । মজুমদার
আর-একবার ইংরেজি শপথ উচ্চারণ করিয়া আপন মনে কহিল, ‘এ কী ! এ তো আমার পথ নয় !’
তার পরে নিদ্রাজড় অবস্থায় ভাবিল, ‘হবেও বা, এইটিই হয়তো সোজা রাস্তা ।’

ময়দানে প্রবেশ করিতেই মজুমদারের গা কেমন করিয়া উঠিল । হঠাৎ তাহার মনে হইল— কোনো
লোক নাই তবু তাহার পাশের জায়গাটা যেন ভর্তি হইয়া উঠিতেছে ; যেন তাহার আসনের শূন্য
অংশের আকাশটা নিরেট হইয়া তাহাকে ঠাসিয়া ধরিতেছে । মজুমদার ভাবিল— এ কী ব্যাপার !
গাড়িটা আমার সঙ্গে এ কিরকম ব্যবহার শুরু করিল । “এই গাড়োয়ান, গাড়োয়ান ?” গাড়োয়ান
কোনো জবাব দিল না । পিছনের খড়খড়ি খুলিয়া ফেলিয়া সহিসটার হাত চাপিয়া ধরিল ; কহিল, “তুমি
ভিতর আকে বৈঠো ।” সহিস ভীতকণ্ঠে কহিল, “নেহি, সা’ব, ভিতর নেহি জায়েগা !” শুনিয়া
মজুমদারের গায়ে কাঁটা দিয়া উঠিল ; সে জোর করিয়া সহিসের হাত চাপিয়া কহিল, “জলদি ভিতর
আও ।”

সহিস সবলে হাত ছিনাইয়া লইয়া নামিয়া দৌড় দিল । তখন মজুমদার পাশের দিকে ভয়ে ভয়ে
তাকাইয়া দেখিতে লাগিল ; কিছুই দেখিতে পাইল না, তবু মনে হইল, পাশে একটা অটল পদার্থ
একেবারে চাপিয়া বসিয়া আছে । কোনোমতে গলায় আওয়াজ আনিয়া মজুমদার কহিল, “গাড়োয়ান,
গাড়ি রাখো ।” বোধ হইল, গাড়োয়ান যেন দাঁড়াইয়া উঠিয়া দুই হাতে রাশ টানিয়া ঘোড়া থামাইতে
চেষ্টা করিল— ঘোড়া কোনোমতেই থামিল না । না থামিয়া ঘোড়া দুটা রোড রোডের রাস্তা ধরিয়া
পুনর্বীর দক্ষিণের দিকে মোড় লইল । মজুমদার ব্যস্ত হইয়া কহিল, “আরে, কাঁহা যাতা ।” কোনো
উত্তর পাইল না । পাশের শূন্যতার দিকে রহিয়া রহিয়া কটাক্ষ করিতে করিতে মজুমদারের সর্বাত্মক দিয়া

ঘাম ছুটিতে লাগিল। কোনোমতে আড়ষ্ট হইয়া নিজের শরীরটাকে যতদূর সংকীর্ণ করিতে হয় তাহা সে করিল, কিন্তু সে যতটুকু জায়গা ছাড়িয়া দিল ততটুকু জায়গা ভরিয়া উঠিল। মজুমদার মনে মনে তর্ক করিতে লাগিল যে, কোন প্রাচীন যুরোপীয় জ্ঞানী বলিয়াছেন Nature abhors vacuum— তাই তো দেখিতেছি। কিন্তু এটা কী রে! এটা কি Nature? যদি আমাকে কিছু না বলে তবে আমি এখনই ইহাকে সমস্ত জায়গাটা ছাড়িয়া দিয়া লাফাইয়া পড়ি। লাফ দিতে সাহস হইল না— পাছে পিছনের দিক হইতে অভাবিতপূর্ব্ব একটা কিছু ঘটে। 'পাহারাওয়ালার' বলিয়া ডাক দিবার চেষ্টা করিল— কিন্তু বহুকষ্টে এমনই একটুখানি অদ্ভুত ক্ষীণ আওয়াজ বাহির হইল যে, অত্যন্ত ভয়ের মধ্যেও তাহার হাসি পাইল। অন্ধকারে ময়দানের গাছগুলো ভূতের নিস্তরু পার্লামেন্টের মতো পরস্পর মুখামুখি করিয়া দাঁড়াইয়া রহিল, এবং গ্যাসের খুঁটিগুলো সমস্তই যেন জানে অথচ কিছুই যেন বলিবে না এমনভাবে খাড়া হইয়া মিটমিটে আলোকশিখায় চোখ টিপিতে লাগিল। মজুমদার মনে করিল, চট করিয়া এক লম্ফে সামনের আসনে গিয়া বসিবে। যেমনি মনে করা অমনি অনুভব করিল, সামনের আসন হইতে কেবলমাত্র একটা চাহনি তাহার মুখের দিকে তাকাইয়া আছে। চক্ষু নাই, কিছুই নাই, অথচ একটা চাহনি। সে চাহনি যে কাহার তাহা যেন মনে পড়িতেছে অথচ কোনোমতেই যেন মনে আনিতে পারিতেছি না। মজুমদার দুই চক্ষু জোর করিয়া বুজিবার চেষ্টা করিল— কিন্তু ভয়ে বুজিতে পারিল না— সেই অনির্দেশ্য চাহনির দিকে দুই চোখ এমন শক্ত করিয়া মেলিয়া রহিল যে, নিমেষ ফেলিতে সময় পাইল না।

এ দিকে গাড়িটা কেবলই ময়দানের রাস্তার উত্তর হইতে দক্ষিণে ও দক্ষিণ হইতে উত্তরে চক্রপথে ঘুরিতে লাগিল। ঘোড়া দুটো ক্রমেই যেন উন্মত্ত হইয়া উঠিল— তাহাদের বেগ কেবলই বাড়িয়া চলিল— গাড়ির খড়খড়েগুলো থরথর করিয়া কাঁপিয়া ঝরঝর শব্দ করিতে লাগিল।

এমন সময় গাড়িটা যেন কিসের উপর খুব একটা ধাক্কা খাইয়া হঠাৎ থামিয়া গেল। মজুমদার চকিত হইয়া দেখিল, তাহাদেরই রাস্তায় গাড়ি দাঁড়াইয়াছে ও গাড়োয়ান তাহাকে নাড়া দিয়া জিজ্ঞাসা করিতেছে, "সাহেব, কোথায় যাইতে হইবে বলো।"

মজুমদার রাগিয়া জিজ্ঞাসা করিল, "এতক্ষণ ধরিয়া আমাকে ময়দানের মধ্যে ঘুরাইলি কেন।"

গাড়োয়ান আশ্চর্য হইয়া কহিল, "কই, ময়দানের মধ্যে তো ঘুরাই নাই।"

মজুমদার বিশ্বাস না করিয়া কহিল, "তবে এ কি শুধু স্বপ্ন।"

গাড়োয়ান একটু ভাবিয়া ভীত হইয়া কহিল, "বাবুসাহেব, বৃষ্টি শুধু স্বপ্ন নহে। আমার এই গাড়িতেই আজ তিন বছর হইল একটা ঘটনা ঘটিয়াছিল।"

মজুমদারের তখন নেশা ও ঘুমের ঘোর সম্পূর্ণ ছাড়িয়া যাওয়াতে গাড়োয়ানের গল্পে কর্ণপাত না করিয়া ভাড়া চুকাইয়া দিয়া চলিয়া গেল।

কিন্তু রাত্রে তাহার ভালো করিয়া ঘুম হইল না— কেবলই ভাবিতে লাগিল, সেই চাহনিটা কার।

অধর মজুমদারের বাপ সামান্য শিপ-সরকারি হইতে আরম্ভ করিয়া একটা বড়ো হৌসের মুচ্ছুদ্দিগরি পর্যন্ত উঠিয়াছিলেন। অধরবাবু বাপের উপার্জিত নগদ টাকা সুদে খাটাইতেছেন, তাহাকে আর নিজে খাটিতে হয় না। বাপ মাথায় সাদা ফেটা বাঁধিয়া পালকিতে করিয়া আপিসে যাইতেন, এ দিকে তাহার ক্রিয়াকর্ম দানধ্যান যথেষ্ট ছিল। বিপদে-আপদে অভাবে-অনটনে সকল শ্রেণীর লোকেই যে তাহাকে আসিয়া ধরিয়া পড়িত, ইহাই তিনি গর্বের বিষয় মনে করিতেন।

অধরবাবু বড়ো বাড়ি ও গাড়ি-জুড়ি করিয়াছেন, কিন্তু লোকের সঙ্গে আর তাহার সম্পর্ক নাই; কেবল টাকা-খারের দালাল আসিয়া তাহার বাঁধানো ঠিকায় তামাক টানিয়া যায় এবং অ্যাটর্নি আপিসের বাবুদের সঙ্গে স্ট্যাম্প-দেওয়া দলিলের শর্ত সম্বন্ধে আলোচনা হইয়া থাকে। তাহার সংসারে খরচপত্র

সম্বন্ধে হিসাবের এমনি কষাকষি যে পাড়ার ফুটবল ক্লাবের নাছোড়বান্সা ছেলেরাও বহু চেষ্টায় তাহার তহবিলে দস্তফুট করিতে পারে নাই।

এমন সময় তাহার ঘরকন্নার মধ্যে একটি অতিথির আগমন হইল। ছেলে হল না, হল না, করিতে করিতে অনেকদিন পরে তাহার একটি ছেলে জন্মিল। ছেলেটির চেহারা তাহার মার ধরনের। বড়ো বড়ো চোখ, টিকলো নাক, রঙ রঙনীগঙ্কার পাপড়ির মতো— যে দেখিল সেই বলিল, “আহা ছেলে তো নয়, যেন ঐকান্তিক।” অধরবাবুর অনুগত অনুচর রতিকান্ত বলিল, “বড়ো ঘরের ছেলের যেমনটি হওয়া উচিত তেমনই হইয়াছে।”

ছেলেটির নাম হইল বেণুগোপাল। ইতিপূর্বে অধরবাবুর স্ত্রী ননীবালা সংসারখরচ লইয়া স্বামীর বিকল্পে নিজের মত তেমন জোর করিয়া কোনোদিন খাটান নাই। দুটো একটা শখের ব্যাপার অথবা লৌকিকতার অত্যাশ্যক আয়োজন লইয়া মাঝে মাঝে বচসা হইয়াছে বটে, কিন্তু শেষকালে স্বামীর কৃপণতার প্রতি অবজ্ঞা করিয়া নিঃশব্দে হার মানিয়াছেন।

এবারে ননীবালাকে অধরলাল আঁটিয়া উঠিতে পারিলেন না, বেণুগোপাল সম্বন্ধে তাহার হিসাব এক-এক পা করিয়া হঠিতে লাগিল। তাহার পায়ের মল, হাতের বালা, গলার হার, মাথার টুপি, তাহার দিশি বিলাতি নানা রকমের নানা রঙের সাজসজ্জা সম্বন্ধে ননীবালা যাহা-কিছু দাবি উত্থাপিত করিলেন, সব কটাই তিনি কখনো নীরব অশ্রুপাতে, কখনো সরব বাক্যবর্ষণে জিতিয়া লইলেন। বেণুগোপালের জন্য যাহা দরকার এবং যাহা দরকার নয় তাহা চাইই চাই— সেখানে শূন্য তহবিলের ওজর বা ভবিষ্যতের ফাঁকা আশ্বাস একদিনও খাটিল না।

২

বেণুগোপাল বাড়িয়া উঠিতে লাগিল। বেণুর জন্য খরচ করাটা অধরলালের অভ্যাস হইয়া আসিল। তাহার জন্য বেশি মাহিনা দিয়া অনেক-পাস-করা এক বড়ো মাস্টার রাখিলেন। এই মাস্টার বেণুকে মিষ্টভাষায় ও শিষ্টাচারে বশ করিবার অনেক চেষ্টা করিলেন— কিন্তু তিনি নাকি বরাবর ছাত্রদিগকে কড়া শাসনে চলাইয়া আজ পর্যন্ত মাস্টারি মর্যাদা অক্ষুণ্ণ রাখিয়া আসিয়াছেন, সেইজন্য তাহার ভাষার মিষ্টতা ও আচারের শিষ্টতায় কেবলই বেসুর লাগিল— সেই শুষ্ক সাধনায় ছেলে ভুলিল না। ননীবালা অধরলালকে কহিলেন, “ও তোমার কেমন মাস্টার। ওকে দেখিলেই যে ছেলে অস্থির হইয়া উঠে। ওকে ছাড়াইয়া দাও।”

বুড়া মাস্টার বিদায় হইল। সেকালে মেয়ে যেমন স্বয়ম্বর হইত তেমনি ননীবালার ছেলে স্বয়ম্বামাস্টার হইতে বসিল— সে যাহাকে না বরিয়া লইবে তাহার সকল পাস ও সকল সার্টিফিকেট বৃথা।

এমনি সময়টিতে গায়ে একখানি ময়লা চাদর ও পায়ে ছেঁড়া ক্যান্সিসের জুতা পরিয়া মাস্টারির উমেদারিতে হরলাল আসিয়া জুটিল। তাহার বিধবা মা পরের বাড়িতে রঁধিয়া ও ধান ভানিয়া তাহাকে মফস্বলের এনট্রেন্স স্কুলে কোনোমতে এনট্রেন্স পাস করাইয়াছে। এখন হরলাল কলিকাতায় কলেজে পড়িবে বলিয়া প্রাণপণ প্রতিজ্ঞা করিয়া বাহির হইয়াছে। অনাহারে তাহার মুখের নিম্ন অংশ শুকাইয়া ভারতবর্ষের কন্যাকুমারীর মতো সরু হইয়া আসিয়াছে, কেবল মস্ত কপালটা হিমালয়ের মতো প্রশস্ত হইয়া অত্যন্ত চোখে পড়িতেছে। মরুভূমির বালু হইতে সূর্যের আলো যেমন ঠিকরিয়া পড়ে তেমনি তাহার দুই চক্ষু হইতে দৈন্যের একটা অস্বাভাবিক দীপ্তি বাহির হইতেছে।

দরোয়ান জিজ্ঞাসা করিল, “তুমি কী চাও। কাহাকে চাও।” হরলাল ভয়ে ভয়ে বলিল, “বাড়ির বাবুর সঙ্গে দেখা করিতে চাই।” দরোয়ান কহিল, “দেখা হইবে না।” তাহার উত্তরে হরলাল কী বলিবে ভাবিয়া না পাইয়া ইতস্তত করিতেছিল, এমন সময় সাত বছরের ছেলে বেণুগোপাল বাগানে খেলা সারিয়া দেউড়িতে আসিয়া উপস্থিত হইল। দরোয়ান হরলালকে ধিধা করিতে দেখিয়া আবার কহিল, “বাবু, চলা যাও।”

বেণুর হঠাৎ জিদ চড়িল— সে কহিল, “নেহি জায়গা !” বলিয়া সে হরলালের হাত ধরিয়া তাহাকে দোতলার বারান্দায় তাহার বাপের কাছে লইয়া হাজির করিল।

বাবু তখন দিবানিদ্ৰা সারিয়া জড়ালসভাবে বারান্দায় বেতের কেদারায় চূপচাপ বসিয়া পা দোলাইতেছিলেন ও বৃদ্ধ রতিকান্ত একটা কাঠের চৌকিতে আসন হইয়া বসিয়া ধীরে ধীরে তামাক টানিতেছিল। সেদিন এই সময়ে এই অবস্থায় দৈবক্রমে হরলালের মাস্টারি বাহাল হইয়া গেল।

রতিকান্ত জিজ্ঞাসা করিল, “আপনার পড়া কী পর্যন্ত।”

হরলাল একটুখানি মুখ নিচু করিয়া কহিল, “এন্ট্রেন্স পাস করিয়াছি।”

রতিকান্ত তু তুলিয়া কহিল, “শুধু এন্ট্রেন্স পাস ? আমি বলি কলেজে পড়িয়াছেন। আপনার বয়সও তো নেহাত কম দেখি না।”

হরলাল চূপ করিয়া রহিল। আশ্রিত ও আশ্রয়প্রত্যাশীদিগকে সকল রকমে পীড়ন করাই রতিকান্তের প্রধান আনন্দ ছিল।

রতিকান্ত আদর করিয়া বেণুকে কোলের কাছে টানিয়া লইবার চেষ্টা করিয়া কহিল, “কত এম. এ. বি. এ. আসিল ও গেল— কাহাকেও পছন্দ হইল না— আর শেষকালে কি সোনাবাবু এন্ট্রেন্স-পাস-করা মাস্টারের কাছে পড়িবেন।”

বেণু রতিকান্তের আদরের আকর্ষণ জোর করিয়া ছাড়াইয়া লইয়া কহিল, “যাও !” রতিকান্তকে বেণু কোনোমতেই সহ্য করিতে পারিত না, কিন্তু রতিও বেণুর এই অসহিষ্ণুতাকে তাহার বাল্যমাধুর্যের একটা লক্ষণ বলিয়া ইহাতে খুব আমোদ পাইবার চেষ্টা করিত, এবং তাহাকে সোনাবাবু চাঁদবাবু বলিয়া খেপাইয়া আশ্বিন করিয়া তুলিত।

হরলালের উমেদারি সফল হওয়া শক্ত হইয়া উঠিয়াছিল ; সে মনে মনে ভাবিতেছিল, এইবার কোনো সুযোগে চৌকি হইতে উঠিয়া বাহির হইতে পারিলে বাঁচা যায়। এমন সময়ে অধরলালের সহসা মনে হইল, এই ছোকরাটিকে নিতান্ত সামান্য মাহিনা দিলেও পাওয়া যাইবে। শেষকালে স্থির হইল, হরলাল বাড়িতে থাকিবে, খাইবে ও পাঁচ টাকা করিয়া বেতন পাইবে। বাড়িতে রাখিয়া যেটুকু অতিরিক্ত দক্ষিণ্য প্রকাশ করা হইবে, তাহার বদলে অতিরিক্ত কাজ আদায় করিয়া লইলেই এটুকু দয়া সার্থক হইতে পারিবে।

৩

এবারে মাস্টার টিকিয়া গেল। প্রথম হইতেই হরলালের সঙ্গে বেণুর এমনি জমিয়া গেল যেন তাহারা দুই ভাই। কলিকাতায় হরলালের আত্মীয়বন্ধু কেহই ছিল না— এই সুন্দর ছোটো ছেলেটি তাহার সমস্ত হৃদয় জুড়িয়া বসিল। অভাগা হরলালের এমন করিয়া কোনো মানুষকে ভালোবাসিবার সুযোগ ইতিপূর্বে কখনো ঘটে নাই। কী করিলে তাহার অবস্থা ভালো হইবে, এই আশায় সে বহু কষ্টে বই জোগাড় করিয়া কেবলমাত্র নিজের চেষ্টায় দিনরাত শুধু পড়া করিয়াছে। মাকে পরাধীন থাকিতে হইয়াছিল বলিয়া ছেলের শিশুবয়স কেবল সংকোচেই কাটিয়াছে— নিষেধের গতি পায় হইয়া দুষ্টামির দ্বারা নিজের বাল্যপ্রতাপকে জয়শালী করিবার সুখ সে কোনোদিন পায় নাই। সে কাহারও দলে ছিল না, সে আপনার হেঁড়া বই ও ভাঙা স্ট্রের মাঝখানে একলাই ছিল। জগতে জন্মিয়া যে ছেলেকে শিশুকালেই নিস্তরু ভালোমানুষ হইতে হয়, তখন হইতেই মাতার দুঃখ ও নিজের অবস্থা যাহাকে সাবধানে বুঝিয়া চলিতে হয়, সম্পূর্ণ অবিবেচক হইবার স্বাধীনতা যাহার ভাগ্যে কোনোদিন জোটে না, আমোদ করিয়া চঞ্চলতা করা বা দুঃখ পাইয়া কাঁদা, এ দুটোই যাহাকে অন্য লোকের অসুবিধা ও বিরক্তির ভয়ে সমস্ত শিশুশক্তি প্রয়োগ করিয়া চাপিয়া যাইতে হয়, তাহার মতো করুণার পাত্র অথচ করুণা হইতে বঞ্চিত জগতে কে আছে !

সেই পৃথিবীর সকল মানুষের নীচে চাপা-পড়া হরলাল নিজেও জানিত না, তাহার মনের মধ্যে এত স্নেহের রস অবসরের অপেক্ষায় এমন করিয়া জমা হইয়াছিল। বেণুর সঙ্গে খেলা করিয়া, তাহাকে

পড়াইয়া, অসুখের সময় তাহার সেবা করিয়া হরলাল স্পষ্ট বৃষ্টিতে পারিল, নিজের অবস্থার উন্নতি করার চেয়েও মানুষের আর-একটা জিনিস আছে— সে যখন পাইয়া বসে তখন তাহার কাছে আর-কিছুই লাগে না।

বেণুও হরলালকে পাইয়া বাঁচিল। কারণ, ঘরে সে একটি ছেলে; একটি অতি ছোটো ও আর-একটি তিন বছরের বোন আছে— বেণু তাহাদিগকে সঙ্গদানের যোগ্যই মনে করে না। পাড়ার সমবয়সী ছেলের অভাব নাই— কিন্তু অধরলাল নিজের ঘরকে অত্যন্ত বড়ো ঘর বলিয়া নিজের মনে নিশ্চয় স্থির করিয়া রাখতে মেলামেশা করিবার উপযুক্ত ছেলে বেণুর ভাগ্যে জুটিল না। কাজেই হরলাল তাহার একমাত্র সঙ্গী হইয়া উঠিল। অনুকূল অবস্থায় বেণুর যে-সকল দৌরাণ্য দশজনের মধ্যে ভাগ হইয়া একরকম সহনযোগ্য হইতে পারিত তাহা সমস্তই একা হরলালকে বহিতে হইত। এই-সমস্ত উপদ্রব প্রতিদিন সহ্য করিতে করিতে হরলালের স্নেহ আরো দৃঢ় হইয়া উঠিতে লাগিল। রতিকান্ত বলিতে লাগিল, “আমাদের সোনাবাবুকে মাস্টারমশায় মাটি করিতে বসিয়াছেন।” অধরলালেরও মাঝে মাঝে মনে হইতে লাগিল, মাস্টারের সঙ্গে ছাত্রের সম্বন্ধটি ঠিক যেন যথোচিত হইতেছে না। কিন্তু হরলালকে বেণুর কাছ হইতে তফাত করে এমন সাধ্য এখন তাহার আছে।

8

বেণুর বয়স এখন এগারো। হরলাল এফ. এ. পাস করিয়া জলপানি পাইয়া তৃতীয় বার্ষিকে পড়িতেছে। ইতিমধ্যে কলেজে তাহার দুটি-একটি বন্ধু যে জোটে নাই তাহা নহে, কিন্তু ঐ এগারো বছরের ছেলেটিই তাহার সকল বন্ধুর সেরা। কলেজ হইতে ফিরিয়া বেণুকে লইয়া সে গোলদিঘি এবং কোনো-কোনোদিন ইডেন গার্ডেনে বেড়াইতে যাইত। তাহাকে গ্রীক ইতিহাসের বীরপুরুষদের কাহিনী বলিত, তাহাকে স্কট ও ভিক্টর হ্যাগোর গল্প একটু একটু করিয়া বাংলায় শুনাইত— উচ্চৈঃস্বরে তাহার কাছে ইংরেজি কবিতা আবৃত্তি করিয়া তাহা তর্জমা করিয়া ব্যাখ্যা করিত, তাহার কাছে শেকসপীয়ারের জুলিয়াস সীজার মানে করিয়া পড়িয়া তাহা হইতে অ্যাটনির বক্তৃতা মুখস্থ করাইবার চেষ্টা করিত। ঐ একটুখানি বালক হরলালের হৃদয়-উদবোধনের পক্ষে যেন সোনার কাঠির মতো হইয়া উঠিল। একলা বসিয়া যখন পড়া মুখস্থ করিত তখন ইংরেজি সাহিত্য সে এমন করিয়া মনের মধ্যে গ্রহণ করে নাই, এখন সে ইতিহাস বিজ্ঞান সাহিত্য যাহা-কিছু পড়ে তাহার মধ্যে কিছু রস পাইলেই সেটা আগে বেণুকে দিবার জন্য আগ্রহ বোধ করে এবং বেণুর মনে সেই আনন্দ সঞ্চার করিবার চেষ্টাতেই তাহার নিজের বৃষ্টিবার শক্তি ও আনন্দের অধিকার যেন দুইগুণ বাড়িয়া যায়।

বেণু ইস্কুল হইতে আসিয়াই কোনোমতে তাড়াতাড়ি জলপানি সারিয়াই হরলালের কাছে যাইবার জন্য একেবারে ব্যস্ত হইয়া উঠিত, তাহার মা তাহাকে কোনো ছুতায় কোনো প্রলোভনে অন্তঃপুরে ধরিয়া রাখিতে পারিত না। ননীবালার ইহা ভালো লাগে নাই। তাহার মনে হইত, হরলাল নিজের চাকরি বজায় রাখিবার জন্যই ছেলেকে এত করিয়া বশ করিবার চেষ্টা করিতেছে। সে একদিন হরলালকে ডাকিয়া পর্দার আড়াল হইতে বলিল, “তুমি মাস্টার, ছেলেকে কেবল সকালে এক ঘণ্টা, বিকালে এক ঘণ্টা পড়াইবে— দিনরাত্রি উহার সঙ্গে লাগিয়া থাক কেন। আজকাল ও যে মা বাপ কাহাকেও মানে না। ও কেমন শিক্ষা পাইতেছে। আগে যে ছেলে মা বলিতে একেবারে নাচিয়া উঠিত আজ যে তাহাকে ডাকিয়া পাওয়া যায় না। বেণু আমার বড়ো ঘরের ছেলে, উহার সঙ্গে তোমার অত মাখামাখি কিসের জন্য।”

সেদিন রতিকান্ত অধরবাবুর কাছে গল্প করিতেছিল যে, তাহার জানা তিন-চার জন লোক, বড়োমানুষের ছেলের মাস্টারি করিতে আসিয়া ছেলের মন এমন করিয়া বশ করিয়া লইয়াছে যে, ছেলে বিষয়ের অধিকারী হইলে তাহারাই সর্বস্বা হইয়া ছেলেকে স্বৈচ্ছামত চালাইয়াছে। হরলালের প্রতিই ইশারা করিয়া যে এ-সকল কথা বলা হইতেছিল তাহা হরলালের বৃষ্টিতে বাকি ছিল না। তবু সে চুপ

করিয়া সমস্ত সহ্য করিয়া গিয়াছিল। কিন্তু আজ বেণুর মার কথা শুনিয়া তাহার বুক ভাঙিয়া গেল। সে বুকিতে পারিল, বড়োমানুষের ঘরে মাস্টারের পদবীটা কী। গোয়ালঘরে ছেলেকে দুধ জোগাইবার যেমন গোরু আছে তেমনি তাহাকে বিদ্যা জোগাইবার একটা মাস্টারও রাখা হইয়াছে— ছাত্রের সঙ্গে স্নেহপূর্ণ আত্মীয়তার সম্বন্ধ স্থাপন এতবড়ো একটা স্পর্ধা যে, বাড়ির চাকর হইতে গৃহিণী পর্যন্ত কেহই তাহা সহ্য করিতে পারে না, এবং সকলেই সেটাকে স্বার্থসাধনের একটা চাতুরী বলিয়াই জানে।

হরলাল কম্পিতকণ্ঠে বলিল, “মা, বেণুকে আমি কেবল পড়াইব, তাহার সঙ্গে আমার আর-কোনো সম্পর্ক থাকিবে না।”

সেদিন বিকালে বেণুর সঙ্গে তাহার খেলিবার সময়ে হরলাল কলেজ হইতে ফিরিলই না। কেমন করিয়া রাস্তায় রাস্তায় ঘুরিয়া সে সময় কাটাইল তাহা সেই জানে। সন্ধ্যা হইলে যখন সে পড়াইতে আসিল তখন বেণু মুখ ভার করিয়া রহিল। হরলাল তাহার অনুপস্থিতির কোনো জবাবদিহি না করিয়া পড়াইয়া গেল— সেদিন পড়া সুবিধামত হইলই না।

হরলাল প্রতিদিন রাত্রি থাকিতে উঠিয়া তাহার ঘরে বসিয়া পড়া করিত। বেণু সকালে উঠিয়াই মুখ ধুইয়া তাহার কাছে ছুটিয়া যাইত। বাগানে বাধানো চৌবাচ্ছায় মাছ ছিল। তাহাদিগকে মুড়ি খাওয়ানো ইহাদের এক কাজ ছিল। বাগানের এক কোণে কতকগুলো পাথর সাজাইয়া, ছোটো ছোটো রাস্তা ও ছোটো গেট ও বেড়া তৈরি করিয়া বেণু বালখিল্য ঋষির আশ্রমের উপযুক্ত একটি অতি ছোটো বাগান বসাইয়াছিল। সে বাগানে মালীর কোনো অধিকার ছিল না। সকালে এই বাগানের চর্যা করা তাহাদের দ্বিতীয় কাজ। তাহার পরে রৌদ্র বেশি হইলে বাড়ি ফিরিয়া বেণু হরলালের কাছে পড়িতে বসিত। কাল সায়াহ্নে যে গল্পের অংশ শোনা হয় নাই সেইটে শুনিবার জন্য আজ বেণু যথাসাধ্য ভোরে উঠিয়া বাহিরে ছুটিয়া আসিয়াছিল। সে মনে করিয়াছিল, সকালে ওঠায় সে আজ মাস্টারমশায়কে বৃষ্টি জিতিয়াছে। ঘরে আসিয়া দেখিল, মাস্টারমশায় নাই। দরওয়ানকে জিজ্ঞাসা করিয়া জানিল, মাস্টারমশায় বাহির হইয়া গিয়াছেন।

সেদিনও সকালে পড়ার সময় বেণু ক্ষুদ্র হৃদয়টুকুর বেদনা লইয়া মুখ গম্ভীর করিয়া রহিল। সকালবেলায় হরলাল কেন যে বাহির হইয়া গিয়াছিল তাহা জিজ্ঞাসাও করিল না। হরলাল বেণুর মুখের দিকে না চাহিয়া বইয়ের পাতার উপর চোখ রাখিয়া পড়াইয়া গেল। বেণু বাড়ির ভিতরে তাহার মার কাছে যখন খাইতে বসিল তখন তাহার মা জিজ্ঞাসা করিলেন, “কাল বিকাল হইতে তোর কী হইয়াছে বল দেখি। মুখ হাঁড়ি করিয়া আছিস কেন— ভালো করিয়া খাইতেছিস না—ব্যাপারখানা কী।”

বেণু কোনো উত্তর করিল না। আহারের পর মা তাহাকে কাছে টানিয়া আনিয়া তাহার গায়ে হাত বুলাইয়া অনেক আদর করিয়া যখন তাহাকে বার বার প্রশ্ন করিতে লাগিলেন তখন সে আর থাকিতে পারিল না— ফুপাইয়া কাঁদিয়া উঠিল। বলিল, “মাস্টারমশায়—”

মা কহিলেন, “মাস্টারমশায় কী।”

বেণু বলিতে পারিল না মাস্টারমশায় কী করিয়াছেন। কী যে অভিযোগ তাহা ভাষায় ব্যক্ত করা কঠিন।

ননীবালা কহিলেন, “মাস্টারমশায় বৃষ্টি তোর মার নামে তোর কাছে লাগাইয়াছেন!”

সে কথার কোনো অর্থ বুকিতে না পারিয়া বেণু উত্তর না করিয়া চলিয়া গেল।

ইতিমধ্যে বাড়িতে অধরবাবুর কতকগুলো কাপড়চোপড় চুরি হইয়া গেল। পুলিশকে খবর দেওয়া হইল। পুলিশ খানাতল্লাসিতে হরলালেরও বাস্তব সন্ধান করিতে ছাড়িল না। রতিকান্ত নিতান্তই নিরীহভাবে বলিল, “যে লোক লইয়াছে সে কি আর মাল বাস্তব মধ্যে রাখিয়াছে।”

মালের কোনো কিনারা হইল না। এরূপ লোকসান অধরলালের পক্ষে অসহ্য। তিনি পৃথিবীসুদ্ধ লোকের উপর চটয়া উঠিলেন। রতিকান্ত কহিল, “বাড়িতে অনেক লোক রহিয়াছে, কাহাকেই বা দোষ দিবেন, কাহাকেই বা সন্দেহ করিবেন। যাহার যখন খুশি আসিতেছে যাইতেছে।”

অধরলাল মাস্টারকে ডাকাইয়া বলিলেন, “দেখো হরলাল, তোমাদের কাহাকেও বাড়িতে রাখা আমার পক্ষে সুবিধা হইবে না। এখন হইতে তুমি আলাদা বাসায় থাকিয়া বেণুকে ঠিক সময়মত পড়াইয়া যাইবে, এই হইলেই ভালো হয়— নাহয় আমি তোমার দুই টাকা মাইনে বৃদ্ধি করিয়া দিতে রাজি আছি।”

রতিকান্ত তামাক টানিতে টানিতে বলিল, “এ তো অতি ভালো কথা— উভয়পক্ষেই ভালো।”

হরলাল মুখ নিচু করিয়া গুনিল। তখন কিছু বলিতে পারিল না। ঘরে আসিয়া অধরবাবুকে চিঠি লিখিয়া পাঠাইল, নানা কারণে বেণুকে পড়ানো তাহার পক্ষে সুবিধা হইবে না— অতএব আজই সে বিদায় গ্রহণ করিবার জন্য প্রস্তুত হইয়াছে।

সেদিন বেণু ইস্কুল হইতে ফিরিয়া আসিয়া দেখিল, মাস্টারমশায়ের ঘর শূন্য। তাহার সেই ভগ্নপ্রায় টিনের পের্টেরাটিও নাই। দড়ির উপর তাহার চাদর ও গামছা কুলিত, সে দড়িটা আছে, কিন্তু চাদর ও গামছা নাই। টেবিলের উপর খাতাপত্র ও বই এলোমেলো ছড়ানো থাকিত, তাহার বদলে সেখানে একটা বড়ো বোতলের মধ্যে সোনালি মাছ ঝকঝক করিতে করিতে ওঠানামা করিতেছে। বোতলের গায়ের উপর মাস্টারমশায়ের হস্তাক্ষরে বেণুর নাম লেখা একটা কাগজ আঁটা। আর-একটি নূতন ভালো বাধাই করা ইংরেজি ছবির বই, তাহার ভিতরকার পাতায় এক প্রান্তে বেণুর নাম ও তাহার নীচে আজকের তারিখ মাস ও সন দেওয়া আছে।

বেণু ছুটিয়া তাহার বাপের কাছে গিয়া কহিল, “বাবা, মাস্টারমশায় কোথায় গেছেন।” বাপ তাহাকে কাছে টানিয়া লইয়া কহিলেন, “তিনি কাজ ছাড়িয়া দিয়া চলিয়া গেছেন।”

বেণু বাপের হাত ছাড়াইয়া লইয়া পাশের ঘরে বিছানার উপরে উপুড় হইয়া পড়িয়া কাঁদিতে লাগিল। অধরবাবু ব্যাকুল হইয়া কী করিবেন কিছুই ভাবিয়া পাইলেন না।

পরদিন বেলা সাড়ে দশটার সময় হরলাল একটা মেসের ঘরে তস্কপোশের উপর উন্মনা হইয়া বসিয়া কলেজে যাইবে কি না ভাবিতেছে এমন সময় হঠাৎ দেখিল প্রথমে অধরবাবুদের দরোয়ান ঘরে প্রবেশ করিল এবং তাহার পিছনে বেণু ঘরে ঢুকিয়াই হরলালের গলা জড়াইয়া ধরিল। হরলালের গলার স্বর আটকাইয়া গেল; কথা কহিতে গেলেই তাহার দুই চোখ দিয়া জল করিয়া পড়িবে এই ভয়ে সে কোনো কথাই কহিতে পারিল না। বেণু কহিল, “মাস্টারমশায়, আমাদের বাড়ি চলো।”

বেণু তাহাদের বন্ধ দরোয়ান চন্দ্রভানকে ধরিয়া পড়িয়াছিল, যেমন করিয়া হউক, মাস্টারমশায়ের বাড়িতে তাহাকে লইয়া যাইতে হইবে। পাড়ার যে মুটে হরলালের পের্টেরা বহিয়া অনিয়াছিল তাহার কাছ হইতে সন্ধান লইয়া আজ ইস্কুলে যাইবার গাড়িতে চন্দ্রভান বেণুকে হরলালের মেসে আনিয়া উপস্থিত করিয়াছে।

কেন যে হরলালের পক্ষে বেণুদের বাড়ি যাওয়া একেবারেই অসম্ভব তাহা সে বলিতেও পারিল না, অথচ তাহাদের বাড়িতেও যাইতে পারিল না। বেণু যে তাহার গলা জড়াইয়া ধরিয়া তাহাকে বলিয়াছিল ‘আমাদের বাড়ি চলো’— এই স্পর্শ ও এই কথাটার স্মৃতি কত দিনে কত রাত্রে তাহার কণ্ঠ চাপিয়া ধরিয়া যেন তাহার নিশ্বাস রোধ করিয়াছে— কিন্তু ক্রমে এমনও দিন আসিল যখন দুই পক্ষেই সমস্ত চুকিয়া গেল— বন্ধের শিরা আকড়াইয়া ধরিয়া বেদনা নিশাচর বাদুড়ের মতো আর কুলিয়া রহিল না।

হরলাল অনেক চেষ্টা করিয়াও পড়াতে আর তেমন করিয়া মনোযোগ করিতে পারিল না। সে কোনোমতেই স্থির হইয়া পড়িতে বসিতে পারিল না। সে খানিকটা পড়িবার চেষ্টা করিয়াই ধাক্কা করিয়া

বই বন্ধ করিয়া ফেলিত এবং অকারণে দ্রুতপদে 'রাস্তায় ঘুরিয়া আসিত । কলেজে লেকচারের নোটের মাঝে মাঝে খুব বড়ো বড়ো ফাঁক পড়িত এবং মাঝে মাঝে যে-সমস্ত আকর্ষণক পড়িত তাহার সঙ্গে প্রাচীন ইঞ্জিনের চিত্রলিপি ছাড়া আর কোনো বর্ণমালার সাদৃশ্য ছিল না ।

হরলাল বুঝিল, এ-সমস্ত ভালো লক্ষণ নয় । পরীক্ষায় সে যদি-বা পাস হয় বৃত্তি পাইবার কোনো সম্ভাবনা নাই । বৃত্তি না পাইলে কলিকাতায় তাহার একদিনও চলিবে না । ও দিকে দেশে মাকেও দু-চার টাকা পাঠানো চাই । নানা চিন্তা করিয়া চাকরির চেষ্টায় বাহির হইল । চাকরি পাওয়া কঠিন, কিন্তু না পাওয়া তাহার পক্ষে আরো কঠিন ; এইজন্য আশা ছাড়িয়াও আশা ছাড়িতে পারিল না ।

হরলালের সৌভাগ্যক্রমে একটি বড়ো ইংরেজ সদাগরের আপিসে উমেদারি করিতে গিয়া হঠাৎ সে বড়োসাহেবের নজরে পড়িল । সাহেবের বিশ্বাস ছিল, তিনি মুখ দেখিয়া লোক চিনিতে পারেন । হরলালকে ডাকিয়া তাহার সঙ্গে দু-চার কথা কহিয়াই তিনি মনে মনে বলিলেন, এ লোকটা চলিবে । জিজ্ঞাসা করিলেন, “কাজ জানা আছে ?” হরলাল কহিল, “না ।” “জামিন দিতে পারিবে ?” তাহার উত্তরেও “না ।” “কোনো বড়োলোকের কাছ হইতে সার্টিফিকেট আনিতে পার ?” কোনো বড়োলোককেই সে জানে না ।

শুনিয়া সাহেব আরো যেন খুশি হইয়াই কহিলেন, “আচ্ছা বেশ, পঁচিশ টাকা বেতনে কাজ আরম্ভ করো, কাজ শিখিলে উন্নতি হইবে ।” তার পরে সাহেব তাহার বেশভূষার প্রতি দৃষ্টি করিয়া কহিলেন, “পনেরো টাকা আগাম দিতেছি— আপিসের উপযুক্ত কাপড় তৈরি করাইয়া লইবে ।”

কাপড় তৈরি হইল, হরলাল আপিসেও বাহির হইতে আরম্ভ করিল । বড়োসাহেব তাহাকে ভূতের মতো খাটাইতে লাগিলেন । অন্য কেৱানিরা বাড়ি গেলেও হরলালের ছুটি ছিল না । এক-একদিন সাহেবের বাড়ি গিয়াও তাঁহাকে কাজ বুঝাইয়া দিয়া আসিতে হইত ।

এমনি করিয়া কাজ শিখিয়া লইতে হরলালের বিলম্ব হইল না । তাহার সহযোগী কেৱানিরা তাহাকে ঠকাইবার অনেক চেষ্টা করিল, তাহার বিরুদ্ধে উপরওয়ালাদের কাছে লাগালাগিও করিল, কিন্তু এই নিঃশব্দ নিরীহ সামান্য হরলালের কোনো অপকার করিতে পারিল না ।

যখন তাহার চল্লিশ টাকা মাহিনা হইল, তখন হরলাল দেশ হইতে মাকে আনিয়া একটি ছোটোখাটো গলির মধ্যে ছোটোখাটো বাড়িতে বাসা করিল । এতদিন পরে তাহার মার দুঃখ ঘুচিল । মা বলিলেন, “বাবা, এইবার বউ ঘরে আনিব ।” হরলাল মাতার পায়ের ধূলা লইয়া বলিল, “মা, এটে মাপ করিতে হইবে ।”

মাতার আর-একটি অনুরোধ ছিল । তিনি বলিলেন, “তুই যে দিনরাত তোর ছাত্র বেণুগোপালের গল্প করিস, তাহাকে একবার নিমন্ত্রণ করিয়া খাওয়া । তাহাকে আমার দেখিতে ইচ্ছা করে ।”

হরলাল কহিল, “মা, এ বাসায় তাহাকে কোথায় বসাইবে । রোসো, একটা বড়ো বাসা করি, তাহার পরে তাহাকে নিমন্ত্রণ করিব ।”

৭

হরলালের বেতনবৃদ্ধির সঙ্গে ছোটো গলি হইতে বড়ো গলি ও ছোটো বাড়ি হইতে বড়ো বাড়িতে তাহার বাস-পরিবর্তন হইল । তবু সে কী জানি কী মনে করিয়া, অধরলালের বাড়ি যাইতে বা বেণুকে নিজের বাসায় ডাকিয়া আনিতে কোনোমতেই মন স্থির করিতে পারিল না ।

হয়তো কোনোদিনই তাহার সংকোচ ঘুচিত না । এমন সময়ে হঠাৎ খবর পাওয়া গেল বেণুর মা মারা গিয়াছেন । শুনিয়া মুহূর্ত বিলম্ব না করিয়া সে অধরলালের বাড়ি গিয়া উপস্থিত হইল ।

এই দুই অসমবয়সী বন্ধুতে অনেকদিন পরে আবার একবার মিলন হইল । বেণুর অশৌচের সময় পার হইয়া গেল— তবু এ বাড়িতে হরলালের যাতায়াত চলিতে লাগিল । কিন্তু ঠিক তেমনটি আর কিছুই নাই । বেণু এখন বড়ো হইয়া উঠিয়া অঙ্গুষ্ঠ ও তর্জনী-যোগে তাহার নূতন গোফের রেখার

সাধ্যসাধনা করিতেছে। চালচলনে বাবুয়ানা ফুটিয়া উঠিয়াছে। এখন তাহার উপযুক্ত বন্ধুবান্ধবেরও অভাব নাই। কোনোক্রমে খিয়েটারের নটীদের ইতর গান বাজাইয়া সে বন্ধুমহলকে আমোদে রাখে। পড়িবার ঘরে সেই সাবেক ভাঙা চৌকি ও দাগি টেবিল কোথায় গেল। আয়নাতে, ছবিতে, আসবাবে ঘর যেন ছাতি ফুলাইয়া রহিয়াছে। বেণু এখন কলেজে যায় কিন্তু দ্বিতীয় বার্ষিকের সীমানা পার হইবার জন্য তাহার কোনো তাগিদ দেখা যায় না। বাপ স্থির করিয়া আছেন, দুই-একটা পাস করাইয়া লইয়া বিবাহের হাতে ছেলের বাজারদর বাড়াইয়া তুলিবেন। কিন্তু ছেলের মা জানিতেন ও স্পষ্ট করিয়া বলিতেন, “আমার বেণুকে সামান্য লোকের ছেলের মতো গৌরব প্রমাণ করিবার জন্য পাসের হিসাব দিতে হইবে— লোহার সিন্দুক কোম্পানির কাগজ অক্ষয় হইয়া থাক।” ছেলেও মাতার এ কথাটা বেশ করিয়া মনে মনে বুঝিয়া লইয়াছিল।

যাহা হউক, বেণুর পক্ষে সে যে আজ নিতান্তই অনাবশ্যক তাহা হরলাল স্পষ্টই বুঝিতে পারিল এবং কেবলই থাকিয়া থাকিয়া সেই দিনের কথা মনে পড়িল, যেদিন বেণু হঠাৎ সকালবেলায় তাহার সেই মেসের বাসায় গিয়া তাহার গলা জুড়াইয়া ধরিয়া বলিয়াছিল ‘মাস্টারমশায় আমাদের বাড়ি চলো’। সে বেণু নাই, সে বাড়ি নাই, এখন মাস্টারমশায়কে কেই-বা ডাকিবে।

হরলাল মনে করিয়াছিল, এইবার বেণুকে তাহাদের বাসায় মাঝে মাঝে নিমন্ত্রণ করিবে। কিন্তু তাহাকে আহ্বান করিবার জোর পাইল না। একবার ভাবিল, উহাকে আসিতে বলিব; তাহার পরে ভাবিল, বলিয়া লাভ কী— বেণু হয়তো নিমন্ত্রণ রক্ষা করিবে, কিন্তু, থাক।

হরলালের মা ছাড়িলেন না। তিনি বার বার বলিতে লাগিলেন, তিনি নিজের হাতে রাখিয়া তাহাকে খাওয়াইবেন— আহা, বাছার মা মারা গেছে।

অবশেষে হরলাল একদিন তাহাকে নিমন্ত্রণ করিতে গেল। কহিল, “অধরবাবুর কাছ হইতে অনুমতি লইয়া আসি।” বেণু কহিল, “অনুমতি লইতে হইবে না, আপনি কি মনে করেন আমি এখনো সেই খোকাবাবু আছি।”

হরলালের বাসায় বেণু খাইতে আসিল। মা এই কার্তিকের মতো ছেলোটিকে তাহার দুই স্নিগ্ধচন্দ্র আশীর্বাদে অভিষিক্ত করিয়া যত্ন করিয়া খাওয়াইলেন। তাহার কেবলই মনে হইতে লাগিল, আহা, এই বয়সের এমন ছেলেকে ফেলিয়া ইহার মা যখন মরিল তখন তাহার প্রাণ না জানি কেমন করিতেছিল।

আহার সারিয়াই বেণু কহিল, “মাস্টারমশায়, আমাকে আজ একটু সকাল-সকাল বাইতে হইবে। আমার দুই-একজন বন্ধুর আসিবার কথা আছে।”

বলিয়া পকেট হইতে সোনার ঘড়ি খুলিয়া একবার সময় দেখিয়া লইল; তাহার পরে সংক্ষেপে বিদায় লইয়া জুড়িগাড়িতে চড়িয়া বসিল। হরলাল তাহার বাসার দরজার কাছে দাঁড়াইয়া রহিল। গাড়ি সমস্ত গলিকে কাঁপাইয়া দিয়া মুহূর্তের মধ্যেই চোখের বাহির হইয়া গেল।

মা কহিলেন, “হরলাল, উহাকে মাঝে মাঝে ডাকিয়া আনিস। এই বয়সে উহার মা মারা গেছে মনে করিলে আমার প্রাণটা কেমন করিয়া উঠে।”

হরলাল চুপ করিয়া রহিল। এই মাতৃহীন ছেলোটিকে সাব্বনা দিবার জন্য সে কোনো প্রয়োজন বোধ করিল না। দীর্ঘনিশ্বাস ফেলিয়া মনে মনে কহিল, ‘বাস, এই পর্যন্ত। আর কখনো ডাকিব না। একদিন পাঁচ টাকা মাইনের মাস্টারি করিয়াছিলাম বটে— কিন্তু আমি সামান্য হরলাল মাত্র।’

একদিন সন্ধ্যার পর হরলাল আপিস হইতে ফিরিয়া আসিয়া দেখিল, তাহার একতলার ঘরে অন্ধকারে কে একজন বসিয়া আছে। সেখানে যে কোনো লোক আছে তাহা লক্ষ্য না করিয়াই সে বোধ হয় উপরে উঠিয়া যাইত, কিন্তু দরজায় ঢুকিয়াই দেখিল এসেলের গন্ধে আকাশ পূর্ণ। ঘরে প্রবেশ করিয়া হরলাল জিজ্ঞাসা করিল, “কে, মশায়।” বেণু বলিয়া উঠিল, “মাস্টারমশায়, আমি।”

হরলাল কহিল, “এ কী ব্যাপার। কখন আসিয়াছ।”

বেণু কহিল, “অনেকক্ষণ আসিয়াছি। আপনি যে এত দেরি করিয়া আপিস হইতে ফেরেন তাহা তো আমি জানিতাম না।”

বহুকাল হইল সেই-যে নিমন্ত্রণ খাইয়া গেছে তাহার পরে আর একবারও বেণু এ বাসায় আসে নাই। বলা নাই, কহা নাই, আজ হঠাৎ এমন করিয়া সে যে সন্ধ্যার সময় এই অন্ধকার ঘরের মধ্যে অপেক্ষা করিয়া বসিয়া আছে ইহাতে হরলালের মন উদ্বিগ্ন হইয়া উঠিল।

উপরের ঘরে গিয়া বাতি জ্বালিয়া দুইজনে বসিল। হরলাল জিজ্ঞাসা করিল, “সব ভালো তো? কিছু বিশেষ খবর আছে?”

বেণু কহিল, পড়াশুনা ক্রমে তাহার পক্ষে বড়োই একঘেয়ে হইয়া আসিয়াছে। কাঁহাতক সে বৎসরের পর বৎসর ঐ সেকেন্ড ইয়ারেই আটকা পড়িয়া থাকে। তাহার চেয়ে অনেক বয়সে-ছোটো ছেলের সঙ্গে তাহাকে একসঙ্গে পড়িতে হয়— তাহার বড়ো লজ্জা করে। কিন্তু বাবা কিছুতেই বোঝেন না।

হরলাল জিজ্ঞাসা করিল, “তোমার কী ইচ্ছা।”

বেণু কহিল, তাহার ইচ্ছা সে বিলাত যায়, বারিস্টার হইয়া আসে। তাহারই সঙ্গে একসঙ্গে পড়িত, এমন-কি, তাহার চেয়ে পড়াশুনায় অনেক কাঁচা একটি ছেলে বিলাতে যাইবে স্থির হইয়া গেছে।

হরলাল কহিল, “তোমার বাবাকে তোমার ইচ্ছা জানাইয়াছ?”

বেণু কহিল, “জানাইয়াছি। বাবা বলেন, পাস না করিলে বিলাতে যাইবার প্রস্তাব তিনি কানে আনিবেন না। কিন্তু আমার মন খারাপ হইয়া গেছে— এখানে থাকিলে আমি কিছুতেই পাস করিতে পারিব না।”

হরলাল চুপ করিয়া বসিয়া ভাবিতে লাগিল। বেণু কহিল, “আজ এই কথা লইয়া বাবা আমাকে যাহা মুখে আসিয়াছে তাহাই বলিয়াছেন। তাই আমি বাড়ি ছাড়িয়া চলিয়া আসিয়াছি। মা থাকিলে এমন কখনোই হইতে পারিত না।” বলিতে বলিতে সে অভিমানে কাঁদিতে লাগিল।

হরলাল কহিল, “চলো আমি-সুস্থ তোমার বাবার কাছে যাই, পরামর্শ করিয়া যাহা ভালো হয় স্থির করা যাইবে।”

বেণু কহিল, “না, আমি সেখানে যাইব না।”

বাপের সঙ্গে রাগারাগি করিয়া হরলালের বাড়িতে আসিয়া বেণু থাকিবে, এ কথাটা হরলালের মোটেই ভালো লাগিল না। অথচ ‘আমার বাড়ি থাকিতে পারিবে না’ এ কথা বলাও বড়ো শক্ত। হরলাল ভাবিল, আর-একটু বাদে মনটা একটু ঠাণ্ডা হইলেই ইহাকে ভুলাইয়া বাড়ি লইয়া যাইব। জিজ্ঞাসা করিল, “তুমি খাইয়া আসিয়াছ?”

বেণু কহিল, “না, আমার ক্ষুধা নাই— আমি আজ খাইব না।”

হরলাল কহিল, “সে কি হয়।” তাড়াতাড়ি মাকে গিয়া কহিল, “মা, বেণু আসিয়াছে, তাহার জন্য কিছু খাবার চাই।”

শুনিয়া মা ভারি খুশি হইয়া খাবার তৈরি করিতে গেলেন। হরলাল আপিসের কাপড় ছাড়িয়া মুখহাত ধুইয়া বেণুর কাছে আসিয়া বসিল। একটুখানি কাশিয়া একটুখানি ইতস্তত করিয়া সে বেণুর কাঁধের উপর হাত রাখিয়া কহিল, “বেণু, কাজটা ভালো হইতেছে না। বাবার সঙ্গে ঝগড়া করিয়া বাড়ি হইতে চলিয়া আসা, এটা তোমার উপযুক্ত নয়।”

শুনিয়া তখনই বিছানা ছাড়িয়া উঠিয়া বেণু কহিল, “আপনার এখানে যদি সুবিধা না হয় আমি সতীশের বাড়ি যাইব।” বলিয়া সে চন্দ্রিয়া যাইবার উপক্রম করিল। হরলাল তাহার হাত ধরিয়া কহিল, “রোসো, কিছু খাইয়া যাও।”

বেণু রাগ করিয়া কহিল, “না, আমি খাইতে পারিব না।” বলিয়া হাত ছাড়াইয়া ঘর হইতে বাহির হইয়া আসিল।

এমন সময় হরলালের জন্য যে জলখাবার প্রস্তুত ছিল তাহাই বেণুর জন্য খালায় গুছাইয়া মা তাহাদের সম্মুখে আসিয়া উপস্থিত হইলেন। কহিলেন, “কোথায় যাও, বাছা।”

বেণু কহিল, “আমার কাজ আছে, আমি চলিলাম।”

মা কহিলেন, “সে কি হয় বাছা, কিছু না খাইয়া যাইতে পারিবে না।” এই বলিয়া সেই বারান্দায় পাত পাড়িয়া তাহাকে হাতে ধরিয়া খাইতে বসাইলেন।

বেণু রাগ করিয়া কিছু খাইতেছে না, খাবার লইয়া একটু নাড়াচাড়া করিতেছে মাত্র, এমন সময় দরজার কাছে একটা গাড়ি আসিয়া থামিল। প্রথমে একটা দরওয়ান ও তাহার পশ্চাতে স্বয়ং অধরবাবু মচমচ শব্দে সিড়ি বাহিয়া উপরে আসিয়া উপস্থিত। বেণুর মুখ বিবর্ণ হইয়া গেল।

মা ঘরের মধ্যে সরিয়া গেলেন। অধর ছেলের সম্মুখে আসিয়া ক্রোধে কম্পিত কণ্ঠে হরলালের দিকে চাহিয়া কহিলেন, “এই বুঝি! রতিকান্ত আমাকে তখনই বলিয়াছিল, কিন্তু তোমার পেটে যে এত মতলব ছিল তাহা আমি বিশ্বাস করি নাই। তুমি মনে করিয়াছ বেণুকে বশ করিয়া উহার ঘাড় ভাঙিয়া খাইবে। কিন্তু সে হইতে দিব না। ছেলে চুরি করিবে! তোমার নামে পুলিশ-কেস করিব, তোমাকে জেলে ঠেলিব তবে ছাড়িব।” এই বলিয়া বেণুর দিকে চাহিয়া কহিলেন, “চল। ওঠ।” বেণু কোনো কথাটি না কহিয়া তাহার বাপের পিছনে পিছনে চলিয়া গেল।

সেদিন কেবল হরলালের মুখেই খাবার উঠিল না।

৯

এবারে হরলালের সদাগর-আপিস কী জানি কী কারণে মফস্বল হইতে প্রচুর পরিমাণে চাল ডাল খরিদ করিতে প্রবৃত্ত হইয়াছে। এই উপলক্ষে হরলালকে প্রতি সপ্তাহেই শনিবার ভোরের গাড়িতে সাত-আট হাজার টাকা লইয়া মফস্বলে যাইতে হইত। পাইকেরদিগকে হাতে হাতে দাম চুকাইয়া দিবার জন্য মফস্বলের একটা বিশেষ কেন্দ্রে তাহাদের যে আপিস আছে সেইখানে দশ ও পাঁচ টাকার নোট ও নগদ টাকা লইয়া সে যাইত, সেখানে রসিদ ও খাতা দেখিয়া গত সপ্তাহের মোটা হিসাব মিলাইয়া, বর্তমান সপ্তাহের কাজ চালাইবার জন্য টাকা রাখিয়া আসিত। সঙ্গে আপিসের দুইজন দরওয়ান যাইত। হরলালের জামিন নাই বলিয়া আপিসে একটা কথা উঠিয়াছিল, কিন্তু বড়োসাহেব নিজের উপর সমস্ত ঝুঁকি লইয়া বলিয়াছিলেন— হরলালের জামিনের প্রয়োজন নাই।

মাঘ মাস হইতে এইভাবে কাজ চলিতেছে, চৈত্র পর্যন্ত চলিবে এমন সম্ভাবনা আছে। এই ব্যাপার লইয়া হরলাল বিশেষ ব্যস্ত ছিল। প্রায়ই তাহাকে অনেক রাত্রে আপিস হইতে ফিরিতে হইত।

একদিন এইরূপ রাত্রে ফিরিয়া গুনিল বেণু আসিয়াছিল, মা তাহাকে খাওয়াইয়া বস্তু করিয়া বসাইয়াছিলেন— সেদিন তাহার সঙ্গে কথাবার্তা গল্প করিয়া তাহার প্রতি তাহার মন আরো স্নেহে আকৃষ্ট হইয়াছে।

এমন আরো দুই-একদিন হইতে লাগিল। মা বলিলেন, “বাড়িতে মা নাই নাকি, সেইজন্য সেখানে তাহার মন টেকে না। আমি বেণুকে তোমার ছোটো ভাইয়ের মতো, আপন ছেলের মতোই দেখি। সেই স্নেহ পাইয়া আমাকে কেবল মা বলিয়া ডাকিবার জন্য এখানে আসে।” এই বলিয়া আঁচলের প্রান্ত দিয়া তিনি চোখ মুছিলেন।

হরলালের একদিন বেণুর সঙ্গে দেখা হইল। সেদিন সে অপেক্ষা করিয়া বসিয়া ছিল। অনেক রাত পর্যন্ত কথাবার্তা হইল। বেণু বলিল, “বাবা আজকাল এমন হইয়া উঠিয়াছেন যে আমি কিছুতেই বাড়িতে টিকিতে পারিতেছি না। বিশেষত গুনিতে পাইতেছি, তিনি বিবাহ করিবার জন্য প্রস্তুত হইতেছেন। রতিবাবু সঙ্কল্প লইয়া আসিতেছেন— তাহার সঙ্গে কেবলই পরামর্শ চলিতেছে। পূর্বে আমি কোথাও গিয়া দেখি করিলে বাবা অস্থির হইয়া উঠিতেন, এখন যদি আমি দুই-চারিদিন বাড়িতে না ফিরি তাহা হইলে তিনি আরাম বোধ করেন। আমি বাড়ি থাকিলে বিবাহের আলোচনা সাবধানে

করিতে হয় বলিয়া আমি না থাকিলে তিনি হাঁক ছাড়িয়া ধাচেন। এ বিবাহ যদি হয় তবে আমি বাড়িতে থাকিতে পারিব না। আমাকে আপনি উদ্ধারের একটা পথ দেখাইয়া দিন— আমি স্বতন্ত্র হইতে চাই।”

স্নেহে ও বেদনায় হরলালের হৃদয় পরিপূর্ণ হইয়া উঠিল। সংকটের সময় আর সকলকে ফেলিয়া বেণু যে তাহার সেই মাস্টারমশায়ের কাছে আসিয়াছে, ইহাতে কষ্টের সঙ্গে সঙ্গে তাহার আনন্দ হইল। কিন্তু মাস্টারমশায়ের কতটুকুই বা সাধ্য আছে।

বেণু কহিল, “যেমন করিয়া হোক, বিলাতে গিয়া বারিস্টার হইয়া আসিলে এই বিপদ হইতে পরিত্রাণ পাই।”

হরলাল কহিল, “অধরবাবু কি যাইতে দিবেন।”

বেণু কহিল, “আমি চলিয়া গেলে তিনি ধাচেন। কিন্তু টাকার উপরে যেরকম মারাত্মক, বিলাতের খরচ তাহার কাছ হইতে সহজে আদায় হইবে না। একটু কৌশল করিতে হইবে।”

হরলাল বেণুর বিজ্ঞতা দেখিয়া হাসিয়া কহিল, “কী কৌশল।”

বেণু কহিল, “আমি হ্যান্ডনোটে টাকা ধার করিব। পাওনাদার আমার নামে নাগিশ করিলে বাবা তখন দারে পড়িয়া শোধ করিবেন। সেই টাকায় পালাইয়া বিলাত যাইব। সেখানে গেলে তিনি খরচ না দিয়া থাকিতে পারিবেন না।”

হরলাল কহিল, “তোমাকে টাকা ধার দিবে কে।”

বেণু কহিল, “আপনি পারেন না?”

হরলাল আশ্চর্য হইয়া কহিল, “আমি!” তাহার মুখে আর কোনো কথা বাহির হইল না।

বেণু কহিল, “কেন, আপনার দরোয়ান তো তোড়ায় করিয়া অনেক টাকা ঘরে আনিব।”

হরলাল হাসিয়া কহিল, “সে দরোয়ানও যেমন আমার, টাকাও তেমনি।”

বলিয়া এই আপিসের টাকার ব্যবহারটা কী তাহা বেণুকে বুঝাইয়া দিল। এই টাকা কেবল একটি রাত্রের জন্যই দরিদ্রের ঘরে আশ্রয় লয়, প্রভাত হইলে দশ দিকেতে গমন করে।

বেণু কহিল, “আপনাদের সাহেব আমাকে ধার দিতে পারেন না? নাহয় আমি সুদ বেশি করিয়া দিব।”

হরলাল কহিল, “তোমার বাপ যদি সিকিউরিটি দেন তাহা হইলে আমার অনুরোধে হয়তো দিতেও পারেন।”

বেণু কহিল, “বাবা যদি সিকিউরিটি দিবেন তো টাকা দিবেন না কেন।”

ভর্কটা এইখানেই মিটিয়া গেল। হরলাল মনে মনে ভাবিতে লাগিল, ‘আমার যদি কিছু থাকিত, তবে বাড়িঘর জমিজমা সমস্ত বেচিয়া-কিনিয়া টাকা দিতাম।’ কিন্তু একটিমাত্র অসুবিধা এই যে, বাড়িঘর জমিজমা কিছুই নাই।

একদিন শুক্রবার রাত্রে হরলালের বাসার সম্মুখে জুড়িগাড়ি দাঁড়াইল। বেণু গাড়ি হইতে নামিবামাত্র হরলালের আপিসের দরোয়ান তাহাকে মস্ত একটা সেলাম করিয়া উপরে বাবুকে শশব্যস্ত হইয়া সংবাদ দিতে গেল। হরলাল তখন তাহার শোবার ঘরে মেজের উপর বসিয়া টাকা মিলাইয়া লইতেছিল। বেণু সেই ঘরেই প্রবেশ করিল। আজ তাহার বেশ কিছু নূতন ধরনের। শৌখিন ধুতিচাদরের বদলে নখর শরীরে পার্শি কোট ও প্যান্টলুন আটখা মাথায় ক্যাপ পরিয়া আসিয়াছে। তাহার দুই হাতের আঙুলে মণিমুক্তার আংটি ককমক করিতেছে। গলা হইতে লম্বিত মোটা সোনার চেনে আবদ্ধ ঘড়ি বুকের পকেটে নিবিষ্ট। কোটের আঙ্গিনের ভিতর হইতে জামার হাতায় হীরার বোতাম দেখা যাইতেছে।

হরলাল টাকা গোনা বন্ধ করিয়া আশ্চর্য হইয়া কহিল, “এ কী ব্যাপার। এত রাত্রে এ বেশে যে?”

বেণু কহিল, “পরশু বাবার বিবাহ। তিনি আমার কাছে তাহা গোপন করিয়া রাখিয়াছেন, কিন্তু আমি

খবর পাইয়াছি। বাবাকে বলিলাম আমি কিছুদিনের জন্য আমাদের বারাকপুরের বাগানে যাইব।
শুনিয়া তিনি ভারি খুশি হইয়া রাজি হইয়াছেন। তাই বাগানে চলিয়াছি; ইচ্ছা হইতেছে, আর কিরিব
না। যদি সাহস থাকিত তবে গঙ্গার জলে ডুবিয়া মরিতাম।”

বলিতে বলিতে বেণু কাঁদিয়া ফেলিল। হরলালের বুকে যেন ছুরি বিধিতে লাগিল। একজন
অপরিচিত স্ত্রীলোক আসিয়া বেণুর মার ঘর, মার খাট, মার স্থান অধিকার করিয়া লইলে, বেণুর
স্নেহস্মৃতিজড়িত বাড়ি যে বেণুর পক্ষে কিরকম কষ্টকময় হইয়া উঠিবে তাহা হরলাল সমস্ত হৃদয় দিয়া
বুঝিতে পারিল। মনে মনে ভাবিল, পৃথিবীতে গরিব হইয়া না জন্মিলেও দুঃখের এবং অপমানের অন্ত
নাই। বেণুকে কী বলিয়া যে সাহস দিবে তাহা কিছুই ভাবিয়া না পাইয়া বেণুর হাতখানা নিজের হাতে
লইল। লইবামাত্র একটা ভর্ক তাহার মনে উদয় হইল। সে ভাবিল, এমন একটা বেদনার সময় বেণু
কী করিয়া এত সাজ করিতে পারিল।

হরলাল তাহার আংটির দিকে চোখ রাখিয়াছে দেখিয়া বেণু যেন তাহার মনের প্রগাঢ় আঁচিয়া
লইল। সে বলিল, “এই আংটিগুলি আমার মায়ের।”

শুনিয়া হরলাল বহু কষ্টে চোখের জল সামলাইয়া লইল। কিছুক্ষণ পরে কহিল, “বেণু, খাইয়া
আসিয়াছ?”

বেণু কহিল, “হাঁ— আপনার খাওয়া হয় নাই?”

হরলাল কহিল, “টাকাগুলি গনিয়া আয়রন-চেস্টে না তুলিয়া ঘর হইতে বাহির হইতে পারিব না।”

বেণু কহিল, “আপনি খাইয়া আসুন, আপনার সঙ্গে অনেক কথা আছে। আমি ঘরে রহিলাম; মা
আপনার খাবার লইয়া বসিয়া আছেন।”

হরলাল একটু ইতস্তত করিয়া কহিল, “আমি চট করিয়া খাইয়া আসিতেছি।”

হরলাল তাড়াতাড়ি খাওয়া সারিয়া মাকে লইয়া ঘরে প্রবেশ করিল। বেণু তাঁহাকে প্রণাম করিল,
তিনি বেণুর চিবুকের স্পর্শ লইয়া চুম্বন করিলেন। হরলালের কাছে সমস্ত খবর পাইয়া তাঁহার বুক যেন
ফাটিয়া যাইতেছিল। নিজের সমস্ত স্নেহ দিয়াও বেণুর অভাব তিনি পূরণ করিতে পারিবেন না এই
তাঁহার দুঃখ।

চারি দিকে ছড়ানো টাকার মধ্যে তিনজনে বসিয়া বেণুর ছেলেবেলাকার গল্প হইতে লাগিল।
মাস্টারমশায়ের সঙ্গে জড়িত তাহার কত দিনের কত ঘটনা। তাহার মাঝে মাঝে সেই
অসংযতস্নেহশালিনী মার কথাও আসিয়া পড়িতে লাগিল।

এমনি করিয়া রাত অনেক হইয়া গেল। হঠাৎ একসময় ঘড়ি খুলিয়া বেণু কহিল, “আর নয়, দেরি
করিলে গাড়ি ফেল করিব।”

হরলালের মা কহিলেন, “বাবা, আজ রাত্র এইখানেই থাকো-না, কাল সকালে হরলালের সঙ্গে
একসঙ্গেই বাহির হইবে।”

বেণু মিনতি করিয়া কহিল, “না মা, এ অনুরোধ করিবেন না, আজ রাত্রে যে করিয়া হউক আমাকে
যাইতেই হইবে।”

হরলালকে কহিল, “মাস্টারমশায়, এই আংটি-ঘড়িগুলো বাগানে লইয়া যাওয়া নিরাপদ নয়।
আপনার কাছেই রাখিয়া যাই, ফিরিয়া আসিয়া লইয়া যাইব। আপনার দরোয়ানকে বলিয়া দিন, আমার
গাড়ি হইতে চামড়ার হ্যান্ডব্যাগটা আনিয়া দিক। সেইটের মধ্যে এগুলো রাখিয়া দিই।”

আপিসের দরোয়ান গাড়ি হইতে ব্যাগ লইয়া আসিল। বেণু তাহার চেন ঘড়ি আংটি বোতাম সমস্ত
খুলিয়া ব্যাগের মধ্যে পুরিয়া দিল। সতর্ক হরলাল সেই ব্যাগটি লইয়া তখনই আয়রন-সেফের মধ্যে
রাখিল।

বেণু হরলালের মার পায়ের ধুলা লইল। তিনি রুদ্ধকণ্ঠে আশীর্বাদ করিলেন, “মা জগদম্বা তোমার
মা হইয়া তোমাকে রক্ষা করুন।”

তাহার পরে বেণু হরলালের পাদস্পর্শ করিয়া প্রণাম করিল। আর-কোনোদিন সে হরলালকে এমন

করিয়া প্রণাম করে নাই। হরলাল কোনো কথা না বলিয়া তাহার পিঠে হাত দিয়া তাহার সঙ্গে সঙ্গে নীচে নামিয়া আসিল। গাড়ির লঠনে আলো জ্বলিল, ঘোড়া দুটা অধীর হইয়া উঠিল। কলিকাতার গ্যাসালোকখচিত নিশীথের মধ্যে বেণুকে লইয়া গাড়ি অদৃশ্য হইয়া গেল।

হরলাল তাহার ঘরে আসিয়া অনেকক্ষণ ধরিয়া চুপ করিয়া বসিয়া রহিল। তাহার পর একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া টাকা গনিতে গনিতে ভাগ করিয়া এক-একটা খলিতে ভরতি করিতে লাগিল। নোটগুলো পূর্বেই গনা হইয়া খলিবন্দি হইয়া লোহার সিন্দুকে উঠিয়াছিল।

১১

লোহার সিন্দুকের চাবি মাথার বালিশের নীচে রাখিয়া সেই টাকার ঘরেই হরলাল অনেক রাতে শয়ন করিল। ভালো ঘুম হইল না। স্বপ্নে দেখিল— বেণুর মা পর্দার আড়াল হইতে তাহাকে উচ্চস্বরে তিরস্কার করিতেছেন; কথা কিছুই স্পষ্ট শুনা যাইতেছে না, কেবল সেই অনির্দিষ্ট কণ্ঠস্বরের সঙ্গে সঙ্গে বেণুর মার চুনি-পান্না-হীরার অলংকার হইতে লাল সবুজ শুভ্র রশ্মির সূচিশুলি কালো পর্দাটাকে ফুড়িয়া বাহির হইয়া আন্দোলিত হইতেছে। হরলাল প্রাণপণে বেণুকে ডাকিবার চেষ্টা করিতেছে কিন্তু তাহার গলা দিয়া কিছুতেই স্বর বাহির হইতেছে না। এমন সময় প্রচণ্ড শব্দে কী একটা ভাঙিয়া পর্দা ছিড়িয়া পড়িয়া গেল— চমকিয়া চোখ মেলিয়া হরলাল দেখিল একটা স্তূপাকার অঙ্ককার। হঠাৎ একটা দমকা হাওয়া উঠিয়া সশব্দে জানলায় ঠেলা দিয়া আলো নিবাইয়া দিয়াছে। হরলালের সমস্ত শরীর ঘামে ভিজিয়া গেছে। সে তাড়াতাড়ি উঠিয়া দেশালাই দিয়া আলো জ্বালিল। ঘড়িতে দেখিল চারটে বাজিয়াছে। আর ঘুমাইবার সময় নাই— টাকা লইয়া মফস্বলে যাইবার জন্য প্রস্তুত হইতে হইবে।

হরলাল মুখ ধুইয়া ফিরিবার সময় মা তাহার ঘর হইতে কহিলেন, “কী বাবা, উঠিয়াছিস?”

হরলাল প্রভাতে প্রথমে মাতার মঙ্গলমুখ দেখিবার জন্য ঘরে প্রবেশ করিল। মা তাহার প্রণাম লইয়া মনে মনে তাহাকে আশীর্বাদ করিয়া কহিলেন, “বাবা, আমি এইমাত্র স্বপ্ন দেখিতেছিলাম, তুই যেন বউ আনিতে চলিয়াছিস। ভোরের স্বপ্ন কি মিথ্যা হইবে।”

হরলাল হাসিয়া ঘরে প্রবেশ করিল। টাকা ও নোটের খলেগুলো লোহার সিন্দুক হইতে বাহির করিয়া প্যাকবান্ডয় বন্ধ করিবার জন্য উদযোগ করিতে লাগিল। হঠাৎ তাহার বুকের ভিতর ধড়াস করিয়া উঠিল— দুই-তিনটা নোটের খলি শূন্য। মনে হইল স্বপ্ন দেখিতেছে। খলেগুলো লইয়া সিন্দুকের গায়ে জোরে আছাড় দিল— তাহাতে শূন্য খলের শূন্যতা অপ্রমাণ হইল না। তবু বৃথা আশায় খলের বন্ধনগুলো খুলিয়া খুব করিয়া ঝাড়া দিল, একটি খলের ভিতর হইতে দুইখানি চিঠি বাহির হইয়া পড়িল। বেণুর হাতের লেখা— একটি চিঠি তাহার বাপের নামে, আর-একটি হরলালের।

তাড়াতাড়ি খুলিয়া পড়িতে গেল। চোখে যেন দেখিতে পাইল না। মনে হইল যেন আলো যথেষ্ট নাই। কেবলই বাতি উসকাইয়া দিতে লাগিল। যাহা পড়ে তাহা ভালো বোঝে না, বাংলা ভাষা যেন ভুলিয়া গেছে।

কথাটা এই যে, বেণু তিন হাজার টাকার পরিমাণ দশটাকাওয়ালা নোট লইয়া বিলাতে যাত্রা করিয়াছে, আজ ভোরেই জাহাজ ছাড়িবার কথা। হরলাল যে সময় খাইতে গিয়াছিল সেই সময় বেণু এই কাণ্ড করিয়াছে। লিখিয়াছে যে, ‘বাবাকে চিঠি দিলাম, তিনি আমার এই ঋণ শোধ করিয়া দিবেন। তা ছাড়া ব্যাগ খুলিয়া দেখিবেন, তাহার মধ্যে মায়ের যে গহনা আছে তাহার দাম, কত ঠিক জানি না, বোধ হয় তিন হাজার টাকার বেশি হইবে। মা যদি ঝাচিয়া থাকিতেন তবে বাবা আমাকে বিলাতে যাইবার টাকা না দিলেও এই গহনা দিয়াই নিশ্চয় মা আমাকে খরচ জোগাড় করিয়া দিতেন। আমার মায়ের গহনা বাবা যে আর কাহাকেও দিবেন তাহা আমি সহ্য করিতে পারি না। সেইজন্য যেমন করিয়া পারি আমিই তাহা লইয়াছি। বাবা যদি টাকা দিতে দেরি করেন তবে আপনি অনায়াসে এই

গহনা বেচিয়া বা বন্ধক দিয়া টাকা লইতে পারিবেন। এ আমার মায়ের জিনিস— এ আমারই জিনিস।’ এ ছাড়া আরো অনেক কথা— সে কোনো কাজের কথা নহে।

হরলাল ঘরে তালা দিয়া তাড়াতাড়ি একখানা গাড়ি লইয়া গঙ্গার ঘাটে ছুটিল। কোন্ জাহাজে বেণু যাত্রা করিয়াছে তাহার নামও সে জানে না। মেটিয়াবুরুজ পর্যন্ত ছুটিয়া হরলাল খবর পাইল দুইখানা জাহাজ ভাঙে রওনা হইয়া গেছে। দুখানাই ইংলণ্ডে যাইবে। কোন্ জাহাজে বেণু আছে তাহাও তাহার অনুমানের অতীত এবং সে জাহাজ ধরিবার যে কী উপায় তাহাও সে ভাবিয়া পাইল না।

মেটিয়াবুরুজ হইতে তাহার বাসার দিকে যখন গাড়ি ফিরিল তখন সকালের রৌদ্রে কলিকাতা শহর জাগিয়া উঠিয়াছে। হরলালের চোখে কিছুই পড়িল না। তাহার সমস্ত হতবুদ্ধি অন্তঃকরণ একটা কলেবরহীন নিদারুণ প্রতিকূলতাকে যেন কেবলই প্রাণপণে ঠেলা মারিতেছিল— কিন্তু কোথাও এক তিলও তাহাকে টলাইতে পারিতেছিল না। যে বাসায় তাহার মা থাকেন, এতদিন যে বাসায় পা দিবামাত্র কর্মক্ষেত্রের সমস্ত ক্লান্তি ও সংঘাতের বেদনা মুহূর্তের মধ্যেই তাহার দূর হইয়া গিয়াছে, সেই বাসার সম্মুখে গাড়ি আসিয়া দাঁড়াইল— গাড়োয়ানের ভাড়া চুকাইয়া দিয়া সেই বাসার মধ্যে সে অপরিমেয় নৈরাশ্য ও ভয় লইয়া প্রবেশ করিল।

মা উদ্ভিগ্ন হইয়া বারান্দায় দাঁড়াইয়া ছিলেন। জিজ্ঞাসা করিলেন, “বাবা, কোথায় গিয়াছিলে।”

হরলাল বলিয়া উঠিল, “মা, তোমার জন্য বউ আনিতে গিয়াছিলাম।” বলিয়া শুষ্ককণ্ঠে হাসিতে হাসিতে সেইখানেই মুছিত হইয়া পড়িয়া গেল।

“ও মা, কী হইল গো” বলিয়া মা তাড়াতাড়ি জল আনিয়া তাহার মুখে জলের ঝাপটা দিতে লাগিলেন।

কিছুক্ষণ পরে হরলাল চোখ খুলিয়া শূন্যদৃষ্টিতে চারি দিকে চাহিয়া উঠিয়া বসিল। হরলাল কহিল, “মা, তোমরা ব্যস্ত হইয়ো না। আমাকে একটু একলা থাকিতে দাও।” বলিয়া সে তাড়াতাড়ি ঘরের মধ্যে প্রবেশ করিয়াই ভিতর হইতে দরজা বন্ধ করিয়া দিল। মা দরজার বাহিরে মাটির উপর বসিয়া পড়িলেন— ফাল্গুনের রৌদ্র তাহার সর্বাস্তে আসিয়া পড়িল। তিনি রুদ্ধ দরজার উপর মাথা রাখিয়া থাকিয়া থাকিয়া কেবল ডাকিতে লাগিলেন, “হরলাল, বাবা হরলাল।”

হরলাল কহিল, “মা, একটু পরেই আমি বাহির হইব, এখন তুমি যাও।”

মা রৌদ্রে সেইখানেই বসিয়া জপ করিতে লাগিলেন।

আপিসের দরোয়ান আসিয়া দরজায় ঘা দিয়া কহিল, “বাবু, এখনই না বাহির হইলে আর গাড়ি পাওয়া যাইবে না।”

হরলাল ভিতর হইতে কহিল, “আজ সাতটার গাড়িতে যাওয়া হইবে না।”

দরোয়ান কহিল, “তবে কখন যাইবেন।”

হরলাল কহিল, “সে আমি তোমাকে পরে বলিব।”

দরোয়ান মাথা নাড়িয়া হাত উলটাইয়া নীচে চলিয়া গেল।

হরলাল ভাবিতে লাগিল, ‘এ কথা বলি কাহাকে। এ যে চুরি। বেণুকে কি জেলে দিব।’

হঠাৎ সেই গহনার কথা মনে পড়িল। সে কথাটা একেবারেই ভুলিয়া গিয়াছিল। মনে হইল যেন কিনারা পাওয়া গেল। ব্যাগ খুলিয়া দেখে তাহার মধ্যে শুধু আংটি ঘড়ি বোতাম হার নহে— ব্রেসলেট চিক সিধি মুস্তার মালা প্রভৃতি আরো অনেক দামি গহনা আছে। তাহার দাম তিন হাজার টাকার অনেক বেশি। কিন্তু এও তো চুরি। এও তো বেণুর নয়। এ ব্যাগ যতক্ষণ তাহার ঘরে থাকে ততক্ষণ তাহার বিপদ।

তখন আর দেরি না করিয়া অধরলালের সেই চিঠি ও ব্যাগ লইয়া হরলাল ঘর হইতে বাহির হইল।

মা জিজ্ঞাসা করিলেন, “কোথায় যাও, বাবা।”

হরলাল কহিল, “অধরবাবুর বাড়িতে।”

মার বুক হইতে হঠাৎ অনির্দিষ্ট ভয়ের একটা মন্ত বোকা নামিয়া গেল। তিনি স্থির করিলেন, ঐ-যে

হরলাল কাল শুনিয়াছে বেণুর বাপের বিয়ে, তাই শুনিয়া অবধি বাহার মনে শান্তি নাই। আহা, বেণুকে কত ভালোই বাসে।

মা জিজ্ঞাসা করিলেন, “আজ তবে তোমার আর মফস্বলে যাওয়া হইবে না?”

হরলাল কহিল, “না।” বলিয়াই তাড়াতাড়ি বাহির হইয়া পড়িল।

অধরবাবুর বাড়ি পৌছিবার পূর্বেই দূর হইতে শোনা গেল রসনচৌকি আলেয়া রাগিণীতে করুণস্বরে আলাপ জুড়িয়া দিয়াছে, কিন্তু হরলাল দরজায় ঢুকিয়াই দেখিল, বিবাহবাড়ির উৎসবের সঙ্গে একটা যেন অশান্তির লক্ষণ মিশিয়াছে। দরওয়ানের পাহারা কড়াকড়, বাড়ি হইতে চাকরবাকর কেহ বাহির হইতে পারিতেছে না— সকলেরই মুখে ভয় ও চিন্তার ভাব; হরলাল খবর পাইল, কাল রাত্রে বাড়িতে অনেক টাকার গহনা চুরি হইয়া গেছে। দুই-তিনজন চাকরকে বিশেষভাবে সন্দেহ করিয়া পুলিশের হাতে সমর্পণ করিবার উদ্যোগ হইতেছে।

হরলাল দোতলায় বারান্দায় গিয়া দেখিল, অধরবাবু আশুন হইয়া বসিয়া আছেন, ও রতিকান্ত তামাক খাইতেছে। হরলাল কহিল, “আপনার সঙ্গে গোপনে আমার একটু কথা আছে।”

অধরবাবু চটিয়া উঠিয়া কহিলেন, “তোমার সঙ্গে গোপনে আলাপ করিবার এখন আমার সময় নয়— যাহা কথা থাকে এইখানেই বলিয়া ফেলো।”

তিনি ভাবিলেন, হরলাল বুঝি এই সময়ে তাঁহার কাছে সাহায্য বা ধর চাহিতে আসিয়াছে। রতিকান্ত কহিল, “আমার সামনে বাবুকে কিছু জানাইতে যদি লজ্জা করেন, আমি নাহয় উঠি।”

অধর বিরক্ত হইয়া কহিলেন, “আঃ, বোসো-না।”

হরলাল কহিল, “কাল রাত্রে বেণু আমার বাড়িতে এই ব্যাগ রাখিয়া গেছে।”

অধর। ব্যাগে কী আছে।

হরলাল ব্যাগ খুলিয়া অধরবাবুর হাতে দিল।

অধর। মাস্টারে ছাত্রে মিলিয়া বেশ কারবার খুলিয়াছ তো। জানিতে এ চোরাই মাল বিক্রি করিলে ধরা পড়িবে, তাই আনিয়া দিয়াছ— মনে করিতেছ সাধুতার জন্য বকশিশ পাইবে?

তখন হরলাল অধরের পত্রখানা তাঁহার হাতে দিল। পড়িয়া তিনি আশুন হইয়া উঠিলেন। বলিলেন, “আমি পুলিশে খবর দিব। আমার ছেলে এখনো সাবালক হয় নাই— তুমি তাহাকে চুরি করিয়া বিলাত পাঠাইয়াছ। হয়তো পাঁচশো টাকা ধর দিয়া তিন হাজার টাকা লিখাইয়া লইয়াছ। এ ধর আমি শুধিব না।”

হরলাল কহিল, “আমি ধর দিই নাই।”

অধর কহিলেন, “তবে সে টাকা পাইল কোথা হইতে। তোমার বাস্ত ভাঙিয়া চুরি করিয়াছে?”

হরলাল সে প্রশ্নের কোনো উত্তর দিল না। রতিকান্ত টিপিয়া টিপিয়া কহিল, “ওকে জিজ্ঞাসা করুন-না, তিন হাজার টাকা কেন, পাঁচশো টাকাও উনি কি কখনো চক্ষে দেখিয়াছেন।”

যাহা হউক, গহনা চুরির মীমাংসা হওয়ার পরেই বেণুর বিলাত পালানো লইয়া বাড়িতে একটা হলফুল পড়িয়া গেল। হরলাল সমস্ত অপরাধের ভার মাথায় করিয়া লইয়া বাড়ি হইতে বাহির হইয়া আসিল।

রাত্তায় যখন বাহির হইল তখন তাহার মন যেন অসাড় হইয়া গেছে। ভয় করিবার এবং ভাবনা করিবারও শক্তি তখন ছিল না। এই ব্যাপারের পরিণাম যে কী হইতে পারে মন তাহা চিন্তা করিতেও চাহিল না।

গলিতে প্রবেশ করিয়া দেখিল তাহার বাড়ির সম্মুখে একটা গাড়ি দাঁড়াইয়া আছে। চমকিয়া উঠিল। হঠাৎ আশা হইল, বেণু ফিরিয়া আসিয়াছে। নিশ্চয়ই বেণু! তাহার বিপদ যে সম্পূর্ণ নিরূপায়রূপে চূড়ান্ত হইয়া উঠিবে এ কথা সে কোনোমতেই বিশ্বাস করিতে পারিল না।

তাড়াতাড়ি গাড়ির কাছে আসিয়া দেখিল, গাড়ির ভিতরে তাহাদের আপিসের একজন সাহেব বসিয়া আছে। সাহেব হরলালকে দেখিয়াই গাড়ি হইতে নামিয়া তাহার হাত ধরিয়া বাড়িতে প্রবেশ

করিল। জিজ্ঞাসা করিল, “আজ মফস্বলে গেলে না কেন।”

আপিসের দরোয়ান সন্দেহ করিয়া বড়োসাহেবকে গিয়া জানাইয়াছে— তিনি ইহাকে পাঠাইয়াছেন।

হরলাল বলিল, “তিন হাজার টাকার নোট পাওয়া যাইতেছে না।”

সাহেব জিজ্ঞাসা করিল, “কোথায় গেল?”

হরলাল ‘জানি না’ এমন উত্তরও দিতে পারিল না, চূপ করিয়া রহিল।

সাহেব কহিল, “টাকা কোথায় আছে দেখিব চলো।”

হরলাল তাহাকে উপরের ঘরে লইয়া গেল। সাহেব সমস্ত গনিয়া চারি দিক খুঁজিয়া-পাতিয়া দেখিল। বাড়ির সমস্ত ঘর তন্ন তন্ন করিয়া অনুসন্ধান করিতে লাগিল। এই-সমস্ত ব্যাপার দেখিয়া মা আর থাকিতে পারিলেন না— তিনি সাহেবের সামনেই বাহির হইয়া বাকুল হইয়া জিজ্ঞাসা করিলেন, “ওরে হরলাল, কী হইল রে।”

হরলাল কহিল, “মা, টাকা চুরি গেছে।”

মা কহিলেন, “চুরি কেমন করিয়া যাইবে। হরলাল, এমন সর্বনাশ কে করিল।”

হরলাল কহিল, “মা, চূপ করো।”

সন্ধান শেষ করিয়া সাহেব জিজ্ঞাসা করিল, “এ ঘরে রাতে কে ছিল।”

হরলাল কহিল, “দ্বার বন্ধ করিয়া আমি একলা শুইয়াছিলাম— আর-কেহ ছিল না।”

সাহেব টাকাগুলো গাড়িতে তুলিয়া হরলালকে কহিল, “আচ্ছা, বড়োসাহেবের কাছে চলো।”

হরলালকে সাহেবের সঙ্গে চলিয়া যাইতে দেখিয়া মা তাহাদের পথ রোধ করিয়া কহিল, “সাহেব, আমার ছেলেকে কোথায় লইয়া যাইবে। আমি মা খাইয়া এ ছেলে মানুষ করিয়াছি— আমার ছেলে কখনোই পরের টাকায় হাত দিবে না।”

সাহেব বাংলা কথা কিছু না বুঝিয়া কহিল, “আচ্ছা, আচ্ছা।”

হরলাল কহিল, “মা, তুমি কেন ব্যস্ত হইতেছ। বড়োসাহেবের সঙ্গে দেখা করিয়া আমি এখনই আসিতেছি।”

মা উদ্বিগ্ন হইয়া কহিলেন, “তুই যে সকাল থেকে কিছুই খাস নাই।”

সে কথার কোনো উত্তর না দিয়া হরলাল গাড়িতে উঠিয়া চলিয়া গেল। মা মেজের উপরে লুটাইয়া পড়িয়া রহিলেন।

বড়োসাহেব হরলালকে কহিলেন, “সত্য করিয়া বলো ব্যাপারখানা কী।”

হরলাল কহিল, “আমি টাকা লই নাই।”

বড়োসাহেব। সে কথা আমি সম্পূর্ণ বিশ্বাস করি। কিন্তু তুমি নিশ্চয় জান কে লইয়াছে?

হরলাল কোনো উত্তর না দিয়া মুখ নিচু করিয়া বসিয়া রহিল।

সাহেব। তোমার জ্ঞাতসারে এ টাকা কেহ লইয়াছে?

হরলাল কহিল, “আমার প্রাণ থাকিতে আমার জ্ঞাতসারে এ টাকা কেহ লইতে পারিত না।”

বড়োসাহেব কহিলেন, “দেখো হরলাল, আমি তোমাকে বিশ্বাস করিয়া কোনো আমিন না লইয়া এই দায়িত্বের কাজ দিয়াছিলাম। আপিসের সকলেই বিরোধী ছিল। তিন হাজার টাকা কিছুই বেশি নয়। কিন্তু তুমি আমাকে বড়ো লজ্জাতেই ফেলিবে। আজ সমস্ত দিন তোমাকে সময় দিলাম— যেমন করিয়া পার টাকা সংগ্রহ করিয়া আনো— তাহা হইলে এ লইয়া কোনো কথা তুলিব না, তুমি যেমন কাজ করিতেছ তেমনি করিবে।”

এই বলিয়া সাহেব উঠিয়া গেলেন। তখন বেলা এগারোটা হইয়া গেছে। হরলাল যখন মাথা নিচু করিয়া বাহির হইয়া গেল তখন আপিসের বাবুরা অত্যন্ত খুশি হইয়া হরলালের পতন লইয়া আলোচনা করিতে লাগিল।

হরলাল একদিন সময় পাইল। আরো একটা দীর্ঘ দিন নৈরাশ্যের শেখতলের পঙ্ক আলোড়ন করিয়া তুলিবার মেয়াদ বাড়িল।

উপায় কী, উপায় কী, উপায় কী— এই ভাবিতে ভাবিতে সেই রৌদ্রে হরলাল রাস্তায় বেড়াইতে লাগিল। শেষে উপায় আছে কি না সে ভাবনা বন্ধ হইয়া গেল কিন্তু বিনা কারণে পথে ঘুরিয়া বেড়ানো থামিল না। যে কলিকাতা হাজার হাজার লোকের আশ্রয়স্থান তাহাই এক মুহূর্তে হরলালের পক্ষে একটা প্রকাণ্ড ফাঁসকলের মতো হইয়া উঠিল। ইহার কোনো দিকে বাহির হইবার কোনো পথ নাই। সমস্ত জনসমাজ এই অতিক্রম হরলালকে চারি দিকে আটক করিয়া দাঁড়াইয়াছে। কেহ তাহাকে জানেও না, এবং তাহার প্রতি কাহারও মনে কোনো বিদ্বেষও নাই, কিন্তু প্রত্যেক লোকেই তাহার শত্রু। অথচ রাস্তার লোক তাহার গা ঘেঁষিয়া তাহার পাশ দিয়া চলিয়াছে; আপিসের বাবুরা বাহিরে আসিয়া ঠাণ্ডায় করিয়া জল খাইতেছেন, তাহার দিকে কেহ তাকাইতেছেন না; ময়দানের ধারে অলস পথিক মাথার নীচে হাত রাখিয়া একটা পায়ের উপর আর-একটা পা তুলিয়া গাছের তলায় পড়িয়া আছে; সাকরাগাড়ি ভরতি করিয়া হিন্দুস্থানী মেয়েরা কালীঘাটে চলিয়াছে; একজন চাপরাসি একখানা চিঠি লইয়া হরলালের সম্মুখে ধরিয়া কহিল, “বাবু, ঠিকানা পড়িয়া দাও”— যেন তাহার সঙ্গে অন্য পথিকের কোনো প্রভেদ নাই; সেও ঠিকানা পড়িয়া তাহাকে বুঝাইয়া দিল। ক্রমে আপিস বন্ধ হইবার সময় আসিল। বাড়িমুখে গাড়িগুলো আপিসমহলের নানা রাস্তা দিয়া ছুটিয়া বাহির হইতে লাগিল। আপিসের বাবুরা ট্রাম ভরতি করিয়া থিয়েটারের বিজ্ঞাপন পড়িতে পড়িতে বাসায় ফিরিয়া চলিল। আজ হইতে হরলালের আপিস নাই, আপিসের ছুটি নাই, বাসায় ফিরিয়া যাইবার জন্য ট্রাম ধরবার কোনো তাড়া নাই। শহরের সমস্ত কাজকর্ম, বাড়িঘর, গাড়িজুড়ি, আনাগোনা হরলালের কাছে কখনো-বা অত্যন্ত উৎকট সত্যের মতো দাঁত মেলিয়া উঠিতেছে, কখনো-বা একেবারে বস্তুহীন স্বপ্নের মতো ছায়া হইয়া আসিতেছে। আহা নাই, বিশ্রাম নাই, আশ্রয় নাই, কেমন করিয়া যে হরলালের দিন কাটিয়া গেল তাহা সে জানিতেও পারিল না। রাস্তায় রাস্তায় গ্যাসের আলো জ্বলিল— যেন একটা সতর্ক অঙ্ককার দিকে দিকে তাহার সহস্র ক্রুর চক্ষু মেলিয়া শিকারলুক্ক দানবের মতো চূপ করিয়া রহিল। রাত্রি কত হইল সে কথা হরলাল চিন্তাও করিল না। তাহার কপালের শিরা দব্ দব্ করিতেছে; মাথা যেন ফাটিয়া যাইতেছে; সমস্ত শরীরে আগুন জ্বলিতেছে; পা আর চলে না। সমস্ত দিন পর্যায়ক্রমে বেদনার উদ্বেজনা ও অবসাদের অসাড়তার মধ্যে মার কথা কেবল মনের মধ্যে যাতায়াত করিয়াছে— কলিকাতার অসংখ্য জনশ্রেণীর মধ্যে কেবল ঐ একটিমাত্র নামই শুষ্ককণ্ঠ ভেদ করিয়া মুখে উঠিয়াছে— মা, মা, মা। আর কাহাকেও ডাকিবার নাই। মনে করিল, রাত্রি যখন নিবিড় হইয়া আসিবে, কোনো লোকই যখন এই অতি সামান্য হরলালকে বিনা অপরাধে অপমান করিবার জন্য জাগিয়া থাকিবে না, তখন সে চূপ করিয়া তাহার মায়ের কোলের কাছে গিয়া শুইয়া পড়িবে— তাহার পরে ঘুম যেন আর না ভাঙে! পাছে তার মার সম্মুখে পুলিশের লোক বা আর-কেহ তাহাকে অপমান করিতে আসে এই ভয়ে সে বাসায় যাইতে পারিতেছিল না। শরীরের ভার যখন আর বহিতে পারে না এমন সময় হরলাল একটা ভাড়াটে গাড়ি দেখিয়া তাহাকে ডাকিল। গাড়োয়ান জিজ্ঞাসা করিল, “কোথায় যাইবে।”

হরলাল কহিল, “কোথাও না। এই ময়দানের রাস্তায় খানিকক্ষণ হাওয়া খাইয়া বেড়াইব।”

গাড়োয়ান সন্দেহ করিয়া চলিয়া যাইবার উপক্রম করিতেই হরলাল তাহার হাতে আগাম ভাড়া একটা টাকা দিল। সে গাড়ি তখন হরলালকে লইয়া ময়দানের রাস্তায় ঘুরিয়া ঘুরিয়া বেড়াইতে লাগিল।

তখন শ্রান্ত হরলাল তাহার তপ্ত মাথা খোলা জানলার উপর রাখিয়া চোখ বুজিল। একটু একটু করিয়া তাহার সমস্ত বেদনা যেন দূর হইয়া আসিল। শরীর শীতল হইল। মনের মধ্যে একটি সুগভীর সূনিবিড় আনন্দপূর্ণ শান্তি ঘনাইয়া আসিতে লাগিল। একটা যেন পরম পরিভ্রাণ তাহাকে চারি দিক হইতে আলিঙ্গন করিয়া ধরিল। সে যে সমস্তদিন মনে করিয়াছিল কোথাও তাহার কোনো পথ নাই, সহায় নাই, নিষ্কৃতি নাই, তাহার অপমানের শেষ নাই, দুঃখের অবধি নাই, সে কথাটা যেন এক মুহূর্তেই মিথ্যা হইয়া গেল। এখন মনে হইল, সে তো একটা ভয় মাত্র, সে তো সত্য নয়। যাহা তাহার

জীবনকে লোহার মুঠিতে আঁটিয়া পিষিয়া ধরিয়াছিল, হরলাল তাহাকে আর কিছুমাত্র স্বীকার করিল না— মুক্তি অনন্ত আকাশ পূর্ণ করিয়া আছে, শক্তির কোথাও সীমা নাই। এই অতি সামান্য হরলালকে বেদনার মধ্যে, অপমানের মধ্যে, অন্যায়ের মধ্যে বন্দী করিয়া রাখিতে পারে এমন শক্তি বিশ্বব্রহ্মাণ্ডের কোনো রাজা-মহারাজারও নাই। যে আতঙ্কে সে আপনাকে আপনি ঝাঁঝিয়াছিল তাহা সমস্তই খুলিয়া গেল। তখন হরলাল আপনার বন্ধনমুক্ত হৃদয়ের চারি দিকে অনন্ত আকাশের মধ্যে অনুভব করিতে লাগিল, যেন তাহার সেই দরিদ্র মা দেখিতে দেখিতে বাড়িতে বাড়িতে বিরাটরূপে সমস্ত অঙ্ককার জুড়িয়া বসিতেছেন। তাহাকে কোথাও ধরিতেছে না। কলিকাতার রাস্তাঘাট বাড়িঘর দোকানবাজার একটু একটু করিয়া তাহার মধ্যে আচ্ছন্ন হইয়া লুপ্ত হইয়া যাইতেছে— বাতাস ভরিয়া গেল, আকাশ ভরিয়া উঠিল, একটি একটি করিয়া নক্ষত্র তাহার মধ্যে মিলাইয়া গেল— হরলালের শরীরমনের সমস্ত বেদনা, সমস্ত ভাবনা, সমস্ত চেতনা তাহার মধ্যে অল্প অল্প করিয়া নিঃশেষ হইয়া গেল— ঐ গেল, তপ্ত বাষ্পের বৃদবৃদ একেবারে ফাটিয়া গেল— এখন আর অঙ্ককারও নাই, আলোকও নাই, রহিল কেবল একটি প্রগাঢ় পরিপূর্ণতা।

গির্জার ঘড়িতে একটা বাজিল। গাড়োয়ান অঙ্ককার ময়দানের মধ্যে গাড়ি লইয়া ঘুরিতে ঘুরিতে অবশেষে বিরক্ত হইয়া কহিল, “বাবু, ঘোড়া তো আর চলিতে পারে না— কোথায় যাইতে হইবে বলো।”

কোনো উত্তর পাইল না। কোচবান্ন হইতে নামিয়া হরলালকে নাড়া দিয়া আবার জিজ্ঞাসা করিল। উত্তর নাই। তখন ভয় পাইয়া গাড়োয়ান পরীক্ষা করিয়া দেখিল হরলালের শরীর আড়ট, তাহার নিশ্বাস বহিতেছে না।

‘কোথায় যাইতে হইবে’ হরলালের কাছ হইতে এই প্রশ্নের আর উত্তর পাওয়া গেল না।

আষাঢ়-শ্রাবণ ১৩১৪

গুপ্তধন

১

অমাবস্যার নিশীথ রাত্রি। মৃত্যুঞ্জয় তান্ত্রিক মতে তাহাদের বহুকালের গৃহদেবতা জয়কালীর পূজায় বসিয়াছে। পূজা সমাধা করিয়া যখন উঠিল তখন নিকটস্থ আমবাগান হইতে প্রত্যুষের প্রথম কাক ডাকিল।

মৃত্যুঞ্জয় পশ্চাতে ফিরিয়া চাহিয়া দেখিল মন্দিরের দ্বার রুদ্ধ রহিয়াছে। তখন সে একবার দেবীর চরণতলে মস্তক ঠেকাইয়া তাহার আসন সরাইয়া দিল। সেই আসনের নীচে হইতে একটি কাঁঠালকাঠের বাস বাহির হইল। পৈতায় চাবি ঝাঁঝা ছিল। সেই চাবি লাগাইয়া মৃত্যুঞ্জয় বাসটি খুলিল। খুলিবামাত্রই চমকিয়া উঠিয়া মাথায় করাঘাত করিল।

মৃত্যুঞ্জয়ের অন্দরের বাগান প্রাচীর দিয়া ঘেরা। সেই বাগানের এক প্রান্তে বড়ো বড়ো গাছের ছায়ার অঙ্ককারে এই ছোটো মন্দিরটি। মন্দিরে জয়কালীর মূর্তি ছাড়া আর-কিছুই নাই; তাহার প্রবেশদ্বার একটিমাত্র। মৃত্যুঞ্জয় বাসটি লইয়া অনেকক্ষণ নাড়াচাড়া করিয়া দেখিল। মৃত্যুঞ্জয় বাসটি খুলিবার পূর্বে তাহা বন্ধই ছিল— কেহ তাহা ভাঙে নাই। মৃত্যুঞ্জয় দশবার করিয়া প্রতিমার চারি দিকে ঘুরিয়া হাতড়াইয়া দেখিল— কিছুই পাইল না। পাগলের মতো হইয়া মন্দিরের দ্বার খুলিয়া ফেলিল— তখন ভোরের আলো ফুটিতেছে। মন্দিরের চারি দিকে মৃত্যুঞ্জয় ঘুরিয়া ঘুরিয়া বৃথা আশ্বাসে খুঁজিয়া বেড়াইতে লাগিল।

সকালবেলাকার আলোক যখন পরিস্ফুট হইয়া উঠিল তখন সে বাহিরের চণ্ডীমণ্ডপে আসিয়া মাথায় হাত দিয়া বসিয়া ভাবিতে লাগিল । সমস্ত রাত্রি অনিদ্রার পর ক্লাস্তশরীরে একটু তন্দ্রা আসিয়াছে, এমন সময়ে হঠাৎ চমকিয়া উঠিয়া গুলিল, “জয় হোক, বাবা ।”

সম্মুখে প্রাক্গণে এক জটাভূটধারী সন্ন্যাসী । মৃত্যুঞ্জয় ভক্তিতরে তাঁহাকে প্রণাম করিল । সন্ন্যাসী তাহার মাথায় হাত দিয়া আশীর্বাদ করিয়া কহিলেন, “বাবা, তুমি মনের মধ্যে বৃথা শোক করিতেছ ।”

গুলিয়া মৃত্যুঞ্জয় আশ্চর্য হইয়া উঠিল— কহিল, “আপনি অন্তর্যামী, নহিলে আমার শোক কেমন করিয়া বুঝিলেন । আমি তো কাহাকেও কিছু বলি নাই ।”

সন্ন্যাসী কহিলেন, “বৎস, আমি বলিতেছি, তোমার যাহা হারাইয়াছে সেজন্য তুমি আনন্দ করো, শোক করিয়ো না ।”

মৃত্যুঞ্জয় তাঁহার দুই পা জড়াইয়া ধরিয়া কহিল, “আপনি তবে তো সমস্তই জানিয়াছেন— কেমন করিয়া হারাইয়াছে, কোথায় গেলে ফিরিয়া পাইব, তাহা না বলিলে আমি আপনার চরণ ছাড়িব না ।”

সন্ন্যাসী কহিলেন, “আমি যদি তোমার অমঙ্গল কামনা করিতাম তবে বলিতাম । কিন্তু ভগবতী দয়া করিয়া যাহা হরণ করিয়াছেন সেজন্য শোক করিয়ো না ।”

মৃত্যুঞ্জয় সন্ন্যাসীকে প্রসন্ন করিবার জন্য সমস্তদিন বিবিধ উপচারে তাঁহার সেবা করিল । পরদিন প্রত্যুষে নিজের গোহাল হইতে লোটা ভরিয়া সফেন দুগ্ধ দুহিয়া লইয়া আসিয়া দেখিল, সন্ন্যাসী নাই ।

২

মৃত্যুঞ্জয় যখন শিশু ছিল, যখন তাহার পিতামহ হরিহর একদিন এই চণ্ডীমণ্ডপে বসিয়া তামাক খাইতেছিল, তখন এমনি করিয়াই একটি সন্ন্যাসী ‘জয় হোক, বাবা’ বলিয়া এই প্রাক্গণে আসিয়া দাঁড়াইয়াছিলেন । হরিহর সেই সন্ন্যাসীকে কয়েকদিন বাড়িতে রাখিয়া বিধিমত সেবার দ্বারা সন্তুষ্ট করিল ।

বিদায়কালে সন্ন্যাসী যখন জিজ্ঞাসা করিলেন, “বৎস, তুমি কী চাও,” হরিহর কহিল, “বাবা যদি হইয়া থাকেন তবে আমার অবস্থাটা একবার শুনুন । এককালে এই গ্রামে আমরা সকলের চেয়ে বর্ধিকু ছিলাম । আমার প্রপিতামহ দূর হইতে কুলীন আনাইয়া তাঁহার এক কন্যার বিবাহ দিয়াছিলেন । তাঁহার সেই দৌহিত্রবংশ আমাদেরই ফাঁকি দিয়া আজকাল এই গ্রামে বড়োলোক হইয়া উঠিয়াছে । আমাদের এখন অবস্থা ভালো নয়, কাজেই ইহাদের অহংকার সহ্য করিয়া থাকি । কিন্তু আর সহ্য হয় না । কী করিলে আবার আমাদের বংশ বড়ো হইয়া উঠিবে সেই উপায় বলিয়া দিন, সেই আশীর্বাদ করুন ।”

সন্ন্যাসী ঈষৎ হাসিয়া কহিলেন, “বাবা, ছোটো হইয়া সুখে থাকো । বড়ো হইবার চেঁচায় শ্রেয় দেখি না ।”

কিন্তু হরিহর তবু ছাড়িল না, বংশকে বড়ো করিবার জন্য সে সমস্ত স্বীকার করিতে রাজি আছে । তখন সন্ন্যাসী তাঁহার খুলি হইতে কাপড়ে মোড়া একটি তুলট কাগজের লিখন বাহির করিলেন । কাগজখানি দীর্ঘ, কোষ্ঠীপত্রের মতো গুটানো । সন্ন্যাসী সেটি মেজের উপরে খুলিয়া ধরিলেন । হরিহর দেখিল, তাহাতে নানাপ্রকার চক্রে নানা সাংকেতিক চিহ্ন আঁকা ; আর সকলের নিম্নে একটি প্রকাণ্ড ছড়া লেখা আছে, তাহার আরম্ভটা এইরূপ :

পায়ে ধরে সাধা ।
রা নাহি দেয় রাধা ॥
শেবে দিল রা,
পাগোল ছাড়ো পা ॥

ঠেতুল-বটের কোলে
দক্ষিণে যাও চলে ॥
ঈশানকোণে ঈশানী,
কহে দিলাম নিশানী । ইত্যাদি

হরিহর কহিল, “বাবা, কিছুই তো বুঝিলাম না ।”

সন্ন্যাসী কহিলেন, “কাছে রাখিয়া দাও, দেবীর পূজা করো । তাহার প্রসাদে তোমার বংশে কেহ-না-কেহ এই লিখন বুঝিতে পারিবে । তখন সে এমন ঐশ্বর্য পাইবে জগতে যাহার তুলনা নাই ।”

হরিহর মিনতি করিয়া কহিল, “বাবা কি বুঝাইয়া দিবেন না ।”

সন্ন্যাসী কহিলেন, “না । সাধনা দ্বারা বুঝিতে হইবে ।”

এমন সময় হরিহরের ছোটো ভাই শংকর আসিয়া উপস্থিত হইল । তাহাকে দেখিয়া হরিহর তাড়াতাড়ি লিখনটি লুকাইবার চেষ্টা করিল । সন্ন্যাসী হাসিয়া কহিলেন, “বড়ো হইবার পথের দুঃখ এখন হইতেই শুরু হইল । কিন্তু গোপন করিবার দরকার নাই । কারণ, ইহার রহস্য কেবল একজনমাত্রই ভেদ করিতে পারিবে, হাজার চেষ্টা করিলেও আর-কেহ তাহা পারিবে না । তোমাদের মধ্যে সেই লোকটি যে কে তাহা কেহ জানে না । অতএব ইহা সকলের সম্মুখেই নির্ভয়ে খুলিয়া রাখিতে পারো ।”

সন্ন্যাসী চলিয়া গেলেন । কিন্তু হরিহর এ কাগজটি লুকাইয়া না রাখিয়া থাকিতে পারিল না । পাছে আর কেহ ইহা হইতে লাভবান হয়, পাছে তাহার ছোটো ভাই শংকর ইহার ফলভোগ করিতে পারে, এই আশঙ্কায় হরিহর এই কাগজটি একটি কাঠালকাঠের বাস্কে বন্ধ করিয়া তাহাদের গৃহদেবতা জয়কালীর আসনতলে লুকাইয়া রাখিল । প্রত্যেক অমাবস্যায় নিশীথরাত্রে দেবীর পূজা সারিয়া সে একবার করিয়া সেই কাগজটি খুলিয়া দেখিত, যদি দেবী প্রসন্ন হইয়া তাহাকে অর্থ বুঝিবার শক্তি দেন ।

শংকর কিছুদিন হইতে হরিহরকে মিনতি করিতে লাগিল, “দাদা, আমাকে সেই কাগজটা একবার ভালো করিয়া দেখিতে দাও-না ।”

হরিহর কহিল, “দূর পাগল । সে কাগজ কি আছে । বেটা শুণ্ডসন্ন্যাসী কাগজে কতকগুলো হিজিবিজি কাটিয়া আমাকে ফাঁকি দিয়া গেল— আমি সে পুড়াইয়া ফেলিয়াছি ।”

শংকর চূপ করিয়া রহিল । হঠাৎ একদিন শংকরকে ঘরে দেখিতে পাওয়া গেল না । তাহার পর হইতে সে নিরুদ্দেশ ।

হরিহরের অন্য সমস্ত কাজকর্ম নষ্ট হইল— শুণ্ড ঐশ্বরের ধ্যান এক মুহূর্ত সে ছাড়িতে পারিল না ।

মৃত্যুকাল উপস্থিত হইলে সে তাহার বড়ো ছেলে শ্যামাপদকে এই সন্ন্যাসীদত্ত কাগজখানি দিয়া গেল ।

এই কাগজ পাইয়া শ্যামাপদ চাকরি ছাড়িয়া দিল । জয়কালীর পূজায় আর একান্তমনে এই লিখনপাঠের চর্চায় তাহার জীবনটা যে কখন দিক দিয়া কাটিয়া গেল তাহা বুঝিতে পারিল না ।

মৃত্যুঞ্জয় শ্যামাপদের বড়ো ছেলে । পিতার মৃত্যুর পরে সে এই সন্ন্যাসীদত্ত শুণ্ডলিখনের অধিকারী হইয়াছে । তাহার অবস্থা উত্তরোত্তর যতই হীন হইয়া আসিতে লাগিল, ততই অধিকতর আগ্রহের সহিত ঐ কাগজখানির প্রতি তাহার সমস্ত চিন্তা নিবিষ্ট হইল । এমন সময় গত অমাবস্যারাত্রে পূজার পর লিখনখানি আর দেখিতে পাইল না— সন্ন্যাসীও কোথায় অন্তর্ধান করিল ।

মৃত্যুঞ্জয় কহিল, এই সন্ন্যাসীকে ছাড়া হইবে না । সমস্ত সন্ধান ইহার কাছ হইতেই মিলিবে ।

এই বলিয়া সে ঘর ছাড়িয়া সন্ন্যাসীকে খুঁজিতে বাহির হইল । এক বৎসর পথে পথে কাটিয়া গেল ।

৩

গ্রামের নাম ধারাগোল। সেখানে মৃত্যুঞ্জয়ের মূদির দোকানে বসিয়া তামাক খাইতেছিল, আর অন্যমনস্ক হইয়া নানা কথা ভাবিতেছিল। কিছু দূরে মাঠের ধার দিয়া একজন সন্ন্যাসী চলিয়া গেল। প্রথমটা মৃত্যুঞ্জয়ের মনোযোগ আকৃষ্ট হইল না। একটু পরে হঠাৎ তাহার মনে হইল, যে লোকটা চলিয়া গেল এই তো সেই সন্ন্যাসী। তাড়াতাড়ি হঁকাটি রাখিয়া মূদিকে সচকিত করিয়া একদৌড়ে সে দোকান হইতে বাহির হইয়া গেল। কিন্তু, সে সন্ন্যাসীকে দেখা গেল না।

তখন সন্ধ্যা অন্ধকার হইয়া আসিয়াছে। অপরিচিত স্থানে কোথায় যে সন্ন্যাসীর সন্ধান করিতে যাইবে তাহা সে ঠিক করিতে পারিল না। দোকানে ফিরিয়া আসিয়া মূদিকে জিজ্ঞাসা করিল, “ঐ-যে মস্ত বন দেখা যাইতেছে, ওখানে কী আছে।”

মূদি কহিল, “এককালে ঐ বন শহর ছিল কিন্তু অগত্য মূদির শাপে ওখানকার রাজা প্রজা সমস্তই মড়কে মরিয়াছে। লোকে বলে ওখানে অনেক ধনরত্ন আজও খুঁজিলে পাওয়া যায়; কিন্তু দিনদুপুরেও ঐ বনে সাহস করিয়া কেহ যাইতে পারে না। যে গেছে সে আর ফেরে নাই।”

মৃত্যুঞ্জয়ের মন চঞ্চল হইয়া উঠিল। সমস্ত রাত্রি মূদির দোকানে মাদুরের উপর পড়িয়া মশার ছালায় সর্বাত্মক চাপড়াইতে লাগিল, আর ঐ বনের কথা, সন্ন্যাসীর কথা, সেই হারানো লিখনের কথা ভাবিতে থাকিল। বার বার পড়িয়া সেই লিখনটি মৃত্যুঞ্জয়ের প্রায় কণ্ঠস্থ হইয়া গিয়াছিল, তাই এই অনিদ্রাবস্থায় কেবলই তাহার মাথায় ঘুরিতে লাগিল—

পায়ে ধরে সাধা ।
রা নাহি দেয় রাধা ॥
শেবে দিল রা,
পাগোল ছাড়ো পা ॥

মাথা গরম হইয়া উঠিল— কোনোমতেই এই কটা ছত্র সে মন হইতে দূর করিতে পারিল না। অবশেষে ভোরের বেলায় যখন তাহার তন্দ্রা আসিল তখন স্বপ্নে এই চারি ছত্রের অর্থ অতি সহজে তাহার নিকট প্রকাশ হইল। ‘রা নাহি দেয় রাধা’ অতএব ‘রাধা’র ‘রা’ না থাকিলে ‘ধা’ রহিল— ‘শেবে দিল রা’, অতএব হইল ‘ধারা’— ‘পাগোল ছাড়ো পা’— ‘পাগোল’-এর ‘পা’ ছাড়িলে ‘গোল’ বাকি রহিল— অতএব সমস্তটা মিলিয়া হইল ‘ধারাগোল’— এ জায়গাটার নাম তো ‘ধারাগোল’ই বটে।

স্বপ্ন ভাঙিয়া মৃত্যুঞ্জয় লাফাইয়া উঠিল।

৪

সমস্ত দিন বনের মধ্যে ফিরিয়া সন্ধ্যাবেলায় বহুকষ্টে পথ খুঁজিয়া আহারে মৃতপ্রায় অবস্থায় মৃত্যুঞ্জয় গ্রামে ফিরিল।

পরদিন চাদরে চিড়া বাধিয়া পুনর্বীর সে বনের মধ্যে যাত্রা করিল। অপরাহ্নে একটা দিঘির ধারে আসিয়া উপস্থিত হইল। দিঘির মাঝখানটা পরিষ্কার জল আর পাড়ের গায়ে গায়ে চারি দিকে পথ আর কুমুদের বন। পাথরে বাধানো ঘাট ভাঙিয়া চুরিয়া পড়িয়াছে, সেইখানে জলে চিড়া ভিজাইয়া খাইয়া দিঘির চারি দিক প্রদক্ষিণ করিয়া দেখিতে লাগিল।


দিঘির পশ্চিমপাড়ির প্রান্তে হঠাৎ মৃত্যুঞ্জয় থমকিয়া দাঁড়াইল। দেখিল একটা তেঁতুলগাছকে বেঁটন করিয়া প্রকাণ্ড বটগাছ উঠিয়াছে। তৎক্ষণাৎ তাহার মনে পড়িল—

তেঁতুল-বটের কোলে,
দক্ষিণে যাও চলে ॥

দক্ষিণে কিছুদূর যাইতেই ঘন জঙ্গলের মধ্যে আসিয়া পড়িল। সেখানে সে বেতঝাড় ভেদ করিয়া চলা একেবারে অসাধ্য। যাহা হউক, মৃত্যুঞ্জয় ঠিক করিল, এই গাছটাকে কোনোমতে হারাইলে চলিবে না।

এই গাছের কাছে ফিরিয়া আসিবার সময় গাছের অন্তরাল দিয়া অনতিদূরে একটা মন্দিরের চূড়া দেখা গেল। সেই দিকের প্রতি লক্ষ করিয়া মৃত্যুঞ্জয় এক ভাঙা মন্দিরের কাছে আসিয়া উপস্থিত হইল। দেখিল, নিকটে একটা চুল্লি, পোড়া কাঠ আর ছাই পড়িয়া আছে। অতি সাবধানে মৃত্যুঞ্জয় ভগ্নমন্দিরের মধ্যে উকি মারিল। সেখানে কোনো লোক নাই, প্রতিমা নাই, কেবল একটি কয়লা, কমণ্ডলু আর গেরুয়া উত্তরীয় পড়িয়া আছে।

তখন সন্ধ্যা আসন্ন হইয়া আসিয়াছে; গ্রাম বহুদূরে, অন্ধকারে বনের মধ্যে পথ সন্ধান করিয়া যাইতে পারিবে কি না, তাই এই মন্দিরে মনুষ্যবসতির লক্ষণ দেখিয়া মৃত্যুঞ্জয় খুশি হইল। মন্দির হইতে একটি বৃহৎ প্রস্তরখণ্ড ভাঙিয়া দ্বারের কাছে পড়িয়া ছিল; সেই পাথরের উপরে বসিয়া নতশিরে ভাবিতে ভাবিতে মৃত্যুঞ্জয় হঠাৎ পাথরের গায়ে কী যেন লেখা দেখিতে পাইল। ঝুকিয়া পড়িয়া দেখিল একটি চক্র আঁকা, তাহার মধ্যে কতক স্পষ্ট কতক লুপ্তপ্রায় ভাবে নিম্নলিখিত সাংকেতিক অক্ষর লেখা আছে—



এই চক্রটি মৃত্যুঞ্জয়ের সুপরিচিত। কত অমাবস্যা-রাত্রে পূজাগৃহে সুগন্ধ ধূপের ধূমে দ্বতদীপালোকে তুলট কাগজে অঙ্কিত এই চক্রচিহ্নের উপরে ঝুকিয়া পড়িয়া রহস্যভেদ করিবার জন্য একাগ্রমনে সে দেবীর প্রসাদ যাচঞা করিয়াছে। আজ অতীটসিদ্ধির অত্যন্ত সন্নিকটে আসিয়া তাহার সর্বাত্ম যেন কাঁপিতে লাগিল। পাছে তীরে আসিয়া তরী ডোবে, পাছে সামান্য একটা ভুলে তাহার সমস্ত নষ্ট হইয়া যায়, পাছে সেই সন্ন্যাসী পূর্বে আসিয়া সমস্ত উদ্ধার করিয়া লইয়া গিয়া থাকে, এই আশঙ্কায় তাহার বুকের মধ্যে তোলপাড় করিতে লাগিল। এখন যে তাহার কী কর্তব্য তাহা সে ভাবিয়া পাইল না। তাহার মনে হইল, সে হয়তো তাহার ঐশ্বর্যভাণ্ডারের ঠিক উপরেই বসিয়া আছে, অথচ কিছুই জানিতে পাইতেছে না।

বসিয়া বসিয়া সে কালীনাম জপ করিতে লাগিল; সন্ধ্যার অন্ধকার নিবিড় হইয়া আসিল; ঝিল্লির ধ্বনিতে বনভূমি মুখর হইয়া উঠিল।

৫

এমন সময় কিছুদূর ঘন বনের মধ্যে অগ্নির দীপ্তি দেখা গেল। মৃত্যুঞ্জয় তাহার প্রস্তরাসন ছাড়িয়া উঠিয়া পড়িল আর সেই লিখা লক্ষ্য করিয়া চলিতে লাগিল।

বহুকষ্টে কিছুদূর গিয়া একটা অশথগাছের গুড়ির অন্তরাল হইতে স্পষ্ট দেখিতে পাইল, তাহার সেই পরিচিত সন্ন্যাসী অগ্নির আলোকে সেই তুলটের লিখন মেলিয়া একটা কাঠি দিয়া ছাইয়ের উপরে একমনে অঙ্ক করিতেছে।

মৃত্যুঞ্জয়ের ঘরে সেই পৈতৃক তুলটের লিখন! আরে ডণ্ড, চোর! এইজন্যই সে মৃত্যুঞ্জয়কে শোক করিতে নিবেদন করিয়াছিল বটে!

সন্ন্যাসী একবার করিয়া অঙ্ক কষিতেছে আর একটা মাপকাঠি লইয়া জমি মাপিতেছে— কিয়দূর মাপিয়া হতাশ হইয়া ঘাড় নাড়িয়া পুনর্বার আসিয়া অঙ্ক কষিতে প্রবৃত্ত হইতেছে।

এমনি করিয়া রাত্রি যখন অবসানপ্রায়, যখন নিশান্তের শীতবায়ুতে বনস্পতির অগ্রশাখার পল্লবগুলি মর্মরিত হইয়া উঠিল, তখন সন্ন্যাসী সেই লিখনপত্র গুটাইয়া লইয়া চলিয়া গেল।

মৃত্যুঞ্জয় কী করিবে ভাবিয়া পাইল না। ইহা সে নিশ্চয় বুদ্ধিতে পারিল যে, সন্ন্যাসীর সাহায্য ব্যতীত এই লিখনের রহস্য ভেদ করা তাহার সাধ্য হইবে না। লুক্ক সন্ন্যাসী যে মৃত্যুঞ্জয়কে সাহায্য করিবে না তাহাও নিশ্চিত। অতএব গোপনে সন্ন্যাসীর প্রতি দৃষ্টি রাখা ছাড়া অন্য উপায় নাই। কিন্তু দিনের বেলায় গ্রামে না গেলে তাহার আহার মিলিবে না; অতএব অন্তত কাল সকালে একবার গ্রামে যাওয়া আবশ্যিক।

ভোরের দিকে অঙ্ককার একটু ফিকা হইবামাত্র সে গাছ হইতে নামিয়া পড়িল। যেখানে সন্ন্যাসী ছাইয়ের মধ্যে ঠাঁক কষিতেছিল সেখানে ভালো করিয়া দেখিল, কিছুই বৃক্ষিল না। চতুর্দিকে ঘুরিয়া দেখিল, অন্য বনখণ্ডের সঙ্গে কোনো প্রভেদ নাই।

বনতলের অঙ্ককার ক্রমে যখন ক্ষীণ হইয়া আসিল তখন মৃত্যুঞ্জয় অতি সাবধানে চারি দিক দেখিতে দেখিতে গ্রামের উদ্দেশে চলিল। তাহার ভয় ছিল পাছে সন্ন্যাসী তাহাকে দেখিতে পায়।

যে দোকানে মৃত্যুঞ্জয় আশ্রয় গ্রহণ করিয়াছিল তাহার নিকটে একটি কায়স্থগৃহিণী ব্রত উদযাপন করিয়া সেদিন ব্রাহ্মণভোজন করাইতে প্রবৃত্ত ছিল। সেইখানে আজ মৃত্যুঞ্জয়ের আহার জুটিয়া গেল। কয়দিন আহারের কষ্টের পর আজ তাহার ভোজনটি গুরুতর হইয়া উঠিল। সেই গুরুভোজনের পর যেমন তামাকটি খাইয়া দোকানের মাদুরটিতে একবার গড়াইয়া লইবার ইচ্ছা করিল, অমনি গত রাত্রির অনিদ্রাকাতর মৃত্যুঞ্জয় ঘুমে আচ্ছন্ন হইয়া পড়িল।

মৃত্যুঞ্জয় স্থির করিয়াছিল, আজ সকাল-সকাল আহালাদি করিয়া যথেষ্ট বেলা থাকিতে বাহির হইবে। ঠিক তাহার উলটা হইল। যখন তাহার নিদ্রাভঙ্গ হইল তখন সূর্য অস্ত গিয়াছে। তবু মৃত্যুঞ্জয় দমিল না। অঙ্ককারেই বনের মধ্যে সে প্রবেশ করিল।

দেখিতে দেখিতে রাত্রি ঘনীভূত হইয়া আসিল। গাছের ছায়ার মধ্যে দৃষ্টি আর চলে না, জঙ্গলের মধ্যে পথ অবরুদ্ধ হইয়া যায়। মৃত্যুঞ্জয় যে কোন্ দিকে কোথায় যাইতেছে তাহা কিছুই ঠাহর পাইল না। রাত্রি যখন অবসান হইল তখন দেখিল, সমস্ত রাত্রি সে বনের প্রান্তে একই জায়গায় ঘুরিয়া ঘুরিয়া বেড়াইয়াছে।

কাকের দল কা কা শব্দে গ্রামের দিকে উড়িল। এই শব্দ মৃত্যুঞ্জয়ের কানে বাঙ্গপূর্ণ ধিক্কারবাক্যের মতো শুনাইল।

৬

গণনায় বারংবার ভুল আর সেই ভুল সংশোধন করিতে করিতে অবশেষে সন্ন্যাসী সুরঙ্গের পথ আবিষ্কার করিয়াছেন। সুরঙ্গের মধ্যে মশাল লইয়া তিনি প্রবেশ করিলেন। বাধানো ভিত্তির গায়ে স্যাঁতলা পড়িয়াছে— মাঝে মাঝে এক-এক জায়গায় জল চুইয়া পড়িতেছে। স্থানে স্থানে কতকগুলো ভেক গায়ে গায়ে স্তূপাকার হইয়া নিদ্রা দিতেছে। এই পিছল পথ দিয়া কিছুদূর যাইতেই সন্ন্যাসী দেখিলেন, সম্মুখে দেয়াল উঠিয়াছে, পথ অবরুদ্ধ। কিছুই বুদ্ধিতে পারিলেন না। দেয়ালের সর্বত্র লৌহদণ্ড দিয়া সবলে আঘাত করিয়া দেখিলেন, কোথাও ফাঁকা আওয়াজ দিতেছে না, কোথাও রক্ত নাই, এই পথটার যে এইখানেই শেষ তাহা নিঃসন্দেহ।

আবার সেই কাগজ খুলিয়া মাথায় হাত দিয়া বসিয়া ভাবিতে লাগিলেন। সে রাত্রি এমনি করিয়া কাটিয়া গেল।

পরদিন পুনর্বার গণনা সারিয়া সুরঙ্গে প্রবেশ করিলেন। সেদিন গুণসংকেত অনুসরণপূর্বক একটি

বিশেষ স্থান হইতে পাথর খসাইয়া এক শাখাপথ আবিষ্কার করিলেন। সেই পথে চলিতে চলিতে আবার এক জায়গায় পথ অবরুদ্ধ হইয়া গেল।

অবশেষে পঞ্চম রাত্রে সুরঙ্গের মধ্যে প্রবেশ করিয়া সন্ন্যাসী বলিয়া উঠিলেন, “আজ আমি পথ পাইয়াছি, আজ আর আমার কোনোমতেই ডুল হইবে না।”

পথ অত্যন্ত জটিল; তাহার শাখাপ্রশাখার অস্ত্র নাই— কোথাও এত সংকীর্ণ যে ঠুড়ি মারিয়া যাইতে হয়। কহ যত্নে মশাল ধরিয়া চলিতে চলিতে সন্ন্যাসী একটা গোলাকার ঘরের মতো জায়গায় আসিয়া পৌঁছিলেন। সেই ঘরের মাঝখানে একটা বৃহৎ ইদারা। মশালের আলোকে সন্ন্যাসী তাহার তল দেখিতে পাইলেন না। ঘরের ছাদ হইতে একটা মোটা প্রকাণ্ড লৌহশৃঙ্খল ইদারার মধ্যে নামিয়া গেছে। সন্ন্যাসী প্রাণপণ বলে ঠেলিয়া এই শৃঙ্খলটাকে অল্প একটুখানি নাড়াইবামাত্র ঠং করিয়া একটা শব্দ ইদারার গহ্বর হইতে উদ্ভিত হইয়া ঘরময় প্রতিধ্বনিত হইতে লাগিল। সন্ন্যাসী উচ্চৈঃস্বরে বলিয়া উঠিলেন, “পাইয়াছি।”

যেমন বলা অমনি সেই ঘরের ভাঙা ভিত্তি হইতে একটা পাথর গড়াইয়া পড়িল, আর সেইসঙ্গে আর-একটি কী সচেতন পদার্থ ধপ করিয়া পড়িয়া চিৎকার করিয়া উঠিল। সন্ন্যাসী এই অকস্মাৎ শব্দে চমকিয়া উঠিতেই তাহার হাত হইতে মশাল পড়িয়া নিবিয়া গেল।

৭

সন্ন্যাসী জিজ্ঞাসা করিলেন, “তুমি কে।” কোনো উত্তর পাইলেন না। তখন অন্ধকারে হাতড়াইতে গিয়া তাহার হাতে একটি মানুষের দেহ ঠেকিল। তাহাকে নাড়া দিয়া জিজ্ঞাসা করিলেন, “কে তুমি।”

কোনো উত্তর পাইলেন না। লোকটা অচেতন হইয়া গেছে।

তখন চকমকি ঠুকিয়া ঠুকিয়া সন্ন্যাসী অনেক কষ্টে মশাল ধরাইলেন। ইতিমধ্যে সেই লোকটাও সংজ্ঞাপ্রাপ্ত হইল, আর উঠিবার চেষ্টা করিয়া বেদনায় আর্তনাদ করিয়া উঠিল।

সন্ন্যাসী কহিলেন, “এ কী, মৃত্যুঞ্জয় যে! তোমার এ মতি হইল কেন।”

মৃত্যুঞ্জয় কহিল, “বাবা, মাপি করো। ভগবান আমাকে শাস্তি দিয়াছেন। তোমাকে পাথর ঠুড়িয়া মারিতে গিয়া সামলাইতে পারি নাই— পিছলে পাথরসুদ আমি পড়িয়া গেছি। পা-টা নিশ্চয় ভাঙিয়া গেছে।”

সন্ন্যাসী কহিলেন, “আমাকে মারিয়া তোমার কী লাভ হইত।”

মৃত্যুঞ্জয় কহিল, “লাভের কথা তুমি জিজ্ঞাসা করিতেছ! তুমি কিসের লোভে আমার পূজাঘর হইতে লিখনখানি চুরি করিয়া এই সুরঙ্গের মধ্যে ঘুরিয়া বেড়াইতেছ। তুমি চোর, তুমি ডণ্ড! আমার পিতামহকে যে সন্ন্যাসী ঐ লিখনখানি দিয়াছিলেন তিনি বলিয়াছিলেন, আমাদেরই বংশের কেহ এই লিখনের সংকেত বুঝিতে পারিবে। এই গুপ্ত ঐশ্বর্য আমাদেরই বংশের প্রাপ্য। তাই আমি এ কয়দিন না খাইয়া না ঘুমাইয়া ছায়ার মতো তোমার পশ্চাতে ফিরিয়াছি। আজ যখন তুমি বলিয়া উঠিলে ‘পাইয়াছি’ তখন আমি আর থাকিতে পারিলাম না। আমি তোমার পশ্চাতে আসিয়া ঐ গর্তটার ভিতরে লুকাইয়া বসিয়া ছিলাম। ওখান হইতে একটা পাথর খসাইয়া তোমাকে মারিতে গেলাম, কিন্তু শরীর দুর্বল, জায়গাটাও অত্যন্ত পিছল— তাই পড়িয়া গেছি। এখন তুমি আমাকে মারিয়া ফেলো সেও ভালো— আমি যক্ষ হইয়া এই ধন আগলাইব— কিন্তু তুমি ইহা লইতে পারিবে না, কোনোমতেই না। যদি লইতে চেষ্টা কর, আমি ব্রাহ্মণ, তোমাকে অভিশাপ দিয়া এই কূপের মধ্যে ঝাপ দিয়া পড়িয়া আত্মহত্যা করিব। এ ধন তোমার ব্রহ্মরক্ত গোরস্তত্বলা হইবে— এ ধন তুমি কোনোদিন সুখে ভোগ করিতে পারিবে না। আমাদের পিতা পিতামহ এই ধনের উপরে সমস্ত মন রাখিয়া মরিয়াছেন— এই ধনের ধ্যান করিতে করিতে আমরা দরিদ্র হইয়াছি— এই ধনের সন্ধানে আমি বাড়িতে অনাথা স্ত্রী ও শিশুসন্তান ফেলিয়া আহারনিদ্রা ছাড়িয়া লক্ষ্মীছাড়া পাগলের মতো মাঠে ঘাটে ঘুরিয়া বেড়াইতেছি— এ ধন তুমি আমার চোখের সন্মুখে কখনো লইতে পারিবে না।”

৮

সন্ন্যাসী কহিলেন, “মৃত্যুঞ্জয়, তবে শোনো। সমস্ত কথা তোমাকে বলি।

“তুমি জান, তোমার পিতামহের এক কনিষ্ঠ সহোদর ছিল, তাহার নাম ছিল শংকর।”

মৃত্যুঞ্জয় কহিল, “হ্যাঁ, তিনি নিরুদ্দেশ হইয়া বাহির হইয়া গিয়াছেন।”

সন্ন্যাসী কহিলেন, “আমি সেই শংকর।”

মৃত্যুঞ্জয় হতাশ হইয়া দীর্ঘনিশ্বাস ফেলিল। এতক্ষণ এই গুপ্তধনের উপর তাহার যে একমাত্র দাবি সে সাবাস্ত করিয়া বসিয়াছিল, তাহারই বংশের আত্মীয় আসিয়া সে দাবি নষ্ট করিয়া দিল।

শংকর কহিলেন, “দাদা সন্ন্যাসীর নিকট হইতে লিখন পাইয়া অবধি আমার কাছে তাহা বিধিমতে লুকাইবার চেষ্টা করিতেছিলেন। কিন্তু তিনি যতই গোপন করিতে লাগিলেন, আমার ঔৎসুক্য ততই বাড়িয়া উঠিল। তিনি দেবীর আসনের নীচে বাস্তুর মধ্যে ঐ লিখনখানি লুকাইয়া রাখিয়াছিলেন, আমি তাহার সন্ধান পাইলাম, আর দ্বিতীয় চাবি বানাইয়া প্রতিদিন অল্প অল্প করিয়া সমস্ত কাগজখানা নকল করিতে লাগিলাম। যেদিন নকল শেষ হইল সেইদিনই আমি এই ধনের সন্ধান ঘর ছাড়িয়া বাহির হইলাম। আমারও ঘরে অনাথা স্ত্রী এবং একটি শিশুসন্তান ছিল। আজ তাহারা কেহ বাঁচিয়া নাই।

“কত দেশ-দেশান্তরে ভ্রমণ করিয়াছি তাহা বিস্তারিত বর্ণনার প্রয়োজন নাই। সন্ন্যাসীদত্ত এই লিখন নিশ্চয় কোনো সন্ন্যাসী আমাকে বুঝাইয়া দিতে পারিবেন এই মনে করিয়া অনেক সন্ন্যাসীর আমি সেবা করিয়াছি। অনেক ভণ্ড সন্ন্যাসী আমার ঐ কাগজের সন্ধান পাইয়া তাহা হরণ করিবারও চেষ্টা করিয়াছে। এইরূপে কত বৎসরের পর বৎসর কাটিয়াছে, আমার মনে এক মুহূর্তের জন্মও সুখ ছিল না, শান্তি ছিল না।

“অবশেষে পূর্বজন্মার্জিত পুণের বলে কুমায়ুন পর্বতে বাবা স্বরূপানন্দ স্বামীর সঙ্গ পাইলাম। তিনি আমাকে কহিলেন, ‘বাবা, তৃষ্ণা দূর করো তাহা হইলেই বিশ্বব্যাপী অক্ষয় সম্পদ আপনি তোমাকে ধরা দিবে।’

“তিনি আমার মনের দাহ জুড়াইয়া দিলেন। তাহার প্রসাদে আকাশের আলোক আর ধরণীর শ্যামলতা আমার কাছে রাজসম্পদ হইয়া উঠিল। একদিন পর্বতের শিলাতলে শীতের সায়াহ্নে পরমহংস বাবার ধনিত্তে আগুন জ্বলিতেছিল— সেই আগুনে আমার কাগজখানা সমর্পণ করিলাম। বাবা ঈষৎ একটু হাসিলেন। সে হাসির অর্থ তখন বুঝি নাই, আজ বুঝিয়াছি। তিনি নিশ্চয় মনে মনে বলিয়াছিলেন, কাগজখানা ছাই করিয়া ফেলা সহজ কিন্তু বাসনা এত সহজে ভস্মসাৎ হয় না।

“কাগজখানার যখন কোনো চিহ্ন রহিল না তখন আমার মনের চারি দিক হইতে একটা নাগপাশ-বন্ধন যেন সম্পূর্ণরূপে খুলিয়া গেল। মুক্তির অপূর্ব আনন্দে আমার চিত্ত পরিপূর্ণ হইয়া উঠিল। আমি মনে করিলাম এখন হইতে আমার আর-কোনো ভয় নাই— আমি জগতে কিছুই চাহি না।

“ইহার অনতিকাল পরে পরমহংস-বাবার সঙ্গ হইতে চ্যুত হইলাম। তাহাকে অনেক খুঁজিলাম, কোথাও তাহার দেখা পাইলাম না।

“আমি তখন সন্ন্যাসী হইয়া নিরাসক্তচিত্তে ঘুরিয়া বেড়াইতে লাগিলাম। অনেক বৎসর কাটিয়া গেল— সেই লিখনের কথা প্রায় ভুলিয়াই গেলাম।

“এমন সময় একদিন এই ধারাগোলের বনের মধ্যে প্রবেশ করিয়া একটি ভাঙা মন্দিরের মধ্যে আশ্রয় লইলাম। দুই-একদিন থাকিতে থাকিতে দেখিলাম, মন্দিরের ভিত্তে স্থানে স্থানে নানাপ্রকার চিহ্ন আঁকা আছে। এই চিহ্নগুলি আমার পূর্বপরিচিত।

“এককালে বহুদিন যাহার সন্ধানে ফিরিয়াছিলাম তাহার যে নাগাল পাওয়া যাইতেছে তাহাতে আমার সন্দেহ রহিল না। আমি কহিলাম, ‘এখানে আর থাকা হইবে না, এ বন ছাড়িয়া চলিলাম।’

“কিন্তু ছাড়িয়া যাওয়া ঘটিল না। মনে হইল, দেখাই যাক-না, কী আছে। কৌতূহল একেবারে

নিবৃত্ত করিয়া যাওয়াই ভালো। চিহ্নগুলো লইয়া অনেক আলোচনা করিলাম; কোনো ফল হইল না। বার বার মনে হইতে লাগিল, কেন সে কাগজখানা পুড়াইয়া ফেলিলাম। সেখানা রাখিলেই বা ক্ষতি কী ছিল।

“তখন আবার আমার সেই জন্মগ্রামে গেলাম। আমাদের পৈতৃক ভিটার নিতান্ত দুরবস্থা দেখিয়া মনে করিলাম, আমি সন্ন্যাসী, আমার ধনরত্নে কোনো প্রয়োজন নাই, কিন্তু এই গরিবরা তো গৃহী, সেই গুপ্ত সম্পদ ইহাদের জন্য উদ্ধার করিয়া দিলে তাহাতে দোষ নাই।

“সেই লিখন কোথায় আছে জানিতাম, তাহা সংগ্রহ করা আমার পক্ষে কিছুমাত্র কঠিন হইল না।

“তাহার পরে একটি বৎসর ধরিয়া এই কাগজখানা লইয়া এই নির্জন বনের মধ্যে গণনা করিয়াছি আর সন্ধান করিয়াছি। মনে আর কোনো চিন্তা ছিল না। যত বারংবার বাধা পাইতে লাগিলাম ততই উত্তরোত্তর আগ্রহ আরো বাড়িয়া চলিল— উন্মত্তের মতো অহোরাত্র এই এক অধ্যবসয়ে নিবিষ্ট রহিলাম।

“ইতিমধ্যে কখন তুমি আমার অনুসরণ করিতেছ তাহা জানিতে পারি নাই। আমি সহজ অবস্থায় থাকিলে তুমি কখনোই নিজেকে আমার কাছে গোপন রাখিতে পারিতে না; কিন্তু আমি তন্ময় হইয়া ছিলাম; বাহিরের ঘটনা আমার দৃষ্টি আকর্ষণ করিত না।

“তাহার পরে, যাহা খুঁজিতেছিলাম আজ এইমাত্র তাহা আবিষ্কার করিয়াছি। এখানে যাহা আছে পৃথিবীতে কোনো রাজরাজেশ্বরের ভাগারেও এত ধন নাই। আর একটিমাত্র সংকেত ভেদ করিলেই সেই ধন পাওয়া যাইবে।

“এই সংকেতটিই সর্বাপেক্ষা দুরূহ। কিন্তু এই সংকেতও আমি মনে মনে ভেদ করিয়াছি। সেইজন্যই ‘পাইয়াছি’ বলিয়া মনের উল্লাসে চিৎকার করিয়া উঠিয়াছিলাম। যদি ইচ্ছা করি তবে আর-এক দণ্ডের মধ্যে সেই স্বর্ণমাণিক্যের ভাগারের মাঝখানে গিয়া দাঁড়াইতে পারি।”

মৃত্যুঞ্জয় শংকরের পা জড়াইয়া ধরিয়া কহিল, “তুমি সন্ন্যাসী, তোমার তো ধনের কোনো প্রয়োজন নাই— আমাকে সেই ভাগারের মধ্যে লইয়া যাও। আমাকে বঞ্চিত করিয়ে না।”

শংকর কহিলেন, “আজ আমার শেষ বন্ধন মুক্ত হইয়াছে। তুমি ঐ-যে পাথর ফেলিয়া আমাকে মরিবার জন্য উদ্যত হইয়াছিলে, তাহার আঘাত আমার শরীরে লাগে নাই, কিন্তু তাহা আমার মোহাবরণকে ভেদ করিয়াছে। তৃষ্ণার করালমূর্তি আজ আমি দেখিলাম। আমার গুরু পরমহংসদেবের নিগূঢ় প্রশান্ত হাস্য এতদিন পরে আমার অন্তরের কল্যাণদীপে অনির্বাণ আলোকশিখা জ্বালাইয়া তুলিল।”

মৃত্যুঞ্জয় শংকরের পা ধরিয়া পুনরায় কাতর স্বরে কহিল, “তুমি মুক্ত পুরুষ, আমি মুক্ত নহি, আমি মুক্তি চাহি না, আমাকে এই ঐশ্বর্য হইতে বঞ্চিত করিতে পারিবে না।”

সন্ন্যাসী কহিলেন, “বৎস, তবে তুমি তোমার এই লিখনটি লও। যদি ধন খুঁজিয়া লইতে পার তবে লইয়ো।”

এই বলিয়া তাহার যষ্টি ও লিখনপত্র মৃত্যুঞ্জয়ের কাছে রাখিয়া সন্ন্যাসী চলিয়া গেলেন। মৃত্যুঞ্জয় কহিল, “আমাকে দয়া করো, আমাকে ফেলিয়া যাইয়ো না— আমাকে দেখাইয়া দাও।”

কোনো উত্তর পাইল না।

তখন মৃত্যুঞ্জয় যষ্টির উপর ভর করিয়া হাতড়াইয়া সুরঙ্গ হইতে বাহির হইবার চেষ্টা করিল। কিন্তু পথ অত্যন্ত জটিল, গোলকধাধার মতো, বার বার বাধা পাইতে লাগিল। অবশেষে ঘুরিয়া ঘুরিয়া ক্লান্ত হইয়া এক জায়গায় শুইয়া পড়িল এবং নিদ্রা আসিতে বিলম্ব হইল না।

ঘুম হইতে যখন জাগিল তখন রাত্রি কি দিন কি কত বেলা তাহা জানিবার কোনো উপায় ছিল না। অত্যন্ত ক্লম্বা বোধ হইলে মৃত্যুঞ্জয় চাদরের প্রান্ত হইতে চিড়া খুলিয়া লইয়া খাইল। তাহার পর আর-একবার হাতড়াইয়া সুরঙ্গ হইতে বাহির হইবার পথ খুঁজিতে লাগিল। নানা স্থানে বাধা পাইয়া বসিয়া পড়িল। তখন চিৎকার করিয়া ডাকিল, “ওগো সন্ন্যাসী, তুমি কোথায়।”

তাহার সেই ডাক সুরঙ্গের সমস্ত শাখাপ্রশাখা হইতে বারংবার প্রতিধ্বনিত হইতে লাগিল । অনতিদূর হইতে উত্তর আসিল, “আমি তোমার নিকটেই আছি— কী চাও বলো ।”

মৃত্যুঞ্জয় কাতরস্বরে কহিল, “কোথায় ধন আছে আমাকে দয়া করিয়া দেখাইয়া দাও ।”

তখন আর কোনো সাড়া পাওয়া গেল না । মৃত্যুঞ্জয় বারংবার ডাকিল, কোনো সাড়া পাইল না ।

দণ্ডপ্রহরের দ্বারা অবিভক্ত এই ভূতলগত চিররাত্রির মধ্যে মৃত্যুঞ্জয় আর-একবার ঘুমাইয়া লইল । ঘুম হইতে আবার সেই অন্ধকারের মধ্যে জাগিয়া উঠিল । চিৎকার করিয়া ডাকিল, “ওগো, আছ কি ।”

নিকট হইতেই উত্তর পাইল, “এইখানেই আছি । কী চাও ।”

মৃত্যুঞ্জয় কহিল, “আমি আর-কিছু চাই না— আমাকে এই সুরঙ্গ হইতে উদ্ধার করিয়া লইয়া যাও ।”

সন্ন্যাসী জিজ্ঞাসা করিলেন, “তুমি ধন চাও না ?”

মৃত্যুঞ্জয় কহিল, “না, চাহি না ।”

তখন চক্ৰমকি ঠোকার শব্দ উঠিল এবং কিছুক্ষণ পরে আলো জ্বলিল ।

সন্ন্যাসী কহিলেন, “তবে এসো মৃত্যুঞ্জয়, এই সুরঙ্গ হইতে বাহিরে যাই ।”

মৃত্যুঞ্জয় কাতরস্বরে কহিল, “বাবা, নিতান্তই কি সমস্ত ব্যর্থ হইবে । এত কষ্টের পরেও ধন কি পাইব না ।”

তৎক্ষণাৎ মশাল নিবিয়া গেল । মৃত্যুঞ্জয় কহিল, “কী নিষ্ঠুর ।” বলিয়া সেইখানে বসিয়া পড়িয়া ভাবিতে লাগিল । সময়ের কোনো পরিমাণ নাই, অন্ধকারের কোনো অন্ত নাই । মৃত্যুঞ্জয়ের ইচ্ছা করিতে লাগিল তাহার সমস্ত শরীর-মনের বলে এই অন্ধকারটাকে ভাঙিয়া চূর্ণ করিয়া ফেলে । আলোক আকাশ আর বিশ্বচ্ছবির বৈচিত্র্যের জন্য তাহার প্রাণ ব্যাকুল হইয়া উঠিল, কহিল, “ওগো সন্ন্যাসী, ওগো নিষ্ঠুর সন্ন্যাসী, আমি ধন চাই না, আমাকে উদ্ধার করো ।”

সন্ন্যাসী কহিলেন, “ধন চাও না ? তবে আমার হাত ধরো । আমার সঙ্গে চলো ।”

এবারে আর আলো জ্বলিল না । এক হাতে যষ্টি ও এক হাতে সন্ন্যাসীর উত্তরীয় ধরিয়া মৃত্যুঞ্জয় ধীরে ধীরে চলিতে লাগিল । বহুক্ষণ ধরিয়া অনেক আকাঁকা পথ দিয়া অনেক ঘুরিয়া ফিরিয়া এক জায়গায় আসিয়া সন্ন্যাসী কহিলেন, “দাঁড়াও ।”

মৃত্যুঞ্জয় দাঁড়াইল । তাহার পরে একটা মরিচা-পড়া লোহার দ্বার খোলার উৎকট শব্দ শোনা গেল । সন্ন্যাসী মৃত্যুঞ্জয়ের হাত ধরিয়া কহিলেন, “এসো ।”

মৃত্যুঞ্জয় অগ্রসর হইয়া যেন একটা ঘরে প্রবেশ করিল । তখন আবার চক্ৰমকি ঠোকার শব্দ শোনা গেল । কিছুক্ষণ পরে যখন মশাল জ্বলিয়া উঠিল তখন, এ কী আশ্চর্য দৃশ্য ! চারি দিকে দেয়ালের গায়ে মোটা মোটা সোনার পাত ভূগর্ভরুদ্ধ কঠিন সূর্যালোকপুঞ্জের মতো স্তরে স্তরে সজ্জিত । মৃত্যুঞ্জয়ের চোখ দুটা জ্বলিতে লাগিল । সে পাগলের মতো বলিয়া উঠিল, “এ সোনা আমার— এ আমি কোনোমতেই ফেলিয়া যাইতে পারিব না ।”

সন্ন্যাসী কহিলেন, “আচ্ছা, ফেলিয়া যাইয়ো না ; এই মশাল রহিল— আর এই ছাতু, চিড়া আর বড়ো এক ঘটি জল রাখিয়া গেলাম ।”

দেখিতে দেখিতে সন্ন্যাসী বাহির হইয়া আসিলেন, আর এই স্বর্ণভাণ্ডারের লৌহদ্বারে কপাট পড়িল ।

মৃত্যুঞ্জয় বার বার করিয়া এই স্বর্ণপুঞ্জ স্পর্শ করিয়া ঘরময় ঘুরিয়া ঘুরিয়া বেড়াইতে লাগিল । ছোটো ছোটো স্বর্ণখণ্ড টানিয়া মেজের উপর ফেলিতে লাগিল, কোলের উপর তুলিতে লাগিল, একটার উপরে আর-একটা আঘাত করিয়া শব্দ করিতে লাগিল, সর্বাস্থের উপর বুলাইয়া তাহার স্পর্শ লইতে লাগিল । অবশেষে শ্রান্ত হইয়া সোনার পাত বিছাইয়া তাহার উপর শয়ন করিয়া ঘুমাইয়া পড়িল ।

জাগিয়া উঠিয়া দেখিল, চারি দিকে সোনা ঝক্‌ঝক্‌ করিতেছে । সোনা ছাড়া আর-কিছুই নাই । মৃত্যুঞ্জয় ভাবিতে লাগিল, পৃথিবীর উপরে হয়তো এতকণে প্রভাত হইয়াছে, সমস্ত জীবজন্তু আনন্দে

জাগিয়া উঠিয়াছে।— তাহাদের বাড়িতে পুকুরের ধারের বাগান হইতে প্রভাতে যে একটি স্নিগ্ধ গন্ধ উঠিত তাহাই কল্পনায় তাহার নাসিকায় যেন প্রবেশ করিতে লাগিল। সে যেন স্পষ্ট চোখে দেখিতে পাইল, পাতিহাঁসগুলি দুলিতে দুলিতে কলরব করিতে করিতে সকালবেলায় পুকুরের জলের মধ্যে আসিয়া পড়িতেছে, আর বাড়ির ঝি বামা কোমরে কাপড় জড়াইয়া উর্ধ্বাধিত দক্ষিণহস্তের উপর একরাশি পিতলকাঁসার থালা বাটি লইয়া ঘাটে আনিয়া উপস্থিত করিতেছে।

মৃত্যুঞ্জয় দ্বারে আঘাত করিয়া ডাকিতে লাগিল, “ওগো সন্ন্যাসীঠাকুর, আছ কি।”

দ্বার খুলিয়া গেল। সন্ন্যাসী কহিলেন, “কী চাও।”

মৃত্যুঞ্জয় কহিল, “আমি বাহিরে যাইতে চাই— কিন্তু সঙ্গে এই সোনার দুটো-একটা পাতও কি লইয়া যাইতে পারিব না।”

সন্ন্যাসী তাহার কোনো উত্তর না দিয়া নূতন মশাল জ্বলাইলেন— পূর্ণ কমণ্ডলু একটি রাখিলেন আর উত্তরীয় হইতে কয়েক মুষ্টি চিড়া মেজের উপর রাখিয়া বাহির হইয়া গেলেন। দ্বার বন্ধ হইয়া গেল।

মৃত্যুঞ্জয় পাতলা একটা সোনার পাত লইয়া তাহা দোমড়াইয়া খণ্ড খণ্ড করিয়া ভাঙিয়া ফেলিল। সেই খণ্ড সোনাগুলোকে লইয়া ঘরের চারি দিকে লোটুখণ্ডের মতো ছড়াইতে লাগিল। কখনো বা দাঁত দিয়া দংশন করিয়া সোনার পাতের উপর দাগ করিয়া দিল। কখনো বা একটা সোনার পাত মাটিতে ফেলিয়া তাহার উপরে বারংবার পদাঘাত করিতে লাগিল। মনে মনে বলিতে লাগিল, পৃথিবীতে এমন সম্রাট কয়জন আছে যাহারা সোনা লইয়া এমন করিয়া ফেলাছড়া করিতে পারে। মৃত্যুঞ্জয়ের যেন একটা প্রলয়ের রোখ চাপিয়া গেল। তাহার ইচ্ছা করিতে লাগিল, এই রাশীকৃত সোনাকে চূর্ণ করিয়া ধূলির মতো সে ঝাটা দিয়া ঝাটা দিয়া উড়াইয়া ফেলে— আর এইরূপে পৃথিবীর সমস্ত সুবর্ণলুক রাজা-মহারাজকে সে অবজ্ঞা করিতে পারে।

এমনি করিয়া যতক্ষণ পারিল মৃত্যুঞ্জয় সোনাগুলোকে লইয়া টানাটানি করিয়া শ্রান্তদেহে ঘুমাইয়া পড়িল। ঘুম হইতে উঠিয়া সে আবার তাহার চারি দিকে সেই সোনার স্তূপ দেখিতে লাগিল। সে তখন দ্বারে আঘাত করিয়া চিৎকার করিয়া বলিয়া উঠিল, “ওগো সন্ন্যাসী, আমি এ সোনা চাই না— সোনা চাই না!”

কিন্তু দ্বার খুলিল না। ডাকিতে ডাকিতে মৃত্যুঞ্জয়ের গলা ভাঙিয়া গেল, কিন্তু দ্বার খুলিল না— এক-একটা সোনার পিণ্ড লইয়া দ্বারের উপর ছুঁড়িয়া মারিতে লাগিল, কোনো ফল হইল না। মৃত্যুঞ্জয়ের বুক দমিয়া গেল— তবে আর কি সন্ন্যাসী আসিবে না। এই স্বর্ণকারাগারের মধ্যে তিলে তিলে পলে পলে শুকাইয়া মরিতে হইবে!

তখন সোনাগুলোকে দেখিয়া তাহার আতঙ্ক হইতে লাগিল। বিতীষিকার নিঃশব্দ কঠিন হাসোর মতো ঐ সোনার স্তূপ চারি দিকে স্থির হইয়া রহিয়াছে— তাহার মধ্যে স্পন্দন নাই, পরিবর্তন নাই— মৃত্যুঞ্জয়ের যে হৃদয় এখন কাঁপিতেছে, ব্যাকুল হইতেছে, তাহার সঙ্গে উহাদের কোনো সম্পর্ক নাই, বেদনার কোনো সম্বন্ধ নাই। এই সোনার পিণ্ডগুলো আলোক চায় না, আকাশ চায় না, বাতাস চায় না, প্রাণ চায় না, মুক্তি চায় না। ইহারা এই চির-অন্ধকারের মধ্যে চিরদিন উজ্জ্বল হইয়া কঠিন হইয়া স্থির হইয়া রহিয়াছে।

পৃথিবীতে এখন কি গোধূলি আসিয়াছে। আহা, সেই গোধূলির স্বর্ণ! যে স্বর্ণ কেবল ক্ষণকালের জন্য চোখ জুড়াইয়া অন্ধকারের প্রান্তে কাঁদিয়া বিদায় লইয়া যায়। তাহার পরে কুটিরের প্রান্তগতলে সন্ধ্যাতারা একদৃষ্টে চাহিয়া থাকে। গোষ্ঠে প্রদীপ জ্বলাইয়া বধু ঘরের কোণে সন্ধ্যাদীপ স্থাপন করে। মন্দিরে আরতির ঘণ্টা বাজিয়া উঠে।

গ্রামের ঘরের অতি ক্ষুদ্রতম তৃচ্ছতম ব্যাপার আজ মৃত্যুঞ্জয়ের কল্পনাদৃষ্টির কাছে উজ্জ্বল হইয়া উঠিল। তাহাদের সেই-যে ভোলা কুকুরটা লেজে মাথায় এক হইয়া উঠানের প্রান্তে সন্ধ্যার পর ঘুমাইতে থাকিত, সে কল্পনাও তাহাকে যেন বাধিত করিতে লাগিল। ধরাগোল গ্রামে কয়দিন সে যে

মুদির দোকানে আশ্রয় লইয়াছিল সেই মুদি এতক্ষণ রাতে প্রদীপ নিবাইয়া দোকানে ঝাঁপ বন্ধ করিয়া ধীরে ধীরে গ্রামে বাড়িমুখে আহার করিতে চলিয়াছে, এই কথা স্বরণ করিয়া তাহার মনে হইতে লাগিল, মুদি কী সুখেই আছে। আজ কী বার কে জানে। যদি রবিবার হয় তবে এতক্ষণে হাটের লোক যে যার আপন আপন বাড়ি ফিরিতেছে, সঙ্গচ্যুত সাথিকে উর্ধ্বস্বরে ডাক পাড়িতেছে, দল বাধিয়া খেয়ানৌকায় পার হইতেছে; মেঠো রাস্তা ধরিয়া, শস্যক্ষেত্রের আল বাহিয়া, পল্লীর গুহবংশপত্রখচিত অঙ্গনপার্শ্ব দিয়া চাষী লোক হাতে দুটো-একটা মাছ কুলাইয়া মাথায় একটা চূপড়ি লইয়া অঙ্ককারের আকাশভরা তারার ক্ষীণালোকে গ্রামে গ্রামান্তরে চলিয়াছে।

ধরণীর উপরিতলে এই বিচিত্র বহুঃ চিরচঞ্চল জীবনযাত্রার মধ্যে তুচ্ছতম দীনতম হইয়া নিজের জীবন মিশাইবার জন্য শতস্তর মৃত্তিকা ভেদ করিয়া তাহার কাছে লোকালয়ের আহ্বান আসিয়া পৌছিতে লাগিল। সেই জীবন, সেই আকাশ, সেই আলোক, পৃথিবীর সমস্ত মণিমাণিক্যের চেয়ে তাহার কাছে দুর্মূল্য বোধ হইতে লাগিল। তাহার মনে হইতে লাগিল, কেবল ক্ষণকালের জন্য একবার যদি আমার সেই শ্যামাজননী ধরিত্রীর ধূলিক্রোড়ে, সেই উন্মুক্ত আলোকিত নীলাস্বরের তলে, সেই তৃণপত্রের গন্ধবাসিত বাতাস বুক ভরিয়া একটিমাত্র শেষ নিশ্বাসে গ্রহণ করিয়া মরিতে পারি তাহা হইলেও জীবন সার্থক হয়।

এমন সময় দ্বার খুলিয়া গেল। সন্ন্যাসী ঘরে প্রবেশ করিয়া কহিলেন, “মৃত্যুঞ্জয়, কী চাও।”

সে বলিয়া উঠিল, “আমি আর কিছুই চাই না— আমি এই সুরঙ্গ হইতে, অঙ্ককার হইতে, গোলকধাধা হইতে, এই সোনার গারদ হইতে, বাহির হইতে চাই। আমি আলোক চাই, আকাশ চাই, মৃত্তি চাই।”

সন্ন্যাসী কহিলেন, “এই সোনার ভাণ্ডারের চেয়ে মূল্যবান রত্নভাণ্ডার এখানে আছে। একবার যাইবে না?”

মৃত্যুঞ্জয় কহিল, “না, যাইব না।”

সন্ন্যাসী কহিলেন, “একবার দেখিয়া আসিবার কৌতূহলও নাই?”

মৃত্যুঞ্জয় কহিল, “না, আমি দেখিতেও চাই না। আমাকে যদি কৌপীন পরিয়া ভিক্ষা করিয়া বেড়াইতে হয় তবে আমি এখানে এক মুহূর্তও কাটাইতে ইচ্ছা করি না।”

সন্ন্যাসী কহিলেন, “আচ্ছা, তবে এসো।”

মৃত্যুঞ্জয়ের হাত ধরিয়া সন্ন্যাসী তাহাকে সেই গভীর কূপের সম্মুখে লইয়া গেলেন। তাহার হাতে সেই লিখনপত্র দিয়া কহিলেন, “এখানি লইয়া তুমি কী করিবে।”

মৃত্যুঞ্জয় সে পত্রখানি টুকরা টুকরা করিয়া ছিড়িয়া কূপের মধ্যে নিক্ষেপ করিল।

কার্তিক ১৩১৪

রাসমণির ছেলে

১

কালীপদর মা ছিলেন রাসমণি— কিন্তু তাহাকে দায়ে পড়িয়া বাপের পদ গ্রহণ করিতে হইয়াছিল। কারণ, বাপ মা উভয়েই মা হইয়া উঠিলে ছেলের পক্ষে সুবিধা হয় না। তাহার স্বামী ভবানীচরণ ছেলেকে একেবারেই শাসন করিতে পারেন না।

তিনি কেন এত বেশি আদর দেন তাহা জিজ্ঞাসা করিলে তিনি যে উত্তর দিয়া থাকেন তাহা বৃষ্টিতে হইলে পূর্ব ইতিহাস জানা চাই।

ব্যাপারখানা এই— শানিয়াড়ির বিখ্যাত বনিয়াদী ধনীর বংশে ভবানীচরণের জন্ম। ভবানীচরণের পিতা অভয়াচরণের প্রথম পক্ষের পুত্র শ্যামাচরণ। অধিক বয়সে ত্রীবিয়োগের পর দ্বিতীয়বার যখন অভয়াচরণ বিবাহ করেন তখন তাঁহার স্বস্তর আলমি তালুকটি বিশেষ করিয়া তাঁহার কন্যার নামে লিখাইয়া লইয়াছিলেন। জামাতার বয়স হিসাব করিয়া তিনি মনে মনে ভাবিয়াছিলেন যে, কন্যার বৈধব্য যদি ঘটে তবে খাওয়া-পরার জন্য যেন সপত্নীপুত্রের অধীন তাহাকে না হইতে হয়।

তিনি যাহা কল্পনা করিয়াছিলেন তাহার প্রথম অংশ ফলিতে বিলম্ব হইল না। তাঁহার দৌহিত্র ভবানীচরণের জন্মের অনতিকাল পরেই তাঁহার জামাতার মৃত্যু হইল। তাঁহার কন্যা নিজের বিশেষ সম্পত্তির অধিকার লাভ করিলেন ইহা স্বচক্ষে দেখিয়া তিনিও পরলোকযাত্রার সময় কন্যার ইহলোক সম্বন্ধে অনেকটা নিশ্চিন্ত হইয়া গেলেন।

শ্যামাচরণ তখন বয়ঃপ্রাপ্ত। এমন-কি, তাঁহার বড়ো ছেলোট তখনই ভবানীর চেয়ে এক বছরের বড়ো। শ্যামাচরণ নিজের ছেলেদের সঙ্গে একত্রেই ভবানীকে মানুষ করিতে লাগিলেন। ভবানীচরণের মাতার সম্পত্তি হইতে কখনো তিনি নিজে এক পয়সা লন নাই এবং বৎসরে বৎসরে তাহার পরিষ্কার হিসাবটি তিনি বিমাতার নিকট দাখিল করিয়া তাহার রসিদ লইয়াছেন, ইহা দেখিয়া সকলেই তাঁহার সাধুতায় মুগ্ধ হইয়াছে।

বহুত প্রায় সকলেই মনে করিয়াছিল এতটা সাধুতা অনাবশ্যক, এমন-কি, ইহা নিবৃদ্ধিতারই নামান্তর। অখণ্ড পৈতৃক সম্পত্তির একটা অংশ দ্বিতীয় পক্ষের স্ত্রীর হাতে পড়ে ইহা গ্রামের লোকের কাহারও ভালো লাগে নাই। যদি শ্যামাচরণ ছল করিয়া এই দলিলটি কোনো কৌশলে বাতিল করিয়া দিতেন তবে প্রতিবেশীরা তাঁহার পৌরুষের প্রশংসাই করিত, এবং যে উপায়ে তাহা সূচারূপে সাধিত হইতে পারে তাহার পরামর্শদাতা প্রবীণ ব্যক্তিরও অভাব ছিল না। কিন্তু শ্যামাচরণ তাঁহাদের চিরকালীন পারিবারিক স্বত্বকে অঙ্গহীন করিয়াও তাঁহার বিমাতার সম্পত্তিটিকে সম্পূর্ণ স্বতন্ত্র করিয়া রাখিলেন।

এই কারণে এবং স্বভাবসিদ্ধ স্নেহশীলতাবশত বিমাতা ব্রজসুন্দরী শ্যামাচরণকে আপনার পুত্রের মতোই স্নেহ এবং বিশ্বাস করিতেন। এবং তাঁহার সম্পত্তিটিকে শ্যামাচরণ অত্যন্ত পৃথক করিয়া দেখিতেন বলিয়া তিনি অনেকবার তাঁহাকে ভৎসনা করিয়াছেন, বলিয়াছেন, 'বাবা, এ তো সমস্তই তোমাদের, এ সম্পত্তি সঙ্গে লইয়া আমি তো স্বর্গে যাইব না, এ তোমাদেরই থাকিবে; আমার এত হিসাবপত্র দেখিবার দরকার কী।' শ্যামাচরণ সে কথায় কর্ণপাত করিতেন না।

শ্যামাচরণ নিজের ছেলেদের কঠোর শাসনে রাখিতেন। কিন্তু ভবানীচরণের 'পরে তাঁহার কোনো শাসনই ছিল না। ইহা দেখিয়া সকলেই একবাক্যে বলিত, নিজের ছেলেদের চেয়ে ভবানীর প্রতিই তাঁহার বেশি স্নেহ। এমন করিয়া ভবানীর পড়াশুনা কিছুই হইল না। এবং বিষয়বুদ্ধি সম্বন্ধে চিরদিন শিশুর মতো থাকিয়া দাদার উপর সম্পূর্ণ নির্ভর করিয়া তিনি বয়স কাটাইতে লাগিলেন। বিষয়কর্মে তাঁহাকে কোনোদিন চিন্তা করিতে হইত না— কেবল মাঝে মাঝে এক-একদিন সই করিতে হইত। কেন সই করিতেছেন তাহা বুঝিবার চেষ্টা করিতেন না কারণ চেষ্টা করিলে কৃতকার্য হইতে পারিতেন না।

এ দিকে শ্যামাচরণের বড়ো ছেলে তারাপদ সকল কাজে পিতার সহকারীরূপে থাকিয়া কাজে কর্মে পাকা হইয়া উঠিল। শ্যামাচরণের মৃত্যু হইলে পর তারাপদ ভবানীচরণকে কহিল, "খুড়ামহাশয়, আমাদের আর একত্র থাকা চলিবে না। কী জানি কোনদিন সামান্য কারণে মনান্তর ঘটিতে পারে তখন সংসার ছারখার হইয়া যাইবে।"

পৃথক হইয়া কোনোদিন নিজের বিষয় নিজেকে দেখিতে হইবে এ কথা ভবানী স্বপ্নেও কল্পনা করেন নাই। যে সংসারে শিশুকাল হইতে তিনি মানুষ হইয়াছেন সেটাকে তিনি সম্পূর্ণ অখণ্ড বলিয়াই জানিতেন— তাহার যে কোনো-একটা জায়গায় জোড় আছে, এবং সেই জোড়ের মুখে তাহাকে দুইখানা করা যায়, সহসা সে সংবাদ পাইয়া তিনি ব্যাকুল হইয়া পড়িলেন।

বংশের সম্মানহানি এবং আত্মীয়দের মনোবেদনায় তারাপদকে যখন কিছুমাত্র বিচলিত করিতে পারিল না তখন কেমন করিয়া বিষয় বিভাগ হইতে পারে সেই অসাধ্য চিন্তায় ভবানীকে প্রবৃত্ত হইতে হইল। তারাপদ তাঁহার চিন্তা দেখিয়া অত্যন্ত বিস্মিত হইয়া কহিলেন, “খুড়ামহাশয়, কাণ্ড কী। আপনি এত ভাবিতেছেন কেন। বিষয় ভাগ তো হইয়াই আছে। ঠাকুরদাদা বাঁচিয়া থাকিতেই তো ভাগ করিয়া দিয়া গেছেন।”

ভবানী হতবুদ্ধি হইয়া কহিলেন, “সত্য নাকি। আমি তো তাহার কিছুই জানি না।”

তারাপদ কহিলেন, “বিলক্ষণ! জানেন না তো কী। দেশসুদ্ধ লোক জানে, পাছে আপনাদের সঙ্গে আমাদের কোনো বিবাদ ঘটে এইজন্য আলন্দ্রি তালুক আপনাদের অংশে লিখিয়া দিয়া ঠাকুরদাদা প্রথম হইতেই আপনাদিগকে পৃথক করিয়া দিয়াছেন— সেই ভাবেই তো এ পর্যন্ত চলিয়া আসিতেছে।”

ভবানীচরণ ভাবিলেন, সকলই সম্ভব। জিজ্ঞাসা করিলেন, “এই বাড়ি?”

তারাপদ কহিলেন, “ইচ্ছ করেন তো বাড়ি আপনারাই রাখিতে পারেন। সদর মহকুমায় যে কুঠি আছে সেইটে পাইলেই আমাদের কোনোরকম করিয়া চলিয়া যাইবে।”

তারাপদ এত অনায়াসে পৈতৃক বাড়ি ছাড়িতে প্রস্তুত হইলেন দেখিয়া তাঁহার ঔদার্যে তিনি বিস্মিত হইয়া গেলেন। তাঁহাদের সদর মহকুমার বাড়ি তিনি কোনোদিন দেখেন নাই এবং তাহার প্রতি তাঁহার কিছুমাত্র মমতা ছিল না।

ভবানী যখন তাঁহার মাতা ব্রজসুন্দরীকে সকল বৃত্তান্ত জানাইলেন, তিনি কপালে করাঘাত করিয়া বলিলেন, “ওমা, সে কী কথা। আলন্দ্রি তালুক তো আমার খোরপোষের জন্য আমি স্ত্রীধনস্বরূপে পাইয়াছিলাম— তাহার আয়ও তো তেমন বেশি নয়। পৈতৃক সম্পত্তিতে তোমার যে অংশ সে তুমি পাইবে না কেন।”

ভবানী কহিলেন, “তারাপদ বলে, পিতা আমাদের ঐ তালুক ছাড়া আর-কিছু দেন নাই।”

ব্রজসুন্দরী কহিলেন, “সে কথা বলিলে আমি শুনিব কেন। কর্তা নিজে হাতে তাঁহার উইল দুই প্রহ্ন লিখিয়াছিলেন— তাহার এক প্রহ্ন আমার কাছে রাখিয়াছেন; সে আমার সিন্দুকেই আছে।”

সিন্দুক খোলা হইল। সেখানে আলন্দ্রি তালুকের দানপত্র আছে কিন্তু উইল নাই। উইল চুরি গিয়াছে।

পরামর্শদাতাকে ডাকা হইল। লোকটি তাঁহাদের গুরুঠাকুরের ছেলে। নাম বগলাচরণ। সকলেই বলে তাহার ভারি পাকা বুদ্ধি। তাহার বাপ গ্রামের মন্ত্রদাতা আর ছেলেটি মন্ত্রদাতা। পিতাপুত্রের গ্রামের পরকাল ইহকাল ভাগাভাগি করিয়া লইয়াছে। অন্যের পক্ষে তাহার ফলাফল যেমনই হউক, তাহাদের নিজেদের পক্ষে কোনো অসুবিধা ঘটে নাই।

বগলাচরণ কহিল, “উইল না-ই পাওয়া গেল। পিতার সম্পত্তিতে দুই ভায়ের তো সমান অংশ থাকিবেই।”

এমন সময় অপর পক্ষ হইতে একটা উইল বাহির হইল। তাহাতে ভবানীচরণের অংশে কিছুই লেখে না। সমস্ত সম্পত্তি পৌত্রদিগকে দেওয়া হইয়াছে। তখন অভয়াচরণের পুত্র জন্মে নাই।

বগলাকে কাণ্ডারী করিয়া ভবানী মকদ্দমার মহাসমুদ্রে পাড়ি দিলেন। বন্দরে আসিয়া লোহার সিন্দুকটি যখন পরীক্ষা করিয়া দেখিলেন তখন দেখিতে পাইলেন, লক্ষ্মীপেচার বাসাটি একেবারে শূন্য— সামান্য দুটো-একটা সোনার পালক খসিয়া পড়িয়া আছে। পৈতৃক সম্পত্তি অপর পক্ষের হাতে গেল। আর আলন্দ্রি তালুকের যে ডগাটুকু মকদ্দমা-খরচার বিনাশতল হইতে জাগিয়া রহিল, কোনোমতে তাহাকে আশ্রয় করিয়া থাকা চলে মাত্র কিন্তু বংশমর্যাদা রক্ষা করা চলে না। পুরাতন বাড়িটা ভবানীচরণ পাইয়া মনে করিলেন ভারি জিতিয়াছি। তারাপদের দল সদরে চলিয়া গেল। উভয়পক্ষের মধ্যে আর দেখাসাক্ষাৎ রহিল না।

শ্যামাচরণের বিশ্বাসঘাতকতা ব্রজসুন্দরীকে শেলের মতো বাজিল। শ্যামাচরণ অন্যায় করিয়া কর্তার উইল চুরি করিয়া ভাইকে বঞ্চিত করিল এবং পিতার বিশ্বাসভঙ্গ করিল ইহা তিনি কোনোমতেই ভুলিতে পারিলেন না। তিনি যতদিন বাঁচিয়া ছিলেন প্রতিদিনই দীর্ঘনিশ্বাস ফেলিয়া বার বার করিয়া বলিতেন, 'ধর্মে ইহা কখনোই সহিবে না।' ভবানীচরণকে প্রায়ই প্রতিদিন তিনি এই বলিয়া আশ্বাস দিয়াছেন যে, 'আমি আইন-আদালত কিছুই বুঝি না, আমি তোমাকে বলিতেছি, কর্তার সে উইল কখনোই চিরদিন চাপা থাকিবে না। সে তুমি নিশ্চয়ই ফিরিয়া পাইবে।'

বরাবর মাতার কাছে এই কথা শুনিয়া ভবানীচরণ মনে অত্যন্ত একটা ভরসা পাইলেন। তিনি নিজে অক্ষম বলিয়া এইরূপ আশ্বাসবাক্য তাঁহার পক্ষে অত্যন্ত সাব্বনার জিনিস। সতীসাক্ষীর বাক্য ফলিবেই, যাহা তাঁহারই তাহা আপনিই তাঁহার কাছে ফিরিয়া আসিবে এ কথা তিনি নিশ্চয় স্থির করিয়া বসিয়া রহিলেন। মাতার মৃত্যুর পরে এ বিশ্বাস তাঁহার আরো দৃঢ় হইয়া উঠিল— কারণ মৃত্যুর বিচ্ছেদের মধ্য দিয়া মাতার পুণ্যতেজ তাঁহার কাছে আরো অনেক বড়ো করিয়া প্রতিভাত হইল। দারিদ্র্যের সমস্ত অভাবপীড়ন যেন তাঁহার গায়েই বাজিত না। মনে হইত, এই-যে অন্নবস্ত্রের কষ্ট, এই-যে পূর্বেকার চালচলনের ব্যত্যয়, এ যেন দুদিনের একটা অভিনয়মাত্র— এ কিছুই সত্য নহে। এইজন্য সাবেক ঢাকায় ধুতি ছিড়িয়া গেলে যখন কম দামের মোটা ধুতি তাঁহাকে কিনিয়া পরিতে হইল তখন তাঁহার হাসি পাইল। পূজার সময় সাবেক কালের ধুমধাম চলিল না, নমোনম করিয়া কাজ সারিতে হইল। অভ্যাগতজন এই পরিদ্র আয়োজন দেখিয়া দীর্ঘনিশ্বাস ফেলিয়া সাবেক কালের কথা পাড়িল। ভবানীচরণ মনে মনে হাসিলেন; তিনি ভাবিলেন, ইহারা জানে না এ-সমস্তই কেবল কিছুদিনের জন্য— তাহার পর এমন ধুম করিয়া একদিন পূজা হইবে যে, ইহাদের চক্ষুস্থির হইয়া যাইবে। সেই ভবিষ্যতের নিশ্চিত সমারোহ তিনি এমনি প্রত্যক্ষের মতো দেখিতে পাইতেন যে, বর্তমান দৈন্য তাঁহার চোখেই পড়িত না।

এ সম্বন্ধে তাঁহার আলোচনা করিবার প্রধান মানুষটি ছিল নোটো চাকর। কতবার পূজোৎসবের দারিদ্র্যের মাঝখানে বসিয়া প্রভু-ভৃত্যে, ভাবী সুদিনে কিরূপ আয়োজন করিতে হইবে তাহারই বিস্তারিত আলোচনায় প্রবৃত্ত হইয়াছেন। এমন-কি, কাহাকে নিমন্ত্রণ করিতে হইবে না-হইবে এবং কলিকাতা হইতে যাত্রার দল আনিবার প্রয়োজন আছে কি না তাহা লইয়া উভয়পক্ষে ঘোরতর মতান্তর ও তর্কবিতর্ক হইয়া গিয়াছে। স্বভাবসিদ্ধ অনৌদার্যবশত নটবিহারী সেই ভাবীকালের ফর্দ-রচনায় কৃপণতা প্রকাশ করায় ভবানীচরণের নিকট হইতে তীব্র ভৎসনা লাভ করিয়াছে। এরূপ ঘটনা প্রায়ই ঘটিত।

মোটের উপরে বিষয়সম্পত্তি সম্বন্ধে ভবানীচরণের মনে কোনোপ্রকার দৃষ্টিভ্রম ছিল না। কেবল তাঁহার একটিমাত্র উদ্বেগের কারণ ছিল, কে তাঁহার বিষয় ভোগ করিবে। আজ পর্যন্ত তাঁহার সন্তান হইল না। কন্যাদায়গ্রস্ত হিতৈষীরা যখন তাঁহাকে আর-একটি বিবাহ করিতে অনুরোধ করিত তখন তাঁহার মন এক-একবার চঞ্চল হইত; তাহার কারণ এ নয় যে নববধু সম্বন্ধে তাঁহার বিশেষ শখ ছিল— বরঞ্চ সেবক ও অঙ্গের ন্যায় স্ত্রীকেও পুরাতনভাবেই তিনি প্রশস্ত বলিয়া গণ্য করিতেন— কিন্তু যাহার ঐশ্বর্যসম্ভাবনা আছে তাহার সন্তানসম্ভাবনা না থাকা বিষয় বিড়ম্বনা বলিয়াই তিনি জানিতেন।

এমন সময় যখন তাঁহার পুত্র জন্মিল তখন সকলেই বলিল, এইবার এই ঘরের ভাগ্য ফিরিবে, তাহার সূত্রপাত হইয়াছে। স্বয়ং স্বর্গীয় কর্তা অভয়াচরণ আবার এ ঘরে জন্মিয়াছেন, ঠিক সেই রকমেরই টানা চোখ। ছেলের কোষ্ঠীতেও দেখা গেল, গ্রহে নক্ষত্রে এমনিভাবে যোগাযোগ ঘটিয়াছে যে হৃতসম্পত্তি উদ্ধার না হইয়া যায় না।

ছেলে হওয়ার পর হইতে ভবানীচরণের ব্যবহারে কিছু পরিবর্তন লক্ষ্য করা গেল। এতদিন পর্যন্ত দারিদ্র্যকে তিনি নিতান্তই একটা খেলার মতো সকৌতুকে অতি অনায়াসেই বহন করিয়াছিলেন, কিন্তু

ছেলের সম্বন্ধে সে ভাবটি তিনি রক্ষা করিতে পারিলেন না। শানিয়াড়ির বিখ্যাত চৌধুরীদের ঘরে নির্বাণপ্রায় কুলপ্রদীপকে উজ্জ্বল করিবার জন্য সমস্ত গ্রহনক্ষত্রের আকাশব্যাপী আনুকূল্যের ফলে যে শিশু ধরাধামে অবতীর্ণ হইয়াছে তাহার প্রতি তো একটা কর্তব্য আছে। আজ পর্যন্ত ধারাবাহিক কাল ধরিয়া এই পরিবারের পুত্রসন্তানমাত্রই অজন্মকাল যে সমাদর লাভ করিয়াছে ভবানীচরণের জ্যেষ্ঠ পুত্রই প্রথম তাহা হইতে বঞ্চিত হইল, এ বেদনা তিনি ভুলিতে পারিলেন না। 'এ বংশের চিরপ্রাপ্য আমি যাহা পাইয়াছি আমার পুত্রকে তাহা দিতে পারিলাম না', ইহা স্মরণ করিয়া তাহার মনে হইতে লাগিল, 'আমি ইহাকে ঠকাইলাম।' তাই কালীপদর জন্য অর্থব্যয় যাহা করিতে পারিলেন না প্রচুর আদর দিয়া তাহা পূরণ করিবার চেষ্টা করিলেন।

ভবানীর স্ত্রী রাসমণি ছিলেন অন্য ধরনের মানুষ। তিনি শানিয়াড়ির চৌধুরীদের বংশগৌরব সম্বন্ধে কোনোদিন উদ্বেগ অনুভব করেন নাই। ভবানী তাহা জানিতেন এবং ইহা লইয়া মনে মনে তিনি হাসিতেন— ভাবিতেন, যেকোন সামান্য দরিদ্র বৈষ্ণববংশে তাহার স্ত্রীর জন্ম তাহাতে তাহার এ ক্রটি ক্ষমা করাই উচিত— চৌধুরীদের মানমর্যাদা সম্বন্ধে ঠিকমত ধারণা করাই তাহার পক্ষে অসম্ভব।

রাসমণি নিজেই তাহা স্বীকার করিতেন— বলিতেন, 'আমি গরিবের মেয়ে, মানসন্ত্রমের ধার ধারি না, কালীপদ আমার বাঁচিয়া থাক, সেই আমার সকলের চেয়ে বড়ো ঐশ্বর্য।' উইল আবার পাওয়া যাটবে এবং কালীপদর কল্যাণে এ বংশে লুপ্ত সম্পদের শূন্য নদীপথে আবার বান ডাকিবে; এ-সব কথায় তিনি একেবারে কানই দিতেন না। এমন মানুষই ছিল না যাহার সঙ্গে তাহার স্বামী হারানো উইল লইয়া আলোচনা না করিতেন। কেবল এই সকলের চেয়ে বড়ো মনের কথাটি তাহার স্ত্রীর সঙ্গে হইত না। দুই-একবার তাহার সঙ্গে আলোচনার চেষ্টা করিয়াছিলেন, কিন্তু কোনো রস পাইলেন না। অতীত মহিমা এবং ভাবী মহিমা এই দুইয়ের প্রতিই তাহার স্ত্রী মনোযোগমাত্র করিতেন না, উপস্থিত প্রয়োজনই তাহার সমস্ত চিন্তাকে আকর্ষণ করিয়া রাখিয়াছিল।

সে প্রয়োজনও বড়ো অল্প ছিল না। অনেক চেষ্টায় সংসার চালাইতে হইত। কেননা, লক্ষ্মী চলিয়া গেলেও তাহার বোঝা কিছু কিছু পশ্চাতে ফেলিয়া যান, তখন উপায় থাকে না বটে কিন্তু অপায় থাকিয়া যায়। এ পরিবারে আশ্রয় প্রায় ভাঙিয়া গিয়াছে কিন্তু আশ্রিত দল এখনো তাহাদিগকে ছুটি দিতে চায় না। ভবানীচরণও তেমন লোক নহেন যে, অভাবের ভয়ে কাহাকেও বিদায় করিয়া দিবেন।

এই ভাবগ্রস্ত ভাঙা সংসারটিকে চালাইবার ভার রাসমণির উপরে। কাহারও কাছে তিনি বিশেষ কিছু সাহায্যও পান না। কারণ এ সংসারের স্বচ্ছল অবস্থার দিনে আশ্রিতেরা সকলেই আরামে ও আলসোই দিন কাটাইয়াছে। চৌধুরীবংশের মহাবৃক্ষের তলে ইহাদের সুখশস্যের উপরে ছায়া আপনিই আসিয়া বিস্তীর্ণ হইয়াছে এবং ইহাদের মুখের কাছে পাকাফল আপনিই আসিয়া পড়িয়াছে— সেজন্য ইহাদের কাহাকেও কিছুমাত্র চেষ্টা করিতে হয় নাই। আজ ইহাদিগকেই কোনোপ্রকার কাজ করিতে বলিলে ইহারা ভারি অপমান বোধ করে— এবং রান্নাঘরের ধোয়া লাগিলেই ইহাদের মাথা ধরে, আর হাঁটাইটি করিতে গেলেই কোথা হইতে এমন পোড়া বাতের ব্যামো আসিয়া অভিভূত করিয়া তোলে যে, কবিরাজের বহুমূল্য তৈলেও রোগ উপশম হইতে চায় না। তা ছাড়া, ভবানীচরণ বলিয়া থাকেন, আশ্রয়ের পরিবর্তে যদি আশ্রিতের কাছ হইতে কাজ আদায় করা হয় তবে সে তো চাকরি করাইয়া লওয়া— তাহাতে আশ্রয়দানের মূল্যই চলিয়া যায়— চৌধুরীদের ঘরে এমন নিয়মই নহে।

অতএব সমস্ত দায় রাসমণিরই উপর। দিনরাত্রি নানা কৌশলে ও পরিশ্রমে এই পরিবারের সমস্ত অভাব তাহাকে গোপনে মিটাইয়া চলিতে হয়। এমন করিয়া দিনরাত্রি দৈন্যের সঙ্গে সংগ্রাম করিয়া টানাটানি করিয়া দরদস্তুর করিয়া চলিতে থাকিলে মানুষকে বড়ো কঠিন করিয়া তুলে— তাহার কমনীয়তা চলিয়া যায়। যাহাদের জন্য সে পদে পদে খাটিয়া মরে তাহারাই তাহাকে সহ্য করিতে পারে না। রাসমণি যে কেবল পাকশালায় অল্প পাক করেন তাহা নহে, অল্পের সংস্থানতারও অনেকটা তাহার উপর— অথচ সেই অল্প সেবন করিয়া মধ্যাহ্নে যাহারা নিদ্রা দেন তাহার প্রতিদিন সেই অল্পেরও নিন্দা করেন, অল্পদাতারও সুখ্যাতি করেন না।

কেবল ঘরের কাজ নহে, তালুক ব্রহ্মত্র অল্পসল্প যা-কিছু এখনো বাকি আছে তাহার হিসাবপত্র দেখা, খাজনা আদায়ের ব্যবস্থা করা, সমস্ত রাসমণিকে করিতে হয়। তহসিল প্রভৃতি সম্বন্ধে পূর্বে এত কষাকষি কোনোদিন ছিল না— ভবানীচরণের টাকা অভিমন্ত্র্য ঠিক উলটা, সে বাহির হইতেই জানে, প্রবেশ করিবার বিদ্যা তাহার জানা নাই। কোনোদিন টাকার জন্য কাহাকেও তাগিদ করিতে তিনি একেবারেই অক্ষম। রাসমণি নিজের প্রাপ্য সম্বন্ধে কাহাকে সিকি পয়সা রেয়াত করেন না। ইহাতে প্রজারা তাঁহাকে নিন্দা করে, গোমস্তাগুলো পর্যন্ত তাঁহার সতর্কতার জ্বালায় অস্থির হইয়া তাঁহার বংশোচিত ক্ষুদ্রাশয়তার উল্লেখ করিয়া তাঁহাকে গালি দিতে ছাড়ে না। এমন-কি, তাঁহার স্বামীও তাঁহার কৃপণতা ও তাঁহার কর্কশতাকে তাঁহাদের বিশ্ববিখ্যাত পরিবারের পক্ষে মানহানিজনক বলিয়া কখনো কখনো মৃদুস্বরে আপত্তি করিয়া থাকেন। এ-সমস্ত নিন্দা ও ভৎসনা তিনি সম্পূর্ণ উপেক্ষা করিয়া নিজের নিয়মে কাজ করিয়া চলেন, দোষ সমস্তই নিজের ঘাড়ে লন; তিনি গরিবের ঘরের মেয়ে, তিনি বড়োমানুষিয়ানার কিছুই বোঝেন না, এই কথা বার বার স্বীকার করিয়া ঘরে বাহিরে সকল লোকের কাছে অপ্রিয় হইয়া, আচলের প্রান্তটা কষিয়া কোমরে জড়াইয়া ঝড়ের বেগে কাজ করিতে থাকেন; কেহ তাঁহাকে বাধা দিতে সাহস করে না।

স্বামীকে কোনোদিন তিনি কোনো কাজে ডাকা দূরে থাক, তাঁহার মনে মনে এই ভয় সর্বদা ছিল পাছে ভবানীচরণ সহসা কর্তৃত্ব করিয়া কোনো কাজে হস্তক্ষেপ করিয়া বসেন। 'তোমাকে কিছুই ভাবিতে হইবে না, এ-সব কিছুতে তোমার থাকার প্রয়োজন নাই' এই বলিয়া সকল বিষয়েই স্বামীকে নিরুদ্যম করিয়া রাখাই তাঁহার একটা প্রধান চেষ্টা ছিল। স্বামীরও আজন্মকাল সেটা সুন্দররূপে অভ্যস্ত থাকতে সে বিষয়ে স্বীকে অধিক দুঃখ পাইতে হয় নাই। রাসমণির অনেক বয়স পর্যন্ত সন্তান হয় নাই— এই তাঁহার অকর্মণ্য সরলপ্রকৃতি পরমুখাপেক্ষী স্বামীটিকে লইয়া তাঁহার পত্নীপ্রেম ও মাতৃস্নেহ দুই মিটিয়াছিল। ভবানীকে তিনি বয়ঃপ্রাপ্ত বালক বলিয়াই দেখিতেন। কাজেই শান্তির মৃত্যুর পর হইতে বাড়ির কর্তা এবং গৃহিণী উভয়েরই কাজ তাঁহাকে একলাই সম্পন্ন করিতে হইত। গুরুঠাকুরের ছেলে এবং অন্যান্য বিপদ হইতে স্বামীকে রক্ষা করিবার জন্য তিনি এমনি কঠোরভাবে চলিতেন যে, তাঁহার স্বামীর সঙ্গীরা তাঁহাকে ভারি ভয় করিত। প্রকৃত্য গোপন করিয়া রাখিবেন, স্পষ্ট কথাগুলার ধারটুকু একটু নরম করিয়া দিবেন, এবং পুরুষমণ্ডলীর সঙ্গে যথোচিত সংকোচ রক্ষা করিয়া চলিবেন, সেই নারীজনোচিত সুযোগ তাঁহার ঘটিল না।

এ পর্যন্ত ভবানীচরণ তাঁহার বাধ্যভাবেই চলিতেছিলেন। কিন্তু কালীপদর সম্বন্ধে রাসমণিকে মানিয়া চলা তাঁহার পক্ষে কঠিন হইয়া উঠিল।

তাহার কারণ এই, রাসমণি ভবানীর পুত্রটিকে ভবানীচরণের নজরে দেখিতেন না। তাঁহার স্বামীর সম্বন্ধে তিনি ভাবিতেন, বেচারার করিবে কী, উহার দোষ কী, ও বড়োমানুষের ঘরে জন্মিয়াছে— ওর তো উপায় নাই। এইজন্য তাঁহার স্বামী যে কোনোরূপ কষ্ট স্বীকার করিবেন, ইহা তিনি আশাই করিতে পারিতেন না। তাই সহস্র অভাব সম্বন্ধেও প্রাণপণ শক্তিতে তিনি স্বামীর সমস্ত অভ্যস্ত প্রয়োজন যথাসম্ভব জোগাইয়া দিতেন। তাঁহার ঘরে বাহিরের লোকের সম্বন্ধে হিসাব খুবই কষা ছিল, কিন্তু ভবানীচরণের আহারে ব্যবহারে পারতপক্ষে সাবেক নিয়মের কিছুমাত্র ব্যত্যয় হইতে পারিত না। নিতান্ত টানাটানির দিনে যদি কোনো বিষয়ে কিছু ক্রটি ঘটিত তবে সেটা সে অভাববশত ঘটিয়াছে সে কথা তিনি কোনোমতেই স্বামীকে জানিতে দিতেন না— হয়তো বলিতেন, 'ঐ রে, হতভাগা কুকুর খাবারে মুখ দিয়া সমস্ত নষ্ট করিয়া দিয়াছে!' বলিয়া নিজের কল্পিত অসতর্কতাকে ধিক্কার দিতেন। নয়তো লক্ষ্মীছাড়া নোটের দোষেই নূতন-কেনা কাপড়টা খোওয়া গিয়াছে বলিয়া তাহার বুদ্ধির প্রতি প্রচুর অশ্রদ্ধা প্রকাশ করিতেন— ভবানীচরণ তখন তাঁহার প্রিয় ভৃত্যটির পক্ষাবলম্বন করিয়া গৃহিণীর ক্রোধ হইতে তাঁহাকে বাঁচাইবার জন্য ব্যস্ত হইয়া উঠিতেন। এমন-কি, কখনো এমনও ঘটিয়াছে, যে কাপড় গৃহিণী কেনেন নাই এবং ভবানীচরণ চক্ষেও দেখেন নাই এবং যে কাল্পনিক কাপড়খানা হারাইয়া ফেলিয়াছে বলিয়া নটবিহারী অভিযুক্ত— ভবানীচরণ অজ্ঞানমুখে স্বীকার করিয়াছেন যে, সেই কাপড়

নোটো তাঁহাকে কোচাইয়া দিয়াছে, তিনি তাহা পরিয়াছেন এবং তাহার পর— তাহার পর কী হইল সেটা হঠাৎ তাহার কল্পনাশক্তিতে জোগাইয়া উঠে নাই— রাসমণি নিজেই সেটুকু পূরণ করিয়া বলিয়াছেন— নিশ্চয়ই তুমি তোমার বাহিরের বৈঠকখানার ঘরে ছাড়িয়া রাখিয়াছিলে, সেখানে যে খুশি আসে যায়, কে চুরি করিয়া লইয়াছে।

ভবানীচরণের সম্বন্ধে এইরূপ ব্যবস্থা। কিন্তু নিজের ছেলেকে তিনি কোনো অংশেই স্বামীর সমকক্ষ বলিয়া গণ্য করিতেন না। সে তো তাহারই গর্ভের সন্তান— তাহার আবার কিসের বাবুয়ানা! সে হইবে শক্তসমর্থ কাজের লোক— অনায়াসে দুঃখ সহিবে ও খাটিয়া খাইবে। তাহার এটা নহিলে চলে না, ওটা নহিলে অপমান বোধ হয়, এমন কথা কোনোমতেই শোভা পাইবে না। কালীপদ সম্বন্ধে রাসমণি খাওয়া-পরায় খুব মোটা রকমই বরাদ্দ করিয়া দিলেন। মুড়িগুড় দিয়াই তাহার জলখাবার সারিলেন এবং মাথা-কান ঢাকিয়া দোলাই পরাইয়া তাহার শীতনিবারণের ব্যবস্থা করিলেন। গুরুমশায়কে স্বয়ং ডাকিয়া বলিয়া দিলেন, ছেলে যেন পড়াশুনায় কিছুমাত্র শৈথিল্য করিতে না পারে, তাহাকে যেন বিশেষরূপ শাসনে সংযত রাখিয়া শিক্ষা দেওয়া হয়।

এইখানে বড়ো মুশকিল বাধিল। নিরীহস্বভাব ভবানীচরণ মাঝে মাঝে বিদ্রোহের লক্ষণ প্রকাশ করিতে লাগিলেন, কিন্তু রাসমণি যেন তাহা দেখিয়াও দেখিতে পাইলেন না। ভবানী প্রবলপক্ষের কাছে চিরদিনই হার মানিয়াছেন, এবারেও তাঁহাকে অগত্যা হার মানিতে হইল, কিন্তু মন হইতে তাহার বিরুদ্ধতা ঘুচিল না। এ ঘরের ছেলে দোলাই মুড়ি দিয়া গুড়মুড়ি খায়, এমন বিসদৃশ দৃশ্য দিনের পর দিন কি দেখা যায়।

পূজার সময় তাহার মনে পড়ে, কর্তাদের আমলে নৃতন সাজসজ্জা পরিয়া তাঁহারা কিরূপ উৎসাহ বোধ করিয়াছেন। পূজার দিনে রাসমণি কালীপদের জন্য যে সস্তা কাপড়জামার ব্যবস্থা করিয়াছেন সাবেক কালে তাঁহাদের বাড়ির ভৃত্যেরাও তাহাতে আপত্তি করিত। রাসমণি স্বামীকে অনেক করিয়া বুঝাইবার চেষ্টা করিয়াছেন যে, কালীপদকে যাহা দেওয়া যায় তাহাতেই সে খুশি হয়, সে তো সাবেক দস্তুরের কথা কিছু জানে না— তুমি কেন মিছামিছি মন ভার করিয়া থাক। কিন্তু ভবানীচরণ কিছুতেই ভুলিতে পারেন না যে, বেচারী কালীপদ আপন বংশের গৌরব জানে না বলিয়া তাহাকে ঠকানো হইতেছে। বস্তুত সামান্য উপহার পাইয়া সে যখন গর্বে ও আনন্দে নৃত্য করিতে করিতে তাঁহাকে ছুটিয়া দেখাইতে আসে তখন তাহাতেই ভবানীচরণকে যেন আরো আঘাত করিতে থাকে। তিনি সে কিছুতেই দেখিতে পারেন না। তাঁহাকে মুখ ফিরাইয়া চলিয়া যাইতে হয়।

ভবানীচরণের মকদ্দমা চালাইবার পর হইতে তাহাদের গুরুঠাকুরের ঘরে বেশ কিঞ্চিৎ অর্থসমাগম হইয়াছে। তাহাতে সন্তুষ্ট না থাকিয়া গুরুপুত্রটি প্রতিবৎসর পূজার কিছু পূর্বে কলিকাতা হইতে নানাপ্রকার চোখ-ভোলানো সস্তা শৌখিন জিনিস আনাইয়া কয়েক মাসের জন্য ব্যবসা চালাইয়া থাকেন। অদৃশ্য কালি, ছিপ-ছড়ি-ছাতার একত্র সমবায়, ছবি-আঁকা চিঠির কাগজ, নিলামে-কেনা নানা রঙের পচা রেশম ও সাটিনের ধান, কবিতা-লেখা পাড়ওয়াল শাড়ি প্রভৃতি লইয়া তিনি গ্রামের নরনারীর মন উতলা করিয়া দেন। কলিকাতার বাবুমহলে আজকাল এই-সমস্ত উপকরণ না হইলে ভদ্রতা রক্ষা হয় না ওনিয়া গ্রামের উচ্চাভিলাষী ব্যক্তিমাত্রই আপনার গ্রাম্যতা ঘুচাইবার জন্য সাধ্যাতিরিক্ত ব্যয় করিতে ছাড়েন না।

একবার বগলাচরণ একটা অত্যাকর্ষ মেমের মূর্তি আনিয়াছিলেন। তার কোন-এক জায়গায় দম দিলে মেম চৌকি ছাড়িয়া উঠিয়া দাঁড়াইয়া প্রবল বেগে নিজেকে পাখা করিতে থাকে।

এই বীজমপরায়ণ গ্রীষ্মকাতর মেমমূর্তিটির প্রতি কালীপদের অত্যন্ত লোভ জন্মিল। কালীপদ তাহার মাকে বেশ চেনে, এইজন্য মার কাছে কিছু না বলিয়া ভবানীচরণের কাছে করুণকণ্ঠে আবেদন উপস্থিত করিল। ভবানীচরণ তখনই উদারভাবে তাহাকে আশ্বস্ত করিলেন, কিন্তু তাহার দাম ওনিয়া তাঁহার মুখ শুকাইয়া গেল।

টাকাকড়ি আদায়ও করেন রাসমণি, তহবিলও তাঁহার কাছে, খরচও তাঁহার হাত দিয়াই হয়।

ভবানীচরণ ভিখারীর মতো তাঁহার অন্নপূর্ণার দ্বারে গিয়া উপস্থিত হইলেন। প্রথমে বিস্তর অপ্রাসঙ্গিক কথা আলোচনা করিয়া অবশেষে এক সময়ে ধা করিয়া আপনার মনের ইচ্ছাটা বলিয়া ফেলিলেন। রাসমণি অত্যন্ত সংক্ষেপে বলিলেন, “পাগল হইয়াছ!”

ভবানীচরণ চূপ করিয়া খানিকক্ষণ ভাবিতে লাগিলেন। তাহার পরে হঠাৎ বলিয়া উঠিলেন, “আচ্ছা দেখো, ভাতের সঙ্গে তুমি যে রোজ আমাকে ঘি আর পায়স দাও সেটার তো প্রয়োজন নাই।”

রাসমণি বলিলেন, “প্রয়োজন নাই তো কী।”

ভবানীচরণ কহিলেন, “কবিরাজ বলে, উহাতে পিত্ত বৃদ্ধি হয়।”

রাসমণি তীক্ষ্ণভাবে মাথা নাড়িয়া কহিলেন, “তোমার কবিরাজ তো সব জানে!”

ভবানীচরণ কহিলেন, “আমি তো বলি রাত্রে আমার লুচি বন্ধ করিয়া ভাতের ব্যবস্থা করিয়া দিলে ভালো হয়। উহাতে পেট ভার করে।”

রাসমণি কহিলেন, “পেট ভার করিয়া আজ পর্যন্ত তোমার তো কোনো অনিষ্ট হইতে দেখিলাম না। জন্মকাল হইতে লুচি খাইয়াই তো তুমি মানুষ।”

ভবানীচরণ সর্বপ্রকার ত্যাগস্বীকার করিতেই প্রস্তুত— কিন্তু সে দিকে ভারি কড়াবড়। ঘিয়ের দর বাড়িতেছে তবু লুচির সংখ্যা ঠিক সমানই আছে। মধ্যাহ্নভোজনে পায়সটা যখন আছেই তখন দইটা না দিলে কোনো ক্ষতিই হয় না— কিন্তু বাহুল্য হইলেও এ বাড়িতে বাবুরা বরাবর দই পায়স খাইয়া আসিয়াছেন। কোনোদিন ভবানীচরণের ভোগে সেই চিরন্তন দধির অনটন দেখিলে রাসমণি কিছুতেই তাহা সহ্য করিতে পারেন না। অতএব গায়ে-হাওয়া-লাগানো সেই মেমমূর্তিটাই ভবানীচরণের দই-পায়স-ঘি-লুচির কোনো ছিদ্রপথ দিয়া যে প্রবেশ করিবে এমন উপায় দেখা গেল না।

ভবানীচরণ তাঁহার গুরুপুত্রের বাসায় একদিন যেন নিতান্ত অকারণেই গেলেন এবং বিস্তর অপ্রাসঙ্গিক কথার পর সেই মেমের খবরটা জিজ্ঞাসা করিলেন। তাঁহার বর্তমান আর্থিক দুর্গতির কথা বগলাচরণের কাছে গোপন থাকিবার কোনো কারণ নাই তাহা তিনি জানেন, তবু আজ তাঁহার টাকা নাই বলিয়া ঐ একটা সামান্য খেলনা তিনি তাঁহার ছেলের জন্য কিনিতে পারিতেছেন না, এ কথার আভাস দিতেও তাঁহার যেন মাথা ছিড়িয়া পড়িতে লাগিল। তবু দুঃসহ সংকোচকেও অধঃকৃত করিয়া তিনি তাঁহার চাদরের ভিতর হইতে কাপড়ে-মোড়া একটি দামী পুরাতন জামিয়ার বাহির করিলেন। রুদ্ধপ্রায় কণ্ঠে কহিলেন, “সময়টা কিছু খারাপ পড়িয়াছে, নগদ টাকা হাতে বেশি নাই— তাই মনে করিয়াছি, এই জামিয়ারটি তোমার কাছে বন্ধক রাখিয়া সেই পুতুলটা কালীপদর জন্য লইয়া যাইব।”

জামিয়ারের চেয়ে অল্প দামের কোনো জিনিস যদি হইত তবে বগলাচরণের বাধিত না— কিন্তু সে জানিত এটা হজম করিয়া উঠিতে পারিবে না— গ্রামের লোকেরা তো নিন্দা করিবেই, তাহার উপরে রাসমণির রসনা হইতে যাহা বাহির হইবে তাহা সরস হইবে না। জামিয়ারটাকে পুনরায় চাদরের মধ্যে গোপন করিয়া হতাশ হইয়া ভবানীচরণকে ফিরিতে হইল।

কালীপদ পিতাকে রোজ জিজ্ঞাসা করে, “বাবা, আমার সেই মেমের কী হইল।” ভবানীচরণ রোজই হাসিমুখে বলেন, “রোস— এখনই কী। সপ্তমী পূজার দিন আগে আসুক।

প্রতিদিনই মুখে হাসি টানিয়া আনা দুঃসাধ্যকর হইতে লাগিল।

আজ চতুর্থী। ভবানীচরণ অসময়ে অন্তঃপুরে কী একটা ছুতা করিয়া গেলেন। যেন হঠাৎ কথাপ্রসঙ্গে রাসমণিকে বলিয়া উঠিলেন, “দেখো, আমি কয়দিন হইতে লক্ষ্য করিয়া দেখিয়াছি, কালীপদর শরীরটা যেন দিনে দিনে খারাপ হইয়া যাইতেছে।”

রাসমণি কহিলেন, “বালাই। খারাপ হইতে যাইবে কেন। ওর তো আমি কোনো অসুখ দেখি না।”

ভবানীচরণ কহিলেন, “দেখ নাই! ও চূপ করিয়া বসিয়া থাকে। কী যেন ভাবে।”

রাসমণি কহিলেন, “ও একদণ্ড চূপ করিয়া বসিয়া থাকিলে আমি তো ঝাঁচিলাম। ওর আবার ভাবনা! কোথায় কী দৃষ্টামি করিতে হইবে, ও সেই কথাই ভাবে।”

দুর্গপ্রাচীরের এদিকটাতেও কোনো দুর্বলতা দেখা গেল না— পাথরের উপরে গোলার দাগও বসিল

না। নিশ্বাস ফেলিয়া মাথায় হাত বুলাইতে বুলাইতে ভবানীচরণ বাহিরে চলিয়া আসিলেন। একলা ঘরের দাওয়ার বসিয়া খুব কবিয়া তামাক খাইতে লাগিলেন।

পঞ্চমীর দিনে তাঁহার পাতে দই পায়স অমনি পড়িয়া রহিল। সন্ধ্যাবেলায় শুধু একটা সন্দেশ খাইয়াই জল খাইলেন, লুচি ছুইতে পারিলেন না। বলিলেন, “ক্ষুধা একেবারেই নাই।”

এবার দুর্গপ্রাচীরে মস্ত একটা ছিন্ন দেখা দিল। বষ্ঠীর দিনে রাসমণি স্বয়ং কালীপদকে নিভুতে ডাকিয়া লইয়া তাহার আদরের ডাকনাম ধরিয়া বলিলেন, “ভেঁটু, তোমার এত বয়স হইয়াছে, তবু তোমার অন্যায় আবদার ঘুচিল না! ছি ছি! যেটা পাইবার উপায় নাই সেটাকে লোভ করিলে অর্ধেক চুরি করা হয় তা জান!”

কালীপদ নাকীসুরে কহিল, “আমি কী জানি। বাবা যে বলিয়াছেন, ওটা আমাকে দেবেন।”

তখন বাবার বলার অর্থ কী রাসমণি তাহা কালীপদকে বুঝাইতে বসিলেন। পিতার এই বলার মধ্যে যে কত স্নেহ কত বেদনা, অথচ এই জিনিসটা দিতে হইলে তাঁহাদের দরিদ্রঘরের কত ক্ষতি কত দুঃখ তাহা অনেক করিয়া বলিলেন। রাসমণি এমন করিয়া কোনোদিন কালীপদকে কিছু বুঝান নাই— তিনি যাহা করিতেন, খুব সংক্ষেপে এবং জোরের সঙ্গেই করিতেন— কোনো আদেশকে নরম করিয়া তুলিবার আবশ্যকই তাঁহার ছিল না। সেইজন্য কালীপদকে তিনি যে আজ এমনি মিনতি করিয়া এত বিস্তারিত করিয়া কথা বলিতেছেন তাহাতে সে আশ্চর্য হইয়া গেল, এবং মাতার মনের এক জায়গায় যে কতটা দরদ আছে বালক হইয়াও একরকম করিয়া সে তাহা বুঝিতে পারিল। কিন্তু মেমের দিক হইতে মন এক মুহূর্তে ফিরাইয়া আনা কত কঠিন তাহা বয়স্ক পাঠকদের বুঝিতে কষ্ট হইবে না। তাই কালীপদ মুখ অত্যন্ত গভীর করিয়া একটা কাঠি লইয়া মাটিতে আঁচড় কাটিতে লাগিল।

তখন রাসমণি আবার কঠিন হইয়া উঠিলেন— কঠোরস্বরে কহিলেন, “তুমি রাগই কর আর কান্নাকাটিই কর, যাহা পাইবার নয় তাহা কোনোমতেই পাইবে না।” এই বলিয়া আর বৃথা সময় নষ্ট না করিয়া দ্রুতপদে গৃহকর্মে চলিয়া গেলেন।

কালীপদ বাহিরে গেল। তখন ভবানীচরণ একলা বসিয়া তামাক খাইতেছিলেন। দূর হইতে কালীপদকে দেখিয়াই তিনি তাড়াতাড়ি উঠিয়া যেন একটা বিশেষ কাজ আছে এমনি ভাবে কোথায় চলিলেন। কালীপদ ছুটিয়া আসিয়া কহিল, “বাবা, আমার সেই মেম—”

আজ আর ভবানীচরণের মুখে হাসি বাহির হইল না; কালীপদের গলা জড়াইয়া ধরিয়া কহিলেন, “রোস বাবা, আমার একটা কাজ আছে— সেরে আসি, তার পরে সব কথা হবে।” বলিয়া তিনি বাড়ির বাহির হইয়া পড়িলেন। কালীপদের মনে হইল, তিনি যেন তাড়াতাড়ি চোখ হইতে জল মুছিয়া ফেলিলেন।

তখন পাড়ার এক বাড়িতে পরীক্ষা করিয়া উৎসবের বাশির বায়না করা হইতেছিল। সেই বসনচৌকিতে সকালবেলাকার করুণসুরে শরতের নবীন রৌদ্র যেন প্রচ্ছন্ন অশ্রুভারে ব্যাধিত হইয়া উঠিতেছিল। কালীপদ তাহাদের বাড়ির দরজার কাছে দাঁড়াইয়া চূপ করিয়া পথের দিকে চাহিয়া রহিল। তাহার পিতা যে কোনো কাজেই কোথাও যাইতেছেন না, তাহা তাঁহার গতি দেখিয়াই বুঝা যায়— প্রতি পদক্ষেপেই তিনি যে একটা নৈরাশ্যের বোঝা টানিয়া টানিয়া চলিয়াছেন এবং তাহা কোথাও ফেলিবার স্থান নাই, তাহা তাঁহার পশ্চাৎ হইতেও স্পষ্ট দেখা যাইতেছিল।

কালীপদ অন্তঃপুরে ফিরিয়া আসিয়া কহিল, “মা, আমার সেই পাখা-করা মেম চাই না।”

মা তখন জ্ঞানি লইয়া ক্ষিপ্রহস্তে সুপারি কাটিতেছিলেন। তাঁহার মুখ উজ্জ্বল হইয়া উঠিল। ছেলেতে মায়েতে সেইখানে বসিয়া কী একটা পরামর্শ হইয়া গেল তাহা কেহই জানিতে পারিল না। জ্ঞানি রাখিয়া ধামা-ভরা কাটা ও আকাটা সুপুরি ফেলিয়া রাসমণি তখনই বগলাচরণের বাড়ি চলিয়া গেলেন।

আজ ভবানীচরণের বাড়ি ফিরিতে অনেক বেলা হইল। স্নান সারিয়া যখন তিনি খাইতে বসিলেন তখন তাঁহার মুখ দেখিয়া বোধ হইল আজও দধি-পায়সের সদগতি হইবে না, এমন-কি, মাছের মুড়াটা

আজ সম্পূর্ণই বিড়ালের ভোগে লাগিবে।

তখন দড়ি দিয়া মোড়া কাগজের এক বাস লইয়া রাসমণি তাঁহার স্বামীর সম্মুখে আনিয়া উপস্থিত করিলেন। আহারের পরে যখন ভবানীচরণ বিশ্রাম করিতে যাইবেন তখনই এই রহস্যটা তিনি আবিষ্কার করিবেন ইহাই রাসমণির ইচ্ছা ছিল, কিন্তু দধি পায়স ও মাছের মুড়ার অনাদর দূর করিবার জন্য এখনই এটা বাহির করিতে হইল। বাস্তব ভিতর হইতে সেই মেমমূর্তি বাহির হইয়া বিনা বিলম্বে প্রবল উৎসাহে আপন গ্রীষ্মতাপ-নিবারণে লাগিয়া গেল। বিড়ালকে আজ হত্যা হইয়া কিরিতে হইল। ভবানীচরণ গৃহীণীকে বলিলেন, “আজ রান্নাটা বড়ো উত্তম হইয়াছে। অনেকদিন এমন মাছের ঝোল খাই নাই। আর দইটা যে কী চমৎকার জমিয়াছে সে আর কী বলিব।”

সপ্তমীর দিন কালীপদ তাহার অনেক দিনের আকাঙ্ক্ষার ধন পাইল। সেদিন সমস্ত দিন সে মেমের পাখা খাওয়া দেখিল, তাহার সমবয়সী বন্ধুবান্ধবদিগকে দেখাইয়া তাহাদের ঈর্ষার উদ্বেক্ত করিল। অন্য কোনো অবস্থায় হইলে সমস্তকণ এই পুতুলের একঘেয়ে পাখা নাড়ায় সে নিশ্চয়ই একদিনেই বিরক্ত হইয়া যাইত— কিন্তু অষ্টমীর দিনেই এই প্রতিমা বিসর্জন দিতে হইবে জানিয়া তাহার অনুরাগ অটল হইয়া রহিল। রাসমণি তাঁহার গুরুপুত্রকে দুই টাকা নগদ দিয়া কেবল একদিনের জন্য এই পুতুলটি ভাড়া করিয়া আনিয়াছিলেন। অষ্টমীর দিনে কালীপদ দীর্ঘনিশ্বাস ফেলিয়া স্বহস্তে বাস্তবসমেত পুতুলটি বগলাচরণের কাছে ফিরাইয়া দিয়া আসিল। এই একদিনের মিলনের সুখস্মৃতি অনেকদিন তাহার মনে জাগরুক হইয়া রহিল; তাহার কল্পনালোকে পাখা চলার আর বিরাম রহিল না।

এখন হইতে কালীপদ মাতার মন্ত্রণার সঙ্গী হইয়া উঠিল এবং এখন হইতে ভবানীচরণ প্রতিবৎসরই এত সহজে এমন মূল্যবান পূজার উপহার কালীপদকে দিতে পারিতেন যে, তিনি নিজেই আশ্চর্য হইয়া যাইতেন।

পৃথিবীতে মূল্য না দিয়া যে কিছুই পাওয়া যায় না এবং সে মূল্য যে দুঃখের মূল্য, মাতার অন্তরঙ্গ হইয়া সে কথা কালীপদ প্রতিদিন যতই বৃষ্টিতে পারিল ততই দেখিতে দেখিতে সে যেন ভিতরের দিক হইতে বড়ো হইয়া উঠিতে লাগিল। সকল কাজেই এখন সে তার মাতার দক্ষিণপার্শ্বে আসিয়া দাঁড়াইল। সংসারের ভার বহিতে হইবে, সংসারের ভার বাড়াইতে হইবে না, এ কথা বিনা উপদেশবাক্যেই তাহার রক্তের সঙ্গেই মিশিয়া গেল।

জীবনের দায়িত্ব গ্রহণ করিবার জন্য তাহাকে প্রস্তুত হইতে হইবে, এই কথা স্মরণ রাখিয়া কালীপদ প্রাণপণে পড়িতে লাগিল। ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া যখন সে ছাত্রবৃত্তি পাইল তখন ভবানীচরণ মনে করিলেন, আর বেশি পড়াশুনার দরকার নাই, এখন কালীপদ তাহাদের বিবয়কর্ম দেখায় প্রবৃত্ত হউক।

কালীপদ মাকে আসিয়া কহিল, “কলিকাতায় গিয়া পড়াশুনা না করিতে পারিলে আমি তো মানুষ হইতে পারিব না।”

মা বলিলেন, “সে তো ঠিক কথা বাবা, কলিকাতায় তো যাইতেই হইবে।”

কালীপদ কহিল, “আমার জন্যে কোনো খরচ করিতে হইবে না। এই বৃত্তি হইতেই চালাইয়া দিব— এবং কিছু কাজকর্মেরও জোগাড় করিয়া লইব।”

ভবানীচরণকে রাজি করাইতে অনেক কষ্ট পাইতে হইল। দেখিবার মতো বিবয়সম্পত্তি যে কিছুই নাই সে কথা বলিলে ভবানীচরণ অত্যন্ত দুঃখ বোধ করেন তাই রাসমণিকে সে যুক্তিটা চাপিয়া যাইতে হইল। তিনি বলিলেন, “কালীপদকে তো মানুষ হইতে হইবে।” কিন্তু পুরুষানুক্রমে কোনোদিন শানিয়াড়ির বাহিরে না গিয়াই তো চৌধুরীরা এতকাল মানুষ হইয়াছে। বিদেশকে তাঁহারা যমপুরীর মতো ভয় করেন। কালীপদের মতো বালককে একলা কলিকাতায় পাঠাইবার প্রস্তাবমাত্র কী করিয়া কাহারও মাথায় আসিতে পারে তিনি ভাবিয়া পাইলেন না। অবশেষে গ্রামের সর্বপ্রধান বুদ্ধিমান ব্যক্তি বগলাচরণ পর্যন্ত রাসমণির মতে মত দিল। সে বলিল, “কালীপদ একটিনি উকিল হইয়া সেই উইল-চুরি ঠাকুর শোধ দিবে, নিশ্চয়ই এ তাহার ভাগ্যের লিখন— অতএব কলিকাতায় যাওয়া হইতে

কেহই তাহাকে নিবারণ করিতে পারিবে না।”

এ কথা শুনিয়া ভবানীচরণ অনেকটা সান্বনা পাইলেন। গামছায় বাধা পুরানো সমস্ত নখি বাহির করিয়া উইল-চুরি লইয়া কালীপদর সঙ্গে বার বার আলোচনা করিতে লাগিলেন। সম্প্রতি মাতার মস্ত্রীর কাজটা কালীপদ বেশ বিচক্ষণতার সঙ্গেই চালাইতেছিল, কিন্তু পিতার মস্ত্রণাসভায় সে জোর পাইল না। কেননা তাহাদের পরিবারের এই প্রাচীন অন্যান্যটা সম্বন্ধে তাহার মনে যথেষ্ট উত্তেজনা ছিল না। তবু সে পিতার কথায় সায় দিয়া গেল। সীতাকে উদ্ধার করিবার জন্য বীরশ্রেষ্ঠ রাম যেমন লঙ্কায় যাত্রা করিয়াছিলেন, কালীপদর কলিকাতায় যাত্রাকেও ভবানীচরণ তেমনি খুব বড়ো করিয়া দেখিলেন— সে কেবল সামান্য পাস করার ব্যাপার নয়— ঘরের লক্ষ্মীকে ঘরে ফিরাইয়া আনিবার আয়োজন।

কলিকাতায় যাইবার আগের দিন রাসমণি কালীপদর গলায় একটি রস্কাকবচ কুলাইয়া দিলেন ; এবং তাহার হাতে একটি পঞ্চাশ টাকার নোট দিয়া বলিয়া দিলেন— এই নোটটি রাখিও, আপদে বিপদে প্রয়োজনের সময় কাজে লাগিবে। সংসারখরচ হইতে অনেক কষ্টে জমানো এই নোটটিকেই কালীপদ যথার্থ পবিত্র কবচের ন্যায় জ্ঞান করিয়া গ্রহণ করিল— এই নোটটিকে মাতার আশীর্বাদের মতো সে চিরদিন রক্ষা করিবে, কোনোদিন খরচ করিবে না, এই সে মনে মনে সংকল্প করিল।

৩

ভবানীচরণের মুখে উইল-চুরির কথাটা এখন আর তেমন শোনা যায় না। এখন তাহার একমাত্র আলোচনার বিষয় কালীপদ। তাহারই কথা বলিবার জন্য তিনি এখন সমস্ত পাড়া ঘুরিয়া বেড়ান। তাহার চিঠি পাইলে ঘরে ঘরে তাহা পড়িয়া শুনাইবার উপলক্ষে নাক হইতে চশমা আর নামিতে চায় না। কোনোদিন এবং কোনো পুরুষে কলিকাতায় যান নাই বলিয়াই কলিকাতার গৌরববোধে তাহার কমননা অত্যন্ত উত্তেজিত হইয়া উঠিল। আমাদের কালীপদ কলিকাতায় পড়ে এবং কলিকাতার কোনো সংবাদই তাহার অগোচর নাই— এমন-কি, হুগলির কাছে গঙ্গার উপর দ্বিতীয় আর-একটা পুল বাধা হইতেছে, এ-সমস্ত বড়ো বড়ো খবর তাহার কাছে নিতান্ত ঘরের কথা মাত্র। “শুনেছ ভায়া, গঙ্গার উপর আর-একটা যে পুল বাধা হচ্ছে— আজই কালীপদর চিঠি পেয়েছি, তাতে সমস্ত খবর লিখেছে”— বলিয়া চশমা খুলিয়া তাহার কাচ ভালো করিয়া মুছিয়া চিঠিখানা অতি ধীরে ধীরে আদ্যোপান্ত প্রতিবেশীকে পড়িয়া শুনাইলেন। “দেখছ ভায়া ! কালে কালে কতই যে কী হবে তার ঠিকানা নেই। শেককালে খুলোপায়ে গঙ্গার উপর দিয়ে কুকুরশেয়ালগুলোও পার হয়ে যাবে, কলিতে এও ঘটল হে !” গঙ্গার এইরূপ মাহাত্ম্যখর্ব নিঃসন্দেহই শোচনীয় ব্যাপার, কিন্তু কালীপদ যে কলিকালের এতবড়ো একটা জয়বার্তা তাহাকে লিপিবদ্ধ করিয়া পাঠাইয়াছে এবং গ্রামের নিতান্ত অজ্ঞ লোকেরা এ খবরটা তাহারই কল্যাণে জানিতে পারিয়াছে, সেই আনন্দে তিনি বর্তমান যুগে জীবের অসীম দুর্গতির দুশ্চিন্তাও অনায়াসে ভুলিতে পারিলেন। তাহার দেখা পাইলেন তাহারই কাছে মাথা নাড়িয়া কহিলেন, “আমি বলে দিচ্ছি, গঙ্গা আর বেশি দিন নাই।” মনে মনে এই আশা করিয়া রহিলেন, গঙ্গা যখনই যাইবার উপক্রম করিবেন তখনই সে খবরটা সর্বপ্রথমে কালীপদর চিঠি হইতেই পাওয়া যাইবে।

এ দিকে কলিকাতায় কালীপদ বহুকষ্টে পয়ের বাসায় থাকিয়া ছেলে পড়াইয়া রাতে হিসাবের খাতা নকল করিয়া পড়াশুনা চালাইতে লাগিল। কোনোমতে এন্ট্রেন্স পরীক্ষা পার হইয়া পুনরায় সে বৃত্তি পাইল। এই আশ্চর্য ঘটনা উপলক্ষে সমস্ত গ্রামের লোককে প্রকাণ্ড একটা ভোজ দিবার জন্য ভবানীচরণ ব্যস্ত হইয়া পড়িলেন। তিনি ভাবিলেন, তরী তো প্রায় কূলে আসিয়া ভিড়িল— সেই সাহসে এখন হইতে মন খুলিয়া খরচ করা যাইতে পারে। রাসমণির কাছে কোনো উৎসাহ না পাওয়াতে ভোজটা বন্ধ রহিল।

কালীপদ এবার কলেজের কাছে একটি মেসে আশ্রয় পাইল। মেসের যিনি অধিকারী তিনি তাহাকে

নীচের তলার একটি অব্যবহার্য ঘরে থাকিতে অনুমতি দিয়াছেন। কালীপদ বাড়িতে তাহার ছেলেকে পড়াইয়া দুইবেলা খাইতে পায় এবং মেসের সেই স্নাতস্নেতে অঙ্ককার ঘরে তাহার বাসা। ঘরটার একটা মস্ত সুবিধা এই যে, সেখানে কালীপদের ভাগী কেহ ছিল না। সুতরাং, যদিচ সেখানে বাতাস চলিত না তবু পড়াশুনা অবাধে চলিত। যেমনি হউক, সুবিধা-অসুবিধা বিচার করিবার অবস্থা কালীপদের নহে।

এ মেসে যাহারা ভাড়া দিয়া বাস করে, বিশেষত যাহারা দ্বিতীয় তলের উচ্চলোকে থাকে, তাহাদের সঙ্গে কালীপদের কোনো সম্পর্ক নাই। কিন্তু সম্পর্ক না থাকিলেও সংঘাত হইতে রক্ষা পাওয়া যায় না। উচ্চের বজ্রাঘাত নিম্নের পক্ষে কতদূর প্রাণান্তিক কালীপদের তাহা বৃষ্টিতে বিলম্ব হইল না।

এই মেসের উচ্চলোকে ইন্ডের সিংহাসন যাহার তাহার পরিচয় আবশ্যিক। তাহার নাম শৈলেন্দ্র। সে বড়োমানুষের ছেলে; কলেজে পড়িবার সময় মেসে থাকা তাহার পক্ষে অনাবশ্যিক— তবু সে মেসে থাকিতেই ভালোবাসিত।

তাহাদের বৃহৎ পরিবার হইতে কয়েকজন স্ত্রী ও পুরুষ-জাতীয় আত্মীয়কে আনাইয়া কলিকাতায় একটা বাসা ভাড়া করিয়া থাকিবার জন্য বাড়ি হইতে অনুরোধ আসিয়াছিল— সে তাহাতে কোনোমতেই রাজি হয় নাই।

সে কারণ দেখাইয়াছিল যে, বাড়ির লোকজনের সঙ্গে থাকিলে তাহার পড়াশুনা কিছুই হইবে না। কিন্তু আসল কারণটা তাহা নহে। শৈলেন্দ্র লোকজনের সঙ্গ খুবই ভালোবাসে কিন্তু আত্মীয়দের মুশকিল এই যে, কেবলমাত্র তাহাদের সঙ্গটি লইয়া খালাস পাওয়া যায় না, তাহাদের নানা দায় স্বীকার করিতে হয়; কাহারও সম্বন্ধে এটা করিতে নাই, কাহারও সম্বন্ধে ওটা না করিলে অত্যন্ত নিন্দার কথা। এইজন্য শৈলেন্দ্রের পক্ষে সকলের চেয়ে সুবিধার জায়গা মেস। সেখানে লোক যথেষ্ট আছে অথচ তাহার উপর তাহাদের কোনো ভার নাই। তাহারা আসে যায়, হাসে, কথা কয়; তাহারা নদীর জলের মতো, কেবলই বহিয়া চলিয়া যায় অথচ কোথাও লেশমাত্র ছিন্ন রাখে না।

শৈলেন্দ্রের ধারণা ছিল, সে লোক ভালো, যাহাকে বলে সহৃদয়। সকলেই জানেন এই ধারণাটির মস্ত সুবিধা এই যে, নিজের কাছে ইহাকে বজায় রাখিবার জন্য ভালো লোক হইবার কোনো দরকার করে না। অহংকার জিনিসটা হাতিঘোড়ার মতো নয়; তাহাকে নিতান্তই অন্ন খরচে ও বিনা খোরাকে বেশ মোটা করিয়া রাখা যায়।

কিন্তু শৈলেন্দ্রের ব্যয় করিবার সামর্থ্য ও প্রবৃত্তি ছিল— এইজন্য আপনার অহংকারটাকে সে সম্পূর্ণ বিনা খরচে চরিত্রা খাইতে দিত না; দামী খোরাক দিয়া তাহাকে সুন্দর সুসজ্জিত করিয়া রাখিয়াছিল।

বস্ত্র শৈলেন্দ্রের মনে দয়া যথেষ্ট ছিল। লোকের দুঃখ দূর করিতে সে সত্যই ভালোবাসিত। কিন্তু দ্রুত ভালোবাসিত যে, যদি কেহ দুঃখ দূর করিবার জন্য তাহার শরণাপন্ন না হইত তাহাকে সে বিধিমন্তে দুঃখ না দিয়া ছাড়িত না। তাহার দয়া যখন নির্ভয় হইয়া উঠিত তখন বড়ো ভীষণ আকার ধারণ করিত।

মেসের লোকদিগকে খিরেটার দেখানো, পাঠা খাওয়ানো, টাকা ধার দিয়া সে কথাটাকে সর্বদা মনে করিয়া না রাখা— তাহার দ্বারা প্রায়ই ঘটিত। নবপরিণীত মুক্ত যুবক পূজার ছুটিতে বাড়ি যাইবার সময় কলিকাতার বাসাখরচ সমস্ত শোধ করিয়া যখন নিঃস্ব হইয়া পড়িত তখন বধুর মনোহরণের উপযোগী শৌখিন সাবান এবং এসেল, আর তারই সঙ্গে এক-আধখানি হালের আমদানি বিলাতি ছিটের জ্যাকেট সংগ্রহ করিবার জন্য তাহাকে অত্যন্ত বেশি দৃষ্টিভ্রম পড়িতে হইত না। শৈলেন্দ্রের সুরচির উপর সম্পূর্ণ নির্ভর করিয়া সে বলিত, “তোমাকেই কিন্তু তাই, পছন্দ করিয়া দিতে হইবে।” দোকানে তাহাকে সঙ্গে করিয়া লইয়া নিজে নিতান্ত সস্তা এবং বাজে জিনিস বাছিয়া তুলিত; তখন শৈলেন্দ্র তাহাকে ভৎসনা করিয়া বলিত, “আরে ছি ছি, তোমার কিরকম পছন্দ।” বলিয়া সব চেয়ে শৌখিন জিনিসটি টানিয়া তুলিত। দোকানদার আসিয়া বলিত, “হাঁ, ইনি জিনিস চেনেন বটে।” খরিদদার দামের কথা আলোচনা করিয়া মুখ বিমর্ষ করিতেই শৈলেন্দ্র দাম চুকাইবার অকিঞ্চিৎকর

ভারটা নিজেই লইত— অপর পক্ষের ডায়োভূয়ঃ আপত্তিতেও কর্ণপাত করিত না।

এমনি করিয়া, যেখানে শৈলেন ছিল সেখানে সে চারি দিকের সকলেরই সকল বিষয়ে আশ্রয়স্বরূপ হইয়া উঠিয়াছিল। কেহ তাহার আশ্রয় স্বীকার না করিলে তাহার সেই ঔদ্ধত্য সে কোনোমতেই সহ্য করিতে পারিত না। লোকের হিত করিবার শখ তাহার এতই প্রবল।

বেচারি কালীপদ নীচের স্যাতেসেতে ঘরে ময়লা মাদুরের উপর বসিয়া একখানা ছেঁড়া গেঞ্জি পরিয়া বইয়ের পাতায় চোখ ঠুঁজিয়া দুলিতে দুলিতে পড়া মুখস্থ করিত। যেমন করিয়া হউক তাহাকে স্বলারশিপ পাইতেই হইবে।

মা তাহাকে কলিকাতায় আসিবার পূর্বে মাথার দিব্য দিয়া বলিয়া দিয়াছিলেন বড়োমানুষের ছেলের সঙ্গে মেশামেশি করিয়া সে যেন আমোদপ্রমোদে মাতিয়া না ওঠে। কেবল মাতার আদেশ বলিয়া নহে, কালীপদকে যে দৈন্য স্বীকার করিতে হইয়াছিল তাহা রক্ষা করিয়া বড়োমানুষের ছেলের সঙ্গে মেলা তাহার পক্ষে অসম্ভব ছিল। সে কোনোদিন শৈলেনের কাছে ঘেঁষে নাই— এবং যদিও সে জানিত শৈলেনের মন পাইলে তাহার প্রতিদিনের অনেক দুঃসমস্যা এক মুহূর্তেই সহজ হইয়া যাইতে পারে তবু কোনো কঠিন সংকটেও তাহার প্রসাদলাভের প্রতি কালীপদের লোভ আকৃষ্ট হয় নাই। সে আপনার অভাব লইয়া আপনার দারিদ্র্যের নিভৃত অন্ধকারের মধ্যে প্রচ্ছন্ন হইয়া বাস করিত।

গরিব হইয়া তবু দূরে থাকিবে শৈলেন এই অহংকারটা কোনোমতেই সহিতে পারিল না। তা ছাড়া অশনে বসনে কালীপদের দারিদ্র্যটা এতই প্রকাশ্য যে তাহা নিত্যস্ত দৃষ্টিকটু। তাহার অত্যন্ত দীনহীন কাপড়চোপড় এবং মশারি বিছানা যখনই দোতলার সিঁড়ি উঠিতে চোখে পড়িত তখনই সেটা যেন একটা অপরাধ বলিয়া মনে বাজিত। ইহার পরে, তাহার গলায় তাবিজ বুলানো, এবং সে দুই সন্ধ্যা যথাবিধি আহ্নিক করিত। তাহার এই-সকল অদ্ভুত গ্রাম্যতা উপরের দলের পক্ষে বিষম হাস্যকর ছিল। শৈলেনের পক্ষের দুই-একটি লোক এই নিভৃতবাসী নিরীহ লোকটির রহস্য উদ্ঘাটন করিবার জন্য দুই-চারিদিন তাহার ঘরে আনাগোনা করিল। কিন্তু এই মুখচোরা মানুষের মুখ তাহারা খুলিতে পারিল না। তাহার ঘরে বেশিঙ্গণ বসিয়া থাকা সুখকর নহে, স্বাস্থ্যকর তো নয়ই, কাজেই ভয় দিতে হইল।

তাহাদের পাঠার মাংসের ভোজে এই অকিঞ্চনকে একদিন আহ্বান করিলে সে নিশ্চয়ই কৃতার্থ হইবে, এই কথা মনে করিয়া অনুগ্রহ করিয়া একদা নিমন্ত্রণপত্র পাঠানো হইল। কালীপদ জানাইল, ভোজের ভোজ্য সহ্য করা তাহার সাধ্য নহে, তাহার অভ্যাস অন্যরূপ; এই প্রত্যাখ্যানে দলবল-সমেত শৈলেন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উঠিল।

কিছুদিন তাহার ঠিক উপরের ঘরটাতে এমনি ধূপধাপ শব্দ ও সবেগে গানবাজনা চলিতে লাগিল যে, কালীপদের পক্ষে পড়ায় মন দেওয়া অসম্ভব হইয়া উঠিল। দিনের বেলায় সে যথাসম্ভব গোলদিঘিতে এক গাছের তলে বই লইয়া পড়া করিত এবং রাত্রি থাকিতে উঠিয়া খুব ভোরের দিকে একটা প্রদীপ জ্বালিয়া অধ্যয়নে মন দিত।

কলিকাতায় আহার ও বাসস্থানের কষ্টে এবং অতিপরিশ্রমে কালীপদের একটা মাথাধরার ব্যামো উপসর্গ জুটিল। কখনো কখনো এমন হইত তিন-চারিদিন তাহাকে পড়িয়া থাকিতে হইত। সে নিশ্চয় জানিত, এ সংবাদ পাইলে তাহার পিতা তাহাকে কখনোই কলিকাতায় থাকিতে দিবেন না এবং তিনি ব্যাকুল হইয়া হয়তো বা কলিকাতা পর্যন্ত ছুটিয়া আসিবেন। ভবানীচরণ জানিতেন কলিকাতায় কালীপদ এমন সুখে আছে যাহা গ্রামের লোকের পক্ষে কল্পনা করাও অসম্ভব। পাড়াগায়ে যেমন গাছপালা কোপঝাড় আপনিই জন্মে কলিকাতার হাওয়ায় সর্বপ্রকার আরামের উপকরণ যেন সেইরূপ আপনিই উৎপন্ন হয় এবং সকলেই তাহার ফলভোগ করিতে পারে এইরূপ তাহার একটা ধারণা ছিল। কালীপদ কোনোমতেই তাহার সে ভুল ভাঙে নাই। অসুখের অত্যন্ত কষ্টের সময়ও সে একদিনও পিতাকে পত্র লিখিতে ছাড়ে নাই। কিন্তু এইরূপ পীড়ার দিনে শৈলেনের দল যখন গোলমাল করিয়া ভূতের কাণ্ড করিতে থাকিত তখন কালীপদের কষ্টের সীমা থাকিত না। সে কেবল এপাশ ওপাশ

করিত এবং জনশূন্য ঘরে পড়িয়া মাতাকে ডাকিত ও পিতাকে স্মরণ করিত। দারিদ্র্যের অপমান ও দুঃখ এইরূপে যতই সে ভোগ করিত ততই ইহার বন্ধন হইতে তাহার পিতামাতাকে মুক্ত করিবেই, এই প্রতিজ্ঞা তাহার মনে কেবলই দৃঢ় হইয়া উঠিত।

কালীপদ নিজেকে অত্যন্ত সংকুচিত করিয়া সকলের লক্ষ্য হইতে সরাইয়া রাখিতে চেষ্টা করিল, কিন্তু তাহাতে উৎপাত কিছুমাত্র কমিল না। কোনোদিন বা সে দেখিল, তাহার চিনাবাজারের পুরাতন সস্তা জুতার একপাটির পরিবর্তে একটি অতি উত্তম বিলাতি জুতার পাটি। এরূপ বিসদৃশ জুতা পরিয়া কলেজে যাওয়াই অসম্ভব। সে এ সম্বন্ধে কোনো নালিশ না করিয়া পরের জুতার পাটি ঘরের বাহিরে রাখিয়া দিল এবং জুতা-মেরামতওয়ালার মুচির নিকট হইতে অল্প দামের পুরাতন জুতা কিনিয়া কাজ চালাইতে লাগিল। একদিন উপর হইতে একজন ছেলে হঠাৎ কালীপদের ঘরে আসিয়া জিজ্ঞাসা করিল, “আপনি কি ভুলিয়া আমার ঘর হইতে আমার সিগারেটের কেসটা লইয়া আসিয়াছেন। আমি কোথাও খুঁজিয়া পাইতেছি না।” কালীপদ বিরক্ত হইয়া বলিল, “আমি আপনাদের ঘরে যাই নাই।” “এই যে, এইখানেই আছে” বলিয়া সেই লোকটি ঘরের এক কোণ হইতে মূল্যবান একটি সিগারেটের কেস ভুলিয়া লইয়া আর কিছু না বলিয়া উপরে চলিয়া গেল।

কালীপদ মনে মনে স্থির করিল, ‘এফ. এ. পরীক্ষায় যদি ভালোরকম বৃত্তি পাই তবে এই মেস ছাড়িয়া চলিয়া যাইব।’

মেসের ছেলেরা মিলিয়া প্রতিবৎসর ধুম করিয়া সরস্বতীপূজা করে। তাহার ব্যয়ের প্রধান অংশ শৈলেন বহন করে কিন্তু সকল ছেলেই চাঁদা দিয়া থাকে। গত বৎসর নিতান্তই অবজ্ঞা করিয়া কালীপদের কাছে কেহ চাঁদা চাহিতেও আসে নাই। এ বৎসর কেবল তাহাকে বিরক্ত করিবার জন্যই তাহার নিকট চাঁদার খাতা আনিয়া ধরিল। যে দলের নিকট হইতে কোনোদিন কালীপদ কিছুমাত্র সাহায্য লয় নাই, যাহাদের প্রায় নিত্য-অনুষ্ঠিত আমোদপ্রমোদে যোগ দিবার সৌভাগ্য সে একেবারে অস্বীকার করিয়াছে, তাহারা যখন কালীপদের কাছে চাঁদার সাহায্য চাহিতে আসিল তখন জানি না সে কী মনে করিয়া পাঁচটা টাকা দিয়া ফেলিল। পাঁচ টাকা শৈলেন তাহার দলের লোক কাহারও নিকট হইতে পায় নাই।

কালীপদের দারিদ্র্যের কৃপণতায় এ পর্যন্ত সকলেই তাহাকে অবজ্ঞা করিয়া আসিয়াছে, কিন্তু আজ তাহার এই পাঁচ টাকা দান তাহাদের একেবারে অসহ্য হইল। ‘উহার অবস্থা যে কিরূপ তাহা তো আমাদের অগোচর নাই তবে উহার এত বড়ই কিসের। ও যে দেখি সকলকে টেঁকা দিতে চায়।’

সরস্বতীপূজা ধুম করিয়া হইল— কালীপদ যে পাঁচটা টাকা দিয়াছিল তাহা না দিলেও কোনো ইতরবিশেষ হইত না। কিন্তু কালীপদের পক্ষে সে কথা বলা চলে না। পরের বাড়িতে তাহাকে খাইতে হইত— সকল দিন সময়মত আহার জুটিত না। তা ছাড়া পাকশালার ভৃত্যরাই তাহার ভাগ্যবিধাতা, সুতরাং ভালোমন্দ কমিবেশি সম্বন্ধে কোনো অপ্রিয় সমালোচনা না করিয়া জলখাবারের জন্য কিছু সম্বল তাহাকে হাতে রাখিতেই হইত। সেই সংগতিটুকু গাদাফুলের গুঁড় ভূপের সঙ্গে বিসর্জিত দেবীপ্রতিমার পশ্চাতে অস্তর্ধান করিল।

কালীপদের মাথাধরার উৎপাত বাড়িয়া উঠিল। এবার পরীক্ষায় সে ফেল করিল না বটে কিন্তু বৃত্তি পাইল না। কাজেই পড়িবার সময় সংকোচ করিয়া তাহাকে আরো একটি টুইশনির জোগাড় করিয়া লইতে হইল। এবং বিস্তর উপদ্রব সম্বন্ধে বিনা ভাড়ার বাসাটুকু ছাড়িতে পারিল না।

উপরিভলবাসীরা আশা করিয়াছিল এবার ছুটির পরে নিশ্চয়ই কালীপদ এ মেসে আর আসিবে না। কিন্তু যথাসময়েই তাহার সেই নীচের ঘরটার তালা খুলিয়া গেল। ধূতির উপর সেই তাহার চিরকলে চেককাটা চায়নাকোট পরিয়া কালীপদ কোটরের মধ্যে প্রবেশ করিল, এবং একটা ময়লা কাপড়ে বাধা মন্ত পুটলি-সমেত টিনের বাক্স নামাইয়া রাখিয়া শেরালদহের মুটে তাহার ঘরের সম্মুখে উবু হইয়া বসিয়া অনেক বাদ-প্রতিবাদ করিয়া ভাড়া চুকাইয়া লইল। ঐ পুটলিটার গর্ভে নানা হাঁড়ি খুরি ভাণ্ডার মধ্যে কালীপদের মা কাঁচা আম কুল চালতা প্রভৃতি উপকরণে নানাপ্রকার মুখরোচক পদার্থ তৈরি

করিয়া নিজে সাজাহিয়া দিয়াছেন। কালীপদ জানিত তাহার অবর্তমানে কৌতুকপরায়ণ উপরতলার দল তাহার ঘরে প্রবেশ করিয়া থাকে। তাহার আর-কোনো ভাবনা ছিল না, কেবল তাহার বড়ো সংকোচ ছিল পাছে তাহার পিতামাতার কোনো স্নেহের নিদর্শন এই বিদূষকারীদের হাতে পড়ে; তাহার মা তাহাকে যে খাবার জিনিসগুলি দিয়াছেন এ তাহার পক্ষে অমৃত— কিন্তু এ-সমস্তই তাহার দরিদ্র গ্রাম্যঘরের আদরের ধন; যে আধারে সেগুলি রক্ষিত সেই ময়দা দিয়া আটা সরা-ঢাকা হাঁড়ি, তাহার মধ্যেও শহরের ঐশ্বর্যসজ্জার কোনো লক্ষণ নাই, তাহা কাচের পাত্র নয়, তাহা চিনামাটির ভাণ্ডও নহে— কিন্তু এইগুলিকে কোনো শহরের ছেলে যে অবজ্ঞা করিয়া দেখিবে ইহা তাহার পক্ষে একেবারেই অসহ্য। আগের বারে তাহার এইসমস্ত বিশেষ জিনিসগুলিকে তস্তাপোশের নীচে পুরানো খবরের কাগজ প্রভৃতি চাপা দিয়া প্রচ্ছন্ন করিয়া রাখিত। এবারে তালাচাবির আশ্রয় লইল। যখন সে পাঁচমিনিটের জন্যও ঘরের বাহিরে বাহিত ঘরে তালা বন্ধ করিয়া বাহিত।

এটা সকলেরই চোখে লাগিল। শৈলেন বলিল, “ধনরত্ন তো বিস্তর! ঘরে ঢুকিলে চোরের চক্ষে জল আসে— সেই ঘরে ঘন ঘন তালা পড়িতেছে— একেবারে বিত্তীয় ব্যাঙ্ক অব বেঙ্গল হইয়া উঠিল দেখিতেছি। আমাদের কাহাকেও বিশ্বাস নাই— পাছে ঐ পাবনার ছিটের চারনাকোটটার লোভ সামলাইতে না পারি। ওহে রাধু, ওকে একটা ভদ্রগোছের নূতন কোট কিনিয়া না দিলে তো কিছুতেই চলিতেছে না। চিরকাল ওর ঐ একমাত্র কোট দেখিতে দেখিতে আমার বিরক্ত ধরিয়া গেছে।”

শৈলেন কোনদিন কালীপদের ঐ লোনাথরা চুনবালি-খসা অঙ্ককার ঘরটার মধ্যে প্রবেশ করে নাই। সিঁড়ি দিয়া উপরে উঠিবার সময় বাহির হইতে দেখিলেই তাহার সর্বশরীর সংকুচিত হইয়া উঠিত। বিশেষত সন্ধ্যার সময় যখন দেখিত একটা টিমটিমে শ্রীপ লইয়া একলা সেই বাবুশূন্য বন্ধ ঘরে কালীপদ গা খুলিয়া বসিয়া বইয়ের উপর ঝুঁকিয়া পড়িয়া পড়া করিতেছে তখন তাহার প্রাণ হাঁপাইয়া উঠিত। দলের লোককে শৈলেন বলিল, “এবারে কালীপদ কোন সাতরাজার-ধন মানিক আহরণ করিয়া আনিয়াছে সেটা তোমরা ঝুঁকিয়া বাহির করো।” এই কৌতুকে সকলেই উৎসাহ প্রকাশ করিল।

কালীপদের ঘরের তালাটি নিতান্তই অল্প দামের তালা— তাহার নিবেধ খুব প্রবল নিবেধ নহে— প্রায় সকল চাবিতেই এ তালা খোলে। একদিন সন্ধ্যার সময় কালীপদ যখন ছেলে পড়াইতে গিয়াছে সেই অবকাশে জনদুই-তিন অত্যন্ত আমুদে ছেলে হাসিতে হাসিতে তালা খুলিয়া একটা লঠন হাতে তাহার ঘরে প্রবেশ করিল। তস্তাপোশের নীচে হইতে আচার চাটনি আমস্ব প্রভৃতির ভাণ্ডগুলিকে আবিষ্কার করিল। কিন্তু সেগুলি যে বহুমূল্য গোপনীয় সামগ্রী তাহা তাহাদের মনে হইল না।

ঝুঁজিতে ঝুঁজিতে বালিশের নীচে হইতে রিসেমেন্ট এক চাবি বাহির হইল। সেই চাবি দিয়া টিনের বাস্কেট খুলিতেই কয়েকটা ময়লা কাপড়, বই, খাতা, কাঁচি, ছুরি, কলম ইত্যাদি চোখে পড়িল। বাস্কেট বন্ধ করিয়া তাহারা চলিয়া বাহির উপক্রম করিতেছে এমন সময়ে সমস্ত কাপড়চোপড়ের নীচে রুমালে মোড়া একটা কী পদার্থ বাহির হইল। রুমাল খুলিতেই হেঁড়া কাপড়ের মোড়ক দেখা দিল। সেই মোড়কটি খোলা হইলে একটির পর আর-একটি প্রায় তিন-চারখানা কাগজের আবরণ ছাড়াইয়া কেলিয়া একখানি পঞ্চাশ টাকার নোট বাহির হইয়া পড়িল।

এই নোটখানা দেখিয়া আর কেহ হাসি রাখিতে পারিল না। হো হো করিয়া উচ্চস্বরে হাসিয়া উঠিল। সকলেই হির করিল, এই নোটখানারই জন্যে কালীপদ ঘন ঘন ঘরে চাবি লাগাইতেছে, পৃথিবীর কোনো লোককেই বিশ্বাস করিতে পারিতেছে না। লোকটার কৃপণতা এবং সন্ধি প্রকৃতিতে শৈলেনের প্রসাদপ্রত্যাশী সহচরগুলি বিস্মিত হইয়া উঠিল।

এমন সময় হঠাৎ মনে হইল, রাত্তার কালীপদের মতো যেন কাহার কাশি শোনা গেল। তৎক্ষণাৎ বাস্কেটের ডালা বন্ধ করিয়া, নোটখানা হাতে লইয়াই তাহারা উপরে ছুটিল। একজন তাড়াতাড়ি দরজার তালা লাগাইয়া দিল।

শৈলেন সেই নোটখানা দেখিয়া অত্যন্ত হাসিল। পঞ্চাশ টাকা শৈলেনের কাছে কিছুই নয়, তবু এত টাকাও যে কালীপদের বাস্কেট ছিল তাহা তাহার ব্যবহার দেখিয়া কেহ অনুমান করিতে পারিত না।

তাহার পরে আবার এই নোটটুকুর জন্য এত সাবধান ! সকলেই স্থির করিল, দেখা যাক এই টাকাটা খোয়া গিয়া এই অদ্ভুত লোকটি কিরকম কাণ্ডটা করে ।

রাত্রি নটার পর ছেলে পড়াইয়া শ্রান্তদেহে কালীপদ ঘরের অবস্থা কিছুই লক্ষ্য করে নাই । বিশেষত মাথা তাহার যেন ছিঁড়িয়া পড়িতেছিল । বুকিয়াছিল এখন কিছুদিন তাহার এই মাথার যত্নটা চলিবে ।

পরদিন সে কাপড় বাহির করিবার জন্য তক্তাপোশের নীচে হইতে টিনের বাস্‌টা টানিয়া দেখিল বাস্‌টা খোলা । যদিচ কালীপদ স্বভাবত অসাবধান নয় তবু তাহার মনে হইল হয়তো সে চাষি বন্ধ করিতে ভুলিয়া গিয়াছিল । কারণ, ঘরে যদি চোর আসিত তবে বাহিরের দরজার তালা বন্ধ থাকিত না ।

বাস্‌ খুলিয়া দেখে তাহার কাপড়চোপড় সমস্ত উলটপালট । তাহার বুক দমিয়া গেল । তাড়াতাড়ি সমস্ত জিনিসপত্র বাহির করিয়া দেখিল তাহার সেই মাতৃদস্ত নোটখানি নাই । কাগজ ও কাপড়ের মোড়কগুলো আছে । বার বার করিয়া কালীপদ সমস্ত কাপড় সবলে ঝাড়া দিতে লাগিল, নোট বাহির হইল না । এ দিকে উপরের তলার দুই-একটি করিয়া লোক যেন আপন কাজে সিঁড়ি দিয়া নামিয়া সেই ঘরটার দিকে কটাক্ষপাত করিয়া বার বার উঠানামা করিতে লাগিল । উপরে অটহাস্যের ফোয়ারা খুলিয়া গেল ।

যখন নোটের কোনো আশাই রহিল না এবং মাথার কষ্টে যখন জিনিসপত্র নাড়ানাড়ি করা তাহার পক্ষে আর সম্ভবপর হইল না তখন সে বিছানার উপর উপুড় হইয়া মৃতদেহের মতো পড়িয়া রহিল । এই তাহার মাতার অনেক দুঃখের নোটখানি— জীবনের কত মুহূর্তকে কঠিন যন্ত্রে পেষণ করিয়া দিনে দিনে একটু একটু করিয়া এই নোটখানি সঞ্চিত হইয়াছে । একদা এই দুঃখের ইতিহাস সে কিছুই জানিত না, সেদিন সে তাহার মাতার ভারের উপর ভার কেবল বাড়াইয়াছে, অবশেষে যেদিন মা তাহাকে তাহার প্রতিদিনের নিয়ত-আবর্তমান দুঃখের সঙ্গী করিয়া লইলেন সেদিনকার মতো এমন গৌরব সে তাহার বয়সে আর-কখনো ভোগ করে নাই । কালীপদ আপনার জীবনে সব চেয়ে যে বড়ো বাণী, যে মহত্তম আশীর্বাদ পাইয়াছে, এই নোটখানির মধ্যে তাহাই পূর্ণ হইয়া ছিল । সেই তাহার মাতার অতলস্পর্শ স্নেহসমুদ্রমুহূর্ত-করা অমূল্য দুঃখের উপহারটুকু চুরি যাওয়াকে সে একটা পৈশাচিক অভিশাপের মতো মনে করিল । পাশের সিঁড়ির উপর দিয়া পায়ের শব্দ আজ বার বার শোনা যাইতে লাগিল । অকারণ ওঠা এবং নামার আজ আর বিরাম নাই । গ্রামে আগুন লাগিয়া পুড়িয়া ছাই হইয়া যাইতেছে আর ঠিক তাহার পাশ দিয়াই কৌতুকে কলশদে নদী অবিরত ছুটিয়া চলিয়াছে, এও সেইরকম ।

উপরের তলার অটহাস্য শুনিয়া এক সময়ে কালীপদের হঠাৎ মনে হইল এ চোরের কাজ নয় ; এক মুহূর্তে সে বৃষ্টিতে পারিল শৈলেন্দ্রের দল কৌতুক করিয়া তাহার এই নোট লইয়া গিয়াছে । চোরে চুরি করিলেও তাহার মনে এত ব্যক্তি না । তাহার মনে হইতে লাগিল যেন ধনমদগর্বিত যুবকেরা তাহার মায়ের গায়ে হাত ভুলিয়াছে । এতদিন কালীপদ এই মেসে আছে, এই সিঁড়িটুকু বাহিয়া একদিনও সে উপরের তলায় পদার্পণও করে নাই । আজ তাহার গায়ে সেই ছেঁড়া গেঞ্জি, পায়ে জুতা নাই, মনের আবেগে এবং মাথাধরার উত্তেজনায় তাহার মুখ লাল হইয়া উঠিয়াছে— সবেগে সে উপরে উঠিয়া পড়িল ।

আজ রবিবার— কলেজে যাইবার উপসর্গ ছিল না, কাঠের ছাদওয়ালা বারান্দায় বন্ধুগণ কেহ-বা চৌকিতে, কেহ-বা বেতের মোড়ায় বসিয়া হাস্যালাপ করিতেছিল । কালীপদ তাহাদের মাঝখানে ছুটিয়া পড়িয়া ক্রোধগদগদস্বরে বলিয়া উঠিল, “দিন, আমার নোট দিন ।”

যদি সে মিনতির সুরে বলিত তবে ফল পাইত সন্দেহ নাই । কিন্তু উন্মত্তবৎ ক্রুদ্ধমূর্তি দেখিয়া শৈলেন অত্যন্ত ক্ষাপা হইয়া উঠিল । যদি তাহার বাড়ির দারোয়ান থাকিত তবে তাহাকে দিয়া এই অসভ্যকে কান ধরিয়া দূর করিয়া দিত সন্দেহ নাই । সকলেই পাড়াইয়া উঠিয়া একত্রে গর্জন করিয়া উঠিল, “কী বলেন মশায় । কিসের নোট ।”

কালীপদ কহিল, “আমার বাস থেকে আপনারা নোট নিয়ে এসেছেন।”

“এতবড়ো কথা! আমাদের চোর বলতে চান!”

কালীপদের হাতে যদি কিছু থাকিত তবে সেই মুহূর্তে সে খুনোখুনি করিয়া ফেলিত। তাহার রকম দেখিয়া চার-পাঁচজনে মিলিয়া তাহার হাত চাপিয়া ধরিল। সে জালবন্ধ বাঘের মতো গুমরাইতে লাগিল।

এই অন্যায়ে প্রতিকার করিবার তাহার কোনো শক্তি নাই, কোনো প্রমাণ নাই— সকলেই তাহার সন্দেহকে উদ্বৃত্ততা বলিয়া উড়াইয়া দিবে। যাহারা তাহাকে মৃত্যুবাণ মারিয়াছে তাহারা তাহার ঔদ্ধত্যকে অসহ্য বলিয়া বিবম আশ্চর্যন করিতে লাগিল।

সে রাত্রি যে কালীপদের কেমন করিয়া কাটিল তাহা কেহ জানিতে পারিল না। শৈলেন একখানা একশো টাকার নোট বাহির করিয়া বলিল, “দাও, বাঙালটাকে দিয়ে এসো গে যাও।”

সহচররা কহিল, “পাগল হয়েছ! তেজটুকু আগে মরুক— আমাদের সকলের কাছে একটা রিটন অ্যাপলজি আগে দিক, তার পরে বিবেচনা করে দেখা যাবে।”

যথাসময়ে সকলে গুইতে গেল এবং ঘুমাইয়া পড়িতেও তাহারও বিলম্ব হইল না। সকালে কালীপদের কথা প্রায় সকলে ভুলিয়াই গিয়াছিল। সকালে কেহ কেহ সিঁড়ি দিয়া নীচে নামিবার সময় তাহার ঘর হইতে কথা শুনিতে পাইল। ভাবিল হয়তো উকিল ডাকিয়া পরামর্শ করিতেছে। দরজা ভিতর হইতে খিল-লাগানো। বাহিরে কান পাতিয়া যাহা শুনিল তাহার মধ্যে আইনের কোনো সংশ্রব নাই, সমস্ত অসম্বন্ধ প্রলাপ।

উপরে গিয়া শৈলেনকে খবর দিল। শৈলেন নামিয়া আসিয়া দরজার বাহিরে আসিয়া দাঁড়াইল। কালীপদ কী যে বকিতেছে ভালো বোঝা যাইতেছে না, কেবল ক্ষণে ক্ষণে ‘বাবা’ ‘বাবা’ করিয়া চীৎকার করিয়া উঠিতেছে।

ভয় হইল, হয়তো সে নোটের শোকে পাগল হইয়া গিয়াছে। বাহির হইতে দুই-তিনবার ডাকিল, “কালীপদবাবু।” কেহ কোনো সাদা দিল না। কেবল সেই বিড়বিড় বকুনি চলিতে লাগিল। শৈলেন পুনশ্চ উচ্চস্বরে কহিল, “কালীপদবাবু, দরজা খুলুন, আপনার সেই নোট পাওয়া গেছে। দরজা খুলিল না, কেবল বকুনির গুঞ্জনধ্বনি শোনা গেল।

ব্যাপারটা যে এতদূর গড়াইবে তাহা শৈলেন কল্পনাও করে নাই। সে মুখে তাহার অনুচরদের কাছে অনুতাপবাক্য প্রকাশ করিল না, কিন্তু তাহার মনের মধ্যে বিধিতে লাগিল। সে বলিল, “দরজা ভাঙিয়া ফেলা যাক।” কেহ কেহ পরামর্শ দিল, “পুলিস ডাকিয়া আনো— কী জানি পাগল হইয়া যদি হঠাৎ কিছু করিয়া বসে— কাল যেরকম কাণ দেখিয়াছি— সাহস হয় না।”

শৈলেন কহিল, “না, শীঘ্র একজন গিয়া অনাদি ডাক্তারকে ডাকিয়া আনো।”

অনাদি ডাক্তার বাড়ির কাছেই থাকেন। তিনি আসিয়া দরজায় কান দিয়া বলিলেন, “এ তো বিকার বলিয়াই বোধ হয়।”

দরজা ভাঙিয়া ভিতরে গিয়া দেখা গেল— তক্তাপোশের উপর এলোমেলো বিছানা খানিকটা ভ্রষ্ট হইয়া মাটিতে লুটাইতেছে। কালীপদ মেজের উপর পড়িয়া— তাহার চেতনা নাই। সে গড়াইতেছে, ক্রমে ক্রমে হাত-পা ঝুড়িতেছে এবং প্রলাপ বকিতেছে— তাহার রক্তবর্ণ চোখ দুটো খোলা এবং তাহার মুখে যেন রক্ত ফাটিয়া পড়িতেছে।

ডাক্তার তাহার পাশে বসিয়া অনেকক্ষণ পরীক্ষা করিয়া শৈলেনকে জিজ্ঞাসা করিলেন, “ইহার আত্মীয় কেহ আছে?”

শৈলেনের মুখ বিবর্ণ হইয়া গেল। সে ভীত হইয়া জিজ্ঞাসা করিল, “কেন বলুন দেখি।”

ডাক্তার গম্ভীর হইয়া কহিলেন, “খবর দেওয়া ভালো, লক্ষণ ভালো নয়।”

শৈলেন কহিল, “ইহাদের সঙ্গে আমাদের ভালো আলাপ নাই— আত্মীয়ের খবর কিছুই জানি না। সন্ধান করিব। কিন্তু ইতিমধ্যে কী করা কর্তব্য।”

ডাক্তার কহিলেন, “এ ঘর হইতে রোগীকে এখনই দোতলার কোনো ভালো ঘরে লইয়া যাওয়া উচিত। দিনরাত শুশ্রূষার ব্যবস্থা করাও চাই।”

শৈলেন রোগীকে তাহার নিজের ঘরে লইয়া গেল। তাহার সহচরদের সকলকে ভিড় করিতে নিবেদন করিয়া ঘর হইতে বিদায় করিয়া দিল। কালীপদর মাথায় বরকের পুটুলি লাগাইয়া নিজের হাতে বাতাস করিতে লাগিল।

পূর্বেই বলিয়াছি, এই বাড়ির উপরতলার দলে পাছে কোনোপ্রকার অবজ্ঞা বা পরিহাস করে এইজন্য নিজের পিতামাতার সকল পরিচয় কালীপদ ইহাদের নিকট হইতে গোপন করিয়া চলিয়াছে। নিজে তাহাদের নামে যে চিঠি লিখিত তাহা সাবধানে ডাকঘরে দিয়া আসিত এবং ডাকঘরের ঠিকানাতেই তাহার নামে চিঠি আসিত— প্রত্যহ সে নিজে গিয়া তাহা সংগ্রহ করিয়া আনিত।

কালীপদর বাড়ির পরিচয় লইবার জন্য আর-একবার তাহার বাস্তু খুলিতে হইল। তাহার বাস্তুর মধ্যে দুইতাড়া চিঠি ছিল। প্রত্যেক তাড়াটি অভিযত্নে ফিতা দিয়া বাধা। একটি তাড়াতে তাহার মাতার চিঠি— আর একটিতে তাহার পিতার। মায়ের চিঠি সংখ্যায় অল্পই, পিতার চিঠিই বেশি।

চিঠিগুলি হাতে করিয়া আনিয়া শৈলেন দরজা বন্ধ করিয়া দিল এবং রোগীর বিছানার পার্শ্বে বসিয়া পড়িতে আরম্ভ করিল। চিঠিতে ঠিকানা পড়িয়াই একেবারে চমকিয়া উঠিল। শানিয়াড়ি, চৌধুরীবাড়ি, ছয় আনি! নীচে নাম দেখিল, ভবানীচরণ দেবশর্মা। ভবানীচরণ চৌধুরী!

চিঠি রাখিয়া স্তম্ভ হইয়া বসিয়া সে কালীপদর মুখের দিকে চাহিয়া রহিল। কিছুদিন পূর্বে একবার তাহার সহচরদের মধ্যে কে একজন বলিয়াছিল, তাহার মুখের সঙ্গে কালীপদর মুখের অনেকটা আদল আসে। সে কথাটা তাহার শুনিতে ভালো লাগে নাই এবং অন্য-সকলে তাহা একেবারে উড়াইয়া দিয়াছিল। আজ বুঝিতে পারিল, সে কথাটা অমূলক নহে। তাহার পিতামহর দুই ভাই ছিলেন— শ্যামাচরণ এবং ভবানীচরণ, এ কথা সে জানিত। তাহার পরবর্তীকালের ইতিহাস তাহাদের বাড়িতে কখনো আলোচিত হয় নাই। ভবানীচরণের যে পুত্র আছে এবং তাহার নাম কালীপদ তাহা সে জানিতই না। এই কালীপদ! এই তাহার বুড়া!

শৈলেনের তখন মনে পড়িতে লাগিল, শৈলেনের পিতামহী, শ্যামাচরণের স্ত্রী যতদিন বাঁচিয়া ছিলেন, শেষ পর্যন্ত পরমল্পেহে তিনি ভবানীচরণের কথা বলিতেন। ভবানীচরণের নাম করিতে তাহার দুই চক্ষু জল ভরিয়া উঠিত। ভবানীচরণ তাহার দেবর বটে, কিন্তু তাহার পুত্রের চেয়ে বয়সে ছোটো— তাহাকে তিনি আপন ছেলের মতোই মানুষ করিয়াছেন। বৈবরিক বিপ্লবে যখন তাহার স্বতন্ত্র হইয়া গেলেন, তখন ভবানীচরণের একটু খবর পাইবার জন্য তাহার বন্ধ ভূষিত হইয়া থাকিত। তিনি বার বার তাহার ছেলের বলিয়াছেন, ‘ভবানীচরণ নিতান্ত অবুঝ ভালোমানুষ বলিয়া নিশ্চয়ই তোরা তাহাকে ঝাঁকি দিয়াছিস— আমার শ্বশুর তাহাকে এত ভালোবাসিতেন, তিনি যে তাহাকে বিবয় হইতে বঞ্চিত করিয়া যাইবেন এ কথা আমি বিশ্বাস করিতে পারি না।’ তাহার ছেলেরা এ-সব কথায় অত্যন্ত বিরক্ত হইত এবং শৈলেনের মনে পড়িল সে’ও তাহার পিতামহীর উপর অত্যন্ত রাগ করিত। এমন-কি, পিতামহী তাহার পক্ষ অবলম্বন করিতেন বলিয়া ভবানীচরণের উপরেও তাহার ভারি রাগ হইত। বর্তমানে ভবানীচরণের যে এমন দরিদ্র অবস্থা তাহাও সে জানিত না— কালীপদর অবস্থা দেখিয়া সকল কথা সে বুঝিতে পারিল এবং এতদিন সহস্র প্রলোভন সত্ত্বেও কালীপদ যে তাহার অনুচরশ্রেণীতে ভরতি হয় নাই ইহাতে সে ভারি গৌরব অনুভব করিল। যদি দৈবাৎ কালীপদ তাহার অনুবর্তী হইত তবে আজ যে তাহার লজ্জার সীমা থাকিত না।

শৈলেনের দলের লোকেরা এতদিন প্রত্যহই কালীপদকে পীড়ন ও অপমান করিয়াছে। এই বাসাতে তাহাদের মাঝখানে কাকাকে শৈলেন রাখিতে পারিল না। ডাক্তারের পরামর্শ লইয়া অভিযত্নে তাহাকে একটা ভালো বাড়িতে স্থানান্তরিত করিল।

ভবানীচরণ শৈলেনের চিঠি পাইয়া একটি সঙ্গী আশ্রয় করিয়া তাড়াতাড়ি কলিকাতায় ছুটিয়া আসিলেন। আসিবার সময় ব্যাকুল হইয়া রাসমণি তাঁহার কষ্টসঞ্চিত অর্থের অধিকাংশই তাঁহার স্বামীর হাতে দিয়া বলিলেন, “দেখো যেন অযত্ন না হয়। যদি তেমন বোধ আমাকে খবর দিলেই আমি যাব।” চৌধুরীবাড়ির বধূর পক্ষে হট্‌হট্‌ করিয়া কলিকাতায় যাওয়ার প্রস্তাব এতই অসংগত যে প্রথম সংবাদেই তাঁহার যাওয়া ঘটিল না। তিনি রক্ষাকালীর নিকট মানত করিলেন এবং গ্রহাচার্যকে ডাকিয়া স্বস্তায়ন করাইবার ব্যবস্থা করিয়া দিলেন।

ভবানীচরণ কালীপদর অবস্থা দেখিয়া হতবুদ্ধি হইয়া গেলেন। কালীপদর তখন ভালো করিয়া জ্ঞান হয় নাই; সে তাঁহাকে মাস্টারমশায় বলিয়া ডাকিল— ইহাতে তাঁহার বুক কাটিয়া গেল। কালীপদ প্রায় মাঝে মাঝে প্রলাপে ‘বাবা’ ‘বাবা’ বলিয়া ডাকিয়া উঠিতেছিল— তিনি তাহার হাত ধরিয়া তাহার মুখের কাছে মুখ লইয়া গিয়া উচ্চস্বরে বলিতেছিলেন, “এই-যে বাবা, এই-যে আমি এসেছি।” কিন্তু সে যে তাঁকে চিনিয়াছে এমন ভাব প্রকাশ করিল না।

ডাক্তার আসিয়া বলিলেন, “স্বপ্ন পূর্বের চেয়ে কিছু কমিয়াছে, হয়তো এবার ভালোর দিকে যাইবে।” কালীপদ ভালোর দিকে যাইবে না এ কথা ভবানীচরণ মনেই করিতে পারেন না। বিশেষত তাহার শিশুকাল হইতে সকলেই বলিয়া আসিতেছে কালীপদ বড়ো হইয়া একটা অসাধ্য সাধন করিবে— সেটাকে ভবানীচরণ কেবলমাত্র লোকমুখের কথা বলিয়া গ্রহণ করেন নাই— সে বিশ্বাস একেবারে তাঁহার সংস্কারগত হইয়া গিয়াছিল। কালীপদকে বাঁচিতেই হইবে, এ তাহার ভাগ্যের লিখন।

এই কারণে, ডাক্তার যতটুকু ভালো বলে তিনি তাহার চেয়ে অনেক বেশি ভালো গুনিয়া বসেন এবং রাসমণিকে যে পত্র লেখেন তাহাতে আশঙ্কার কোনো কথাই থাকে না।

শৈলেন্দ্রের ব্যবহারে ভবানীচরণ একেবারে আশ্চর্য হইয়া গেলেন। সে যে তাঁহার পরমাঙ্গী নহে এ কথা কে বলিবে। বিশেষত কলিকাতার সুশিক্ষিত সুসভ্য ছেলে হইয়াও সে তাঁহাকে যেরকম ভক্তিপ্রজ্ঞা করে এমন তো দেখা যায় না। তিনি ভাবিলেন, কলিকাতার ছেলেদের বুদ্ধি এই প্রকারই স্বভাব। মনে মনে ভাবিলেন, সে তো হবারই কথা, আমাদের পাড়াগোয়ে ছেলেদের শিক্ষাই বা কী আর সহবতই বা কী।

স্বপ্ন কিছু কিছু কমিতে লাগিল এবং কালীপদ ক্রমে চৈতন্য লাভ করিল। পিতাকে শয্যার পাশে দেখিয়া সে চমকিয়া উঠিল, ভাবিল, তাহার কলিকাতার অবস্থার কথা এইবার তাহার পিতার কাছে ধরা পড়িবে। তাহার চেয়ে ভাবনা এই যে, তাহার গ্রাম্য পিতা শহরের ছেলেদের পরিহাসের পাত্র হইয়া উঠিবেন। চারি দিকে চাহিয়া দেখিয়া সে ভাবিয়া পাইল না, এ কোন্ ঘর। মনে হইল, এ কি স্বপ্ন দেখিতেছি।

তখন তাহার বেশি কিছু চিন্তা করিবার শক্তি ছিল না। তাহার মনে হইল, অসুখের খবর পাইয়া তাহার পিতা আসিয়া একটা ভালো বাসায় আনিয়া রাখিয়াছেন। কী করিয়া আনিলেন, তাহার খরচ কোথা হইতে জোগাইতেছেন, এত খরচ করিতে থাকিলে পরে কিরূপ সংকট উপস্থিত হইবে সে-সব কথা ভাবিবার তাহার সময় নাই। এখন তাহাকে বাঁচিয়া উঠিতে হইবে, সেজন্য সমস্ত পৃথিবীর উপর তাহার যেন দাবি আছে।

একসময়ে যখন তাহার পিতা ঘরে ছিলেন না এমন সময় শৈলেন একটি পাত্রে কিছু ফল লইয়া তাহার কাছে আসিয়া উপস্থিত হইল। কালীপদ অবাক হইয়া তাহার মুখের দিকে চাহিয়া রহিল— ভাবিতে লাগিল, ইহার মধ্যে কিছু পরিহাস আছে নাকি। প্রথম কথা তাহার মনে হইল এই যে, পিতাকে তো ইহার হাত হইতে রক্ষা করিতে হইবে।

শৈলেন ফলের পাত্র টেবিলের উপর রাখিয়া পায়ে ধরিয়া কালীপদকে প্রণাম করিল এবং কহিল, “আমি গুরুতর অপরাধ করিয়াছি, আমাকে মাফ করুন।”

কালীপদ শশব্যস্ত হইয়া উঠিল। শৈলেনের মুখ দেখিয়াই সে বুদ্ধিতে পারিল, তাহার মনে কোনো কপটতা নাই। প্রথম যখন কালীপদ মেসে আসিয়াছিল এই যৌবনের দীপ্তিতে উজ্জ্বল সুন্দর মুখশ্রী

দেখিয়া কতবার তাহার মন অত্যন্ত আকৃষ্ট হইয়াছে, কিন্তু সে আপনার দারিদ্র্যের সংকোচে কোনোদিন ইহার নিকটেও আসে নাই। যদি সে সমকক্ষ লোক হইত, যদি বন্ধুর মতো ইহার কাছে আসিবার অধিকার তাহার পক্ষে স্বাভাবিক হইত, তবে সে কত খুশি হইত— কিন্তু পরস্পর অত্যন্ত কাছে থাকিলেও মাঝখানে অপার ব্যবধান লঙ্ঘন করিবার উপায় ছিল না। সিঁড়ি দিয়া যখন শৈলেন উঠিত বা নামিত তখন তাহার শৌখিন চাদরের সুগন্ধ কালীপদর অঙ্ককার ঘরের মধ্যে প্রবেশ করিত— তখন সে পড়া ছাড়িয়া একবার এই হাস্যপ্রফুল্ল চিন্তারেখাহীন তরুণ মুখের দিকে না তাকাইয়া থাকিতে পারিত না। সেই মুহূর্তে কেবল ক্রগকালের জন্য তাহার সেই স্নাতস্নেতে কোণের ঘরে দূর সৌন্দর্যলোকের ঐশ্বর্য-বিচ্ছুরিত রশ্মিছটা আসিয়া পড়িত। তাহার পরে সেই শৈলেনের নির্দয় তারুণ্য তাহার কাছে কিরূপ সাংঘাতিক হইয়া উঠিয়াছিল তাহা সকলেরই জানা আছে। আজ শৈলেন যখন ফলের পাত্র বিছানায় তাহার সম্মুখে আনিয়া উপস্থিত করিল তখন দীর্ঘনিশ্বাস ফেলিয়া ঐ সুন্দর মুখের দিকে কালীপদ আর-একবার তাকাইয়া দেখিল। কুমার কথা সে মুখে কিছুই উচ্চারণ করিল না— আন্তে আন্তে ফল তুলিয়া খাইতে লাগিল— ইহাতেই যাহা বলিবার তাহা বলা হইয়া গেল।

কালীপদ প্রত্যহ আশ্চর্য হইয়া দেখিতে লাগিল, তাহার গ্রাম্য পিতা ভবানীচরণের সঙ্গে শৈলেনের খুব ভাব জমিয়া উঠিল। শৈলেন তাঁহাকে ঠাকুরদা বলে, এবং পরস্পরের মধ্যে অবাধে ঠাট্টাতামাশা চলে। তাহাদের উভয়পক্ষের হাস্যকৌতুকের প্রধান লক্ষ্য ছিলেন অনুপস্থিত ঠাকুরনদিদি। এতকাল পরে এই পরিহাসের দক্ষিণবায়ুর হিম্মোলে ভবানীচরণের মনে যেন যৌবনস্মৃতি পুলক সঞ্চার করিতে লাগিল। ঠাকুরনদিদির স্বহস্তরচিত আচার আমসত্ত্ব প্রভৃতি সমস্তই শৈলেন রোগীর অনবধানতার অবকাশে চুরি করিয়া নিঃশেষে খাইয়া ফেলিয়াছে এ কথা আজ সে নির্লজ্জভাবে স্বীকার করিল। এই চুরির খবরে কালীপদর মনে বড়ো একটি গভীর আনন্দ হইল। তাহার মায়ের হাতের সামগ্রী সে বিশ্বের লোককে ডাকিয়া খাওয়াইতে চায় যদি তাহারা ইহার আদর বোধে। কালীপদর কাছে আজ নিজের রোগের শয্যা আনন্দসভা হইয়া উঠিল— এমন সুখ তাহার জীবনে সে অল্পই পাইয়াছে। কেবল ক্রগে ক্রগে তাহার মনে হইতে লাগিল, আহা, মা যদি থাকিতেন! তাহার মা থাকিলে এই কৌতুকপরায়ণ সুন্দর যুবকটিকে যে কত স্নেহ করিতেন সেই কথা সে কল্পনা করিতে লাগিল।

তাহাদের ক্রগকক্ষসভায় কেবল একটা আলোচনার বিষয় ছিল যেটাতে আনন্দপ্রবাহে মাঝে মাঝে বড়ো বাধা দিত। কালীপদর মনে যেন দারিদ্র্যের একটা অভিমান ছিল— কোনো-এক সময়ে তাহাদের প্রচুর ঐশ্বর্য ছিল এ কথা লইয়া বৃথা গর্ব করিতে তাহার ভারি লজ্জা বোধ হইত। আমরা গরিব, এ কথাটাকে কোনো 'কিন্তু' দিয়া চাপা দিতে সে মোটেই রাজি ছিল না। ভবানীচরণও যে তাহাদের ঐশ্বরের দিনের কথা গর্ব করিয়া পাড়িতেন তাহা নহে। কিন্তু সে যে তাহার সুখের দিন ছিল, তখন তাহার যৌবনের দিন ছিল। বিশ্বাসঘাতক সংসারের বীভৎসমূর্তি তখন ধরা পড়ে নাই। বিশেষত শ্যামাচরণের স্ত্রী, তাহার পরমশ্রেণীশালিনী ব্রাহ্মজায়া রমাসুন্দরী, যখন তাহাদের সংসারের গৃহিণী ছিলেন, তখন সেই লক্ষ্মীর ভরা ভাণ্ডারের দ্বারে দাঁড়াইয়া কী অজস্র আদরই তাহারা লুটিয়াছিলেন— সেই অস্তমিত সুখের দিনের স্মৃতির ছটাতাই তো ভবানীচরণের জীবনের সন্ধ্যা সোনায় মণ্ডিত হইয়া আছে। কিন্তু এই-সমস্ত সুখস্মৃতি আলোচনার মাঝখানে ঘুরিয়া ফিরিয়া কেবলই সেই উইল-চুরির কথাটা আসিয়া পড়ে। ভবানীচরণ এই প্রসঙ্গে ভারি উত্তেজিত হইয়া পড়েন। এখনো সে উইল পাওয়া যাইবে এ সম্বন্ধে তাহার মনে লেশমাত্র সন্দেহ নাই— তাহার সতীসাক্ষী মার কথা কখনোই ব্যর্থ হইবে না। এই কথা উঠিয়া পড়িলেই কালীপদ মনে মনে অস্থির হইয়া উঠিত। সে জানিত এটা তাহার পিতার একটা পাগলামিমাত্র। তাহারা মায়ে ছেলেয় এই পাগলামিকে আপসে প্রস্রয়ও দিয়াছে, কিন্তু শৈলেনের কাছে তাহার পিতার এই দুর্বলতা প্রকাশ পায় এ তাহার কিছুতেই ভালো লাগে না। কতবার সে পিতাকে বলিয়াছে, “না বাবা, ওটা তোমার একটা মিথ্যা সন্দেহ।” কিন্তু এরূপ তর্কে উলটা ফল হইত। তাহার সন্দেহ যে অমূলক নহে তাহা প্রমাণ করিবার জন্য সমস্ত ঘটনা তিনি তন্ন তন্ন করিয়া বিবৃত করিতে থাকিতেন। তখন কালীপদ নানা চেষ্টা করিয়াও কিছুতেই তাঁহাকে থামাইতে

পারিত না।

বিশেষত কালীপদ ইহা স্পষ্ট লক্ষ্য করিয়া দেখিয়াছে যে, এই প্রসঙ্গটা কিছুতেই শৈলেনের ভালো লাগে না। এমন-কি, সে'ও বিশেষ একটু যেন উত্তেজিত হইয়া ভবানীচরণের যুক্তি খণ্ডন করিতে চেষ্টা করিত। অন্য সকল বিষয়েই ভবানীচরণ আর-সকলের মত মানিয়া লইতে প্রস্তুত আছেন— কিন্তু এই বিষয়টাকে তিনি কাহারও কাছে হার মানিতে পারেন না। তাহার মা লিখিতে পড়িতে জানিতেন— তিনি নিজের হাতে তাহার পিতার উইল এবং অন্য দলিলটা বাস্তব করিয়া লোহার সিন্দুকে তুলিয়াছেন; অথচ তাহার সামনেই মা যখন বাস্তব খুলিলেন তখন দেখা গেল অন্য দলিলটা যেমন ছিল তেমনি আছে অথচ উইলটা নাই, ইহাকে চুরি বলা হইবে না তো কী। কালীপদ তাহাকে ঠাণ্ডা করিবার জন্য বলিত, “তা, বেশ তো বাবা, যারা তোমার বিষয় ভোগ করিতেছে তারা তো তোমারই ছেলেরই মতো, তারা তো তোমারই ভাইপো। সে সম্পত্তি তোমার পিতার বংশেই রহিয়াছে— ইহাই কি কম সুখের কথা।” শৈলেন এ-সব কথা বেশিক্ষণ সহিতে পারিত না, সে ঘর ছাড়িয়া উঠিয়া চলিয়া যাইত। কালীপদ মনে মনে পীড়িত হইয়া ভাবিত, শৈলেন হয়তো তাহার পিতাকে অর্থলোলুপ বিষয়ী বলিয়া মনে করিতেছে, অথচ তাহার পিতার মধ্যে বৈষয়িকতার নামগন্ধ নাই এ কথা কোনোমতে শৈলেনকে বুঝাইতে পারিলে কালীপদ বড়োই আরাম পাইত।

এতদিনে কালীপদ ও ভবানীচরণের কাছে শৈলেন আপনার পরিচয় নিশ্চয় প্রকাশ করিত। কিন্তু এই উইল-চুরির আলোচনাতেই তাহাকে বাধা দিল। তাহার পিতা পিতামহ যে উইল চুরি করিয়াছেন এ কথা সে কোনোমতেই বিশ্বাস করিতে চাহিল না, অথচ ভবানীচরণের পক্ষে পৈতৃক বিষয়ের ন্যায্য অংশ হইতে বঞ্চিত হওয়ার মধ্যে যে একটা নিষ্ঠুর অন্যায় আছে সে কথাও সে কোনোমতে অস্বীকার করিতে পারিল না। এখন হইতে এই প্রসঙ্গে কোনোপ্রকার তর্ক করা সে বন্ধ করিয়া দিল— একেবারে সে চূপ করিয়া থাকিত— এবং যদি কোনো সুযোগ পাইত তবে উঠিয়া চলিয়া যাইত।

এখনো বিকালে একটু অল্প জ্বর আসিয়া কালীপদের মাথা ধরিত, কিন্তু সেটাকে সে রোগ বলিয়া গণ্য করিত না। পড়ার জন্য তাহার মন উদবিগ্ন হইয়া উঠিল। একবার তাহার স্বলারশিপ ফসকাইয়া গিয়াছে, আর তো সেরূপ হইলে চলিবে না। শৈলেনকে লুকাইয়া আবার সে পড়িতে আরম্ভ করিল— এ সম্বন্ধে ডাক্তারের কঠোর নিষেধ আছে জানিয়াও সে তাহা অগ্রাহ্য করিল।

ভবানীচরণকে কালীপদ কহিল, “বাবা, তুমি বাড়ি ফিরিয়া যাও— সেখানে মা একলা আছেন। আমি তো বেশ সারিয়া উঠিয়াছি।”

শৈলেনও বলিল, “এখন আপনি গেলে কোনো ক্ষতি নাই। আর তো ভাবনার কারণ কিছু দেখি না। এখন যেটুকু আছে সে দুদিনেই সারিয়া যাইবে। আর আমরা তো আছি।”

ভবানীচরণ কহিলেন, “সে আমি বেশ জানি; কালীপদের জন্য ভাবনা করিবার কিছুই নাই। আমার কলিকাতায় আসিবার কোনো প্রয়োজনই ছিল না, তবু মন মানে কই ভাই। বিশেষত তোমার ঠাকরুন্দিদি যখন যেটি ধরেন সে তো আর ছাড়াইবার জো নাই।”

শৈলেন হাসিয়া কহিল, “ঠাকরুন্দা, তুমিই তো আদর দিয়া ঠাকরুন্দিদিকে একেবারে মাটি করিয়াছ।”

ভবানীচরণ হাসিয়া কহিলেন, “আচ্ছা ভাই, আচ্ছা, ঘরে যখন নাতবউ আসিবে তখন তোমার শাসনপ্রণালীটা কিরকম কঠোর আকার ধারণ করে দেখা যাইবে।”

ভবানীচরণ একান্তভাবে রাসমণির সেবায় পালিত জীব। কলিকাতার নানাপ্রকার আরাম-আয়োজনও রাসমণির আদরযত্নের অভাব কিছুতেই পূরণ করিতে পারিতেছিল না। এই কারণে ঘরে যাইবার জন্য তাহাকে বড়ো বেশি অনুরোধ করিতে হইল না।

সকালবেলায় জিনিসপত্র বাধিয়া প্রস্তুত হইয়াছেন এমন সময় কালীপদের ঘরে গিয়া দেখিলেন তাহার মুখচোখ অত্যন্ত লাল হইয়া উঠিয়াছে— তাহার গা যেন আগুনের মতো গরম; কাল অর্ধেক রাত্রি সে লজিক মুখস্থ করিয়াছে, বাকি রাত্রি এক নিমেষের জন্যও ঘুমাইতে পারে নাই।

কালীপদর দুর্বলতা তো সারিয়া উঠে নাই, তাহার উপরে আবার রোগের প্রবল আক্রমণ দেখিয়া ডাক্তার বিশেষ চিন্তিত হইলেন। শৈলেনকে আড়ালে ডাকিয়া লইয়া গিয়া বলিলেন, “এবার তো গতিক ভালো বোধ করিতেছি না।”

শৈলেন ভবানীচরণকে কহিল, “দেখো ঠাকুরদা, তোমারও কষ্ট হইতেছে, রোগীরও বোধ হয় ঠিক তেমন সেবা হইতেছে না, তাই আমি বলি আর দেরি না করিয়া ঠাকুরনদিকে আনানো যাক।”

শৈলেন যতই ঢাকিয়া বলুক, একটা প্রকাণ্ড ভয় আসিয়া ভবানীচরণের মনকে অভিভূত করিয়া ফেলিল। তাহার হাত-পা ধরধর করিয়া কাঁপিতে লাগিল। তিনি বলিলেন, “তোমরা যেমন ভালো বোধ তাই করো।”

রাসমণির কাছে চিঠি গেল; তিনি তাড়াতাড়ি বগলাচরণকে সঙ্গে করিয়া কলিকাতায় আসিলেন। সন্ধ্যার সময় কলিকাতায় পৌঁছিয়া তিনি কেবল কয়েক ঘণ্টা মাত্র কালীপদকে জীবিত দেখিয়াছিলেন। বিকারের অবস্থায় সে রহিয়া রহিয়া মাকে ডাকিয়াছিল— সেই কনিষ্ঠলি তাহার বুকে বিধিয়া রহিল।

ভবানীচরণ এই আঘাত সহিয়া যে কেমন করিয়া বাঁচিয়া থাকিবেন সেই ভয়ে রাসমণি নিজের শোককে ভালো করিয়া প্রকাশ করিবার আর অবসর পাইলেন না— তাহার পুত্র আবার তাহার স্বামীর মধ্যে গিয়া বিলীন হইল— স্বামীর মধ্যে আবার দুজনেরই ভার তাহার ব্যথিত হৃদয়ের উপর তিনি তুলিয়া লইলেন। তাহার প্রাণ বলিল, আর আমার সয় না। তবু তাহাকে সহিতেই হইল।

৫

রাত্রি তখন অনেক। গভীর শোকের একান্ত ক্রান্তিতে কেবল কণকালের জন্য রাসমণি অচেতন হইয়া ঘুমাইয়া পড়িয়াছিলেন। কিন্তু ভবানীচরণের ঘুম হইতেছিল না। কিছুক্ষণ বিছানায় এ-পাশ ও-পাশ করিয়া অবশেষে দীর্ঘনিশ্বাস-সহকারে ‘দয়াময় হরি’ বলিয়া উঠিয়া পড়িয়াছেন। কালীপদ যখন গ্রামের বিদ্যালয়েই পড়িত, যখন সে কলিকাতায় যায় নাই, তখন সে যে-একটি কোণের ঘরে বসিয়া পড়াশুনা করিত ভবানীচরণ কল্পিত হস্তে একটি প্রদীপ ধরিয়া সেই শূন্যঘরে প্রবেশ করিলেন। রাসমণির হাতে চিত্র করা ছিন্ন কাঁথাটি এখনো তস্তাপোশের উপর পাতা আছে, তাহার নানা স্থানে এখনো সেই কালির দাগ রহিয়াছে; মলিন দেয়ালের গায়ে কয়লায় আঁকা সেই জ্যামিতির রেখাগুলি দেখা যাইতেছে; তস্তাপোশের এক কোণে কতকগুলি হাতে-বাঁধা ময়লা কাগজের খাতার সঙ্গে তৃতীয় খণ্ড রয়াল বীডারের ছিন্নাবশেষ আঁজিও পড়িয়া আছে। আর— হায় হায়— তার হেলেনবরসের ছোটো পায়ের একপাটি চটি যে ঘরের কোণে পড়িয়া ছিল তাহা এতদিন কেহ দেখিয়াও দেখে নাই, আজ তাহা সকলের চেয়ে বড়ো হইয়া চোখে দেখা দিল— জগতে এমন কোনো মহৎ সামগ্রী নাই যাহা অল্প ঐ ছোটো জুতাটিকে আড়াল করিয়া রাখিতে পারে।

কুলুঙ্গিতে প্রদীপটি রাখিয়া ভবানীচরণ সেই তস্তাপোশের উপর আসিয়া বসিলেন। তাহার গুহ চোখে জল আসিল না, কিন্তু তাহার বুকের মধ্যে কেমন করিতে লাগিল— যথেষ্ট পরিমাণে নিশ্বাস লইতে তাহার পাঞ্জর যেন ফাটিয়া যাইতে চাহিল। ঘরের পূর্বদিকের দরজা খুলিয়া দিয়া গরাদে ধরিয়া তিনি বাহিরের দিকে চাহিলেন।

অন্ধকার রাত্রি, টিপ্ টিপ্ করিয়া বৃষ্টি পড়িতেছে। সন্মুখে প্রাচীরবেষ্টিত ঘন জঙ্গল। তাহার মধ্যে ঠিক পড়িবার ঘরের সামনে একটুখানি জমিতে কালীপদ বাগান করিয়া তুলিবার চেষ্টা করিয়াছিল। এখনো তাহার স্বহস্তে রোপিত কুমকালতা কঙ্কির বেড়ার উপর প্রচুর পল্লব বিস্তার করিয়া সজীব আছে— তাহা ফুলে ফুলে ভরিয়া গিয়াছে।

আজ সেই বালকের যত্নলালিত বাগানের দিকে চাহিয়া তাহার প্রাণ যেন কঠোর কাছে উঠিয়া আসিল। আর কিছু আশা করিবার নাই; গ্রীষ্মের সময় পূজার সময় কলেজের ছুটি হয়, কিন্তু বাহার জন্য তাহার দরিদ্র ঘর শূন্য হইয়া আছে সে আর কোনোদিন কোনো ছুটিতেই ঘরে কিরিয়া আসিবে

না। “ওরে বাপ আমার!” বলিয়া ভবানীচরণ সেইখানেই মাটিতে বসিয়া পড়িলেন। কালীপদ তাহার বাপের দারিদ্র্য ঘূচাইবে বলিয়াই কলিকাতায় গিয়াছিল, কিন্তু জগৎসংসারে সে এই বৃদ্ধকে কী একান্ত নিঃসম্বল করিয়াই চলিয়া গেল। বাহিরে বৃষ্টি আরো চাপিয়া আসিল।

এমন সময়ে অন্ধকারে ঘাসপাতার মধ্যে পায়ের শব্দ শোনা গেল। ভবানীচরণের বুকের মধ্যে ধড়াস করিয়া উঠিল। যাহা কোনোমতেই আশা করিবার নহে তাহাও যেন তিনি আশা করিয়া বসিলেন। তাঁহার মনে হইল কালীপদ যেন বাগান দেখিতে আসিয়াছে। কিন্তু বৃষ্টি যে মুবলধারায় পড়িতেছে— ও যে ভিজিবে, এই অসম্ভব উদ্বেগে যখন তাঁহার মনের ভিতরটা চঞ্চল হইয়া উঠিয়াছে এমন সময়ে কে গরাদের বাহিরে তাঁহার ঘরের সামনে আসিয়া মুহূর্তকালের জন্য দাঁড়াইল। চাদর দিয়া সে মাথা মুড়ি দিয়াছে— তাহার মুখ চিনিবার জো নাই। কিন্তু সে যেন মাথায় কালীপদেরই মতো হইবে। “এসেছিস বাপ” বলিয়া ভবানীচরণ তাড়াতাড়ি উঠিয়া বাহিরের দরজা খুলিতে গেলেন। দ্বার খুলিয়া বাগানে আসিয়া সেই ঘরের সম্মুখে উপস্থিত হইলেন। সেখানে কেহই নাই। সেই বৃষ্টিতে বাগানময় ঘুরিয়া বেড়াইলেন, কাহাকেও দেখিতে পাইলেন না। সেই নিশীথরাত্রে অন্ধকারের মধ্যে দাঁড়াইয়া ভাঙাগলায় একবার “কালীপদ” বলিয়া চীৎকার করিয়া ডাকিলেন— কাহারও সাড়া পাইলেন না। সেই ডাকে নটু চাকরটা গোহালঘর হইতে বাহির হইয়া আসিয়া অনেক করিয়া বৃদ্ধকে ঘরে লইয়া আসিল।

পরদিন সকালে নটু ঘর ঝাঁট দিতে গিয়া দেখিল, গরাদের সামনেই ঘরের ভিতরে পুঁটুলিতে বাধা একটা কী পড়িয়া আছে। সেটা সে ভবানীচরণের হাতে আনিয়া দিল। ভবানীচরণ খুলিয়া দেখিলেন একটা পুরাতন দলিলের মতো। চশমা বাহির করিয়া চোখে লাগাইয়া একটু পড়িয়াই তিনি তাড়াতাড়ি ছুটিয়া রাসমণির সম্মুখে গিয়া উপস্থিত হইলেন এবং কাগজখানা তাঁহার নিকট মেলিয়া ধরিলেন।

রাসমণি জিজ্ঞাসা করিলেন, “ও কী ও।”

ভবানীচরণ কহিলেন, “সেই উইল।”

রাসমণি কহিলেন, “কে দিল।”

ভবানীচরণ কহিলেন, “কাল রাত্রে সে আসিয়াছিল— সে দিয়া গেছে।”

রাসমণি জিজ্ঞাসা করিলেন, “এ কী হইবে।”

ভবানীচরণ কহিলেন, “আর আমার কোনো দরকার নাই।” বলিয়া সেই দলিল ছিন্ন ছিন্ন করিয়া ফেলিলেন।

এ সংবাদটা পাড়ায় যখন রটিয়া গেল তখন বগলাচরণ মাথা নাড়িয়া সগর্বে বলিল, “আমি বলি নাই, কালীপদকে দিয়াই উইল উদ্ধার হইবে?”

রামচরণ মুদি কহিল, “কিন্তু দাদাঠাকুর, কাল যখন রাত দশটার গাড়ি এস্টেশনে এসে পৌঁছিল তখন একটি সুন্দর দেখিতে বাবু আমার দোকানে আসিয়া চৌধুরীদের বাড়ির পথ জিজ্ঞাসা করিল— আমি তাহাকে পথ দেখাইয়া দিলাম। তার হাতে যেন কী একটা দেখিয়াছিলাম।”

‘আরে দূর’ বলিয়া এ কথাটাকে বগলাচরণ একেবারেই উড়াইয়া দিল।

অশ্বিন ১৩১৮

পণরক্ষা

১

বংশীবদন তাহার ভাই রসিককে যেমন ভালোবাসিত এমন করিয়া সচারচর মাও ছেলেকে ভালোবাসিতে পারে না। পাঠশালা হইতে রসিকের আসিতে যদি কিছু বিলম্ব হইত তবে সকল কাজ ফেলিয়া সে তাহার সন্মানে ছুটিত। তাহাকে না খাওয়াইয়া সে নিজে খাইতে পারিত না। রসিকের অল্প কিছু অসুখবিসুখ হইলেই বংশীর দুই চোখ দিয়া ঝরঝর করিয়া জল ঝরিতে থাকিত।

রসিক বংশীর চেয়ে ষোলো বছরের ছোটো। মাঝে যে কয়টি ভাইবোন জন্মিয়াছিল সবগুলিই মারা গিয়াছে। কেবল এই সব-শেষেরটিকে রাখিয়া, যখন রসিকের এক বছর বয়স, তখন তাহার মা মারা গেল এবং রসিক যখন তিন বছরের ছেলে তখন সে পিতৃহীন হইল। এখন রসিককে মানুষ করিবার ভার একা এই বংশীর উপর।

ঠাতে কাপড় বোনাই বংশীর পৈতৃক ব্যবসায়। এই ব্যবসা করিয়াই বংশীর বৃদ্ধ প্রপিতামহ অভিরাম বসাক গ্রামে যে দেবালয় প্রতিষ্ঠা করিয়া গিয়াছে আজও সেখানে রাখানাথের বিগ্রহ স্থাপিত আছে। কিন্তু সমুদ্রপার হইতে এক কল-দৈত্য আসিয়া বেচারী ঠাতের উপর অগ্নিবাণ হানিল এবং ঠাতের ঘরে কুধাসুরকে বসাইয়া দিয়া বাষ্পফুৎকারে মুহূর্তে জয়শুক বাজাইতে লাগিল।

তবু ঠাতের কঠিন প্রাণ মরিতে চায় না— ঠুকঠাক ঠুকঠাক করিয়া সূতা দাঁতে লইয়া মাকু এখনো চলাচল করিতেছে— কিন্তু তাহার সাবেক চালচলন চঞ্চলা লক্ষ্মীর মনঃপূত হইতেছে না, লোহার দৈত্যটা কলে-বলে-কৌশলে ঠাহাকে একেবারে বশ করিয়া লইয়াছে।

বংশীর একটু সুবিধা ছিল। থানাগড়ের বাবুরা তাহার মুকুবি ছিলেন। তাহাদের বৃহৎ পরিবারের সমুদয় শৌখিন কাপড় বংশীই বুনিয়া দিত। একলা সব পারিয়া উঠিত না, সেজন্য তাহাকে লোক রাখিতে হইয়াছিল।

যদিচ তাহাদের সমাজে মেয়ের দর বড়ো বেশি তবু চেপ্টা করিলে বংশী এতদিনে যেমন-তেমন একটা বউ ঘরে আনিতে পারিত। রসিকের জন্মই সে আর ঘটিয়া উঠিল না। পূজার সময় কলিকাতা হইতে রসিকের যে সাজ আমদানি হইত তাহা যাত্রার দলের রাজপুত্রকেও লজ্জা দিতে পারিত। এইরূপ আর-আর সকল বিষয়েই রসিকের যাহা-কিছু প্রয়োজন ছিল না, তাহা জোগাইতে গিয়া বংশীকে নিজের সকল প্রয়োজনই খর্ব করিতে হইল।

তবু বংশরক্ষা করিতে তো হইবে। তাহাদের বিবাহযোগ্য ঘরের একটি মেয়েকে মনে মনে ঠিক করিয়া বংশী টাকা জমাইতে লাগিল। তিনশো টাকা পণ এবং অলংকার-বাবদ আর একশো টাকা হইলেই মেয়েটিকে পাওয়া যাইবে স্থির করিয়া অল্প-অল্প কিছু-কিছু সে খরচ বাঁচাইয়া চলিল। হাতে যথেষ্ট টাকা ছিল না বটে, কিন্তু যথেষ্ট সময় ছিল। কারণ মেয়েটির বয়স সবে চার— এখনো অসুত চার-পাঁচ বছর মেয়াদ পাওয়া যাইতে পারে।

কিন্তু কোষ্ঠীতে তাহার সঞ্চয়ের স্থানে দৃষ্টি ছিল রসিকের। সে দৃষ্টি শুভগ্রহের দৃষ্টি নহে।

রসিক ছিল তাহাদের পাড়ার ছোটো ছেলে এবং সমবয়সীদের দলের সর্দার। যে লোক সুখে মানুষ হয় এবং যাহা চায় তাহাই পাইয়া থাকে ভাগ্যদেবতা-কর্তৃক বঞ্চিত হতভাগাদের পক্ষে তাহার ভারি একটা আকর্ষণ আছে। তাহার কাছে ঘেঁষিতে পাওয়াই যেন কতকটা পরিমাণে প্রার্থিত বস্তুকে পাওয়ার শামিল। তাহার অনেক আছে সে যে অনেক দেয় বলিয়াই লোকে তাহার কাছে আনাগোনা করে তাহা নহে— সে কিছু না দিলেও মানুষের লুক্ক কল্পনাকে তৃপ্ত করে।

শুধু যে রসিকের শৌখিনতাই পাড়ার ছেলেদের মন মুগ্ধ করিয়াছে এ কথা বলিলে তাহার প্রতি অবিচার করা হইবে। সকল বিষয়েই রসিকের এমন একটি আশ্চর্য নৈপুণ্য ছিল যে তাহার চেয়ে উচ্চবংশের ছেলেরাও তাহাকে খাতির না করিয়া থাকিতে পারিত না। সে যাহাতে হাত দেয় তাহাই

অতি সুকৌশলে করিতে পারে। তাহার মনের উপর যেন কোনো পূর্বসংস্কারের মূঢ়তা চাপিয়া নাই, সেইজন্য সে যাহা দেখে তাহাই গ্রহণ করিতে পারে।

রসিকের এই কারুনৈপুণ্যের জন্য তাহার কাছে ছেলেমেয়েরা, এমন-কি, তাহাদের অভিভাবকেরা পর্যন্ত উমেদারি করিত। কিন্তু তাহার দোষ ছিল কি, কোনো একটা-কিছুতে সে বেশিদিন মন দিতে পারিত না। একটা-কোনো বিদ্যা আয়ত্ত করিলেই আর সেটা তাহার ভালো লাগিত না— তখন তাহাকে সে বিষয়ে সাধ্যসাধনা করিতে গেলে সে বিরক্ত হইয়া উঠিত। বাবুদের বাড়িতে দেওয়ালির উৎসবে কলিকাতা হইতে আতসবাজিওয়ালা আসিয়াছিল— তাহাদের কাছ হইতে সে বাজি তৈরি শিখিয়া কেবল দুটো বৎসর পাড়ায় কালীপূজার উৎসবকে জ্যোতির্ময় করিয়া তুলিয়াছিল; তৃতীয় বৎসরে কিছুতেই আর ভুবড়ির ফোয়ারা ছুটিল না— রসিক তখন চাপকান-জোকা-পরা মেডেল-ঝোলানো এক নব্য যাত্রাওয়ালার দৃষ্টান্তে উৎসাহিত হইয়া বাজ-হার্মোনিয়ম লইয়া লক্ষ্মী ঠুংরি সাধিতেছিল।

তাহার ক্ষমতার এই খামখেয়ালি মীলায় কখনো সুন্দর কখনো দুর্লভ হইয়া সে লোককে আরো বেশি মুগ্ধ করিত, তাহার নিজের দাদার তো কথাই নাই। দাদা কেবলই ভাবিত, এমন আশ্চর্য ছেলে আমাদের ঘরে আসিয়া জন্মিয়াছে, এখন কোনোমতে বাঁচিয়া থাকিলে হয়— এই ভাবিয়া নিতান্ত অকারণেই তাহার চোখে জল আসিত এবং মনে মনে রাখানাথের কাছে ইহাই প্রার্থনা করিত যে, আমি যেন উহার আগে মরিতে পারি।

এমনতরো ক্ষমতাশালী ভাইয়ের নিত্যনূতন শখ মিটাইতে গেলে ভাবী বধু কেবলই দূরতর ভবিষ্যতে অন্তর্ধান করিতে থাকে, অথচ বয়স চলিয়া যায় অতীতের দিকেই। বংশীর বয়স যখন ত্রিশ পার হইল, টাকা যখন একশতও পুরিল না এবং সেই মেয়েটি অন্যত্র স্বস্তরঘর করিতে গেল তখন বংশী মনে মনে কহিল, আমার আর বড়ো আশা দেখি না, এখন বংশরক্ষার ভার রসিককেই লইতে হইবে।

পাড়ায় যদি স্বয়ম্বর-প্রথা চলিত থাকিত তবে রসিকের বিবাহের জন্য কাহাকেও ভাবিতে হইত না। বিধু, তারা, ননী, শশী, সুধা— এমন কত নাম করিব— সবাই রসিককে ভালোবাসিত। রসিক যখন কাদা লইয়া মাটির মূর্তি গড়িবার মেজাজে থাকিত তখন তাহার তৈরি পুতুলের অধিকার লইয়া মেয়েদের মধ্যে বন্ধুবিচ্ছেদের উপক্রম হইত। ইহাদের মধ্যে একটি মেয়ে ছিল সৌরভী, সে বড়ো শাস্ত— সে চুপ করিয়া বসিয়া পুতুলগড়া দেখিতে ভালোবাসিত এবং প্রয়োজনমত রসিককে কাদা কাঠি প্রভৃতি অগ্রসর করিয়া দিত। তাহার ভারি ইচ্ছা রসিক তাহাকে একটা-কিছু ফরমাশ করে। কাজ করিতে করিতে রসিক পান চাহিবে জানিয়া সৌরভী তাহা জোগাইয়া দিবার জন্য প্রতিদিন প্রস্তুত হইয়া আসিত। রসিক স্বহস্তের কীর্তিগুলি তাহার সামনে সাজাইয়া ধরিয়া যখন বলিত, 'সৈরি, তুই এর কোনটা নিবি বল'— তখন সে ইচ্ছা করিলে যেটা খুশি লইতে পারিত, কিন্তু সংকোচে কোনোটাই লইত না; রসিক নিজের পছন্দমত জিনিসটি তাহাকে তুলিয়া দিত। পুতুলগড়ার পর্ব শেষ হইলে যখন হার্মোনিয়ম বাজাইবার দিন আসিল তখন পাড়ার ছেলেমেয়েরা সকলেই এই যন্ত্রটা টেপাটুপি করিবার জন্য ঝুকিয়া পড়িত— রসিক তাহাদের সকলকেই হংকার দিয়া খেদাইয়া রাখিত। সৌরভী কোনো উৎপাত করিত না— সে তাহার ডুরে শাড়ি পরিয়া বড়ো বড়ো চোখ মেলিয়া বামহাতের উপর শরীরটার ভার দিয়া হেলিয়া বসিয়া চুপ করিয়া আশ্চর্য হইয়া দেখিত। রসিক ডাকিত, 'আয় সৈরি, একবার টিপিয়া দেখ'। সে মৃদু মৃদু হাসিত, অগ্রসর হইতে চাহিত না। রসিক অসম্মতিসত্ত্বেও নিজের হাতে তাহার আঙুল ধরিয়া তাহাকে দিয়া বাজাইয়া লইত।

সৌরভীর দাদা গোপালও রসিকের ভক্তবৃন্দের মধ্যে একজন অগ্রগণ্য ছিল। সৌরভীর সঙ্গে তাহার প্রভেদ এই যে, ভালো জিনিস লইবার জন্য তাহাকে কোনোদিন সাধিতে হইত না। সে আপনি ফরমাশ করিত এবং না পাইলে অস্থির করিয়া তুলিত। নূতনগোছের যাহা-কিছু দেখিত তাহাই সে সংগ্রহ করিবার জন্য ব্যস্ত হইয়া উঠিত। রসিক কাহারও আবদার বড়ো সহিতে পারিত না, তবু

গোপাল যেন অন্য ছেলের চেয়ে রসিকের কাছে কিছু বেশি প্রশ্রয় পাইত।

বংশী মনে মনে ঠিক করিল, এই সৌরভীর সঙ্গেই রসিকের বিবাহ দিতে হইবে। কিন্তু সৌরভীর ঘর তাহাদের চেয়ে বড়ো— পাঁচশো টাকার কমে কাজ হইবার আশা নাই।

২

এতদিন বংশী কখনো রসিককে তাহার তাঁতবোনায় সাহায্য করিতে অনুরোধ করে নাই। খাটুনি সমস্তই সে নিজের ঘাড়ে লইয়াছিল। রসিক নানাপ্রকার বাজে কাজ লইয়া লোকের মনোরঞ্জন করিত ইহা তাহার দেখিতে ভালোই লাগিত। রসিক ভাবিত, 'দাদা কেমন করিয়া যে রোজই এই এক তাঁতের কাজ লইয়া পড়িয়া থাকে কে জানে। আমি হইলে তো মরিয়া গেলেও পারি না।' তাহার দাদা নিজের সম্বন্ধে নিতান্তই টানাটানি করিয়া চলাইত, ইহাতে সে দাদাকে কৃপণ বলিয়া জানিত। তাহার দাদার সম্বন্ধে রসিকের মনে যথেষ্ট একটা লজ্জা ছিল। শিশুকাল হইতেই সে নিজেকে তাহার দাদা হইতে সকল বিষয়ে ভিন্ন শ্রেণীর লোক বলিয়াই জানিত। তাহার দাদাই তাহার এই ধারণাকে প্রশ্রয় দিয়া আসিয়াছে।

এমন সময়ে বংশী নিজের বিবাহের আশা বিসর্জন দিয়া রসিকেরই বধু আনিবার জন্য যখন উৎসুক হইল তখন বংশীর মন আর ধৈর্য মানিতে চাহিল না। প্রত্যেক মাসের বিলম্ব তাহার কাছে অসহ্য বোধ হইতে লাগিল। বাজনা বাজিতেছে, আলো জ্বালা হইয়াছে, বরসজ্জা করিয়া রসিকের বিবাহ হইতেছে, এই আনন্দের ছবি বংশীর মনে তৃষ্ণার্তের সম্মুখে মৃগতৃক্ষিকার মতো কেবলই জাগিয়া আছে।

তবু যথেষ্ট দ্রুতবেগে টাকা জমিতে চায় না। যত বেশি চেষ্টা করে ততই যেন সফলতাকে আরো বেশি দূরবর্তী বলিয়া মনে হয়; বিশেষত মনের ইচ্ছার সঙ্গে শরীরটা সমান বেগে চলিতে চায় না, বার বার ভাঙিয়া ভাঙিয়া পড়ে। পরিশ্রমের মাত্রা দেহের শক্তিকে ছাড়াইয়া যাইবার জো করিয়াছে।

যখন সমস্ত গ্রাম নিষুপ্ত, কেবল নিশা-নিশাচরীর চৌকিদারের মতো প্রহরে প্রহরে শৃগালের দল হাঁক দিয়া যাইতেছে, তখনো মিটমিটে প্রদীপে বংশী কাজ করিতেছে, এমন কত রাত ঘটিয়াছে। বাড়িতে তাহার এমন কেহই ছিল না যে তাহাকে নিষেধ করে। এ দিকে যথেষ্ট পরিমাণে পুষ্টিকর আহার হইতেও বংশী নিজেকে বঞ্চিত করিয়াছে। গায়ের শীতবস্ত্রখানা জীর্ণ হইয়া পড়িয়াছে, তাহা নানা ছিদ্রের ঝড়কির পথ দিয়া গোপনে শীতকে ডাকিয়া-ডাকিয়াই আনে। গত দুই বৎসর হইতে প্রত্যেক শীতের সময় বংশী মনে করে, 'এইবারটা একরকম করিয়া চালাইয়া দি, আর একটু হাতে টাকা জমুক, আসছে বছরে যখন কাবুলিওয়ালা তাহার শীতবস্ত্রের বোঝা লইয়া গ্রামে আসিবে তখন একটা কাপড় ধারে কিনিয়া তাহার পরের বৎসরে শোধ করিব, ততদিনে তহবিল ভরিয়া উঠিবে।' সুবিধামত বৎসর আসিল না। ইতিমধ্যে তাহার শরীর টেকে না এমন হইয়া আসিল।

এতদিন পরে বংশী তাহার ভাইকে বলিল, "তাঁতের কাজ আমি একলা চালাইয়া উঠিতে পারি না, তুমি আমার কাজে যোগ দাও।" রসিক কোনো জবাব না করিয়া মুখ ঝাঁকাইল। শরীরের অসুখে বংশীর মেজাজ খারাপ ছিল, সে রসিককে ভৎসনা করিল; কহিল, "বাপ-পিতামহের ব্যাবসা পরিত্যাগ করিয়া তুমি যদি দিনরাত হো হো করিয়া বেড়াইবে তবে তোমার দশা হইবে কী।"

কথাটা অসংগত নহে এবং ইহাকে কটুক্তিও বলা যায় না। কিন্তু রসিকের মনে হইল এতবড়ো অন্যায়ে তাহার জীবনে সে কোনোদিন সহ্য করে নাই। সেদিন বাড়িতে সে বড়ো একটা কিছু খাইল না; ছিপ হাতে করিয়া চন্দনীদহে মাছ ধরিতে বসিল। শীতের মধ্যাহ্ন নিস্তর, ভাঙা উচু পাড়ির উপর শালিক নাচিতেছে, পশ্চাতের আমবাগানে ঘুঘু ডাকিতেছে এবং জলের কিনারায় শৈবালের উপর একটি পতঙ্গ তাহার স্বচ্ছ দীর্ঘ দুই পাখা মেলিয়া দিয়া স্থিরভাবে রৌদ্র পোহাইতেছে। কথা ছিল রসিক আজ গোপালকে লাঠিখেলা শিখাইবে— গোপাল তাহার আশু কোনো সম্ভাবনা না দেখিয়া রসিককে তাঁড়ের মধ্যকার মাছ ধরিবার কেঁচোগুলাকে লইয়া অস্থিরভাবে ঘাটাঘাটি করিতে লাগিল— রসিক

তাহার গালে ঠাস্ করিয়া এক চড় বসাইয়া দিল। কখন তাহার কাছে রসিক পান চাহিবে বলিয়া সৌরভী যখন ঘাটের পাশে ঘাসের উপর দুই পা মেলিয়া অপেক্ষা করিয়া আছে, এমন সময়ে রসিক হঠাৎ তাহাকে বলিল, “সৈরি, বড়ো ক্ষুধা পাইয়াছে, কিছু খাবার আনিয়া দিতে পারিস ?” সৌরভী খুশি হইয়া তাড়াতাড়ি ছুটিয়া গিয়া বাড়ি হইতে আচল ভরিয়া মুড়িমুড়কি আনিয়া উপস্থিত করিল। রসিক সেদিন তাহার দাদার কাছেও ঘেঁষিল না।

বংশীর শরীর মন খারাপ ছিল, রাত্রে সে তাহার বাপকে স্বপ্ন দেখিল। স্বপ্ন হইতে উঠিয়া তাহার মন আরো বিকল হইয়া উঠিল। তাহার নিশ্চয় মনে হইল বংশলোপের আশঙ্কায় তাহার বাপের পরলোকেও ঘুম হইতেছে না।

পরদিন বংশী কিছু জোর করিয়াই রসিককে কাজে বসাইয়া দিল। কেননা ইহা তো ব্যক্তিগত সুখদুঃখের কথা নহে, এ যে বংশের প্রতি কর্তব্য। রসিক কাজে বসিল বটে, কিন্তু তাহাতে কাজের সুবিধা হইল না; তাহার হাত আর চলেই না, পদে পদে সূতা ছিড়িয়া যায়, সূতা সারিয়া তুলিতে তাহার বেলা কাটিতে থাকে। বংশী মনে করিল, ভালোরূপ অভ্যাস নাই বলিয়াই এমনটা ঘটতেছে, কিছুদিন গেলেই হাত দুরন্ত হইয়া যাইবে।

কিন্তু স্বভাবপটু রসিকের হাত দুরন্ত হইবার দরকার ছিল না বলিয়াই তাহার হাত দুরন্ত হইতে চাহিল না। বিশেষত তাহার অনুগতবর্গ তাহার সজ্ঞানে আসিয়া যখন দেখিত সে নিতান্ত ভালোমানুষটির মতো তাহাদের বাপ-পিতামহের চিরকালীন ব্যবসাতে লাগিয়া গেছে তখন রসিকের মনে ভারি লজ্জা এবং রাগ হইতে লাগিল।

দাদা তাহাকে তাহার এক বন্ধুর মুখ দিয়া খবর দিল যে, সৌরভীর সঙ্গেই রসিকের বিবাহের সম্বন্ধ স্থির করা যাইতেছে। বংশী মনে করিয়াছিল এই সুখবরটায় নিশ্চয়ই রসিকের মন নরম হইবে। কিন্তু সেরূপ ফল তো দেখা গেল না। ‘দাদা মনে করিয়াছেন সৌরভীর সঙ্গে বিবাহ হইলেই আমার মোক্ষলাভ হইবে?’ সৌরভীর প্রতি হঠাৎ তাহার ব্যবহারের এমন পরিবর্তন হইল যে, সে বেচারী আচলের প্রান্তে পান ঝাঁধিয়া তাহার কাছে আসিতে আর সাহসই করিত না— সমস্ত রকম-সকম দেখিয়া কী জানি এই ছোটো শাস্ত মেয়েটির ভারি কান্না পাইতে লাগিল। হার্মোনীয়ম বাজনা সম্বন্ধে অনা মেয়েদের চেয়ে তাহার যে একটু বিশেষ অধিকার ঘটিয়াছিল, সে তো ঘুচিয়াই গেল— তার পর সর্বদাই রসিকের যে ফাইফরমাশ খাটিবার ভার তাহার উপর ছিল সেটাও রহিল না। হঠাৎ জীবনটা ফাঁকা এবং সংসারটা নিতান্তই ফাঁকি বলিয়া তাহার কাছে মনে হইতে লাগিল।

এতদিন রসিক এই গ্রামের বনবাদাড়, রথতলা, রাখানাথের মন্দির, নদী, খেয়াঘাট, বিল, দিঘি, কামারপাড়া, ছুতারপাড়া, হাটবাজার সমস্তই আপনার আনন্দে ও প্রয়োজনে বিচিত্রভাবে অধিকার করিয়া লইয়াছিল। সব জায়গাতেই তাহার একটা একটা আড্ডা ছিল, যেদিন যেখানে খুশি কখনো-বা একলা কখনো-বা দলবলে কিছু-না-কিছু লইয়া থাকিত। এই গ্রাম এবং থানাগড়ের বাবুদের বাড়ি ছাড়া জগতের আর যে কোনো অংশ তাহার জীবনযাত্রার জন্য প্রয়োজনীয় তাহা সে কোনোদিন মনেও করে নাই। আজ এই গ্রামে তাহার মন আর কুলাইল না। দূর দূর বহুদূরের জন্য তাহার চিন্ত ছুটফুট করিতে লাগিল। তাহার অবসর যথেষ্ট ছিল— বংশী তাহাকে খুব বেশিক্ষণ কাজ করাইত না। কিন্তু ঐ একটুকু কাজ করিয়াই তাহার সমস্ত অবসর পর্যন্ত যেন বিশ্বাস হইয়া গেল; এরূপ খণ্ডিত অবসরকে কোনো ব্যবহারে লাগাইতে তাহার ভালো লাগিল না।

৩

এই সময়ে থানাগড়ের বাবুদের এক ছেলে এক বাইসিকল্ কিনিয়া আনিয়া চড়া অভ্যাস করিতেছিল। রসিক সেটাকে লইয়া অতি অল্পক্ষণের মধ্যেই এমন আয়ত্ত করিয়া লইল যেন সে তাহার নিজেরই পায়ের তলাকার একটা ডানা। কিন্তু কী চমৎকার, কী স্বাধীনতা, কী আনন্দ! দুরত্বের সমস্ত

বাধাকে এই বাহনটা যেন তীক্ষ্ণ সুদর্শনচক্রের মতো অতি অনায়াসেই কাটিয়া দিয়া চলিয়া যায়। ঝড়ের বাতাস যেন চাকার আকার ধারণ করিয়া উন্মত্তের মতো মানুষকে পিঠে করিয়া লইয়া ছোটে। রামায়ণ-মহাভারতের সময় মানুষে কখনো কখনো দেবতার অস্ত্র লইয়া যেমন ব্যবহার করিতে পাইত এ যেন সেইরকম।

রসিকের মনে হইল এই বাইসিকল নহিলে তাহার জীবন বৃথা। দাম এমনই কী বেশি। একশো পঁচিশ টাকা মাত্র! এই একশো পঁচিশ টাকা দিয়া মানুষ একটা নূতন শক্তি লাভ করিতে পারে— ইহা তো সস্তা। বিষ্ণুর গরুড়বাহন এবং সূর্যের অরুণসারথি তো সৃষ্টিকর্তাকে কম ভোগ ভোগায় নাই, আর ইন্দ্রের উচ্চৈঃশ্রবার জন্য সমুদ্রমন্ডন করিতে হইয়াছিল— কিন্তু এই বাইসিকলটি আপন পৃথিবীজয়ী গতিবেগ স্তব্ধ করিয়া কেবল একশো পঁচিশ টাকার জন্যে দোকানের এক কোণে দেয়াল ঠেস দিয়া প্রতীক্ষা করিয়া আছে।

দাদার কাছে রসিক আর-কিছু চাহিবে না পণ করিয়াছিল কিন্তু সে পণ রক্ষা হইল না। তবে চাওয়াটার কিছু বেশ-পরিবর্তন করিয়া দিল। কহিল, “আমাকে একশো পঁচিশ টাকা ধার দিতে হইবে।”

বংশীর কাছে রসিক কিছুদিন হইতে কোনো আবদার করে নাই, ইহাতে শরীরের অসুখের উপর আর-একটা গভীরতর বেদনা বংশীকে দিনরাত্রি পীড়া দিতেছিল। তাই রসিক তাহার কাছে দরবার উপস্থিত করিবামাত্রই মুহূর্তের জন্য বংশীর মন নাচিয়া উঠিল; মনে হইল, ‘দূর হোক গে ছাই, এমন করিয়া আর টানাটানি করা যায় না— দিয়া ফেলি।’ কিন্তু বংশ? সে যে একেবারেই ডোবে! একশো পঁচিশ টাকা দিলে আর বাকি থাকে কী। ধার! রসিক একশো পঁচিশ টাকা ধার শুধিবে! তাই যদি সম্ভব হইত তবে তো বংশী নিশ্চিত হইয়া মরিতে পারিত।

বংশী মনটাকে একেবারে পাথরের মতো শক্ত করিয়া বলিল, “সে কি হয়, একশো পঁচিশ টাকা আমি কোথায় পাইব।” রসিক বন্ধুদের কাছে বলিল, “এ টাকা যদি না পাই তবে আমি বিবাহ করিবই না।” বংশীর কানে যখন সে কথা গেল তখন সে বলিল, “এও তো মজা মন্দ নয়। পাত্রীকে টাকা দিতে হইবে আবার পাত্রকে না দিলেও চলিবে না। এমন দায় তো আমাদের সাত পুরুষের মধ্যে কখনো ঘটে নাই।”

রসিক সুস্পষ্ট বিদ্রোহ করিয়া তাঁতের কাজ হইতে অবসর লইল। জিজ্ঞাসা করিলে বলে, আমার অসুখ করিয়াছে। তাঁতের কাজ না করা ছাড়া তাহার আহার-বিহারে অসুখের অন্য কোনো লক্ষণ প্রকাশ পাইল না। বংশী মনে মনে একটু অভিমান করিয়া বলিল, ‘থাক, উহাকে আমি আর কখনো কাজ করিতে বলিব না’— বলিয়া রাগ করিয়া নিজেকে আরো বেশি কষ্ট দিতে লাগিল। বিশেষত সেই বছরেই বয়স্কটের কল্যাণে হঠাৎ তাঁতের কাপড়ের দর এবং আদর অত্যন্ত বাড়িয়া গেল। তাঁতীদের মধ্যে যাহারা অন্য কাজে ছিল তাহারা প্রায় সকলে তাঁতে ফিরিল। নিয়তচঞ্চল মাকুগুলা ইদুর-বাহনের মতো সিদ্ধিদাতা গণনায়ককে বাংলাদেশের তাঁতের ঘরে দিনরাত কাঁধে করিয়া দৌড়াইতে লাগিল। এখন এক মুহূর্ত তাঁত কামাই পড়িলে বংশীর মন অস্থির হইয়া উঠে; এই সময়ে রসিক যদি তাহার সাহায্য করে তবে দুই বৎসরের কাজ ছয় মাসে আদায় হইতে পারে, কিন্তু সে আর ঘটিল না। কাজেই ভাঙা শরীর লইয়া বংশী একেবারে সাধের অতিরিক্ত পরিশ্রম করিতে লাগিল।

রসিক প্রায় বাড়ির বাহিরে বাহিরেই কাটায়। কিন্তু হঠাৎ একদিন যখন সন্ধ্যার সময় বংশীর হাত আর চলে না, পিঠের দাঁড়া যেন ফাটিয়া পড়িতেছে, কেবলই কাজের গোলমাল হইয়া যাইতেছে এবং তাহা সারিয়া লইতে বৃথা সময় কাটিতেছে, এমন সময় শুনিতে পাইল, সেই কিছুকালের উপেক্ষিত হার্মোনিয়ম-যন্ত্রে আবার লঙ্কৌ ঠুংরি বাজিতেছে। এমন দিন ছিল যখন কাজ করিতে করিতে রসিকের এই হার্মোনিয়ম বাজনা শুনিতে গর্বে ও আনন্দে বংশীর মন পুলকিত হইয়া উঠিত, আজ একেবারেই সেরূপ হইল না। সে তাঁত ফেলিয়া ঘরের আঙিনার কাছে আসিয়া দেখিল, একজন কোথাকার অপরিচিত লোককে রসিক বাজনা শুনাইতেছে। ইহাতে তাহার স্বরতপ্ত ক্রান্ত দেহ আরো জ্বলিয়া

উঠিল। মুখে তাহার যাহা আসিল তাহাই বলিল। রসিক উদ্ধত হইয়া জবাব করিল, “তোমার অঙ্গে যদি আমি ভাগ বসাই তবে আমি” ইত্যাদি ইত্যাদি। বংশী কহিল, “আর মিথ্যা বড়াই করিয়া কাজ নাই, তোমার সামর্থ্য যতদূর ঢের দেখিয়াছি! শুধু বাবুদের নকলে বাজনা বাজাইয়া নবাবি করিলেই তো হয় না।” বলিয়া সে চলিয়া গেল— আর তাঁতে বসিতে পারিল না; ঘরে মাদুরে গিয়া শুইয়া পড়িল।

রসিক যে হার্মোনিয়ম বাজাইয়া চিত্তবিনোদন করিবার জন্য সঙ্গী জুটাইয়া আনিয়াছিল তাহা নহে। থানাগড়ে যে সার্কাসের দল আসিয়াছিল রসিক সেই দলে চাকরির উমেদারি করিতে গিয়াছিল। সেই দলেরই একজনের কাছে নিজের ক্ষমতার পরিচয় দিবার জন্য তাহাকে যতগুলি গৎ জানে একে একে শুনাইতে প্রবৃত্ত হইয়াছিল— এমন সময় সংগীতের মাঝখানে নিতান্ত অন্যরকম সুর আসিয়া পৌছিল।

আজ পর্যন্ত বংশীর মুখ দিয়া এমন কঠিন কথা কখনো বাহির হয় নাই। নিজের বাক্যে সে নিজেই আশ্চর্য হইয়া গেল। তাহার মনে হইল যেন তাহাকে অবলম্বন করিয়া আর-একজন কে এই নিষ্ঠুর কথাগুলো বলিয়া গেল। এমনতরো মর্মান্তিক ভৎসনার পরে বংশীর পক্ষে আর তাহার সঙ্কয়ের টাকা রক্ষা করা সম্ভবপর নহে। যে টাকার জন্য হঠাৎ এমন অভাবনীয় কাণ্ডটা ঘটিতে পারিল সেই টাকার উপর বংশীর ভারি একটা রাগ হইল— তাহাতে আর তাহার কোনো সুখ রহিল না। রসিক যে তাহার কত আদরের সামগ্রী, এই কথা কেবলই তাহার মনের মধ্যে তোলপাড় করিতে লাগিল। যখন সে ‘দাদা’ শব্দ পর্যন্ত উচ্চারণ করিতে পারিত না, যখন তাহার দুরন্ত হস্ত হইতে তাঁতের সূতাগুলোকে রক্ষা করা এক বিষম ব্যাপার ছিল, যখন তাহার দাদা হাত বাড়াইবামাত্র সে অন্য-সকলের কোল হইতেই ঝাপাইয়া পড়িয়া সবেগে তাহার বুকের উপর আসিয়া পড়িত, এবং তাহার ঝাঁকড়া চুল ধরিয়া টানাটানি করিত, তাহার নাক ধরিয়া দস্তহীন মুখের মধ্যে পুরিবার চেষ্টা করিত, সে-সমস্তই সুস্পষ্ট মনে পড়িয়া বংশীর প্রাণের ভিতরটাতে হাহা করিতে লাগিল। সে আর শুইয়া থাকিতে পারিল না। রসিকের নাম ধরিয়া বার-কয়েক করুণকণ্ঠে ডাকিল। সাড়া না পাইয়া তাহার জ্বর লইয়াই সে উঠিল। গিয়া দেখিল, সেই হার্মোনিয়মটা পাশে পড়িয়া আছে, অন্ধকারে দাওয়ায় রসিক চুপ করিয়া একলা বসিয়া। তখন বংশী কোমর হইতে সাপের মতো সরু লম্বা এক খলি খুলিয়া ফেলিল; রুদ্ধপ্রায়কণ্ঠে কহিল, ‘এই নে ভাই— আমার এ টাকা সমস্ত তোরই জন্য। তোরই বউ ঘরে আনিব বলিয়া আমি এ জমাইতেছিলাম। কিন্তু তোকে কাঁদাইয়া আমি জমাইতে পারিব না, ভাই আমার, গোপাল আমার— আমার সে শক্তি নাই— তুই চাকার গাড়ি কিনিস, তোর যা খুশি তাই করিস।’ রসিক কাঁদাইয়া উঠিয়া শপথ করিয়া কঠোরস্বরে কহিল, “চাকার গাড়ি কিনিতে হয়, বউ আনিতে হয়, আমার নিজের টাকায় করিব— তোমার ও টাকা আমি ছুঁইব না।” বলিয়া বংশীর উস্তরের অপেক্ষা না করিয়া ছুটিয়া চলিয়া গেল। উভয়ের মধ্যে আর এই টাকার কথা বলার পথ রহিল না— কোনো কথা বলাই অসম্ভব হইয়া উঠিল।

8

রসিকের ভক্তশ্রেষ্ঠ গোপাল আজকাল অভিমান করিয়া দূরে দূরে থাকে। রসিকের সামনে দিয়া তাহাকে দেখাইয়া দেখাইয়া একাই মাছ ধরিতে যায়, আগেকার মতো তাহাকে ডাকাডাকি করে না। আর, সৌরভীর তো কথাই নাই। রসিকদাদার সঙ্গে তাহার আড়ি, একেবারে জন্মের মতো আড়ি— অথচ সে যে এতবড়ো একটা ভয়ংকর আড়ি করিয়াছে, সেটা রসিককে স্পষ্ট করিয়া জানাইবার সুযোগ না পাইয়া, আপনার মনে ঘরের কোণে অভিমানে ক্ষণে ক্ষণে কেবলই তাহার দুই চোখ ভরিয়া উঠিতে লাগিল।

এমন সময়ে একদিন রসিক মধ্যাহ্নে গোপালদের বাড়িতে গিয়া তাহাকে ডাক দিল। আদর করিয়া তাহার কান মলিয়া দিল, তাহাকে কাতুকুতু দিতে লাগিল। গোপাল প্রথমটা প্রবল আপত্তি প্রকাশ করিয়া লড়াইয়ের ভাব দেখাইল, কিন্তু বেশিক্ষণ সেটা রাখিতে পারিল না; দুইজনে বেশ হাস্যালাপ জমিয়া উঠিল। রসিক কহিল, “গোপাল, আমার হার্মোনিয়মটি নিবি?”

হার্মোনিয়ম ! এতবড়ো দান ! কলির সংসারে এও কি কখনো সম্ভব ! কিন্তু যে জিনিসটা তাহার ভালো লাগে, বাধা না পাইলে সেটা অসংকোচে গ্রহণ করিবার শক্তি গোপালের যথেষ্ট পরিমাণে ছিল । অতএব হার্মোনিয়মটি সে অবিলম্বে অধিকার করিয়া লইল, বলিয়া রাখিল, “ফিরিয়া চাহিলে আর কিন্তু পাইবে না ।”

গোপালকে যখন রসিক ডাক দিয়াছিল তখন নিশ্চয় জানিয়াছিল সে ডাক অন্তত আরো একজনের কানে গিয়া পৌঁছিয়াছে । কিন্তু বাহিরে আজ তাহার কোনো প্রমাণ পাওয়া গেল না । তখন রসিক গোপালকে বলিল, “সৈরি কোথায় আছে একবার ডাকিয়া আন তো ।”

গোপাল ফিরিয়া আসিয়া কহিল, “সৈরি বলিল, তাহাকে এখন বড়ি শুকাইতে দিতে হইবে, তাহার সময় নাই ।” রসিক মনে মনে হাসিয়া কহিল, “চল্ দেখি, সে কোথায় বড়ি শুকাইতেছে ।” রসিক আঙিনার মধ্যে প্রবেশ করিয়া দেখিল, কোথাও বড়ির নামগন্ধ নাই । সৌরভী তাহাদের পায়ে শব্দ পাইয়া আর-কোথাও লুকাইবার উপায় না দেখিয়া তাহাদের দিকে পিঠ করিয়া মাটির প্রাচীরের কোণ ঠেসিয়া দাঁড়াইল । রসিক তাহার কাছে গিয়া তাহাকে ফিরাইবার চেষ্টা করিয়া বলিল, “রাগ করেছিস সৈরি ?” সে আকিয়া-ঝাকিয়া রসিকের চেষ্টাকে প্রত্যাখ্যান করিয়া দেয়ালের দিকেই মুখ করিয়া রহিল ।

একদা রসিক আপন খেয়ালে নানা রঙের সূতা মিলাইয়া নানা চিত্রবিচিত্র করিয়া একটা কাঁথা সেলাই করিতেছিল । মেয়েরা যে কাঁথা সেলাই করিত তাহার কতকগুলো ঝাঁঝা নকশা ছিল— কিন্তু রসিকের সমস্তই নিজের মনের রচনা । যখন এই সেলাইয়ের ব্যাপার চলিতেছিল তখন সৌরভী আশ্চর্য হইয়া একমনে তাহা দেখিত— সে মনে করিত, জগতে কোথাও এমন আশ্চর্য কাঁথা আজ পর্যন্ত রচিত হয় নাই । প্রায় যখন কাঁথা শেষ হইয়া আসিয়াছে এমন সময়ে রসিকের বিরক্তি বোধ হইল, সে আর শেষ করিল না । ইহাতে সৌরভী মনে ভারি পীড়া বোধ করিয়াছিল— এইটে শেষ করিয়া ফেলিবার জন্য সে রসিককে কতবার যে কত সানুনয় অনুরোধ করিয়াছে তাহার ঠিক নাই— আর ঘণ্টা দুই-তিন বসিলেই শেষ হইয়া যায়, কিন্তু রসিকের যাহাতে গা লাগে না তাহাতে তাহাকে প্রবৃত্ত করাইতে কে পারে । হঠাৎ এতদিন পরে রসিক কাল রাত্রি জাগিয়া সেই কাঁথাটি শেষ করিয়াছে ।

রসিক বলিল, “সৈরি, সেই কাঁথাটা শেষ করিয়াছি, একবার দেখবি না ?”

অনেক কষ্টে সৌরভীর মুখ ফিরাইতেই সে আঁচল দিয়া মুখ ঝাঁপিয়া ফেলিল । তখন যে তাহার দুই কপোল বাহিয়া জল পড়িতেছিল, সে জল সে দেখাইবে কেমন করিয়া ।

সৌরভীর সঙ্গে তাহার পূর্বের সহজ সখ্য স্থাপন করিতে রসিকের যথেষ্ট সময় লাগিল । অবশেষে উভয়পক্ষে সন্ধি যখন এতদূর অগ্রসর হইল যে সৌরভী রসিককে পান আনিয়া দিল তখন রসিক সেই কাঁথার আবরণ খুলিয়া সেটা আঙিনার উপর মেলিয়া দিল— সৌরভীর হৃদয়টি বিস্ময়ে অভিভূত হইয়া গেল । অবশেষে যখন রসিক বলিল “সৈরি, এ কাঁথা তোমার জন্যই তৈরি করিয়াছি, এটা আমি তোকেই দিলাম,” তখন এতবড়ো অভাবনীয় দান কোনোমতেই সৌরভী স্বীকার করিয়া লইতে পারিল না । পৃথিবীতে সৌরভী কোনো দুর্লভ জিনিস দাবি করিতে শেখে নাই । গোপাল তাহাকে খুব ধমক দিল । মানুষের মনস্তত্ত্বের সূক্ষ্মতা সম্বন্ধে তাহার কোনো বোধ ছিল না ; সে মনে করিল, লোভনীয় জিনিস লইতে লজ্জা একটা নিরবচ্ছিন্ন কপটতামাত্র । গোপাল ব্যর্থ কালব্যয় নিবারণের জন্য নিজেই কাঁথাটা ভাঁজ করিয়া লইয়া ঘরের মধ্যে রাখিয়া আসিল । বিচ্ছেদ মিটমাট হইয়া গেল । এখন হইতে আবার পূর্বতন প্রণালীতে তাহাদের বন্ধুত্বের ইতিহাসের দৈনিক অনুবৃষ্টি চলিতে থাকিবে, দুটি বালকবালিকার মন এই আশায় উৎফুল্ল হইয়া উঠিল ।

সেদিন পাড়ায় তাহার দলের সকল ছেলেমেয়ের সঙ্গেই রসিক আগেকার মতোই ভাব করিয়া লইল— কেবল তাহার দাদার ঘরে একবারও প্রবেশ করিল না । যে শ্রীচাঁদ বিধবা তাহাদের বাড়িতে আসিয়া রাখিয়া দিয়া যার সে আসিয়া যখন সকালে বংশীকে জিজ্ঞাসা করিল, “আজ কী রান্না

হইবে”— বংশী তখন বিছানায় শুইয়া । সে বলিল, “আমার শরীর ভালো নাই, আজ আমি কিছু খাইব না— রসিককে ডাকিয়া তুমি খাওয়াইয়া দিয়ো ।” স্ত্রীলোকটি বলিল, রসিক তাহাকে বলিয়াছে, সে আজ বাড়িতে খাইবে না— অন্যত্র বোধ করি তাহার নিমন্ত্রণ আছে । শুনিয়া বংশী দীর্ঘনিশ্বাস কেহিয়া গায়ের কাপড়টায় মাথা পর্যন্ত মুড়িয়া পাশ ফিরিয়া শুইল ।

রসিক যেদিন সন্ধ্যার পর গ্রাম ছাড়িয়া সার্কাসের দলের সঙ্গে চলিয়া গেল সেদিন এমনি করিয়াই কাটিল । শীতের রাত্রি ; আকাশে আধখানি চাঁদ উঠিয়াছে । সেদিন হাট ছিল । হাট সারিয়া সকলেই চলিয়া গিয়াছে— কেবল যাহাদের দূর পাড়ায় বাড়ি, এখনো তাহারা মাঠের পথে কথা কহিতে কহিতে চলিয়াছে । একখানি বোকাইশূন্য গোরুর গাড়িতে গাড়োয়ান রূপার মুড়ি দিয়া নিদ্রামগ্ন ; গোরু দুটি আপন মনে ধীরে ধীরে বিজ্রামশালার দিকে গাড়ি টানিয়া লইয়া চলিয়াছে । গ্রামের গোয়ালঘর হইতে খড়ছালানো ধোয়া বায়ুহীন শীতরাশ্রে হিমভারাক্রান্ত হইয়া স্তরে স্তরে বাঁশঝাড়ের মধ্যে আবদ্ধ হইয়া আছে । রসিক যখন প্রান্তরের প্রান্তে গিয়া পৌঁছিল, যখন অক্ষুট চন্দ্রালোকে তাহাদের গ্রামের ঘন গাছগুলির নীলিমাও আর দেখা যায় না, তখন রসিকের মনটা কেমন করিয়া উঠিল । তখনো ফিরিয়া আসার পথ কঠিন ছিল না, কিন্তু তখনো তাহার হৃদয়ের কঠিনতা যায় নাই । ‘উপার্জন করি না অথচ দাদার অন্ন খাই’, যেমন করিয়া হউক এ লাঞ্ছনা না মুছিয়া, নিজের টাকায় কেনা বাইসিকলে না চড়িয়া আজন্মকালের এই গ্রামে আর ফিরিয়া আসা চলিবে না— রহিল এখানকার চন্দনীদহের ঘাট, এখানকার সুখসাগর দিঘি, এখানকার ফাদুন মাসে সরষে খেতের গন্ধ, চৈত্র মাসে আমবাগানে মৌমাছির গুঞ্জনধ্বনি ; রহিল এখানকার বন্ধুত্ব, এখানকার আমোদ-উৎসব— এখন সম্মুখে অপরিচিত পৃথিবী, অনাশ্রয় সংসার এবং ললাটে অদৃষ্টের লিখন ।

৫

রসিক একমাত্র তাঁতের কাজেই যত অসুবিধা দেখিয়াছিল ; তাহার মনে হইত, আর-সকল কাজই ইহার চেয়ে ভালো । সে মনে করিয়াছিল, একবার তাহার সংকীর্ণ ঘরের বন্ধন ছেদন করিয়া বাহির হইতে পারিলেই তাহার কোনো ভাবনা নাই । তাই সে ভারি আনন্দে পথে বাহির হইয়াছিল । মাঝখানে যে কোনো বাধা, কোনো কষ্ট, কোনো দীর্ঘকালবায় আছে, তাহা তাহার মনেও হইল না । বাহিরে দাঁড়াইয়া দূরের পাহাড়কেও যেমন মনে হয় অনতিদূরে— যেমন মনে হয়, আধ ঘণ্টার পথ পার হইলেই বুঝি তাহার শিখরে গিয়া পৌঁছিতে পারা যায়— তাহার গ্রামের বেটন হইতে বাহির হইবার সময় নিজের ইচ্ছার দুর্লভ সার্থকতাকে রসিকের তেমনই সহজগম্য এবং অত্যন্ত নিকটবর্তী বলিয়া বোধ হইল । কোথায় যাইতেছে রসিক কাহাকেও তাহার কোনো খবর দিল না । একদিন স্বয়ং সে খবর বহন করিয়া আসিবে এই তাহার পণ রহিল ।

কাজ করিতে গিয়া দেখিল, বেগারের কাজে আদর পাওয়া যায় এবং সেই আদর সে বরাবর পাইয়াছে ; কিন্তু যেখানে গরজের কাজ সেখানে দয়ামায়া নাই । বেগারের কাজে নিজের ইচ্ছা-নামক পদার্থটাকে খুব করিয়া দৌড় করানো যায়, সেই ইচ্ছার জোরেই সে কাজে এমন অভাবনীয় নৈপুণ্য জাগিয়া উঠিয়া মনকে এত উৎসাহিত করিয়া তোলে ; কিন্তু বেতনের কাজে এই ইচ্ছা একটা বাধা ; এই কাজের তরলীতে অনিশ্চিত ইচ্ছার হাওয়া লাগাইবার জন্য পালের কোনো বন্দোবস্ত নাই, দিনরাত কেবল মজুরের মতো দাঁড় টানা এবং লগি ঠেলা । যখন দর্শকের মতো দেখিয়াছিল তখন রসিক মনে করিয়াছিল, সার্কাসে ভারি মজা । কিন্তু ভিতরে যখন প্রবেশ করিল মজা তখন সম্পূর্ণ বাহির হইয়া গিয়াছে । যাহা আমোদের জিনিস যখন তাহা আমোদ দেয় না, যখন তাহার প্রতিদিনের পুনরাবৃত্তি বন্ধ হইলে প্রাণ বাঁচে অথচ তাহা কিছুতেই বন্ধ হইতে চায় না, তখন তাহার মতো অরুচিকর জিনিস আর-কিছুই হইতে পারে না । এই সার্কাসের দলের মধ্যে আবদ্ধ হইয়া রসিকের প্রত্যেক দিনই তাহার পক্ষে একান্ত বিষাদ হইয়া উঠিল । সে প্রায়ই বাড়ির স্বপ্ন দেখে । রাত্রে ঘুম হইতে জাগিয়া অন্ধকারে

প্রথমটা রসিক মনে করে, সে তাহার দাদার বিছানার কাছে শুইয়া আছে ; মুহূর্তকাল পরেই চমক ভাঙিয়া দেখে, দাদা কাছে নাই । বাড়িতে থাকিতে এক-একদিন শীতের রাতে ঘুমের ঘোরে সে অনুভব করিত, দাদা তাহার শীত করিতেছে মনে করিয়া তাহার গাত্রবস্ত্রের উপরে নিজের কাপড়খানা ধীরে ধীরে চাপাইয়া দিতেছে ; এখানে পৌষের রাতে যখন ঘুমের ঘোরে তাহার শীত শীত করে তখন দাদা তাহার গায়ে ঢাকা দিতে আসিবে মনে করিয়া সে যেন অপেক্ষা করিতে থাকে— দেরি হইতেছে দেখিয়া রাগ হয় । এমন সময় জাগিয়া উঠিয়া মনে পড়ে, দাদা কাছে নাই এবং সেইসঙ্গে ইহাও মনে হয় যে, এই শীতের সময় তাহার গায়ে আপন কাপড়টি টানিয়া দিতে না পারিয়া আজ রাতে শূন্যশয্যার প্রান্তে তাহার দাদার মনে শাস্তি নাই । তখনই সেই অর্ধরাতে সে মনে করে, কাল সকালে উঠিয়াই আমি ঘরে ফিরিয়া যাইব । কিন্তু ভালো করিয়া জাগিয়া উঠিয়া আবার সে শক্ত করিয়া প্রতিজ্ঞা করে ; মনে মনে আপনাকে বার বার করিয়া জপাইতে থাকে যে, 'আমি পণের টাকা ভরতি করিয়া বাইসিক্লে চড়িয়া বাড়ি ফিরিব তবে আমি পুরুষমানুষ, তবে আমার নাম রসিক ।'

একদিন দলের কর্তা তাহাকে তাঁতি বলিয়া বিক্রী করিয়া গালি দিল । সেইদিন রসিক তাহার সামান্য কয়েকটি কাপড়, ঘটি ও খালাবাটি, নিজের যে-কিছু ঋণ ছিল তাহার পরিবর্তে ফেলিয়া রাখিয়া সম্পূর্ণ রিক্তহস্তে বাহির হইয়া চলিয়া গেল । সমস্তদিন কিছু খাওয়া হয় নাই । সন্ধ্যার সময় যখন নদীর ধারে দেখিল গোকুললা আরামে চরিয়া খাইতেছে তখন একপ্রকার ঈর্ষার সহিত তাহার মনে হইতে লাগিল, পৃথিবী যথার্থ এই পশুপক্ষীদের মা— নিজের হাতে তাহাদের মুখে আহারের গ্রাস তুলিয়া দেন— আর মানুষ বুঝি তাঁর কোন সতিনের ছেলে, তাই চারি দিকে এতবড়ো মাঠ ধু ধু করিতেছে, কোথাও রসিকের জন্য একমুষ্টি অন্ন নাই । নদীর কিনারায় গিয়া রসিক অঞ্জলি ভরিয়া খুব খানিকটা জল খাইল । এই নদীটির ক্ষুধা নাই, তৃষ্ণা নাই, কোনো অভাব নাই, কোনো চেষ্টা নাই, ঘর নাই তবু ঘরের অভাব নাই, সম্মুখে অন্ধকার রাত্রি আসিতেছে তবু সে নিরুদ্ধবেগে নিরুদ্ধেশের অভিমুখে ছুটিয়া চলিয়াছে— এই কথা ভাবিতে ভাবিতে রসিক একদৃষ্টে জলের শ্রোতের দিকে চাহিয়া বসিয়া রহিল— বোধ করি তাহার মনে হইতেছিল, দুর্বহ মানবজন্মটাকে এই বন্ধনহীন নিশ্চিন্ত জলধারার সঙ্গে মিশাইয়া ফেলিতে পারিলেই একমাত্র শাস্তি ।

এমন সময় একজন তরুণ যুবক মাথা হইতে একটা বস্তা নামাইয়া তাহার পাশে বসিয়া কোচার প্রান্ত হইতে চিড়া খুলিয়া লইয়া ভিজাইয়া খাইবার উদ্যোগ করিল । এই লোকটিকে দেখিয়া রসিকের কিছু নূতন রকমের ঠেকিল । পায়ে জুতা নাই, ধূতির উপর একটা জামা, মাথায় পাগড়ি পরা— দেখিবামাত্র স্পষ্ট মনে হয়, ভদ্রলোকের ছেলে— কিন্তু মুটেমজুরের মতো কেন যে সে এমন করিয়া বস্তা বহিয়া বেড়াইতেছে ইহা সে বুঝিতে পারিল না । দুইজনের আলাপ হইতে দেরি হইল না এবং রসিক ভিজা চিড়ার যথোচিত পরিমাণে ভাগ লইল । এ ছেলোট কলিকাতার কলেজের ছাত্র । ছাত্রেরা যে স্বদেশী কাপড়ের দোকান খুলিয়াছে তাহারই জন্য দেশি কাপড় সংগ্রহ করিতে সে এই গ্রামের হাটে আসিয়াছে । নাম সুবোধ, জাতিতে ব্রাহ্মণ । তাহার কোনো সংকোচ নাই, বাধা নাই— সমস্তদিন হাটে ঘুরিয়া সন্ধ্যাবেলায় চিড়া ভিজাইয়া খাইতেছে ।

দেখিয়া নিজের সম্বন্ধে রসিকের ভারি একটা লজ্জা বোধ হইল । শুধু তাই নয়, তাহার মনে হইল, যেন মুক্তি পাইলাম । এমন করিয়া খালি পায়ে মজুরের মতো যে মাথায় মোট বহিতে পারা যায় ইহা উপলব্ধি করিয়া জীবনযাত্রার ক্ষেত্র এক মুহূর্তে তাহার সম্মুখে প্রসারিত হইয়া গেল । সে ভাবিতে লাগিল, আজ তো আমার উপবাস করিবার কোনো দরকারই ছিল না— আমি তো ইচ্ছা করিলেই মোট বহিতে পারিতাম ।

সুবোধ যখন মোট মাথায় লইতে গেল রসিক বাধা দিয়া বলিল, "মোট আমি বহিব ।" সুবোধ তাহাতে নারাজ হইলে রসিক কহিল, "আমি তাঁতির ছেলে, আমি আপনার মোট বহিব, আমাকে কলিকাতায় লইয়া যান ।" 'আমি তাঁতি' আগে হইলে রসিক এ কথা কখনোই মুখে উচ্চারণ করিতে পারিত না— তাহার বাধা কাটিয়া গেছে ।

সুবোধ তো লাফাইয়া উঠিল— বলিল, “তুমি তাঁতি ! আমি তো তাঁতি খুঁজিতেই বাহির হইয়াছি । আজকাল তাহাদের দর এত বাড়িয়াছে যে, কেহই আমাদের তাঁতের স্কুলে শিক্ষকতা করিতে যাইতে রাজি হয় না ।”

রসিক তাঁতের স্কুলের শিক্ষক হইয়া কলিকাতায় আসিল । এতদিন পরে বাসাখরচ বাদে সে সামান্য কিছু জমাইতে পারিল, কিন্তু বাইসিকল-চক্রের লক্ষ্য ভেদ করিতে এখনো অনেক বিলম্ব আছে । আর বধূর বরমালোর তো কথাই নাই । ইতিমধ্যে তাঁতের স্কুলটা গোড়ায় যেমন হঠাৎ জ্বলিয়া উঠিয়াছিল তেমনি হঠাৎ নিবিয়া যাইবার উপক্রম হইল । কমিটির বাবুরা যতক্ষণ কমিটি করিতে থাকেন অতি চমৎকার হয়, কিন্তু কাজ করিতে নামিলেই গণ্ডগোল বাধে । তাঁহারা নানা দিগদেশ হইতে নানা প্রকারের তাঁত আনাইয়া শেষকালে এমন একটা অপরূপ জঞ্জাল বুনিয়া তুলিলেন যে সমস্ত ব্যাপারটা লইয়া যে কোন আবর্জনাগুলো ফেলা যাইতে পারে তাহা কমিটির পর কমিটি করিয়াও স্থির করিতে পারিলেন না ।

রসিকের আর সহ্য হয় না । ঘরে ফিরিবার জন্য তাহার প্রাণ ব্যাকুল হইয়া উঠিয়াছে । চোখের সামনে সে কেবলই আপনার গ্রামের নানা ছবি দেখিতেছে । অতি তুচ্ছ খুঁটিনাটিও উজ্জ্বল হইয়া তাহার মনের সামনে দেখা দিয়া যাইতেছে । পুরোহিতের আধপাগলা ছেলেটা ; তাহাদের প্রতিবেশীর কপিলবর্ণের বাছুরটা ; নদীর পথে যাইতে রাস্তার দক্ষিণ ধারে একটা তালগাছকে শিকড় দিয়া আঁটিয়া জড়াইয়া একটা অশথগাছ দুই কুন্তিগির পালোয়ানের মতো প্যাচ কবিয়া দাঁড়াইয়া আছে ; তাহারই তলায় একটা অনেকদিনের পরিত্যক্ত ভিটা ; তাহাদের বিলের তিন দিকে আমন ধান, এক পাশে গভীর জলের প্রান্তে মাছধরা জাল বাঁধিবার জন্য বাঁশের খোটা পোতা, তাহারই উপরে একটি মাছরাঙা চূপ করিয়া বসিয়া ; কৈবর্তপাড়া হইতে সন্ধ্যার পরে মাঠ পার হইয়া কীর্তনের শব্দ আসিতেছে ; ভিন্ন ভিন্ন ঋতুতে নানাপ্রকার মিশ্রিত গন্ধে গ্রামের ছায়াময় পথে স্তব্ধ হাওয়া ভরিয়া রহিয়াছে ; আর তারই সঙ্গে মিলিয়া তাহার সেই ভক্তবন্ধুর দল, সেই চঞ্চল গোপাল, সেই আচলের-খুঁটে-পান-বাঁধা বড়ো-বড়ো-স্নিগ্ধ-চোখ-মেলা সৌরভী, এই-সমস্ত স্মৃতি ছবিতে গন্ধে শব্দে স্নেহে প্রীতিতে বেদনায় তাহার মনকে প্রতিদিন গভীরতর আবিষ্ট করিয়া ধরিতে লাগিল । গ্রামে থাকিতে রসিকের যে নানাপ্রকার কারুনেপুণ্য প্রকাশ পাইত এখানে তাহা একেবারে বন্ধ হইয়া গেছে, এখানে তাহার কোনো মূল্য নাই ; এখানকার দোকান-বাজারের কলের তৈরি জিনিস হাতের চেষ্টাকে লজ্জা দিয়া নিরস্ত করে । তাঁতের ইস্কুলে কাজ কাজের বিড়ম্বনামাত্র, তাহাতে মন ভরে না । থিয়েটারের দীপশিখা তাহার চিন্তকে পতঙ্গের মতো মরণের পথে টানিয়াছিল— কেবল টাকা জমাইবার কঠোর নিষ্ঠা তাহাকে বাঁচাইয়াছে । সমস্ত পৃথিবীর মধ্যে কেবলমাত্র তাহার গ্রামটিতে যাইবার পথই তাহার কাছে একেবারে রুদ্ধ । এইজন্যই গ্রামে যাইবার টান প্রতি মুহূর্তে তাহাকে এমন করিয়া পীড়া দিতেছে । তাঁতের ইস্কুলে সে প্রথমটা ভারি ভরসা পাইয়াছিল, কিন্তু আজ যখন সে আশা আর টেকে না, যখন তাহার দুই মাসের বেতনই সে আদায় করিতে পারিল না, তখন সে আপনাকে আর ধরিয়া রাখিতে পারে না এমন হইল । সমস্ত লজ্জা স্বীকার করিয়া, মাথা হেঁট করিয়া, এই এক বৎসর প্রবাসবাসের বৃহৎ ব্যর্থতা বহিয়া দাদার আশ্রয়ে যাইবার জন্য তাহার মনের মধ্যে কেবলই তাগিদ আসিতে লাগিল ।

যখন মনটা অত্যন্ত যাই-যাই করিতেছে এমন সময় তাহার বাসার কাছে খুব ধুম করিয়া একটা বিবাহ হইল । সন্ধ্যাবেলায় বাজনা বাজাইয়া বর আসিল । সেইদিন রাত্রে রসিক স্বপ্ন দেখিল, তাহার মাথায় টোপর, গায়ে লাল চেলি, কিন্তু সে গ্রামের বাঁশঝাড়ের আড়ালে দাঁড়াইয়া আছে । পাড়ার ছেলেমেয়েরা ‘তোর বর আসিয়াছে’ বলিয়া সৌরভীকে খেপাইতেছে, সৌরভী বিরক্ত হইয়া কাঁদিয়া ফেলিয়াছে— রসিক তাহাদিগকে শাসন করিতে ছুটিয়া আসিতে চায়, কিন্তু কেমন করিয়া কেবলই বাঁশের কণ্ঠিতে তাহার কাপড় জড়াইয়া যায়, ডালে তাহার টোপর আটকায়, কোনোমতেই পথ করিয়া বাহির হইতে পারে না । জাগিয়া উঠিয়া রসিকের মনের মধ্যে ভারি লজ্জা বোধ হইতে লাগিল । বধূ তাহার জন্য ঠিক করা আছে অথচ সেই বধূকে ঘরে আনিবার যোগ্যতা তাহার নাই এইটেই তাহার

কাপুরুষতার সব চেয়ে চূড়ান্ত পরিচয় বলিয়া মনে হইল। না— এতবড়ো দীনতা স্বীকার করিয়া গ্রামে ফিরিয়া যাওয়া কোনোমতেই হইতে পারে না।

৬

অনাবৃষ্টি যখন চলিতে থাকে তখন দিনের পর দিন কাটিয়া যায় মেঘের আর দেখা নাই, যদি-বা মেঘ দেখা দেয় বৃষ্টি পড়ে না, যদি-বা বৃষ্টি পড়ে তাহাতে মাটি ভেজে না; কিন্তু বৃষ্টি যখন নামে তখন দিগন্তের এক কোণে যেমনি মেঘ দেখা দেয় অমনি দেখিতে দেখিতে আকাশ ছাইয়া ফেলে এবং অবিরল বর্ষণে পৃথিবী ভাসিয়া যাইতে থাকে। রসিকের ভাগ্যে হঠাৎ সেইরকমটা ঘটিল।

জ্ঞানকী নন্দী মস্ত ধনী লোক। সে একদিন কাহার কাছ হইতে কী একটা খবর পাইল; তাঁতের ইস্কুলের সামনে তাহার জুড়ি আসিয়া থাকিল, তাঁতের ইস্কুলের মাস্টারের সঙ্গে তাহার দুই-চারটে কথা হইল এবং তাহার পরদিনই রসিক আপনার মেসের বাসা পরিত্যাগ করিয়া নন্দীবাবুদের মস্ত তেতলা বাড়ির এক ঘরে আশ্রয় গ্রহণ করিল।

নন্দীবাবুদের বিলাতের সঙ্গে কমিশন এজেন্সির মস্ত কারবার— সেই কারবারে কেন যে জ্ঞানকীবাবু অযাচিতভাবে রসিককে একটা নিতান্ত সামান্য কাজে নিযুক্ত করিয়া যথেষ্ট পরিমাণে বেতন দিতে লাগিলেন তাহা রসিক বুঝিতেই পারিল না। সেরকম কাজের জন্য লোক সন্ধান করিবার দরকারই হয় না, এবং যদি-বা লোক জোটে তাহার তো এত আদর নহে। বাজারে নিজের মূল্য কত এতদিনে রসিক তাহা বুঝিয়া লইয়াছে, অতএব জ্ঞানকীবাবু যখন তাহাকে ঘরে রাখিয়া যত্ন করিয়া খাওয়াইতে লাগিলেন তখন রসিক তাহার এত আদরের মূল কারণ সুদূর আকাশের গ্রহনক্ষত্র ছাড়া আর-কোথাও খুঁজিয়া পাইল না।

কিন্তু তাহার শুভগ্রহটি অত্যন্ত দূরে ছিল না। তাহার একটু সংক্ষিপ্ত বিবরণ বলা আবশ্যিক।

একদিন জ্ঞানকীবাবুর অবস্থা এমন ছিল না। তিনি যখন কষ্ট করিয়া কলেজে পড়িতেন তখন তাহার সতীর্থ হরমোহন বসু ছিলেন তাহার পরম বন্ধু। হরমোহন ব্রাহ্মসমাজের লোক। এই কমিশন এজেন্সি হরমোহনদেরই পৈতৃক বাণিজ্য— তাহাদের একজন মুকুবি ইংরেজ সদাগর তাহার পিতাকে অত্যন্ত ভালোবাসিতেন। তিনি তাহাকে এই কাজে জুড়িয়া দিয়াছিলেন। হরমোহন তাহার নিঃস্ব বন্ধু জ্ঞানকীকে এই কাজে টানিয়া লইয়াছিলেন।

সেই দরিদ্র অবস্থায় নূতন যৌবনে সমাজসংস্কার সম্বন্ধে জ্ঞানকীর উৎসাহ হরমোহনের চেয়ে কিছুমাত্র কম ছিল না। তাই তিনি পিতার মৃত্যুর পরে তাহার ভগিনীর বিবাহের সম্বন্ধ ভাঙিয়া দিয়া তাহাকে বড়ো বয়স পর্যন্ত লেখাপড়া শিখাইতে প্রবৃত্ত হইলেন। ইহাতে তাহাদের তত্ত্বাবাসমাজে যখন তাহার ভগিনীর বিবাহ অসম্ভব হইয়া উঠিল তখন কায়স্থ হরমোহন নিজে তাহাকে এই সংকট হইতে উদ্ধার করিয়া এই মেয়েটিকে বিবাহ করিলেন।

তাহার পরে অনেকদিন চলিয়া গিয়াছে। হরমোহনেরও মৃত্যু হইয়াছে— তাহার ভগিনীও মারা গেছে। ব্যাবসাটিও প্রায় সম্পূর্ণ জ্ঞানকীর হাতে আসিয়াছে। ক্রমে বাসাবাড়ি হইতে তাহার তেতলা বাড়ি হইল, চিরকালের নিকেলের ঘড়িটিকে অপমান করিয়া তাড়াইয়া দিয়া সোনার ঘড়ি সুয়োরানীর মতো তাহার বন্ধের পার্শ্বে টিকটিক করিতে লাগিল।

এইরূপে তাহার তহবিল যতই স্ফীত হইয়া উঠিল, অল্পবয়সের অকিঞ্চন অবস্থার সমস্ত উৎসাহ ততই তাহার কাছে নিতান্ত ছেলেমানুষি বলিয়া বোধ হইতে লাগিল। কোনোমতে পারিবারিক পূর্ব-ইতিহাসের এই অধ্যায়টাকে বিলুপ্ত করিয়া দিয়া সমাজে উঠিবার জন্য তাহার রোখ চাপিয়া উঠিল। নিজের মেয়েটিকে সমাজে বিবাহ দিবেন এই তাহার জেদ। টাকার লোভ দেখাইয়া দুই-একটি পাত্রকে রাজি করিয়াছিলেন, কিন্তু যখনই তাহাদের আত্মীয়েরা খবর পাইল তখনই তাহারা গোলমাল করিয়া বিবাহ ভাঙিয়া দিল। শিক্ষিত সৎপাত্র না হইলেও তাহার চলে— কন্যার চিরজীবনের সুখ বলিদান দিয়াও তিনি সমাজদেবতার প্রসাদলাভের জন্য উৎসুক হইয়া উঠিলেন।

এমন সময়ে তিনি তাঁতের ইস্কুলের মাস্টারের খবর পাইলেন। সে থানাগড়ের বসাক বংশের ছেলে— তাহার পূর্বপুরুষ অভিরাম বসাকের নাম সকলেই জানে— এখন তাহাদের অবস্থা হীন, কিন্তু কুলে তাহারা তাহাদের চেয়ে বড়ো।

দূর হইতে দেখিয়া গৃহিণীর ছেলোটিকে পছন্দ হইল। স্বামীকে জিজ্ঞাসা করিলেন, “ছেলোটিকে পড়াশুনা কিরকম।” জানকীবাবু বলিলেন, “সে বালাই নাই। আজকাল যাহার পড়াশুনা বেশি, তাহাকে হিন্দুয়ানিতে আঁটিয়া ওঠা শক্ত।” গৃহিণী প্রশ্ন করিলেন, “টাকাকড়ি?” জানকীবাবু বলিলেন, “যথেষ্ট অভাব আছে। আমার পক্ষে সেইটেই লাভ।” গৃহিণী কহিলেন, “আত্মীয়স্বজনদের তো ডাকিতে হইবে।” জানকীবাবু কহিলেন, “পূর্বে অনেকবার সে পরীক্ষা হইয়া গিয়াছে; তাহাতে আত্মীয়স্বজনেরা দ্রুতবেগে ছুটিয়া আসিয়াছে কিন্তু বিবাহ হয় নাই। এবারে স্থির করিয়াছি আগে বিবাহ দিব, আত্মীয়স্বজনদের সঙ্গে মিষ্টালাপ পরে সময়মত করা যাইবে।”

রসিক যখন দিনে রাতে তাহার গ্রামে ফিরিবার কথা চিন্তা করিতেছে— এবং হঠাৎ অভাবনীয়রূপে অতি সস্তুর টাকা জমাইবার কী উপায় হইতে পারে তাহা ভাবিয়া কোনো কুলকিনারা পাইতেছে না, এমন সময় আহার ঔষধ দুইই তাহার মুখের কাছে আসিয়া উপস্থিত হইল। হাঁ করিতে সে আর এক মুহূর্ত বিলম্ব করিতে চাহিল না।

জানকীবাবু জিজ্ঞাসা করিলেন, “তোমার দাদাকে খবর দিতে চাও?” রসিক কহিল, “না, তাহার কোনো দরকার নাই।” সমস্ত কাজ নিঃশেষে সারিয়া তাহার পরে সে দাদাকে চমৎকৃত করিয়া দিবে, অকর্মণ্য রসিকের যে সামর্থ্য কিরকম তাহার প্রত্যক্ষ প্রমাণে কোনো ক্রটি থাকিবে না।

শুভলগ্নে বিবাহ হইয়া গেল। অন্যান্য সকলপ্রকার দানসমগ্রীর আগে রসিক একটা বাইসিকল দাবি করিল।

৭

তখন মাঘের শেষ। সরষে এবং তিসির ফুলে খেত ভরিয়া আছে। আখের গুড় স্বাল দেওয়া আরম্ভ হইয়াছে, তাহারই গঞ্জে বাতাস যেন ঘন হইয়া উঠিয়াছে। ঘরে ঘরে গোলা-ভরা ধান এবং কলাই; গোয়ালের প্রান্তগে খড়ের গাদা স্তূপাকার হইয়া রহিয়াছে। ওপারে নদীর চরে বাধানে রাখালেরা গোকমহিষের দল লইয়া কুটির বাধিয়া বাস করিতেছে। খেয়াঘাটের কাজ প্রায় বন্ধ হইয়া গিয়াছে— নদীর জল কমিয়া গিয়া লোকেরা কাপড় গুটাইয়া হাঁটিয়া পার হইতে আরম্ভ করিয়াছে।

রসিক কলার-পরানো শাটের উপর মালকোচা মারিয়া ঢাকাই ধুতি পরিয়াছে; শাটের উপরে বোতাম-খোলা কালো কনাতের কোট, পায়ে রঙিন ফুলমোজা ও চক্চকে কালো চামড়ার শৌখিন বিল্যতি জুতা। ডিক্টিং বোর্ডের পাকা রাস্তা বাহিয়া দ্রুতবেগে সে বাইসিকল চালাইয়া আসিল; গ্রামের কাঁচা রাস্তায় আসিয়া তাহাকে বেগ কমাইতে হইল। গ্রামের লোকে হঠাৎ তাহার বেশভূষা দেখিয়া তাহাকে চিনিতাই পারিল না। সেও কাহাকেও কোনো সজ্ঞাষণ করিল না; তাহার ইচ্ছা অন্য লোকে তাহাকে চিনিবার আগেই সর্বাগ্রে সে তাহার দাদার সঙ্গে দেখা করিবে। বাড়ির কাছাকাছি যখন সে আসিয়াছে তখন ছেলের চোখ সে এড়াইতে পারিল না। তাহারা এক মুহূর্তেই তাহাকে চিনিতে পারিল। সৌরভীদের বাড়ি কাছেই ছিল— ছেলেরা সেই দিকে ছুটিয়া চেষ্টাইতে লাগিল, “সৈরিদিদির বর এসেছে, সৈরিদিদির বর।” গোপাল বাড়িতেই ছিল, সে ছুটিয়া বাহির হইয়া আসিবার পূর্বেই বাইসিকল রসিকদের বাড়ির সামনে আসিয়া থামিল।

তখন সন্ধ্যা হইয়া আসিয়াছে, ঘর অন্ধকার, বাহিরে তালা লাগানো। জনহীন পরিত্যক্ত বাড়ির যেন নীরব একটা কান্না উঠিতেছে— কেহ নাই, কেহ নাই। এক নিমেষেই রসিকের বুকের ভিতরটা কেমন করিয়া উঠিয়া চোখের সামনে সমস্ত অস্পষ্ট হইয়া উঠিল। তাহার পা কাঁপিতে লাগিল; বন্ধ দরজা ধরিয়া সে দাঁড়াইয়া রহিল, তাহার গলা শুকাইয়া গেল, কাহাকেও ডাক দিতে সাহস হইল না। দূরে

মন্দিরে সন্ধ্যারতির যে কাঁসরঘণ্টা বাজিতেছিল, তাহা যেন কোন্ একটি গভীরজীবনের পরপ্রান্ত হইতে সুগভীর একটা বিদায়ের বার্তা বহিয়া তাহার কানের কাছে আসিয়া পৌঁছিতে লাগিল। সামনে যাহা-কিছু দেখিতেছে, এই মাটির প্রাচীর, এই চালাঘর, এই রুদ্ধ কপাট, এই জিগরগাছের বেড়া, এই হেলিয়া-পড়া খেজুরগাছ— সমস্তই যেন একটা হারানো সংসারের ছবিমাত্র, কিছুই যেন সত্য নহে।

গোপাল আসিয়া কাছে দাঁড়াইল। রসিক পাংশুমুখে গোপালের মুখের দিকে চাহিল, গোপাল কিছু না বলিয়া চোখ নিচু করিল। রসিক বলিয়া উঠিল, “বুকেছি, বুকেছি— দাদা নাই!” অমনি সেইখানেই দরজার কাছে সে বসিয়া পড়িল। গোপাল তাহার পাশে বসিয়া কহিল, “ভাই রসিকদাদা, চলো আমাদের বাড়ি চলো।” রসিক তাহার দুই হাত ছাড়াইয়া দিয়া সেই দরজার সামনে উপুড় হইয়া মাটিতে লুটাইয়া পড়িল। দাদা! দাদা! দাদা! যে দাদা তাহার পায়ের শব্দটি পাইলে আপনিই ছুটিয়া আসিত কোথাও তাহার কোনো সাড়া পাওয়া গেল না।

গোপালের বাপ আসিয়া অনেক বলিয়া কহিয়া রসিককে বাড়িতে লইয়া আসিল। রসিক সেখানে প্রবেশ করিয়াই মুহূর্তকালের জন্য দেখিতে পাইল, সৌরভী সেই তাহার চিত্রিত কাথায় মোড়া কী একটা জিনিস অতি যত্নে রোয়াকের দেয়ালে ঠেসান দিয়া রাখিতেছে। প্রাক্‌গে লোকসমাগমের শব্দ পাইবামাত্রই সে ছুটিয়া ঘরের মধ্যে অস্তিত্ব হইল। রসিক কাছে আসিয়াই বুঝিতে পারিল, এই কাথায় মোড়া পদার্থটি একটি নূতন বাইসিকল। তৎক্ষণাৎ তাহার অর্থ বুঝিতে আর বিলম্ব হইল না। একটা বুকফাটা কাল্লা বন্ধ ঠেলিয়া তাহার কঠোর কাছে পাকাইয়া পাকাইয়া উঠিতে লাগিল এবং চোখের জলের সমস্ত রাস্তা যেন ঠাসিয়া বন্ধ করিয়া ধরিল।

রসিক চলিয়া গেলে বংশী দিনরাত্রি অবিশ্রাম খাটিয়া সৌরভীর পণ এবং এই বাইসিকল কিনিবার টাকা সঞ্চয় করিয়াছিল। তাহার এক মুহূর্ত আর-কোনো চিন্তা ছিল না। ক্লাস্ত ঘোড়া যেমন প্রাণপণে ছুটিয়া গম্যস্থানে পৌঁছিয়াই পড়িয়া মরিয়া যায়, তেমনি যেদিন পণের টাকা পূর্ণ করিয়া বংশী বাইসিকলটি ভি. পি. ডাকে পাইল সেইদিনই আর তাহার হাত চলিল না, তাহার তাঁত বন্ধ হইয়া গেল; গোপালের পিতাকে ডাকিয়া তাহার হাতে ধরিয়া সে বলিল, “আর-একটি বছর রসিকের জন্য অপেক্ষা করিয়ো— এই তোমার হাতে পণের টাকা দিয়া গেলাম, আর যেদিন রসিক আসিবে তাহাকে এই চাকার গাড়িটি দিয়া বলিয়ো— দাদার কাছে চাহিয়াছিল, তখন হতভাগ্য দাদা দিতে পারে নাই, কিন্তু তাই বলিয়া মনে যেন সে রাগ না রাখে।”

দাদার টাকার উপহার গ্রহণ করিবে না একদিন এই শপথ করিয়া রসিক চলিয়া গিয়াছিল— বিধাতা তাহার সেই কঠোর শপথ শুনিয়াছিলেন। আজ যখন রসিক ফিরিয়া আসিল তখন দেখিল দাদার উপহার তাহার জন্য এতদিন পথ চাহিয়া বসিয়া আছে— কিন্তু তাহা গ্রহণ করিবার দ্বার একেবারে রুদ্ধ। তাহার দাদা যে তাঁতেই আপনার জীবনটি বুনিয়া আপনার ভাইকে দান করিয়াছে, রসিকের ভারি ইচ্ছা করিল সব ছাড়িয়া সেই তাঁতের কাছেই আপনার জীবন উৎসর্গ করে, কিন্তু হয়, কলিকাতা শহরে টাকার হাড়কাঠে চিরকালের মতো সে আপনার জীবন বলি দিয়া আসিয়াছে।

প্রবন্ধ

ছন্দ

বিজ্ঞপ্তি

বাংলা ছন্দ সম্বন্ধে যতকিছু আলোচনা করেছি এই গ্রন্থে প্রকাশ করা হল। শ্রীযুক্ত প্রবোধচন্দ্র সেন ও শ্রীযুক্ত অমূল্যধন মুখোপাধ্যায়ের সঙ্গে এই বিষয় নিয়ে আমার কিছু বাদপ্রতিবাদ হয়েছে, তাঁদের তর্কের উত্তর এই গ্রন্থের অন্তর্গত করেছি। এই উপলক্ষে বলা আবশ্যিক, তাঁদের সঙ্গে আমার কিছু কিছু মতভেদ সত্ত্বেও ছন্দের বিচারে তাঁদের প্রবীণতা আমি শ্রদ্ধার সঙ্গেই স্বীকার করে থাকি। ইতি ২০ আষাঢ় ১৩৪৩

শান্তিনিকেতন

রবীন্দ্রনাথ ঠাকুর

উৎসর্গ

কল্যাণীয়

শ্রীমান দিলীপকুমার রায়কে

ছন্দ

ছন্দের অর্থ

শুধু কথা যখন খাড়া দাঁড়িয়ে থাকে তখন কেবলমাত্র অর্থকে প্রকাশ করে। কিন্তু সেই কথাকে যখন তির্যক ভঙ্গি ও বিশেষ গতি দেওয়া যায় তখন সে আপন অর্থের চেয়ে আরও কিছু বেশি প্রকাশ করে। সে বেশিটুকু যে কী তা বলাই শক্ত। কেননা তা কথার অতীত, সূতরাং অনির্বচনীয়। যা আমরা দেখছি শুনিছি জানছি তার সঙ্গে যখন অনির্বচনীয়ের যোগ হয় তখন তাকেই আমরা বলি রস। অর্থাৎ সে জিনিসটাকে অনুভব করা যায়, ব্যাখ্যা করা যায় না। সকলে জানেন, এই রসই হচ্ছে কাব্যের বিষয়।

এইখানে একটা কথা মনে রাখা দরকার, অনির্বচনীয় শব্দটার মানে অভাবনীয় নয়। তা যদি হত তা হলে ওটা কাব্যে অকাব্যে কুকাব্যে কোথাও কোনো কাজে লাগত না। বস্তু-পদার্থের সংজ্ঞা নির্ণয় করা যায় কিন্তু রস-পদার্থের করা যায় না। অথচ রস আমাদের একান্ত অনুভূতির বিষয়। গোলাপকে আমরা বস্তুরূপে জানি, আর গোলাপকে আমরা রসরূপে পাই। এর মধ্যে বস্তু-জানাকে আমরা সাদা কথায় তার আকার অল্পতন ভার কোমলতা প্রভৃতি বহুবিধ পরিচয়ের দ্বারা ব্যাখ্যা করতে পারি, কিন্তু রস-পাওয়া এমন একটা অখণ্ড ব্যাপার যে তাকে তেমন করে সাদা কথায় বর্ণনা করা যায় না; কিন্তু তাই বলেই সেটা অলৌকিক অদ্ভুত অসামান্য কিছুই নয়। বরঞ্চ রসের অনুভূতি বস্তুজ্ঞানের চেয়ে আরো নিকটতর প্রবলতর গভীরতর। এইজন্য গোলাপের আনন্দকে আমরা যখন অন্যের মনে সঞ্চার করতে চাই তখন একটা সাধারণ অভিজ্ঞতার রাস্তা দিয়েই করে থাকি। তফাত এই বস্তু-অভিজ্ঞতার ভাষা সাদা কথার বিশেষণ, কিন্তু রস-অভিজ্ঞতার ভাষা আকার ইঙ্গিত সুর এবং রূপক। পুরুষমানুষের যে পরিচয়ে তিনি আপিসের বড়োবাবু সেটা আপিসের খাতাপত্র দেখলেই জানা যায়, কিন্তু মেয়ের যে পরিচয়ে তিনি গৃহলক্ষ্মী সেটা প্রকাশের জন্যে তাঁর সিঁথেয় সিঁদুর, তাঁর হাতে কঙ্কণ। অর্থাৎ এটার মধ্যে রূপক চাই, অলংকার চাই, কেননা কেবলমাত্র তথ্যের চেয়ে এ যে বেশি; এর পরিচয় শুধু জানে নয়, ছন্দয়ে। ঐ যে গৃহলক্ষ্মীকে লক্ষ্মী বলা গেল এইটেই তো হল একটা কথার ইশারামাত্র; অথচ আপিসের বড়োবাবুকে তো আমাদের কেরানি-নারায়ণ বলবার ইচ্ছাও হয় না, যদিও ধর্মতত্ত্বে বলে থাকে সকল নরের মধ্যেই নারায়ণের আবির্ভাব আছে। তা হলেই বোঝা যাচ্ছে, আপিসের বড়োবাবুর মধ্যে অনির্বচনীয়তা নেই। কিন্তু যেখানে তাঁর গৃহিণী সাধ্বী সেখানে তাঁর মধ্যে আছে। তাই বলে এমন কথা বলা যায় না যে, ঐ বাবুটিকেই আমরা সম্পূর্ণ বুঝি আর মা-লক্ষ্মীকে বুঝি নে, বরঞ্চ উলটো। কেবল কথা এই যে, বোঝবার বেলায় মা-লক্ষ্মী যত সহজ বোঝাবার বেলায় তত নয়।

'কেবা শুনাইল, শ্যামনাম'। ব্যাপারটা ঘটনা হিসাবে সহজ। কোনো এক ব্যক্তি দ্বিতীয় ব্যক্তির কাছে তৃতীয় ব্যক্তির নাম উচ্চারণ করেছে। এমন কাণ্ড দিনের মধ্যে পঞ্চাশবার ঘটে। এইটুকু বলবার জন্যে কথাকে বেশি নাড়া দেবার দরকার হয় না। কিন্তু নাম কানের ভিতর দিয়ে যখন মরমে গিয়ে পশে, অর্থাৎ এমন জায়গায় কাজ করতে থাকে যে জায়গা দেখা-শোনার অতীত, এবং এমন কাজ করতে থাকে যাকে খাপা যায় না, ওজন করা যায় না, চোখের সামনে দাঁড় করিয়ে যার সাক্ষ্য নেওয়া যায় না, তখন কথাগুলোকে নাড়া দিয়ে তাদের পুরো অর্থের চেয়ে তাদের কাছ থেকে আরো অনেক

বেশি আদায় করে নিতে হয়। অর্থাৎ, আবেগকে প্রকাশ করতে গেলে কথার মধ্যে সেই আবেগের ধর্ম সঞ্চার করতে হয়। আবেগের ধর্ম হচ্ছে বেগ। কথা যখন সেই বেগ গ্রহণ করে তখনই আমাদের হৃদয়ভাবের সঙ্গে তার মিল ঘটে।

এই বেগের কত বৈচিত্র্যই যে আছে তার ঠিকানা নেই। এই বেগের বৈচিত্র্যই তো আলোকের রঙ বদল হচ্ছে, শব্দের সুর বদল হচ্ছে, এবং লীলাময়ী সৃষ্টি রূপ থেকে রূপান্তর গ্রহণ করছে। এমন-কি, সৃষ্টির বাহিরের পর্দা সরিয়ে ভিতরের রহস্যনিকেতনে যতই প্রবেশ করা যায় ততই বস্তুত্ব ঘুচে গিয়ে কেবল বেগই প্রকাশ পেতে থাকে। শেষকালে এই কথাই মনে হয়, প্রকাশবৈচিত্র্যের মূলে বৃষ্টি এই বেগবৈচিত্র্য। যদিদং সর্বং প্রাণ এজ্জতি নিঃসৃতম্।

মানুষের সত্তার মধ্যে এই অনুভূতিলোকই হচ্ছে সেই রহস্যলোক যেখানে বাহিরের রূপজগতের সমস্ত বেগ অন্তরে আবেগ হয়ে উঠছে, এবং সেই অন্তরের আবেগ আবার বাহিরে রূপ গ্রহণ করবার জন্যে উৎসুক হচ্ছে। এইজন্যে বাক্য যখন আমাদের অনুভূতিলোকের বাহনের কাজে ভর্তি হয় তখন তার গতি না হলে চলে না। সে তার অর্থের দ্বারা বাহিরের ঘটনাকে ব্যক্ত করে, গতির দ্বারা অন্তরের গতিকে প্রকাশ করে।

শ্যামের নাম রাখা শুনেছে। ঘটনাটা শেষ হয়ে গেছে। কিন্তু যে-একটা অদৃশ্য বেগ জন্মালো তার আর শেষ নেই। আসল ব্যাপারটাই হল তাই। সেইজন্যে কবি ছন্দের ঝংকারের মধ্যে এই কথাটাকে দুলিয়ে দিলেন। যতক্ষণ ছন্দ থাকবে ততক্ষণ এই দোলা আর থামবে না। 'সই, কেবা শুনাইল শ্যামনাম'। কেবলই ঢেউ উঠতে লাগল। ঐ কটি কথা ছাপার অক্ষরে যদিও ভালোমানুষের মতো দাঁড়িয়ে থাকার ভান করে, কিন্তু ওদের অন্তরের স্পন্দন আর কোনোদিনই শান্ত হবে না। ওরা অস্থির হয়েছে, এবং অস্থির করাই ওদের কাজ।

আমাদের পুরাণে ছন্দের উৎপত্তির কথা যা বলেছে তা সবাই জানেন। দুটি পাখির মধ্যে একটিকে যখন ব্যাধ মারলে তখন বাঙ্গীকি মনে যে ব্যাধ পেলেন সেই ব্যাধকে শ্লোক দিয়ে না জানিয়ে তাঁর উপায় ছিল না। যে পাখিটা মারা গেল এবং আর যে একটি পাখি তার জন্যে কাঁদল তারা কোনকালে লুপ্ত হয়ে গেছে। কিন্তু এই নিদারুণতার ব্যাধটিকে তো কেবল কালের মাপকাঠি দিয়ে মাপা যায় না। সে-যে অনন্তের বৃকে বেজে রইল। সেইজন্যে কবির শাপ ছন্দের বাহনকে নিয়ে কাল থেকে কালান্তরে ছুটতে চাইলে। হয় রে, আজও সেই ব্যাধ নানা অস্ত্র হাতে নানা বীভৎসতার মধ্যে নানা দেশে নানা আকারে ঘুরে বেড়াচ্ছে। কিন্তু সেই আদিকবির শাপ শাস্তকালের কণ্ঠে ধ্বনিত হয়ে রইল। এই শাস্তকালের কথাতে প্রকাশ করবার জন্যেই তো ছন্দ।

আমরা ভাষায় বলে থাকি, কথাকে ছন্দে বাঁধা। কিন্তু এ কেবল বাহিরে বাঁধন, অন্তরে মুক্তি। কথাকে তার জড়ধর্ম থেকে মুক্তি দেবার জন্যেই ছন্দ। সেতারের তার বাঁধা থাকে বটে কিন্তু তার থেকে সুর পায় ছাড়া। ছন্দ হচ্ছে সেই তার-বাঁধা সেতার, কথার অন্তরের সুরকে সে ছাড়া দিতে থাকে। ধনুকের সে ছিল, কথাকে সে তীরের মতো লক্ষ্যের মর্মের মধ্যে প্রক্ষেপ করে।

গোড়াতেই ছন্দ সম্বন্ধে এতখানি ওকালতি করা হয়তো বাহুল্য বলে অনেকের মনে হতে পারে। কিন্তু আমি জানি, এমন লোক আছেন যারা ছন্দকে সাহিত্যের একটা কৃত্রিম প্রথা বলে মনে করেন। তাই আমাকে এই গোড়ার কথাটা বৃষ্টিয়ে বলতে হল যে পৃথিবী ঠিক চব্বিশ ঘণ্টার ঘূর্ণিলয়ে তিনশো পঁয়ষট্টি মাত্রার ছন্দে সূর্যকে প্রদক্ষিণ করে, সেও যেমন কৃত্রিম নয়, ভাবাবেগ তেমনি ছন্দকে আশ্রয় করে আপন গতিকে প্রকাশ করবার যে চেষ্টা করে সেও তেমনি কৃত্রিম নয়।

এইখানে কাব্যের সঙ্গে গানের তুলনা করে আলোচ্য বিষয়টাকে পরিষ্কার করবার চেষ্টা করা যাক।

সুর পদার্থটাই একটা বেগ। সে আপনার মধ্যে আপনি স্পন্দিত হচ্ছে। কথা যেমন অর্থের মোস্তারি করবার জন্যে, সুর তেমন নয়, সে আপনাকে আপনিই প্রকাশ করে। বিশেষ সুরের সঙ্গে বিশেষ সুরের সংযোগে ধ্বনিবেগের একটা সমবায় উৎপন্ন হয়। তাল সেই সমবেত বেগটাকে গতিদান করে। ধ্বনির এই গতিবেগে আমাদের হৃদয়ের মধ্যে যে গতি, সঞ্চার করে সে একটা বিস্তৃত আবেগ

মাত্র, তার যেন কোনো অবলম্বন নেই। সাধারণত সংসারে আমরা কতকগুলি বিশেষ ঘটনা আশ্রয় করে সুখে দুঃখে বিচলিত হই। সেই ঘটনা সত্যও হতে পারে, কাল্পনিকও হতে পারে অর্থাৎ আমাদের কাছে সত্যের মতো প্রতিভাত হতে পারে। তারই আঘাতে আমাদের চেতনা নানারকমে নাড়া পায়, সেই নাড়ার প্রকারভেদে আমাদের আবেগের প্রকৃতিভেদ ঘটে। কিন্তু গানের সুরে আমাদের চেতনাকে যে নাড়া দেয় সে কোনো ঘটনার উপলক্ষ দিয়ে নয়, সে এংকেবারে অব্যবহিত ভাবে। সুতরাং তাতে যে আবেগ উৎপন্ন হয় সে অহেতুক আবেগ। তাতে আমাদের চিন্তা নিজের স্পন্দনবেগেই নিজেকে জানে, বাইরের সঙ্গে কোনো ব্যবহারের যোগে নয়।

সংসারে আমাদের জীবনে যে-সব ঘটনা ঘটে তার সঙ্গে নানা দায় জড়ানো আছে। জৈবিক দায়, বৈষয়িক দায়, সামাজিক দায়, নৈতিক দায়। তার জন্যে নানা চিন্তায় নানা কাজে আমাদের চিন্তাকে বাইরে বিক্ষিপ্ত করতে হয়। শিল্পকলায়, কাব্যে এবং রসসাহিত্যমাত্রেরই আমাদের চিন্তাকে সেই-সমস্ত দায় থেকে মুক্তি দেয়। তখন আমাদের চিন্তা সুখদুঃখের মধ্যে আপনারই বিশুদ্ধ প্রকাশ দেখতে পায়। সেই প্রকাশই আনন্দ। এই প্রকাশকে আমরা চিরন্তন বলি এইজন্যে যে, বাইরের ঘটনাগুলি সংসারের জাল বুনতে বুনতে, নানা প্রয়োজন সাধন করতে করতে সরে যায়, চলে যায়— তাদের নিজের মধ্যে নিজের কোনো চরম মূল্য নেই। কিন্তু আমাদের চিন্তার যে আশ্রয়প্রকাশ তার আপনাতেই আপনার চরম, তার মূল্য তার আপনার মধ্যেই পর্যাপ্ত। তমসাভীরে ক্রৌঞ্চবিরহিণীর দুঃখ কোনোখানেই নেই, কিন্তু আমাদের চিন্তার আশ্রয়ভূতির মধ্যে সেই বেদনার তার বাধা হয়েই আছে। সে ঘটনা এখন ঘটছে না, বা সে ঘটনা কোনোকালেই ঘটে নি, এ কথা তার কাছে প্রমাণ করে কোনো লাভ নেই।

যা হোক, দেখা যাচ্ছে গানের স্পন্দন আমাদের চিন্তার মধ্যে যে আবেগ জন্মিয়ে দেয় সে কোনো সাংসারিক ঘটনামূলক আবেগ নয়। তাই মনে হয়, সৃষ্টির গভীরতার মধ্যে যে একটি বিশ্বব্যাপী প্রাণকম্পন চলেছে, গান শুনে সেইটেরই বেদনাবেগ যেন আমরা চিন্তার মধ্যে অনুভব করি। ভৈরবী যেন সমস্ত সৃষ্টির অন্তরতম বিরহব্যাকুলতা, দেশমন্ত্রার যেন অশ্রুগঙ্গোত্রীর কোন্ আদিনির্ব্বারের কলকল্লোল। এতে করে আমাদের চেতনা দেশকালের সীমা পার হয়ে নিজের চঞ্চল প্রাণধারাকে বিরাতের মধ্যে উপলব্ধি করে।

কাব্যেও আমরা আমাদের চিন্তার এই আশ্রয়ভূতিকে বিশুদ্ধ এবং মুক্তভাবে অথচ বিচিত্র আকারে পেতে চাই। কিন্তু কাব্যের প্রধান উপকরণ হল কথা। সে তো সুরের মতো স্বপ্রকাশ নয়। কথা অর্থকে জানাচ্ছে। অতএব কাব্যে এই অর্থকে নিয়ে কারবার করতেই হবে। তাই গোড়ায় দরকার, এই অর্থটা যেন রসমূলক হয়। অর্থাৎ, সেটা এমন কিছু হয় যা স্বতই আমাদের মনে স্পন্দন সঞ্চার করে, যাকে আমরা বলি আবেগ।

কিন্তু যেহেতু কথা জিনিসটা স্বপ্রকাশ নয়, এইজন্যে সুরের মতো কথার সঙ্গে আমাদের চিন্তার সাধর্ম্য নেই। আমাদের চিন্তা বেগবান, কিন্তু কথা স্থির। এ প্রবন্ধের আরম্ভেই আমরা এই বিষয়টার আলোচনা করেছি। বলেছি, কথাকে বেগ দিয়ে আমাদের চিন্তার সামগ্রী করে তোলাবার জন্যে ছন্দের দরকার। এই ছন্দের বাহনযোগে কথা কেবল যে দ্রুত আমাদের চিন্তে প্রবেশ করে তা নয়, তার স্পন্দনে নিজের স্পন্দন যোগ করে দেয়।

এই স্পন্দনের যোগে শব্দের অর্থ যে কী অপরূপতা লাভ করে তা আগে থাকতে হিসাব করে বলা যায় না। সেইজন্যে কাব্যরচনা একটা বিন্ময়ের ব্যাপার। তার বিষয়টা কবির মনে বাধা, কিন্তু কাব্যের লক্ষ্য হচ্ছে বিষয়কে অতিক্রম করা; সেই বিষয়ের চেয়ে বেশিটুকুই হচ্ছে অনির্ব্বচনীয়। ছন্দের গতি কথার মধ্য থেকে সেই অনির্ব্বচনীয়কে জাগিয়ে তোলে।

রজনী শাওনঘন,

ঘন দেয়া-গরজন,

রিমিঝিমি শব্দে বরিষে।

পালকে শয়ান রঙ্গে,

বিগলিত চীর অঙ্গে,

নিদ্দ যাই মনের হরিষে।

বাদলার রাতে একটি মেয়ে বিহানার গুয়ে ঘুমোচ্ছে, বিষয়টা এইমাত্র কিন্তু ছন্দ এই বিষয়টিকে আমাদের মনে কাঁপিয়ে তুলতেই এই মেয়ের ঘুমোনো ব্যাপারটি কেন নিত্যকালকে আশ্রয় করে একটি পরম ব্যাপার হয়ে উঠল— এমন-কি, জার্মান কাইজার আজ যে চার বছর ধরে এমন দুর্দান্ত প্রতাপে লড়াই করছে সেও এর তুলনার তুচ্ছ এবং অনিত্য। ঐ লড়াইয়ের তথ্যটাকে একদিন বহুকষ্টে ইতিহাসের বই থেকে মুখস্থ করে ছেলোদের একজামিন পাস করতে হবে; কিন্তু 'পালকে শয়ান রঙ্গে, বিগলিত চীর অঙ্গে, নিন্দ বাই মনের হরিষে', এ পড়া-মুখস্থ করার জিনিস নয়। এ আমরা আপনার প্রাণের মধ্যে দেখতে পাব, এবং যা দেখব সেটা একটি মেয়ের বিহানার গুয়ে ঘুমোনোর চেয়ে অনেক বেশি। এই কথাটাকেই আর-এক ছন্দে লিখলে বিষয়টা ঠিকই থাকবে, কিন্তু বিষয়ের চেয়ে বেশি যেটা তার অনেকখানি বদল হবে।

শ্রাবণমেঘে তিমিরঘন শব্দী,
 বরিষে জল কাননতল মমরি ॥
 জলদরব-সংকারিত ঝঞ্জাতে
 বিজন ঘরে ছিলাম সুখ-তন্ত্রাতে,
 অলস মম শিথিল তনু-বল্লরী।
 মুখর শিখী শিখরে ফিরে সঞ্চরি ॥

এই ছন্দে হয়তো বাইরের ঝড়ের দোলা কিছু আছে কিন্তু মেয়েটির ভিতরের গভীর কথা ফুটল না। এ আর-এক জিনিস হল।

ছন্দ কবিতার বিষয়টির চার দিকে আবর্তন করছে। পাতা যেমন গাছের ডাঁটার চার দিকে ঘুরে ঘুরে তাল রেখে ওঠে এও সেইরকম। গাছের বস্তু-পদার্থ তার ডালের মধ্যে, ঠড়ির মধ্যে, মজাগত হয়ে রয়েছে; কিন্তু তার লাবণ্য তার চাকল্য, বাতাসের সঙ্গে তার আলাপ, আকাশের সঙ্গে তার চাউনির বদল, এ-সমস্ত প্রধানত তার পাতার ছন্দে।

পৃথিবীর আঙ্গিক এবং বার্ষিক গতির মতো কাব্যে ছন্দের আবর্তনের দুটি অঙ্গ আছে, একটি বড়ো গতি, আর-একটি ছোটো গতি। অর্থাৎ চাল এবং চলন। প্রদক্ষিণ এবং পদক্ষেপ। দৃষ্টান্ত দেখাই।

শারদ চন্দ্র পবন মন্দ, বিপিন ভরল কুসুমগন্ধ।

এরই প্রত্যেকটি হল চলন। এমন আটটি চলনে এই ছন্দের চাল সারা হচ্ছে। অর্থাৎ, ছয়ের মাত্রায় এ পা ফেলছে এবং আটের মাত্রায় ঘুরে আসছে। 'শারদ চন্দ্র' এই কথাটি ছয় মাত্রার, 'শারদ' তিন এবং 'চন্দ্র'ও তিন। বলা বাহুল্য, যুক্ত অঙ্করে দুই অঙ্করের মাত্রা আছে, এই কারণে 'শারদ চন্দ্র' এবং 'বিপিন ভরল' ওজনে একই।

১	২	৩	৪
শারদ চন্দ্র	পবন মন্দ,	বিপিন ভরল	কুসুমগন্ধ
৫	৬	৭	৮
ফুল মরি	মালতি বৃধি	মস্তমধুপ-	ভোরনী।

প্রদক্ষিণের মাত্রার চেয়ে পদক্ষেপের মাত্রার 'পরেই' ছন্দের বিশেষত্ব বেশি নির্ভর করছে। কেননা এই আট পদক্ষেপের আবর্তন সকল ছন্দেই চলে। বস্তুত এইটেই হচ্ছে অধিকাংশ ছন্দের চলিত কায়দা। যথা—

১	২	৩	৪
মহাতার-	তের কথা	অমৃত স	মান,
৫	৬	৭	৮
কাশীরাম	দাস কহে	ওনে পূণ্য	বান।

এও আট পদক্ষেপ।

এই জ্ঞাত নির্ণয় করতে হলে চালের দিকে ততটা নয় কিন্তু চলনের দিকেই দৃষ্টি দিতে হবে। দিলে দেখা যাবে, ছন্দকে মোটের উপর তিন জ্ঞাতে ভাগ করা যায়। সমচলনের ছন্দ, অসমচলনের ছন্দ এবং বিষমচলনের ছন্দ। দুই মাত্রার চলনকে বলি সমমাত্রার চলন, তিন মাত্রার চলনকে বলি অসমমাত্রার চলন এবং দুই-তিনের মিলিত মাত্রার চলনকে বলি বিষমমাত্রার ছন্দ।

ফিরে ফিরে আঁধি- নীরে পিছু পানে চায়।
পায়ে পায়ে বাধা পড়ে চলা হল দায়।

এ হল দুই মাত্রার চলন। দুইয়ের গুণফল চার বা আটকেও আমরা এক জাতিরই গণ্য করি।

নয়ন- ধারায় পথ সে হারায়, চায় সে পিছন পানে,
চলিতে চলিতে চরণ চলে না, ব্যথার বিষম টানে।

এ হল তিন মাত্রার চলন। আর—

যতই চলে চোখের জলে নয়ন ভরে ওঠে,
চরণ বাধে, পরান কাঁদে, পিছনে মন ছোটে।

এ হল দুই-তিনের যোগে বিষমমাত্রার ছন্দ।

তা হলেই দেখতে পাওয়া যাচ্ছে, চলনের ভেদেই ছন্দের প্রকৃতি-ভেদ।

বৈষ্ণবপদাবলীতে বাংলা সাহিত্যে ছন্দের প্রথম ঢেউ ওঠে। কিন্তু দেখা যায়, তার লীলাবৈচিত্র্য সংস্কৃত ছন্দের দীর্ঘস্থায়ী মাত্রা অবলম্বন করেই প্রধানত প্রকাশ পেয়েছে। প্রাকৃত বাংলায় যত কবিতা আছে তার ছন্দসংখ্যা বেশি নয়। সমমাত্রার ছন্দের দৃষ্টান্ত—

কেন তোরে আনমন দেখি।
কাহে নখে কিত্তিতল লেখি।

এ ছাড়া পয়ার এবং ত্রিপদী আছে, সেও সমমাত্রার ছন্দ। অসমমাত্রার অর্থাৎ তিনের ছন্দ চার রকমের পাওয়া যায়

মলিন বদন ভেল,
ধীরে ধীরে চলি গেল।
আওল রাইর পাশ।
কি কহিব জ্ঞান- দাস ॥ ১ ॥

জাগিয়া জাগিয়া হইল বীন
অসিত চাঁদের উদয়দিন ॥ ২ ॥

সদাই ধেয়ানে চাহে মেঘপানে
না চলে নয়ন- তারা।
বিরতি আহারে রাঙা বাস পরে
যেমত যোগিনী- পারা ॥ ৩ ॥

বেলি অবসান- কালে
কবে গিয়াছিল জলে।
তাহারে দেখিয়া ইবত হাসিয়া
ধরিলি সখীর গলে ॥ ৪ ॥

বিষমমাত্রার দৃষ্টান্ত কেবল একটা চোখে পড়েছে, সেও কেবল গানের আরম্ভে— শেষ পর্যন্ত টেকে নি।

চিকনকালী, গলার মালা,
বাজন নূপুর পায় ।
চূড়ার ফুলে ভ্রমর বুলে,
ভেরছ নরানে চায় ॥

বাংলায় সমমাত্রার ছন্দের মধ্যে পয়ার এবং ত্রিপদীই সব চেয়ে প্রচলিত । এই দুটি ছন্দের বিশেষত্ব হচ্ছে এই যে, এদের চলন খুব লম্বা । এদের প্রত্যেক পদক্ষেপে আট মাত্রা । এই আট মাত্রার মোট ওজন রেখে পাঠক এর মাত্রাগুলিকে অনেকটা ইচ্ছামত চালাচালি করতে পারেন ।

পাষণ মিলায়ে যায় গায়ের বাতাসে ।

এর মধ্যে যে কতটা ফাঁক আছে তা যুক্তাক্ষর বসালেই টের পাওয়া যায় ।

পাষণ মুছিয়া যায় গায়ের বাতাসে ।

ভারী হল না ।

পাষণ মুছিয়া যায় অঙ্গের বাতাসে ।

এতেও বিশেষ ভিড় বাড়ল না ।

পাষণ মুছিয়া যায় অঙ্গের উজ্বাসে ।

এও বেশ সহ্য হয় ।

সংগীত তরঙ্গি উঠে অঙ্গের উজ্বাসে ।

এতেও অত্যন্ত ঠেসাঠেসি হল না ।

সংগীততরঙ্গরঙ্গ অঙ্গের উজ্বাস ।

অনুপ্রাসের ভিড় হল বটে কিন্তু এখনো অক্ষুণ্ণত্যা হবার মতো হয় নি । কিন্তু এর বেশি আর সাহস হয় না । তবু যদি আরো প্যাসেঞ্জার নেওয়া যায় তা হলে যে একেবারে পয়ারের নৌকাডুবি হবে তা নয়, তবে কিনা হাঁপ ধরবে । যথা—

দূর্দান্তপাণ্ডিত্যপূর্ণ দুঃসাধ্য সিদ্ধান্ত ।

কিন্তু দুই মাত্রার ছন্দ মাত্রেরই যে এইরকম অসাধারণ শোষণশক্তি তা বলতে পারি নে । যেখানে পদক্ষেপ ঘন ঘন সেখানে ঠিক উলটো । যথা—

২	২	২	২	২	২	২
ধরণীর		আখিনীর		মোচনের		ছলে
২	২	২	২	২	২	২
দেবতার		অবতার		বসুধার		তলে ।

এও পয়ার কিন্তু যেহেতু এর পদক্ষেপ আটে নয়, দুইয়ে, সেইজন্যে এর উপরে বোঝা সয় না । যে দ্রুত চলে তাকে হালকা হতে হয় । যদি লেখা যায়—

ধরিত্রীর চক্ষুণীর মুখনের ছলে

কংসারির শঙ্খরব সংসারের তলে ।

তা হলে ও একটা স্বতন্ত্র ছন্দ হয়ে যায় । সংস্কৃতেও দেখো, সমমাত্রার ছন্দ যেখানে দুয়ের লয়ে চলে সেখানে দৌড় বেশি । যেমন—

২	২	২	২	২	২	২	২
হরি	রিহ	বিহরতি		সর	সব	সন্তে	।

অসম অর্থাৎ তিন মাত্রার চলনও দ্রুত ।

পাষণ মিলায় গায়ের বাতাসে ।

এর লয়টা দুরন্ত । পড়লেই বোঝা যায়, এর প্রত্যেক তিন মাত্রা পরবর্তী তিন মাত্রাকে চাচ্ছে, কিছুতে তার সঙ্গে না । তিনের মাত্রাটা টলটলে, গড়িয়ে যাবার দিকে তার ঝোঁক । এইজন্যে তিনকে গুণ করে

ছয় বা বারো করলেও তার চাপল্য ঘোচে না। দুই মাত্রার চলন কিপ্র, তিন মাত্রার চঞ্চল, চার মাত্রার মছর, আট মাত্রার গভীর। তিন মাত্রার ছন্দে যে পয়ারের মতো ঝাঁক নেই তা যুক্তাক্ষর জুড়তে গেলেই ধরা পড়বে। যথা

	গিরির	শুহায়	করিছে	নিবর
এই পদটিকে যাদ লেখা যায়				
	পর্বত-	কন্দরে	করিছে	নিবর
তা হলে ছন্দের পক্ষে সাংঘাতিক হয়। অথচ পয়ারে				
	গিরিশুহাতল	বেয়ে	করিছে	নিবর
এবং				
	পর্বতকন্দরতলে		করিছে	নিবর

ছন্দের পক্ষে দুই-ই সমান।

বিষমমাত্রার ছন্দের স্বভাব হচ্ছে, তার প্রত্যেক পদে এক অংশে গতি, আর-এক অংশে বাধা। এই গতি এবং বাধার সম্মিলনে তার নৃত্য।

অহহ কল-	য়ামি বল-	য়াদিমনি-	ভূষণং
হরিকিরহ-	দহনবহ-	নেন বহ-	দূষণং।

তিন মাত্রার 'অহহ' যে ছাঁদে চলবার জন্যে বেগ সঞ্চয় করলে, দুই মাত্রার 'কল' তাকে হঠাৎ টেনে ধামিয়ে দিলে, আবার পরক্ষণেই তিন যেই নিজমূর্তি ধরলে অমনি আবার দুই এসে তার লাগামে টান দিলে। এই বাধা যদি সত্যকার বাধা হত তা হলে ছন্দই হত না; এ কেবল বাধার ছল, এতে গতিকে আরো উস্কিয়ে দেয় এবং বিচित्र করে তোলে। এইজন্যে অন্য ছন্দের চেয়ে বিষমমাত্রার ছন্দে গতিকে আরো যেন বেশি অনুভব করা যায়।

যাই হোক আমার বক্তব্য এই, ছন্দের পরিচয়ের মূলে দুটি প্রশ্ন আছে। এক হচ্ছে, তার প্রত্যেক পদক্ষেপে কটি করে মাত্রা আছে। দুই হচ্ছে, সে মাত্রা সম, অসম, না বিষম অথবা সম-বিষমের যোগ। আমরা যখন মোটা করে বলে থাকি যে এটা চোন্দ মাত্রার ছন্দ, বা, ওটা দশ মাত্রার, তখন আসল কথাটাই বলা হয় না। তার কারণ পূর্বেই বলেছি, চাল অর্থাৎ প্রদক্ষিপের মাত্রার ছন্দকে চেনা যায় না, চলন অর্থাৎ পদক্ষেপের মাত্রার তার পরিচয়। চোন্দ মাত্রায় শুধু যে পয়ার হয় না, আরো অনেক ছন্দ হয়, তার দৃষ্টান্ত দেওয়া যাক।

বসন্ত পাঠায় দূত	রহিয়া রহিয়া,
যে কাল গিয়েছে তারি	নিবাস বহিয়া।

এই তো পয়ার, এর প্রত্যেক প্রদক্ষিপে দুটি পদক্ষেপ। প্রথম পদক্ষেপে আটটি উচ্চারিত মাত্রা, দ্বিতীয় পদক্ষেপে ছয়টি উচ্চারিত মাত্রা এবং দুটি অনুচ্চারিত অর্থাৎ যতির মাত্রা। অর্থাৎ, প্রত্যেক প্রদক্ষিপে মোটের উপর উচ্চারিত মাত্রা চোন্দ। আমরা পয়ারের পরিচয় দেওয়ার কালে প্রত্যেক প্রদক্ষিপের উচ্চারিত মাত্রার সমষ্টির হিসাব দিই থাকি। তার প্রধান কারণ, কিছুকাল পূর্বে পয়ার ছাড়া চোন্দ মাত্রা-সমষ্টির ছন্দ আমাদের ব্যবহারে লাগত না। নিম্নলিখিত চোন্দ মাত্রার ছন্দেও ঠিক পয়ারের মতোই প্রত্যেক প্রদক্ষিপে দুটি করে পদক্ষেপ।

ফাগুন এল ঘারে	কেহ যে ঘরে নাই,
পরান ডাকে কারে	ভাবিয়া নাই পাই।

অথচ এটা মোটেই পয়ার নয়। তকাত হল কিসে বাচাই করে দেখলে দেখা যাবে যে, এর প্রতি পদক্ষেপে আটের বদলে সাত উচ্চারিত মাত্রা। আর অনুচ্চারিত মাত্রা প্রতি পদক্ষেপের শেষে একটি

করে দেওয়া যেতে পারে। যেমন—

ফাগুন এল ঘারে-এ কেহ যে ঘরে না-আ-ই।

কিংবা কেবল শেষ ছেদে একটি দেওয়া যেতে পারে। যেমন—

ফাগুন এল ঘারে কেহ যে ঘরে না-আ-ই।

কিংবা যদি একেবারেই না দেওয়া যেতে পারে।

পুনশ্চ এই ছন্দেরই মাত্রাসমষ্টি সমান রেখে এরই পদক্ষেপমাত্রার পরিবর্তন করে যদি পড়া যায় তা হলে শ্লোকটি চোখে দেখতে একই রকম থাকবে কিন্তু কানে শুনতে অন্যরকম হবে। এইখানে বলে রাখি, ছন্দের প্রত্যেক ভাগে একটা করে তালি দিলে পড়বার সুবিধা হবে এবং এই তালি অনুসারে ভিন্ন ছন্দের ভিন্ন লয় ধরা পড়বে। প্রথমে সাত মাত্রাকে তিন এবং চারে স্বতন্ত্র ভাগ করে পড়া যাক। যেমন—

তালি	তালি	তালি	তালি
ফাগুন	এল ঘারে	কেহ যে	ঘরে নাই,
পরান	ডাকে কারে	ভাবিয়া	নাই পাই।

তার পরে পাঁচ-দুই ভাগ করা যাক। যেমন—

তালি	তালি	তালি	তালি
ফাগুন এল	ঘারে	কেহ যে ঘরে	নাই,
পরান ডাকে	কারে	ভাবিয়া নাই	পাই।

এই চোদ্দ মাত্রা-সমষ্টির ছন্দ আরো কতরকম হতে পারে তার কতকগুলি নমুনা দেওয়া যাক। দুই-পাঁচ দুই-পাঁচ ভাগের ছন্দ, যথা—

সে যে	আপন মনে	ওধু	দিবস গণে,
তারু	চোখের বারি	কাপে	আখির কোণে।

চার-তিন চার-তিন ভাগ—

নয়নের	সলিলে	যে কথাটি	বলিলে
রবে তাহা	স্মরণে	জীবনে ও	মরণে।

কিংবা এক-ছয় এক-ছয় ভাগ—

যে	কথা নাই শোনে সে		থাক নিঃসমানে,
কে	বৃথা নিবেদনে রে		ফিরে তার সনে।

সাত-চার-তিনের ভাগ—

চাহিছ বারে বারে	আপনারে	ঢাকিতে,
মন না মানে মানা	মেলে ডানা	আঁখিতে।

১ এই প্রত্যেক নমুনাটির অনুসরণ করে তাল দেওয়া আবশ্যিক।

এই কবিতাটাকেই অন্য লয়ে পড়া যায়—

চাহিছ	বারে বারে	আপনারে	ঢাকিতে,
মন না	মানে মানা	মেলে ডানা	আঁখিতে ।

তিন-তিন-তিন-তিন দুইয়ের ভাগ—

ব্যাকুল	বকুল	ঝরিল	পড়িল	ঘাসে,
বাতাস	উদাস	আমের	বোলের	বাসে

একেই ছয়-আটের ভাগে পড়া যায়—

ব্যাকুল বকুল	ঝরিল পড়িল ঘাসে,
বাতাস উদাস	আমের বোলের বাসে ।

পাঁচ-চার-পাঁচের ভাগ—

নীরবে গেলে	জ্ঞানমুখে	আঁচল টানি
কাঁদিয়ে দুখে	মোর বৃকে	না-বলা বাণী ।

এই শ্লোককেই তিন-ছয়-পাঁচ ভাগ করা যায়—

নীরবে	গেলে জ্ঞানমুখে	আঁচল টানি
কাঁদিয়ে	দুখে মোর বৃকে	না-বলা বাণী ।

এর থেকে এই বোঝা যাচ্ছে, প্রদক্ষিণের সমষ্টিমাত্রা চোদ্দ হলেও সেই সমষ্টির অংশের হিসাব কে কী ভাবে নিকাশ করছে তারই উপর ছন্দের প্রভেদ ধরা পড়ে । কেবল ছন্দরসায়নে নয়, বস্তুসায়নেও এইরকম উপাদানের মাত্রা-ভাগ নিয়েই বস্তুর প্রকৃতিভেদ ঘটে, রাসায়নিকেরা বোধ করি এই কথা বলেন ।

পয়ার-ছন্দের বিশেষত্ব হচ্ছে এই যে, তাকে প্রায় গাঁঠে গাঁঠে ভাগ করা চলে, এবং প্রত্যেক ভাগেই মূল ছন্দের একটা আংশিক রূপ দেখা যায় । যথা—

ওহে পাছ, চলো পথে, পথে বন্ধু আছে
একা বসে জ্ঞানমুখে সে যে সঙ্গ যাচে ।

'ওহে পাছ', এইখানে একটা ধামবার স্টেশন মেলে । তার পরে যথাক্রমে, 'ওহে পাছ চলো', 'ওহে পাছ চলো পথে', 'ওহে পাছ চলো পথে পথে' । তার পরে 'বন্ধু আছে', এই ভাগাংশটার সঙ্গে পরের লাইন জোড়া যায়, যেমন— 'বন্ধু আছে একা', 'বন্ধু আছে একা বসে', 'বন্ধু আছে একা বসে সে যে' । কিন্তু তিনের ছন্দকে তার ভাগে ভাগে পাওয়া যায় না, এইজন্যে তিনের ছন্দে ইচ্ছামত ধামা চলে না । যেমন, 'নিশি দিল ডুব অরণসাগরে' । 'নিশি দিল', এখানে ধামা যায়, কিন্তু তা হলে তিনের ছন্দ ভেঙে যায় ; 'নিশি দিল ডুব' পর্যন্ত এসে ছয় মাত্রা পূরিয়ে দিয়ে তবেই তিনের ছন্দ হাঁক ছাড়তে পারে । কিন্তু আবার, 'নিশি দিল ডুব অরণ' এখানেও ধামা যায় না ; কেননা তিন এমন একটি মাত্রা যা আর একটা তিনকে পেলে তবে দাঁড়াতে পারে, নইলে টলে পড়তে চায় ; এইজন্যে 'অরণসাগর' এর মাঝখানে

ধামতে গেলে রসনা কূল পায় না। তিনের ছন্দে গতির প্রাবল্যই বেশি, স্থিতি কম। সূত্রাং তিনের ছন্দ চাঞ্চল্যপ্রকাশের পক্ষে ভালো কিন্তু তাতে গাষ্ঠীর্ষ এবং প্রসার অল্প। তিনের মাত্রার ছন্দে অমিত্রাক্ষর রচনা করতে গেলে বিপদে পড়তে হয়, সে যেন চাকা নিয়ে লাঠিখেলার চেষ্ঠা। পয়ার আট পায়ের চলে বলে তাকে যে কতরকমে চালানো যায় মেঘনাদবধ কাব্যে তার প্রমাণ আছে। তার অবতারণাটি পরখ করে দেখা যাক। এর প্রত্যেক ভাগে কবি ইচ্ছামত ছোটো বড়ো নানা ওজনের নানা সুর বাজিয়েছেন; কোনো জায়গাতেই পয়ারকে তার প্রচলিত আড্ডায় এসে ধামতে দেন নি। প্রথম আরম্ভেই বীরবাহুর বীরমর্যাদা সুগভীর হয়ে বাজল— 'সম্মুখসমরে পড়ি বীরচূড়ামণি বীরবাহু।' তার পরে তার অকালমৃত্যুর সংবাদটি যেন ভাঙা রণপতাকার মতো ভাঙা ছন্দে ভেঙে পড়ল— 'চলি যবে গেলা যমপুরে অকালে'। তার পরে ছন্দ নত হয়ে নমস্কার করলে— 'কহ হে দেবি অমৃতভাবিণি'। তার পরে আসল কথাটা, যেটা সব চেয়ে বড়ো কথা, সমস্ত কাব্যের ঘোর পরিণামের যেটা সূচনা, সেটা যেন আসন্ন ঝটিকার সুদীর্ঘ মেঘগর্জনের মতো এক দিগন্ত থেকে আর-এক দিগন্তে উদ্ঘোষিত হল— 'কোন্ বীরবরে বরি সেনাপতিপদে পাঠাইলা রণে পুনঃ রক্তকূলনিধি রাঘবারি'।

বাংলা ভাষায় অধিকাংশ শব্দই দুই মাত্রার এবং তিন মাত্রার, এবং ত্রৈমাত্রিক শব্দের উপর বিভক্তিযোগে চার মাত্রার। পয়ারের পদবিভাগটি এমন যে, দুই, তিন এবং চার মাত্রার শব্দ তাতে সহজেই জায়গা পায়।

চৈত্রের সেতারে বাজে বসন্তবাহার,
বাতাসে বাতাসে ওঠে তরঙ্গ তাহার।

এ পয়ারে তিন অক্ষরের ভিড়। আবার—

চক্‌মকি-ঠোকাঠুকি-আগুনের প্রায়
চোখোচোখি ঘটিতেই হাসি ঠিকরায়।

এই পয়ারে চারের প্রাধান্য।

তারাতুলি সারারাত্তি কানে কানে কয়,
সেই কথা ফুলে ফুলে ফুটে বনময়।

এইখানে দুই মাত্রার আয়োজন।

প্রেমের অমরাবতী প্রেয়সীর প্রাণে,
কে সেথা দেবধিপতি সে কথা কে জানে।

এই পয়ারে এক থেকে পাঁচ পর্যন্ত সকলরকম মাত্রারই সমাবেশ। এর থেকে জানা যায় পয়ারের আতিথেয়তা খুব বেশি, আর সেইজন্যই বাংলা কাব্যসাহিত্যে প্রথম থেকেই পয়ারের এত অধিক চলন।

পয়ারের চেয়ে লম্বা দৌড়ের সমমাত্রার ছন্দ আজকাল বাংলাকাব্যে চলছে। স্বপ্নপ্রয়াণে এর প্রথম প্রবর্তন দেখা গেছে। স্বপ্নপ্রয়াণ থেকেই তার নমুনা তুলে দেখাই।

গভীর পাতাল, যেথা কালরাত্রি করালবদনা
বিস্তারে একাধিপত্য। স্বপ্নে অযুত ফলিফলা
দিবানিশি ফাটি রোষে; ঘোরনীল বিবর্ণ অনল
শিখাসংঘ আলোড়িয়া দাপাদাপি করে দেশময়
তমোহস্ত এড়াইতে— প্রাণ যথা কালের কবল!

উচ্চারিত এবং অনুচ্চারিত মাত্রা নিয়ে পয়ার যেমন আট পদমাত্রার সমান দুই ভাগে বিভক্ত এ তা নয়। এর এক ভাগে উচ্চারিত মাত্রা আট, অন্য ভাগে উচ্চারিত মাত্রা দশ। এইরকম অসমান ভাগে ছন্দের

গাষ্ঠীর্ষ বাড়ে । ছন্দে পদে পদে ঠিক সমান ওজন দাবি করা কানের যেন একটা বাধা মৌতাতের মতো দাঁড়ায়, সেইটি ভেঙে দিলে ছন্দের গৌরব আরো বাড়ে । সংস্কৃত মন্দাক্রান্তার অসমান ভাগের গাষ্ঠীর্ষ সবাই জানেন—

কচ্চিকাস্তা- বিরহগুরুণা স্বাধিকার- প্রমত্তঃ ।

এর প্রথম ভাগে আট, দ্বিতীয় ভাগে সাত, তৃতীয় ভাগে সাত, এবং চতুর্থ ভাগে চার' মাত্রা । এমনতরো ভাগে কানের কোনো সংকীর্ণ অভ্যাস হবার জো নেই ।

সংস্কৃতের সঙ্গে সাধু বাংলা সাহিত্যের ছন্দের যে-একটি বিশেষ প্রভেদ আছে সেইটির কথা এখানে সংক্ষেপে আলোচনা করা যাক । সংস্কৃত-উচ্চারণের বিশেষত্ব হচ্ছে তার ধ্বনির দীর্ঘহ্রস্বতা । সেইজন্য সংস্কৃতছন্দ কেবলমাত্র পদক্ষেপের মাত্রা গণনা করেই নিশ্চিত থাকে না, নির্দিষ্ট নিয়মে দীর্ঘহ্রস্ব মাত্রাকে সাজানো তার ছন্দের অঙ্গ । আমি একটি বাংলা বই থেকে এর দৃষ্টান্ত তুলছি । বইটির নাম 'ছন্দঃকুসুম' । আর চুয়াল্ল বছর পূর্বের এটি রচনা । লেখক ভুবনমোহন রায়চৌধুরী রাধাকৃষ্ণের লীলাচ্ছলে বাংলা ভাষায় সংস্কৃতছন্দের দৃষ্টান্ত দিয়ে ছন্দ শিক্ষা দেবার চেষ্টা করেছেন । কৃষ্ণবিরহিণী রাধা কালো রঙটারই দৃশ্যীয়তা প্রমাণ করবার জন্যে যখন কালো কোকিল, কালো ভ্রমর, কালো পাথর, কালো লোহার নিন্দা করলেন তখন অপর পক্ষের উকিল লোহার দোষ ক্ষালন করতে প্রবৃত্ত হলেন ।

দেখহ	সুন্দর	লৌহর-	থে চড়ি	লৌহপ-	থে কত	লোক চ-	লে ...
ষষ্ঠ মু-	হৃতক	মধ্য ক-	রে গতি	যোজন	পঞ্চ দ-	শের প-	থে ... ।
লৌহবি-	নির্মিত	তার ত-	রে বহু	দূর অ-	বস্থিত	লোক স	বে ...
দূর অ-	বস্থিত	বন্ধু স-	নে সুখ-	চিস্ত প-	রম্পর	বাক্য ক-	হে ... ॥

এই কবিতাটির যুক্তি ও আধাস্বিক রসমাধুর্যের বিচারভার আধুনিককালের বস্তুতান্ত্রিক উকিল রসিকদের উপর অর্পণ করা গেল । তা ছাড়া লোকশিক্ষায় এর প্রয়োজনীয়তার তর্ক তোলবার অধিকারীও আমি নই । আমি ছন্দের দিক দিয়ে বলছি, এর প্রত্যেক পদভাগে একটি দীর্ঘ ও দুইটি হ্রস্ব মাত্রা, সেই দীর্ঘহ্রস্বের ওঠাপড়ার পর্যায়ই হচ্ছে এই ছন্দের প্রকৃতি । বাংলায় স্বরের দীর্ঘহ্রস্বতা নাই কিংবা নাই বললেই হয়, এবং যুক্তব্যঞ্জনকে সাধু বাংলা কোনো গৌরব দেয় না, অযুক্তের সঙ্গে একই বাটখারায় তার ওজন চলে । অতএব মাত্রাসংখ্যা মিলিয়ে ঐ লোহার স্তব যদি বাংলা ছন্দে লেখা যায় তা হলে তার দশা হয় এই—

দেখ দেখ	মনোহর	লোহার গা-	ডিতে চড়ি
	লোহাপথে	কত শত	মানুষ চ- লিছে
দেখিতে দে-	খিতে তারা	যোজন যো-	জন পথ
	অনায়াসে	তরে যায়	টিকিট কি- নিয়া ।
যে সব মা-	নুষ আছে	অনেক দূ-	রের দেশে,
	লোহা দিয়ে	গড়া তার	রয়েছে ব- লিয়া,
সুদূর ঝ-	ধুর সাথে	কত যে ম-	নের সুখে
	কথা চালা-	চালি করে	নিমেষে নি- মেঘে ॥

বাংলায় আর সবই রইল— মাত্রাও রইল, আর সম্ভবত আধ্যাত্মিকতারও হানি হয় নি, কেননা ভক্তির টিকিট থাকলে লোহার গাড়ি যে কঠিন লোহার পথও তরিয়ে দেয় এবং ঝঞ্ঝুর সঙ্গে যতই দূরত্ব থাক স্বয়ং লোহার তারে তাদের কথা চালাচালি হতে পারে এ ভাবটা বাংলাতেও প্রকাশ পাচ্ছে— কিন্তু মূল ছন্দের প্রকৃতিটা বাংলায় রক্ষা পায় নি। এ কেমন, যেমন ঢেউ-খেলানো দেশের জমির পরিমাণ সমতল দেশে জরিপের দ্বারা মিলিয়ে নেওয়া! তাতে জমি পাওয়া গেল কিন্তু ঢেউ পাওয়া গেল না। অথচ ঢেউটা ছন্দের একটা প্রধান জিনিস। সমতল বাংলা আপন কাব্যের ভাষাকে সমতল করে দিয়েছে। এ হচ্ছে কাজকে সহজ করবার একটা কৃত্রিম বাধা নিয়ম। আমরা যখন বলি থার্ড ক্লাসের ছেলে, তখন মনে ধরে নিই যেন সব ছেলেই সমান মাত্রার। কিন্তু আসলে থার্ড ক্লাসের আদর্শকে যদি একটা সরল রেখা বলে ধরে নিই তবে কোনো ছেলে সেই রেখার উপরে চড়ে কেউ-বা তার নীচে নামে। ভালো শিক্ষাপ্রণালী তাকেই বলে যাতে প্রত্যেক ছেলেকে তার নিজের স্বতন্ত্র বুদ্ধি ও শক্তির মাত্রা অনুসারে ব্যবহার করা যায়, থার্ড ক্লাসের একটা কাল্পনিক মাত্রা ক্লাসের সকল ছেলের উপরে সমানভাবে আরোপ না করা যায়। কিন্তু কাজ সহজ করবার জন্য বহু অসমানকে এক সমান কাঠগড়ায় বন্দী করবার নিয়ম আছে। সাধু বাংলার ছন্দে তারই প্রমাণ পাই। হসন্তুই হোক, হসন্তুই হোক, আর যুক্তবর্ণই হোক, এই ছন্দে সকলেরই সমান মাত্রা।

অথচ প্রাকৃত-বাংলার প্রকৃতি সমতল নয়। সংস্কৃতের নিয়মে না হোক, নিজের নিয়মে তার একটা ঢেউখেলা আছে। তার কথার সকল অংশ সমান ওজনের নয়। বস্তুত পদে পদেই তার শব্দ বন্ধুর হয়ে ওঠে। তার কারণ প্রাকৃত-বাংলায় হসন্তের প্রাদুর্ভাব খুব বেশি। এই হসন্তের দ্বারা ব্যঞ্জনবর্ণের মধ্যে সংঘাত জন্মাতে থাকে, সেই সংঘাতে ধ্বনি গুরু হয়ে ওঠে। প্রাকৃত-বাংলার এই গুরুধ্বনির প্রতি যদি সদ্ব্যবহার করা যায় তা হলে ছন্দের সম্পদ বেড়ে যায়। প্রাকৃত-বাংলার দৃষ্টান্ত—

বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদেয় এল বান্ ।
শিব ঠাকুরের বিয়ে হবে তিন কন্যে দান ॥
এক কন্যে রাখেন বাড়েন এক কন্যে খান ।
এক কন্যে না পেয়ে বাপের বাড়ি যান ॥

এই ছড়াটিতে দুটি জিনিস দেখবার আছে। এক হচ্ছে, বিসর্গের^১ ঘটকালিতে ব্যঞ্জনবর্ণের সঙ্গে ব্যঞ্জনবর্ণের সন্মিলন, আর-এক হচ্ছে 'বৃষ্টি' এবং 'কন্যে' কথার যুক্তবর্ণকে যথোচিত মর্যাদা দেওয়া। এই ছড়া সাধু বাংলার ছন্দে বাধলে পালিশ-করা আবলুস কাঠের মতো পিছল হয়ে ওঠে।

বারি ঝরে ঝর ঝর নদিয়ায় বান ।
শিব ঠাকুরের বিয়ে তিন মেয়ে দান ॥
এক মেয়ে রাখিছেন এক মেয়ে খান ।
এক মেয়ে ক্ষুধাভরে পিতৃঘরে যান ॥

এতে যুক্তবর্ণের সংযোগ হলেও ছন্দের উল্লাস তাতে বিশেষ বাড়ে না। যথা—

মন্দ মন্দ বৃষ্টি পড়ে নবদ্বীপে বান ।
শিব ঠাকুরের বিয়া তিন কন্যা দান ॥

১ 'স্বরাস্ত' অর্থে ব্যবহৃত।

২ স্বর-বিসর্জনের।

এক কন্যা রাখিছেন এক কন্যা খান ।
এক কন্যা উর্ধ্বশ্বাসে পিড়গৃহে যান ॥

এই-সব যুক্তবর্ণের যোগে এ ছন্দ বন্ধুর হয়ে উঠেছে বটে কিন্তু ভরসিত হয় নি ; কেননা যুক্তবর্ণ যথেষ্ট ছড়ানো হয়েছে মাত্র, তাদের মর্যাদা অনুসারে জায়গা দেওয়া হয় নি । অর্থাৎ, হাটের মধ্যে ছোটোয় বড়োয় যেমন গায়ে গায়ে ভিড় করে তেমনি, সভার মধ্যে যেমন তারা যথাযোগ্য আসন পায় তেমনি নয় ।

ছন্দঃকুসুম বইটির লেখক প্রাকৃত-বাংলার ছন্দ সম্বন্ধে অনুভূত ছন্দে বিলাপ করে বলছেন—

পাঁচালী নাম বিখ্যাতা সাধারণ-মনোরমা ।
পয়ার ত্রিপদী আদি প্রাকৃতে হয় চালনা ॥
দ্বিপাদে শ্লোক সম্পূর্ণ তুল্যসংখ্যার অক্ষরে ।
পাঠে দুই পদে মাত্র শেবাক্ষর সদা মিলে ॥
পঠনে সে সব ছন্দঃ রাখিতে ভালগৌরব ।
পঠিছে সর্বদা লোকে উচ্চারণ-বিপর্যয়ে ॥
লঘুকে গুরু সম্ভাষে দীর্ঘবর্ণে কহে লঘু ।
হৃদয়ে দীর্ঘে সমজ্ঞানে উচ্চারণ করে সবে ॥

কবির এই বিলাপের সঙ্গে আমিও যোগ দিচ্ছি । কেবল আমি এই বলতে চাই, প্রাকৃত-বাংলার ছন্দে এমনতরো দুর্ঘটনা ঘটে না, এ-সব ঘটে সংস্কৃত-বাংলার ছন্দে । প্রাকৃত-বাংলার যে স্বকীয় দীর্ঘহ্রস্বতা আছে তার ছন্দে তার বিপর্যয় দেখি নে, কিন্তু সাধু ভাষায় দেখি ।

এই প্রাকৃত-বাংলা মেয়েদের ছড়ায়, বাউলের গানে, রামপ্রসাদের পদে আপন স্বভাবে প্রকাশ পেয়েছে । কিন্তু সাধুভাষায় তার সমাদর হয় নি বলে সে মুখ ফুটে নিজের সব কথা বলতে পারে নি এবং তার শক্তি যে কত তারও সম্পূর্ণ পরিচয় হল না । আজকের দিনের ডিমক্রেসির যুগেও সে ভয়ে ভয়ে দ্বিধা করে চলেছে ; কোথায় যে তার পঙ্ক্তি এবং কোথায় নয় তা স্থির হয় নি । এই সংকোচে তার আত্মপরিচয়ের খর্বতা হচ্ছে । আমরা একটা কথা ভুলে যাই প্রাকৃত-বাংলার লক্ষ্মীর পেটরায় সংস্কৃত, পারসি, ইংরেজি প্রভৃতি নানা ভাষা থেকেই শব্দসঞ্চয় হচ্ছে, সেইজন্যে শব্দের দৈন্য প্রাকৃত-বাংলার স্বভাবগত বলে মনে করা উচিত নয় । প্রয়োজন হলেই আমরা প্রাকৃত-ভাণ্ডারে সংস্কৃত শব্দের আমদানি করতে পারব । কাজেই যেখানে অর্থের বা ধ্বনির প্রয়োজনবশত সংস্কৃত শব্দই সংগত সেখানে প্রাকৃত-বাংলায় তার বাধা নেই । আবার ফার্সি কথাও তার সঙ্গে সঙ্গেই আমরা একসারে বসিয়ে দিতে পারি । সাধুবাংলায় তার বিঘ্ন আছে, কেননা সেখানে জাতি রক্ষা করাকেই সাধুতা রক্ষা করা বলে । প্রাকৃত ভাষার এই ঔদার্য গদ্যে পদ্যে আমাদের সাহিত্যের একটি পরম সম্পদ, এই কথা মনে রাখতে হবে ।

ছন্দের হসন্ত হলন্ত^১

আমার নিজের বিশ্বাস যে, আমরা ছন্দ রচনা করি স্বতই কানের ওজন রেখে, বাজারে প্রচলিত কোনো বাইরের মানদণ্ডের দ্বারা মেপে মেপে এ কাজ করি নে, অন্তত সজ্ঞানে নয়। কিন্তু ছান্দসিক প্রবোধচন্দ্র সেন এই বলে আমাদের দোষ দিয়েছেন যে— আমরা একটা কৃত্রিম মানদণ্ড দিয়ে, পাঠকের কানকে ঝাঁকি দিয়ে, তার চোখ ভুলিয়ে এসেছি; আমরা ধ্বনি চুরি করে থাকি অক্ষরের আড়ালে।

ছন্দোবিৎ কী বলছেন ভালো করে বোঝবার চেষ্টা করা যাক। তাঁর প্রবন্ধে আমার লেখা থেকে কিছু লাইন তুলে চিহ্নিত করে দৃষ্টান্তস্বরূপে ব্যবহার করেছেন। যথা—

+ | + | |
উদয়দিগন্তে ঐ শুভ্র শব্দ বাজে ।
+ |
মোর চিস্ত মাঝে,
+
চিরনূতনেরে দিল ডাক
| +
পঁচিশে বৈশাখ ।

তিনি বলেন, “এখানে দণ্ডচিহ্নিত যুগ্মধ্বনিগুলিকে এক বলে ধরা হয়েছে, কারণ এগুলি শব্দের মধ্যে অবস্থিত; আর যোগচিহ্নিত যুগ্মধ্বনিগুলিকে দুই বলে ধরা হয়েছে, যেহেতু এগুলি শব্দের অন্তে অবস্থিত।” অর্থাৎ ‘উদয়’-এর অয় হয়েছে দুই মাত্রা অথচ ‘দিগন্ত’-এর অন্ হয়েছে এক মাত্রা, এইজন্যে ‘উদয়’ শব্দকেও তিন মাত্রা এবং ‘দিগন্ত’ শব্দকেও তিন মাত্রা গণনা করা হয়েছে। ‘যুগ্মধ্বনি’ শব্দটার পরিবর্তে ইংরেজি সিলেবল শব্দ ব্যবহার করলে অনেকের পক্ষে সহজ হবে। আমি তাই করব।

বহুকাল পূর্বে একদিন বাংলার শব্দতত্ত্ব আলোচনা করেছিলুম। সেই প্রসঙ্গে ধ্বনিতত্ত্বের কথাও মনে উঠেছিল। তখন দেখেছিলুম, বাংলায় স্বরবর্ণ যদিও সংস্কৃত বানানের হ্রস্বদীর্ঘতা মানে না তবু এ সম্বন্ধে তার নিজের একটি স্বকীয় নিয়ম আছে। সে হচ্ছে বাংলায় হসন্ত শব্দের পূর্ববর্তী স্বর দীর্ঘ হয়। যেমন জল, চাঁদ। এ দুটি শব্দের উচ্চারণে জ-এর অ এবং চা-এর আ আমরা দীর্ঘ করে টেনে পরবর্তী হসন্তের ক্ষতিপূরণ করে থাকি। জল এবং জলা, চাঁদ এবং চাঁদা শব্দের তুলনা করলে এ কথা ধরা পড়বে। এ সম্বন্ধে বাংলার বিখ্যাত ধ্বনিতত্ত্ববিৎ সুনীতিকুমারের বিধান নিলে নিশ্চয়ই তিনি আমার সমর্থন করবেন। বাংলায় ধ্বনির এই নিয়ম স্বাভাবিক বলেই আধুনিক বাঙালি কবি ও ততোধিক আধুনিক বাঙালি ছন্দোবিৎ জন্মাবার বহু পূর্বেই বাংলা ছন্দে প্রাক্‌হসন্ত স্বরকে দুই মাত্রার পদবি দেওয়া হয়েছে। আজ পর্যন্ত কোনো বাঙালির কানে ঠেকে নি; এই প্রথম দেখা গেল, নিয়মের ধাধায় পড়ে বাঙালি পাঠক কানকে অবিশ্বাস করলেন। কবিতা লেখা শুরু করবার বহুপূর্বে সবে যখন দাঁত উঠেছে তখন পড়েছি, “জল পড়ে, পাতা নড়ে।” এখানে ‘জল’ যে ‘পাতা’র চেয়ে মাত্রাকৌলীন্যে কোনো অংশে কম, এমন সংশয় কোনো বাঙালি শিশু বা তার পিতামাতার কানে বা মনেও উদয় হয় নি। এইজন্যে ঐ দুটো কথা অনায়াসে এক পঙক্তিতে বসে গেছে, আইনের ঠেলা খায় নি। ইংরেজি মতে ‘জল’ সর্বত্রই এক সিলেবল, ‘পাতা’ তার ডবল ভারী। কিন্তু জল শব্দটা ইংরেজি নয়। ‘কাশীরাম’ নামের ‘কাশী’ এবং ‘রাম’ যে একই ওজনের এ কথাটা কাশীরামের স্বজাতীয় সকলকেই মানতেই হয়েছে। ‘উদয়দিগন্তে ঐ শুভ্র শব্দ বাজে’ এই লাইনটা নিয়ে আজ পর্যন্ত প্রবোধচন্দ্র ছাড়া আর কোনো

১ ‘হলন্ত’ শব্দটি কবি কর্তৃক স্বরান্ত অর্থে ব্যবহৃত।

পাঠকের কিছুমাত্র খটকা লেগেছে বলে আমি জানি নে, কেননা তারা সবাই কান পেতে পড়েছে, নিয়ম পেতে নয়। যদি কর্তব্যবোধে নিতান্তই খটকা লাগা উচিত হয়, তা হলে সমস্ত বাংলাকাব্যের পনেরো-আনা লাইনের এখনই প্রুফ সংশোধন করতে বসতে হবে।

লেখক আমার একটা মন্তব্য ফাঁকি ধরেছেন। তিনি বলেন, আমি ইচ্ছামত কোথাও 'ঐ' লিখি, কোথাও লিখি 'ওই', এই উপায়ে পাঠকের চোখ ভুলিয়ে অক্ষরের বাটখারার চাতুরীতে একই উচ্চারণকে জায়গা বুঝে দুইরকমের মূল্য দিয়েছি।

তা হলে গোড়াকার ইতিহাসটা বলি। তখনকার দিনে বাংলা কবিতায় এক-একটি অক্ষর এক সিলেবল বলেই চলত। অথচ সেদিন কোনো কোনো ছন্দে যুগ্মধ্বনিকে ত্রৈমাত্রিক বলে গণ্য করার দরকার আছে বলে অনুভব করেছিলুম।

আকাশের ওই আলোর কাঁপন
নয়নেতে এই লাগে,
সেই মিলনের তড়িৎ-তাপন
নিখিলের রূপে জাগে।

আজকের দিনে এমন কথা অতি অর্বাচীনকেও বলা অনাবশ্যক যে, ঐ ত্রৈমাত্রিক ভূমিকার ছন্দকে নীচের মতো রূপান্তরিত করা অপরাধ—

ঐ যে তপনের রশ্মির কম্পন
এই মস্তিষ্কেতে লাগে,
সেই সন্মিলনে বিদ্যুৎ-ঝম্পন
বিশ্বমূর্তি হয়ে জাগে।

অথচ সেদিন বৃত্তসংহারে এইজাতীয় ছন্দে হেমচন্দ্র ঐন্দ্রিলার রূপবর্ণনায় স্তম্ভসংকোচে লিখতে পেরেছিলেন—

বদনমণ্ডলে ভাসিছে ব্রীড়া।

বেশ মনে আছে, সেদিন স্থানবিশেষে 'ঐ' শব্দের বানান নিয়ে আমাকে ভাবতে হয়েছিল। প্রাবোধচন্দ্র নিশ্চয় বলবেন, “ভেবে যা হয় একটা স্থির করে ফেলাই ভালো ছিল। কোথাও বা 'ঐ' কোথাও বা 'ওই' বানান কেন।” তার উত্তর এই, বাংলার স্বরের হ্রস্বদীর্ঘতা সংস্কৃতের মতো বাধা নিয়ম মানে না, ওর মধ্যে অতি সহজেই বিকল্প চলে। “ও— ই দেখো, খোকা ফাউন্টেন পেন মুখে পুরেছে”, এখানে দীর্ঘ ওকারে কেউ দোষ ধরবে না। আবার যদি বলি “ঐ দেখো, ফাউন্টেন পেনটা খেয়ে ফেললে ব্যর্থ”, তখন হ্রস্ব ঐকার নিয়ে বচসা করবার লোক মিলবে না। বাংলা উচ্চারণে স্বরের ধ্বনিতে টান দিয়ে অতি সহজেই বাড়ানো-কমানো যায় বলেই ছন্দে তার গৌরব বা লাঘব নিয়ে আজ পর্যন্ত দলাদলি হয় নি।

এ-সব কথা দৃষ্টান্ত না দিলে স্পষ্ট হয় না, তাই দৃষ্টান্ত তৈরি করতে হল।

মনে পড়ে দুইজনে জুই তুলে বাল্যে
নিরালায় বনছায় গাঁথেছিলুম মাল্যে।
দৌহার তরুণ প্রাণ বেঁধে দিল গন্ধে
আলোয়-আধারে-মেশা নিভৃত আনন্দে ॥

এখানে 'দুই' 'জুই' আপন আপন উকারকে দীর্ঘ করে দুই সিলেবল-এর টিকিট পোয়াছে, বান তাদের সাধুতায় সন্দেহ করলে না, স্বার ছেড়ে দিলে। উলটো দৃষ্টান্ত দেখাই।

এই যে এল সেই আমারি স্বপ্নে দেখা রূপ,
কই দেউলে দেউটি দিলি, কই জ্বালালি ধূপ ।
যায় যদি রে যাক-না ফিরে, চাই নে তারে রাখি,
সব গেলেও হয় রে তবু স্বপ্ন হবে বাকি ॥

এখানে 'এই' 'সেই' 'কই' 'যায়' 'হায়' প্রভৃতি শব্দ এক সিলেবল-এর বেশি মান দাবি করলে না ।
বাঙালি পাঠক সেটাকে অনায়াস না মনে করে সহজ ভাবেই নিলে ।

কাধে মই, বলে, "কই ভুইচাঁপা গাছ ।"
দইভাড়ে ছিপ ছাড়ে, খোঁজে কইমাছ ।
ঘুটে ছাই মেখে লাউ কাধে ঝাউপাতা,
কী খেতাব দেব তায় ঘুরে যায় মাথা ॥

এখানে 'মই' 'কই' 'ভুই' 'দই' 'ছাই' 'লাউ' প্রভৃতি সকলেরই সমান দৈর্ঘ্য, যেন গ্র্যানেডিয়াবের
সৈনাদল । যে পাঠক এটা পড়ে দুঃখ পান নি সেই পাঠককেই অনুরোধ করি, তিনি পড়ে দেখুন—

দইজনে ভুই তুলতে যখন
গোলেম বনের ধারে,
সন্ধ্যা-আলোর মেঘের ঝালর
ঢাকল অঙ্ককারে ।
কৃষ্ণে গোপন গন্ধ বাজায়
নিকন্দ্রেশের ঝাশি,
দৌহার নয়ন খুঁজে বেড়ায়
দৌহার মুখের হাসি ॥

এখানে যুগ্মধ্বনিগুলো এক সিলেবল-এর চাকার গাড়িতে অনায়াসে ধেয়ে চলেছে । চণ্ডীদাসের গানে
রাধিকা বলেছেন, "কানের ভিতর দিয়া মরমে পশিল গো ।" ঝাশিধ্বনির এই তো ঠিক পথ, নিয়মের
ভিতর দিয়ে প্রবেশ করলে মরমে পৌছত না । কবিরও সেই কান লক্ষ্য করে চলেন, নিয়ম যদি
চৌমাথার পাহারাওয়ালার মতো সিগন্যাল তোলে তবু তাঁদের রুখতে পারে না ।

আমার দুঃখ এই, তথাচ আইনবিৎ বলছেন যে, লিপিপদ্ধতির দোষে 'অঙ্কর গুনে ছন্দরচনার অঙ্ক
অভ্যাস' আমাদের পেয়ে বসেছে । আমরা বহুব্য এই যে, ছন্দরচনার অভ্যাসটাই অঙ্ক অভ্যাস ।
অঙ্কের কান খুব সজাগ, ধ্বনির সংকেতে সে চলতে পারে, কবিরও সেই দশা । তা যদি না হত তা
হলেই পায়ে পায়ে কবিকে চোখে চশমা এঁটে অঙ্কর গ'নে গ'নে চলতে হত ।

'বৎসর' 'উৎসব' প্রভৃতি ষণ্ড ৫-ওয়াল কথগুলোকে আমরা ছন্দের মাপে বাড়াই কমাই, এরকম
চাতুরী সম্ভব হয় যেহেতু ষণ্ড ৫-কে কখনো আমরা চোখে দেখার সাক্ষ্য এক অঙ্কর ধরি, আবার
কখনো কানে শোনার দোহাই দিয়ে তাকে আধ অঙ্কর বলে চালাই— প্রবন্ধলেখক এই অপবাদ
দিয়েছেন । অভিযোগকারীর বোঝা উচিত, এটা একেবারেই অসম্ভব, কেননা ছন্দের কাজ
চোখ-ভোলানো নয়, কানকে খুঁশি করা— সেই কানের জিনিসে ইঞ্চি-গজের মাপ চলেই না । 'বৎসর'
প্রভৃতি শব্দ গৌণজামার মতো ; মধুপুরের স্বাস্থ্যকর হাওয়ায় দেহ এক-আধ ইঞ্চি বাড়লেও চলে,
আবার শহরে এসে এক-আধ ইঞ্চি কমলেও সহজে খাপ খেয়ে যায় । কান যদি সন্মতি না দিত তা
হলে কোনো কবির সাধ্য ছিল না ছন্দ নিয়ে যা খুঁশি তাই করতে পারে ।

বৎসরে বৎসরে হাঁকে কালের গোমায়ু—
যায় আয়ু, যায় আয়ু, যায় যায় আয়ু ।

এখানে 'বৎসর' তিন মাত্রা । কিন্তু সেতারাে মীড় লাগাবার মতো অল্প একটু টানলে বেসুর লাগে না ।
যথা—

সখা-সনে উৎসবে বৎসর যায়
শেষে মরি বিবাহের ক্ষুৎপিপাসায় ।
ফাগুনের দিনশেষে মউমাছি ও যে
মধুহীন বনে বৃথা মাধবীরে খোজে ॥

টান কন্ঠিয়ে দেওয়া যাক—

উৎসবের রাত্রিশেষে মৃৎপ্রদীপ হায়,
তারকার মৈত্রী ছেড়ে মৃত্তিকারে চায় ।

দেখা যাচ্ছে, এটুকু কন্ঠিবশিত্তে মামলা চলে না, বাংলাভাষার স্বভাবের মধোই যথেষ্ট প্রশয় আছে ।
যদি লেখা যেত

সখাসনে মহোৎসবে বৎসর যায়

তা হলে নিয়ম বাচত, কারণ পূর্ববর্তী ওকারের সঙ্গে খণ্ড ৭ মিলে এক মাত্রা ; কিন্তু কর্ণধার বলছে
ঐখানটায় তরনী যেন একটু কাত হয়ে পড়ল । আমি এক জায়গায় লিখেছি 'উদয়-দিকপ্রান্ত-তলে' ।
ওটাকে বদলে 'উদয়ের দিকপ্রান্ত-তলে' লিখলে কানে খারাপ শোনাত না এ কথা প্রবন্ধলেখক
বলেছেন, সালিসির জন্যে কবিদের উপর বরাত দিলুম ।

অপর পক্ষে দেখা যাক, চোখ ভুলিয়ে ছন্দে দাবিতে ফাকি চালানো যায় কি না ।

এখনই আসিলাম দ্বারে,

অমনই ফিরে চলিলাম ।

চোখেও দেখি নি কভু তারে,

কানই শুনিল তার নাম ।

'তোমারি', 'যখনি' শব্দগুলির ই-কারকে বাংলা বানানে অনেক সময় বিচ্ছিন্ন করে লেখা হয়, সেই
সুযোগ অবলম্বন করে কোনো অলস কবি ওগুলোকে চার মাত্রার কোঠায় বসিয়ে ছন্দ ভরাট করেছেন
কি না জানি নে, যদি করে থাকেন বাঙালি পাঠক তাঁকে শিরোপা দেবে না । ওদের উকিল তখন
'বৎসর' 'উৎসব' 'দিকপ্রান্ত' প্রভৃতি শব্দগুলির নজির দেখিয়ে তর্ক করবে । তার একমাত্র উত্তর এই
যে, কান যেটাকে মেনে নিয়েছে কিংবা মেনে নেয় নি, চোখের সাক্ষা নিয়ে কিংবা বাধানিয়মের দোহাই
দিয়ে সেখানে তর্ক তোলা অগ্রাহ্য । যে-কোনো কবি উপরের ছড়াটাকে অনায়াসে বদল করে লিখতে
পারে—

এখনি আসিনি তার দ্বারে,

অমনি ফিরিয়া চলিলাম ।

চোখেও দেখি নি কভু তারে,

কানেই শুনেছি তার নাম ।

'বৎসর' 'উৎসব' প্রভৃতি শব্দ যদি তিন মাত্রার কোঠা পেরোতে গেলেই স্বভাবতই খুঁড়িয়ে পড়ত তা
হলে তার স্বাভাবিক ওজন বাঁচিয়ে ছন্দ চালানো এতই দুঃসাধ্য হত যে, ধ্বনিকে এড়িয়ে অক্ষরগণনার
আশ্রয়ে শেষে মান-বাঁচানো আবশ্যিক হত । ওটা চলে বলেই চালানো হয়েছে, দায়ে পড়ে না । কেবল
অক্ষর সাজিয়ে অচল রীতিকে ছন্দে চালানো যদি সম্ভব হত তা হলে খোকাবাবুকে কেবল লম্বা টুপি
পরিয়ে দাদামশায় বলে চালানো অসাধ্য হত না ।

দিলীপকুমার আশ্বিনের 'উত্তরা'য় ছন্দ সম্বন্ধে আমার দুই-একটি চিঠির খণ্ড ছাপিয়েছেন। সর্বশেষে যে নোটটুকু দিয়েছেন তার থেকে বোঝা গেল, আমি যে কথা বলতে চেয়েছি এখনো সেটা তাঁর কাছে স্পষ্ট হয় নি।

তিনি আমারই লেখার নজির তুলে দেখিয়েছেন যে, নিম্নলিখিত কবিতায় আমি 'একেকটি' শব্দটাকে চার মাত্রার ওজন দিয়েছি।

ইচ্ছা করে অবিরত আপনার মনোমত
গল্প লিখি একেকটি করে।

এ দিকে নীরেনবাবুর রচনায় "একটি কথা এতবার হয় কলুষিত" পদটিতে 'একটি' শব্দটাকে দুই মাত্রায় গণ্য করতে আপত্তি করি নি বলে তিনি দ্বিধা বোধ করছেন। তর্ক না করে দৃষ্টান্ত দেওয়া যাক।

একটি কথার লাগি তিনটি রজনী জাগি,
একটুও নাহি মেলে সাড়া।
সখীরা যখন জোটে মুখে তব বন্যা ছোটে,
গোলমালে তোলপাড় পাড়া ॥

'একটি' 'তিনটি' 'একটু' শব্দগুলি হসন্তমধা, 'গোলমাল' 'তোলপাড়'ও সেই জাতের। অথচ হসন্তে ধ্বনিলাঘবতার অভিযোগে ওদের মাত্রী জরিমানা দিতে হয় নি। তিন মাত্রা ও চার মাত্রার গৌরবেই রয়ে গেল। কেউ কেউ বলেন, কেবলমাত্র অক্ষরগণনার দোহাই দিয়েই এরা মান বাঁচিয়েছে, অর্থাৎ যদি যুক্ত অক্ষরের হাঁদে লেখা যেত তা হলেই ছন্দে ধ্বনির কমতি ধরা পড়ত। আমার বক্তব্য এই যে, চোখ দিয়ে ছন্দ পড়া আর বাইসিকল-এর চাকা দিয়ে হামাগুড়ি দেওয়া একই কথা, ওটা হবার জো নেই। বিকল্প দৃষ্টান্ত দিলে কথাটা বোঝা যাবে।

টোটকা এই মুষ্টিযোগ লটকানের ছাল,
সিটকে মুখ খাবি, জ্বর আটকে যাবে কাল।

বলে রাখা ভালো এটা ভিষক-ডাক্তারের প্রেসক্রিপশন নয়, সাহিত্য-ডাক্তারের বানানো ছড়া, ছন্দ সম্বন্ধে মতসংশয় নিবারণের উদ্দেশ্যে; এর থেকে অন্য কোনো রোগের প্রতিকার কেউ যেন আশা না করেন। আরো একটা—

একটি কথা শুনিবারে তিনটে রাত্রি মাটি,
এর পরে ঝগড়া হবে, শেষে দাঁতকপাটি ॥

অথবা—

একটি কথা শোনো, মনে খটকা নাহি রেখে,
টাটকা মাছ জুটল না তো, গুটকি দেখো চেখে।

শেষের তিনটি ছড়ায় অক্ষর গুণতি করতে গেলে দৃশ্যত পয়ারের সীমা ছাড়িয়ে যায়, কিন্তু তাই বলেই যে পয়ার ছন্দের নির্দিষ্ট ধ্বনি বেড়ে গেল তা নয়। আপাতত মনে হয়, এটা যথেষ্টাচার। কিন্তু হিসাব করে দেখলেই দেখা যাবে ছন্দের নীতি নষ্ট করা হয় নি। কেননা, তার জো নেই। এ তো রাজত্ব করা নয় কবিত্ব করা, এখানে লক্ষ্য হল মনোরঞ্জন; খামকা একটা জ্বরদস্তির আইন জারি করে তার পরে পাহারাওয়াল লাগিয়ে দেওয়া, ব্যাপারটা এত সহজ নয়। ধ্বনির রাজ্যে গোয়ার্তমি করে কেউ জিতে যাবে এমন সাধ্য আছে কার। চব্বিশ ঘণ্টা কান রয়েছে সতর্ক।

আমি এই কথাটি বোঝাতে চেষ্টা করছি যে, আক্ষরিক ছন্দ বলে কোনো অদ্ভুত পদার্থ বাংলায় কিংবা অন্য কোনো ভাষাতেই নেই। অক্ষর ধ্বনির চিহ্নমাত্র। যেমন 'জল' শব্দটাকে দিয়ে 'জল' পদার্থটির প্রতিবাদ চলে না, অক্ষরকে ধ্বনির প্রতিপক্ষ দাঁড় করানো তেমনি বিড়ম্বনা।

প্রশ্ন উঠবে, তাই যদি হয়, তা হলে খোঁড়া হ্রস্ববর্ণকে কখনো আধ মাত্রা কখনো পুরোমাত্রার পদবিত্তে বসানো হয় কেন। উত্তরে আমার বক্তব্য এই যে, স্বয়ং ভাষা যদি নিজেই আসন পেতে দেয় তবে তার উপরে অন্য কোনো আইন চলে না। ভাষাও বর্ণভেদে পঙ্ক্তির ব্যবস্থা নিজের ধ্বনির নিয়ম বাঁচিয়ে তবে করতে পারে। বাংলা ভাষায় স্বরবর্ণের ধ্বনিমাত্রা বিকল্পে দীর্ঘ ও হ্রস্ব হয়ে থাকে, ধনুকের ছিলের মতো, টানলে বাড়ে, টান ছেড়ে দিলে কমে। সেটাকে গুণ বলেই গণ্য করি। তাতে ধ্বনিরসের বৈচিত্র্য হয়। আমরা দ্রুত লয়ে বলতে পারি 'এইরে', আবার তাকে টানলে ডবল করে বলতে পারি 'এ-ইরে'। তার কারণ আমাদের স্বরবর্ণগুলো জীবধর্মী, ব্যবহারের প্রয়োজনে একটা সীমার মধ্যে তাদের সংকোচন-প্রসারণ চলে। চারটে পাথরের মূর্তি ধরাবার মতো জায়গায় পাঁচটা ধরাতে গেলে মুশকিল বাধে; কিন্তু চারজন প্যাসেঞ্জার বসবার বেঞ্চিতে পাঁচজন মানুষ বসালে দুর্ঘটনার আশঙ্কা নেই, যদি তারা পরস্পর রাজি থাকে। বাংলা ভাষার স্বরবর্ণগুলিও পাথুরে নয়, নিজের স্থিতিস্থাপকতার গুণে তারা প্রতিবেশীর জন্যে একটু-আধটু জায়গার ব্যবস্থা করতে সহজেই রাজি থাকে। এইজন্যেই অক্ষরের সংখ্যা গণনা করে ছন্দের ধ্বনিমাত্রা গণনা বাংলায় চলে না। এটা বাঙালির আত্মীয়সভার মতন। সেখানে যতগুলো চৌকি তার চেয়ে মানুষ বেশি থাকা কিছুই অসম্ভব নয়, অথবা পাশে ফাঁক পেলে দুইজনের জায়গা একজনে হাত পা মেলে আরামে দখল করাও এই জনতার অভ্যাস। বাংলার প্রাকৃতছন্দ ধরে তার প্রমাণ দেওয়া যাক।

বৃষ্টি পড়ে টাপুর টপুর, নদেয় এল বান।

শিবঠাকুরের বিয়ে হবে, তিন কন্যে দান।

এটা তিন মাত্রার ছন্দ। অর্থাৎ চার পোয়ার সেরওয়ালো এর ওজন নয়, তিন পোয়ায় এর সের। এর প্রত্যেক পা ফেলার লয় হচ্ছে তিনের।

বৃষ্টি। পড়ে-। টাপুর। টপুর। নদেয়। এল। বা-ন।

শিবঠা। কুরের। বিয়ে-। হবে-। তিনক। ন্নে-। দা-ন—

দেখা যাচ্ছে, তিন গণনায় যেখানে যেখানে ফাঁক, পার্শ্ববর্তী স্বরবর্ণগুলি সহজেই ধ্বনি প্রসারিত করে সেই পোড়ো জায়গা দখল করে নিয়েছে। এত সহজে যে, হাজার হাজার ছেলেমেয়ে এই ছড়া আউড়েছে, তবু ছন্দের কোনো গর্তে তাদের কারও কণ্ঠ স্থলিত হয় নি। ফাঁকগুলো যদি ঠেসে ভরাতে কেউ ইচ্ছা করেন— দোহাই দিচ্ছি, না করেন যেন— তবে এইরকম দাঁড়াবে—

বৃষ্টি পড়ছে টাপুর টপুর নদেয় আসছে বন্যা,

শিব ঠাকুরের বিয়ের বাসরে দান হবে তিন কন্যা।

রামপ্রসাদের একটি গান আছে—

মা আমায় ঘুরাবি কত

চোখবাধা বলদের মতো

এটাও তিন মাত্রা লয়ের ছন্দ।

মা-আ। মায় ঘু। রাবি-। কত-।

ফাঁক ভরাট করতে হলে হবে এই চেহারা—

হে মাতা আমারে ঘুরাবি কতই

চক্ষুবদ্ধ বৃষের মতোই।

যারা অক্ষর গণনা করে নিয়ম বাঁধেন তাঁদের জানিয়ে রাখা ভালো যে, স্বরবর্ণে টান দিয়ে মিড় দেবার জন্যেই প্রাকৃত-বাংলা ছন্দে কবিরা বিনা দ্বিধায় ফাঁক রেখে দেন; সেই ফাঁকগুলো ছন্দেরই অঙ্গ, সে-সব জায়গায় ধ্বনির রেশ কিছু কাজ করবার অবকাশ পায়।

হারিয়ে ফেলা ঝাশি আমার পালিয়েছিল বৃষ্টি

লুকোচুরির ছলে।

এর মধ্যে প্রায় প্রত্যেক যতিতে ঝাঁক আছে ।

১ হারিয়ে ফেলা- । ২ ঝাঁপি আমা-র । ৩ পালিয়েছিল । ৪ বুঝি— ।
৫ লুকোচুরি-র । ৬ ছলে— ।

কিছু বৈচিত্র্যও দেখছি । প্রথম দুটি বিভাগে সমান্তরাল ঝাঁক । কিন্তু তিনের ভাগে ঝাঁক বাদ গিয়ে একেবারে চতুর্থ ভাগের শেষে দীর্ঘ ঝাঁক পড়েছে । পাঠক 'হারিয়ে ফেলা'র পরেও ঝাঁক না দিয়ে একেবারে দ্বিতীয় ভাগের শেষে যদি সেটা পূরণ করে দেন তবে ভালোই শুনতে হবে । কিন্তু যদি বেঁধাক ঠাসবুনানির বিশেষ ফরমাস থাকে তা হলে সেটাও চেষ্টা করলে মন্দ হবে না ।

স্বপ্ন আমার বন্ধনহীন সজ্জাতারার সঙ্গী
মরণযাত্রীদলে,
স্বর্ণবরণ কুম্ভটিকায় অন্তশিখর লজ্জি
লুকায় মৌনতলে ।

এই কথাটা লক্ষ্য করবার বিষয় যে, হসন্তবর্ণের হ্রস্ব বা দীর্ঘ যে মাত্রাই থাক পাঠ করতে বাঙালি পাঠকের একটুও বাধে না, ছন্দের ঝোঁক আপনিই অবিলম্বে তাকে ঠিকমত চালনা করে ।

পাংলা করিয়া কাটো কাংলা মাছেরে,
উৎসুক নাংনি যে চাহিয়া আছে রে ।

এই ছড়াটা পড়তে গেলে বাঙালি নিঃসংশয়ে স্বতই খণ্ড ৯-এর পূর্ববর্তী স্বরবর্ণকে দীর্ঘ করে পড়বে । আবার যেমনি নিম্নের ছড়াটি সামনে ধরা—

পাংলা করি কাটো, প্রিয়ে, কাংলা মাছটিরে,
টাটকা তেলে ফেলে দাও সরষে আর জিরে,
ভেটকি যদি জোটে তাহে মাখো লঙ্কাবাটা,
যত্ন করে বেছে ফেলো টুকরো যত কাটা—

অমনি প্রাক-হসন্ত স্বরগুলিকে ঠেসে দিতে এক মুহূর্তও দেরি হবে না । এই যে বাংলা স্বরবর্ণের সঙ্গীভাষা, একে কোনো কড়া নিয়মের চাপে আড়ষ্ট করে তাকে সর্বত্র সমানভাবে ব্যবহারযোগ্য করা উচিত— এ মত চালালে বাংলা ভাষাকে ঝাঁকি দেওয়া হবে । শুকনো আমসস্তের মধ্যেই সামা, কিন্তু সরস আমের মধ্যে বৈচিত্র্য, ভোজে কোনটার দাম বেশি তা নিয়ে তর্ক অনাবশ্যক ।

বাংলা প্রাকৃত ভাষার কাব্যে স্বরধ্বনির যে প্রাণবান স্বচ্ছন্দতা আছে সংস্কৃত বাংলা ভাষা, যাকে আমরা সাধুভাষা বলি, তার মধ্যে পড়ে সে কেন জেনানা মেয়ের মতো দেয়ালে আটকা পড়ে গেল । তার কারণ, সংস্কৃত-বাংলা কৃত্রিম ভাষা, ওখানে বাইরের নিয়মের প্রাধান্য, তার আপন নিয়ম অনেক জায়গায় কুণ্ঠিত । সভাস্থলে একটি আসনে একটি মানুষের স্থান নির্দিষ্ট ; কারও বা দেহ ক্ষীণ, আসনে ঝাঁক থেকে যায় ; কারও বা স্থূল দেহ, আসনে ঠেসে বসতে হয় ; কিন্তু গোনাগনতি চৌকি, সীমা নির্দিষ্ট । যদি ফরাশে বসতে হত তা হলে কলেবরের তারতম্য ধরে মর্যাদার আসনের সীমানায় কমবেশি স্বাভাবিক নিয়মেই ঘটত । কিন্তু সভ্যতার মর্যাদার দিকে দৃষ্টি রেখে স্বভাবের নিয়মকে বাধানিয়মে পাকা করে দিতে হয় । তাতে কিছু পীড়ন ঘটলেও গাঙ্গীর্যের পক্ষে তার একটা সার্থকতা আছে । সেইজন্যই সভার রীতি ও ঘরের রীতিতে কিছু ভেদ থাকেই । শকুন্তলার বাকল দেখে দুষ্যন্ত বলেছিলেন : কিমিব হি মধুরাণাং মণ্ডনং নাকতীনাম । কিন্তু যখন তাঁকে রাজাস্তম্ভপু্রে নিয়েছিলেন তখন তাঁকে নিশ্চয়ই বাকল পরান নি । তখন শকুন্তলার স্বাভাবিক শোভাকে অলংকৃত করেছিলেন, সৌন্দর্যবৃদ্ধির জন্যে নয়, মর্যাদারক্ষার জন্যে । রাজরানীর সৌন্দর্য ব্যক্তিবিশেষে বিচিত্র, কিন্তু তাঁর

মর্যাদার আদর্শ সকল রাজরানীর মধ্যে এক। ওটা প্রকৃতির হাতে তৈরি নয়, রাজসমাজের দ্বারা নির্দিষ্ট। অর্থাৎ, ওটা প্রাকৃত নয়, সংস্কৃত। তাই দুব্যস্ত স্বীকার করেছিলেন বটে বনলতার দ্বারা উদ্যানলতা পরাভূত, তবু উদ্যানকে বনের আদর্শে রমণীয় করে তুলতে নিশ্চয় তাঁর সাহস হয় নি। তাই, আমি নিজে আকন্দফুল ভালোবাসি, কিন্তু আমার সাধুসমাজের মালি ঐ গাছের অঙ্কুর দেখবামাত্র উপড়ে ফেলে। সে যদি কবি হত, সাধুভাষায় ছাড়া কবিতা লিখত না। সাধুভাষার ছন্দের বাধারীতি যে-জাতীয় ছন্দে চলে এবং শোভা পায় সে হচ্ছে পয়ারজাতীয় ছন্দ। এখানে ফাঁক-ফাঁক নির্দিষ্ট আসনের উপর নানা ওজনেরই ধ্বনিকে চড়ানো নিরাপদ। এখানে ঠিক চোদ্দটা অক্ষরকে বাহন করে যুগ্ম-অযুগ্ম নানারকমের ধ্বনিই একত্র সভা জমাতে পারে।

কাব্যলীলা একদিন যখন শুরু করেছিলেন তখন বাংলাসাহিত্যে সাধুভাষারই ছিল একাধিপত্য। অর্থাৎ, তখন ছিল কাটা-কাটা পিড়িতে ভাগ-করা ছন্দ। এই আইনের অধীনে যতক্ষণ পয়ারের এলাকায় থাকি ততক্ষণ আসনপীড়া ঘটে না। কিন্তু, তিনমাত্রামূলক ছন্দের দিকে আমার কলমের একটা স্বাভাবিক ঝোক ছিল। ঐ ছন্দে প্রত্যেক অক্ষরে স্বতন্ত্র-আরুঢ় সকল ওজনেরই ধ্বনিকেই সমান দরের একক বলে ধরে নিতে বারংবার কানে বাজত। সেইজন্যে যুক্ত-অক্ষর অর্থাৎ যুগ্মধ্বনি বর্জন করবার একটা দুর্বল অভ্যাস আমাকে ক্রমেই পেয়ে বসছিল। ঠোকর খাবার ভয়ে পদগুলোকে একেবারে সমতল করে যাচ্ছিলুম। সব জায়গায় পেরে উঠি নি, কিন্তু মোটের উপর চেষ্টা ছিল। 'ছবি ও গান'-এ 'রাহুর প্রেম' কবিতা পড়লে দেখা যাবে যুক্ত-অক্ষর ঝোঁটিয়ে দেবার প্রয়াস আছে তবু তারা পাথরের টুকরোর মতো রাস্তার মাঝে মাঝে উচু হয়ে রইল। তাই যখন লিখেছিলুম—

কঠিন বাধনে চরণ বেড়িয়া
চিরকাল তোরে বব আকড়িয়া
লৌহশৃঙ্খলের ডোর—

মনে খটকা লেগেছিল, কান প্রসন্ন হয় নি। কিন্তু তখন কলম ছিল অপটু এবং অলস মন ছিল অসতর্ক। কেননা, পাঠকদের তরফ থেকে বিপদের আশঙ্কা ছিল না। তখন ছন্দের সদর রাস্তাও গ্রাম্য রাস্তার মতো এবড়ো-খেবড়ো থাকত, অভ্যাসের গতিকে কেউ সেটাকে নিন্দনীয় বলে মনেও করে নি।

অক্ষরের দাসত্বে বন্দী বলে প্রবোধচন্দ্র বাঙালি কবিদেরকে যে দোষ দিয়েছেন সেটা এই সময়কার পক্ষে কিছু অংশ খাটে। অর্থাৎ, অক্ষরের মাপ সমান রেখে ধ্বনির মাপে ইতরবিশেষ করা তখনকার শৈথিল্যের দিনে চলত, এখন চলে না। তখন পয়ারের রীতি সকল ছন্দেরই সাধারণ রীতি বলে সাহিত্যসমাজে চলে গিয়েছিল। তার প্রধান কারণ পয়ারজাতীয় ছন্দই তখন প্রধান, অনাজাতীয় অর্থাৎ ত্রৈমাত্রিক ছন্দের ব্যবহার তখন অতি অল্পই। তাই এই মাইনিরটির স্বতন্ত্র দাবি সেদিন বিধিবদ্ধ হয় নি।

তার পরে 'মানসী' লেখার সময় এল। তখন ছন্দের কান আর ধৈর্য রাখতে পারছে না। এ কথা তখন নিশ্চিত বুঝেছি যে, ছন্দের প্রধান সম্পদ যুগ্মধ্বনি; অথচ এটাও জানছি যে, পয়ারসম্প্রদায়ের বাইরে নির্বিচারে যুগ্মধ্বনির পরিবেশন চলে না।

রয়েছে পড়িয়া শৃঙ্খলে বাধা

এ লাইন-বেচারাকে পয়ারের বাধাপ্রথাটা শৃঙ্খল হয়েই বেঁধেছে, তিন মাত্রার স্বন্ধকে চার মাত্রার বোঝা বহিতে হচ্ছে। সেই 'মানসী' লেখবার বয়সে আমি যুগ্মধ্বনিকে দুই মাত্রার মূল্য দিয়ে ছন্দরচনায় প্রবৃত্ত হয়েছি।

প্রথম প্রথম পয়ারেও সেই নিয়ম প্রয়োগ করেছিলুম। অনতিকাল পরেই দেখা গেল, তার প্রয়োজন নেই। পয়ারে যুগ্মধ্বনির উপযুক্ত ফাঁক যথেষ্ট আছে। (এই প্রবন্ধে আমি ত্রিপদী প্রভৃতি পয়ার জাতীয় সমস্ত ত্রৈমাত্রিক ছন্দকেই 'পয়ার' নাম দিচ্ছি।)

পয়ারে ধ্বনিবিন্যাসের এই যে স্বচ্ছন্দতা, দুই মাত্রার লয় তার একমাত্র কারণ নয়। পয়ারের পদগুলিতে তার ধ্বনিভাগের বৈচিত্র্য একটা মস্ত কথা। সাধারণ-ভাগ হচ্ছে ৩+৩+২+৩+৩, যথা—

নিখিল আকাশভরা আলোর মহিমা
তুণের শিশির মাঝে লভিল প্রতিমা।

অন্যরকম, যথা—

তপনের পানে চেয়ে সাগরের ঢেউ
বলে ওই পুতলিরে এনে দে-না কেউ।

অথবা—

রাখি যাহা তার বোঝা কাঁধে চেপে রহে,
দিই যাহা তার ভার চরাচর বহে।

অথবা—

সারা দিবসের হায় যত কিছু আশা
রজনীর কারাগারে হারাবে কি ভাষা।

অমিত্রাক্ষর ছন্দে পয়ারের প্রবর্তন হয়েছে এই কারণেই। সে কোনো কোনো আদিম জীবের মতো বহুগ্রন্থিল, তাকে নষ্ট না করেও যেখানে-সেখানে ছিন্ন করা যায়। এই ছেদের বৈচিত্র্য থাকতেই প্রয়োজন হলে সে পদ্য হলেও গদ্যের অবন্ধ গতি অনেকটা অনুকরণ করতে পারে। সে গ্রামের মেয়ের মতো; যদিও থাকে অস্তঃপুরে, তবুও হাটে-ঘাটে তার চলাফেরায় বাধা নেই।

উপরের দৃষ্টান্তগুলিতে ধ্বনির বোঝা হালকা। যুগ্মবর্ণের ভার চাপানো যাক।

সুরাস্রনা নন্দনের নিকুঞ্জপ্রান্তরে
মন্দারমঞ্জরি তোলে চঞ্চলকঙ্কণে।
বেণীবন্ধ তরঙ্গিত কোন ছন্দ নিয়া,
স্বগবীণা গুঞ্জরিছে তাই সঙ্কানিয়া।

আধুনিক বাংলা ছন্দে সব চেয়ে দীর্ঘ পয়ার আঠারো অক্ষরে গাঁথা। তার প্রথম যতি পদের মাঝখানে আট অক্ষরের পরে, শেষ যতি দশ অক্ষরের পরে পদের শেষে। এতেও নানাপ্রকারের ভাগ চলে। তাই অমিত্রাক্ষরের লাইন-ডিঙোনো চলে এর ধ্বনিশ্রেণীকে নানারকমে কুচকাওয়াজ করানো যায়।

হিমাঙ্গি ধ্যানে যাহা। স্তব্ধ হয়ে ছিল রাত্রিদিন
সপ্তর্ষির দৃষ্টিতলে। বাক্যহীন স্তব্ধতায় লীন,
সেই নিব্বরিণীধারা। রবিকরম্পর্শে উচ্ছ্বসিতা
দিগ্দিগন্তে প্রচারিছে। অস্তহীন আনন্দের গীতা।

বাংলায় এই আর-একটি গুরুভারবহু ছন্দ। এরা সবাই মহাকাব্য বা আখ্যান বা চিন্তাগর্ভ বড়ো বড়ো কথার বাহন। ছোটো পয়ার আর এই বড়ো পয়ার, বাংলাকাব্যে এরা যেন ইন্দ্রের উচ্চৈঃশ্রবা আর ঐরাবত। অস্তত, এই বড়ো পয়ারকে গীতিকাব্যের কাজে খাটাতে গেলে বেমানান হয়। এর নিষ্ফের গড়নের মধ্যেই একটা সমারোহ আছে, সেইজন্যে এর প্রয়োজন সমারোহসূচক ব্যাপারে।

ছোটো পয়ারকে চেঁচে-ছুলে হালকা কাজে লাগানো যায়, যেমন বাঁশের কণ্ডিকে ছিপ করা চলে। পয়ারের দেহসংস্থানেই গুরুর সঙ্গে লঘুর যোগ আছে। তার প্রথম অংশে আট, দ্বিতীয় অংশে ছয়; অর্থাৎ, হালের দিকে সে চওড়া কিন্তু দাঁড়ের দিকে সরু; তাকে নিয়ে মাল-বওয়ানো যায়, বাচ-খেলানোও চলে। বড়ো পয়ারের দেহসংস্থান এর উলটো; তার প্রথমভাগে আট, শেষভাগে দশ; তার গৌরবটা ক্রমেই প্রশস্ত হয়ে উঠেছে। ছোটো পয়ারের ছিব্লেমির একটা পরিচয় দেওয়া যাক।

খুব তার বোলচাল, সাজ ফিটফাট,
তকরার হলে আর নাই মিটমাট ।
চশমায় চমকায় আড়ে চায় চোখ,
কোনো ঠাই ঠেকে নাই কোনো বড়ো লোক ।

এর ভাগগুলোকে কাটা-কাটা ছোটো-ছোটো করে হুস্বস্বরে হসস্ববর্ণে ঘনঘন ঝোক দিয়ে এর চটুলতা বাড়িয়ে দেওয়া গেছে । এখানে এটা পাতলা কিরিচের মতো । একেই আবার যুগ্মধ্বনির যোগে মজবুত করে খাড়া করে তোলা যায় ।

বাক্য তার অনর্গল মল্লসজ্জাশালী,
তর্কযুদ্ধে উগ্র তেজ, শেষ যুক্তি গালি ।
ভুক্তিপ্রচ্ছন্ন চক্ষু কটাক্ষিয়া চায়,
কৃত্রাপিও মহেশ্বের চিহ্ন নাহি পায় ।

যেখানে-সেখানে নানাপ্রকার অসমান ভার নিয়েও পয়ারের পদস্থলন হয় না, এই তত্ত্বটির মধ্যে অসামান্যতা আছে । অন্য কোনো ভাবার কোনো ছন্দে এরকম স্বচ্ছন্দতা এতটা পরিমাণে আছে বলে আমি তো জানি নে ।

এর কৌশলটা কোন্‌খানে যখন ভেবে দেখা যায় তখন দেখি, পয়ারে প্রত্যেক পদের মাঝখানে ও শেষে যে দুটো হাঁফ ছাড়বার যতি আছে সেইখানেই তার ভারসামঞ্জস্য হয়ে থাকে ।

নিঃস্বতাসংকোচে দিন | অবসন্ন হলে
নিভতে নিঃশব্দ সন্ধ্যা | নেয় তারে কোলে ।

গণনা করে দেখলে ধরা পড়ে, এই পয়ারের দুই লাইনে ধ্বনিভারের সাম্য নেই । তবু যে টলমল করতে করতে ছন্দটা কাত হয়ে পড়ে না, তার কারণ ডাইনে-বায়ে যতির লগির ঠেকা দিয়ে দিয়ে তাকে চালিয়ে নেওয়া হয় । চতুষ্পদ জন্তু যেমন তার ভারী দেহটাকে দুইজোড়া পায়ের দ্বারা দুই দিকে ঠেকাতে ঠেকাতে চলে সেইরকম । পয়ারের প্রকৃত রূপ চোদ্দটা অক্ষরে নয়, সেটা প্রথম অংশের আট অক্ষর ও দ্বিতীয় অংশের ছয় অক্ষরের পরবর্তী দুই যতিতে । অক্ষর সমস্ত দেহটা নিয়ে চলে । তার দেহে মুণ্ড এবং ধড়ের মধ্যে ভাগ নেই । ঘোড়ার দেহে সেই ভাগ আছে । তার মুণ্ডটার পরে যেখানে গলা সেখানে একটা যতি, ধড়ের শেষ ভাগে যেখানে ক্ষীণ কটি সেখানেও আর-একটা । এই বিভক্তভাবের দেহকে সামলিয়ে নিয়ে সে চার পা ফেলে চলে । পয়ারেরও সেইরকম বিশেষভাবে বিভক্ত দেহ এবং চার পা ফেলতে ফেলতে চলা । চতুষ্পদ জন্তুর দুই পায়ের সমান বিন্যাস । যদি এমন হত যে, কোনো জানোয়ারের পা দুটো ঝায়ে ডাইনে এক ফুট বেশি লম্বা তা হলে তার চলনে স্থিতির চেয়ে অস্থিতিই বেশি হত ; সুতরাং তার পিঠে সওয়ার চাপালে কোনো পক্ষেই আরাম থাকত না । ছন্দে তার একটা দৃষ্টান্ত দিই—

তরনী বেয়ে শেষে | এসেছি ভাঙা ঘাটে,
স্থলে না মেলে ঠাই | জলে না দিন কাটে ।

এ ছড়ায় প্রত্যেক লাইনে চোদ্দ অক্ষর, এবং মাঝে আর শেষে দুই যতিও আছে । তবু ওকে পয়ার বলবার জো নেই । ওর পা-ফেলার ভাগ অসমান ।

তরনী | বেয়ে শেষে ॥ এসেছি | ভাঙা ঘাটে ।

এক পায়ে তিন মাত্রা, আর-এক পায়ে চার । সাত মাত্রার পরে একটা করে যতি আছে, কিন্তু বেজোড় অক্ষর অসাম্য ঐ যতিতে পুরো বিরাম পায় না । সেইজন্যে সমস্ত পদটার মধ্যে নিয়তই একটা অস্থিরতা থাকে, যে পর্যন্ত না পদের শেষে এসে একটা সম্পূর্ণ স্থিতি ঘটে । এই অস্থিরতাই এরকম ছন্দের স্বভাব, অর্থাৎ পয়ারের ঠিক বিপরীত । এই অস্থিরতার সৌন্দর্যকে ব্যবহার করবার জন্যেই এইরকম ছন্দের রচনা । এর পিঠের উপর যেমন-তেমন করে যুগ্মধ্বনির সওয়ার চাপালে অস্থিতি ঘটে । যদি লেখা যায় ।

• সায়াহু-অঙ্ককারে এসেছি ভগ্ন ঘাটে

তা হলে ছন্দটার কোমর ভেঙে যাবে। তবুও যদি যুগ্মবর্ণ দেওয়াই মত হয় তা হলে তার জনো বিশেষভাবে জায়গা করে দিতে হবে। পয়ারের মতো উদারভাবে যেমন খুশি তার চাপিয়ে দিলেই হল না।

অঙ্করাতে যবে | বন্ধ হল দ্বার,
ঝঞ্জাবাতে ওঠে | উচ্চ হাহাকার।

মনে রাখা দরকার, এই শ্লোক অবিকৃত রেখেও এর ভাগের যদি পরিবর্তন করে পড়া যায়, দুই ভাগের বদলে প্রত্যেক লাইনে যদি তিন ভাগ বসানো যায়, তা হলে এটা আর-এক ছন্দ হয়ে যাবে। একে নিম্নলিখিত-রকম ভাগ করে পড়া যাক—

অঙ্করাতে | যবে বন্ধ | হল দ্বার,
ঝঞ্জাবাতে | ওঠে উচ্চ | হাহাকার।

পশুপক্ষীদের চলন সমান মাত্রার দুই বা চার পায়ের উপর। এই পা'কে কেবল যে চলতে হয় তা নয়, দেহভার বহিতে হয়। পদক্ষেপের সঙ্গে সঙ্গেই বিরাম আছে বলে বোঝা সামলিয়ে চলা সম্ভব। আজ পর্যন্ত জীবলোকে জুড়িওয়ালা পায়ের পরিবর্তে চাকার উদ্ভব কোথাও হল না; কেননা, চাকা না থেমে গড়িয়ে চলে, চলার সঙ্গে থামার সামঞ্জস্য তার মধ্যে নেই। দুইমূলক সমমাত্রায় দুই পায়ের চাল, তিনমূলক অসমমাত্রায় চাকার চাল। দুই-পা-ওয়ালা জীব উচুনিচু পথের বাধা ডিঙিয়ে চলে যায়, পয়ারের সেই শক্তি; চাকা বাধায় ঠেকলে ধাক্কা খায়, ত্রৈমাত্রিক ছন্দের সেই দশা। তার পথে যুগ্মস্বর যাতে বাধা হয়ে না দাঁড়ায় সেই চেষ্টা করতে হবে।

অধীর বাতাস এল সকালে,
বনেরে বৃথাই শুধু বকালে।
দিনশেষে দেখি চেয়ে,
ঝরা ফুলে মাটি ছেয়ে—
লতারে কাঙাল করে ঠকালে।

এ ছন্দ পয়ারজাতীয়, টেনিস-খেলোয়াড়ের আধা পায়জামার মতো বহরটা নীচের দিকে ছাটা। এ ছন্দে তাই যুগ্মস্বর যেমন খুশি চলে।

নবাক্ষণচন্দনের তিলকে
দিকললাট ঐকে আঁজি দিল কে।
বরণের পাত্র হাতে
উষা এল সুপ্রভাতে,
জয়শঙ্খ বেজে ওঠে ত্রিলোকে।

কিন্তু—

শরতে শিশিরবাতাস লেগে
জল ভ'রে আসে উদাসী মেঘে।
বরষন তবু হয় না কেন,
বাথা নিয়ে চেয়ে রয়েছে যেন।

এখানে তিন মাত্রার ছন্দ গড়িয়ে চলেছে। চাকার চাল, পা-ফেলার চাল নয়; তাই যুগ্মবর্ণের স্বেচ্ছাচারিতা এর সহিবে না।

চাষের সময়ে যদিও করি নি হেলা,
ভুলিয়া ছিলাম ফসল-কাটার বেলা।

পয়ারের মতোই চোদ্দটা অঙ্করে পদ, কিন্তু জাত আলাদা। তিন মাত্রার চাকায় চলেছে। পদাতিকের সঙ্গে চক্রীর মেলে না!

শ্যামলঘন | বকুলবন | ছায়ে ছায়ে
যেন কী সুর | বাজে মধুর | পায়ে পায়ে ।

এখানেও চোদ্দ অক্ষর । কিন্তু এৰ চালে পয়ারের মতো সমমাত্রার পদচারণের শাস্তি নেই বলে বিষমমাত্রার ভাগগুলি যতির মধ্যেও গতির ঝোক রেখে দেয় । খোঁড়া মানুষের চলার মতো, যতক্ষণ না লক্ষ্যস্থানে গিয়ে বসে পড়ে থেমেও ভালো করে থামতে পারে না ।

বাংলা চলতি ভাষার মূল সংস্কৃত শব্দের অনেকগুলি স্বরবর্ণই কোনোটা আধখানা কোনোটা পুরোপুরি ক্ষয়ে যাওয়াতে বাঞ্জনগুলো তাল পাকিয়ে অভ্যস্ত পরস্পরের গায়ে-পড়া হয়ে গেছে । স্বরের ধ্বনিই বাঞ্জনের ধ্বনিকে অবকাশ দেয়, তার স্বাতন্ত্র্য রক্ষা করে ; সেগুলো সরে গেলেই বাঞ্জনধ্বনি পিণ্ডীভূত হয়ে পড়ে । চলিত এবং চলতি, ঘণা এবং ঘেঞ্জা, বসতি এবং বসতি, শব্দগুলো তুলনা করে দেখলেই বোঝা যাবে । সংস্কৃত ভাষায় স্বরধ্বনির দাক্ষিণ্য, আর প্রাকৃত-বাংলায় তার কার্পণ্য, এইটাই হল দুটো ভাষার ধ্বনিগত মূল পার্থক্য । স্বরবর্ণবহুল ধ্বনিসংগীত এবং স্বরবর্ণবিরল ধ্বনিসংগীতে প্রভূত প্রভেদ । এই দুইয়েরই বিশেষ মূল্য আছে । বাঙালি কবি তাঁদের কাব্যে যথাস্থানে দুটোরই সুযোগ নিতে চান । তাঁরা ধ্বনিরসিক বলেই কোনোটাকেই বাদ দিতে ইচ্ছা করেন না ।

প্রাকৃত-বাংলার ধ্বনির বিশেষত্ববশত দেখতে পাই, তার ছন্দ তিন মাত্রার দিকেই বেশি ঝুঁকেছে । অর্থাৎ, তার তালটা স্বভাবতই একতালাজাতীয়, কাওয়ালিজাতীয় নয় ; সংস্কৃত ভাষায় এই 'তাল' শব্দটা দুই সিলেবল-এর ; বাংলায় 'ল' আপন অস্তিম্ব অকার খসিয়ে ফেলেছে, তার জায়গায় টি বা টা যোগ করে শব্দটাকে পুষ্ট করবার দিকে তার ঝোক । টি টা-এর ব্যবধান যদি না থাকে তবে ঐ নিঃস্বর ধ্বনিটি প্রতিবেশী যে-কোনো বাঞ্জন বা স্বরের সঙ্গে যুক্ত হয়ে পূর্ণতা পেতে চায় ।

রূপসাগরের তলে ডুব দিনু আমি

এটা সংস্কৃত-বাংলার ছন্দে লেখা । এখানে শব্দগুলো পরস্পর গা-ঘেষা নয় । বাংলা প্রাকৃতির অনিবার্য নিয়মে এই পদের যে শব্দগুলি হসন্ত, তারা আপনাবই স্বরধ্বনিকে প্রসারিত করে ঝোক ভরতি করে নিয়েছে । 'রূপ' এবং 'ডুব' আপন উকারধ্বনিকে টেনে বাড়িয়ে দিলে । 'সাগরের' শব্দ আপন একারকে পরবর্তী হসন্ত র-এর পশ্চুতা চাপা দিতে লাগিয়েছে । এই উপায়ে ঐ পদটার প্রত্যেক শব্দ নিজের মধ্যেই নিজের মর্যাদা বাঁচিয়ে চলেছে । অর্থাৎ এ ছন্দে ডিমক্রেসির প্রভাব নেই । এইরকমের ছন্দে দুই মাত্রার ধ্বনি আপন পদক্ষেপের প্রত্যেক পর্যায়ে যে অবকাশ পায় তা নিয়ে তার গৌরব । বস্তুত, এই অবকাশের সুযোগ গ্রহণ করে তার ধ্বনিসমারোহ বাড়িয়ে তুললে এ ছন্দের সার্থকতা । যথা—

'চেতন্য নিমগ্ন হল রূপসিঙ্কুতলে ।

প্রাকৃত-বাংলা দেখা যাক ।

রূপসাগরে ডুব দিয়েছি

অরূপ রতন আশা করে

এখানে 'রূপ' আপন হসন্ত 'প'-এর ঝোকে 'সাগরে'র 'সা'টাকে টেনে আপন করে নিয়েছে, মাঝে ব্যবধান থাকতে দেয় নি । 'রূপ-সা' তাই আপনিই তিন মাত্রা হয়ে গেল । 'সাগরে'র বাকি টুকরো রইল 'গরে' । সে আপন ওজন বাঁচাবার জন্যে 'রে'টাকে দিলে লম্বা করে, তিন মাত্রা পূরল । 'ডুব' আপনার হসন্তের টানে 'দিয়েছি'র 'দি'টাকে করলে আশ্বসাৎ । এমনি করে আগাগোড়া তিন মাত্রা জমে উঠল । হসন্ত-প্রধান ভাষা সহজেই তিন মাত্রার দানা পাকায়, এটা দেখেছি । এমন-কি, যেখানে হসন্তের ভিড় নেই সেখানেও তার ঐ একই চাল । এটা যেন তার অভ্যস্ত হয়ে মজ্জাগত হয়ে গেছে । যেমন—

অচে- | তনে- | ছিলেম | ভালো- |

আমায় | চেতন | করলি | কেনে- |

প্রাকৃত-বাংলার এই তিন মাত্রার ভঙ্গি চণ্ডীদাস জ্ঞানদাস প্রভৃতি বৈষ্ণব কবিরা সাধুভাষাতেও গ্রহণ করেছেন । যেমন—

হাসিয়া হাসিয়া মুখ নিরখিয়া
মধুর কথাটি কয় ।

ছায়ার সহিত ছায়া মিশাইতে
পথের নিকটে রয় ।

কিন্তু প্রাকৃত-বাংলার ক্রিয়াপদ নিয়ে একটু ভাববার বিষয় আছে ।
মস্তুরোবে বীরভদ্র ছুটল উর্ধ্বশ্বাসে,
ঘূর্ণিবেগে উড়ল ধুলো রক্ত সঙ্ক্যাকাশে ।

কিংবা—

ছুটল কেন মহেশ্বের আনন্দের ঘোর,
টুটল কেন উর্ধ্বশীর মঞ্জীরের ডোর ।
বৈকালে বৈশাখী এল আকাশলুঠনে,
শুকুরাতি ঢাকল মুখ মেঘাবগুঠনে ।

এদের সম্বন্ধে কী বলা যাবে ।

প্রধানত ক্রিয়াপদেরই বিশেষ রূপটাতে প্রাকৃত-বাংলার চেহারা ধরা পড়ে । উপরের ছড়াগুলিতে 'উড়ল' 'ছুটল' 'টুটল' 'ঢাকল' প্রভৃতি প্রয়োগ নিয়ে তর্কটা ছন্দের তর্ক নয়, ভাবারীতির । এইরকম ক্রিয়াপদ যদি ব্যবহার করি তবে ধরে নিতে হবে ঐ ছড়াগুলি প্রাকৃত-বাংলাতেই লেখা হচ্ছে । আমি যে প্রবন্ধ লিখছি এও প্রাকৃত-বাংলার ঠাটে । যদি আমাকে কারও সঙ্গে মুখে মুখে আলোচনা করতে হত তা হলে ঐ লেখার সঙ্গে আমার মুখের কথার কোনো তফাত থাকত না । মাঝে মাঝে অভ্যাসদোষে হয়তো ইংরেজি শব্দ মুখ দিয়ে বেরিয়ে যেত, কিন্তু কখনোই 'করিয়াছিল' 'গিয়াছে' ধরনের ক্রিয়াপদ ভুলেও ব্যবহার করতে পারতুম না । আবার প্রাকৃত-বাংলার ক্রিয়াপদ সংস্কৃত-বাংলায় ব্যবহার করাও চলে না । প্রবোধচন্দ্র 'বিচিত্রা'য় লিখেছেন যে, বাঙালি কবিরা সাহস করে কবিতায় 'করিব' 'চলিব' প্রভৃতি প্রয়োগ না করে কেন 'করব' 'চলব' প্রয়োগ না করেন । যদি প্রশ্নটার অর্থ এই হয় যে, অযথস্থানে কেন করি নে তবে তার উত্তর দেওয়া অনাবশ্যক । যদি বলেন, যথস্থানেও কেন করি নে, তবে তার উত্তরে বলব, যথস্থানে করে থাকি ।

যে তর্ক নিয়ে লেখা শুরু করেছিলেম সেটাতে ফিরে আসা যাক । বাংলায় হসন্তমধ্য শব্দগুলোয় কয় মাত্রা গণনা করা হবে, তাই নিয়ে সংশয় উঠেছে ।

যেগুলি ক্রিয়াপদ নয় সে সম্বন্ধে আমার বক্তব্য এ প্রবন্ধে গোড়াতেই আলোচনা করেছি । বলেছি, নিয়মের বিকল্প চলে ; কেননা, বাঙালির কান সাধারণ ব্যবহারে সেই বিকল্প মঞ্জুর করেছে । এ ক্ষেত্রে হিসাবে একটা মাত্রার কমবেশি নিয়ে তর্ক ওঠে না ।

চিমনি ভেঙে গেছে দেখে গিন্নি রেগে খুন ;
ঝি বলে, আমার দোষ নেই, ঠাকরুন ।

অস্তুত 'চিমনি'কে দুই মাত্রা করায় কবির দোষ হয় নি ; আবার

চিমনি ফেটেছে দেখে গৃহিনী সরোষ ;
ঝি বলে, ঠাকরুন মোর নাই কোনো দোষ ।

এরকম বিপর্যয়ও চলে । একই ছড়ায় 'চিমনি'কে এক মাত্রা গ্রেস মার্কা দেওয়া হয়েছে, অথচ 'ঠাকরুন'কে খর্ব করে তিন মাত্রায় নামানো গেল । অপরাধ ঘটেছে বলে মনে করি নি ।

কুস্তির আখড়ায় ভিত্তিকে ধরে
জল ছিটাইয়া দাও, ধূলা যাক মরে ।

অপর পক্ষে—

রাস্তা দিয়ে কুস্তিগির চলে ঘেঁষাঘেঁষি,
একটা নয় দুটো নয় একশোর বেশি ।

প্রয়োজনমত এটাও চলে, ওটাও চলে। নিখতির মাপে বিচার করতে গেলে বিশুদ্ধ ওজনের পয়ার হচ্ছে—

পালোয়ানে পালোয়ানে চলে ঘেঁষাঘেঁষি।

তাতে প্রত্যেক অক্ষর নিখুঁত এক মাত্রা, সবসুঁজু চোন্দটা। 'রাস্তা' 'কুস্তি' প্রভৃতি শব্দে ওজন বেড়ে যায়, তবুও বহুসহিষ্ণু পয়ারকে কাবু করতে পারে না।

প্রাকৃত-বাংলার ক্রিয়াপদ নিয়ে কথা হচ্ছিল। ক্রিয়াপদেই তার আপন চেহারা। ঐটুকু ছাড়া তার আর কোনো উপসর্গ নেই বললেই চলে। বাংলা-সংস্কৃত ভাষার মতো সে শুচিবায়ুগ্রস্ত নয়। ভোজে বসে গেছে ব্রাহ্মণ, তাকে পরিবেশনকর্তা জিজ্ঞাসা করলে, নিরামিষ না আমিষ। সে বললে, হৌ কর্তবৌ। তেমনি শব্দ-বাছাই নিয়ে যদি প্রাকৃত-বাংলাকে প্রশ্ন করা যায় 'কী চাই, প্রাকৃত শব্দ না সংস্কৃত শব্দ' সে বলবে, হৌ কর্তবৌ। তার জাতবিচার নেই বললেই হয়। পছন্দ হবামাত্র ইংরেজি পারসি সব শব্দই সে আত্মসাৎ করে। আবার অমরকোষবিহারী বড়ো বড়ো বহুরওয়াল সংস্কৃত শব্দকে ওদেরই ভিড়ের মধ্যে মিলিয়ে নেয়। সংস্কৃত ভাষার প্রতি সত্ৰমবশত তার মুখে বাধবে না—

রূপযৌবন উপটৌকন দেবেন কন্যা তাহারে,

তাই পরেছেন চীনাংগকের পটুবসন বাহারে।

নন-কো-অপারেশনের দিনেও ইংরেজি শব্দ চালিয়ে দিতে পিকেটিঙের ভয় নেই। যথা—

আইডিয়াল নিয়ে থাকে, নাহি চড়ে হাঁড়ি,

প্রাক্টিক্যাল লোকে বলে, এ যে বাড়াবাড়ি।

শিবনেত্র হল বুঝি, এইবার মোলো,

অক্সিজেন নাকে দিয়ে চাক্সা করে ভোলো।

কিন্তু সংস্কৃত-বাংলায় বাছবিচার খুব কড়া। আধুনিকদের হাতে পড়ে স্রেজ্জপনা কিছু-কিছু সয়ে গেছে; কিন্তু সেটুকু বড়োজোর বাইরের রোয়াকে, ভিতরমহলে রীতরক্ষা সম্বন্ধে কষাকষি।

কর্ণে দিলা কুম্কাফুল, নাসিকায় নথ,

অঙ্গসজ্জাসমাধানে ভূরি মেহন্নৎ।

এটাকে প্রহসন বলে পাঠক হয়তো মাপ করতে পারেন, কিন্তু প্রাকৃত-বাংলায় এইরকম ভিন্নপর্যায়ের শব্দগুলো যখন কাছাকাছি বসানো যায় তাদের আওয়াজের মধ্যে অত্যন্ত বেশি বেমিল হয় না। আমার এই গদ্যপ্রবন্ধ পড়ে দেখলে পাঠকেরা সেটা লক্ষ্য করতে পারবেন। কিন্তু এটাও দেখে থাকবেন, এটার মধ্যে 'করিব' 'করিয়াছে' 'করিয়াছিল' প্রভৃতি ক্রিয়ারূপ কলমের কোনো ভুলে ঢুকে পড়বার কোনো সম্ভাবনা নেই। সেইজন্যে আমরা বাংলায় সংস্কৃতে ও প্রাকৃতে দুই ভিন্ন নিয়মেই চলি, তার অন্যথা করা অসম্ভব। তাই বাংলা কাব্যে এই দুই ভাষার ধারায় ছন্দের রীতি যদি দুই ভিন্ন পথ নিয়ে থাকে তবে সেই আপত্তিতে শুদ্ধির গোময়লেপনে সমস্ত একাকার করবার পক্ষপাতী আমি নই। আমি বলি, হৌ কর্তবৌ। কারণ, ছন্দের এই দ্বিবিধ রসেই আমার রসনার লোভ।'

মাঘ ১৩৩৮

ছন্দের মাত্রা

বহুকাল পূর্বে একটি গান রচনা করেছিলাম। 'সবুজ পত্র' সেটি উদ্ধৃত হয়েছিল।

আধার রজনী পোহালো,
জগৎ পুরিল পুলকে,
বিমল প্রভাতকিরণে
মিলিল দ্যুলোক ভুলোকে।

তা ছাড়া এই ছন্দে পরবর্তী কালে দুই-একটি শ্লোক লিখেছিলুম। যথা—
গোড়াতেই ঢাক বাজনা,
কাজ করা তার কাজ না।

আর-একটি—

শক্তিহীনের দাপনি
আপনারে মারে আপনি।

বলা বাহুল্য এগুলি ৯ মাত্রার চালে লেখা।

'সবুজ পত্র'র প্রবন্ধে তার পরে দেখিয়েছিলুম ধ্বনিসংখ্যার কতরকম হেরফের করে এই ছন্দের বৈচিত্র্য ঘটতে পারে, অর্থাৎ তার চলন কত ভঙ্গির হয়। তাতে যে দৃষ্টান্ত রচনা করেছিলাম তার পুনরুক্তি না করে নতুন বাণী প্রয়োগ করা যাক।

এইখানে বলে রাখা ভালো এই প্রবন্ধে ব্যবহৃত উদাহরণগুলিতে প্রত্যেক ভাগে তাল দিলে ছন্দের পার্থক্য ধরা সহজ হয়।

উপরের ছন্দে ৩+৩+৩-এর লয়। নীচের ছন্দে ৩+২+৪-এর লয়।

আসন | দিলে | অনাহুতে,
ভাষণ | দিলে | বীণাতানে,
বুঝি গো | তুমি | মেঘদূতে |
পাঠায়ে | ছিলে | মোর পানে।

বাদল রাতি এল যবে
বসিয়াছিঁ একা একা,
গভীর গুরু গুরু রবে
কী ছবি মনে দিল দেখা।

পথের কথা পূবে হাওয়া
কহিল মোরে থেকে থেকে ;
উদাস হয়ে চলে যাওয়া,
খাপামি সেই রোধিবে কে।

আমার তুমি অচেনা যে
সে কথা নাহি মানে হিয়া,
তোমারে কবে মনোমাঝে
জেনেছি আমি না জানিয়া

ফুলের ডালি কোলে দিনু,
বসিয়াছিলে একাকিনী,

তখনি ডেকে বলেছিঁ,
তোমারে চিনি, ওগো চিনি ॥

তার পরে ৪+৩+২—

বলেছিলু | বসিতে | কাছে,
 দেবে কিছু | ছিল না | আশা,
 দেব বলে | যেজন | যাচে
 বুঝিলে না | তাহারো | ভাষা ।
 শুকতারা | চাঁদের সাধি
 বলে, “প্রভু, বেসেছি ভালো,
 নিয়ে যেয়ো আমার বাতি
 যেথা যাবে তোমার আলো ।”
 ফুল বলে, “দখিনহাওয়া,
 বাধিব না বাহুর ডোরে,
 ক্ষণতরে তোমারে পাওয়া
 চিরতরে দেওয়া যে মোরে ।”

তার পরে ৩+৬—

বিজুলি | কোথা হতে এলে,
 তোমারে | কে রাখিবে বেধে ।
 মেঘের | বুক চিরি গেলে
 অভাগা | মরে কেঁদে কেঁদে ।
 আগুনে গাথা মণিহারে
 ক্ষণেক সাজায়েছ যারে,
 প্রভাতে মরে হাহাকারে
 বিফল রজনীর খেদে ।

দেখা যাক ৪+৫—

মোর বনে | ওগো গরবী,
 এলে যদি | পথ ভুলিয়া,
 তবে মোর | রাখা করবী
 নিজ হাতে | নিয়ো তুলিয়া ।

আর-একটা—

জলে ভরা | নয়নপাতে
 বাজিতেছে | মেঘরাগিনী,
 কী লাগিয়া | বিজনরাতে
 উড়ে হিয়া, | হে বিবাগিনী ।
 স্নান মুখে | মিলালো হাসি,
 গলে দোলে | নবমালিকা ।
 ধরাভলে | কী ভুলে আসি
 সুর ভোলে | সুরবালিকা ।

তার পরে ৪+৪+১ । বলে রাখা ভালো এই ছন্দটি পড়বার সময় সবশেষ ধ্বনিটিকে বিচ্ছিন্ন করতে হবে ।

বারে বারে | যায় চলি | যা,
 ভাসায় ন | য়নীরে | সে,

বিরহের | ছলে ছলি | যা
 মিলনের | লাগি ফিরে | সে ।
 যায় নয়নের আড়া লে,
 আসে হৃদয়ের মাঝে গো ।
 বাশিটরে পায়ে মাড়া লে
 বুকে তার সুর বাজে গো ।
 ফুলমালা গেল শুকা য়ে,
 দীপ নিবে গেল বাতা সে,
 মোর ব্যথাখানি মুকা য়ে
 মনে তার রহে গাথা সে ।
 যাবার বেলায় দুয়া রে
 তালা ভেঙে নেয় ছিনি য়ে,
 ফিরিবার পথ উহা রে
 ভাঙা দ্বার দেয় চিনি য়ে ॥

৩+২+৪-এর লয় পূর্বে দেখানো হয়েছে । ৫+৪-এর লয় এখানে দেওয়া গেল ।

আলো এল যে | দ্বারে তব,
 ওগো মাধবী | বনছায়া ।
 দৌহে মিলিয়া | নবনব
 তুণে বিছায়ে | গাথো মায়া ।
 চাপা, তোমার আঙিনাতে
 ফেরে বাতাস কাছে কাছে ;
 আজি ফাগুনে একসাথে
 দোলা লাগিয়ো নাচে নাচে ॥
 বধু, তোমার দেহলিতে
 বর আসিছে দেখিছ কি ।
 আজি তাহার বাশরিতে
 হিয়া মিলায়ে দিয়ো, সখি ।

৬+৩-এর ঠাটেও ৯ মাত্রাকে সাজানো চলে । যেমন—

সেতারের তারে | ধানশী
 মিড়ে মিড়ে উঠে | বাজিয়া ।
 গোধূলির রাগে | মানসী
 সুরে যেন এল | সাজিয়া ।

আর-একটা—

তৃতীয়ার চাদ | ঝাকা সে,
 আপনারে দেখে | ঝাকা সে ।
 তারাদের পানে | ডাকিয়ে
 কার নাম যায় | ডাকিয়ে,
 সাধি নাহি পায় | আকাশে ।

এতক্ষণ এই যে ৯ মাত্রার ছন্দটাকে নিয়ে নয়-ছয় করছিলুম সেটা বাহাদুরি করবার জন্যে নয়, প্রমাণ করবার জন্যে যে এতে বিশেষ বাহাদুরি নেই। ইংরেজি ছন্দে একসেন্টের প্রত্যাব ; সংস্কৃত ছন্দে দীর্ঘস্থলের সুনির্দিষ্ট ভাগ। বাংলায় তা নেই, এইজন্যে লয়ের দাবিরক্ষা ছাড়া বাংলা ছন্দে মাত্রা বাড়িয়ে-কমিয়ে চলার আর-কোনো বাধা নেই। 'জল পড়ে পাতা নড়ে' থেকে আরম্ভ করে পাঁচ ছয় সাত আট নয় দশ মাত্রা পর্যন্ত বাংলা ছন্দে আমরা দেখি। এই সুযোগে কেউ বলতে পারেন, এগারো মাত্রায় ছন্দ বানিয়ে নতুন কীর্তি স্থাপন করব। আমি বলি, তা করো কিন্তু পুলকিত হোরো না, কেননা কাজটা নিতান্তই সহজ। দশ মাত্রার পরে আর-একটা মাত্রা যোগ করা একেবারেই দুঃসাধ্য ব্যাপার নয়। যেমন—

চামেলির ঘনছায়া-বিতানে
বনবীণা বেজে ওঠে কী তানে।
স্বপনে মগন সেখা মালিনী
কুসুমমালায় গাঁথা লিথানে ॥

অন্যরকমের মাত্রাভাগ করতে চাও সেও কঠিন নয়। যেমন—

মিলনসুলগনে | কেন বল,
নয়ন করে তোর | ছলছল।
বিদায়দিনে যবে | ফাটে বুক,
সেদিনো দেখেছি তো | হাম্বিমুখ।

তার পরে তেরো মাত্রার প্রস্তাবটা শুনতে লাগে ঝাপছাড়া এবং নতুন, কিন্তু পয়ার থেকে এক মাত্রা হরণ করতে দুঃসাহসের দরকার হয় না। সে কাজ অনেকবার করেছি, তা নিয়ে নালিশ ওঠে নি। যথা—

গগনে গরজে মেঘ, ঘন বরষা।

এক মাত্রা যোগ করে পয়ারের জ্যতিবৃদ্ধি করাও খুবই সহজ। যথা—

হে বীর, জীবন দিয়ে মরণেরে জিনিলে,
নিজেরে নিঃশ্ব করি বিশ্বেরে কিনিলে।

ষোলো মাত্রার ছন্দ দুর্লভ নয়। অতএব দেখা যাক সতেরো মাত্রা—

নদীতীরে দুই | কূলে কূলে |
কাশবন দু'লি | ছে।
পূর্ণিমা তারি | ফুলে ফুলে |
আপনারে ভুলি | ছে।

আঠারো মাত্রার ছন্দ সুপরিচিত। তার পরে উনিশ—

ঘন মেঘভার গগনতলে,
বনে বনে ছায়া তারি,
একাকিনী বসি নয়নজলে
কোন বিরহিণী নারী।

তার পরে কুড়ি মাত্রার ছন্দ সুপ্রচলিত। একুশ মাত্রা, যথা—

বিচলিত কেন মাধবীশাখা,
মঞ্জরি কাঁপে থরথর।
কোন কথা তার পাতায় ঢাকা
চুপিচুপি করে মরমর।

তার পরে— আর কাজ নেই। বোধ হয় যথেষ্ট প্রমাণ করতে পেরেছি যে, বাংলায় নতুন ছন্দ তৈরি করতে অসাধারণ নৈপুণ্যের দরকার করে না।

সংস্কৃত ভাষায় নূতন ছন্দ বানানো সহজ নয়, পুরানো ছন্দ রক্ষা করাও কঠিন। যথানিয়মে দীর্ঘত্ব স্বরের পর্যায় বেধে তার সংগীত। বাংলায় সেই দীর্ঘত্বনিষ্ঠালিকে দুইমাত্রায় বিল্লিষ্ট করে একটা ছন্দ দাঁড় করানো যেতে পারে, কিন্তু তার মধ্যে মূলের মর্যাদা থাকবে না। মন্দাক্রান্তার বাংলা রূপান্তর দেখলেই তা বোঝা যাবে।

যক্ষ সে কোনো জনা আছিল আনমনা, সেবার অপরাধে প্রভুশাপে
হয়েছে বিলয়গত মহিমা ছিল যত, বরষকাল যাপে দুখতাপে।
নির্জন রামগিরি শিখরে মরে ফিরি একাকী দূরবাসী প্রিয়াহারা
যেথায় শীতল ছায় করনা বহি যায় সীতার স্নানপূত ক্ললধারা।
মাস পরে কাটে মাস, প্রবাসে করে বাস প্রেয়সীবিচ্ছেদে রিমলিন ;
কনকবলয়-খসা বাহুর কীণ দশা, বিরহদুখে হল বলহীন।
একদা আবাঢ় মাসে প্রথম দিন আসে, যক্ষ নিরখিল গিরি'পর
ঘনঘোর মেঘ এসে লেগেছে সানুদেশে, দস্ত হানে যেন করিবর।

কার্তিক ১৩৩৯

২

উপরের প্রবন্ধে লিখেছি 'আধার রজনী পোহালো' গানটি নয় মাত্রার ছন্দে রচিত।

ছন্দতত্ত্বে প্রবীণ অমূল্যাবাবু ওর নয়-মাত্রিকতার দাবি একেবারে নামঞ্জুর করে দিলেন। আর কারো হাত থেকে এ রায় এলে তাকে আপিল করবার যোগ্য বলেও গণ্য করতুম না, এ ক্ষেত্রে ধাধা লাগিয়ে দিলে। রাস্তার লোক এসে যদি আমাকে বলে তোমার হাতে পাঁচটা আঙুল নেই, তা হলে মনে উদ্বেগের কোনো কারণ ঘটে না। কিন্তু, শারীরতত্ত্ববিদ এসে যদি এই সংবাদটা জানিয়ে যান তা হলে দশবার করে নিজের আঙুল গুনে দেখি, মনে ভয় হয়, অঙ্ক বুঝি ভুলে গেছি। অবশেষে নিতান্ত হতাশ হয়ে স্থির করি, যে-কটাকে এতদিন আঙুল বলে নিশ্চিত ছিলুম বৈজ্ঞানিক মতে তার সব-কটা আঙুলই নয়; হয়তো শাস্ত্রবিচারে জানা যাবে যে, আমার আঙুল আছে মাত্র তিনটি, বাকি দুটো বুড়ো আঙুল আর কড়ে আঙুল, তারা হরিজন-শ্রেণীয়।

বর্তমান তর্কে আমার মনে সেইরকম উদ্বেগ জন্মেছে। 'আধার রজনী পোহালো' চরণের মাত্রাসংখ্যা যে দিক থেকে যেমন করে গ'নে দেখি, নয় মাত্রায় গিয়ে ঠেকে। অমূল্যাবাবু বললেন, এটা তো নয় মাত্রার ছন্দ নয়ই, বাংলা ভাষায় আজও নয় মাত্রার উদ্ভব হয় নি, হয়তো নিরবধিকালে কোনো এক সময়ে হতেও পারে। তিনি বলেন, বাংলা ছন্দ দশ মাত্রাকে মেনেছে, নয় মাত্রাকে মানে নি। এ কথায় আরো আমার ধাধা লাগল।

অমূল্যাবাবু পরীক্ষা করে বলছেন, এ ছন্দে জোড়ের চিহ্ন স্পষ্ট দেখা যাচ্ছে। 'আধার রজনী' পর্যন্ত এক পর্ব, এইখানে একটা ফাঁক; তার পরে 'পোহালো' শব্দে তিন মাত্রার একটা পদ পর্বান্ত; তার পরে পুরো যতি। অর্থাৎ, এ ছন্দে ছয় মাত্রারই প্রাধান্য। এর ধড়টা ছয় মাত্রার, ল্যাজটা তিন মাত্রার। চোখ দিয়ে এক পঙ্ক্তিতে নয় মাত্রা দেখা যাচ্ছে বটে, কিন্তু অমূল্যাবাবুর মতে, কান দিয়ে দেখলে ওর দুটো অসমান ভাগ বেরিয়ে পড়ে।

এর থেকে বোঝা যাচ্ছে, আমার অঙ্কবিদ্যায় আমি যে সংখ্যাকে ৯ বলি অমূল্যাবাবুর অঙ্কশাস্ত্রেও তাকেই ৯ বলে বটে, কিন্তু ছন্দের মাত্রানির্ণয় সম্বন্ধে তাঁর পদ্ধতির সঙ্গে আমার পদ্ধতির মূলেই প্রভেদ আছে। কথটা পরিষ্কার করে নেওয়া ভালো।

পৃথিবী চলেছে, তার একটা ছন্দ আছে। অর্থাৎ, তার গতিকে মাত্রাসংখ্যায় ভাগ করা যায়। এই ছন্দের পূর্ণায়তনকে নির্ণয় করব কোন লক্ষণ মতে। পৃথিবী নিয়মিত কালে সূর্যকে প্রদক্ষিণ করে।

আমাদের পঞ্জিকা-অনুসারে পয়লা বৈশাখ থেকে আরম্ভ করে চৈত্রসংক্রান্তিতে তার আবর্তনের এক পর্যায় শেষ হয়, তার পরে আবার সেই পরিমিতকালে পয়লা বৈশাখ থেকে পুনর্বার তার আবর্তন শুরু হয়। এই পুনরাবর্তনের দিকে লক্ষ করে আমরা বলতে পারি, পৃথিবীর সূর্যপ্রদক্ষিণের মাত্রাসংখ্যা ৩৬৫ দিন।

মহাভারতের কথা অমৃতসমান,
কাশীরামদাস কহে শুনে পুণ্যবান।

এই ছন্দের যাত্রাপথে পুনরাবর্তন আরম্ভ হয়েছে কোথায় সে তো জানা কথা। সেই অনুসারে সর্বজনে বলে থাকে, এর মাত্রাসংখ্যা চোদ্দ। বলা বাহুল্য, এই চোদ্দ মাত্রা একটা অখণ্ড নিরেট পদার্থ নয়। এর মধ্যে জোড় দেখা যায়, সেই জোড় আট মাত্রার অবসানে, অর্থাৎ 'মহাভারতের কথা' একটুখানি দাঁড়িয়েছে যেখানে এসে। পয়ারে এই দাঁড়বার আড্ডা দু জায়গায়, প্রথম আট ধ্বনিমাত্রার পরে ও শেষার্ধের ছয় ধ্বনি মাত্রার ও দুই যতিমাত্রার শেষে। পৃথিবীর প্রদক্ষিণ-ছন্দের মধ্যেও দুইভাগ আছে, উত্তরায়ণ ও দক্ষিণায়ন। যতি-সমেত ষোলো মাত্রা পয়ারেও তেমনি আছে উত্তরভাগ ও দক্ষিণভাগ, কিন্তু সেই দুটি ভাগ সমগ্রেরই অন্তর্গত।

মহাভারতের বাণী
অমৃতসমান মানি,
কাশীরামদাস ভনে
শোনে তাহা সর্বজনে।

যদিও পয়ারের সঙ্গে এর ঘনিষ্ঠ সম্বন্ধ তবু একে অন্য ছন্দ বলব, কারণ এর পুনরাবর্তন আট মাত্রায়, ষোলো মাত্রায় নয়।

আধার রজনী পোহালো,
জগৎ পুরিল পুলকে।

এই ছন্দের আবর্তন ছয় মাত্রার পর্যায়ে ঘটে না, তার কক্ষপথ সম্পূর্ণ হয়েছে ৯ মাত্রায়। নয় মাত্রায় তার প্রদক্ষিণ নিজেকে বারে বারে বহুগুণিত করছে। এই নয় মাত্রায় 'মাঝে-মাঝে' সমভাগে জোড়ের বিচ্ছেদ আছে। সেই জোড় ছয় মাত্রায় না, তিন মাত্রায়।

এই ছন্দের লক্ষণ কী। প্রশ্নের উত্তর এই যে, এর পূর্ণভাগ নয় মাত্রা নিয়ে, আংশিক ভাগ তিন, এবং সেই প্রত্যেক ভাগের মাত্রাসংখ্যা তিন। কোনো পাঠক যদি ছয় মাত্রার পরে এসে হাঁপ ছাড়েন, তাঁকে বাধা দেবার কোনো দণ্ডবিধি নেই; সুতরাং সেটা তিনি নিজের স্বচ্ছন্দেই করবেন, আমার ছন্দে করবেন না। আমার ছন্দের লক্ষণ এই— প্রত্যেক পদে তিন কলা, প্রত্যেক কলায় তিন মাত্রা, অতএব সমগ্র পদের মাত্রাসংখ্যা ৯। অমূল্যবাবু এটিকে নিয়ে যে ছন্দ বানিয়েছেন তার প্রত্যেক পদে দুই কলা। প্রথম কলার মাত্রাসংখ্যা ছয়, দ্বিতীয় কলার তিন, অতএব সমগ্র পদের মাত্রাসংখ্যা ৯। দুটি ছন্দেরই মোট আয়তন একই হবে, কানে শোনাতে ভিন্নরকম।

ছান্দসিক যাই বলুন, এখানে ছন্দরচয়িতা হিসাবে আমার আবেদন আছে। ছন্দের তত্ত্ব সম্বন্ধে আমি যা বলি সেটা আমার অশিক্ষিত বলা, সুতরাং তাতে দোষ স্পর্শ করতে পারে; কিন্তু ছন্দের রস সম্বন্ধে আমি যদি কিছু আলোচনা করি, সংকোচ করব না, কেননা ছন্দসৃষ্টিতে অশিক্ষিতপটুত্বের মূল্য উপেক্ষা করবার নয়। 'আধার রজনী পোহালো' রচনাকালে আমার কান যে আনন্দ পেয়েছিল সেটা অনাছন্দোজ্জনিত আনন্দ থেকে বিশেষভাবে স্বতন্ত্র। কারণটা বলি।

অন্যত্র বলেছি, দুই মাত্রায় স্বৈর্য আছে, কিন্তু বেজোড় বলেই তিন মাত্রা অস্থির। ত্রৈমাত্রিক ছন্দে সেই অস্থিরতার বেগটাকে বিশেষভাবে ব্যবহার করা হয়।

বিংশতি কোটি মানবের বাস
এ ভারতভূমি যবনের দাস
রয়েছে পড়িয়া শৃঙ্খলে বাধা।

এ ছন্দে শব্দগুলি পরস্পরকে অস্থিরভাবে ঠেলা দিচ্ছে। একে জোড়মাত্রার ছন্দে রূপান্তরিত করা যাক।

যেথায় বিংশতি কোটি মানবের বাস
সেই তো ভারতবর্ষ যবনের দাস
শৃঙ্খলেতে বাধা পড়ে আছে।

এর চালটা শাস্ত্র।

আলোচ্য নয় মাত্রার ছন্দে তিন সংখ্যার অস্থিরতা শেষ পর্যন্তই রয়ে গেছে। সেটা উচিত নয়, ছয় মাত্রার পরে থামবার একটুখানি অবকাশ দেওয়া ভালো— এমন তর্ক তোলা যেতে পারে। কিন্তু ছন্দের সিদ্ধান্ত তর্কে হয় না, ওটার মীমাংসা কানে। সৌভাগ্যক্রমে এ সভায় সুযোগ পেয়েছি কানের দরবারে আরজি পেশ করবার। নয় মাত্রার চঞ্চল ভঙ্গিতে কান সায় দিচ্ছে না, এ কথা যদি সুধীজন বলেন তা হলে অগত্যা চূপ করে যাব, কিন্তু তবুও নিজের কানের স্বীকৃতিকে অশ্রদ্ধা করতে পারব না।

‘আধার রজনী পোহালো’ কবিতাটি গানরূপে রচিত। সংগীতাচার্য ভীমরাও শাস্ত্রী মৃদঙ্গের বোলে একে যে তালের রূপ দিয়েছিলেন তাতে দুটি আঘাত এবং একটি ঝাঁক। যথা—

১ ২ ০
আধার | রজনী | পোহালো।

এ কথা সকলেরই জানা আছে যে, ঝাঁকটা তালের শেষ ঝাঁক, তার পরে পুনরাবর্তন। এই গানের স্বাভাবিক ঝাঁক প্রত্যেক তিন মাত্রায় এবং এর তালের অর্থাৎ ছন্দের সম্পূর্ণতা তিনমাত্রাঘটিত তিন ভাগে। অমূল্যবাবু বা শৈলেন্দ্রবাবু যদি অন্য কোনো রকমের ভাগ ইচ্ছা করেন তবে রচয়িতার ইচ্ছার সঙ্গে তার ঐক্য হবে না, এর বেশি আমার আর কিছু বলবার নাই।

উত্তরদিগন্ত ব্যাপি দেবতাছায়া হিমাদ্রি বিরাজে,
দুই প্রান্তে দুই সিঁধু, মানদণ্ড যেন তারি মাঝে ;

এই ছন্দকে আঠারো মাত্রা যখন বলি তখন সমগ্র পদের মাত্রাসংখ্যা গণনা করেই বলে থাকি। আট মাত্রার পরে এর একটা সুস্পষ্ট বিরাম আছে বলে এর আঠারো মাত্রার সীমানার বিরুদ্ধে নালিশ চলেনা।

আমাদের হাতে তিন পর্ব আছে। মণিবন্ধ পর্যন্ত এক ; এটি ছোটো পর্ব ; কনুই পর্যন্ত দুই ; কনুই থেকে কাঁধ পর্যন্ত তিন ; যাকে আমরা সমগ্র বাহু বলি সে এই তিন পর্ব মিলিয়ে। আমাদের দেহে এক বাহু অন্য বাহুর অবিকল পুনরাবৃত্তি। প্রত্যেক ছন্দেরই এমনিভাবে একটি সম্পূর্ণ রূপকল্প অর্থাৎ প্যাটার্ন আছে। ছন্দোবদ্ধ কাব্যে সেই প্যাটার্নকেই পুনঃপুনিত করে। সেই প্যাটার্নের সম্পূর্ণ সীমার মধ্যেই তার নানা পর্ব পর্বাক্রম প্রভৃতি যা-কিছু। সেই সমগ্র প্যাটার্নের মাত্রাই সেই ছন্দের মাত্রা। ‘আধার রজনী পোহালো’ গানটিকে এইজন্যেই নয় মাত্রার বলেছি। যেহেতু প্রত্যেক নয় মাত্রাকে নিয়েই তার পুনঃপুন আবর্তন।

কোন ছন্দ কী রকম ভাগ করে পড়তে হবে, এ নিয়ে মতান্তর হওয়া অসম্ভব নয়। পুরাতন ছন্দগুলির নাম-অনুসারে সংজ্ঞা আছে। নতুন ছন্দের নামকরণ হয় নি। এইজন্যে তার আবৃত্তির কোনো নিশ্চিত নির্দেশ নেই। কবির কল্পনা এবং পাঠকের রুচিতে যদি অনৈক্য হয় তবে কোনো আইন নেই যা নিয়ে নালিশ চলতে পারে। বর্তমান প্রসঙ্গে আমার বক্তব্য এই যে, আমি যখন স্পষ্টতই আমার কোনো কাব্যের ছন্দকে নয় মাত্রার বলছি তখন সেটা অনুসরণ করাই বিহিত। হতে পারে তাতে কানের তৃপ্তি হবে না। না যদি হয় তবে সে দায় কবির। কবিকে নিন্দা করবার অধিকার সকলেরই আছে, তার রচনাকে সংশোধন করবার অধিকার কারও নেই।

এই উপলক্ষে একটা গল্প মনে পড়ছে। গল্পটা বানানো নয়। পার্লামেন্টে দর্শকদের বসবার আসনে দুটি শ্রেণীভাগ আছে। সম্মুখভাগের আসনে বসেন যারা খ্যাতনামা, পশ্চাতের ভাগে বসেন অপর-সাধারণ। দুই বিভাগের মাঝখানে কেবল একটিমাত্র দড়ি বাধা। একজন ভারতীয় দর্শক সেই

সামনের দিক নির্দেশ করে প্রহরীকে জিজ্ঞাসা করেছিলেন : Can I go over there ? প্রহরী উত্তর করেছিল : Yes, sir, you can but you mayn't.

ছন্দেও যতিবিভাগ সম্বন্ধে কোনো কোনো ক্ষেত্রে can-এর নিষেধ বলবান নয়, কিন্তু তবু may-র নিষেধ স্বীকার্য। একটা দৃষ্টান্ত দেখা যাক। পাঠকমহলে স্বনামখ্যাত পয়ার ছন্দের একটা পাকা পরিচয় আছে, এইজন্যে তার পদে কোথায় আধা যতি কোথায় পুরো যতি তা নিয়ে বচসার আশঙ্কা নেই। নিম্নলিখিত কবিতার চেহারা অবিকল পয়ারের। সেই চোখের দলিলের জোরে তার সঙ্গে পয়ারের চালে ব্যবহার অবৈধ হয় না।

মাথা তুলে তুমি যবে চল তব রথে
তাকাও না কোথা আমি ফিরি পথে পথে,
অবসাদজাল মোরে ঘেরে পায় পায়।
মনে পড়ে, এই হাতে নিয়েছিলে সেবা,
তবু হয় আজ মোরে চিনিবে সে কেবা,
তোমারি চাকার ধূলা মোরে ঢেকে যায়।

কিন্তু যদি পয়ার নাম বদলিয়ে এর নাম দেওয়া যায় 'ষড়ঙ্গী' এবং এর যথোচিত সংজ্ঞা নির্দেশ করি তা হলে বিনা প্রতিবাদে নিম্নলিখিত ভাগেই একে পড়া উচিত হবে।

মাথা তুলে তুমি
যবে চল তব
রথে
তাকাও না কোথা
আমি ফিরি পথে
পথে,
অবসাদজাল
ঘেরে মোরে পায়
পায়।
মনে পড়ে, এই
হাতে নিয়েছিলে
সেবা—
তবু হয় আজ
মোরে চিনিবে সে
কেবা—
তোমারি চাকার
ধূলা মোরে ঢেকে
যায়।

এর প্রত্যেক পদে ১৪ মাত্রা, ৩ কলা, সেই কলার মাত্রাসংখ্যা যথাক্রমে ৬, ৬, ২।

অমূল্যবাবুর মতে, বাংলায় নয় মাত্রার ছন্দ নেই, আছে দশ মাত্রার, কিন্তু দশ মাত্রার উর্ধ্ব আর ছন্দ চলে না। আমি অনেক চিন্তা করেও তাঁর এই মতের তাৎপর্য বুঝতে পারি নি। একাদিক্রমে মাত্রাগণনা গণিতশাস্ত্রের সব চেয়ে সহজ কাজ, তাতেও যদি তিনি বাধা দেন তা হলে বুঝতে হবে, তাঁর মতে গণনার বাইরে আরো কিছু গণ্য করবার আছে। হয়তো মোট মাত্রার ভাগগুলো নিয়ে তর্ক। ভাগ সকল ছন্দেই আছে। দশ মাত্রার ছন্দ, যথা—

প্রাণে মোর আছে তার বাণী,
তার বেশি তারে নাহি জানি।

এর সহজ ভাগ এই—

প্রাণে মোর
আছে তার
বাণী ।

একে অন্যরকমেও ভাগ করা চলে । যথা—

প্রাণে মোর আছে
তার বাণী ।

অথবা 'প্রাণে' শব্দটাকে একটু আড় করে রেখে—

প্রাণে
মোর আছে তার
বাণী ।

এই তিনটেই ১০ মাত্রার ছন্দের ভিন্ন ভিন্ন রূপ । তা হলেই দেখা যাচ্ছে ছন্দকে চিনতে হলে প্রথম দেখা চাই, তার পদের মোট মাত্রা, তার পরে তার কলাসংখ্যা, তার পরে প্রত্যেক কলার মাত্রা ।

১ ২
সংকল বেলা | কাটিয়া গেল, |
৩ ৪
বিকাল নাহি | যায় ।

এই ছন্দের প্রত্যেক পদে ১৭ মাত্রা । এর ৪ কলা । অন্ত্য কলাটিতে দুই ও অন্য তিনটি কলায় পাঁচ-পাঁচ মাত্রা । এই ১৭ মাত্রা বজায় রেখে অন্যজাতীয় ছন্দ রচনা চলে কলাবৈচিত্র্যের দ্বারা । যথা—

১ ২ ৩
মন চায় | চলে আসে | কাছে, |
৪ ৫
তবুও পা | চলে না ।
বলিবার | কত কথা | আছে, |
তবু কথা | বলে না ।

এ ছন্দে পদের মাত্রা ১৭, কলার সংখ্যা ৫, তার মাত্রাসংখ্যা যথাক্রমে— ৪+৪+২+৪+৩ । আঠারো মাত্রার দীর্ঘপয়ারে প্রথম আট মাত্রার পরে যেমন স্পষ্ট যতি আছে, এই ছন্দের প্রথম দশ মাত্রার পরে ভেঁমনি ।

নয়নে | নিঠুর | চাহনি |
হৃদয়ে | করুণা | ঢাকা ।
গভীর | প্রেমের | কাহিনী |
গোপন | করিয়া | রাখা ।

এরও পদের মাত্রা ১৭, কলার সংখ্যা ৬, শেষ কলাটি ছাড়া প্রত্যেক কলার মাত্রা ৩ ।

১ ২ ৩ ৪
অস্তুর তার | কী বলিতে চায় | চঞ্চল চর | নে,
কঠোর হার | নয়ন ডুবায় | চম্পক বর | নে ।

এরও সমগ্র পদের মাত্রা ১৭* । এর চারটি কলা । প্রথম তিনটি কলায় মাত্রাসংখ্যা ৬, চতুর্থ কলায় ১ ।

সতেরো মাত্রার ছন্দকে কলাবৈচিত্র্যের দ্বারা আরো নব নব রূপ দেওয়া যেতে পারে, কিন্তু সাক্ষী আর বাড়াবার দরকার নেই।

শেষের যে দৃষ্টান্ত দেওয়া গেছে তাতে মাত্রাসংখ্যাগণনা উপলক্ষে 'চরণে' শব্দকে ভাগ করে দিয়ে এক মাত্রার 'ণে' ধ্বনিকে স্বতন্ত্র কলায় বসিয়েছি। ওটা যে স্বতন্ত্রকলাভূক্ত তার প্রমাণ এই ছন্দের তাল দেবার সময় ঐ 'ণে' ধ্বনিটির উপর তাল পড়ে।

ইতিপূর্বে অন্যত্র একটি নয় মাত্রার ছন্দের দৃষ্টান্ত দেবার সময় নিম্নলিখিত শ্লোকটি ব্যবহার করেছি। তাল দেবার রীতি বদল করে একে দুরকম করে পড়া যায়, দুটোই পৃথক্ ছন্দ।

বারে বারে যায় | চলিয়া
ভাসায় গো আঁখি | নীরে সে।
বিরহের ছলে | ছলিয়া
মিলনের লাগি | ফিরে সে।

এটা ৯ মাত্রার শ্রেণীর ছন্দ ; এর দুই কলা এবং কলাগুলি ত্রৈমাত্রিক। এর পদকে তিন কলায় ভাগ করে কলাগুলিকে দুই মাত্রার ছাঁদ দিলে এই একই ছড়া সম্পূর্ণ নূতন ছন্দে গিয়ে পৌঁছাবে। যথা—

১ ২ ৩
বারে বারে | যায় চলি | যা
ভাসায় গো | আঁখিনীরে | সে।
বিরহের | ছলে ছলি | যা
মিলনের | লাগি ফিরে | সে।
সারাদিন | দহে তিয়া | বা,
বারেক না | দেখি উহা | রে।
অসময়ে | লয়ে কী আ | শা
অকারণে | আসে দুয়া | রে।

অমূল্যাবাবু বলেন, এর প্রথম দুই কলায় চার চার আট এবং শেষের কলায় এক মাত্রার ছন্দ কৃত্রিম শুনতে হয়। বোধ হয় অখণ্ড শব্দকে খণ্ডিত করা হচ্ছে বলে তাঁর কাছে এটা কৃত্রিম ঠেকছে। কিন্তু, ছন্দের ঝোঁকে অখণ্ড শব্দকে দু ভাগ করার দৃষ্টান্ত অনেক আছে। এরকম তর্কে বিশুদ্ধ হাঁ এবং না-এর দ্বন্দ্ব ; কোনো পক্ষে কোনো যুক্তিপ্রয়োগের ফাঁক নেই। আমি বলছি, কৃত্রিম শোনায় না ; তিনি বলছেন, শোনায়। আমি এখনো বলি, এইরকম কলাভাগে এই ছন্দে একটি নূতন নৃত্যভঙ্গি জেগে ওঠে, তার একটা রস আছে।

দেশের বেশি মাত্রাভার বাংলা ছন্দ বহন করতে অক্ষম, এ কথা মানতে পারব না। নিম্নে বারো মাত্রার একটি শ্লোক দেওয়া গেল।

মেঘ ডাকে গম্ভীর গরজনে,
ছায়া নামে তমালের বনে বনে,
ঝিল্লি ঝনকে নীপবীথিকায়।
সরোবর উচ্ছল কূলে কূলে,
তটে তারি বেগুশাখা দুলে দুলে
মেতে ওঠে বর্ষগীতিকায়।

শ্রোতারা নিশ্চয় বুঝতে পারছেন, আবৃত্তিকালে পদান্তের পূর্বে কোনো যতিই দিই নি, অর্থাৎ বারো মাত্রা একটি ঘনিষ্ঠ গুচ্ছের মতোই হয়েছে। এই পদগুলিকে বারো মাত্রার পদ বলবার কোনো বাধা আছে বলে আমি কল্পনা করতে পারি নে। উল্লিখিত শ্লোকের ছন্দে বারো মাত্রা, প্রত্যেক পদে তিন কলা, প্রত্যেক কলায় চার মাত্রা। বারো মাত্রার পদকে চার কলায় বিভক্ত করে ত্রৈমাত্রিক করলে আর-এক ছন্দ দেখা দেবে। যথা—

এই তর্কক্ষেত্রে আর-একটি আমার কৈফিয়ত দেবার আছে। অমূল্যাবাবুর নালিশ এই যে, ছন্দের দৃষ্টান্তে কোনো কোনো স্থলে দুই পঙ্ক্তিকে মিলিয়ে আমি কবিতার এক পদ বলে চালিয়েছি। আমার বক্তব্য এই, লেখার পঙ্ক্তি এবং ছন্দের পদ এক নয়। আমাদের হাঁটুর কাছে একটা জোড় আছে বলে আমরা প্রয়োজনমত পা মুড়ে বসতে পারি, তৎসঙ্গেও গণনায় ওটাকে এক পা বলেই স্বীকার করি এবং অনুভব করে থাকি। নইলে চতুষ্পদের কোঠায় পড়তে হয়। ছন্দেও ঠিক তাই—

সকল বেলা কাটিয়া গেল,
বিকাল নাহি যায়।

অমূল্যাবাবু একে দুই চরণ বলেন, আমি বলি নে। এই দুটি ভাগকে নিয়েই ছন্দের সম্পূর্ণতা। যদি এমন হত—

সকল বেলা কাটিয়া গেল,
বকুলতলে আসন মেলো—

তা হলে নিঃসংশয়ে একে দুই চরণ বলতুম।

পুনর্বার বলি যে, যে বিরামস্থলে পৌঁছিয়ে পদ্যছন্দ অনুরূপ ভাগে পুনরাবর্তন করে সেই পর্যন্ত এসে তবেই কোন্টা কোন্ ছন্দ এবং তার মাত্রার পরিমাণ কত তার নির্ণয় সম্ভব, মাঝখানে কোনো একটা জোড়ের মুখে গণনা শেষ করা অসংগত। সংস্কৃত বা প্রাকৃত ছন্দশাস্ত্রে এই নিয়মেরই অনুসরণ করা হয়। দৃষ্টান্ত—

পৈঙ্গল-ছন্দ:সূত্রানি

ভংজিঅ মলঅচোলবই গিবলিঅ
গংজিঅ গুঞ্জরা ।
মালবরাঅ মলঅগিরি লুজিঅ
পরিহরি কুঞ্জরা ।
খুরাসাগ খুহিঅ রণমহ মুহিঅ
লংঘিঅ সাঅরা ।
হস্মীর চলিঅ হারব পলিঅ
রিউগগহ কাঅরা ॥

গ্রন্থকার বলেছেন 'বিংশত্যক্ষরাণি' এবং 'পঞ্চবিংশতিমাত্রাঃ প্রতিপাদং দেয়াঃ'। এর পদে পদে কুড়িটি অক্ষর ও পঁচিশটা মাত্রা, ছন্দের এই পরিচয়।

পঢ়ম দহ দিচ্ছিঅ
পুণবি তহ কিচ্ছিঅ
পুণবি দহ সস্ত তহ বিরই জাঅা ।
এম পরি বিবিহদল
মস্ত সততীস পল
এহ কহ বুল্লণা গাঅরঅা ॥

ভাষ্যকারের ব্যাখ্যা এই : প্রথমং দশমাত্রা দীয়ন্তে । অর্থাৎ তত্র বিরতিঃ ক্রিয়তে । পুনরপি তথা কর্তব্য। পুনরপি সপ্তদশমাত্রাসু বিরতির্জাতা চ । অন্যেব রীত্যা দলঘরেপি মাত্রা সপ্তত্রিংশৎ পতন্তি । এমনি করে দলগুলিকে মিলিয়ে যে ছন্দের সাইত্রিশ মাত্রা 'তামিমাং নাগরাজঃ পিজলো বুল্লণামিতি কথয়তি'। আমি যাকে ছন্দোবিশেষের রূপকল্প বা প্যাটার্ন বলছি 'বুল্লণা' ছন্দে সেইটে সাইত্রিশ মাত্রার সম্পূর্ণ, তার পরে তার অনুরূপ পুনরাবৃত্তি। অমূল্যাবাবু হয়তো এর কথাগুলির প্রতি লক্ষ রেখে একে পাঁচ বা দশ মাত্রার ছন্দ বলবেন, কিন্তু পাঁচ বা দশ মাত্রার এর পদের সম্পূর্ণতা নয়।

যার ভাগগুলি অসমান এমন ছন্দ দেখা যাক—

কুংতঅরু ধগুঙ্করু

হঅবর গঅবরু

ছকলু বিবি পা-

ইক দলে ।

এই ছন্দ সম্বন্ধে বলা হয়েছে 'ছাত্রিংশমাত্রাঃ পাদে সুপ্রসিদ্ধাঃ' । এই ছন্দকে বাংলায় ভাঙতে গেলে এইরকম দাঁড়ায় ।

কুঞ্জপথে জ্যোৎস্নারাতে

চলিয়াছে সখীসাথে

মল্লিকাকলিকার

মালা হাতে ।

চার পঙক্তিতে এই ছন্দের পূর্ণরূপ এবং সেই পূর্ণরূপের মাত্রাসংখ্যা বত্রিশ । ছন্দে মাত্রাগণনার এই ধারা আমি অনুসরণ করা কর্তব্য মনে করি । মনে নেই, আমার কোনো পূর্বতন প্রবন্ধে অন্য মত প্রকাশ করেছি কি না ; যদি করে থাকি তবে ক্ষমা প্রার্থনা করি ।

সবশেষে পুনরায় বলি, ছন্দের স্বরূপনির্ধারণ করতে হলে সমগ্রের মাত্রাসংখ্যা, তার কলাসংখ্যা ও কলাগুলির মাত্রাসংখ্যা জানা আবশ্যিক । শুধু তাই নয়, যেখানে ছন্দের রূপকল্প একাধিক পদের দ্বারা সম্পূর্ণ হয় সেখানে পদসংখ্যাও বিচার্য । যথা—

বর্ষণশাস্ত্র

পাতুর মেঘ যবে ক্লাস্ত

বন ছাড়ি মনে এল নীপরেণুগন্ধ,

ভরি দিল কবিতার ছন্দ ।

এখানে চারিটি পদ এবং প্রত্যেক পদ নানা অসমান মাত্রায় রচিত, সমস্তটাকে নিয়ে ছন্দের রূপকল্প । বিশেষজাতীয় ছন্দে এইরূপ পদ ও মাত্রা গণনাতেও আমি পিত্তলাচার্যের অনুবর্তী ।

জ্যৈষ্ঠ ১৩৪১

বাংলা ছন্দের প্রকৃতি

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে পঠিত

আমাদের দেহ বহন করে অঙ্গপ্রত্যঙ্গের ভার, আর তাকে চালন করে অঙ্গপ্রত্যঙ্গের গতিবেগ ; এই দুই বিপরীত পদার্থ যখন পরস্পরমিলনে লীলায়িত হয় তখন জাগে নাচ । দেহের ভারটাকে দেহের গতি নানা ভঙ্গিতে বিচিত্র করে, জীবিকার প্রয়োজনে নয়, সৃষ্টির অভিপ্রায়ে ; দেহটাকে দেয় চলমান শিল্পরূপ । তাকে বলি নৃত্য ।

রূপসৃষ্টির প্রবাহই তো বিশ্ব । সেই রূপটা জাগে ছন্দে, আধুনিক পরমাণুতত্ত্বে সে কথা সুস্পষ্ট । সাধারণ বিদ্যুৎপ্রবাহ আলো দেয়, তাপ দেয়, তার থেকে রূপ দেখা দেয় না । কিন্তু, বিদ্যুৎকণা যখন বিশেষ সংখ্যায় ও গতিতে আমাদের চৈতন্যের দ্বারে বা মারে তখনই আমাদের কাছে প্রকাশ পায় রূপ, কোনোটা দেখা দেয় সোনা হয়ে, কোনোটা হয় সীসে । বিশেষসংখ্যক মাত্রা ও বিশেষবেগের গতি এই দুই নিরেই ছন্দ, সেই ছন্দের মায়ায় না পেলে রূপ থাকে অব্যক্ত । বিশ্বসৃষ্টির এই ছন্দোরহস্য মানুষের শিল্পসৃষ্টিতে । তাই ঐতরের ব্রাহ্মণ বলছেন : শিল্পানি শংসন্তি দেবশিল্পানি । মানুষের সব

শিল্পই দেবশিল্পের স্তবগান করছে। এতেবাং বৈ শিল্পানামনুকৃতীহ শিল্পম্ অধিগম্যতে। মানবলোকের সব শিল্পই এই দেবশিল্পের অনুকৃতি, অর্থাৎ বিশ্বশিল্পের রহস্যকেই অনুসরণ করে মানবশিল্প। সেই মূলরহস্য ছন্দে, সেই রহস্য আলোকতরঙ্গে, শব্দতরঙ্গে, রক্ততরঙ্গে, স্নায়ুতন্ত্রের বৈদ্যুততরঙ্গে।

মানুষ তার প্রথম ছন্দের সৃষ্টিকে জাগিয়েছে আপন দেহে। কেননা তার দেহ ছন্দরচনার উপযোগী। ভূতলের টান থেকে মুক্ত করে দেহকে সে তুলেছে উর্ধ্ব দিকে। চলমান মানুষের পদে পদে ভারসাম্যের অপ্রতিষ্ঠাতা, unstable equilibrium। এতেই তার বিপদ, এতেই তার সম্পদ। চলার চেয়ে পড়াই তার পক্ষে সহজ। ছাগলের ছানা চলা নিয়েই জন্মেছে, মানুষের শিশু চলাকে আপনি সৃষ্টি করেছে ছন্দে। সামনে-পিছনে ডাইনে-বায়ে পায়ে-পায়ে দেহভারকে মাত্রাবিভক্ত করে ওজন ঝাঁচিয়ে তবেই তার চলা সম্ভব হয়। সেটা সহজ নয়, মানবশিশুর চলার ছন্দসাধনা দেখলেই তা বোঝা যায়। যে পর্যন্ত আপন ছন্দকে সে আপনি উদ্ভাবন না করে সে পর্যন্ত তার হামাগুড়ি, অর্থাৎ, ভারাকর্ষণের কাছে তার অবনতি, সে পর্যন্ত সে নৃত্যহীন।

চতুষ্পদ জন্তুর নিত্যই হামাগুড়ি। তার চলা মাটির কাছে হার মেনে চলা। লাফ দিয়ে যদি-বা সে উপরে ওঠে, পরক্ষণেই মাটির দরবারে ফিরে এসেই তার মাথা ঝেঁট। বিদ্রোহী মানুষ মাটির একান্ত শাসন থেকে দেহভারকে মুক্ত করে নিয়ে তাতেই চালায় প্রয়োজনের কাজ এবং অপ্রয়োজনের লীলা। ভূমির টানের বিরুদ্ধে ছন্দের সাহায্যে তার এই জয়লব্ধ শক্তি।

ঐতরেয় ব্রাহ্মণ বলছেন : আত্মসংস্কৃতির্বািব শিল্পানি। শিল্পই হচ্ছে আত্মসংস্কৃতি। সম্যক্ রূপদানই সংস্কৃতি, তাকেই বলে শিল্প। আত্মাকে সুসংযত করে মানুষ যখন আত্মার সংস্কার করে, অর্থাৎ তাকে দেয় সম্যক্ রূপ, সেও তো শিল্প। মানুষের শিল্পের উপাদান কেবল তো কাঠপাথর নয়, মানুষ নিজে। বর্বর অবস্থা থেকে মানুষ নিজেকে সংস্কৃত করেছে। এই সংস্কৃতি তার স্বরচিত বিশেষ ছন্দোময় শিল্প। এই শিল্প নানা দেশে, নানা কালে, নানা সভ্যতায়, নানা আকারে প্রকাশিত, কেননা বিচিত্র তার ছন্দ। ছন্দোময়ং বা ঐতৈর্যজমান আত্মানং সংস্কুরুতে। শিল্পযজ্ঞের যজমান আত্মাকে সংস্কৃত করেন, তাকে করেন ছন্দোময়।

যেমন মানুষের আত্মার তেমনি মানুষের সমাজেরও প্রয়োজন ছন্দোময় সংস্কৃতি। সমাজও শিল্প। সমাজে আছে নানা মত, নানা ধর্ম, নানা শ্রেণী। সমাজের অন্তরে সৃষ্টিতন্ত্র যদি সক্রিয় থাকে, তা হলে সে এমন ছন্দ উদ্ভাবন করে যাতে তার অংশ-প্রত্যংশের মধ্যে কোথাও ওজনের অত্যন্ত বেশি অসাম্য না হয়। অনেক সমাজ পঙ্গু হয়ে আছে ছন্দের এই ক্রটিতে, অনেক সমাজ মরেছে ছন্দের এই অপরাধে। সমাজে যখন হঠাৎ কোনো একটা সংরাগ অতিপ্রবল হয়ে ওঠে তখন মাতাল সমাজ পাঠিক রাখতে পারে না, ছন্দ থেকে হয় ভ্রষ্ট। কিংবা যখন এমন সকল মতের, বিশ্বাসের, ব্যবহারের বোঝা অচল হয়ে কাঁধে চেপে থাকে, যাকে ছন্দ ঝাঁচিয়ে সম্মুখে বহন করে চলা সমাজের পক্ষে অসম্ভব হয়, তখন সেই সমাজের পরাভব ঘটে। যেহেতু জগতের ধর্মই চলা, সংসারের ধর্ম স্বভাবতই সরতে থাকে, সেইজন্যেই তার বাহন ছন্দ। যে গতি ছন্দ রাখে না, তাকেই বলে দুর্গতি।

মানুষের ছন্দোময় দেহ কেবল প্রাণের আন্দোলনকে নয় তার ভাবের আন্দোলনকেও যেমন স্মৃড়া দেয়, এমন আর কোনো জীবে দেখি নে। অন্য জন্তুর দেহেও ভাবের ভাষা আছে কিন্তু মানুষের দেহভঙ্গির মতো সে ভাষা চিন্ময়তা লাভ করে নি, তাই তার তেমন শক্তি নেই, ব্যঞ্জনা নেই।

কিন্তু, এই যথেষ্ট নয়। মানুষ সৃষ্টিকর্তা। সৃষ্টি করতে গেলে ব্যক্তিগত তথ্যকে দাঁড় করাতে হয় বিশ্বগত সত্যে। সুখদুঃখ-রাগবিরাগের অভিজ্ঞতাকে আপন ব্যক্তিগত ঐকান্তিকতা থেকে ছাড়িয়ে নিয়ে সেটাকে রূপসৃষ্টির উপাদান করতে চায় মানুষ। 'আমি ভালোবাসি' এই কথাটিকে ব্যক্তিগত ভাষায় প্রকাশ করা যেতে পারে ব্যক্তিগত সংবাদ বহন করার কাজে। আবার, 'আমি ভালোবাসি' এই কথাটিকে 'আমি' থেকে স্বতন্ত্র করে সৃষ্টির কাজে লাগানো যেতে পারে, যে সৃষ্টি সর্বজনের, সর্বকালের। যেমন সাজাহানের বিরহশোক দিয়ে সৃষ্ট হয়েছে তাজমহল, সাজাহানের সৃষ্টি অপরূপ ছন্দে অতিক্রম করেছে ব্যক্তিগত সাজাহানকে।

নৃত্যকলার প্রথম ভূমিকা দেহচাকালোর অর্থহীন সুবমায়। তাতে কেবলমাত্র ছন্দের আনন্দ। গানেরও আদিম অবস্থায় একঘেয়ে তালে একঘেয়ে সুরের পুনরাবৃত্তি; সে কেবল তালের নেশা-জমানো, চেতনাকে ছন্দের দোল-দেওয়া। তার সঙ্গে ক্রমে ভাবের দোলা মেশে। কিন্তু, এই ভাববাস্তি যখন আপনাকে ভোলে, অর্থাৎ ভাবের প্রকাশটাই যখন লক্ষ্য না হয়, তাকে উপলক্ষ করে রূপসৃষ্টিই হয় চরম, তখন নাচটা হয় সর্বজনের ভোগ্য; সেই নাচটা ক্ষণকালের পরে বিস্মৃত হলেও যতক্ষণ থাকে ততক্ষণ তার রূপে চিরকালের স্বাক্ষর লাগে।

নাচতে দেখেছি সারসকে। সেই নাচকে কেবল আঙ্গিক বলা যায় না, অর্থাৎ টেকনিকেই তার পরিশেষ নয়। আঙ্গিকে মন নেই, আছে নৈপুণ্য। সারসের নাচের মধ্যে দেখেছি ভাব এবং তার চেয়েও আরো কিছু বেশি। সারস যখনই মুক্ত করতে চেয়েছে আপন দোসরকে তখনই তার মন সৃষ্টি করতে চেয়েছে নৃত্যভঙ্গির সংস্কৃতি, বিচিত্র ছন্দের পদ্ধতি। সারসের মন আপন দেহে এই নৃত্যশিল্প রচনা করতে পেরেছে, তার কারণ তার দেহভারটা অনেক মুক্ত।

কুকুরের মনে আবেগের প্রবলতা যথেষ্ট, কিন্তু তার দেহটা বন্ধক দেওয়া মাটির কাছে। মুক্ত আছে কেবল তার লাজ। ভাবাবেগের চাকালো কুকুরীর ছন্দে ঐ লাজটাতেই চঞ্চল হয় তার নৃত্য, দেহ আকুবাকু করে বন্দীর মতো।

মানুষের সমগ্র মুক্ত দেহ নাচে; নাচে মানুষের মুক্ত কণ্ঠের ভাষা। তাদের মধ্যে ছন্দের সৃষ্টিরহসা যথেষ্ট জায়গা পায়। সাপ অপদস্থ জীব, মানুষের মতো পদস্থ নয়। সমস্ত দেহ সে মাটিকে সমর্পণ করে বসেছে। সে কখনো নিজে নাচে না। সাপুড়ে তাকে নাচায়। বাহিরের উত্তেজনায় ক্ষণকালের জন্য দেহের এক অংশকে সে মুক্ত করে নেয়, তাকে দোলায় ছন্দে। এই ছন্দ সে পায় অন্যের কাছ থেকে, এ তার আপন ইচ্ছার ছন্দ নয়। ছন্দ মানেই ইচ্ছা। মানুষের ভাবনা রূপগ্রহণের ইচ্ছা করেছে নানা শিল্পে নানা ছন্দে। কত বিলুপ্ত সভ্যতার ভগ্নাবশেষে বিস্মৃত যুগের ইচ্ছার বাণী আজও ধ্বনিত হচ্ছে তার কত চিত্রে, জলপাত্রে, কত মূর্তিতে। মানুষের আনন্দময় ইচ্ছা সেই ছন্দোলীলার নটরাজ, ভাষায় ভাষায় তার সাহিত্যে সেই ইচ্ছা নব নব নৃত্যে আন্দোলিত।

মানুষের সহজ চলায় অব্যক্ত থাকে নৃত্য, ছন্দ যেমন প্রচ্ছন্ন থাকে গদ্যভাষায়। কোনো মানুষের চলাকে বলি সুন্দর, কোনোটাকে বলি তার উলটো। তফাতটা কিসে। সে কেবল একটা সমস্যাসমাধান নিয়ে। দেহের ভার সামলিয়ে দেহের চলা একটা সমস্যা। ভারটাই যদি অত্যন্ত প্রত্যক্ষ হয়, তা হলেই অসাধিত সমস্যা প্রমাণ করে অপূটতা। যে চলায় সমস্যার সমুৎকৃষ্ট মীমাংসা সেই চলাই সুন্দর।

পালে-চলা নৌকো সুন্দর, তাতে নৌকোর ভারটার সঙ্গে নৌকোর গতির সম্পূর্ণ মিলন; সেই পরিণয়ে শ্রী-উঠেছে ফুটে, অতিপ্রয়াসের অবমান হয়েছে অন্তর্হিত। এই মিলনেই ছন্দ। দাঁড়ি দাঁড় টানে, সে লগি ঠেলে, কঠিন কাজের ভারটাকে সে কমিয়ে আনে কেবল ছন্দে রেখে। তখন কাজের ভঙ্গি হয় সুন্দর। কিন্তু চলেছে প্রকাণ্ড ভার নিয়ে বিপুল দেশে নিরবধি কালে সুপরিমিতির ছন্দে। এই সুপরিমিতির প্রেরণায় শিশিরের ফোঁটা থেকে সূর্যমণ্ডল পর্যন্ত সুগোল ছন্দে গড়া। এইজন্যই ফুলের পাপড়ি সুবচ্ছিন্ন, গাছের পাতা সুঠাম, জলের ঢেউ সুডোল।

জাপানে ফুলদানিতে ফুল সাজাবার একটি কলাবিদ্যা আছে। যেমন-তেমন আকারে পুঞ্জীকৃত পুষ্পিত শাখার বস্তুভারটাই প্রত্যক্ষ; তাকে ছন্দ দিয়ে যেই শিল্প করা যায়, তখন সেই ভারটা হয় অগোচর, হালকা হয়ে গিয়ে অন্তরে প্রবেশ করে সহজে।

প্রাচীন জাপানের একজন বিখ্যাত বীর এই ফুল সাজানো দেখতে ভালোবাসতেন। তিনি বলতেন, এই সজ্ঞাপ্রকরণ থেকে তাঁর মনে আসত আপন যুদ্ধব্যবসায়ের প্রেরণা। যুদ্ধও ছন্দে-বাধা শিল্প, ছন্দের সমুৎকর্ষ থেকেই তার শক্তি; এই কারণেই লাঠি-খেলাও নৃত্য।

জাপানে দেখেছি চা-উৎসব। তাতে চা-তৈরি, চা-পরিবেশনের প্রত্যেক অংশই সযত্ন, সুন্দর। তার তাৎপর্য এই যে কর্মের সৌষ্ঠব এবং কর্মের নৈপুণ্য একসঙ্গে গাঁথা। গৃহীপনা যদি সত্য হয় তাকে

সুন্দর হতেই হবে ; অকৌশল ধরা পড়ে কুশীতায়, কর্মের ও লোক-ব্যবহারের ছন্দোভঙ্গে । ভাঙা ছন্দের ছিন্ন দিয়েই লক্ষ্মী বিদায় নেন ।

এতক্ষণ ছন্দকে দেখা গেল নৃত্যে । কেননা ছন্দের প্রথম উদ্ভাস মানুষের বাক্যহীন দেহই । তার পরে দেহের ইশারা মেলে ভাষার ইশারায় । এবার ভাষার ক্ষেত্রে দেখা যাক ছন্দকে ।

সেই একই কথা, ভার আর গতি, সেই দুইয়ের যোগে ওজন বাঁচিয়ে চলা । জন্তুর আওয়াজের পরিধি কতটুকুই বা ; তাতে জোর থাকতে পারে কিন্তু ভার সামান্য । কুকুর যতই ডাকুক, শেয়াল যতই চৈচাক, ধ্বনির ওজন বাঁচিয়ে চলবার সমস্যা তাদের নেই । কোনো কোনো ক্ষেত্রে কিছু আভাস পাওয়া যায় । গাধার 'পরে' অবিচার করতে চাই নে । সে শুধু পরের ময়লা কাপড় বহন করে তা নয়, এ-পর্যন্ত কণ্ঠস্বর সম্বন্ধে আপন প্রভূত অখ্যাতি বহন করে এসেছে । কিন্তু, যখনই সে নিজের ডাককে দীর্ঘায়িত করে, তখনই পর্যায়ে পর্যায়ে তাকে ধ্বনির ওজন ভাগ করতে হয় । নিজের ব্যবসায়ের প্রতি লক্ষ রেখে এই ব্যাপারকে ছন্দ বলতে কুণ্ঠিত হচ্ছি । কিন্তু, আর কী বলব জানি নে ।

মানুষকে বহন করতে হয় ভাষার সুদীর্ঘতা । প্রলম্বিত ভাষার ওজন তাকে রাখতেই হয় । মানুষের সেই বাক্যের সঙ্গে তার গানের সুর যখন মিশল, তখন গীতিকলা হল দীর্ঘায়িত । নানাবিধ তাল নিযুক্ত হয়েছে তার ভার বহিতে । কিন্তু, তাল অর্থাৎ ছন্দকে কেবল ভারবাহক বললে চলবে না । সে তো ধ্বনিভারের ঝাকামুটে নয় । ভারগুলিকে নানা আয়তনে বিভক্ত করে যেই সে তাকে গতি দেয়, অমনি রূপ নিয়ে সংগীত আমাদের চৈতন্যকে আঘাত করে । ভাষা অবলম্বন করে যখন আমরা খবর দিতে চাই তখন বিবরণের সত্যতা রক্ষা করাই আমাদের একমাত্র দায়িত্ব ; কিন্তু যখন রূপ দিতে চাই তখন সত্যতার চেয়ে বেশি আবশ্যিক হয় ছন্দের ।

'একদা এক বাঘের গলায় হাড় ফুটিয়াছিল', এটা নিছক খবর । গল্প হিসাবে বা ঘটনা হিসাবে সত্য হলে এর আর কোনোই জবাবদিহি নেই । কিন্তু, গলায়-হাড়-বৈধা জন্তুটার ল্যাজ যদি প্রত্যক্ষভাবে চৈতন্যের মধ্যে আছড়িয়ে নিতে চাই তবে ভাষায় লাগাতে হবে ছন্দের মন্ত্র ।

বিদ্যুৎ-লাঙ্গুল করি ঘন তর্জন
বজ্রবিদ্ধ মেঘ করে বারি বর্জন ।
তদ্রূপ যাতনায় অস্থির শাদীল
অস্থিবিদ্ধগলে করে ঘোর গর্জন ।

কাব্যসাহিত্য কেবল রসসাহিত্য নয়, তা রূপসাহিত্য । সাধারণত, ভাষায় শব্দগুলি অর্থবহন করে, কিন্তু ছন্দে তারা রূপগ্রহণ করে ।

ছন্দ সম্বন্ধে এই গেল আমার সাধারণ বক্তব্য । বিশ্বের ভাষায় মানুষের ভাষায় রূপ দেওয়া তার কাজ । এখন বাংলা কাব্যছন্দ সম্বন্ধে বিশেষভাবে কিছু বলবার চেষ্টা করা যাক ।

২

প্রত্যেক ভাষার একটি স্বকীয় ধ্বনি-উদ্ভাবনা আছে । তার থেকে তার স্বরূপ চেনা যায় । ইংরেজিতে বেশির ভাগ শব্দে স্বরবর্ণের মধ্যস্থতা নেই বলে সে যেন হয়েছে সরদ যন্ত্রের মতো, আঙুলের আঘাতে তার ঐকমাত্রিক ধ্বনিগুলি উচ্চকিত, ইটালিয়ানে ছড়ির লম্বা টানে বেহালার টানা সুর ।

বাংলাভাষারও নিজের একটা বিশেষ ধ্বনিরূপ আছে । তার ধ্বনির এই চেহারা হসন্তবর্ণের যোগে । যে বাংলা আমাদের মায়ের কণ্ঠগত, জ্যোষ্ঠতাতে লেখনীগত নয়, ইংরেজির মতো তারও সুর ব্যঞ্জনবর্ণের সংঘাতে । আজ সাধুভাষার ছন্দে জোর দেবার অভিপ্রায়ে অভিধান ঘেঁটে যুক্তবর্ণের আয়োজনে লেগেছি, অথচ প্রাকৃতবাংলায় হসন্তের প্রাধান্য আছে বলেই যুক্তবর্ণের জোর তার মধ্যে আপনি এসে পড়ে । এই ভাষায় একটি শ্লোক রচনা করা যাক একটিও যুক্তবর্ণ না দিয়ে ।

দূর সাগরের পারের পবন
 আসবে যখন কাছের কূলে
 রঙিন আগুন ছালবে ফাগুন,
 মাতবে অশোক সোনার ফুলে ।

হসন্তের ধাক্কায় যুক্তবর্ণের ঢেউ আপনি উঠছে ।

চীনদেশের সাংঘাই নগরে একটি আরামবাগ আছে । অনেককাল সেখানে চীনের লোকেরই প্রবেশ নিষেধ ছিল । তেমনি বাংলাদেশের সাহিত্য-আরামবাগ থেকে বাংলাভাষার স্বকীয় ধ্বনিরূপটি পণ্ডিত-পাহারাওয়ালার ধাক্কা খেয়ে অনেককাল বাইরে বাইরে ফিরেছিল ।

ভাষার শব্দে অর্থ আছে, স্বর আছে । অর্থ জিনিসটা সকল ভাষাতেই এক, স্বরটা প্রত্যেক ভাষাতেই স্বতন্ত্র । 'জল' শব্দে যা বোঝায় 'water' শব্দেও তাই বৃষ্টি, কিন্তু ওদের সুর আলাদা । ভাষা এই সুর নিয়ে শিল্প রচনা করে, ধ্বনির শিল্প । সেই রূপসৃষ্টির যে ধ্বনিতত্ত্ব বাংলাভাষার আপন সম্বল পণ্ডিতরা তাকে অবজ্ঞা করতে পারেন, কেননা, তাঁরা অর্থের মহাজন ; কিন্তু, যারা রূপরসিক তাঁদের মূলধন ধ্বনি । প্রাকৃত-বাংলার দুয়োরানীকে যারা সুয়োরানীর অপ্রতিহতপ্রভাবে সাহিত্যের গোয়াল-ঘরে বাসা না দিয়ে হৃদয়ে স্থান দিয়েছে, সেই 'অশিক্ষিত'-লাঞ্ছনাধারীর দল ষষ্ঠার্থ বাংলাভাষার সম্পদ নিয়ে আনন্দ করতে বাধা পায় না । তাদের প্রাণের গভীর কথা তাদের প্রাণের সহজ ভাষায় উদ্ভূত করে দিই ।

আছে যার মনের মানুষ আপন মনে
 সে কি আর জপে মালা ।
 নির্জনে সে বসে বসে দেখছে খেলা ।
 কাছে রয়, ডাকে তারে
 উচ্চস্বরে
 কোন্ পাগেলা,
 ওরে যে যা বোঝে তাই সে বুঝে
 থাকে ভোলা ।
 যেথা যার ব্যথা নেহাত
 সেইখানে হাত
 ডলায়লা,
 তেমনি জেনো মনের মানুষ মনে তোলা ।
 যে জনা দেখে সে রূপ
 করিয়া চূপ,
 রয় নিরালা ।
 ওরে লালন-ভেড়ের লোক-দেখানো
 মুখে 'হরি হরি' বোলা ।

আর-একটি—

এমন মানব জনম আর কি হবে ।
 যা কর মন ছরায় করো
 এই ভবে ।
 অনন্তরূপ ছিটি করেন সাই,
 ওনি মানবের তুলনা কিছুই নাই ।

দেব-দেবতাগণ

করে আরাধন

জন্ম নিতে মানবে ।...

এই মানুষে হবে মাধুর্যভঞ্জন

তাইতে মানুষ-রূপ গঠিল নিরঞ্জন ।

এবার ঠকলে আর

না দেখি কিনার,

লালন কয় কাতরভাবে ।

এই ছন্দের ভঙ্গি একঘেয়ে নয় । ছোটো বড়ো নানা ভাগে ঝাকে ঝাকে চলেছে । সাধুপ্রসাধনে মেজে-ঘবে এর শোভা বাড়ানো চলে, আশা করি এমন কথা বলবার সাহস হবে না কারও ।

এই ঋটি বাংলায় সকল রকম ছন্দেই সকল কাব্যই লেখা সম্ভব, এই আমার বিশ্বাস । ব্যঙ্গকবিতায় এ ভাষার জোর কত ঈশ্বর গুপ্তের কবিতা থেকে তার নমুনা দিই । কুইন ভিক্টোরিয়াকে সম্বোধন করে কবি বলছেন—

তুমি মা কর্তরু,

আমরা সব পোষা গোরু

শিখি নি শিঙ-ঝাকানো,

কেবল খাব খোল-বিচিলি ঘাস ।

যেন রাঙা আমলা তুলে মামলা

গামলা ভাঙে না,

আমরা ভূষি পেলেই খুশি হব

ঘুষি খেলে ঝাচব না ।

কেবল এর হাসিটা নয়, এর ছন্দের বিচিত্র ভঙ্গিটা লক্ষ্য করে দেখবার বিষয় ।

অথচ, এই প্রাকৃত-বাংলাতেই 'মেঘনাদবধ' কাব্য লিখলে যে বাঙালিকে লজ্জা দেওয়া হত সে কথা স্বীকার করব না । কাব্যটা এমন ভাবে আরম্ভ করা যেত—

যুদ্ধ তখন সাজ হল বীরবাহু বীর যবে
বিপুল বীর্য দেখিয়ে হঠাৎ গেলেন মৃত্যুপুরে
যৌবনকাল পার না হতেই । কও মা সরস্বতী,
অমৃতময় বাক্য তোমার, সেনাধ্যক্ষপদে
কোন বীরকে বরণ করে পাঠিয়ে দিলেন রণে
রঘুকুলের পরম শত্রু, রক্ষকুলের নিধি ।

এতে গান্ধীর্যের ক্রটি ঘটেছে এ কথা মানব না । এই যে বাংলা বাঙালির দিনরাত্রির ভাষা এর একটি মস্ত গুণ, এ ভাষা প্রাণবান । এইজন্যে সংস্কৃত বলা, ফার্সি বলা, ইংরেজি বলা, সব শব্দকেই প্রাণের প্রয়োজনে আত্মসাৎ করতে পারে । ঋটি হিন্দি ভাষারও সেই গুণ । যারা হেডপণ্ডিত মহাশয়ের কাছে পড়ে নি তাদের একটা লেখা তুলে দিই—

চক্ষু আধার দিলের ধোকায়

কেশের আড়ে পাহাড় লুকায়,

কী রঙ্গ সাই দেখছে সদাই

বসে নিগম ঠাই ।

এখানে না দেখলেম তারে
চিনব তবে কেমন করে,
ভাগ্যেতে আখেরে তারে
চিনতে যদি পাই ।

প্রাকৃত-বাংলাকে গুরুচণ্ডালি দোষ স্পর্শই করে না । সাধু ছাঁদের ভাষাতেই শব্দের মিশোল সয় না ।

চলতি বাংলাভাষার প্রসঙ্গটা দীর্ঘ হয়ে পড়ল । তার কারণ, এ ভাষাকে যারা প্রতিদিন ঘরে দেন স্থান, তাঁদের অনেকে সাহিত্যে একে অবজ্ঞা করেন । সেটাতে সাহিত্যকে তার প্রাণরসের মূল আধার থেকে সরিয়ে নেওয়া হচ্ছে জেনে আমার আপত্তিকে বড়ো করে জানালুম । ছন্দের তত্ত্ববিচারে ভাষার অস্বনিহিত ধ্বনিপ্রকৃতির বিচার অত্যাৱশ্যক, সেই কথাটা এই উপলক্ষে বোঝাবার চেষ্টা করেছি ।

বাংলা ছন্দের তিনটি শাখা । একটি আছে পৃথিব্যগত কৃত্রিম ভাষাকে অবলম্বন করে, সেই ভাষায় বাংলার স্বাভাবিক ধ্বনিরূপকে স্বীকার করে নি । আর-একটি সচল বাংলার ভাষাকে নিয়ে, এই ভাষা বাংলার হসন্ত-শব্দের ধ্বনিকে আপন বলে গ্রহণ করেছে । আর-একটি শাখার উদ্যম হয়েছে সংস্কৃত ছন্দকে বাংলায় ভেঙে নিয়ে ।

শিখরিণী মালিনী মন্দাক্রান্তা শার্দূলবিক্রীড়িত প্রভৃতি বড়ো বড়ো গভীরচালের ছন্দ গুরুসম্বন্ধের যথানির্দিষ্ট বিন্যাসে অসমান মাত্রাভাগের ছন্দ । বাংলায় আমরা বিষমমাত্রামূলক ছন্দ কিছু কিছু চালিয়েছি, কিন্তু বিষমমাত্রার ঘনঘন পুনরাবৃত্তির দ্বারা তারও একটা সন্মিতি রক্ষা হয় ।

শিমূল রাঙা রঙে
চোখেতে দিল ভরে ।
নাকটা হেসে বলে,
হায় রে যাই মরে ।
নাকের মতে, গুণ
কেবলই আছে স্বাণে,
রূপ যে রঙ খোঁজে
নাকটা তা কি জানে ।

এখানে বিষমমাত্রার পদগুলি জোড়ে-জোড়ে এসে চলনের অসমানতা ঘুচিয়ে দিয়েছে । কিন্তু, সংস্কৃত ভাষায় বিষমমাত্রার বিস্তার আরো অনেক বড়ো । এই সংস্কৃত ছন্দের দীর্ঘদ্রুৱ স্বরকে সমান করে নিয়ে কেবলমাত্র মাত্রা মিলিয়ে ছন্দ রচনা বাংলায় দেখেছি, সে বহুকাল পূর্বে 'স্বপ্নপ্ররাণএ ।

লজ্জা বলিল, "হবে
কি লো তবে,
কতদিন পরান হবে
অমন করি ।
হইয়ে জলহীন
যথা মীন
রহিবি ওলো কতদিন
মরমে মরি ।"

এর প্রত্যেক ভাগে মাত্রাসংখ্যা স্বতন্ত্র ।

সংস্কৃত ছন্দে বিবিধ মাত্রার এই গতিবৈচিত্র্য যা সন্মিতি উপেক্ষা করেও ভঙ্গিমীমা বাঁচিয়ে চলে, বাংলায় তার অনুকৃতি এখনো যথেষ্ট প্রচলিত হয় নি । নূতন ছন্দ বাংলায় সৃষ্টি করবার শখ যাদের প্রবল, এই পথে তাঁরা অনেক নূতনছন্দের সন্ধান পাবেন । তবু বলে রাখি, তাতে তাঁরা সংস্কৃত ছন্দের মোট আয়তনটা পাবেন, তার ধ্বনিতরঙ্গ পাবেন না । মন্দাক্রান্তার মাত্রা-গোনা একটা বাংলা ছন্দের নমুনা দেওয়া যাক—

সারা প্রভাতের বাণী
বিকালে গেঁথে আনি
ভাবিনু হারখানি
দিব গলে ।

ভয়ে ভয়ে অবশেষে
তোমার কাছে এসে
কথা যে যায় ভেসে
আখিজলে ।

দিন যবে হয় গত
না-বলা কথা যত
খেলার ভেলা-মতো
হেলাভরে
লীলা তার করে সারা
যে-পথে ঠাইহারা
রাতের যত তারা
যায় সরে ।

শিখরিণীকেও এই ভাবে বাংলায় রূপান্তরিত করা যেতে পারে—

কেবলই অহরহ মনে-মনে
নীরবে তোমা-সনে
যা-খুলি কহি কত ;
বিরহব্যথা মম নিজে নিজে
তোমারি মুরতি যে
গড়িছে অবিরত ।
এ পূজা ধায় যবে তোমা-পানে
যাজে কি কোনোখানে,
কাঁপে কি মন তব ।
জান কি দিবানিশি বহুদূরে
গোপনে বাজে সুরে
বেদনা অভিনব ।

ছন্দ সম্বন্ধে আরো কিছু বলা বাকি রইল, আর কোনো সময়ে পরে বলবার ইচ্ছা আছে । উপসংহারে আজ কেবল এই কথাটি বলতে চাই যে, ছন্দের একটা দিক আছে যেটাকে বলা যেতে পারে কৌশল । কিন্তু, তার চেয়ে আছে বড়ো জিনিস যেটাকে বলি সৌচ্য । বাহাদুরি তার মধ্যে নেই, সমগ্র কাব্যসৃষ্টির কাছে ছন্দের আত্মবিশ্মৃত আত্মনিবেদনে তার উদ্ভব । কাব্য পড়তে গিয়ে যদি অনুভব করি যে, ছন্দ পড়ছি, তা হলে সেই প্রগলভ ছন্দকে ধিক্কার দেব । মস্তিষ্ক স্থংশিত পাকস্থলী অতি আশ্চর্য যন্ত্র, সৃষ্টিকর্তা তাদের স্বাতন্ত্র্য ঢাকা দিয়েছেন । দেহ তাদেরকে ব্যবহার করে, প্রকাশ করে না । করে প্রকাশ যখন রোগে ধরে ; তখন যকৃৎটা হয় প্রবল, তার কাছে মাথা হেঁট করে লাবণ্য । শরীরে স্বাস্থ্যের মতোই কবি ছন্দকে ভুলে থাকে, ছন্দ যখন তার যথার্থ আপন হয় ।

গদ্যছন্দ

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে পঠিত

কথা যখন খাড়া দাঁড়িয়ে থাকে তখন সে কেবলমাত্র আপন অর্থটুকু নিবেদন করে। যখন তাকে ছন্দের আঘাতে নাড়া দেওয়া যায় তখন তার কাছ থেকে অর্থের বেশি আরো কিছু বেরিয়ে পড়ে। সেটা জানার জিনিস নয়, বেদনার জিনিস। সেটাতে পদার্থের পরিচয় নয়, রসের সন্তোগ।

আবেগকে প্রকাশ করতে গেলে কথার মধ্যে আবেগের ধর্ম সঞ্চার করতে হয়। আবেগের ধর্ম হচ্ছে বেগ; সে চলে, চালায়। কথা যখন সেই বেগ গ্রহণ করে তখন স্পন্দিত হৃদয়ভাবের সঙ্গে তার সাধর্মা ঘটে।

চলতি ভাষায় আমরা বলি কথাকে ছন্দে বাঁধা। বাঁধা বটে, কিন্তু সে বাঁধন বাইরে, রূপের দিকে; ভাবের দিকে মুক্তি। যেমন সেতारे তার বাঁধা, তার থেকে সুর পায় ছাড়া। ছন্দ সেই সেতারের বাঁধা হার, সুরের বেগে কথাকে অন্তরে দেয় মুক্তি।

উপনিষদে আছে, আত্মার লক্ষ্য ব্রহ্ম, ওঙ্কারের ধ্বনিবেগ তাকে ধনুর মতো লক্ষ্যে পৌঁছিয়ে দেয়। এতে বলা হচ্ছে, বাক্যের দ্বারা যুক্তির দ্বারা ব্রহ্ম জানবার বিষয় নয়, তিনি আত্মার সঙ্গে একাত্ম হবার বিষয়। এই উপলক্ষিতে ধ্বনিই সহায়তা করে, শব্দার্থ করে না।

জ্ঞাতা এবং জ্ঞেয় উভয়ের মধ্যে মোকাবিলা হয় মাত্র; অর্থাৎ সান্নিধ্য হয়, সাযুজ্য হয় না। কিন্তু, এমন-সকল বিষয় আছে যাকে জানার দ্বারা পাওয়া যায় না, যাকে আত্মস্থ করতে হয়। আম বস্তুটাকে সামনে রেখে জানা চলে, কিন্তু তার রসটাকে আত্মগত করতে না পারলে বুদ্ধিমূলক কোনো প্রণালীতে তাকে জানবার উপায় নেই। রসসাহিত্য মুখ্যত জ্ঞানের জিনিস নয়, তা মর্মের অধিগম্য। তাই, সেখানে কেবল অর্থ যথেষ্ট নয়, সেখানে ধ্বনির প্রয়োজন; কেননা ধ্বনি বেগবান। ছন্দের বন্ধনে এই ধ্বনিবেগ পায় বিশিষ্টতা, পায় প্রবলতা।

নিত্যব্যবহারের ভাষাকে ব্যাকরণের নিয়মজাল দিয়ে বাঁধতে হয়। রসপ্রকাশের ভাষাকে বাঁধতে হয় ধ্বনিসংগতের নিয়মে। সমাজেই বলা, ভাষাতেই বলা, সাধারণ ব্যবহারবিধির প্রয়োজন বাইরের দিকে, কিন্তু তাতেই সম্পূর্ণতা নেই। আর-একটা বিধি আছে যেটা আত্মিকতার বিধি। সমাজের দিক থেকে একটা দৃষ্টান্ত দেখানো যাক।

জাপানে গিয়ে দেখা গেল জাপানি সমাজস্থিতি। সেই স্থিতি ব্যবস্থাবন্ধনে। সেখানে চোরকে ঠেকায় পুলিশ, জুয়াচোরকে দেয় সাজা, পরস্পরের দেনাপাওনা পরস্পরকে আইনের তাড়ায় মিটিয়ে দিতে হয়। এই যেমন স্থিতির দিক তেমনি গতির দিক আছে; সে চরিত্রে, যা চলে যা চালায়। এই গতি হচ্ছে অন্তর থেকে উদ্গাত সৃষ্টির গতি, এই গতিপ্রবাহে জাপানি মনুষ্যত্বের আদর্শ নিয়ত রূপ গ্রহণ করে। জাপানি সেখানে ব্যক্তি, সর্বদাই তার ব্যক্তনা চলছে। সেখানে জাপানির নিত্য-উদ্ভাবিত সচল সস্তার পরিচয় পাওয়া গেল। দেখতে পেলেম, স্বভাবতই জাপানি রূপকার। কেবল যে শিল্পে সে আপন সৌম্যবোধ প্রকাশ করছে তা নয়, প্রকাশ করছে আপন ব্যবহারে। প্রতিদিনের আচরণকেও সে শিল্পসামগ্রী করে তুলেছে, সৌজন্যে তার শৈথিল্য নেই। আতিথেয়তায় তার দাক্ষিণ্য আছে, হৃদয়তা আছে, বিশেষভাবে আছে সুবমা। জাপানের বৌদ্ধমন্দিরে গেলেম। মন্দিরসজ্জায়, উপাসকদের আচরণে অনিন্দ্যানির্মল শোভনতা। বহুনেপুণ্যে নির্মিত মন্দিরের ঘণ্টার গভীর মধুর ধ্বনি মনকে আনন্দে আন্দোলিত করে। কোথাও সেখানে এমন কিছুই নেই যা মানুষের কোনো ইন্দ্রিয়কে কদর্যতা বা অপারিপাট্যে অবমানিত করতে পারে। এইসঙ্গে দেখা যায় পৌরুষের অভিমানে জাপানির প্রাণপণ নিষ্ঠাকতা। চারুতা ও বীর্যের সম্মিলনে এই যে তার আত্মপ্রকাশ, এ তো যৌজদারি দণ্ডবিধির সৃষ্টি নয়। অথচ, জাপানির ব্যক্তিবরূপ বন্ধনের সৃষ্টি, তার পরিপূর্ণতা সীমার দ্বারাতেই। নিয়ত প্রকাশমান চলমান এই তার প্রকৃতিকে শক্তিমান রূপদান করে যে আন্তরিক বন্ধন, যে সজীব সীমা, তাকেই বলি ছন্দ। আইনের শাসনে সমাজস্থিতি, অন্তরের ছন্দে আত্মপ্রকাশ।

বিংশতিকোটি মানবের বাস
এ ভারতভূমি যবনের দাস
রয়েছে পড়িয়া শৃঙ্খলে বাধা ।
আর্যাবর্তজয়ী মানব যাহারা
সেই বংশোদ্ভব জাতি কি ইহারা,
জন কত শুধু প্রহরী-পাহারা
দেখিয়া নয়নে লেগেছে ধাধা ।

দেখা যাচ্ছে, ছন্দের বন্ধনে শব্দগুলোকে শৈথিল্য থেকে ঝাঁচিয়ে রেখেছে, এলিয়ে পড়ছে না, তারা একটা বিশেষ রূপ নিয়ে চলেছে। বাধন ভেঙে দেওয়া যাক।

'ভারতভূমিতে বিংশতিকোটি মানব বাস করিয়া থাকে, তথাপি এই দেশ দাসত্ব-শৃঙ্খলে আবদ্ধ হইয়া আছে। যাহারা একদা আর্যাবর্ত জয় করিয়াছিল ইহারা কি সেই বংশ হইতে উদ্ভূত। কয়েকজনমাত্র প্রহরীর পরিক্রমণ দেখিয়াই ইহাদের চক্ষুতে কি দৃষ্টিবিভ্রম ঘটিয়াছে।'

কথাগুলোর কোনো লোকসান হয় নি, বরঞ্চ হিসাব করে দেখলে কয়েক পারসেন্ট মুনফাই দেখা যায়। কিন্তু কেবল ব্যাকরণের বাধনে কথাগুলোকে অন্তরের দিকে সংঘবদ্ধ করে নি, তারই অভাবে সে শক্তি হারিয়েছে। উদাস মনের রুদ্ধ দ্বার ভাঙবার উদ্দেশ্যে সবাই মিলে এক হয়ে ঘা দিতে পারছে না।

ছন্দের সঙ্গে অছন্দের তফাত এই যে, কথা একটাতে চলে, আর-একটাতে শুধু বলে কিন্তু চলে না। যে চলে সে কখনো খেলে, কখনো নাচে, কখনো লড়াই করে, হাসে কাঁদে; যে স্থির বসে থাকে সে আপিস চালায়, তর্ক করে, বিচার করে, হিসাব দেখে, দল পাকায়। ব্যবসায়ীর শুষ্ক প্রবীণতা ছন্দোহীন বাক্যে, অব্যবসায়ীর সরসচঞ্চল প্রাণের বেগ ছন্দোময় ছবিতে কাব্যে গানে।

এই ছবি-গান-কাব্যকে আমরা গড়ে-তোলা জিনিস বলে অনুভব করি নে; মনে লাগে, যেন তারা হয়ে-ওঠা পদার্থ। তাদের মধ্যে উপাদানের বাহ্য সংঘটনটা অত্যন্ত বেশি ধরা দেয় না; দেখা যায় উদ্ভাবনার একটা অখণ্ড প্রকাশ, যে প্রকাশ একান্তভাবে আমাদের বোধের সঙ্গে মেলে। বিশ্বসৃষ্টিতে স্পন্দিত আকাশ, কম্পিত বাতাস, চঞ্চল হৃদয়াবেগ স্নায়ুতন্ত্রতে ছন্দোবিভক্তিত হয়ে আলোতে গানেতে বেদনায় আমাদের চৈতন্য কেবলই ঐকে দিচ্ছে আলিঙ্গন। ছবি-গান-কাব্যও আপন ছন্দঃস্পন্দনের চলদবেগে আমাদের চৈতন্যকে গতিমান আকৃতিমান করে তুলছে নানাপ্রকার চাঞ্চল্যে। অন্তরে যেটা এসে প্রবেশ করেছে সেটা মিলে যাচ্ছে আমাদের চৈতন্যে, সে আর স্বতন্ত্র থাকছে না।

ঘোড়ার ছবি দেখি প্রাণিতন্ত্রের বইয়ে। সেখানে ঘোড়ার আকৃতির সঙ্গে তার অঙ্গপ্রত্যঙ্গের সমস্ত হিসাব ঠিকঠাক মেলে। তাতে খবর পাই, সে খবর বাইরের খবর; তাতে জ্ঞানলাভ করি, ভিতরটা খুশি হয়ে ওঠে না। এই খবরটা স্থাবর পদার্থ। রূপকার ঘোড়ার যে ছবি আঁকে তার চরম উদ্দেশ্য খবর নয় খুশি, এই খুশিটা বিচলিত চৈতন্যের বিশেষ উদ্‌বোধন। ভালো ছবির মধ্যে বরাবরের মতো একটা সচলতার বেগ রয়েছেই গেল, তাকে বলা চলে পর্পেচুয়ল মুভমেন্ট; প্রাণিতন্ত্রের বইয়ে ঘোড়ার ছবিটা চারি দিকেই সঠিক করে বাধা, খাঁটি খবরের যাথার্থ্যে পিলপে-গাড়ি করা তার সীমানা। রূপকারের রেখায় রেখায় তার তুলি মৃদঙ্গের বোল বাজিয়েছে, দিয়েছে সুবমার নাচের দোলা। সেই ঘোড়ার ছবিতে চতুষ্পদজাতীয় জীবের খাঁটি খবর না মিলতেও পারে, মিলবে ছন্দ যার নাড়া খেয়ে সচকিত চৈতন্য সাড়া দিয়ে বলে ওঠে 'হা এই তো বটে'। আপনারই মধ্যে সেই সৃষ্টিকে সে স্বীকার করে, সেই থেকে চিরকালের মতো সেই ধ্বনিময় রূপ আমাদের বিশ্বপরিচয়ের অন্তর্গত হয়ে থাকে। আকাশ কালো মেঘে স্নিগ্ধ, বনভূমি তমালগাছে শ্যামবর্ণ, ব্যাপারটা এর বেশি কিছুই নয়; খবরটা

১. আরও হইতে প্রবন্ধের এই অনুচ্ছেদ পর্যন্ত অংশ সাময়িক পত্র হইতে গৃহীত হইয়াছে।

একবারের বেশি দুবার বললে ধমক দিয়ে থামিয়ে দিই ; কবি বরাবরকার মতো বলতে থাকলেন—

মেঘৈর্মেদুরমধুরং বনভুবঃ শ্যামান্তমালক্রমৈঃ ।

কবির মনের মেঘলা দিনের সংবেগ চড়ে বসল ছন্দ-পক্ষিরাজের পিঠে, চলল চিরকালের মনোহরণ করতে ।

গদ্যে প্রধানত অর্থবান শব্দকে ব্যাহবন্ধ করে কাজে লাগাই, পদ্যে প্রধানত ধ্বনিমান শব্দকে ব্যাহবন্ধ করে সাজিয়ে তোলা হয় । ব্যাহ শব্দটা এখানে অসার্থক নয় । ভিড় জমে রাস্তায়, তার মধ্যে সাজাই-বাছাই নেই, কেবল এলোমেলো চলাফেরা । সৈন্যের ব্যাহ সংহত সংযত, সাজাই-বাছাইয়ের দ্বারা সবগুলি মানুষের যে সম্মিলন ঘটে তার থেকে একটা প্রবল শক্তি উদ্ভাবিত হয় । এই শক্তি স্বতন্ত্রভাবে যথেষ্টভাবে প্রত্যেক সৈনিকের মধ্যে নেই । মানুষকে উপাদান করে নিয়ে ছন্দোবিন্যাসের দ্বারা সেনাপতি এই শক্তিরূপের সৃষ্টি করে । এ যেন বহু-ইচ্ছনের হোমহতাশন থেকে যাজ্ঞসেনীর আবির্ভাব । ছন্দঃসজ্জিত শব্দবাহে ভাষায় তেমনি একটি শক্তিরূপের সৃষ্টি ।

চিত্রসৃষ্টিতেও এ কথা খাটে । তার মধ্যে রেখার ও রঙের একটা সামঞ্জস্যবদ্ধ সাজাই-বাছাই আছে । সে প্রতিক্রম নয়, সে স্বরূপ । তার উদ্দেশ্য রিপোর্ট করা নয়, তার উদ্দেশ্য চৈতন্যকে কবুল করিয়ে নেওয়া 'এই তো স্বয়ং দেখলুম' । গুণীর হাতে রেখা ও রঙের ছন্দোবন্ধন হলেই ছবির নাড়ির মধ্যে প্রাণের স্পন্দন চলতে থাকে, আমাদের চিত্তস্পন্দন তার লয়টাকে স্বীকার করে, ঘটতে থাকে গতির সঙ্গে গতির সহযোগিতা বাতাসের হিম্মালের সঙ্গে সমুদ্রের তরঙ্গের মতো ।

ভারতবর্ষে বেদমন্ত্রে ছন্দ প্রথম দেখা দিল, মন্ত্রে প্রবেশ করল প্রাণের বেগ, সে প্রবাহিত হতে পারল নিশ্বাসে প্রশ্বাসে, আবর্তিত হতে থাকল মননধারায় । মন্ত্রের ক্রিয়া কেবল জ্ঞানে নয়, তা প্রাণে মনে ; স্মৃতির মধ্যে তা চিরকাল স্পন্দিত হয়ে বিরাজ করে । ছন্দের এই গুণ ।

ছন্দকে কেবল আমরা ভাষায় বা রেখায় স্বীকার করলে সব কথা বলা হয় না । শব্দের সঙ্গে সঙ্গে ছন্দ আছে ভাবের বিন্যাসে, সে কানে শোনবার নয়, মনে অনুভব করবার । ভাবকে এমন করে সাজানো যায় যাতে সে কেবলমাত্র অর্থবোধ ঘটায় না, প্রাণ পেয়ে ওঠে আমাদের অন্তরে । বাছাই করে সুবিন্যস্ত সুবিভক্ত করে ভাবের শিল্প রচনা করা যায় । বর্জন গ্রহণ সজ্জীকরণের বিশেষ প্রণালীতে ভাবের প্রকাশে সম্ভারিত হয় চলৎশক্তি । যেহেতু সাহিত্যে ভাবের বাহন ভাষা, সেই কারণে সাহিত্যে যে ছন্দ আমাদের কাছে প্রত্যক্ষ সে ছন্দ ভাষার সঙ্গে জড়িত । তাই, অনেক সময়ে এ কথাটা ভুলে যাই যে, ভাবের ছন্দই-তাকে অতিক্রম করে আমাদের মনকে বিচলিত করে । সেই ছন্দ ভাবের সংযমে, তার বিন্যাসনৈপুণ্যে ।

জ্ঞানের বিষয়কে প্রাঞ্জল ও যথার্থ করে ব্যক্ত করতে হলেও প্রকাশের উপাদানকে আঁট করে তাকে ঠিকমত শ্রেণীবদ্ধ করা চাই । সে তাকে প্রাণের বেগ দেবার জন্মে নয়, তাকে প্রকৃষ্ট অর্থ দেবার জন্মেই । শংকরের বেদান্তভাষ্য তার একটি নিদর্শন । তার প্রত্যেক শব্দই সার্থক, তার কোনো অংশেই বাহুল্য নেই, তাই তত্ত্বব্যাখ্যা সম্বন্ধে তা এমন সুস্পষ্ট । কিন্তু এই শব্দযোজনার সংযমটি যৌক্তিকতার সংযম, আর্থিক যথাতথ্যের সংযম, শব্দগুলি লজ্জিক-সংগত পঙ্ক্তিবন্ধনে সুপ্রতিষ্ঠিত । কিন্তু শংকরাচার্যের নামে যে আনন্দলহরী কাব্য প্রচলিত তার ভাবের প্রকাশ লজ্জিকের পক্ষ থেকে অসংযত, অথচ প্রাণবান্ গতিমান্ রূপসৃষ্টির পক্ষ থেকে তার কলাকৌশল দেখতে পাই ।

বহন্তী|সিন্দুরং প্রবলকবরীভারতিমির-

দ্বিবাং বৃন্দৈর্বন্দীকৃতমিব নবীনাক্কিরণম্ ।

তনোতু ক্ষেমং নস্তব বদনসৌন্দর্যলহরী-

পরীবাহশ্রোতঃসরণিরিব সীমন্তসরণিঃ ॥

ঐ সিধির রেখা আমাদের কল্যাণ দিক যে-রেখাটি তোমার মুখসৌন্দর্যধারার শ্রোতঃপথের মতো । আর যে-সিন্দুর ঠাকা রয়েছে তোমার ঐ সিধিতে সে যেন নবীন সূর্যের আলো, তাকে ঘনকবরীভারের অঙ্ককার শক্তি হয়ে বন্দী করে রেখেছে ।

আনন্দলহরীতে যে নারীরূপের কথা পাই সে সাধারণ নারী নয়, সে বিশ্বসৌন্দর্যের প্রতিমা । নিয়ত বয়ে চলেছে তার সৌন্দর্যের প্রবাহ, পিছনে তার ঘনকবরীপুঞ্জ রাত্রি, সম্মুখে তার সীমন্তরেখার সিন্দূররাগে তরুণসূর্যকিরণ, এই অল্প কথায় ভাবের যে স্তবকগুলি সংবদ্ধ তাতে কবিহৃদয়ের আনন্দ দিয়ে আঁকা একটি ছবি দেখতে পাচ্ছি, সেই ছবিটি বিশ্বপ্রকৃতির নারীরূপ ।

যে ছন্দ দিয়ে এই ছবি আঁকা এ শুধু ভাবের ছন্দ নয়, এ ভাবের ছন্দ । এতে ভাবের গুটিকয়েক উপকরণ উপমার গুচ্ছে সাজানো, তাই দিয়েই ওর জাদু । ওর নিত্যসচল কটাক্ষে অনেক না-বলা কথার ইশারা রয়ে গেল ।

একদিন ছিল যখন ছাপার অক্ষরের সাম্রাজ্যপত্তন হয় নি । যেমন কল-কারখানার আবির্ভাবে পণ্যবস্তুর ভূরি-উৎপাদন সম্ভবপর হল তেমনি লিখিত ও মুদ্রিত অক্ষরের প্রসাদে সাহিত্যে শব্দসংকোচের প্রয়োজন চলে গেছে । আজ সরস্বতীর আসনই বলা, আর তাঁর ভাগ্যই বলা প্রকাণ্ড আয়তনের । সাবেক সাহিত্যের দুই বাহন, তার উচ্চৈঃশ্রবা আর তার ঐরাবত, তার শ্রুতি ও স্মৃতি ; তারা নিয়েছে ছুটি । তাদের জায়গায় যে যান এখন চলল, তার নাম দেওয়া যেতে পারে লিখিত । সে রেলগাড়ির মতো, তাতে কোনোটা যাত্রীর কামরা, কোনোটা মালের । কোনোটাতে বস্তুর পিণ্ড, সংবাদপুঞ্জ, কোনোটাতে সজীব যাত্রী অর্থাৎ রসসাহিত্য । তার অনেক চাকা, অনেক কক্ষ ; একসঙ্গে মস্ত মস্ত চালান । স্থানের এই অসংকোচে গদ্যের ভূরিভোজ ।

সাহিত্যে অক্ষরের অতিথিশালায় বাক্যের এত বড়ো সদাব্রতের আয়োজন যখন ছিল না তখন ছন্দের সাহায্য ছিল অপরিহার্য । তাতে বাধা পেত শব্দের অতিব্যয়িতা, আর ছন্দ আপন সাংগীতিক গতিবেগের দ্বারা স্মৃতিকে রাখত সচল করে । সেদিন পদ্যছন্দের সতিন ছিল না ভাষায়, সেদিন বাণীর ছন্দের সঙ্গে ভাবের ছন্দের অদ্বয়-বিবাহ অর্থাৎ মনোগেমি ছিল প্রচলিত । এখন বই-পড়াটা অনেকস্থলেই নিঃশব্দ পড়া, কানের একান্ত শাসন তাই উপেক্ষিত হতে পারে । এই সুযোগেই আজকাল কাব্যশ্রেণীয় রচনা অনেক স্থলে পদ্যছন্দের বিশেষ অধিকার এড়িয়ে ভাবছন্দের মুক্তি দাবি করছে ।

গদ্যসাহিত্যের আরম্ভ থেকেই তার মধ্যে মধ্যে প্রবেশ করেছে ছন্দের অন্তঃশীলা ধারা । রস যেখানেই চঞ্চল হয়েছে, রস যেখানেই চেয়েছে রূপ নিতে, সেখানেই শব্দগুচ্ছ স্বতই সজ্জিত হয়ে উঠেছে । ভাবরসপ্রধান গদ্য-আবস্থির মধ্যে সুর লাগে অথচ তাকে রাগিনী বলা চলে না, তাতে তাঁলমানসূরের আভাসমাত্র আছে । তেমনি গদ্যরচনায় যেখানে রসের আবির্ভাব সেখানে ছন্দ অতিনির্দিষ্ট রূপ নেয় না, কেবল তার মধ্যে থেকে যায় ছন্দের গতিলীলা ।

কবরী গাছের প্রতি লক্ষ করলে দেখা যায়, তার ডালে-ডালে জুড়ি-জুড়ি সমানভাগে পত্রবিন্যাস । কিন্তু, বটগাছে সেই প্রশাখাগত সূন্যমিত পত্রপর্যায় চোখে পড়ে না । তাতে দেখি বহু শাখা-প্রীশাখায় পত্রপুঞ্জের বড়ো-বড়ো স্তবক । এই অনতিসমান রাশীকৃত ভাগগুলি বনস্পতির মধ্যে একটি সামঞ্জস্য পেয়েছে, তাকে দিয়েছে একটি বৃহৎ চরিত্ররূপ । অথচ, পাথরের যে পিণ্ডীকৃত স্থাবর বিভাগগুলি দেখা যায় পাহাড়ে, এ সেরকম নয় । এর মধ্যে দেখতে পাই প্রাণশক্তি অবলীলাক্রমে আপন নানায়তন অঙ্গপ্রত্যঙ্গের ওজন প্রতিনিয়ত বিশেষ মহিমার সঙ্গে ঝাঁচিয়ে চলেছে ; তার মধ্যে দেখি যেন মহাদেবের তাণ্ডব, বলদেবের নৃত্য, সে অঙ্গরীর নাচ নয় । একেই তুলনা করা যায় সেই আধুনিক কাব্যরীতির সঙ্গে, গদ্যের সঙ্গে যার বাহ্য রূপ মেলে আর পদ্যের সঙ্গে আন্তর রূপ ।

সঞ্জীবচন্দ্র তাঁর 'পালামৌ' গ্রন্থে কোল নারীদের নাচের বর্ণনা করেছেন । নৃত্যে যেমন করে বিবরণ লেখা হয় এ তা নয়, লেখক ইচ্ছা করেছেন নাচের রূপটা রসটা পাঠকদের সামনে ধরতে । তাই এ লেখায় ছন্দের ভঙ্গি এসে পৌঁছেছে অথচ কোনো বিশেষ ছন্দের কাঠামো নেই । এর গদ্য সমমাত্রায় বিভক্ত নয়, কিন্তু শিল্পপ্রচেষ্টা আছে এর গতির মধ্যে ।

গদ্যসাহিত্যে এই-যে বিচিত্র মাত্রার ছন্দ মাঝে মাঝে উচ্ছ্বসিত হয়, সংস্কৃত বিশেষত প্রাকৃত আর্য্য প্রভৃতি ছন্দে তার তুলনা মেলে । সে-সকল ছন্দে সমান পদক্ষেপের নৃত্য নেই, বিচিত্রপরিমাণ ধ্বনিপুঞ্জ কানকে আঘাত করতে থাকে । যজুর্বেদের গদ্যমন্ত্রের ছন্দকে ছন্দ বলেই গণ্য করা হয়েছে ।

তার থেকে দেখা যায়, প্রাচীনকালেও ছন্দের মূলতত্ত্বটি গদ্যে পদ্যে উভয়ত্রই স্বীকৃত। অর্থাৎ, যে পদবিভাগ বাণীকে কেবল অর্থ দেবার জন্যে নয়, তাকে গতি দেবার জন্যে, তা সমমাত্রায় না হলেও তাতে ছন্দের স্বভাব থেকে যায়।

পদ্যছন্দের প্রধান লক্ষণ পঙ্ক্তিসীমানায় বিভক্ত তার কাঠামো। নির্দিষ্টসংখ্যক ক্বনিগুচ্ছে এক-একটি পঙ্ক্তি সম্পূর্ণ। সেই পঙ্ক্তিশেষে একটি করে বড়ো যতি। বলা বাহুল্য, গদ্যে এই নিয়মের শাসন নেই। গদ্যে বাক্য যেখানে আপন অর্থ সম্পূর্ণ করে সেইখানেই তার দাঁড়বার জায়গা। পদ্যছন্দ যেখানে আপন ক্বনিসংগতিকে অপেক্ষাকৃত বড়ো রকমের সমাপ্তি দেয়, অর্থনির্বিচারে সেইখানে পঙ্ক্তি শেষ করে। পদ্য সব-প্রথমে এই নিয়ম লঙ্ঘন করলে অমিত্রাক্ষর ছন্দে, পঙ্ক্তির বাইরে পদচারণা শুরু করলে। আধুনিক পদ্যে এই স্বৈরাচার দেখা দিল পয়ারকে আশ্রয় করে।

বলা বাহুল্য, এক মাত্রা চলে না। বৃক্ষ ইব স্তম্ভো দিবি তিষ্ঠত্যেকঃ। যেই দুইয়ের সমাগম অমনি হল চলা শুরু। ধাম আছে এক পায়ে দাঁড়িয়ে থেমে। জন্তুর পা, পাখির পাখা, মাছের পাখনা দুই সংখ্যার যোগে চলে। সেই নিয়মিত গতির উপরে যদি আর-একটা একের অতিরিক্ত ভার চাপানো যায় তবে সেই গতিতে ভারসাম্যের অপ্রতিষ্ঠতা প্রকাশ পায়। এই অনিয়মের ঠেলায় নিয়মিত গতির বেগ বিচিত্র হয়ে ওঠে। মানুষের দেহটা তার দৃষ্টান্ত। আদিমকালের চারপেয়ে মানুষ আধুনিক কালে দুই পায়ে সোজা হয়ে দাঁড়াল। তার কোমর থেকে পদতল পর্যন্ত দুই পায়ের সাহায্যে মজবুত, কোমর থেকে মাথা পর্যন্ত টলমলে। এই দুই ভাগের অসামঞ্জস্যকে সামলাবার জন্যে মানুষের গতিতে মাথা হাত কোমর পা বিচিত্র হিম্মোলে হিম্মোলিত। পাখিও দুই পায়ে চলে, কিন্তু তার দেহ স্বভাবতই দুই পায়ের ছন্দে নিয়মিত। টলবার ভয় নেই তার। দুই মাত্রায় অর্থাৎ জোর মাত্রায় যে পদ বাধা হয় তার মধ্যে দাঁড়ানোও আছে, চলাও আছে; বেজোড় মাত্রায় চলার ঝোঁকটাই প্রধান। এইজন্যে অমিত্রাক্ষরে যেখানে-সেখানে থেমে যাবার যে নিয়ম আছে সেটা পালন করা বিক্ষম মাত্রার ছন্দের পক্ষে দুঃসাধ্য। এইজন্যে বেজোড় মাত্রায় পদ্যধর্মই একান্ত প্রবল। চেঁটা করে দেখা যাক বেজোড় মাত্রার দরজাটা খুলে দিয়ে। প্রথম পরীক্ষা হোক তিন মাত্রার মহলে।

বিরহী গগন ধরণীর কাছে
পাঠালো লিপিকা। দিকের প্রান্তে
নামে তাই মেঘ, বহিয়া সজল
বেদনা; বহিয়া তড়িৎ-চকিত
ব্যাকুল আকৃতি। উৎসুক ধরা
ধৈর্য হারায়, পাল্লে না লুকাতে
বুকের কাঁপন পল্লবদলে।
বকুলকুঞ্জে রচে সে প্রাণের
মুগ্ধ প্রলাপ; উল্লাস ভাসে
চামেলিগন্ধে পূর্বপবনে।

পয়ার ছন্দের মতো এর গতি সিধে নয়। এই তিন মাত্রার এবং জোড়-বিজোড় মাত্রার ছন্দে পদক্ষেপ মাঘনৈবধের নায়িকাদের মতো মরালগমনে, ডাইনে-বায়ে ঝোঁকে-ঝোঁকে হেলতে-দুলতে।

এবার যে-ছন্দের নমুনা দেব সেটা তিন-দুই মাত্রার, গানের ভাবায় ঝাপতাল-জাতীয়।

চিন্ত আজি দুঃখদোলে
আন্দোলিত। দূরের সুর
বন্ধে লাগে। অন্ধনের
সম্মুখেতে পাহু মম
ক্লান্তপদে গিয়েছে চলি
দিগন্তরে। বিরহবেণু

ধ্বনিছে তাই মন্দ্বায়ে
ছন্দে তারি কুন্দফুল
ঝরিছে কত, চঞ্চলিয়া
কাপিছে কাশগুচ্ছশিখা ।

এ ছন্দ পাঁচ মাত্রার মাঝখানে ভাগ করে থামতে পারে না ; এর যতিস্থাপনায় বৈচিত্র্যের যথেষ্ট স্বাধীনতা নেই ।

এবার দেখানো যাক তিন-চার মাত্রার ছন্দ ।

মালতী সারাবেলা ঝরিছে রহি রহি
কেন যে বুঝি না তো । হায় রে উদাসিনী,
পথের ধূলিরে কি করিলি অকারণে
মরণসহচরী । অরুণ গগনের
ছিলি তো সোহাগিনি । শ্রাবণবরিষনে
মুখর বনভূমি তোমারি গন্ধের
গর্ব প্রচারিছে সিস্ত সমীরণে
দিশে দিশান্তরে । কী অনাদরে তবে
গোপনে বিকশিয়া বাদল-রজনীতে
প্রভাত-আলোকে কহিলি 'নহে নহে' ।

উপরের দৃষ্টান্তগুলি থেকে দেখা যায়, অসম ও বিষম মাত্রার ছন্দে পঙ্ক্তিলঙ্ঘন চলে বটে, কিন্তু তার এক-একটি ধ্বনিগুচ্ছ সমান মাপের, তাতে ছোটো-বড়ো ভাগের বৈচিত্র্য নেই । এইজন্যেই একমাত্র পয়ারছন্দই অমিত্রাক্ষর রীতিতে কতকটা গদ্য-জাতীয় স্বাধীনতা পেয়েছে ।

এইবার আমার শ্রোতাদের মনে করিয়ে দেবার সময় এল যে, এই-সব পঙ্ক্তিলঙ্ঘক ছন্দের কথাটা উঠেছে প্রসঙ্গক্রমে । মূলকথাটা এই যে, কবিতায় ক্রমে-ক্রমে ভাষাগত ছন্দের আঁটা-আঁটির সমান্তরে ভাবগত ছন্দ উদ্ভাবিত হচ্ছে । পূর্বেই বলেছি, তার প্রধান কারণ, কবিতা এখন কেবলমাত্র শ্রাব্য নয়, তা প্রধানত পাঠ্য । যে সুনিবিড় সুনিয়মিত ছন্দ আমাদের স্মৃতির সহায়তা করে তার অত্যাৱশ্যকতা এখন আর নেই । একদিন খনার বচনে চাষবাসের পরামর্শ লেখা হয়েছিল ছন্দে । আজকালকার বাংলায় যে 'কৃষ্টি' শব্দের উদ্ভব হয়েছে খনার এই-সমস্ত কৃষির ছড়ায় তাকে নিশ্চিত এগিয়ে দিয়েছিল । কিন্তু এই ধরনের কৃষ্টি প্রচারের ভার আজকাল গদ্য নিয়েছে । ছাপার অক্ষর তার বাহন, এইজন্যে ছন্দের পুঁটলিতে ঐ বচনগুলো মাথায় করে বয়ে বেড়াবার দরকার হয় না । একদিন পুরুষও আফিসে যেত পালকিতে, মেয়েও সেই উপায়েই যেত স্বশুরবাড়িতে । এখন রেলগাড়ির প্রভাবে উভয়ে একত্রে একই রথে জায়গা পায় । আজকাল গদ্যের অপরিহার্য প্রভাবের দিনে ক্রমে-ক্রমে দেখা যাবে কাব্যও আপন গতিবিধির জন্যে ঋগ্বেদের ময়ূরপংখিটাকে অত্যাৱশ্যক বলে গণ্য করবে না । পূর্বেই বলেছি, অমিত্রাক্ষর ছন্দে সব-প্রথমে পালকির দরজা গেছে খুলে, তার ঘটাটোপ হয়েছে বর্জিত । তবুও পয়ার যখন পঙ্ক্তির বেড়া ডিঙিয়ে চলতে শুরু করেছিল তখনো সাবেকি চালের পরিশেষরূপে গণ্ডির চিহ্ন পূর্বনির্দিষ্ট স্থানে রয়ে গেছে । ঠিক যেন পুরানো বাড়ির অন্দরমহল ; তার দেয়ালগুলো সরানো হয় নি, কিন্তু আধুনিককালের মেয়েরা তাকে অস্বীকার করে অনায়াসে সদরে যাতায়াত করছে । অবশেষে হাল-আমলের তৈরি ইমারতে সেই দেওয়ালগুলো ভাঙা শুরু হয়েছে । চোন্দ অক্ষরের গণ্ডিভাঙা পয়ার একদিন 'মানসী'র এক কবিতায় লিখেছিলুম, তার নাম 'নিষ্ফল-প্রয়াস' । অবশেষে আরো অনেক বছর পরে বেড়াভাঙা পয়ার দেখা দিতে লাগল 'বলাকা'য়,

‘পলাতকা’য় । এতে করে কাব্যছন্দ গদ্যের কতকটা কাছে এল বটে, তবু মেয়ে-কম্পার্টমেন্ট হয়ে গেল, পুরাতন ছন্দোবীতির বাধন খুলল না । এমন-কি, সংস্কৃত ও প্রাকৃত ভাষায় আর্থা প্রভৃতি ছন্দে ক্ষণিবিভাগ যতটা স্বাধীনতা পেয়েছে আধুনিক বাংলায় ততটা সাহসও প্রকাশ পায় নি । একটি প্রাকৃত ছন্দের শ্লোক উদ্ধৃত করি

বরিস জল ভমই ঘণ গঅণ
সিঅল পবণ মগহরণ
কগঅ-পিঅরি গচই বিজুরি ফুল্লিআ গীবা ।
পখর-বিখর-হিঅলা
পিঅলা [নিঅলং] গ আবেই ॥

মাত্রা মিলিয়ে এই ছন্দ বাংলায় লেখা যাক ।

বৃষ্টিধারা শ্রাবণে ঝরে গগনে,
শীতল পবন বহে সঘনে,
কনক-বিজুরি নাচে রে, অশনি গর্জন করে ।
নিষ্ঠুর-অস্তুর মম প্রিয়তম নাই ঘরে ।

বাঙালি পাঠকের কান একে রীতিমত ছন্দ বলে মানতে বাধা পাবে তাতে সন্দেহ নেই, কারণ এর পদবিভাগ প্রায় গদ্যের মতোই অসমান । যাই হোক, এর মধ্যে একটা ছন্দের কাঠামো আছে ; সেটুকুও যদি ভেঙে দেওয়া যায় তা হলে কাব্যকেই কি ভেঙে দেওয়া হল । দেখা যাক ।

অবিরল ঝরছে শ্রাবণের ধারা,
বনে বনে সজল হাওয়া বয়ে চলেছে,
সোনার বরন ঝলক দিয়ে নেচে উঠছে বিদ্যুৎ,
বজ্র উঠছে গর্জন করে ।
নিষ্ঠুর আমার প্রিয়তম ঘরে এল না ।

একেও বলতে হবে। কাব্য, বুদ্ধির সঙ্গে এর বোঝাপড়া নয়, একে অনুভব করতে হয় রসবোধে । সেইজন্যেই যতই সামান্য হোক, এর মধ্যে বাক্যসংস্থানের একটা শিল্পকলা শব্দব্যবহারের একটা ‘তেরছ চাহনি’ রাখতে হয়েছে । সুবিহিত গৃহীণীপনার মধ্যে লোকে দেখতে পায় লক্ষ্মীশ্রী, বহু উপকরণে বহু অলংকারে তার প্রকাশ নয় । ভাবার কক্ষেও অনতিভূষিত গৃহস্থালি গদ্য হলেও তাকে সম্পূর্ণ গদ্য বলা চলবে না, যেমন চলবে না আপিসঘরের অসজ্জাকে অস্ত্রপুরের সরল শোভনতার সঙ্গে তুলনা করা । আপিসঘরে ছন্দটা প্রত্যক্ষই বর্জিত, অন্যত্র ছন্দটা নিগূঢ় মর্মগত, বাহ্য ভাষায় নয়, অস্তরের ভাবে ।

আধুনিক পাশ্চাত্য সাহিত্যে গদ্যে কাব্য রচনা করেছেন ওয়াল্ট হুইটম্যান । সাধারণ গদ্যের সঙ্গে তার প্রভেদ নেই, তবু ভাবের দিক থেকে তাকে কাব্য না বলে থাকবার জো নেই । এইখানে একটা তর্জমা করে দিই ।

লুইগিয়ানাতে দেখলুম একটি তাজা ওক গাছ বেড়ে উঠছে ;
একলা সে দাঁড়িয়ে, তার ডালগুলো থেকে শ্যাওলা পড়ছে ঝুলে ।
লোনো দোসর নেই তার, ঘন সবুজ পাতায় কথা কইছে তার খুশিটি ।
তার কড়া খাড়া তেজালো চেহারা মনে করিয়ে দিলে আমারই নিজেকে ।
আশ্চর্য লাগল, কেমন করে এ গাছ ব্যস্ত করছে খুশিতে ভরা
আপন পাতাগুলিকে,

যখন না আছে ওর বন্ধু না আছে দোসর ।
 আমি বেশ জানি, আমি তো পারতুম না ।
 গুটি কতক পাতাওয়ালা একটি ডাল তার ভেঙে নিলেম,
 তাতে জড়িয়ে দিলেম শ্যাওলা ।
 নিয়ে এসে চোখের সামনে রেখে দিলেম আমার ঘরে ;
 প্রিয় বন্ধুদের কথা স্মরণ করাবার জন্যে যে তা নয় ।
 (সম্ভ্রতি ওই বন্ধুদের ছাড়া আর কোনো কথা আমার মনে ছিল না ।)
 ও রইল, একটি অঙ্কুত চিহ্নের মতো,
 পুরুষের ভালোবাসা যে কী তাই মনে করাবে ।
 তা যাই হোক, যদিও সেই তাজা ওক গাছ
 লুইসিয়ানার বিস্তীর্ণ মাঠে একলা বলমল করছে,
 বিনা বন্ধু বিনা দোসরে খুশিতে ভরা পাতাগুলি প্রকাশ করছে
 চিরজীবন ধরে,

তবু আমার মনে হয়, আমি তো পারতুম না ।

এক দিকে দাঁড়িয়ে আছে কঠিন বলিষ্ঠ সতেজ ওক গাছ, একলা আপন আত্মসম্পূর্ণ নিঃসঙ্গতায়
 আনন্দময় ; আর-এক দিকে একজন মানুষ, সেও কঠিন বলিষ্ঠ সতেজ, কিন্তু তার আনন্দ অপেক্ষা
 করছে প্রিয়সঙ্গের জন্যে— এটি কেবলমাত্র সংবাদরূপে গদ্যে বলবার বিষয় নয় । এর মধ্যে কবির
 আপন মনোভাবের একটি ইশারা আছে । একলা গাছের সঙ্গে তুলনায় একলা বিরহী-হৃদয়ের উৎকণ্ঠা
 আভাসে জানানো হল । এই প্রচ্ছন্ন আবেগের ব্যঞ্জনা, এই তো কাব্য ; এর মধ্যে ভাববিন্যাসের শিল্প
 আছে, তাকেই বলব ভাবের ছন্দ ।

চীন-কবিতার তরঙ্গমা থেকে একটি দৃষ্টান্ত দেখাই ।

স্বপ্ন দেখলেম, যেন চড়েছি কোনো উচু ডাঙায় ;
 সেখানে চোখে পড়ল গভীর এক ইদারা ।
 চলতে চলতে কণ্ঠ আমার শুকিয়েছে ;
 ইচ্ছে হল, জল খাই ।
 ব্যগ্র দৃষ্টি নামতে চায় ঠাণ্ডা সেই কুয়োর তলার দিকে ।
 ঘুরলেম চার দিকে, দেখলেম ভিতরে তাকিয়ে,
 জলে পড়ল আমার ছায়া ।
 দেখি এক মাটির ঘড়া কালো সেই গহ্বরে ;
 দড়ি নাই যে তাকে টেনে তুলি ।
 ঘড়াটা পাঁছে তলিয়ে যায়
 এই ভেবে প্রাণ কেন এমন ব্যাকুল হল ।
 পাগলের মতো ছুটলেম সহায় খুঁজতে ।
 গ্রামে গ্রামে ঘুরি, লোক নেই একজনও,
 কুকুরগুলো ছুটে আসে টুটি কামড়ে ধরতে ।
 কাঁদতে কাঁদতে ফিরে এলেম কুয়োর ধারে ।
 জল পড়ে দুই চোখ বেয়ে, দৃষ্টি হল অন্ধপ্রায় ।

শেষকালে জাগলেম নিজেরই কান্নার শব্দে ।

ঘর নিস্তরক, স্তরক সব বাড়ির লোক ;

বাতির শিখা নিবো-নিবো, তার থেকে সবুজ ধোয়া উঠছে,
তার আলো পড়ছে আমার চোখের জলে ।

ঘণ্টা বাজল, রাতদুপুরের ঘণ্টা,
বিছানায় উঠে বসলুম, ভাবতে লাগলুম অনেক কথা ।

মনে পড়ল, যে ডাঙাটা দেখেছি সে চাং-আনের কবরস্থান ;
তিনশো বিঘে পোড়ে জমি,
ভারী মাটি তার, উচু-উচু সব টিবি :
নীচে গভীর গর্তে মৃতদেহ শোওয়ানো ।
শুনেছি, মৃত মানুষ কখনো-কখনো দেখা দেয় সমাধির বাইরে ।
আজ আমার প্রিয় এসেছিল ইদারায় ডুবে-যাওয়া সেই ঘড়া,
তাই দুচোখ বেয়ে জল পড়ে আমার কাপড় গেল ভিজ্ঞে ।

এতে পদ্যছন্দ নেই, এতে জন্মানো ভাবের ছন্দ । শব্দবিন্যাসে সুপ্রত্যক্ষ অলংকরণ নেই, তবুও
আছে শিল্প ।

উপসংহারে শেষকথা এই যে, কাব্যের অধিকার প্রশস্ত হতে চলেছে । গদ্যের সীমানার মধ্যে সে
আপন বাসা বাঁধছে ভাবের ছন্দ দিয়ে । একদা কাব্যের পালা শুরু করেছি পদ্যে, তখন সে মহলে
গদ্যের ডাক পড়ে নি । আজ পালা সাক্ষর করার বেলায় দেখি, কখন অসাক্ষাতে গদ্যে-পদ্যে
রফানিস্পত্তি চলছে । যাবার আগে তাদের রাজিনামায় আমিও একটা সই দিয়েছি । এক কালের
খাতিরে অন্য কালকে অস্বীকার করা যায় না ।

পরিশিষ্ট

বাংলাভাষার স্বাভাবিক ছন্দ

প্রকাশক সিদ্ধুদত্ত^১-এর ছন্দ সম্বন্ধে বলিতেছেন, “সিদ্ধুদত্তের ছন্দঃ প্রচলিত ছন্দঃসকল হইতে একরূপ স্বতন্ত্র ও নূতন। এই নূতনত্বহেতু অনেকেরই প্রথম প্রথম পড়িতে কিছু কষ্ট হইতে পারে।... বাঙ্গালা ছন্দের প্রাণগত ভাব কি ও তাহার স্বাভাবিক গতি কোন্‌দিকে এবং কি প্রণালীতেই বা ইচ্ছামতে উহার সুন্দর বৈচিত্র্যসাধন করা যায়, ইহার নিগূঢ়ত্ব সিদ্ধুদত্তের ছন্দঃ আলোচনা করিলে উপলব্ধ হইতে পারে।”

আমাদের সমালোচ্য গ্রন্থের ছন্দ পড়িতে প্রথম-প্রথম কষ্ট বোধ হয় সত্য; কিন্তু, ছন্দের নূতনত্ব তাহার কারণ নহে, ছত্রবিভাগের ব্যতিক্রমই তাহার একমাত্র কারণ। নিম্নে গ্রন্থ হইতে একটি শ্লোক উদ্ধৃত করিয়া দিতেছি।

এ কি এ, আগত সন্ধ্যা, এখনো রয়েছে বসে সাগরের তীরে ?

দিবস হয়েছে গত, না জানি ভেবেছি কত,

প্রভাত হইতে বসে রয়েছে এখানে বাহ্য জগৎ পাশরে,

ক্ষুধাতৃষ্ণা নিদ্রাহার কিছু নাই মোর ; সব ভোজেছে আমারে।

রীতিমত ছত্রবিভাগ করিলে উপরি-উদ্ধৃত শ্লোকটি নিম্নলিখিত আকারে প্রকাশ পায়।

এ কি এ, আগত সন্ধ্যা, এখনো রয়েছে বসে

সাগরের তীরে ?

দিবস হয়েছে গত,

না জানি ভেবেছি কত,

প্রভাত হইতে বসে রয়েছে এখানে বাহ্য

জগৎ পাশরে,

ক্ষুধাতৃষ্ণা নিদ্রাহার কিছু নাই মোর ; সব

ভোজেছে আমারে।

মাইকেল-রচিত নিম্নলিখিত কবিতাটি যাহাদের মনে আছে তাহারাই বুঝিতে পারিবেন, সিদ্ধুদত্তের ছন্দ বাস্তবিক নূতন নহে।

আশার ছলনে ভুলি কি ফল লভিনু, হায়,

তাই ভাবি মনে।

জীবনপ্রবাহ বহি কালসিঁদু-পানে ধায়,

ফিরাব কেমনে ?

একটি ছত্রের মধ্যে দুহাট ছত্র পুরিয়া দিলে পর প্রথমত চোখে দেখিতে খারাপ হয়, দ্বিতীয়ত কোন্‌খানে হাঁপ ছাড়িতে হইবে পাঠকরা হঠাৎ তাহার পান না। এখানে-ওখানে হাতড়াইতে হাতড়াইতে অবশেষে ঠিক জায়গাটা বাহির করিতে হয়। প্রকাশক যে বলিয়াছেন, বাংলা ছন্দের প্রাণগত ভাব কী ও তাহার স্বাভাবিক গতি কোন্‌ দিকে তাহা সিদ্ধুদত্তের ছন্দ আলোচনা করিলে উপলব্ধ হইতে পারে, সে বিষয়ে আমাদের মতভেদ আছে। ভাষার উচ্চারণ-অনুসারে ছন্দ নিয়মিত হইলে তাহাকেই স্বাভাবিক ছন্দ বলা যায়, কিন্তু বর্তমান কোনো কাব্যগ্রন্থে (এবং সিদ্ধুদত্তেও) তদনুসারে ছন্দ নিয়মিত হয় নাই। আমাদের ভাষায় পদে পদে হসন্ত শব্দ দেখা যায়, কিন্তু আমরা ছন্দ পাঠ করিবার সময় তাহাদের হসন্ত উচ্চারণ লোপ করিয়া দিই। এইজন্য যেখানে চোদ্দটা অক্ষর বিন্যস্ত হইয়াছে, বাস্তবিক

^১ 'ভুবনমোহিনী প্রতিভা'র (১৮৭৫-৭৭) কবি নবীনচন্দ্র মুখোপাধ্যায়ের রচিত। 'সিদ্ধুদত্ত' (১৮৮৩) এর তৃতীয় কাব্য।

বাংলার উচ্চারণ অনুসারে পড়িতে গেলে তাহা হয়তো আট বা নয় অক্ষরে পরিণত হয় । রামপ্রসাদের নিম্নলিখিত ছন্দটি পাঠ করিয়া দেখো ।

মন্ বেচারির কী দোষ আছে,

তারে যেমন নাচাও তেমনি নাচে ।

দ্বিতীয় ছত্রের 'তারে' নামক অতিরিক্ত শব্দটি ছাড়িয়া দিলে দুই ছত্রে এগারোটি করিয়া অক্ষর থাকে । কিন্তু, উহাই আধুনিক ছন্দে পরিণত করিতে হইলে নিম্নলিখিতরূপ হয়—

মনের কী দোষ আছে,

যেমন নাচাও নাচে ।

ইহাতে দুই ছত্রে আটটি অক্ষর হয় ; তাল ঠিক সমান রহিয়াছে অথচ অক্ষর কম পড়িতেছে । তাহার কারণ, শেষোক্ত ছন্দে আমরা হসন্ত শব্দকে আমল দিই না । বাস্তবিক ধরিতে গেলে রামপ্রসাদের ছন্দেও আটটির অধিক অক্ষর নাই ।

মস্বেচারি কী দোষাছে,

যেমনাচা তেঙ্গি নাচে ।

দ্বিতীয় ছত্র হইতে 'নাচাও' শব্দের 'ও' অক্ষর ছাড়িয়া দিয়াছি ; তাহার কারণ এই ও-টি 'হসন্ত' ও, পরবর্তী 'তে'-র সহিত ইহা যুক্ত ।

উপরে দেখাইলাম বাংলাভাষার স্বাভাবিক ছন্দ কী । আর, যদি কখনো স্বাভাবিক দিকে বাংলা ছন্দের গতি হয় তবে ভবিষ্যতের ছন্দ রামপ্রসাদের ছন্দের অনুযায়ী হইবে ।

শ্রাবণ ১২৯০

বাংলা শব্দ ও ছন্দ

বাংলা শব্দ-উচ্চারণের মধ্যে কোথাও ঝোক নাই, অথবা যদি থাকে সে এত সামান্য যে তাহাকে নাই বলিলেও ক্ষতি হয় না । এইজন্যই আমাদের ছন্দে অক্ষর গণিয়া মাত্রা নিরূপিত হইয়াছে । কথার প্রত্যেক অক্ষরের মাত্রা সমান । কারণ, কোনো স্থানে বিশেষ ঝোক না থাকাতে অক্ষরের বড়ো ছোটো প্রায় নাই । সংস্কৃত উচ্চারণে যে দীর্ঘহ্রস্বের নিয়ম আছে তাহাও বাংলায় লোপ পাইয়াছে । এই কারণে উচ্চারণ-হিসাবে বাংলাভাষা বঙ্গদেশের সমতল-প্রসারিত প্রান্তরভূমির মতো সর্বত্র সমান । জিহ্বা কোথাও বাধা না পাইয়া ভাষার উপর দিয়া যেন একপ্রকার নিদ্রিত অবস্থায় চলিয়া যায় ; কথাগুলি চিস্তাকে পদে পদে প্রতিহত করিয়া অবিশ্রাম মনোযোগ জাগ্রত করিয়া রাখিতে পারে না । শব্দের সহিত শব্দের সংঘর্ষে যে বিচিত্র সংগীত উৎপন্ন হয় তাহা সাধারণত বাংলাভাষায় অসম্ভব ; কেবল একতান কলধ্বনি ক্রমে সমস্ত ইন্দ্রিয়ের চেতনা লোপ করিয়া দেয় । একটি শব্দের সম্পূর্ণ অর্থ হৃদয়ংগম হইবার পূর্বেই অবিলম্বে আর-একটি কথার উপরে স্থলিত হইয়া পড়িতে হয় । বৈষ্ণব কবির একটি গান আছে—

মন্দপবন, কুঞ্জভবন,

কুসুমগন্ধ-মাধুরী ।

এই দুটি ছত্রে অক্ষরের গুরুলঘু নিরূপিত হওয়াতে এই সামান্য গুটিকয়েক কথার মধুর ভাবে সমস্ত হৃদয় অধিকার করিয়া লয় । কিন্তু, এই ভাব সমমাত্রক' ছন্দে নিবিষ্ট হইলে অনেকটা নিষ্ফল হইয়া পড়ে । যেমন—

১ এখানে 'সমমাত্রক' শব্দে "দুই মাত্রার চলন" উদ্দিষ্ট নয়, ধ্বনির হ্রস্বদীর্ঘতা বা উচ্চনীচতা নাই ; এইমাত্র বৃদ্ধাইতেছে ।

মৃদুল পবন, কুসুমকানন,
ফুলপরিমল-মাধুরী ।

ইংরাজিতে অনেক সময় আট-দশ লাইনের একটি ছোটো কবিতা লঘুবাণের মতো ক্ষিপ্ৰগতিতে হৃদয়ে প্রবেশ করিয়া মর্মের মধ্যে বিদ্ধ হইয়া থাকে । বাংলায় ছোটো কবিতা আমাদের হৃদয়ের স্বাভাবিক জড়তায় আঘাত দিতে পারে না । বোধ করি কতকটা সেই কারণে আমাদের ভাষার এই খর্বতা আমরা অত্যাঙ্কি দ্বারা পূরণ করিয়া লইতে চেষ্টা করি । একটা কথা বাহলা করিয়া না বলিলে আমাদের ভাষায় বড়োই ফাকা শুনায় এবং সে কথা কাহারও কানে পৌঁছায় না । সেইজন্য সংক্ষিপ্ত সংহত রচনা আমাদের দেশে প্রচলিত নাই বলিলেই হয় । কোনো লেখা অত্যাঙ্কি পুনরুক্তি বিস্তারিত ব্যাখ্যা এবং আড়ম্বর-পূর্ণ না হইলে সাধারণত গ্রাহ্য হয় না ।

বাংলা পড়িবার সময় অনেক পাঠক অধিকাংশ স্বরবর্ণকে দীর্ঘ করিয়া টানিয়া টানিয়া পড়েন । নচেৎ সমমাত্র হৃদয়ের সমস্ত আবেগ কুলাইয়া উঠে না । বাংলার বঙ্গরা অনেকেই দীর্ঘ উচ্চারণ প্রয়োগ করিয়া বক্তৃতা বৃহৎ ও গভীর করিয়া তোলেন । ভালো ইংরাজ অভিনেতার অভিনয়ে দেখিতে পাওয়া যায়, এক-একটি শব্দকে সবলে বেটন করিয়া প্রচণ্ড হৃদয়াবেগ কিরূপ উদ্দামগতিতে উচ্ছ্বসিত হইয়া উঠে । কিন্তু, বাংলা অভিনয়ে শিথিল কোমল কথাগুলি হৃদয়শ্রোতের নিকট সহজেই মাথা নত করিয়া দেয়, তাহাকে ক্ষুব্ধ করিয়া তুলিতে পারে না । এইজন্য তাহাতে সর্বত্রই একপ্রকার দুর্বল সমায়ত সানুনাসিক ক্রন্দনস্বর ধ্বনিত হইতে থাকে । এইজন্য আমাদের অভিনেতারা যেখানে শ্রোতাদের হৃদয় বিচলিত করিতে চান সেখানে গলা চড়াইয়া অযথা-পরিমাণে চিৎকার করিতে থাকেন এবং তাহাতে প্রায়ই ফললাভ করেন ।

মাইকেল তাঁহার মহাকাব্যে যে বড়ো বড়ো সংস্কৃত শব্দ ব্যবহার করিয়াছেন— শব্দের স্থায়িত্ব, গাভীর্য এবং পাঠকের সমগ্র মনোযোগ বদ্ধ করিবার চেষ্টাই তাহার কারণ বোধ হয় । 'যাদঃপতিরোধঃ যথা চলোর্মি-আঘাতে' দুর্বোধ হইতে পারে, কিন্তু 'সাগরের তট যথা তরঙ্গের ঘায়' দুর্বল ; 'উড়িল কলম্বকুল অম্বরপ্রদেশে' ইহার পরিবর্তে 'উড়িল যতক তীর আকাশ ছাইয়া' ব্যবহার করিলে ছন্দের পরিপূর্ণ ধ্বনি নষ্ট হয় ।

বাংলা শব্দের মধ্যে এই ধ্বনির অভাববশত বাংলায় পদ্যের অপেক্ষা গীতের প্রচলনই অধিক । কারণ, গীত সুরের সাহায্যে প্রত্যেক কথাটিকে মনের মধ্যে সম্পূর্ণ নিবিষ্ট করিয়া দেয় । কথায় যে অভাব আছে সুরে তাহা পূর্ণ হয় । এবং গানে এক কথা বার বার ফিরিয়া গাহিলে ক্ষতি হয় না । যতক্ষণ চিত্ত না জাগিয়া উঠে ততক্ষণ সংগীত ছাড়ে না ; এইজন্য প্রাচীন বঙ্গসাহিত্যে গান ছাড়া কবিতা নাই বলিলে হয় ।

সংস্কৃতে ইহার বিপরীত দেখা যায় । বেদ ছাড়িয়া দিলে সংস্কৃত ভাষায় এত মহাকাব্য খণ্ডকাব্য সত্ত্বেও গান নাই । শকুন্তলা প্রভৃতি নাটকে যে দুই-একটি প্রাকৃত গীত দেখিতে পাওয়া যায় তাহা কাব্যের মধ্যে স্থান পাইতে পারে না । বাঙালি জয়দেবের গীতগোবিন্দ আধুনিক এবং তাহাকে এক হিসাবে গান না বলিলেও চলে । কারণ, তাহার ভাবালালিত্য ও ছন্দোবিন্যাস এমন সম্পূর্ণ যে তাহা সুরের অপেক্ষা রাখে না ; বরং আমার বিশ্বাস সুরসংযোগে তাহার স্বাভাবিক শব্দনিহিত সংগীতের লাঘব করে । কিন্তু,

মনে রইল, সই, মনের বেদনা ।

প্রবাসে যখন যায় গো সে

তারে বলি বলি আর বলা হল না ।

ইহা কাব্যকলায় অসম্পূর্ণ, অতএব সুরের প্রতি ইহার অনেকটা নির্ভর । সংস্কৃত শব্দ এবং ছন্দ ধ্বনিগৌরবে পরিপূর্ণ । সুতরাং সংস্কৃতে কাব্যরচনার সাধ গানে মিটাইতে হয় নাই, বরং গানের সাধ কাব্যে মিটিয়াছে । মেঘদূত সুরে বসানো বাহলা ।

হিন্দীসাহিত্য সম্বন্ধে বিশেষ কিছুই জানি না। কিন্তু, এ কথা বলিতে পারি, হিন্দীতে যে-সকল ধূপদ খেয়াল প্রভৃতি পদ শুনা যায় তাহার অধিকাংশই কেবলমাত্র গান, একেবারেই কাব্য নহে। কথাকে সামান্য উপলক্ষমাত্র করিয়া সুর শুনানোই হিন্দী গানের প্রধান উদ্দেশ্য, কিন্তু বাংলায় সুরের সাহায্য লইয়া কথার ভাবে শ্রোতাদিগকে মুগ্ধ করাই কবির উদ্দেশ্য। কবির গান, কীর্তন, রামপ্রসাদী গান, বাউলের গান প্রভৃতি দেখিলেই ইহার প্রমাণ হইবে। অতএব কাব্যরচনাই বাংলাগানের মুখ্য উদ্দেশ্য, সুরসংযোগ গৌণ। এই-সকল কারণে বাংলা সাহিত্য-ভাণ্ডারে রত্ন যাহা কিছু পাওয়া যায় তাহা গান।

শ্রাবণ ১২১৯

সংগীত ও ছন্দ^১

অনেকদিন হইতেই কবিতা লিখিতেছি, এইজন্য যতই বিনয় করি-না কেন এটুকু না বলিয়া পারি না যে, ছন্দের তত্ত্ব কিছু কিছু বুঝি। সেই ছন্দের বোধ লইয়া যখন গান লিখিতে বসিলাম, তখন চাঁদ সদাগরের উপর মনসার যেরকম আক্রোশ, আমার রচনার উপর তালের দেবতা তেমনি ফোস করিয়া উঠিলেন। আমার জানা ছিল, ছন্দের মধ্যে যে-নিয়ম আছে তাহা ত্রিশতাব্দে গড়া নিয়ম, তা কাম্বারের গড়া নিগড় নয়। সুতরাং, তার সংযমে সংকীর্ণ করে না, তাহাতে বৈচিত্র্যকে উদ্ঘাটিত করিতে থাকে। সেই কথা মনে রাখিয়া বাংলা কাব্যে ছন্দকে বিচিত্র করিতে সংকোচ বোধ করি নাই।

কাব্যে ছন্দের যে কাজ, গানে তালের সেই কাজ। অতএব, ছন্দ যে নিয়মে কবিতায় চলে তাল সেই নিয়মে গানে চলিবে এই ভরসা করিয়া গান বাধিতে চাহিলাম। তাহাতে কী উৎপাত ঘটিল একটা দৃষ্টান্ত দিই। মনে করা যাক, আমার গানের কথাটি এই—

কাঁপিছে দেহলতা ধরধর,
 চোখের জলে আঁখি ভরভর।
 দোদুল তমালেরি বনছায়া
 তোমার নীলবাসে নিল কায়া,
 বাদল-নিশীথেরি ঝরঝর
 তোমার আঁখি-পরে ভরভর।
 যে কথা ছিল তব মনে মনে
 চমকে অধরের কোণে কোণে।
 নীরব হিয়া তব দিল ভরি
 কী মায়া-স্বপনে যে, মরি মরি,
 নিবিড় কাননের মরমর
 বাদল-নিশীথের ঝরঝর।

এ ছন্দে আমার পাঠকেরা কিছু আপত্তি করিলেন না। তাই সাহস করিয়া ঐটেই ঐ ছন্দেই সুরে গাহিলাম। তখন দেখি, যারা কাব্যের বৈঠকে দিবা খুশি ছিলেন তাঁরাই গানের বৈঠকে রক্তচক্ষু। তাঁরা বলেন, এ ছন্দের এক অংশে সাত আর-এক অংশে চার, ইহাতে কিছুতেই তাল মেলে না। আমার জবাব এই, তাল যদি না মেলে সেটা তালেরই দোষ, ছন্দটাতে দোষ হয় নাই। কেন তাহা বলি। এই ছন্দ তিন এবং চার মাত্রার যোগে তৈরি। এইজন্যই 'তোমার নীলবাসে' এই সাত মাত্রার পর 'নিল কায়া' এই চার মাত্রা খাপ খাইল। তিন মাত্রা হইলেও কতি হইত না। যেমন, 'তোমার নীলবাসে

১ সবুজ পত্রে মুদ্রিত 'সঙ্গীতের মুক্তি' প্রবন্ধের অংশ। মূলানুগত পাঠ। গ্রন্থপরিচয় দ্রষ্টব্য।

মিলিল'। কিন্তু, ইহার মধ্যে ছয় মাত্রা কিছুতেই সইবে না। যেমন, 'তোমারি নীলবাসে ধরিল শরীর'। অথচ, প্রথম অংশে যদি ছয়ের ভাগ থাকিত তবে দিব্য চলিত। যেমন, 'তোমার সুনীল বাসে ধরিল শরীর'। এ আমি বলিতেছি কানের স্বাভাবিক ক্রটির কথা। এই কানের ভিতর দিয়া মরমে পশিব্য পথ। অতএব, এই কানের কাছে যদি ছাড় মেলে তবে ওস্তাদকে কেন ডরাইব।

আমার দৃষ্টান্তগত ছন্দটিতে প্রত্যেক লাইনেই সবসূত্র ১১ মাত্রা আছে। কিন্তু এমন ছন্দ হইতে পারে যার প্রত্যেক লাইনে সমান মাত্রাবিভাগ নাই। যেমন—

বাজিবে, সখী, বাশি বাজিবে,
হৃদয়রাজ হৃদে রাজিবে।
বচন রাশি রাশি কোথা যে যাবে ভাসি,
অধরে লাজহাসি সাজিবে।
নয়নে আখিজল করিবে ছলছল
সুখবেদনা মনে বাজিবে।
মরমে মুরছিয়া মিলাতে চাবে হিয়া
সেই চরণযুগ-রাজীবে।

ইহার প্রথম দুই লাইনে মাত্রা ভাগ $৩+৪+৩=১০$ । তৃতীয় লাইনে $৩+৪+৩+৪=১৪$ । আমার মতে এই বৈচিত্র্যে ছন্দের মিষ্টতা বাড়ে। অতএব, উৎসাহ করিয়া গান ধরিলাম। কিন্তু, এক ফের ফিরিতেই তালওয়াল পথ আটক করিয়া বসিল। সে বলিল, "আমার সমের মাসুল চুকাইয়া দাও।" আমি তো বলি, এটা বে-আইনি আবোয়াব। কান মহারাজার উচ্চ আদালতে দরবার করিয়া খালাস পাই। কিন্তু, সেই দরবারের বাহিরে খাড়া আছে মাঝারি শাসনতন্ত্রের দারোগা। সে খপ করিয়া হাত চাপিয়া ধরে, নিজের বিশেষ বিধি খাটায়, রাজার দোহাই মানে না।

কবিতায় যেটা ছন্দ, সংগীতে সেইটেই লয়। এই লয় জিনিসটি সৃষ্টি ব্যাপিয়া আছে, আকাশের তারা হইতে পতঙ্গের পাখা পর্যন্ত সমস্তই ইহাকে মানে বলিয়াই বিশ্বসংসার এমন করিয়া চলিতেছে অথচ ভাঙিয়া পড়িতেছে না। অতএব, কাবোই কী গানেই কী, এই লয়কে যদি মানি তবে তালের সঙ্গে বিবাদ ঘটিলেও ভয় করিবার প্রয়োজন নাই।

একটি দৃষ্টান্ত দিই—

ব্যাকুল বকুলের ফুলে
ভ্রমর মরে পথ ভুলে।
আকাশে কী গোপন বাণী
বাতাসে করে কানাকানি,
বনের অঞ্চলখানি
পুলকে উঠে দুলে দুলে।
বেদনা সমধুর হয়ে
ভুবনে গেল আজি বয়ে।
বাশিতে মায়া তান পুরি
কে আজি মন করে চুরি,
নিখিল তাই মরে ঘুরি
বিরহসাগরের কূলে।

এটা যে কী তাল তা আমি আনাড়ি জানি না। এবং কোনো ওস্তাদও জানেন না। গণিয়া দেখিলে দেখি প্রত্যেক লাইনে নয় মাত্রা। যদি এমন বলা যায় যে, নাহয় নয় মাত্রায় একটা নূতন তালের সৃষ্টি করা যাক, তবে আর-একটা নয় মাত্রার গান পরীক্ষা করিয়া দেখা যাক।

যে কাদনে হিরা কাঁদছে
 সে কাদনে সেও কাঁদিল ।
 যে বাধনে মোরে বাঁধছে
 সে বাধনে তারে বাঁধিল ।
 পথে পথে তারে খুঁজিনু
 মনে মনে তারে পূজিনু,
 সে পূজার মাঝে লুকায়ে
 আমারেও সে যে সাধিল ।
 এসেছিল মন হরিতে
 মহাপারাবার পারায়ে ।
 ফিরিল না আর ভরীতে,
 আপনারে গেল হারায়ে ।
 তারি আপনার মাধুরী
 আপনারে করে চাতুরী,
 ধরিবে কি ধরা দিবে সে
 কী ভাবিয়া ফাঁদ ফাঁদিল ।

এও নয় মাত্রা, কিন্তু এর ছন্দ আলাদা । প্রথমটার লয় ছিল তিনে-ছয়ে, দ্বিতীয়টার লয় ছয়ে-তিনে । আরো একটা নয়ের ভাল দেখা যাক ।

আধার রজনী পোহালো,
 জগৎ পুরিল পুলকে,
 বিমল প্রভাতকিরণে
 মিলিল দুলোকে ভুলোকে ।

নয় মাত্রা বটে, কিন্তু এ ছন্দ স্বতন্ত্র । ইহার লয় তিন তিন তিনে । ইহাকে কোন নাম দিবে ? আরো একটা দেখা যাক ।

দুয়ার মম পঞ্চপালে,
 সদাই তারে খুলে রাখি ।
 কখন তার রথ আসে
 ব্যাকুল হয়ে জাগে আঁধি ।
 শ্রাবণ শুনি দূর মেঘে
 লাগায় গুরু গরগর,
 ফাগুন শুনি বায়ুবেগে
 জাগায় মৃদু মরমর,
 আমার বৃকে উঠে জেগে
 চমক তারি থাবি থাকি ।
 কখন তার রথ আসে
 ব্যাকুল হয়ে জাগে আঁধি ।
 সবাই দেখি যায় চলে
 পিছন-পানে নাহি চেয়ে
 উতল রোলে কন্ডোলে
 পথের গান গেয়ে গেয়ে ।

শরৎ-মেঘ ভেসে ভেসে
 উধাও হয়ে যায় দূরে,
 যেথায় সব পথ মেলে
 গোপন কোন্ সুরপুরে—
 স্বপনে ওড়ে কোন্ দেশে
 উদাস মোর প্রাণ-পাখি ।
 কখন তার রথ আসে
 ব্যাকুল হয়ে আগে আঁখি ।

এও তো আর-এক ছন্দ । ইহার লয় পাঁচের মিলিয়া, আবার এইটেকে উলটাইয়া দিয়া চারের পাঁচের করিলে নয়ের ছন্দকে লইয়া নয়-ছয় করা যাইতে পারে । চৌতাল তো বারো মাত্রার ছন্দ । কিন্তু, এই বারো মাত্রা রক্ষা করিলেও চৌতালকে রক্ষা করা যায় না এমন হয় । এই তো বারো মাত্রা—

বনের পথে পথে বাজিছে বারে
 নৃপুর রুনুরনু কাহার পায়ে ।
 কাটিয়া যায় বেলা মনের ভুলে,
 বাতাস উদাসিছে আকুল চুলে,
 ভ্রমরমুখরিত বকুলছায়ে
 নৃপুর রুনুরনু কাহার পায়ে ।

ইহা চৌতালও নহে, একতালও নহে, ধামারও নয়, ঝাপতালও নয় । লয়ের হিসাব দিলেও তালের হিসাব মেলে না । তালওয়াল সেই গরমিল লইয়া কবিকে দায়িক করে ।

কিন্তু, হাল আমলে এ-সমস্ত উৎপাত চলিবে না । আমরা শাসন মানিব, তাই বলিয়া অত্যাচার মানিব না । কেননা, যে-নিয়ম সত্য সে-নিয়ম বাহিরের জিনিস নয়, তাহা বিশ্বের বলিয়াই তাহা আমার আপনার । যে-নিয়ম ওস্তাদের তাহা আমার ভিতরে নাই, বাহিরে আছে ; সুতরাং তাকে অভ্যাস করিয়া বা ভয় করিয়া বা দায়ে পড়িয়া মানিতে হয় । এইরূপ মানার দ্বারাই শক্তির বিকাশ বন্ধ হইয়া যায় । আমাদের সংগীতকে এই মানা হইতে মুক্তি দিলে তবেই তার স্বভাব তার স্বরূপকে নব নব উদ্ভাবনার ভিতর দিয়া ব্যস্ত করিতে থাকিবে ।

ভাদ্র ১৩২৪

সংস্কৃত-বাংলা ও প্রাকৃত-বাংলার ছন্দ

সংস্কৃত-বাংলা এবং প্রাকৃত-বাংলার গতিভঙ্গিতে একটা লয়ের তফাত আছে । তার প্রকৃত কারণ প্রাকৃত-বাংলার দেহতত্ত্বটা হসন্তের ছাঁচে, সংস্কৃত-বাংলার হলন্তের ।^১ অর্থাৎ, উভয়ের কনিষ্ঠভাবটা পরস্পরের উলটো । প্রাকৃত-বাংলা স্বরবর্ণের মধ্যস্থতা থেকে মুক্ত হয়ে পদে পদে তার ব্যঞ্জনধ্বনিগুলোকে আঁট করে তোলে । সুতরাং তার ছন্দের বুনানি সমতল নয়, তা তরঙ্গিত । সোজা লাইনের সূতো ধরে বিশেষ কোনো প্রাকৃত-বাংলার ছন্দকে মাপলে হয়তো বিশেষ কোনো সংস্কৃত-বাংলার ছন্দের সঙ্গে সে বহুরে সমান হতে পারে, কিন্তু সূতোর মাপকে কি আদর্শ বলে ধরা যায় ।

১. 'হলন্ত' শব্দ স্বরান্ত অর্থে প্রযুক্ত ।

মনে করা যাক, রাজমিস্ত্রি দেয়াল বানাচ্ছে ; ওলনদণ্ড ঝুলিয়ে দেখা গেল, সেটা হল বারো ফিট । কিন্তু, মোটের উপর দেয়াল খাড়া দাঁড়িয়ে থাকলেও সেটার উপরিতল যদি ঢেউখেলানো হয়, তবে কারুবিচারে সেই তরঙ্গিত ভঙ্গিটাই বিশেষ আখ্যা পেয়ে থাকে । দৃষ্টান্তের সাহায্য নেওয়া যাক ।

‘বউ কথা কও, বউ কথা কও’

যতই গায় সে পাখি,
নিজের কথাই কুঞ্জবনের
সব কথা দেয় ঢাকি ।

খাড়া সুতোর মাপে দাঁড়ায় এই—

১	২	১	২।	১	২	১	২
বউ	ক।	থা	কও।	বউ	ক।	থা	কও
	১	২	১	২	১	২	
	য	তই।	গায়	সে।	পা	খি,	
১	২	১	২	১	২	১	২
নি	জের।	ক	থাই।	কুন্	জ।	ব	নের
	১	২	১	২	১	২	
	সব	ক।	থা	দেয়।	ঢা	কি।	

সেই সুতোর মাপে এর সংস্কৃত সংস্করণকে মাপা যাক—

১	২	১	২	১	২	১	২
ক	থা।	ক	হ।	ক	থা।	ক	হ
	১	২	১	২	১	২	
	পা	খি।	য	ত।	ডা	কে,	
১	২	১	২	১	২	১	২
নি	জ।	ক	থা।	কা	ন।	নে	র
	১	২	১	২	১	২	
	স	ব।	ক	থা।	ঢা	কে।	

সুতোর মাপে সমান । কিন্তু, কান কি সেই মাপে আঙুল গুণে ছন্দের পরিচয় নেয় । ছন্দ যে ভঙ্গি নিয়ে, বস্তুর পরিমাপ নিয়ে নয় ।

তোমার সঙ্গে আমার মিলন
বাধল কাছেই এসে ।
তাকিয়ে ছিলাম আসন মেলে,
অনেক দূর যে পেরিয়ে এলে,
আঙিনাতে বাড়িয়ে চরণ
ফিরলে কঠিন হেসে ।
তীরের হাওয়ায় তরী উধাও
পারের নিরুদ্দেশে ।

এরই সংস্কৃত রূপান্তর দেওয়া যাক—

তোমা সনে মোর প্রেম
বাধে কাছে এসে ।
চেয়েছিলাম আসন মেলে,
বহুদূর হতে এলে,

আঙিনাতে পা বাড়িয়ে
ফিরে গেলে হেসে ।
তীর-বায়ে তরী গেল
ওপারের দেশে ।

মাপে মিলল, কিন্তু লয়ে মিলেছে কি । সমুদ্র যখন স্থির থাকে আর সমুদ্র যখন ঢেউ খেলিয়ে ওঠে তখন তার দৈর্ঘ্যপ্রস্থ সমান থাকে, কিন্তু তার ভঙ্গির বৈচিত্র্য ঘটে । এই ভঙ্গি নিয়েই ছন্দ । বিধাতা সেই ভঙ্গির দিকে তাকিয়েই মৃদঙ্গ বাজান, বোল বদলিয়ে দেন, তাই মনের মধ্যে ভিন্ন রকমের আঘাত লাগে ।

আমি অন্যত্র বলেছি, প্রাকৃত-বাংলার ছন্দে যতিবিভাগ সকল সময় ঠিক কাটা কাটা সমান ভাগে নয় । পাঠক এক জায়গায় মাত্রা হরণ করে আর-এক জায়গায় ওজন রেখে তা পূরণ করে দিলে নালিশ চলে না । এইজন্যে একই কবিতা পাঠক আপন রুচি-অনুসারে কিছু পরিমাণে ভিন্নরকম করে পড়তে পারেন ।

রূপসাগরে ডুব দিয়েছি
অরূপরতন আশা করি ।
ঘাটে ঘাটে ফিরব না আর
ভাসিয়ে আমার জীর্ণ তরী ।

এই কবিতাটি আমি পড়ি 'রূপ' এবং 'ডুব' এবং 'অরূপ' শব্দের ধ্বনিকে দীর্ঘ করে । অর্থাৎ ঐ উকারগুলোর ওজন হয় দুই মাত্রার কিছু বেশি । তখন তারই পূরণস্বরূপে 'ডুব দিয়েছি'র পরে যতিকে ধামতে দেওয়া যায় না । অপরপক্ষে 'ঘাটে ঘাটে' শব্দে মাত্রাহ্রাসের ক্রটি পূরণ করবার বরাত দেওয়া যায় 'ফিরব না' শব্দের উপর ; নইলে লিখতে হত 'সাতঘাটে আর ফিরব না ভাই' ।

সংস্কৃত-বাংলা ও প্রাকৃত-বাংলার ছন্দে লয়ের যে ভেদ কানে লাগে তার কারণ সংস্কৃত-বাংলায় অনেক স্থলেই যে-শব্দের মাপ দুইয়ের তার ওজনও দুইয়ের ।

যেমন—

১	২	১	২
তো	মা	স	নে ।

কিন্তু প্রাকৃত-বাংলায় প্রায়ই সে স্থলে মাপ দুইয়ের হলেও ওজন তিনের ।

যেমন—

১	২	১	২
তো	মার	সঙ	গে ।

এতে করে তিন-ধেঁবা ছন্দের প্রকৃতি বদলে যায় ।

'রূপসাগরে' গানটির পরিবর্তে লেখা যেতে পারত—

রূপরসে ডুব দিনু অরূপের আশা করি ।
ঘাটে ঘাটে ফিরিব না বেয়ে মোর ভাঙা তরী ।

যদি কেউ বলেন, দুটোর একই ছন্দ, তা হলে এইটুকু বলে চূপ করব যে, আমার সঙ্গে মতে মিলল না । কেননা, আমি ছন্দ শুনি নে, আমি ছন্দ শুনি ।

ছন্দে হসন্ত^১

তব চিস্তগগনের দূর দিকসীমা
বেদনাব রাঙা মেঘে পেয়েছে মহিমা ।

এখানে 'দিক্' শব্দের ক্ হসন্ত হওয়া সত্ত্বেও তাকে এক মাত্রার পদবি দেওয়া গেল । নিশ্চিত জ্ঞান,
পাঠক সেই পদবির সম্মান স্বতই রক্ষা করে চলবেন ।

মনের আকাশে তার দিকসীমানা বেয়ে
বিবাগী স্বপনপাখি চলিয়াছে ধেয়ে ।

অথবা—

দিগ্বলয়ে নবশশিলেখা
টুকরো যেন মানিকের রেখা ।

এতেও কানের সম্মতি আছে ।

দিক্ প্রান্তে ওই চাঁদ বৃষ্টি
দিক্-ভ্রান্ত মরে পথ খুঁজি ।

আপত্তির বিশেষ কারণ নেই ।

দিক্ প্রান্তের ধূমকেতু উন্মত্তের প্রলাপের মতো
নক্ষত্রের আঙিনায় টলিয়া পড়িল অসংগত ।

এও চলে । একের নজিরে অন্যের প্রামাণ্য ঘোচে না ।

কিন্তু যারা এ নিয়ে আলোচনা করছেন তাঁরা একটা কথা বোধ হয় সম্পূর্ণ মনে রাখছেন না যে, সব
দৃষ্টান্তগুলিই পয়ারজাতীয় ছন্দের । আর এ কথা বলাই বাহুল্য যে, এই ছন্দ যুক্তধ্বনি ও অযুক্তধ্বনি
উভয়কেই বিনা পক্ষপাতে এক মাত্রারূপে ব্যবহার করবার সনাতন অধিকার পেয়েছে । আবার
যুক্তধ্বনিকে দুই ভাগে বিভক্ত করে তাকে দুই মাত্রায় ব্যবহার করার স্বাধীনতা সে যে দাবি করতে পারে
না তাও নয় ।

যাকে আমি অসম বা বিবম মাত্রার ছন্দ বলি যুক্তধ্বনির বাছ-বিচার তাদেরই এলেকায় ।

হৃৎ-ঘটে সুধারস ভরি

কিংবা—

হৃৎ-ঘটে অমৃতরস ভরি
তৃষা মোর হরিলে সুন্দরী ।

এ ছন্দে দুইই চলবে । কিন্তু—

অমৃতনির্ঝরে হৃৎপাত্রটি ভরি
কারে সমর্পণ করিলে সুন্দরী ।

অগ্রাহ্য, অন্তত আধুনিক কালের কানে । অসম মাত্রার ছন্দে এরকম যুক্তধ্বনির বন্ধুরতা আবার একদিন
ফিরে আসতেও পারে, কিন্তু আজ এটার চল নেই ।

এই উপলক্ষে একটা কথা বলে রাখি, সেটা আইনের নয়, কানের অভিক্রমের কথা ।

হৃৎপটে আঁকা ছবিখানি

ব্যবহার করা আমার পক্ষে সহজ, কিন্তু—

হৃৎপটে আঁকা ছবিখানি

অল্প একটু বাধে । তার কারণ ষণ্ড ত'কে পূর্ণ ত'এর জাতি তুলতে হলে তার পূর্ববর্তী স্বরবর্ণকে দীর্ঘ

১. রচনাবলীর বর্তমান খণ্ডে 'ছন্দের হসন্ত হলন্ত' প্রবন্ধ এবং গ্রন্থপরিচয় দ্রষ্টব্য ।

করতে হয় ; এই চুরিটুকুতে পীড়াবোধ হয় না যদি পরবর্তী স্বরটা ছন্দ থাকে । কিন্তু, পরবর্তী স্বরটাও যদি দীর্ঘ হয় তা হলে শব্দটার পায় ভাঙ্গা হয়ে পড়ে ।

হংপত্রে ঐকেছি ছবিখানি

আমি সহজে মঞ্জুর করি, কারণ এখানে হং শব্দের স্বরটি ছোটো ও 'পত্র' শব্দের স্বরটি বড়ো । রসনা 'হং' শব্দ দ্রুত পেরিয়ে 'পত্র' শব্দে পুরো ঝোক দিতে পারে । এই কারণেই 'দিকসীমা' শব্দকে চার মাত্রার আসন দিতে কৃষ্টিত হই নে, কিন্তু 'দিকপ্রান্ত' শব্দের বেলা ইং একটু দ্বিধা হয় । শ্রীকৃষ্ণ বলেছেন, দরিদ্রান্ ভর কৌন্তেয় । 'দিকসীমা' কথাটি দরিদ্র, 'দিকপ্রান্ত' কথাটি পরিপুষ্ট ।

এ অসীম গগনের তীরে

মৃৎকণা জানি ধরণীরে ।

'মৃৎকণা' না বলে যদি 'মৃৎপিণ্ড' বলা যায় তবে তাকে চালিয়ে দেওয়া যায়, কিন্তু একটু যেন ঠেলতে হয়, তবেই চলে ।

মৃত-ভবনে এ কী সুখা

রাখিয়াছ হে বসুখা ।

কানে বাধে না । কিন্তু—

মৃত-ভাণ্ডেতে এ কী সুখা

ভরিয়াছ হে বসুখা ।

কিছু পীড়া দেয় না যে তা বলতে পারি নে । কিন্তু, অক্ষর গনতি করে যদি বল ওটা ইন্ডীডিয়স্ ডিস্টিঙ্শন, তা হলে চূপ করে যাব । কারণ, কান-বেচারি প্রিমিটিভ ইন্ডিয়, তর্কবিদ্যায় অপটু ।

কার্তিক ১৩৩৯

চিঠিপত্র

জে. ডি. এভার্সনকে লিখিত'

আপনি বলিয়াছেন, আমাদের উচ্চারণের ঝোকটা বাক্যের আরম্ভে পড়ে । ইহা আমি অনেকদিন পূর্বে লক্ষ্য করিয়াছি । ইংরাজিতে প্রত্যেক শব্দেরই একটি নিজস্ব ঝোক আছে । সেই বিচিত্র ঝোকগুলিকে নিপুণভাবে ব্যবহার করার দ্বারাই আপনাদের ছন্দ সংগীতে মুখরিত হইয়া উঠে । সংস্কৃত ভাষার ঝোক নাই কিন্তু দীর্ঘহ্রস্বস্বর ও যুক্তব্যঞ্জনবর্ণের মাত্রাবৈচিত্র্য আছে, তাহাতে সংস্কৃত ছন্দ ঢেউ খেলাইয়া উঠে । যথা—

অস্ত্যস্তরস্যাং দিশি দেবতাস্মা

উক্ত বাক্যের যেখানে যেখানে যুক্তব্যঞ্জনবর্ণ বা দীর্ঘস্বর আছে সেখানেই ধ্বনি গিয়া যথা পায় । সেই বাধার আঘাতে আঘাতে ছন্দ হিম্মোলিত হইয়া উঠে ।

যে ভাষায় এইরূপ প্রত্যেক শব্দের একটি বিশেষ বেগ আছে সে ভাষার মন্ত সুবিধা এই যে, প্রত্যেক শব্দটিই নিজেকে জানান দিয়া যায়, কেহই পাশ কাটাইয়া আমাদের মনোযোগ এড়াইয়া যাইতে পারে না । এইজন্য যখন একটা বাক্য (sentence) আমাদের সম্মুখে উপস্থিত হয় তখন তাহার উচ্চনীচতার বৈচিত্র্যবশত একটা সুস্পষ্ট চেহারা দেখিতে পাওয়া যায় । বাংলা বাক্যের অসুবিধা এই যে, একটা ঝোকের টানে একসঙ্গে অনেকগুলো শব্দ অনায়াসে আমাদের কানের উপর দিয়া পিছলাইয়া চলিয়া যায় ; তাহাদের প্রত্যেকটার সঙ্গে সুস্পষ্ট পরিচয়ের সময় পাওয়া যায় না । ঠিক যেন আমাদের

১ সবুজ পত্রে প্রকাশিত 'সাধু' ভাষায় লিখিত মূল পাঠ ।

একান্ববতী পরিবারের মতো । বাড়ির কর্তাটিকেই স্পষ্ট করিয়া অনুভব করা যায় কিন্তু তাহার পশ্চাতে তাহার কত পোষা আছে, তাহারা আছে কি নাই, তাহার হিসাব রাখিবার দরকার হয় না ।

এইজন্য দেখা যায়, আমাদের দেশে কথকতা যদিচ জনসাধারণকে শিক্ষা এবং আমোদ দিবার জন্য, তথাপি কথকমহাশয় ক্রমে ক্রমে তাহার মধ্যে ঘনঘটাচ্ছন্ন সংস্কৃত সমাসের আমদানি করিয়া থাকেন । সে-সকল শব্দ গ্রাম্যালোকেরা বোঝে না, কিন্তু এই-সমস্ত গভীর শব্দের আওয়াজে তাহাদের মনটা ভালো করিয়া জাগিয়া ওঠে । বাংলাভাষায় শব্দের মধ্যে আওয়াজ মৃদু বলিয়া অনেক সময় আমাদের কবিদিগকে দায়ে পড়িয়া অপ্রচলিত সংস্কৃত শব্দ ব্যবহার করিতে হয় ।

এইজন্যই আমাদের যাত্রার ও পাঁচালির গানে ঘন ঘন অনুপ্রাস ব্যবহারের প্রথা আছে । সে অনুপ্রাস অনেক সময় অর্থহীন এবং ব্যাকরণবিরুদ্ধ ; কিন্তু সাধারণ শ্রোতাদের পক্ষে তাহার প্রয়োজন এত অধিক যে বাছ-বিচার করিবার সময় পাওয়া যায় না । নিরামিষ তরকারি রাখিতে হইলে ঝাল-মসলা বেশি করিয়া দিতে হয়, নহিলে স্বাদ পাওয়া যায় না । এই মসলা পুষ্টির জন্য নহে ; ইহা কেবলমাত্র রসনাকে তাড়া দিয়া উত্তেজিত করিবার জন্য । সেইজন্য দাশরথি রায়ের রামচন্দ্র যখন নিম্নলিখিত রীতিতে অনুপ্রাসছটা বিস্তার করিয়া বিলাপ করিতে থাকেন—

অতি অগণ্য কাজে ছি ছি জঘন্য কাজে

ঘোর অরণ্যমাঝে কত কাঁদিলাম—

তাহাতে শ্রোতার হৃদয় কঁক হইয়া উঠে । আমাদের বন্ধু দীনেশবাবু-কর্তৃক পরমপ্রশংসিত কৃষ্ণকমল গোস্বামী মহাশয়ের গানের মধ্যে নিম্নলিখিত প্রকারের আবর্জনা বৃড়িবৃড়ি চাপিয়া আছে । তাহাতে কাহাকেও বাধা দেয় না ।

পুনঃ যদি কোনক্রমে দেখা দেয় কমলেক্রমে

যতনে করে রক্ষণে জানাবি তৎক্রমে ।

এখানে কমলেক্রমে এবং রক্ষণ শব্দটাতে এ-কার যোগ করা একেবারেই নিরর্থক ; কিন্তু অনুপ্রাসের বন্যার মুখে অমন কত এ-কার উ-কার স্থানে অস্থানে ভাসিয়া বেড়ায় তাহাতে কাহারও কিছু আসে যায় না ।

একটা কথা মনে রাখিতে হইবে, বাংলা রামায়ণ, মহাভারত, অন্নদামঙ্গল, কবিকঙ্কণচণ্ডী প্রভৃতি সমস্ত পুরাতন কাব্য গানের সুরে কীর্তিত হইত । এইজন্য শব্দের মধ্যে যাহা কিছু ক্ষীণতা ও ছন্দের মধ্যে যাহা কিছু ফাঁক ছিল সমস্তই গানের সুরে ভরিয়া উঠিত ; সঙ্গে সঙ্গে চামর দুলিত, করতাল চলিত এবং মৃদঙ্গ বাজিতে থাকিত । সেই-সমস্ত বাদ দিয়া যখন আমাদের সাধুসাহিত্য-প্রচলিত ছন্দগুলি পড়িয়া দেখি, তখন দেখিতে পাই একে তো প্রত্যেক কথাটিতে স্বতন্ত্র ঝোক নাই, তাহাতে প্রত্যেক অক্ষরটি একমাত্রা বলিয়া গণ্য হইয়াছে ।...

গানের পক্ষে ইহাই সুবিধা । বাংলার সমতল ক্ষেত্রে নদীর ধারা যেমন স্বচ্ছন্দে চারি দিকে শাখায় প্রশাখায় প্রসারিত হইয়াছে, তেমনি সমমাত্রিক ছন্দে সুর আপন প্রয়োজনমত যেমন-তেমন করিয়া চলিতে পারে । কথাগুলো মাথা হেঁট করিয়া সম্পূর্ণ তাহার অনুগত হইয়া থাকে ।

কিন্তু, সুর হইতে বিযুক্ত করিয়া পড়িতে গেলে এই ছন্দগুলি একেবারে বিধবার মতো হইয়া পড়ে । এইজন্য আজ পর্যন্ত বাংলা কবিতা পড়িতে হইলে আমরা সুর করিয়া পড়ি । এমন-কি, আমাদের গদ্য আবৃত্তিতেও যথেষ্ট পরিমাণে সুর লাগে । আমাদের ভাষার প্রকৃতি-অনুসারেই এরূপ ঘটিয়াছে । আমাদের এই অভ্যাসবশত ইংরেজি পড়িবার সময়েও আমরা সুর লাগাই ; ইংরেজের কানে নিশ্চয়ই তাহা অদ্ভুত লাগে ।

কিন্তু, আমাদের প্রত্যেক অক্ষরটিই যে বস্তুত এক মাত্রার এ কথা সত্য নহে । যুক্ত বর্ণ এবং অযুক্ত বর্ণ কখনোই এক মাত্রার হইতে পারে না ।

কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান ।

‘পুণ্যবান্’ শব্দটি ‘কাশীরাম’ শব্দের সমান ওজনের নহে। কিন্তু, আমরা প্রত্যেক বর্ণটিকে সুর করিয়া টানিয়া টানিয়া পড়ি বলিয়া আমাদের শব্দগুলির মধ্যে এতটা ফাঁক থাকে যে, হালকা ও ভারী দুইরকম শব্দই সমমাত্রা অধিকার করিতে পারে।...

Equality Fraternity প্রভৃতি পদার্থগুলি খুব মূল্যবান বটে, কিন্তু সেইজন্যই খুটা হইলে তাহা ত্যাজ্য হয়। আমাদের সাধুছন্দে বর্ণগুলির মধ্যে সাম্য ও সৌভ্রাত্ৰ দেখা যায়-তাহা গানের সুরে সাচ্চা হইতে পারে, কিন্তু আবৃত্তি করিয়া পড়িবার প্রয়োজনে তাহা খুটা। এই কথাটা অনেকদিন আমার মনে বাজিয়াছে। কোনো কোনো কবি ছন্দের এই দীনতা দূর করিবার জন্য বিশেষ জোর দিবার বেলায় বাংলা শব্দগুলিকে সংস্কৃতের রীতি-অনুযায়ী স্বরের হ্রস্ব দীর্ঘ রাখিয়া ছন্দে বসাইবার চেষ্টা করিয়াছেন। ভারতচন্দ্রে তাহার দুই-একটা নমুনা আছে। যথা—

মহারুদ্র বেশে মহাদেব সাজে।

বৈকব কবিদের রচনায় এরূপ অনেক দেখা যায়।... কিন্তু, এগুলি বাংলা নয় বলিলেই হয়। ভারতচন্দ্র যেখানে সংস্কৃত ছন্দে লিখিয়াছেন, সেখানে তিনি বাংলা শব্দ যতদূর সম্ভব পরিত্যাগ করিয়াছেন এবং বৈকব কবিরা যে ভাষা ব্যবহার করিয়াছেন তাহা মৈথিলী ভাষার বিকার।

আমার বড়দাদা মাঝে মাঝে এ কাজ করিয়াছেন, কিন্তু তাহা কৌতুক করিয়া যথা—

ইচ্ছা সম্যক্ ভ্রমণগমনে কিন্তু পাথের নাস্তি।

পায়ে শিক্তী মন উড়ু উড়ু এ কি দৈবেরি শাস্তি !

বাংলায় এ জিনিস চলিবে না ; কারণ বাংলায় হ্রস্বদীর্ঘস্বরের পরিমাণভেদ সুব্যস্ত নহে। কিন্তু, যুক্ত ও অযুক্ত বর্ণের মাত্রাভেদ বাংলাতেও না ঘটয়া থাকিতে পারে না।...

সংস্কৃতের সঙ্গে বাংলার একটা প্রভেদ এই যে, বাংলার প্রায় সর্বত্রই শব্দের অন্তর্স্থিত অ-স্বরবর্ণের উচ্চারণ হয় না। যেমন— ফল, জল, মাঠ, ঘাট, চাঁদ, ফাঁদ, ঝাঁদ, আদর ইত্যাদি। ফল শব্দ বস্তুত এক মাত্রার কথা। অথচ সাধু বাংলাভাষার ছন্দে ইহাকে দুই মাত্রা বলিয়া ধরা হয়। অর্থাৎ ফলা এবং ফল বাংলা ছন্দে একই ওজনের। এইরূপে বাংলা সাধুছন্দে হ্রস্ব জিনিসটাকে একেবারে ব্যবহারে লাগানো হয় না। অথচ জিনিসটা ধ্বনি উৎপাদনের কাজে ভারি মজবুত। হ্রস্ব শব্দটা স্বরবর্ণের বাধা পায় না বলিয়া পরবর্তী শব্দের ঘাড়ের উপর পড়িয়া তাহাকে ধাক্কা দেয় ও বাজাইয়া তোলে। ‘করিতেছি’ শব্দটি ভোঁতা। উহাতে কোনো সুর বাজে না কিন্তু ‘কর্চি’ শব্দে একটা সুর আছে। ‘যাহা হইবার তাহাই হইবে’ এই বাক্যের ধ্বনিটা অত্যন্ত ঢিলা ; সেইজন্য ইহার মধ্যেও একটা আলস্য প্রকাশ পায়। কিন্তু, যখন বলা যায় ‘যা হবার তাই হবে’ তখন ‘হবার’ শব্দের হ্রস্ব-‘র’ ‘তাই’ শব্দের উপর আছাড় খাইয়া একটা জোর জাগাইয়া তোলে ; তখন উহার নাকী সুর ঘুচিয়া গিয়া ইহা হইতে একটা মরিয়া ভাবের আওয়াজ বাহির হয়। বাংলার হ্রস্ববর্জিত সাধু ভাষাটা বাবুদের আদুরে ছেলেটার মতো মোটাসোটা গোলগাল ; চর্বির স্তরে তাহার চেহারাটা একেবারে ঢাকা পড়িয়া গেছে, এবং তাহার চিকণতা যতই থাক, তাহার জোর অতি অল্পই।

কিন্তু, বাংলার অসাধু ভাষাটা খুব জোরালো ভাষা, এবং তাহার চেহারা বলিয়া একটা পদার্থ আছে। আমাদের সাধু ভাষার কাব্যে এই অসাধু ভাষাকে একেবারেই আমল দেওয়া হয় নাই ; কিন্তু, তাই বলিয়া অসাধু ভাষা যে বাসায় গিয়া মরিয়া আছে তাহা নহে। সে আউলের মুখে, বাউলের মুখে, ভক্ত কবিদের গানে, মেয়েদের ছড়ায় বাংলাদেশের চিত্রটাকে একেবারে শ্যামল করিয়া ছাইয়া রহিয়াছে। কেবল ছাপার কালির তিলক পরিয়া সে ভদ্রসাহিত্যসভায় মোড়লি করিয়া বেড়াইতে পারে না। কিন্তু, তাহার কণ্ঠে গান থামে নাই, তাহার বাঁশের বাঁশি বাজিতেছেই। সেই-সব মেঠো-গানের ঝরনার তলায় বাংলাভাষার হ্রস্ব-শব্দগুলো নুড়ির মতো পরস্পরের উপর পড়িয়া ঠুনঠুন শব্দ করিতেছে। আমাদের ভদ্রসাহিত্যপত্রীর গভীর দিঘিটার স্থির জলে সেই শব্দ নাই ; সেখানে হ্রস্বের ঝংকার বহু।

আমার শেষ বয়সের কাব্য-রচনায় আমি বাংলার এই চলতি ভাষার সুরটাকে ব্যবহারে লাগাইবার চেষ্টা করিয়াছি। কেননা দেখিয়াছি, চলতি ভাষাটাই শ্রোতের জলের মতো চলে, তাহার নিজের একটি

কলঙ্কনি আছে। গীতাঞ্জলি' হইতে আপনি আমার যে লাইনগুলি তুলিয়া দিয়াছেন তাহা আমাদের চলতি ভাষার হসন্ত সুরের লাইন।

আমার সকল কাঁটা ধন্য করে
ফুটেবে গো ফুল ফুটেবে।
আমার সকল ব্যথা রঙিন হয়ে
গোলাপ হয়ে উঠবে।

আপনি লক্ষ্য করিয়া দেখিবেন এই ছন্দের প্রত্যেক গাঁঠে গাঁঠে একটি করিয়া হসন্তের ভঙ্গি আছে। 'ধন্য' শব্দটার মধ্যেও একটা হসন্ত আছে। উহা "ধন" এই বানানে লেখা যাইতে পারে। এইটে সাধু ভাষার ছন্দে লিখিলাম—

যত কাঁটা মম সকল করিয়া ফুটিবে কুসুম ফুটিবে।
সকল বেদনা অরুণ বরনে গোলাপ হইয়া উঠিবে।

অথবা যুক্তবর্ণকে যদি এক মাত্রা বলিয়া ধরা যায় তবে এমন হইতে পারে—

সকল কষ্টক সার্থক করিয়া কুসুমস্তবক ফুটিবে।
বেদনা যন্ত্রণা রক্তমূর্তি ধরি গোলাপ হইয়া উঠিবে।

এমনি করিয়া সাধু ভাষার কাব্যসভায় যুক্তবর্ণের মদঙ্গটা আমরা ফুটা করিয়া দিয়াছি এবং হসন্তের ঝঞ্জির ফাঁকগুলি সীসা দিয়া ভর্তি করিয়াছি। ভাষার নিজের অন্তরের স্বাভাবিক সুরটাকে রুদ্ধ করিয়া দিয়া বাহির হইতে সুর যোজনা করিতে হইয়াছে। সংস্কৃতভাষার জ্বর-জ্বরতের ঝালরওয়ালা দেড়-হাত দুই-হাত ঘোমটার আড়ালে আমাদের ভাষাবধূটির চোখের জল মুখের হাসি সমস্ত ঢাকা পড়িয়া গেছে, তাহার কালো চোখের কটাক্ষে যে কত তীক্ষ্ণতা তাহা আমরা তুলিয়া গেছি। আমি তাহার সেই সংস্কৃত ঘোমটা খুলিয়া দিবার কিছু সাধনা করিয়াছি তাহাতে সাধু লোকেরা ছি ছি করিয়াছে। সাধু লোকেরা জ্বরের আঁচলাটা দেখিয়া তাহার দর যাচাই করুক; আমার কাছে চোখের চাহনিটুকুর দর তাহার চেয়ে অনেক বেশি; সে যে বিনামূলোর ধন, সে ভট্টাচার্যপাড়ার হাটে বাজারে মেলে না।

জ্যৈষ্ঠ ১৩২১

২

সম্মুখসমরে পড়ি বীরচূড়ামণি
বীরবাহ—

এই বাক্যটি আবৃত্তি করিবার সময়ে আমরা 'সম্মুখ' শব্দটার উপরে ঝোক দিয়া সেই এক ঝোকে একেবারে 'বীরবাহ' পর্যন্ত গড় গড় করিয়া চলিয়া যাইতে পারি। আমরা নিশ্বাসটার বাজে-খরচ করিতে নারাজ, এক নিশ্বাসে যতগুলো শব্দ সারিয়া লইতে পারি ছাড়ি না।

আপনাদের ইংরাজি বাক্যে সেটা সম্ভব হয় না, কেননা, আপনাদের শব্দগুলো বেজায় রোখা মেজাজের। তাহারা প্রত্যেকেই টু মারিয়া নিশ্বাসের শাসন ঠেলিয়া বাহির হইতে চায়। She was absolutely authentic, new, and inexpressible— এই বাক্যে যতগুলি বিশেষণপদ আছে সব কটাই উচু হইয়া উঠিয়া নিশ্বাসের বাতাসটাকে ফুটবলের গোলার মতো এক মাথা হইতে আর-এক মাথায় ছুঁড়িয়া ছুঁড়িয়া চালান করিয়া দিতেছে।

প্রত্যেক ভাষারই একটা স্বাভাবিক চলিবার ভঙ্গি আছে। সেই ভঙ্গিটারই অনুসরণ করিয়া সেই ভাষার নৃত্য অর্থাৎ তাহার ছন্দ রচনা করিতে হয়। এখন দেখা যাক, আমাদের ভাষার চাল-চলনটা কী রকম।

আপনি বলিয়াছেন, বাংলা বাক্য -উচ্চারণে বাক্যের আরম্ভে আমরা ঝোক দিয়া থাকি। এই ঝোকের দৌড়টা যে কতদূর পর্যন্ত হইবে তাহার কোনো বাধা নিয়ম নাই, সেটা আমাদের ইচ্ছা। যদি ঝোর দিতে না চাই তবে সমস্ত বাক্যটা একটানা বলিতে পারি, যদি ঝোর দিতে চাই তবে বাক্যের পর্বে পর্বেই ঝোক দিয়া থাকি। 'আদিম মানবের তুমুল পাশবতা মনে করিয়া দেখো'— এই বাক্যটা আমরা এমনি করিয়া পড়িতে পারি যাহাতে উহার সকল শব্দই একেবারে মাথায় মাথায় সমান হইয়া থাকে। আবার উদ্ভেজনার বেগে নিম্নলিখিত-মত করিয়াও পড়া যাইতে পারে—

| | | | |

আদিম মানবের তুমুল পাশবতা মনে করিয়া দেখো।

এই বাংলা শব্দগুলির নিজের কোনো বিশেষ দাবি নাই, আমাদের মর্জির উপরেই নির্ভর। কিন্তু, Realize the riotous animality of primitive man— এই বাক্যে প্রায় প্রত্যেক শব্দই নিজ নিজ একসেটের ধ্বজা গাড়িয়া বসিয়া আছে বলিয়া নিশ্বাস তাহাদিগকে খাতির করিয়া চলিতে বাধ্য।

বাংলা ছন্দে যে পদবিভাগ হয় সেই প্রত্যেক পদের গোড়াতেই একটি করিয়া ঝোকালো শব্দ কাপ্তেনি করে এবং তাহার পিছন পিছন কয়েকটি অনুগত শব্দ সমান তালে পা ফেলিয়া কুচ করিয়া চলিয়া যায়। এইরূপ এক-একটি ঝোক-কাপ্তেনের অধীনে কয়টা করিয়া মাত্রা-সিপাই থাকিবে ছন্দের নিয়ম-অনুসারে তাহার বরাদ্দ হইয়া থাকে।

পয়ারের রীতিটা দেখা যাক। পয়ারটা চতুঃপদ ছন্দ। আমার বিশ্বাস, পয়ার শব্দটা পদ-চার শব্দের বিকার। ইহার এক-একটি পদ এক-একটি ঝোকের শাসনে চলে।

মহাভারতের কথা। অমৃতসমান।

কাশীরামদাস কহে। শুনে পুণ্যবান।

'অমৃতসমান' ও 'শুনে পুণ্যবান' এই দুই অংশে ছয়টি অক্ষর দেখা যাইতেছে বটে, কিন্তু মাত্রা গণনায় ইহারা আট। এখানে লাইন শেষ হয় বলিয়া দুটি মাত্রাপরিমাণ জায়গা ফাঁক থাকে। যাহারা সুর করিয়া পড়ে তাহারা 'মান' এবং 'বান' শব্দের আকারটিকে দীর্ঘাকার করিয়া ঐ ফাঁক ভরাইয়া দেয়।

এক-একটি ঝোকে কয়টি করিয়া মাত্রা আগলাইতেছে তাহা দেখিয়াই ছন্দের বিচার করিতে হয়। নতুবা যদি মোটা করিয়া বলি যে, এক-এক লাইনে চোদ্দটা করিয়া অক্ষর থাকিলে তাহাকে পয়ার বলে তবে নানা ভিন্ন প্রকারের ছন্দকে পয়ার বলিতে হয়। নিম্নলিখিত ছন্দে প্রত্যেক লাইনে চোদ্দটা অক্ষর আছে—

ফাগুন যামিনী, প্রদীপ জ্বলিছে ঘরে।

দখিন-বাতাস মরিছে বুকের 'পরে।

ইহাকে যে পয়ার বলি না তাহার কারণ ইহার এক-একটি ঝোকের দখলে ছয়টি করিয়া মাত্রা। ইহার ভাগ নীচে লিখিলাম—

ফাগুন যামিনী। প্রদীপ জ্বলিছে। ঘরে—।

চোদ্দ-অক্ষরী লাইনের আরো দৃষ্টান্ত আছে—

পুরব-মেঘমুখে। পড়েছে রবিরেখা।

অরুণ-রথচূড়া। আধেক গেল দেখা।

এখানে স্পষ্টই এক-এক ঝোকে সাতটি করিয়া মাত্রা। সুতরাং পয়ারের তুলনায় প্রত্যেক পদে ইহার এক মাত্রা কম।

তবেই দেখা যাইতেছে, আট মাত্রার ছন্দকেই পয়ার বলে। আট মাত্রাকে দুখানা করিয়া চার মাত্রার ভাগ করা চলে, কিন্তু সেটাতে পয়ারের চাল খাটো করা হয়। বস্তুত লম্বা নিশ্বাসের মন্দগতি চলেই পয়ারের পদমর্যাদা। চার-চার মাত্রায় পা ফেলিয়া পয়ার যখন দুলকি চলে চলে তখন তাহার পায়ে পায়ে মিল থাকে। যেমন—

বাজে তীর, পড়ে বীর ধরণীর 'পরে।

আখিতে । মিলিল । আখি ।
হাসিল ! বদন । ঢাকি ।
মরম-বারতা শরমে মরিল
কিছু না রহিল বাকি ।

উক্ত ছন্দে তিনের দল বুক ফুলাইয়া জুড়ি মিলাইয়া চলিতেছিল, হঠাৎ মাঝে মাঝে একটা খাপছাড়া দুই আসিয়া তাহাদিগকে বাধা দিয়াছে । এইরূপে গতি ও বাধার মিলনে ছন্দের সংগীত একটু বিশেষ ভাবে বাজিয়া উঠিয়াছে । এই বাধাটি গতির অনুপাতে ছোটো হওয়া চাই । কারণ, বড়ো হইলে সে বাধা সত্য হয়, এবং গতিকে আবদ্ধ করে, সেটা ছন্দের পক্ষে দুর্ঘটনা । তাই উপরের দুইটি দৃষ্টান্তে দেখিয়াছি চারের দল ও তিনের দলকে দুই আসিয়া রোধ করিয়াছে, সেইজন্য ইহা বন্ধনের অবরোধ নহে, ইহা লীলার উপরোধ । দুইয়ের পরিবর্তে এক হইলেও ক্ষতি হয় না । যেমন—

প্রতিদিন হয় । এসে ফিরে যায় । কে ।

অথবা—

মুখে তার । নাহি আর । রা ।
লাজে লীন । কাপে ক্ষীণ । গা ।

বাংলা ছন্দকে তিন প্রধান শ্রেণীতে ভাগ করা যায় । দুই বর্গের মাত্রা, তিন বর্গের মাত্রা এবং অসমান মাত্রার ছন্দ ।

দুই বর্গ মাত্রার ছন্দ, যেমন পয়ার, ত্রিপদী, চৌপদী । এই-সমস্ত ছন্দ বড়ো বড়ো বোঝা বহিতে পারে, কেননা দুই, চার, আট মাত্রাগুলি বেশ চৌকা । এইজন্য পৃথিবীতে পা-ওয়ালা জীবমাত্রেরই হয় দুই, নয় চার, নয় আট পা । বাংলাসাহিত্যে ইহারাই মহাকাব্যের বাহন ।

চাকার গুণ এই যে একবার ধাক্কা পাইলে সেই ঠোকে সে গড়াইয়া চলে, থামিতে চায় না । তিন মাত্রার ছন্দ সেই চাকার মতো । দুই সংখ্যাটা স্থিতিপ্রবণ, তিন সংখ্যাটা গতিপ্রবণ ।

নবীন | কিশোরী | মেঘের | বিজুরি | চমকি | চলিয়া | গেল ।
এখানে তিন মাত্রার শব্দগুলি একটা আর-একটার গায়ের উপর গড়াইয়া পড়িয়া ঠেলা দিয়া চলিয়াছে, থামানো দায় । অবশেষে একটি দুই মাত্রা আসিয়া তাহাকে ক্ষণকালের জন্য ঠেকাইয়াছে ।

দুই মাত্রার সঙ্গে তিন মাত্রার মিলনে অসম মাত্রার ছন্দের উৎপত্তি । ৩+২, ৩+৪, ৫+৪ মাত্রার ছন্দ তাহার দৃষ্টান্ত ।

৩+২. যথা—

কাপিলে পাতা, নড়িলে পাখি
চমকি উঠে চকিত আখি ।

৩+৪—

তরল জলধর বরিখে ঝরঝর

৫+৪—

বচন বলে আধো-আধো,
চরণ চলে বাধো-বাধো,
নয়ন- তলে কাদো-কাদো চাহনি ।

তিন মাত্রার ছন্দের ন্যায় অসম মাত্রার ছন্দও স্বভাবত চঞ্চল । মাত্রার অসমানতাই তাহাকে কেবল টলাইতে থাকে । প্রত্যেক পদ পরবর্তী পদের উপর ঠেস দিয়া আপনাকে সামলাইতে চেষ্টা করে । বস্তুত তিন মাত্রাও অসম মাত্রা, তাহার উপাদান দুই+এক ।

কারণ, ছন্দের মূল মাত্রা দুই, তাহা এক নহে। নিয়মিত গতিমাত্রই দুই সংখ্যাকে অবলম্বন করিয়া। তাই স্তম্ভ, যাহা থামিয়া থাকে, তাহা এক হইতে পারে; কিন্তু জস্তর পা বল, পাখির পাখা বল, মাছের পাখনা বল, দুইয়ের যোগে তবে চলে। সেই দুইয়ের নিয়মিত গতির উপরে যদি একটা একের অতিরিক্ত ভার চাপানো যায় তবে সেই গতিতে একটা অনিয়মের বেগ পড়ে, সেই অনিয়মের ঠেলায় নিয়মিত গতির বেগ বাড়িয়া যায় এবং তাহার বৈচিত্র্য ঘটে। মানুষের শরীর তাহার দৃষ্টান্ত। চারপেয়ে মানুষ যখন সোজা হইয়া দাঁড়াইল তখন তাহার কোমর হইতে মাথা পর্যন্ত টলমলে এবং কোমর হইতে পদতল পর্যন্ত মজবুত হওয়াতে এই দুইভাগের মধ্যে অসামঞ্জস্য ঘটিয়াছে। এই অসামঞ্জস্যকে ছন্দে সামলাইবার জন্য মানুষের গতিতে মাথা হাত কোমর পা বিচিত্র হিন্দোলনে হিন্দোলিত হইতেছে। চার পায়ের ছন্দ ইহার চেয়ে অনেক সরল।

অতএব বাংলা ছন্দকে সম মাত্রা, অসম মাত্রা এবং বিষম মাত্রায় শ্রেণীবদ্ধ করা যাইতে পারে। শুধু বাংলা কেন, কোনো ভাষার ছন্দের আর-কোনোপ্রকার ভাগ হইতে পারে বলিয়া মনে করিতে পারি না। তবে প্রভেদ হয় কিসে। মাত্রাগুলির চেহায়ায়।

সংস্কৃতভাষায় অসমান স্বর ও ব্যঞ্জনগুলিকে কৌশলে মিলাইয়া সমান মাত্রায় ভাগ করিতে হয়, তাহাতে ধ্বনির বৈচিত্র্য ও গাঙ্গীর্য ঘটে। যথা—

বদসি যদি | কিঞ্চিদপি | দন্তরুচি | কৌমুদী

হরতি দর | তিমিরমতি | ঘোরম্।

ইহা পাঁচ মাত্রা অর্থাৎ বিষম মাত্রার ছন্দ। বাঙালি জয়দেব তাহার গানে সংস্কৃতভাষার যুক্তবর্ণের বেণী যথাসম্ভব এলাইয়া দিতে ভালোবাসিতেন, এইজন্য উপরের উদ্ভূত শ্লোকাংশটি যথেষ্ট ভালো দৃষ্টান্ত নহে; তবু ইহাতে আমার কথাটি বুঝা যাইবে। ইহার প্রত্যেক ঋকে যে পাঁচ মাত্রা পড়িয়াছে তাহার ভাগ এইরূপ—

১+১+১+১+১ | ২+১+১+১ | ২+১+১+১ | ২+১+২
১+১+১+১+১ | ১+১+১+১+১ | ২+২+—

বাংলাভাষার সাধু ছন্দে একের মাঝে মাঝে দুই বসিবার জায়গা পায় না, এ কথা পূর্বেই বলিয়াছি। উপরের কবিতাটুকু বাংলায় তর্জমা করিতে হইলে নিম্নলিখিত-মত হইবে—

বচন যদি | কহ গো দুটি
দশনরুচি | উঠিবে ফুটি,
ঘুচাবে মোর | মনের ঘোর | তামসী।

একটি ইংরাজি দৃষ্টান্ত দেওয়া যাক—

Ah distinctly I remember
It was in the bleak December.

এটি চৌপদী ছন্দ। ইহার মাত্রাগুলিকে ছাড়াইয়া দেখা যাক—

১ ২ ৩ ৪
Ah dis tinct ly
১ ২ ৩ ৪
I re mem ber

ইহার এক-একটা ঋকে চারিটি করিয়া মাত্রা, কিন্তু অসমান শব্দগুলিকে ভাগ করিয়া এই মাত্রাগুলি তৈরি হইয়াছে এবং distinct শব্দের tinct এবং remember শব্দের mem অংশটি নিজের একসেন্টের সড়কি আঙ্কালন করিতেছে।

ইহাই সাধু বাংলায় হইবে—

আহা মোর মনে আসে
দারুণ শীতের মাসে ।

ইংরেজ কবি ইচ্ছা করিলেও এমনতরো নখদস্তহীন মাত্রায় ছন্দ রচিতেই পারেন না, কারণ, তাহাদের শব্দগুলি কোণওয়াল।

ইচ্ছা করিলে যুক্ত-অক্ষরের আমদানি করিয়া আমরা ঐ শ্লোকটাকে শক্ত করিয়া তুলিতে পারি ।
যেমন—

স্পষ্ট স্মৃতি চিন্তে ভাসে
দুরন্ত অস্থান মাসে
অগ্নিকুণ্ড নিবে আসে
নাচে তারি উপছায়া ।

এখানে বাংলার সঙ্গে ইংরাজির প্রধান প্রভেদ এই যে, বাংলা শব্দগুলিতে স্বরবর্ণের টান ইংরাজির চেয়ে বেশি । কিন্তু, আমার প্রথম পত্রেরই লিখিয়াছি, সেটা কেবল সাধু ভাষায় ; বাংলার চলতি ভাষায় ঠিক ইহার উলটা । চলতি ভাষার কথাগুলি শুচিভাবে পরস্পরের স্পর্শ বাচাইয়া চলে না, ইংরাজি শব্দেরই মতো চলিবার সময় কে কাহার গায়ে পড়ে তাহার ঠিক নাই ।

পূর্বপত্রেরই লিখিয়াছি, বাংলা চলতি ভাষার ধ্বনিটা হসন্তের সংঘাত-ধ্বনি, এইজন্য ধ্বনি হিসাবে সংস্কৃতের চেয়ে ইংরাজির সঙ্গে তাহার মিল বেশি । তাই এই চলতি ভাষার ছন্দে মাত্রাবিভাগ বিচিত্র । বাংলা-প্রাকৃতের একটা চৌপদী নীচে লিখিলাম ।—

কই পালঙ্ক, কই রে কব্বল,
কপনি-টুকরো রইল সম্বল,
একলা পাগলা ফিরবে জঙ্গল,
মিটবে সংকট ঘুচবে ধন্দ ।

ইহার সঙ্গে Ah distinctly I remember শ্লোকটি মিলাইয়া দেখিলে দেখা যাইবে, ধ্বনির বিশেষ কোনো তফাত নাই ।

ইহার সাধু পাঠ এইরূপ—

শয্যা কই বস্ত্র কই,
কী আছে কৌপীন বৈ,
একা বনে ফিরে ওই
নাহি মনে ভয় চিন্তা ।

সাধু ও অসাধুর মাত্রাবিভাগ নীচে নীচে লিখিলাম, মিলাইয়া দেখিবেন ।

১	২	৩	৪	১	২	৩	৪
কই	পা	লঙ্	ক ॥	কই	রে	কম্	বল্ ॥
শ	যা	ক	ই ॥	বস্	ত্র	ক	ই ॥
১	২	৩	৪	১	২	৩	৪
কপ্	নি	টুক্	রো ॥	রই	ল	সম্	বল্ ॥
কী	আ	ছে	কৌ ॥	পী	ন	ব	ই ॥
১	২	৩	৪	১	২	৩	৪
এক্	লা	পাগ্	লা ॥	ফির্	বে	জঙ্	গল্ ॥
এ	কা	ব	নে ॥	ফি	রে	ও	ই ॥

সাধু ভাষার ছন্দটি যেন মোটা মোটা ফাঁকওয়াল। জালের মতো, আর অসাধুটির একেবারে ঠাসবুনানি ।

ইংরেজিতে সম মাত্রার ছন্দ অনেক আছে, তাহার একটি দৃষ্টান্ত পূর্বেই দিয়াছি। অসম মাত্রা অর্থাৎ তিন মাত্রার দৃষ্টান্ত। যথা—

১	২	৩	১	২	৩
One	more	un	for	tu	nate
১	২	৩	১	২	৩
Wea	ry	of	breath	-	-

ইংরেজিতে বিসম মাত্রার একটি উদাহরণ দিতে পারিলেই আপাতত আমার পালা শেষ হয়। একটি মনে পড়িতেছে।

১	২	৩	৪	৫	
When	we	two	par	ted	
	১	২	৩	৪	৫
(In)	si	lence	and	tears	-
১	২	৩	৪	৫	
Half	bro	ken	heart	ed	
	১	২	৩	৪	৫
(To)	se	ver	for	years	-

এই শ্লোকটির দুই লাইনকে মিলাইয়া এক লাইন করিয়া পড়িলে ইহার ছন্দকে তিন মাত্রায় ভাগ করিয়া পড়া সহজ হয়। কিন্তু বিসম মাত্রার লয়ে ইহাকে পড়িলে চলে বলিয়াই এই দৃষ্টান্তটি প্রয়োগ করিয়াছি, বোধ করি একরূপ দৃষ্টান্ত ইংরেজি ছন্দে দুর্লভ।

দেখা গিয়াছে ইংরেজি ছন্দে ঝোক পদের আরম্ভেও পড়িতে পারে, পদের শেষেও পড়িতে পারে। আরম্ভে, যেমন—

O the dreary	dreary moorland
O the barren	barren shore

পদের শেষে, যেমন—

And are ye sure	the news is true
And are ye sure	he's well

বাংলায় আবাস্তে ছাড়া পদের আর-কোথাও ঝোক পড়িতে পারে না।

একলা	পাগলা	ফিরবে	জঙ্গল

কিংবা—

একলা	পাগলা	ফিরবে	জঙ্গল

এমনটি হইবার জো নাই।

আমার কথাটি ফুরালো। ইংরেজি ছন্দকে আমি বাংলা ছন্দের রীতি-অনুসারে ভাগ করিয়া দেখিয়াছি, সেটা ভালো হইল কি না জানি না। ইংরেজি ছন্দতত্ত্ব আমার একদম জানা নাই বলিয়াই বোধ করি একরূপ দুঃসাহস আমার পক্ষে সহজ হইয়াছে। কারণ, চাগকা যাহাদিগকে কথা কহিতে বারণ করেন তাহারাই আগেভাগে কথা কহিয়া বসে; আপনারাও জানেন angel রা প্রবেশ করিতে ভয় পান

এমন জায়গা আছে, কিন্তু fool দেয় কোথাও বাধা নাই । এরূপ সতর্কতার সকল সময়েই যে এঞ্জেলরা জেতেন তাহা নহে, অনেক সময়েই ঠকিয়া থাকেন ; অবুঝ হঠকারিতায় অপর পক্ষের কখনো কখনো জিত হইবার সম্ভাবনা আছে, এই আমার ভরসা । আপনার পক্ষে বোঝা সহজ হইতে পারে বলিয়াই আমি ইংরেজি দৃষ্টান্তগুলি ব্যবহার করিয়াছি, ইহাতে আমার বিদ্যা প্রকাশ না হইয়া বিদ্যা কাঁস হইয়া যাইতে পারে ।

১৮ আষাঢ় ১৩২১

প্রথম চৌধুরীকে লিখিত

চলতি কথায় একটা লম্বা ছন্দের কবিতা লিখেছি । এটা কি পড়া যায় কিংবা বোঝা যায় কিংবা ছাপানো যেতে পারে । নাম-রূপের মধ্যে রূপটা আমি দিলুম, নাম দিতে হয় তুমি দিয়ে ।...

যারা আমার সাজ-সকালের গানের দীপে জ্বালিয়ে দিলে আলো
আপন হিয়ার পরশ দিয়ে, এই জীবনের সকল সাদা-কালো
যাদের আলো-ছায়ার লীলা, বাইরে বেড়ায় মনের মানুষ যারা
তাদের প্রাণের করুনাতোতে আমার পরান হয়ে হাজার ধারা
চলছে বয়ে চতুর্দিকে । কালের যোগে নয় তো মোদের আয়ু—
নয় সে কেবল দিবস-রাত্তির সাতনলি হার, নয় সে নিশাসবায়ু ।
নানান প্রাণের প্রেমের মিলে নিবিড় হয়ে আত্মীয়ে বান্ধবে
মোদের পরমায়ুর পাত্র গভীর করে পূরণ করে সবে ।
সবার বাঁচায় আমার বাঁচা আপন সীমা ছাড়ায় বহুদূরে,
নিমেষগুলির ফল পেকে যায় বিচিত্র আনন্দরসে পুরে ;
অতীত হয়ে তবুও তারা বর্তমানের বৃত্তদোলায় দোলে—
গর্ভ হতে মুক্ত শিশু তবুও যেমন মায়ের বক্ষে কোলে
বন্দী থাকে নিবিড় প্রেমের বাঁধন দিয়ে । তাই তো বন্ধন শেষে
একে একে আপন জনে সূর্য-আলোর অন্তরালের দেশে
আঁধির নাগাল এড়িয়ে পালায়, তখন রিস্ত শীর্ণ জীবন মম
শুষ্ক রেখায় মিলিয়ে আসে বর্ষাশেষের নিঝরিণীসম
শূন্য বালুর একটি প্রান্তে ক্লাস্তবারি স্তম্ভ অবহেলায় ।
তাই যারা আজ রইল পাশে এই জীবনের অপরাহ্ন-বেলায়
তাদের হাতে হাত দিয়ে তুই গান গেয়ে নে থাকতে দিনের আলো—
বলে নে ভাই, “এই যা দেখা, এই যা হোওয়া, এই ভালো, এই ভালো ।
এই ভালো আজ এ-সংগমে কান্নাহাসির গঙ্গায়মুনায়
ঢেউ খেয়েছি, ডুব দিয়েছি, ঘট ভরেছি, নিয়েছি বিদায় ।
এই ভালো রে প্রাণের রসে এই আসন্ন সকল অঙ্গে মনে
পূণ্য ধরার ধুলো মাটি ফল হাওয়া জল তৃণ তরুর সনে ।
এই ভালো রে কুলের সঙ্গে আলোয় জাগা, গান-গাওয়া এই ভাবায়,
তারার সাথে নিশীথ-রাতে ঘুমিয়ে-পড়া নূতন প্রান্তের আশায় ।”

এই জাতের সাধু ছন্দে আঠারো অক্ষরের আসন থাকে । কিন্তু, এটাতে কোনো কোনো লাইনে পচিশ পর্যন্ত উঠেছে । ফার্স্ট ক্লাসের এক বেঞ্চিতে ছ-জনের বেশি বসবার হুকুম নেই কিন্তু থার্ড ক্লাসে ঠেসাঠেসি ভিড়, এ সেইরকম । কিন্তু, যদি এটা ছাপাও তা হলে লাইন ভেঙো না, তা হলে ছন্দ পড়া কঠিন হবে ।...

৪ জ্যৈষ্ঠ ১৩২৪

প্যারীমোহন সেনগুপ্তকে লিখিত

সংস্কৃত কাব্য-অনুবাদ সম্বন্ধে আমার মত এই যে, কাব্যধ্বনিময় গদ্যে ছাড়া বাংলা পদ্যছন্দে তার গাভীর ও রস রক্ষা করা সহজ নয়। দুটি-চারটি শ্লোক কোনোমতে বানানো যেতে পারে, কিন্তু দীর্ঘ কাব্যের অনুবাদকে সুখপাঠ্য ও সহজবোধ্য করা দুঃসাধ্য। নিতান্ত সরল পর্যায়ে তার অর্থটিকে প্রাঞ্জল করা যেতে পারে। কিন্তু তাতে ধ্বনিসংগীত মারা যায়, অথচ সংস্কৃত কাব্যে এই ধ্বনিসংগীত অর্থসম্পদের চেয়ে বেশি বৈ কয় নয়।

মন্দাকিনী ছন্দের আলোচনা-প্রসঙ্গে প্রবোধ বাঙালির কানের উল্লেখ করেছেন। বাঙালির কান বলে কোনো বিশেষ পদার্থ আছে বলে আমি মনি নে। মানুষের স্বাভাবিক কানের দাবি অনুসরণ করলে দেখা যায়, মন্দাকিনী ছন্দের চার পর্ব। যথা—

মেঘালোকে | ভবতি সূচিনো | পান্যথাবৎ | তি চেতঃ ।

অর্থাৎ, মাত্রা-হিসাবে আট + সাত + সাত + চার। শেষের চারকে ঠিক চার বলা চলে না। কারণ, লাইনের শেষে এক মাত্রা আন্দাজের যতি বিরামের পক্ষে অনিবার্য। এই ছন্দকে বাংলায় আনতে গেলে এইরকম দাঁড়ায়—

দূরে ফেলে গেছ জানি,
স্মৃতির বীণাখানি,
বাজায় তব বাণী
মধুরতম।
অনুপমা, ভেনো অয়ি,
বিরহ চিরজয়ী
করেছে মধুময়ী
বেদনা মম।

সংস্কৃতের অমিত্রাক্ষররীতি অনুবর্তন করা যেতে পারে। যথা—

অভাগা যক্ষ কবে করিল কাজে হেলা, কুবের তাই তারে দিলেন শাপ,
নির্বাসনে সে রহি প্রেয়সী-বিচ্ছেদে বর্ষ ভরি সবে দারুণ জ্বালা।
গেল চলি রামগিরি-শিখর-আশ্রমে হারায় সহজাত মহিমা তার,
সেখানে পাদপরাঙ্কি স্নিগ্ধছায়াবৃত সীতার স্নানে পূত সলিলধারা ॥

১৩ মার্চ ১৯৩১

দিলীপকুমার রায়কে লিখিত

গীতাঞ্জলির কয়েকটি গানের ছন্দ সম্বন্ধে কৈফিয়ত চেয়েছ। গোড়াতেই বলে রাখা দরকার গীতাঞ্জলিতে এমন অনেক কবিতা আছে যার ছন্দোরক্ষার বরাত দেওয়া হয়েছে গানের সুরের 'পরে'। অতএব, যে পাঠকের ছন্দের কান আছে তিনি গানের খাতিরে এর মাত্রা কম-বেশি নিজেই দুরন্ত করে নিয়ে পড়তে পারেন, যার নেই তাঁকে ধৈর্য অবলম্বন করতে হবে।

১। 'নব নব রূপে এসো প্রাণে'— এই গানের অন্তিম পদগুলির কেবল অন্তিম দুটি অক্ষরের দীর্ঘত্ব স্বরের সম্মান স্বীকৃত হয়েছে। যথা 'প্রাণে' 'গানে' ইত্যাদি। একটিমাত্র পদে তার ব্যতিক্রম আছে। এসো দুঃখে সুখে, এসো মর্মে— এখানে 'সুখে'র এ-কারকে অবাঙালি রীতিতে দীর্ঘ করা হয়েছে। 'সৌখ্যে' কথাটা দিলে বলবার কিছু থাকত না। তবু সেটাতে রাজি হই নি, মানুষ চাপা দেওয়ার চেয়ে মোটর ভাঙা ভালো।

২। 'অমল ধবল পা-লে লেগেছে মন্দমধুর হাওয়া'— এ গানে গানই মুখ্য, কাব্য সৌন্দর্য। অতএব, তালকে সেলাম ঠুকে ছন্দকে পিছিয়ে থাকতে হল। যদি বল, পাঠকেরা তো জ্ঞাতা নয়, তারা মাপ করবে কেন। হয়তো করবে না— কবি জোড়হাত করে বলবে, 'তালদ্বারা ছন্দ রাখিলাম, ক্রটি মার্জনা করিবেন।'

৩। টোত্রিশ-নব্বইটাও গান। তবুও এর সহজে বিশেষ বক্তব্য হচ্ছে এই যে, যে ছন্দগুলি বাংলার প্রাকৃত ছন্দ, অক্ষর গণনা করে তাদের মাত্রা নয়। বাঙালি সেটা বরাবর নিজের কানের সাহায্যে উচ্চারণ করে এসেছে। যথা—

বৃষ্টি পড়ে- টাপুর টুপুর, নদেয় এল-বা-ন,
শিব ঠাকুরের বিয়ে- হবে- তিন কন্যা দা-ন।

আক্ষরিক মাত্রা গুণতি করে একে যদি সংশোধন করতে চাও তা হলে নিখুঁত পাঠান্তরটা দাঁড়াবে এইরকম—

বৃষ্টি পড়ছে টাপুর টুপুর, নদেয় আসছে বন্যা,
শিব ঠাকুরের বিবাহ হচ্ছে, দান হবে তিন কন্যা।

রামপ্রসাদের একটি গান আছে—

মা আমায় ঘুরাবি কত
যেন | চোখবাধা বলদের মতো।

এটাকে যদি সংশোধিত মাত্রায় কেতাদুরস্ত করে লিখতে চাও তা হলে তার নমুনা একটা দেওয়া যাক—

হে মাতা আমারে ঘুরাবি কতই
চক্ষুবদ্ধ বৃষের মতোই।

একটা কথা তোমাকে মনে রাখতে হবে, বাঙালি আবৃত্তিকার সাধুভাষা-প্রচলিত ছন্দেও নিজের উচ্চারণসম্মত মাত্রা রাখে নি বলে ছন্দের অনুরোধে হুব্দীর্ঘের সহজ নিয়মের সঙ্গে রক্ষানিষ্পত্তি করে চলেছে। যথা—

মহাভারতের কথা অমৃতসমান,
কাশীরাম দাস কহে শুনে পূণ্যবান।

উচ্চারণ-অনুসারে 'মহাভারতের কথা' লিখতে হয় 'মহাভারতেকথা', তেমনি 'কাশীরাম দাস কহে' লেখা উচিত 'কাশীরাম দাসকহে'। কারণ, হসন্ত শব্দ পরবর্তী স্বর বা ব্যঞ্জন শব্দের সঙ্গে মিলে যায়, মাঝখানে কোনো স্বরবর্ণ তাদের ঠোকাঠুকি নিবারণ করে না। কিন্তু, বাঙালি বরাবর সহজেই 'মহাভারতে-কথা' পড়ে এসেছে, অর্থাৎ 'তে'র এ-কারকে দীর্ঘ করে আপসে মীমাংসা করে দিয়েছে। তার পরে 'পূণ্যবান' কথাটার 'পূণ্যে'র মাত্রা কমিয়ে দিতে সংকোচ করে নি, অথচ 'বান' কথাটার আক্ষরিক দুই মাত্রাকে টান এবং যতির সাহায্যে চার মাত্রা করেছে।

৪। 'নিভৃত প্রাণের দেবতা'— এই গানের ছন্দ তুমি কী নিয়মে পড় আমি ঠিক বুঝতে পারছি নে। 'দেবতা' শব্দের পরে একটা দীর্ঘ যতি আছে, সেটা কি রাখ না। যদি সেই যতিকে মান্য করে থাক তা হলে দেখবে, 'দেবতা' এবং 'খোলো দ্বার' মাত্রায় অসমান হয় নি। এ-সব ধ্বনিগত তর্ক মোকাবিলায় মীমাংসা করাই সহজ। লিখিত বাক্যের দ্বারা এর শেষ সিদ্ধান্তে পৌঁছনো সম্ভব হবে কি না জানি নে। ছাপাখানা-শাসিত সাহিত্যে ছন্দোবিলাসী কবির এই এক মুশকিল— নিজের কষ্ট স্বল্প, পরের কষ্টের করুণার উপর নির্ভর। সেইজন্যেই আমাকে সম্প্রতি এমন কথা শুনেছি যে, আমি ছন্দ ভেঙে থাকি, তোমাদের স্তুতিবাক্যের কন্ঠে সেটা আমার কানে ওঠে না। তখন আকাশের দিকে চেয়ে বলি, 'চতুরানন, কোন্ কানওয়ালাদের 'পরে এর বিচারের ভার।'

৫। 'আজি গজবিধুর সমীরণে'— কবিতাটি সহজ নিয়মেই পড়া উচিত। অবশ্য, এর পঠিত ছন্দে ও গীতছন্দে প্রভেদ আছে।

৬। 'জনগণমন-অধিনায়ক' গানটার যে মাত্রাধিক্যের কথা বলেছি সেটা অন্যায় বল নি। ঐ বাহুল্যের জন্যে 'পঞ্জাব' শব্দের প্রথম সিলেবলটাকে দ্বিতীয় পদের গেটের বাইরে দাঁড় করিয়ে রাখি—

পন্ | জাব সিঙ্কু ওজরাট মরাঠা ইত্যাদি।

'পঞ্জাব'কে 'পঞ্জব' করে নামটার আকার খর্ব করতে সাহস হয় নি, ওটা দীর্ঘকায়াদের দেশ। ছন্দের অতিরিক্ত অংশের জন্যে একটু তকাত্তে আসন পেতে দেওয়া রীতি বা গীতি-বিহীন নয়।

এই গেল আমার কৈকিয়তের পালা।

তোমার ছন্দের তর্কে আমাকে সালিস মেনেছ। 'শীলানন্দ'র যে লাইনটা নিয়ে তুমি অভিযুক্ত আমার মতে তার ছন্দঃপতন হয় নি। ছন্দ রেখে পড়তে গেলে কয়েকটি কথাকে অস্থানে খণ্ডিত করতে হয় বলেই বোধ হয় সমালোচক ছন্দঃপাত করনা করেছেন। ভাগ করে দেখাই—

নৃত্য | শুধু বি | লানো লা | বশ্য ছন্দ।

আসলে 'বিলানো' কথাটাকে দুভাগ করলে কানে ষটিকা লাগে।

নৃত্য শুধু লাক্যবিলানো ছন্দ

লিখলে কোনোরকম আপত্তি মনে আসে না, অর্থহিসাবেও স্পষ্টতর হয়। ঐ কবিতায় যে লাইনে তোমার ছন্দের অপরাধ ঘটেছে সেটা এই—

সংগীতসুধা নন্দনে(র) সে আলিঙ্গনে।

ভাগ করে দেখো—

সংগী | ত সুধা | নন্দ | নে(র) সে আ | লিঙ্গনে।

যদি লিখতে—

সংগীতসুধা নন্দনেরি আলিঙ্গনে

তা হলে ছন্দের ত্রুটি হত না।

বাক। তার পরে 'ঐকান্তিকা'। ওটা প্রাকৃত ছন্দে লেখা। সে ছন্দের স্থিতিস্থাপকতা যথেষ্ট। মাত্রার ওজনের একটু-আধটু নড়চড় হলে ক্ষতি হয় না। তবুও নেহাত ঢিলেমি করা চলে না। ঐধামাত্রার নিয়মের চেয়ে কানের নিয়ম সূক্ষ্ম; বুঝিয়ে বলা বড়ো শক্ত, কেন ভালো লাগল বা লাগল না। 'ঐকান্তিকা'র ছন্দটা বন্ধুর হয়েছে সে কথা বলতেই হবে। অনেক জায়গায় দুরাখ্যের জন্যে এবং ছন্দের বিভাগে বাক্য বিভক্ত হয়ে গেছে বলে অর্থ বুঝতে কষ্ট পেয়েছি। তন্ন তন্ন আলোচনা করতে হলে বিস্তর বাক্য ও কাল-ব্যয় করতে হয়। তাই আমার কান ও বুদ্ধি অনুসরণ করে তোমার কবিতাকে কিছু কিছু কমল করেছি। তুমি গ্রহণ করবে এ আশা করে নয়, আমার অতিমতটা অনুমান করতে পারবে এই আশা করেই।

১ কার্তিক ১০০৬

২

তুমি এমন করে সব প্রশ্ন ঠান্ডা যে দু-চার কথায় সেরে দেওয়া অসম্ভব হয়, তোমার সম্বন্ধে আমার এই নালিশ।

১। 'আবার এরা ঘিরেছে মোর মন'— এই পঙক্তির ছন্দোমাত্রার সঙ্গে 'দাহ আবার বেড়ে ওঠে ক্রমের মাত্রার অসাম্য ঘটেছে' এই তোমার মত। 'ক্রমে' শব্দটার 'ক্র'র উপর যদি যথোচিত ঝোক দাও তা হলে হিসাবের গোল থাকে না। 'বেড়ে ওঠে'র 'ওঠে'র 'ও' স্বরবর্ণে মাত্রা বেড়ে ওঠা উচিত। তুমি বলতে পার, আমরা সাধারণত শব্দের প্রথম বর্ণহিত র-ফলাকে দুই মাত্রা দিতে কৃপণতা করি। 'আক্রমণ' শব্দের 'ক্র'কে তার প্রাপ্য মাত্রা দিই, কিন্তু 'ওঠে'র 'ও' ছন্দোমাত্রার খর্ব করে থাকি। আমি সুযোগ বুঝে কিছু দুইরকম নিয়মই চালাই।

২। ভক্ত | সেথায় | খোলো ছা | ০০র | এইরকম ভাগে কোনো দোষ নেই। কিন্তু, তুমি যে ভাগ করেছিলে | র০০ | এটা চলে না; যেহেতু 'র' হসন্ত বর্ণ, ওর পরে স্বরবর্ণ নেই, অতএব টানব কাকে।

৩। 'জনগণ' গান যখন লিখেছিলেম তখন 'মারাঠা' বানান করি নি। মারাঠিরাও প্রথমবারে আকার দেয় না। আমার ছিল 'মরাঠা'। তার পরে যারা শোধন করেছেন তাঁরাই নিরাকারকে সাকার করে তুলেছেন, আমার চোখে পড়ে নি।

৪। 'জাগিয়ে' ও 'রটিয়ে' শব্দের 'গিয়ে' ও 'টিয়ে' প্রাকৃত-বাংলার মতে এক মাত্রাই। আমি যদি পরিবর্তন করে থাকি স্নেটাকে স্বীকার করবার প্রয়োজন নেই।

১০ নভেম্বর ১৯২৯

৩

তুমি যে 'জ্ঞান' শব্দটিকে হসন্তভাবে উচ্চারণ কর এ আমার কাছে নতুন লাগল। আমি কখনোই 'জ্ঞান' বলি নে। প্রাকৃত-বাংলায় যে-সব শব্দ অতিপ্রচলিত তাদেরই উচ্চারণে এইরকম স্বরলুপ্তি সহ্য করা চলে। 'জ্ঞান' শব্দটা সে-জাতের নয় এবং ওটা অতি সুন্দর শব্দ, ওকে বিনা দোষে উচ্চারণ করা ওর স্বরহরণ কোরো না, তোমার কাছে এই আমার দরবার।

যতি বলতে বোঝায় বিরাম। ছন্দ জিনিসটাই হচ্ছে আবৃত্তিকে বিরামের বিশেষ বিধির দ্বারা নিয়ন্ত্রিত করা।

ললিত ল | বঙ্গ ল | তা পরি | শীলন।

প্রত্যেক চার মাত্রার পরে বিরাম।

বদসি যদি | কিঞ্চিদপি।

পাঁচ-পাঁচ মাত্রার শেষে বিরাম। তুমি যদি লেখ 'বদসি যদিপি' তা হলে এই ছন্দে যতির যে পঞ্জায়তি বিধান আছে তা রক্ষা হবে না। এখানে যতিভঙ্গ ছন্দোভঙ্গ একই কথা। প্রত্যেক পদকেপের সমষ্টি নিয়ে নৃত্য, কিন্তু একটিমাত্র পদপাতে যদি চ্যুতি ঘটে তা হলে সে ক্রটি পদবিক্ষেপের ক্রটি, সুতরাং সমস্ত নৃত্যেরই ক্রটি।

৯ জানুয়ারি ১৯৩৮

৪

'তোমারই' কথাটাকে সাধু ভাষার ছন্দেও আমরা 'তোমারি' বলে গণ্য করি। এমন একদিন ছিল যখন করা হত না। আমিই প্রথমে এটা চালাই। 'একটি' শব্দকে সাধু ভাষায় তিন মাত্রার মর্যাদা যদি দেও তবে ওর হসন্ত হরণ করে অভ্যাচারের দ্বারা সেটা সম্ভব হয়। যদি হসন্ত রাখ তবে বৈমাত্রিক বলে ওকে ধরতেই হবে। যদি মাছের উপর কবিতা লেখার প্রয়োজন হয় তবে 'কাংলা' মাছকে কা-ত-লা উচ্চারণের জোরে সাধুতে উত্তীর্ণ করা আর্বসমাজি শুদ্ধিতেও বাধবে। তুমি কি লিখতে চাও—

পাতলা করিয়া কাটো কাতলা মাছেরে,

উৎসুক নাভনী যে চাহিয়া আছে রে।

আর আমি যদি লিখি—

পাংলা করি কাটো গিরে কাংলা মাছটিরে

টাটকা করি দাও ঢেলে সর্ববে আর জিরে,

ভেটকি যদি জোটে তাহে মাখো লজাবিটা,

বন্ধ করে বেছে ফেলো টুকরো বত কাটা।

আপত্তি করবে কি। 'উষ্ণ' যদি দুই মাত্রায় পদক্ষেপ করতে পারে তবে 'একটি' কী দোষ করেছে।
'জনগণমন-অধিনায়ক' সংস্কৃত ছন্দে বাংলায় আমদানি।

৭ ভাদ্র ১৩৩৮

৫

ছন্দ সম্বন্ধে তুমি অতিমাত্র সচেতন হয়ে উঠেছ। শুধু তাই নয়, কোনোমতে নতুন ছন্দ তৈরি করাকে তুমি বিশেষ সার্থকতা বলে কল্পনা কর। আশা করি, এই অবস্থা একদিন তুমি কাটিয়ে উঠবে এবং ছন্দ সম্বন্ধে একেবারেই সহজ হবে তোমার মন। আচ্ছ তুমি ভাগবিভাগ করে ছন্দ যাচাই করছ, প্রাণের পরীক্ষা চলছে দেহবাবাচ্ছেদ করে। যারা ছান্দসিক তাদের উপর এই কাটাছেড়ার ভার দাও, তুমি যদি ছন্দবসিক হও তবে ছুরিকাচি ফেলে দিয়ে কানের পথ খোলসা রাখে যেখান দিয়ে ঋশি মরমে প্রবেশ করে। গীতার একটি শ্লোকেব আবস্ত এই—

অপরং ভবতো জন্ম,

ঠিক তার পরবর্তী শ্লোক—

বহনি মে বাতীতানি।

দ্বিতীয়টির সমান ওজনে প্রথমটি যদি লিখতে হয় তা হলে লেখা উচিত 'অপরং ভবতো জন্ম'। কিন্তু, ঋষি এই ছন্দ বানিয়েছিলেন তাঁরা ছান্দসিকের হাটে গিয়ে নিক্তি নিয়ে বসেন নি। আমি যখন 'পঞ্চাব সিদ্ধ গুচ্ছরাট মর্যাতা' লিখেছিলুম তখন জানতুম, কোনো কবির কানে খটকা লাগবে না, ছান্দসিকের কথা মনে ছিল না।

১৩ মার্চ ১৩৩৯

৬

ছন্দ নিয়ে যে কথটা তুলেছ সে সম্বন্ধে আমার বক্তব্যটা বলি। বাংলার উচ্চারণে হ্রস্বদীর্ঘ উচ্চারণভেদ নেই, সেইজন্যে বাংলাছন্দে সেটা চালাতে গেলে কৃত্রিমতা আসেই।

হেসে হেসে হল যে অস্থির,

মেয়েটা বুঝি ব্রাহ্মণবস্তির।

এটা ভববদন্তি। কিন্তু—

হেসে কুড়িকুটি এ কী দশা এর,

এ মেয়েটি বুঝি রায়মশায়ের।

এর মধ্যে কোনো অত্যাচার নেই। রায়মশায়ের চঞ্চল মেয়েটির কাহিনী যদি বলে যাই লোকের মিষ্টি লাগবে, কিন্তু দীর্ঘ হুয়ে পা ফেলে চলেন যিনি তাঁর সঙ্গে বেশিকণ আলাপ চলে না। যেটা একেবারে প্রকৃতিবিরুদ্ধ তার নৈপুণ্যে কিছুকণ বাহবা দেওয়া চলে তার সঙ্গে ঘরকরা চলে না।

'জনগণমনঅধিনায়ক'— ওটা যে গান। দ্বিতীয়ত, সকল প্রদেশের কাছে যথাসম্ভব সুগম করবার জন্যে যথাসাধ্য সংস্কৃত শব্দ লাগিয়ে ওটাকে আমাদের পাড়া থেকে জয়দেবীয় পল্লীতে চালান করে দেওয়া হয়েছে। বাংলা শব্দে একসেন্ট দিয়ে বা ইংরেজি শব্দে না দিয়ে কিংবা সংস্কৃত কাব্যে দীর্ঘহ্রস্বকে বাংলার মতো সমতুল্য করে যদি রচনা করা যায় তবে কেবলমাত্র ছন্দকৌশলের খাতিরে সাহিত্যসমাজে

তার নতুন মেলবন্ধন করা চলবে না। বিশেষত, চিহ্ন উচিয়ে চোখে খোঁচা দিয়ে পড়াতে চেষ্টা করলে পাঠকদের প্রতি অসৌজন্য করা হয়।

Autumn flaunteth in his bushy bowers

এতে একটা ছন্দের সূচনা থাকতে পারে, কিন্তু সেইটাই কি যথেষ্ট। অথবা—

সম্মুখ সমরে পড়ি বীর চূড়ামণি বীরবাহু :

একসেস্ট-এর আডায় ধাক্কা মেরে চালালে এইরকম লাইনের আলসা ভেঙে দেওয়া যায় যদি মানি, তবু আর কিছু মানবার নেই কি :

৬ জুলাই ১৯৩৬

৭

দীর্ঘস্থ ছন্দ সম্বন্ধে আর-একবার বলি। ও এক বিশেষ ধরনের লেখায় বিশেষ ভাষারীতিতেই চলাতে পারে। আকবর বাদশার যোধপুরী মহিষীর জন্যে তিনি মহল বানিয়েছিলেন স্বতন্ত্র, সমগ্র প্রাসাদের মধ্যে সে আপন জাত বাঁচিয়ে নির্লিপ্ত ছিল। বাংলার উচ্চারণরীতিকে মেনে চলে যে ছন্দ তার চলারফেরা সাহিত্যের সর্বত্র, কোনো গতির মধ্যে নয়। তা পণ্ডিত-অপণ্ডিত সকল পাঠকের পক্ষেই সুগম। তুমি বলতে পার, সকল কবিতাই সকলের পক্ষে সুগম হবেই এমনতরো কবুলতিনামায় লেখককে সেই দিতে বাধা করতে পারি নে। সে তর্ক ষাটে ভাবের দিক থেকে, চিন্তার দিক থেকে, কিন্তু ভাষার সর্বজনীন উচ্চারণরীতির দিক থেকে নয়। তুমি বেলের শরবতই করো, দইয়ের শরবতই করো, মূল উপাদান জলটা সাধারণ জল— ভাষার উচ্চারণটাও সেইরকম। My heart aches— কোনো ধ্বনিসৌষ্ঠবের ষাতিরেই বা বাঙালির অভ্যাসের অনুরোধ heart-এর আ এবং aches-এর এ-কে হ্রস্ব করা চলবে না। এই কারণে বাংলায় বিস্তৃত সংস্কৃত ছন্দ চালাতে গেলে দীর্ঘ স্বরধ্বনির জায়গায় যুক্তবর্ণের ধ্বনি দিতে হয়। সেটার জন্যে বাংলাভাষা ও পাঠককে সর্বদা ঠেলা মারতে হয় না। অথবা দীর্ঘস্বরকে দুই মাত্রার মূল্য দিলেও চলে। যদি লিখতে—

হে অমল চন্দনগঞ্জিত, তনু রঞ্জিত

হিমালীতে সিক্তিত স্বর্ণ

তা হলে চতুর্পাঠীর বহির্বর্তী পাঠকের দৃষ্টিভ্রা ঘটাত না।

৮ জুলাই ১৯৩৬

৮

বাংলায় প্রাক্‌হসন্ত স্বর দীর্ঘায়ত হয় এ কথা বলেছি। জল এবং জলা, এই দুটো শব্দের মাত্রাসংখ্যা সমান নয়। এইজন্যেই 'টুমুস্ টুমুস্ বাদি বাজে' পদটাকে ত্রৈমাত্রিক বলেছি। টু-মু দুই সিলেবল্, পরবর্তী হসন্ত স্-ও এক সিলেবল্-এর মাত্রা নিয়েছে পূর্ববর্তী উ স্বরকে সহজেই দীর্ঘ করে। 'টুমু টুমু বাজা বাজে' এবং 'টুমুস্ টুমুস্ বাদি বাজে' এক ছন্দ নয়। 'রনিয়া রনিয়া বাজিছে বাজনা' এবং 'টুমুস্ টুমুস্ বাদি বাজে' এক ওজনের ছন্দ। দুটোই ত্রৈমাত্রিক। আমি প্রচলিত হাজার দৃষ্টান্তও দেখিয়েছি।

২৫ জুলাই ১৯৩৬

ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়কে লিখিত

যখন কবিতাগুলি পড়বে তখন পূর্বাভ্যাসমত মনে কোরো না ওগুলো পদ্য। অনেকে সেই চেষ্টা করতে গিয়ে ব্যর্থ হয়ে রুট হয়ে ওঠে। গদ্যের প্রতি গদ্যের সম্মানরক্ষা করে চলা উচিত। পুরুষকে সুন্দরী রমণীর মতো ব্যবহার করলে তার মর্যাদাহানি হয়। পুরুষেরও সৌন্দর্য আছে, সে মেয়ের সৌন্দর্য নয়— এই সহজ কথাটা বলবার প্রয়াস পেয়েছি পরবর্তী পাতাগুলিতে।

২৬ আশ্বিন ১৩৩৯

২

‘পুনশ্চ’র কবিতাগুলোকে কোন সংজ্ঞা দেবে। পদ্য নয়, কারণ পদ নেই। গদ্য বললে, অতিব্যাপ্তি দোষ ঘটে। পক্ষিরাঙ্গ ঘোড়াকে পাখি বলবে না ঘোড়া বলবে? গদ্যের পাখা উঠেছে এ কথা যদি বলি, তবে শত্রুপক্ষ বলে বসবে, ‘পিপিড়ার পাখা ওঠে মরিবার তরে।’ জলে স্থলে যে সাহিত্য বিভক্ত, সেই সাহিত্যে এ জিনিসটা জল নয়, তাই বলে মাটিও নয়। তা হলে খনিজ বলতে দোষ আছে কি। সোনা বলতে পারি এ মন অহংকার যদি বা মনে থাকে মুখে বলবার সাহস নেই। না হয় তাঁবাই হল। অর্থাৎ, এমন কোনো ধাতু যাতে মূর্তি-গড়ার কাজ চলে। গদ্যধরের মূর্তিও হতে পারে, তিলোস্তমারও হয়। অর্থাৎ, রূপরসাম্বক গদ্য, অর্থভারবহ গদ্য নয়। তৈজস গদ্য।

সংজ্ঞা পরে হবে, আপাতত প্রশ্ন এই— ওতে চেহারা গড়ে উঠেছে কি না। যদি উঠে থাকে তা হলেই হল।

৭ কার্তিক ১৩৩৯

৩

গানের আলাপের সঙ্গে ‘পুনশ্চ’ কাব্যগ্রন্থের গদ্যিকারীতির যে তুলনা করেছ সেটা মন্দ হয় নি। কেননা আলাপের মধ্যে তালটা ঝাঁকনছাড়া হয়েও আশ্চর্যবিস্মৃত হয় না। অর্থাৎ, বাইরে থাকে না মৃদঙ্গের বোল, কিন্তু নিজের অঙ্গের মধ্যেই থাকে চলবার একটা ওজন।

কিন্তু সংগীতের সঙ্গে কাব্যের একটা জায়গায় মিল নেই। সংগীতের সমস্তটাই অনির্বচনীয়। কাব্যে বচনীয়তা আছে সে কথা বলা বাহুল্য। অনির্বচনীয়তা সেইটেকেই বেটন করে হিম্মোলিত হতে থাকে, পৃথিবীর চার দিকে বায়ুমণ্ডলের মতো। এ পর্যন্ত বচনের সঙ্গে অনির্বচনের, বিষয়ের সঙ্গে রসের গাঠ বেঁধে দিয়েছে ছন্দ। পরস্পরকে বলিয়ে নিয়েছে, যদেতদ্ হৃদয়ং মম তদন্তু হৃদয়ং তব। বাক এবং অবাক বাধা পড়েছে ছন্দের মালাবন্ধনে। এই বাক এবং অবাক-এর একান্ত মিলনেই কাব্য। বিবাহিত জীবনে যেমন কাব্যেও তেমনি, মাঝে মাঝে বিরোধ বাধে, উভয়ের মাঝখানে ফাঁক পড়ে যায়, ছন্দও তখন জোড় মেলাতে পারে না। সেটাকেই বলি আক্ষেপের বিষয়। বাসরঘরে এক শয্যায় দুই পক্ষ দুই দিকে মুখ ফিরিয়ে থাকার মতোই সেটা শোচনীয়। তার চেয়ে আরো শোচনীয়, যখন ‘এক কনো না খেয়ে বাপের বাড়ি যান’। যথাপরিমিত খাদ্যবস্তুর প্রয়োজন আছে, এ কথা অকীর্ণ রোগীকেও স্বীকার করতে হয়। কোনো কোনো কাব্যে বাগদেবী স্থলখাদ্যাভাবে ছায়ার মতো হয়ে পড়েন। সেটাকে আধ্যাত্মিকতার লক্ষণ বলে উল্লাস না করে আধিতৌতিকতার অভাব বলে বিমর্ষ হওয়াই উচিত।

‘পুনশ্চ’ কাব্যগ্রন্থে আধিতৌতিককে সমাদর করে ভোজে বসানো হয়েছে। যেন জামাইষষ্ঠী। এ মানুষটা পুরুষ। একে সোনার ঘড়ির চেন পরালেও অলংকৃত করা হয় না। তা হোক, পাশেই আছেন কাঁকনপরা অর্ধবগুষ্ঠিতা মাধুরী, তিনি তাঁর শিল্পসমৃদ্ধ ব্যক্তনিকার আন্দোলনে এই ভোজের মধ্যে অমরাবর্তীর মদুমন্দ হাওয়ার আভাস এনে দিচ্ছেন। নিজের রচনা নিয়ে অহংকার করছি মনে করে আমাকে হঠাৎ সদুপদেশ দিতে বোসো না। আমি যে কীর্তিটা করেছি তার মূল্য নিয়ে কথা হচ্ছে না,

তার যেটি আদর্শ, এই চিঠিতে তারই আলোচনা চলছে। বক্ষ্যমাণ কাব্যে গদ্যটি মাংসপেশল পুরুষ বলেই কিছু প্রাধান্য যদি নিয়ে থাকে তবু তার কলাবতী বধু দরজার আধখোলা অবকাশ দিয়ে উকি মারছে, তার সেই ছায়াবৃত কটাক্ষ-সহযোগে সমস্ত দৃশ্যটি রসিকদের উপভোগ্য হবে বলেই ভরসা করেছিলুম। এর মধ্যে ছন্দ নেই বললে অত্যুক্তি হবে, ছন্দ আছে বললেও সেটাকে বলব স্পর্ধা। তবে কী বললে ঠিক হবে ব্যাখ্যা করি। ব্যাখ্যা করব কাব্যরস দিয়েই।

বিবাহসভায় চন্দনচর্চিত বর-কনে টোপর মাথায় আলপনা-আঁকা পিড়ির উপর বসেছে। পুরুত পড়ে চলেছে মন্ত্র, ও দিকে আকাশ থেকে আসছে সাহানা-রাগিণীতে সানাইয়ের সংগীত। এমন অবস্থায় উভয়ের যে বিবাহ চলেছে সেটা নিঃসন্দ্বিগ্ন, সুস্পষ্ট। নিশ্চিত-ছন্দ-ওয়াল কাব্যে সেই সানাই বাজনা সেই মন্ত্রপড়া লেগেই আছে। তার সঙ্গে আছে লাল ঢেলি, বেনারসির জোড়, ফুলের মালা, ঝাড়লগনের রোশনাই। সাধারণত যাকে কাব্য বলি সেটা হচ্ছে বচন-অনির্বচনের সদ্যমিলনের পরিভূষিত উৎসব। অনুষ্ঠানে যা যা দরকার সময়ে তা সংগ্রহ করা হয়েছে। কিন্তু, তার পরে? অনুষ্ঠান তো বারোমাস চলবে না। তাই বলেই তো নীরবিত সাহানা-সংগীতের সঙ্গে সঙ্গেই বরবধুর মহাশুনো অন্তর্ধান কেউ প্রত্যাশা করে না। বিবাহ-অনুষ্ঠানটা সমাপ্ত হল, কিন্তু বিবাহটা তো রইল, যদি-না কোনো মানসিক বা সামাজিক উপনিপাত ঘটে। এখন থেকে সাহানা-রাগিণীটা অশ্রুত বাজবে, এমন-কি, মাঝে মাঝে তার সঙ্গে বেসুরো নিখাদে অত্যন্ত কড়া সুরও না-মেশা অস্বাভাবিক, সুতরাং একেবারে না-মেশা প্রার্থনীয় নয়। ঢেলি-বেনারসিটা তোলা রইল, আবার কোনো অনুষ্ঠানের দিনে কাজে লাগবে। সপ্তপদীর বা চতুর্দশপদীর পদক্ষেপটা প্রতিদিন মানায় না। তাই বলেই প্রাত্যহিক পদক্ষেপটা অস্থানে পড়ে বিপদজনক হবেই এমন আশঙ্কা করি নে। এমন-কি, বাম দিক থেকে রুণুঝু মলের আওয়াজ গোলমালের মধ্যেও কানে আসে। তবু মোটের উপর বেশভূষাটা হল আটপৌরে। অনুষ্ঠানের ঝাধারীতি থেকে ছাড়া পেয়ে একটা সুবিধে হল এই যে, উভয়ের মিলনের মধ্যে দিয়ে সংসারযাত্রার বৈচিত্র্য সহজ রূপ নিয়ে স্থূল সূক্ষ্ম নানা ভাবে দেখা দিতে লাগল। যুগলমিলন নেই অথচ সংসারযাত্রা আছে এমনও ঘটে। কিন্তু, সেটা লক্ষ্মীছাড়া। যেন খবুরে-কাগজি সাহিত্য। কিন্তু, যে সংসারটা প্রতিদিনের, অথচ সেই প্রতিদিনকেই লক্ষ্মীশ্রী চিরদিনের করে তুলছে, যাকে চিরন্তনের পরিচয় দেবার জন্যে বিশেষ বৈঠকখানায় অলংকৃত আয়োজন করতে হয় না তাকে কাব্যশ্রেণীতেই গণ্য করি। অথচ চেহায়ায় সে গদ্যের মতো হতেও পারে। তার মধ্যে বেসুর আছে, প্রতিবাদ আছে, নানাপ্রকার বিমিশ্রতা আছে, সেইজন্যেই চারিত্রশক্তি আছে। যেমন কর্ণের চারিত্রশক্তি যুধিষ্ঠিরের চেয়ে অনেক বড়ো। অথচ, একরকম শিশুমতি আছে যারা ধর্মরাজের কাহিনী শুনে অশ্রুবিগলিত হয়। রামচন্দ্র নামটার উল্লেখ করলুম না সে কেবল লোকভয়ে, কিন্তু আমার দৃঢ়বিশ্বাস, আদিকবি বাস্মীকি রামচন্দ্রকে ভূমিকাপতনস্বরূপে খাড়া করেছিলেন তার অসবর্ণতায় লক্ষ্মণের চরিত্রকে উজ্জ্বল করে আঁকবার জন্যেই, এমন-কি হনুমানের চরিত্রকেও বাদ দেওয়া চলবে না। কিন্তু, সেই একঘেয়ে ভূমিকাটা অত্যন্ত বেশি রঙফলানো চওড়া বলেই লোকে ঐটেব, দিকে তাকিয়ে হায়-হায় করে। ভবভূতি তা করেন নি। তিনি রামচন্দ্রের চরিত্রকে অশ্রদ্ধেয় করবার জন্যেই কবিজনোচিত কৌশলে 'উত্তররামচরিত' রচনা করেছিলেন। তিনি সীতাকে দাঁড় করিয়েছেন রামভদ্রের প্রতি প্রবল গঞ্জনারূপে।

ঐ দেখো, কী কথা বলতে কী কথা এসে পড়ল। আমার বক্তব্য ছিল এই— কাব্যকে বেড়াভাঙা গদ্যের ক্ষেত্রে স্বীকৃতি দেওয়া যায় যদি, তাহলে সাহিত্যসংসারের আলংকারিক অংশটা হালকা হয়ে তার বৈচিত্র্যের দিক তার চরিত্রের দিক অনেকটা খোলা জায়গা পায়। কাব্য জোরে পা ফেলে চলতে পারে। সেটা সময়ে নেচে চলার চেয়ে সব সময়ে যে নিন্দনীয় তা নয়। নাচের আসরের বাইরে আছে এই উচুনিচু বিচিত্র বৃহৎ জগৎ, রূঢ় অথচ মনোহর, সেখানে জোরে চলাটাই মানায় ভালো, কখনো ঘাসের উপর, কখনো কাঁকরের উপর দিয়ে।

রোসো। নাচের কথাটা যখন উঠল, ওটাকে সেরে নেওয়া যাক। নাচের জন্যে বিশেষ সময়, বিশেষ

কায়দা চাই। চারি দিক বেষ্টন করে আলোটা মালাটা দিয়ে তার চালচিত্র খাড়া না করলে মানানসই হয় না। কিন্তু, এমন মেয়ে দেখা যায় যার সহজ চলনের মধ্যেই বিনা ছন্দের ছন্দ আছে। কবিতা সেই অনায়াসের চলন দেখেই নানা উপমা খুঁজে বেড়ায়। সে মেয়ের চলনটাই কাব্য, তাতে নাচের তাল নাই-বা লাগল; তার সঙ্গে মৃদঙ্গের বোল দিতে গেলে বিপত্তি ঘটবে। তখন মৃদঙ্গকে দোষ দেব না তার চলনকে? সেই চলন নদীর ঘাট থেকে আরম্ভ করে রান্নাঘর বাসরঘর পর্যন্ত। তার জন্যে মালমসলা বাছাই করে বিশেষ ঠাট বানাতে হয় না। গদ্যকাব্যেরও এই দশা। সে নাচে না, সে চলে। সে সহজে চলে বলেই তার গতি সর্বত্র। সেই গতিভঙ্গি আবাধা। ভিড়ের ছোঁওয়া ঝাঁচিয়ে পোশাকি-শাড়ির-প্রান্ত-তুলে-ধরা আধাঘোমটা-টানা সাবধান চাল তার নয়।

এই গেল আমার 'পুনশ্চ' কাব্যগ্রন্থের কৈফিয়ত। আরো-একটা পুনশ্চ-নাচের আসরে নাট্যাচার্য হয়ে বসব না, এমন পণ করি নি। কেবলমাত্র কাব্যের অধিকারকে বাড়াব মনে করেই একটা দিকের বেড়ায় গেট বসিয়েছি। এবারকার মতো আমার কাজ ঐ পর্যন্ত। সময় তো বেশি নেই। এর পরে আবার কোন্ খেয়াল আসবে বলতে পারি নে। যারা দৈবদুর্যোগে মনে করবেন, গদ্যে কাব্যরচনা সহজ, তারা এই খোলা দরজাটার কাছে ভিড় করবেন সন্দেহ নেই। তা নিয়ে ফৌজদারি বাধলে আমাকে স্বদেশের লোক বলে স্বপক্ষে সাক্ষী মেনে বসবেন। সেই দুর্দিনের পূর্বেই নিরুদ্দেশ হওয়া ভালো। এর পরে মদ্রচিত আরো একখানা কাব্যগ্রন্থ বেরবে, তার নাম 'বিচিত্রিতা'। সেটা দেখে ভদ্রলোকে এই মনে করে আশ্বস্ত হবে যে, আমি পুনশ্চ প্রকৃতিস্থ হয়েছি।...

দেওয়ালি ১৩৩৯

৪

সম্প্রতি কতকগুলো গদ্যকবিতা জড়ো করে 'শেষসপ্তক' নাম দিয়ে একখানি বই বের করেছি। সমালোচকরা ভেবে পাচ্ছেন না ঠিক কী বলবেন। একটা কিছু সংজ্ঞা দিতে হবে, তাই বলছেন আশ্চর্যজনক। অসম্ভব নয়, কিন্তু তাতে বলা হল না, এগুলো কবিতা কিংবা কবিতা নয় কিংবা কোন দরের কবিতা। এদের সম্বন্ধে মুখ্য কথা যদি এই হয় যে, এতে কবির আত্মজীবনের পরিচয় আছে, তা হলে পাঠক অসহিষ্ণু হয়ে বলতে পারে, আমার তাতে কী। মদের গেলাসে যদি রঙকরা জল রাখা যায় তা হলে মদের হিসাবেই ওর বিচার আপনি উঠে পড়ে। কিন্তু, পাথরের বাটিতে রঙিন পানীয় দেখলে মনের মধ্যে গোড়াতেই তর্ক ওঠে, ওটা শরবত না ওষুধ। এরকম দ্বিধার মধ্যে পড়ে সমালোচক এই কথাটার 'পরেই জোর দেন যে, বাটিটা জয়পুরের কি মুঙ্গেরের। হায় রে, রসের যাচাই করতে যেখানে পিপাসু এসেছিল সেখানে মিলল পাথরের বিচার। আমি কাব্যের পসারি, আমি শুধোই—লেখাগুলোর ভিতরে ভিতরে কি স্বাদ নেই, ভঙ্গি নেই, থেকে থেকে কটাক্ষ নেই, সদর দরজার চেয়ে এর খিড়কির দ্যারের দিকেই কি ইশারা নেই, গদ্যের বকুনির মুখে রাস টেনে ধরে তার মধ্যে কি কোথাও দুলকির চাল আনা হয় নি, চিন্তাগর্ভ কথার মুখে কোনোখানে অচিন্ত্যের ইঙ্গিত কি লাগল না, এর মধ্যে ছন্দোবাহকতার নিয়ন্ত্রিত শাসন না থাকলেও আত্মবাহকতার অনিয়ন্ত্রিত সংযম নেই কি। সেই সংযমের গুণে থেমে যাওয়া কিংবা হঠাৎ-বৈকে-যাওয়া কথার মধ্যে কোথাও কি নীরবের সরবতা পাওয়া যাচ্ছে না। এইসকল প্রশ্নের উত্তরই হচ্ছে এর সমালোচনা। কালিদাস 'রঘুবংশে'র গোড়াতেই বলেছেন, বাক্য এবং অর্থ একত্র সমপৃক্ত থাকে; এমন স্থলে বাক্য এবং অর্থাতীতকে একত্র সমপৃক্ত করার দুঃসাধ্য কাজ হচ্ছে কবির, সেটা গদ্যেই হোক আর পদ্যেই হোক তাতে কী এল গেল।

৫

অন্তরে যে ভাবটা অনির্বচনীয় তাকে প্রায়সী নারী প্রকাশ করবে গানে নাচে, এটাকে লিরিক বলে স্বীকার করা হয়। এর ভঙ্গিগুলিকে ছন্দের বন্ধনে বেঁধে দেওয়া হয়েছে; তারা সেই ছন্দের শাসনে পরস্পরকে যথায়থভাবে মেনে চলে বলেই তাদের সুনিয়ন্ত্রিত সন্মিলিত গতিতে একটি শক্তির উদ্ভব হয়, সে আমাদের মনকে প্রবল বেগে আঘাত দিয়ে থাকে। এরজন্যে বিশেষ প্রসাধন, আয়োজন, বিশেষ রঙ্গমঞ্চের আবশ্যক ঘটে। সে আপনার একটি স্বাভাব্য সৃষ্টি করে, একটি দৃশ্য।

কিন্তু, একবার সরিয়ে দাও ঐ রঙ্গমঞ্চ, জরির-আঁচলা-দেওয়া বেনারসি শাড়ি তোলা থাক পেটিকায়, নাচের বন্ধনে তনুদেহের গতিক মধুর নিয়মে নাই-বা সংযত করলে— তা হলেই কি রস নষ্ট হল। তা হলেও দেহের সহজ ভঙ্গিতে কান্দি আপনি জাগে, বাহুর ভাষায় যে বেদনার ইঙ্গিত ঠিকরে ওঠে সে মুক্ত বলেই যে নিরর্থক এমন কথা যে বলতে পারে তার রসবোধ অসাড় হয়েছে। সে নাচে না বলেই যে তার চলনে মাধুর্যের অভাব ঘটে কিংবা সে গান করে না বলেই যে তার কানে-কানে কথার মধ্যে কোনো ব্যঞ্জনা থাকে না, এ কথা অশ্রদ্ধেয়। বরঞ্চ এই অনিয়ন্ত্রিত কলায় একটি বিশেষ গুণের বিকাশ হয়, তাকে বলব ভাবের স্বচ্ছন্দতা, আপন আন্তরিক সত্যেই তার আপনার পর্যাপ্তি। তার বাহ্যল্যবর্জিত আত্মনিবেদনে তার সঙ্গে আমাদের অত্যন্ত কাছের সম্বন্ধ ঘটে। অশোকের গাছে সে আলতা-আঁকা নূপুরশিঞ্জিত পদাঘাত নাই করল; নাহয় কোমরে আঁট আঁচল বাঁধা, বা হাতের কৃষ্ণিতে ঝড়ি, ডান হাত দিয়ে মাচা থেকে লাউশাক তুলছে, অযত্নশিথিল খোঁপা ঝুলে পড়েছে আলগা হয়ে; সকালের রৌদ্রজড়িত ছায়াপথে হঠাৎ এই দৃশ্যে কোনো তরুণের বৃকের মধ্যে যদি ধক করে ধাক্কা লাগে তবে সেটাকে কি লিরিকের ধাক্কা বলা চলে না, নাহয় গদ্য-লিরিকই হল। এ রস শালপাতায় তৈরি গদ্যের পেয়ালাতেই মানায়, ওটাকে তো ত্যাগ করা চলবে না। প্রতিদিনের তুচ্ছতার মধ্যে একটি স্বচ্ছতা আছে, তার মধ্যে দিয়ে অতুচ্ছ পড়ে ধরা— গদ্যের আছে সেই সহজ স্বচ্ছতা। তাই বলে এ কথা মনে করা ভুল হবে যে, গদ্যকাব্য কেবলমাত্র সেই অকিঞ্চিৎকর কাব্যবস্তুর বাহন। বৃহত্তর তার অনায়াসে বহন করবার শক্তি গদ্যছন্দের মধ্যে আছে। ও যেন বনস্পতির মতো, তার পল্লবপুঞ্জের ছন্দোবিন্যাস কাটাছাঁটা সাজানো নয়, অসম তার স্তবকগুলি, তাতেই তার গাভীর্য ও সৌন্দর্য।

প্রশ্ন উঠবে, গদ্য তা হলে কাব্যের পর্যায়ে উঠবে কোন নিয়মে। এর উত্তর সহজ। গদ্যকে যদি ঘরের গৃহিণী বলে কল্পনা কর তা হলে জানবে, তিনি তর্ক করেন, ধোবার বাড়ির কাপড়ের হিসাব রাখেন, তাঁর কাশি সর্দি জ্বর প্রভৃতি হয়, 'মাসিক বসুমতী' পাঠ করে থাকেন— এ-সমস্তই প্রাত্যহিক হিসেব, সংবাদের কোঠার অন্তর্গত, এই ফাঁকে ফাঁকে মাধুরীর স্রোত উছলিয়ে ওঠে, পাথর ডিঙিয়ে ঝরনার মতো। সেটা সংবাদের বিষয় নয়, সে সংগীতের শ্রেণীয়। গদ্যকাব্যে তাকে বাছাই করে নেওয়া যায় অথবা সংবাদের সঙ্গে সংগীত মিশিয়ে দেওয়া চলে। সেই মিশ্রণের উদ্দেশ্য সংগীতের রসকে পুরুষের স্পর্শে ফেনায়িত উগ্রতা দেওয়া। শিশুদের সেটা পছন্দ না হতে পারে, কিন্তু দৃঢ়দস্ত বয়স্কের রুচিতে এটা উপাদেয়।

আমার শেষ বক্তব্য এই যে, এই জাতের কবিতায় গদ্যকে কাব্য হতে হবে। গদ্য লক্ষ্যভ্রষ্ট হয়ে কাব্য পর্যন্ত পৌঁছল না, এটা শোচনীয়। দেবসেনাপতি কার্তিকেয় যদি কেবল স্বয়ীয় পালোয়ানের আদর্শ হতেন তা হলে শুভনিশ্চয়ের চেয়ে উপরে উঠতে পারতেন না। কিন্তু, তাঁর পৌরুষ যখন কমনীয়তার সঙ্গে মিশ্রিত হয় তখনই তিনি দেবসাহিত্যে গদ্যকাব্যের সিংহাসনের উপযুক্ত হন। (দোহাই তোমার, বাংলাদেশের ময়ূরে-চড়া কার্তিকটিকে সম্পূর্ণ ভোলবার চেষ্টা কোরো।)

শ্রীশৈলেন্দ্রনাথ ঘোষকে লিখিত

গদ্যের চালটা পথে চলার চাল, পদ্যের চাল নাচের। এই নাচের গতির প্রত্যেক অংশের মধ্যে সুসংগতি থাকা চাই। যদি কোনো গতির মধ্যে নাচের ধরনটা থাকে অথচ সুসংগতি না থাকে তবে সেটা চলাও হবে না, নাচও হবে না, হবে খোঁড়ার চাল অথবা লফফাম্প। কোনো ছন্দে বাধন বেশি, কোনো ছন্দে বাধন কম; তবু ছন্দমাত্রের অন্তরে একটা ওজন আছে। সেটার অভাব ঘটলে যে টলমলে ব্যাপার দাঁড়ায় তাকে বলা যেতে পারে মাতালের চাল, তাতে সুবিধাও নেই, সৌন্দর্য নেই।

২২ জুলাই ১৯০২

২

গদ্যকে গদ্য বলে স্বীকার করেও তাকে কাব্যের পঙ্ক্তিতে বসিয়ে দিলে আচারবিরুদ্ধ হলেও সুবিচারবিরুদ্ধ না হতেও পারে, যদি তাতে কবিত্ব থাকে। ইদানীং দেখছি, গদ্য আর রাস মানছে না, অনেক সময় দেখি তার পিঠের উপর সেই সওয়ারটিই নেই যার জন্যে তার খাতির। ছন্দের বাধা সীমা যেখানে লুপ্ত সেখানে সংগত সীমা যে কোথায় সে তো আইনের দোহাই দিয়ে বোঝাবার জো নেই। মনে মনে ঠিক করে রেখেছি, স্বাধীনতার ভিতর দিয়েই বাধন ছাড়ার বিধান আপনি গড়ে উঠবে— এর মধ্যে আমার অভিরুচিকে আমি প্রাধান্য দিতে চাই নে। নানারকম পরীক্ষার ভিতর দিয়ে অভিজ্ঞতা গড়ে উঠছে। সমস্ত বৈচিত্র্যের মধ্যে একটা আদর্শ ক্রমে দাঁড়িয়ে যাবে। আধুনিক ইংরেজি কাব্যসাহিত্যে এই পরীক্ষা আরম্ভ হয়েছে।

তুমি যে রচনাটি পাঠিয়েছ তাকে কবিতা বলে মেনে নিতে দ্বিধা করি নে, যদিও তুমি অসংকোচে তাকে গদ্যের পুরুষবেশ পরিয়েছ। একটুও বেমানান হয় নি। গদ্যসওয়ারি কবিতার শাড়িশেমিজ নেই-বা রইল।

২৮ আশ্বিন ১৩৪৩

মোটকথা

পদ্যছন্দ

দুই মাত্রা বা দুই মাত্রার গুণক নিয়ে যে-সব ছন্দ তারা পদাতিক; বোঝা সামলিয়ে ধীরপদক্ষেপে তাদের চাল। এই জাতের ছন্দকে পয়ারশ্রেণীয় বলব। সাধারণ পর্যায়ে প্রত্যেক পঙ্ক্তিতে দুটি করে ভাগ, ধ্বনির মাত্রা ও যতির মাত্রা মিলিয়ে প্রত্যেক ভাগে আটটি করে মাত্রা, সুতরাং সমগ্র পয়ারের ধ্বনিমাত্রাসংখ্যা চোদ্দ এবং তার সঙ্গে মিলেছে যতিমাত্রাসংখ্যা দুই, অতএব সর্বসমেত ষোলো মাত্রা।

বচন নাহি তো মুখে | তবু মুখখানি ০০

ছন্দরের কানে বলে | নয়নের বাণী ০০।

আট মাত্রার উপর কোঁক না রেখে প্রত্যেক দুই মাত্রার উপর কোঁক যদি রাখি তবে সেই দুল্কি চালে পয়ারের পদমর্খাদার লাঘব হয়।

কেন | তার | মুখ | ভার | বুক | ধুক | ধুক | ০০,

চোখ | লাল | লাজে | গাল | রাঙা | টুক | টুক ০০।

অথবা প্রত্যেক চার মাত্রায় কোঁক দিয়ে পয়ার পড়া যেতে পারে। যেমন—

সুনিবিড় | শ্যামলতা | উঠিয়াছে | জেগে ০০

ধরণীর | বনতলে | গগনের | মেঘে ০০

ছন্দের দুটি জিনিস দেখবার আছে— এক হচ্ছে তার সমগ্র অবয়ব, আর তার সংঘটন। পয়ারের অবয়বের মাত্রাসমষ্টি ষোলো সংখ্যায়। এই ষোলো মাত্রা সংঘটিত হয়েছে দুই মাত্রার অংশযোজনায়। ধ্বনিরূপসৃষ্টিতে দুই সংখ্যার একটি বিশেষ প্রভাব আছে, তিন সংখ্যা থেকে তা সম্পূর্ণ স্বতন্ত্র। দৃষ্টান্ত দেখাই—

শ্রাবণধারে সঘনে
কাঁদিয়া মরে যামিনী,
ছোটে তিমিরগগনে
পথহারানো দামিনী।

এই ছন্দটির সমগ্র অবয়ব ষোলো মাত্রায়। সেই ষোলো মাত্রাটি সংঘটিত হচ্ছে তিন-দুই-তিন মাত্রার যোগে, এইজন্যেই পয়ারের মতো এর চাল-চলন নয়। যে আট মাত্রা দুইয়ের অংশ নিয়ে সে চলে সোজা সোজা পা ফেলে, কিন্তু যে আট মাত্রা তিন দুই-তিনের ভাগে সে চলছে হেলতে দুলতে মরালগমনে।

চেয়ে থাকে মুখপানে,
সে চাওয়া নীরব গানে মনে এসে বাজে,
যেন ধীর ধ্রুবতারা
কহে কথা ভাষাহারা জনহীন সাঝে।

যতিমাত্রাসমেত চব্বিশ মাত্রায় এই ত্রিপদীর অবয়ব। এই চব্বিশ মাত্রা দুই মাত্রাখণ্ডের সমষ্টি, এইজন্যেই একে পয়ারশ্রেণীতে গণ্য করব।

রিমি ঝিমি বরিষে শ্রাবণধারা,
ঝিল্লি ঝনকিছে ঝিনি ঝিনি ;
দুরু দুরু হৃদয়ে বিরামহারা
তাকায়ে পথপানে বিরহিণী।

এ ছন্দেরও অবয়ব চব্বিশ মাত্রায়। কিন্তু, এর গড়ন স্বতন্ত্র, এর অংশগুলি দুই-তিনের মিশ্রিত মাত্রা।

পয়ার ছন্দের বিশেষ গুণ এই যে, তার বুনোনি ঠাসবুনোনি নয়, তাকে বাড়ানো-কমানো যায়। সুর করে টেনে টেনে পড়বার সময় কেউ যদি যতির যোগে পয়ারের প্রথম ভাগে দশ ও শেষ ভাগে আট মাত্রা পড়ে তবু পয়ারের প্রকৃতি বজায় থাকে। যেমন—

মহাভারতের কথা ০০ | অমৃতসমান ০০।
কাশীরাম দাস ভনে ০০ | শুনে পুণ্যবান ০০।

অথবা—

মহা ০০ ভারতের কথা ০০ | অমৃত ০০ সমা ০০ন।
কাশীরা ০০ ম দাস ভনে ০০ | শুনে ০০ পুণ্যবা ০০ন।

পয়ার ছন্দ স্থিতিস্থাপক বলেই এটা সম্ভব, আর সেই গুণেই বাংলা কাব্যসাহিত্যকে সে এমন করে অধিকার করেছে।

যেমন দুই মাত্রামূলক পয়ার তেমনি তিন মাত্রামূলক ছন্দও বাংলাদেশে অনেককাল থেকে প্রচলিত। পয়ারের ব্যবহার প্রধানত আখ্যানে রামায়ণ-মহাভারত-মঙ্গলকাব্য প্রভৃতিতে। তিন মাত্রামূলক ছন্দ গীতিকাব্যে, যেমন বৈকুণ্ঠ-পদাবলীতে।

পূর্বেই বলেছি পয়ারের চাল পদাতিকের চাল, পা ফেলে ফেলে চলে।

অভিসারযাত্রাপথে হৃদয়ের ভার
পদে পদে দেয় বন্ধে ব্যাথার ঝংকার।

এই পা ফেলে চলার মাঝে মাঝে যতি পাওয়া যায় যথেষ্ট, ইচ্ছা করলে তাকে বাড়ানো-কমানো চলে। কিন্তু, তিন মাত্রার তালটা যেন গোল গড়নের, গড়িয়ে চলে; পরস্পরকে ঠেলে নিয়ে দৌড় দেয়।

চলিতে চলিতে চরণে উছলে
চলিবার ব্যাকুলতা,
নূপুরে নূপুরে বাজে বনতলে
মনের অধীর কথা।

এইজন্যে মাত্রা যদি কোথাও তিনের মাপের একটু বেশি হয় এ ছন্দ তাকে প্রসন্নমনে জায়গা দিতে পারে না। দায়ে পড়ে এই অত্যাচার কখনো করি নি এমন কথা বলতে পারব না।

প্রভু বুদ্ধ লাগি আমি ভিক্ষা মাগি,
ওগো পুরবাসী, কে বয়েছ জাগি,
অনাথপিণ্ড কহিলা অশ্রুদ-
নিিনাদে।

এ কথা বোঝা শক্ত নয় যে, 'অনাথপিণ্ড' নামটার খাতির নিয়ম বদ করেছিলেন। গাউ এসে গাড়ির কামরায় বরাদ্দর বেশি মানুষকে ঠেসে ঢুকিয়ে দিয়েছে, ঘুষ খেয়ে থাকবে কিংবা আগস্থক ভারী দরবর।

সে কালে অক্ষরগনতি-করা তিন মাত্রামূলক ছন্দে যুক্তধ্বনি বর্জন করে চলতুম। কিন্তু, তাতে রচনায় অতিলালিতার দুর্বলতা এসে পৌঁছত। সেটা যখন আমার কাছে বিবর্তিত হইল তখন যুক্তধ্বনির শরণ নিলুম। ছন্দটা একদিন ছিল যেন নবনী দিয়ে গড়া—

বরষার রাতে জলের আঘাতে
পড়িতেছে যুথী ঝরিয়া,
পরিমলে তারি সজল পবন
করুণায় উঠে ভরিয়া।

এই দুর্বলতার মধ্যে যুক্তবর্ণ এসে দেখা দিল—

নববর্ষার বারিসংঘাতে
পড়ে মল্লিকা ঝরিয়া,
সিস্তপবন সুগন্ধে তারি
কারুণ্যে উঠে ভরিয়া।

তিন-তিন মাত্রায় যার গ্রন্থিযোজনা এমন আর-একটি ছন্দের দৃষ্টান্ত দেখাই—

আখির পাতায় নিবিড় কাজল
গলিছে নয়ন সলিলে।

অক্ষরসংখ্যা সমান রেখে এই দুটো পদে যুক্তবর্ণ যদি চড়াই তা হলে সেটা কেমন হয়— যেমন এক-এক সময়ে দেখা যায়, জোয়ান পুরুষ ক্ষীণ স্ত্রীর ঘাড়ে বোঝা চাপিয়ে পথে চলে নির্মমভাবে। প্রমাণ দিই—

চকুর পল্লবে নিবিড় কাজল
গলিছে অক্ষর নির্ঝরে।

কিন্তু, এই বোঝা পয়ারজাতীয় পালোয়ানের স্বন্ধে চাপালে দুর্ঘটনার আশঙ্কা থাকবে না। প্রথমে বিনা-বোঝার চালটা দেখানো যাক—

শ্রাবণের কালো ছায়া নেমে আসে তমালের বনে
যেন দিক-ললনার গলিত কাজল-ঝরিষনে।

এটিকে গুরুভার করে দিই—

বর্ষার তমিস্রছায়া ব্যাপ্ত হল অরণ্যের তলে

এতটা ভারবদ্ধি যে সম্ভব হয় তার কারণ পয়ার স্থিতিস্থাপক ।

ধ্বনির দুই মাত্রা এবং তিন মাত্রা বাংলা ছন্দের আদিম এবং ক্লাসিক উপাদান । তার পরে এই দুই এবং তিনের যোগে যৌগিকমাত্রার ছন্দের উৎপত্তি । তিন+দুই, তিন+চার, তিন+দুই+চার প্রভৃতি নানাপ্রকার যোগ চলেছে আধুনিক বাংলা ছন্দে । তিন+দুই মাত্রামূলক ছন্দের দৃষ্টান্ত—

আধার রাতি ছেলেছে বাতি

অযুতকোটি তারা,

আপন কারা ভবনে পাছে

‘আপনি হয় হারা ।

দেখা যাচ্ছে, এখানে পদশেষের অংশটিকে খর্ব খরা হয়েছে । যদি লেখা যেত—

আধার রাতি ছেলেছে বাতি

আকাশ ভরি অযুত তারা

তা হলে ছন্দের কাছে দেনা বাকি থাকত না । কিন্তু, পূর্বোক্ত প্রথম শ্লোকটির পদশেষে পাঁচ মাত্রার থেকে তিন মাত্রাকে জ্বাব দেওয়া হয়েছে । তা হলে বুঝতে হবে, সেই তিন মাত্রা দেহত্যাগ করে ঐখানেই বসে আছে যতিকে ভর করে ।

কিন্তু, এই কৈফিয়তটা সম্পূর্ণ হল বলে মনে হয় না, আরো কথা আছে । প্রকৃতির কাজের অলংকরণতত্ত্বটা আলোচ্য । দুই পা দুই হাত নিয়ে দেহটা দাঁড়ালো, দুই কাঁধে দুটো মুণ্ড বসালেই সম্মিতি অর্থাৎ symmetry ঘটত । তা না করে দুই কাঁধের মাঝখানে একটি মুণ্ড বসিয়ে সমাপ্তিটা সংক্ষিপ্ত করা হয়েছে । কৃষ্ণচূড়ার গাছে ডাঁটার দু ধারে দুটি করে পত্রগুলি চলতে চলতে প্রান্তে এসে থামল একটিমাত্র গুচ্ছে । অলংকরণের ধারা যেখানে পূর্ণ হয়েছে সেখানে একটিমাত্র তর্জনী, ছোটো একটি ইশারা ।

সকল ভাষারই যতি আছে, কিন্তু যতিকে বাটখারান্বরূপ করে ছন্দের ওজন পূরণ বাংলা ছন্দ ছাড়া আর কোনো ছন্দে আছে কি না জানি নে । সংস্কৃত ছন্দে এই রীতি বিরল, তবু একেবারে পাওয়া যায় না তা নয় ।

বদসি যদি কিঙ্কিদপি দন্তরুচিকৌমুদী

হরতি দরতিমিরমতি ঘোরম্ ০০ ।

যতিকে কেবল বিরতির স্থান না দিয়ে তাকে পূর্তির কাজে লাগাবার অভ্যাস আরম্ভ হয়েছে আমাদের ছড়ার ছন্দ থেকে । ছড়া আবৃত্তি করবার সময় আপনি যতির জোগান দেয় আমাদের কান ।

কাক কালো বটে, পিক সেও কালো,

কালো সে ফিঙের বেশ,

তাহার অধিক কালো যে, কন্যা,

তোমার চিকন কেশ ।

এমন করে ছন্দটাকে পুরোপুরি ভরিয়ে দিলে কানের কাছে ঝগী হতে হত না । কিন্তু, এতে ছড়ার জাত যেত । ছড়ার রীতি এই যে, সে কিছু ধ্বনি জোগায় নিজে, কিছু আদায় করে কণ্ঠের কাছ থেকে ; এ দুইয়ের মিলনে সে হয় পূর্ণ । প্রকৃতি আমের মধুরতায় জল মিশিয়েছেন, তাঁকে আমস্বাদ করে তোলেন নি ; সেজন্যে রসজ্ঞ ব্যক্তিমাত্রই কৃতজ্ঞ । তেমনি যথেষ্ট যতি মিশোল করা হয়েছে ছড়ার ছন্দে, শিশুকাল থেকে বাঙালি তাতে আনন্দ পায় । সে সহজেই আউড়েছে—

কাক কালো, কোকিল কালো,

কালো ফিঙের বেশ,

তাহার অধিক কালো, কন্যা.

কিংবা—

টুমুস টুমুস বাদ্যি বাজে,
লোকে বলে, কী,
শামুকরাজা বিয়ে করে
কিনুকরাজার কি ।

১৩৪১

গদ্যছন্দ

গদ্য বলতে বুঝি যে ভাষা আলাপ করবার ভাষা ; ছন্দোবদ্ধ পদে বিভক্ত যে ভাষা তাই পদ্য । আর, রসাত্মক বাক্যকেই আলংকারিক পণ্ডিত কাব্য সংজ্ঞা দিয়েছেন । এই রসাত্মক বাক্য পদ্যে বললে সেটা হবে পদ্যকাব্য আর গদ্যে বললে হবে গদ্যকাব্য । গদ্যেও অকাব্য ও কুকাব্য হতে পারে, পদ্যেও তুর্ধিবচ । গদ্যে তার সম্ভাবনা বেশি, কেননা ছন্দেরই একটা স্বকীয় রস আছে— সেই ছন্দকে ত্যাগ করে যে কাব্য, সুন্দরী বিধবার মতো তার অলংকার তার আপন বাণীদেহেই, বাইরে নয় । এ কথা বলা বাহুল্য যে, গদ্যকাব্যেও একটা আঁধা ছন্দ আছে । আন্তরিক প্রবর্তনা থেকে কাব্য সেই ছন্দ চলতে চলতে আপনি উদ্ভাবিত করে, তার ভাগগুলি অসম হয় কিন্তু সবসুদ্ধ জড়িয়ে ভারসাম্যরূপে থেকে সে স্থলিত হয় না । বড়ো ওজনের সংস্কৃত ছন্দে এই আপাতপ্রতীয়মান মুক্তগতি দেখতে পাওয়া যায় । যেমন—

মেঘের মেদুর | মধুরং বনভুবঃ | শ্যামাস্তমা | লক্ষ্মৈঃ ।

এই ছন্দ সমান ভাগ মানে না, কিন্তু সমগ্রের ওজন মেনে চলে । মুখের কথায় আমরা যখন খবর দিই তখন সেটাতে নিশ্বাসের বেগে ঢেউ খেলায় না । যেমন—

তার চেহারাটা মন্দ নয় ।

কিন্তু ভাবের আবেগ লাগবামাত্র আপনি ঝোক এসে পড়ে । যেমন—

কী সুন্দর তার চেহারাটি ।

একে ভাগ করলে এই দাঁড়ায় : কী সুন | দর তার | চেহারাটি ।

মরে যাই তোমার বলাই নিয়ে ।

এত গুণের সহিবে না গো, সহিবে না— এই বলে দিলুম ।

কথা কয় নি তো কয় নি

চলে গেছে সামনে দিয়ে,

বুক ফেটে মরব না তাই বলে ।

এ-সমস্তই প্রতিদিনের চলতি কথার সহজ ছন্দ, গদ্য, কাব্যের গতিবেগে আশ্চর্যচিত । মনকে খবর দেবার সময় এর দরকার হয় না, থাকে দেবার সময় আপনি দেখা দেয়, ছান্দসিকের দাগ-কাটা মাপকাঠির অপেক্ষা রাখে না । ইতি ২২ মে ১৯৩৫

পারসে

পারস্যে

১

১১ এপ্রেল, ১৯৩২। দেশ থেকে বেরবার ব্যয়স গেছে এইটেই স্থির করে বসেছিলুম। এমন সময় পারসারাজের কাছ থেকে নিমন্ত্রণ এল। মনে হল এ নিমন্ত্রণ অস্বীকার করা অকর্তব্য হবে। তবু সস্তর বছরের ক্রান্ত শরীরের পক্ষ থেকে স্থিধা ঘোচে নি। বোম্বাই থেকে আমার পারসী বন্ধু দিনশা ইরানী ভরসা দিয়ে লিখে পাঠালেন যে, পারস্যের বুশেয়ার বন্দর থেকে তিনিও হবেন আমার সঙ্গী। তা ছাড়া খবর দিলেন যে, বোম্বাইয়ের পারসিক কনসাল কেহান সাহেব পারসিক সরকারের পক্ষ থেকে আমার যাত্রার সাহচর্য ও ব্যবস্থার ভার পেয়েছেন।

এর পরে ভীকৃত্য করতে লজ্জা বোধ হল। রেলের পথ এবং পারস্য উপসাগর সেই গরমের সময় আমার উপযোগী হবে না বলে ওলন্দাজদের বায়ুপথের ডাকযোগে যাওয়াই স্থির হল। কথা রইল আমার শুশ্রূষার জন্যে বউমা যাবেন সঙ্গে, আর যাবেন কর্মসহায়রূপে কেদারনাথ চট্টোপাধ্যায় ও অমিয় চক্রবর্তী। এক বায়ুযানে চারজনের সায়গা হবে না বলে কেদারনাথ এক সপ্তাহ আগেই শূন্যপথে রওনা হয়ে গেলেন।

পূর্বে আর-একবার এই পথের পরিচয় পেয়েছিলুম লন্ডন থেকে প্যারিসে। কিন্তু সেখানে যে ধরাতল ছেড়ে উর্ধ্বে উঠেছিলুম তার সঙ্গে আমার বন্ধন ছিল আলগা। তার জল-স্থল আমাকে পিছুডাক দেয় না, তাই নোঙর তুলতে টানাটানি করতে হয় নি। এবারে বাংলাদেশের মাটির টান কাটিয়ে নিজেকে শূন্যে ভাসান দিলুম, হৃদয় সেটা অনুভব করলে।

কলকাতার বাহিরের পল্লীগ্রাম থেকে যখন বেরলুম তখন ভোরবেলা। তারাত্খচিত নিস্তর অন্ধকারের নীচে দিয়ে গঙ্গার স্রোত ছলছল করছে। বাগানের প্রাচীরের গায়ে সুপরিগাঁছের ডাল দুলছে বাতাসে, লতাপাতা-ঝোপঝাপের বিমিশ্র নিশ্বাসে একটা শ্যামলতার গন্ধ আকাশে ঘনীভূত। নিদ্রিত গ্রামের আকাঁকা সংকীর্ণ গলির মধ্য দিয়ে মোটর চলল। কোথাও-বা দাগ-ধরা পুরোনো পাকা দালান, তার খানিকটা বাসযোগ্য, খানিকটা ভেঙে-পড়া; আধা-শহরে দোকানে দ্বার বন্ধ; শিবমন্দির জনশূন্য; এবড়ো-খেবড়ো পোড়ো জমি; পানাপুকুর; ঝোপঝাড়। পাখিদের বাসায় তখনো সাড়া পড়ে নি, জোয়ার-ভাঁটার সঙ্কীর্ণ গঙ্গার মতো পল্লীর জীবনযাত্রা ভোরবেলাকার শেষ ঘুমের মধ্যে থমকে আছে।

গলির মোড়ে নিবৃণ্ড বারান্দায় খাটিয়া-পাতা পুলিশ-ধানার পাশ দিয়ে মোটর পৌছল বড়ো রাস্তায়। অমনি নতুন কালের কড়া গন্ধ মেলে ধুলো জেগে উঠল, গাড়ির পেট্রোল-বাম্পের সঙ্গে তার সগোত্র আত্মীয়তা। কেবল অন্ধকারের মধ্যে দুই সারি বনস্পতি পুঞ্জিত পল্লবস্তবকে প্রাচীন কালের নীরব সাক্ষ্য নিয়ে স্তম্ভিত; সেই যে কালে শতাব্দীপর্যায়ের মধ্যে দিয়ে বাংলার ছায়ান্নিক অঙ্গনপার্শ্বে অতীত যুগের ইতিহাসধারা কখনো মন্দগন্তীর গতিতে কখনো ঘূর্ণাবর্তসংকুল ফেনায়িত বেগে বয়ে চলেছিল। রাজপরিষদের পদচিহ্নিত এই পথে কখনো পাঠান, কখনো মোগল, কখনো ভীষণ বর্গী, কখনো কোম্পানির সেপাই ধুলোর ভাষায় রাষ্ট্রপরিবর্তনের বার্তা ঘোষণা করে যাত্রা করেছে। তখন ছিল হাতি উট তাঞ্জাম ঘোড়সওয়ারদের অলংকৃত ঘোড়া; রাজপ্রতাপের সেই-সব বিচিত্র বাহন ধুলোর ধূসর

অন্তরালে মরীচিকার মতো মিলিয়ে গেছে। একমাত্র বাকি আছে সর্বজনের ভারবাহিনী করুণময়ীর গোরুর গাড়ি।

দমদমে উড়ো জাহাজের আড্ডা ঐ দেখা যায়। প্রকাশ তার কোটর থেকে বিজলি বাতির আলো বিচ্ছুরিত। তখনো রয়েছে বৃহৎ মাঠজোড়া অন্ধকার। সেই প্রদোষের অস্পষ্টতায় ছায়াশরীরীর মতো বন্ধুবান্ধব ও সংবাদপত্রের দূত জমে উঠতে লাগল।

সময় হয়ে এল। ডানা ঘুরিয়ে, ধুলো উড়িয়ে, হাওয়া আলোড়িত করে ঘর্ষর গর্জনে যন্ত্রপন্থীরাজ তার গহ্বর থেকে বেরিয়ে পড়ল খোলা মাঠে। আমি, বউমা, অমিয় উপরে চড়ে বসলুম। ঢাকা রথ, দুই সারে তিনটে করে চামড়ার দোলা-ওয়ালা ছয়টি প্রশস্ত কেদারা, আর পায়ের কাছে আমাদের পথে-ব্যবহার্য সামগ্রীর হালকা বাস। পাশে কাঁচের জানলা।

ব্যোমতরী বাংলাদেশের উপর দিয়ে যতক্ষণ চলল ততক্ষণ ছিল মাটির কতকটা কাছাকাছি। পানাপুকুরের চারি ধারে সংস্কৃত গ্রামগুলি ধূসর বিস্তীর্ণ মাঠের মাঝে মাঝে ছোটো ছোটো দ্বীপের মতো ঝুৎ ঝুৎ চোখে পড়ে। উপর থেকে তাদের ছায়াঘনিষ্ঠ শ্যামল মূর্তি দেখা যায় ছাড়া-ছাড়া, কিন্তু বেশ বুঝতে পারি আসন্ন গ্রীষ্মে সমস্ত তৃষাসম্পন্ন দেশের রসনা আজ শুষ্ক। নির্মল নিরাময় জলগণ্ডুষের জন্যে ইন্দ্রদেবের খেয়ালের উপর ছাড়া আর-কারও 'পরে এই বহু কোটি লোকের যথোচিত ভরসা নেই।

মানুষ পশু পাখি কিছু যে পৃথিবীতে আছে সে আর লক্ষ্য হয় না। শব্দ নেই, গতি নেই, প্রাণ নেই; যেন জীববিধাতার পরিত্যক্ত পৃথিবী তালি-দেওয়া চাদরে ঢাকা। যত উপরে উঠছে ততই পৃথিবীর রূপবৈচিত্র্য কতকগুলো আঁচড়ে এসে ঠেকল। বিশ্বতনামা প্রাচীন সভ্যতার স্মৃতিলিপি যেন অজ্ঞাত অক্ষরে কোনো মৃতদেশের প্রাস্তর জুড়ে ক্ষোদিত হয়ে পড়ে আছে; তার রেখা দেখা যায়, অর্থ বোঝা যায় না।

প্রায় দশটা। এলাহাবাদের কাছাকাছি এসে বায়ুযান নামবার মুখে ঝুকল। ডাইনের জানলা দিয়ে দেখি নীচে কিছুই নেই, শুধু অতল নীলিমা, ঝাঁ দিকে আড় হয়ে উপরে উঠে আসছে ভূমিতলটা। খেচর-রথ মাটিতে ঠেকল এসে; এখানে সে চলে লাফাতে লাফাতে, ধাক্কা খেতে খেতে; অপ্রসন্ন পৃথিবীর সম্মতি সে পায় না যেন।

শহর থেকে জায়গাটা দূরে। চার দিক ধূ ধূ করছে। রৌদ্রতপ্ত বিরস পৃথিবী। নামবার ইচ্ছা হল না। কোম্পানির একজন ভারতীয় ও একজন ইংরেজ কর্মচারী আমার ফোটাে তুলে নিলে। তার পরে খাতায় দু-চার লাইন স্বাক্ষরের দাবি করল যখন, আমার হাসি পেল। আমার মনের মধ্যে তখন শংকরাচার্যের মোহমুদারের শ্লোক গুঞ্জনিত। উর্ধ্ব থেকে এই কিছু আগেই চোখে পড়েছে নিজীব ধূলিপটের উপর অদৃশ্য জীবলোকের গোটাকতক স্বাক্ষরের আঁচড়। যেন ভাবী যুগাবসানের প্রতিবিশ্ব পিছন ফিরে বর্তমানের উপর এসে পড়েছে। যে ছবিটা দেখলেম সে একটা বিপুল বিস্তৃতা; কালের সমস্ত দলিল অবলুপ্ত; স্বয়ং ইতিবৃত্তবিৎ চিরকালের ছুটিতে অনুপস্থিত; রিসার্চ-বিভাগের ভিতটা-সুন্ধ তলিয়ে গেছে মাটির নীচে।

এইখানে যন্ত্রটা পেট ভরে তৈল পান করে নিলে। আধ ঘণ্টা থেমে আবার আকাশযাত্রা শুরু। এতক্ষণ পর্যন্ত রথের নাড়া তেমন অনুভব করি নি, ছিল কেবল তার পাখার দুঃসহ গর্জন। দুই কানে তুলো লাগিয়ে জানলা দিয়ে চেয়ে দেখছিলাম। সামনের কেদারায় ছিলেন একজন দিনেমার, ইনি ম্যানিলা দ্বীপে আখের খেতের তদারক করেন, এখন চলেছেন স্বদেশে। গুটোনো ম্যাপ ঘুরিয়ে ঘুরিয়ে যাত্রাপথের পরিচয় নিচ্ছেন; ক্ষণে ক্ষণে চলছে চীজ কুটি, চকোলেটের মিষ্টান্ন, খনিজাত পানীয় জল। কলকাতা থেকে বহুবিধ খবরের কাগজ সংগ্রহ করে এনেছেন, আগাগোড়া তাই তন্ন তন্ন করে পড়ছেন একটার পর একটা। যাত্রীদের মধ্যে আলাপের সম্বন্ধ রইল না। যন্ত্রহংকারের তুফানে কথাবার্তা যায় তলিয়ে। এক কোণে বেতারবার্তিক কানে ঠুলি লাগিয়ে কখনো কাজে কখনো ঘুমে কখনো পাঠে মগ্ন।

বাকি তিনজন পালাক্রমে তরী-চালনায় নিযুক্ত, মাঝে মাঝে যাত্রার দফতর লেখা, কিছু-বা আহার, কিছু-বা তন্দ্রা। ক্ষুদ্র এক টুকরো সজ্জনতা নীচের পৃথিবী থেকে ছিটকে পড়ে উড়ে চলেছে অসীম জনশূন্যতায়।

জাহাজ ক্রমে উর্ধ্বতর আকাশে চড়ছে, হাওয়া চঞ্চল, তরী টলোমলো। ক্রমে বেশ একটু শীত করে এল। নীচে পাথুরে পৃথিবী, রাজপুতানার কঠিন বন্ধুরতা শুষ্ক শ্রোতঃপথের শীর্ণ রেখাজালে অঙ্কিত, যেন গেকুয়া-পরা বিধবাবুড়ির নির্জলা একাদশীর চেহারা।

অবশেষে অপরাহ্নে দূর থেকে দেখা গেল রুক্ষ মরুভূমির পাংশুল বন্ধে যোধপুর শহর। আর তারই প্রান্তরে যন্ত্রপাথির হাঁ-করা প্রকাণ্ড নীড়। নেমে দেখি এখানকার সচিব কুন্বার মহারাজ সিং সস্ত্রীক আমাদের অভ্যর্থনার জন্য উপস্থিত, তখনই নিয়ে যাবেন তাঁদের ওখানে চা-জলযোগের আমন্ত্রণে। শরীরের তখন প্রাণধারণের উপযুক্ত শক্তি কিছু ছিল, কিন্তু সামাজিকতার উপযোগী উদবৃত্ত ছিল না বললেই হয়। কষ্টে কর্তব্য সেরে হোটেলে এলুম।

হোটেলটি বায়ুতরীযাত্রীর জন্যে মহারাজের প্রতিষ্ঠিত। সন্ধ্যাবেলায় তিনি দেখা করতে এলেন। তাঁর সহজ সৌজন্য রাজোচিত। মহারাজ স্বয়ং উড়োজাহাজ-চালনায় সুদক্ষ। তার যতরকম দুঃসাহসী কৌশল আছে প্রায় সমস্তই তাঁর অভ্যাস!

পরের দিন ১২ই এপ্রেল ভোর রাত্রে জাহাজে উঠতে হল। হাওয়ার গতিক পূর্ব দিনের চেয়ে ভালোই। অপেক্ষাকৃত সুস্থ শরীরে মধ্যাহ্নে করাচিতে পুরবাসীদের আদর-অভ্যর্থনার মধ্যে গিয়ে পৌঁছনো গেল। সেখানে বাঙালি গৃহলক্ষ্মীর সযত্নপূর্ণ অন্ন ভোগ করে আধ ঘণ্টার মধ্যে জাহাজে উঠে পড়লুম।

সমুদ্রের ধার দিয়ে উড়ছে জাহাজ। ঠা দিকে নীল জল, দক্ষিণে পাহাড়ে মরুভূমি। যাত্রার শেষ অংশে বাতাস মেতে উঠল। ডাঙায় বাতাসের চাঞ্চল্য নানা পদার্থের উপর আপন পরিচয় দেয়। এখানে তার একমাত্র প্রমাণ জাহাজটার ধড়ফড়ানি। বহুদূর নীচে সমুদ্রে ফেনার সাদা রেখায় একটু একটু তুলির পোচ দিচ্ছে। তার না শুনি গর্জন, না দেখি তরঙ্গের উস্তালতা।

এইবার মরুদ্বার দিয়ে পারস্য প্রবেশ। বুশেয়ার থেকে সেখানকার গবর্নর বেতারে দূরলিপিযোগে অভ্যর্থনা পাঠিয়েছেন। করাচি থেকে অল্প সময়ের মধ্যেই ব্যোমতরী জাহাজে পৌঁছল। সমুদ্রতীরে মরুভূমিতে এই সামান্য গ্রামটি। কাদায় তৈরি গোটাকতক চৌকো চ্যাপটা-ছাদের ছোটো ছোটো বাড়ি ইতস্ততবিক্ষিপ্ত, যেন মাটির সিন্দুক।

আকাশযাত্রীদের পাঠশালায় আশ্রয় নিলুম। রিক্ত এই ভূখণ্ডে নীলাবুচুখিত বালুরাশির মধ্যে বৈচিত্র্যসম্পদ কিছুই নেই। সেইজন্যেই বুঝি গোধূলিবেলায় দিগঙ্গনার স্নেহ দেখলুম এই গরিব মাটির 'পরে। কী সুগভীর সূর্যাস্ত, কী তার দীপ্যমান শান্তি, পরিব্যাপ্ত মহিমা। স্নান করে এসে বারান্দায় বসলুম, স্নিগ্ধ বসন্তের হাওয়া ক্লান্ত শরীরকে নিবিড় আরামে বেঁটন করে ধরলে।

এখানকার রাজকর্মচারীর দল সম্মানসম্ভাবণের জন্যে এলেন। বাইরে বালুতটে আমাদের চৌকি পড়েছে। যে দুই-একজন ইংরেজি জানেন তাঁদের সঙ্গে কথা হল। বোঝা গেল পুরাতনের খোলস বিদীর্ণ করে পারস্য আজ নূতন প্রাণের পালা আরম্ভ করতে প্রস্তুত। প্রাচ্য জাতির মধ্যে যেখানে জাগরণের চাঞ্চল্য সেখানে এই একই ভাব। অতীতের আবর্জনামুক্ত সমাজ, সংস্কারমুক্ত চিন্তা, বাধামুক্ত মানবসম্বন্ধের ব্যাপ্তি, বাস্তব জগতের প্রতি মোহমুক্ত বৈজ্ঞানিক দৃষ্টি, এই তাদের সাধনার প্রধান লক্ষ্য। তারা জানে, হয় বর্তমান কালের শিক্ষা নয় তার সাংঘাতিক আঘাত আমাদের গ্রহণ করতে হবে। অতীত কালের সঙ্গে যাদের দুঃস্বপ্না গৃহিবন্ধনের জটিলতা, মৃত যুগের সঙ্গে আজ তাদের সহমরণের আয়োজন।

এখানে পরধর্মসম্প্রদায়ের প্রতি কিরকম ব্যবহার এই প্রশ্নের উত্তরে গুনলুম, পূর্বকালে জরথুষ্ট্রীয় ও বাহাইদের প্রতি অত্যাচার ও অবমাননা ছিল। বর্তমান রাজার শাসনে পরধর্মমতের প্রতি অসহিষ্ণুতা দূর হয়ে গেছে; সকলেই ভোগ করছে সমান অধিকার, ধর্মহিংস্রতার নররক্তপঙ্কিল বিভীষিকা কোথাও নেই। ডাক্তার মহম্মদ ইসা খাঁ সাদিকের রচিত আধুনিক পারস্যের শিক্ষাপ্রণালী সম্বন্ধীয় গ্রন্থে লিখিত আছে— অনতিকাল পূর্বে ধর্মযাজকমণ্ডলীর প্রভাব পারস্যকে অভিভূত করে রেখেছিল। আধুনিক বিদ্যাবিস্তারের সঙ্গে সঙ্গে এই প্রভাবের প্রবলতা কমে এল। এর পূর্বে নানা শ্রেণীর অসংখ্য লোক, কেউ-বা ধর্মবিদ্যালয়ের ছাত্র, কেউ-বা ধর্মপ্রচারক, কোরানপাঠক, সৈয়দ— এরা সকলেই মোল্লাদের মতো পাগড়ি ও সাজসজ্জা ধারণ করত। যখন দেশের প্রধানবর্গের অধিকাংশ লোক আধুনিক প্রণালীতে শিক্ষিত হলেন তখন থেকে বিষয়বুদ্ধিপ্রবীণ পুরোহিতদের ব্যবসায় সংকুচিত হয়ে এল। এখন যে খুশি মোল্লার বেশ ধরতে পারে না। বিশেষ পরীক্ষা পাস করে অথবা প্রকৃত ধার্মিক ও ধর্মশাস্ত্রবিৎ পণ্ডিতের সম্মতি-অনুসারে তবেই এই সাজ-ধারণের অধিকার পাওয়া যায়। এই আইনের তাড়নায় শতকরা নব্বই সংখ্যক মানুষের মোল্লার বেশ ঘুচে গেছে। লেখক বলেন :

Such were the results of the contact of Persia with the Western world. They could not have been attained without the leadership of Reza Shah Pehlevi, the greatest man that Persia has produced for many centuries.

অস্তুত একবার কল্পনা করে দেখতে দোষ নেই যে, হিন্দুভারতে যত অসংখ্য পাণ্ডা পুরোহিত ও সন্ন্যাসী আছে কোনো নূতন আইনে তাদের উপাধি-পরীক্ষা পাস আবশ্যিক বলে গণ্য হয়েছে। কে যথার্থ সাধু বা সন্ন্যাসী কোনো পরীক্ষার দ্বারা তার প্রমাণ হয় না স্বীকার করি— কিন্তু স্বৈচ্ছাগৃহীত উপাধি ও বাহ্য বেশের দ্বারা তার প্রমাণ আরো অসম্ভব। অথচ সেই নিরর্থক প্রমাণ দেশ স্বীকার করে নিয়েছে। কেবলমাত্র অপরীক্ষিত সাজের ও অনায়াসলঙ্ক নামের প্রভাবে ভারতবর্ষের লক্ষ লক্ষ লোকের মাথা নত হচ্ছে বিনা বিচারে এবং উপবাসপীড়িত দেশের অল্পমুষ্টি অনায়াসে বায় হয়ে যাচ্ছে, যার পরিবর্তে অধিকাংশ স্থলে আত্মপ্রবন্ধনা ছাড়া কোনো প্রতিদান নেই। সাধুতা ও সন্ন্যাস যদি নিজের আধ্যাত্মিক সাধনার জন্য হয় তা হলে সাজ পরবার বা নাম নেবার দরকার নেই, এমন-কি, নিলে ক্ষতির কারণ আছে; যদি অন্যের জন্য হয় তা হলে যথোচিত পরীক্ষা দেওয়া উচিত। ধর্মকে যদি জীবিকা, এমন-কি, লোকমান্যতার বিষয় করা যায়, যদি বিশেষ বেশ বা বিশেষ ব্যবহারের দ্বারা ধার্মিকতার বিজ্ঞাপন প্রচার করা হয় তবে সেই বিজ্ঞাপনের সত্যতা বিচার করবার অধিকার আত্মসম্মানের জন্য সমাজের গ্রহণ করা কর্তব্য এ কথা মানতেই হবে।

পরদিন তিনটে-রাত্রে উঠতে হল, চারটের সময় যাত্রা। ১৩ই এপ্রেল তারিখে সকাল সাড়ে-আটটার সময় বুশেয়ারে পৌঁছনো গেল।

বুশেয়ারের গবর্নর আমাদের আতিথ্যভার নিয়েছেন। যত্নের সীমা নেই।

মাটির মানুষের সঙ্গে আকাশের অন্তরঙ্গ পরিচয় হল, মনটা কী বললে এই অবকাশে লিখে রাখি।

ছেলেবেলা থেকে আকাশে যে-সব জীবকে দেখেছি তার প্রধান লক্ষণ গতির অবলম্বিতা। তাদের ডানার সঙ্গে বাতাসের মৈত্রীর মাধুর্য। মনে পড়ে ছাদের ঘর থেকে দুপুর-রৌদ্রে চিলের ওড়া চেয়ে চেয়ে দেখতেম; মনে হত দরকার আছে বলে উড়ছে না, বাতাসে যেন তার অবাধ গতির অধিকার আনন্দবিস্তার করে চলেছে। সেই আনন্দের প্রকাশ কেবল যে পাখার গতিসৌন্দর্যে তা নয়, তার রূপসৌন্দর্যে। নৌকোর পালটাকে বাতাসের মেজাজের সঙ্গে মানান রেখে চলতে হয়, সেই ছন্দ রাখবার খাতিরে পাল দেখতে হয়েছে সুন্দর। পাখির পাখাও বাতাসের সঙ্গে মিল করে চলে, তাই এমন তার সুবন্দা। আবার সেই পাখায় রঙের সামঞ্জস্যও কত। এই তো হল প্রাণীর কথা, তার পরে মেঘের লীলা— সূর্যের আলো থেকে কত রকম রঙ ছেকে নিয়ে আকাশে বানায় মেঘালের খেলাঘর! মাটির পৃথিবীতে চলায় ফেরায় স্বর্ষের চেহারা, সেখানে ভারের রাজত্ব, সকল কাজেই বোঝা ঠেলতে

হয়। বায়ুলোকে এতকাল যা আমাদের মন ভুলিয়েছে সে হচ্ছে ভারের অভাব, সুন্দরের সহজ সংকরণ।

এতদিন পরে মানুষ পৃথিবী থেকে ভারটাকে নিয়ে গেল আকাশে। তাই তার ওড়ার যে চেহারা বেরল সে জোরের চেহারা। তার চলা বাতাসের সঙ্গে মিল করে নয়, বাতাসকে পীড়িত করে; এই পীড়া ভুলোক থেকে আজ গেল দ্যালোকে। এই পীড়ায় পাখির গান নেই, জঙ্ঘর গর্জন আছে। ভূমিতল আকাশকে জয় করে আজ চিৎকার করছে।

সূর্য উঠল দিগন্তরেখার উপরে। উদ্ধত যন্ত্রটা অরুণরাগের সঙ্গে আপন মিল করবার চেষ্টামাত্র করে নি। আকাশনীলিমার সঙ্গে ওর অসবর্ণতা বেসুরো, অস্তরীক্ষের রঙমহলে মেঘের সঙ্গে ওর অমানান রয়ে গেল। আধুনিক যুগের দূত, ওর সেন্টিমেন্টের বালাই নেই; শোভাকে ও অবজ্ঞা করে; অনাবশ্যককে কনুইয়ের ধাক্কা মেরে চলে যায়। যখন পূর্বদিগন্ত রাঙা হয়ে উঠল, পশ্চিমদিগন্তে যখন কোমল নীলের উপর শুষ্কশুভ্র আলো, তখন তার মধ্য দিয়ে ঐ যন্ত্রটা প্রকাণ্ড একটা কালো তেলাপোকার মতো ভন্ ভন্ করে উড়ে চলল।

বায়ুতরী যতই উপরে উঠল ততই ধরণীর সঙ্গে আমাদের পঞ্চ ইন্দ্রিয়ের যোগ সংকীর্ণ হয়ে একটা মাত্র ইন্দ্রিয়ে এসে ঠেকল, দর্শন-ইন্দ্রিয়ে, তাও ঘনিষ্ঠভাবে নয়। নানা সাক্ষ্য মিলিয়ে যে পৃথিবীকে বিচিত্র ও নিশ্চিত করে জেনেছিলুম সে ক্রমে এল ক্ষীণ হয়ে, যা ছিল তিন আয়তনের বাস্তব তা হয়ে এল দুই আয়তনের ছবি। সংহত দেশকালের বিশেষ বিশেষ কাঠামোর মধ্যেই সৃষ্টির বিশেষ বিশেষ রূপ। তার সীমানা যতই অনির্দিষ্ট হতে থাকে, সৃষ্টি ততই চলে বিলীনতার দিকে। সেই বিলয়ের ভূমিকার মধ্যে দেখা গেল পৃথিবীকে, তার সস্তা হল অস্পষ্ট, মনের উপর তার অস্তিত্বের দাবি এল কমে। মনে হল, এমন অবস্থায় আকাশযানের থেকে মানুষ যখন শতাব্দী বর্ষণ করতে বেরয় তখন সে নির্মমভাবে ভয়ংকর হয়ে উঠতে পারে; যাদের মারে তাদের অপরাধের হিসাববোধ উদাত্ত বাহুকে দ্বিধাগ্রস্ত করে না, কেননা, হিসাবের অঙ্কটা অদৃশ্য হয়ে যায়। যে বাস্তবের 'পরে মানুষের স্বাভাবিক মমতা, সে যখন ঝাপসা হয়ে আসে তখন মমতারও আধার যায় লুপ্ত হয়ে। গীতায় প্রচারিত তত্ত্বোপদেশও এই রকমের উড়ো জাহাজ— অর্জুনের কৃপাকাতর মনকে সে এমন দূরলোকে নিয়ে গেল, সেখান থেকে দেখলে মারেই-বা কে, মরেই-বা কে, কেই-বা আপন, কেই-বা পর। বাস্তবকে আবৃত্ত করবার এমন অনেক তত্ত্বনির্মিত উড়ো জাহাজ মানুষের অস্ত্রশালায় আছে, মানুষের সাম্রাজ্যনীতিতে, সমাজনীতিতে, ধর্মনীতিতে। সেখান থেকে যাদের উপর মার নামে তাদের সম্বন্ধে সাব্বনাবাকা এই যে, ন হনাতে হন্যামানে শরীরে।

বোগদাদে ব্রিটিশদের আকাশফৌজ আছে। সেই ফৌজের খুস্টান ধর্মযাজক আমাকে খবর দিলেন, এখানকার কোন শেখদের গ্রামে তাঁরা প্রতিদিন বোমা বর্ষণ করছেন। সেখানে আবালবৃদ্ধবনিতা যারা মরছে তারা ব্রিটিশ সাম্রাজ্যের উর্ধ্বলোক থেকে মার খাচ্ছে; এই সাম্রাজ্যনীতি ব্যক্তিবিশেষের সন্তাকে অস্পষ্ট করে দেয় বলেই তাদের মার এত সহজ। খুস্ট এই-সব মানুষকেও পিতার সম্মান বলে স্বীকার করেছেন, কিন্তু খুস্টান ধর্মযাজকের কাছে সেই পিতা এবং তাঁর সম্মান হয়েছে অবাস্তব, তাঁদের সাম্রাজ্যতত্ত্বের উড়ো জাহাজ থেকে চেনা গেল না তাদের, সেইজন্যে সাম্রাজ্য জুড়ে আজ মার পড়ছে সেই খুস্টেরই বৃকে। তা ছাড়া উড়ো জাহাজ থেকে এই-সব মরুচারীদের মারা যায় এত অত্যন্ত সহজে, ফিরে মার খাওয়ার আশঙ্কা এতই কম যে, মারের বাস্তবতা তাতেও ক্ষীণ হয়ে আসে। যাদের অতি নিরাপদে মারা সম্ভব মারওয়ালাদের কাছে তারা যথেষ্ট প্রতীয়মান নয়। এই কারণে, পাশ্চাত্য হননবিদ্যা যারা জানে না তাদের মানবসস্তা আজ পশ্চিমের অস্ত্রীদের কাছে ক্রমশই অত্যন্ত ঝাপসা হয়ে আসছে।

ইরাক বায়ুফৌজের ধর্মযাজক তাঁদের বায়ু-অভিযানের তরফ থেকে আমার কাছে বাণী চাইলেন, আমি যে বাণী পাঠালুম সেইটে এইখানে প্রকাশ করা যাক।

From the beginning of our days man has imagined the seat of divinity in the

upper air from which comes light and blows the breath of life for all creatures on this earth. The peace of its dawn, the splendour of its sunset, the voice of eternity in its starry silence have inspired countless generations of men with an ineffable presence of the infinite urging their minds away from the sordid interests of daily life. Man has accepted this dust-laden earth for his dwelling place, for the enacting of the drama of his tangled life ever waiting for a call of perfection from the boundless depth of purity surrounding him in a translucent atmosphere. If in an evil moment man's cruel history should spread its black wings to invade that realm of divine dreams with its cannibalistic greed and fratricidal ferocity then God's curse will certainly descend upon us for that hideous desecration and the last curtain will be rung down upon the world of Man for whom God feels ashamed.

নিকটের থেকে আমাদের চোখ যতটা দূরকে একদৃষ্টিতে দেখতে পায়, উপরের থেকে তার চেয়ে অনেক বেশি ব্যাপক দেশকে দেখে। এইজন্যে বায়ুতরী যখন মিনিটে প্রায় এক ক্রোশ বেগে ছুটছে তখন নীচের দিকে তাকিয়ে মনে হয় না তার চলন এত দ্রুত। বহু দূরত্ব আমাদের চোখে সংহত হয়ে ছোটো হয়ে গেছে বলেই সময়পরিমাণও আমাদের মনে ঠিক থাকল না। দুইয়ে মিলে আমাদের কাছে বাস্তবের যে প্রতীতি জন্মাচ্ছে সেটা আমাদের সহজ বোধের থেকে অনেক তফাত। জগতের এই যন্ত্র পরিমাপ যদি আমাদের জীবনের সহজ পরিমাপ হত তা হলে আমরা একটা ভিন্ন জগতে বাস করতুম। তাই ভাবছিলুম সৃষ্টিটা ছন্দের লীলা। যে তালের লয়ে আমরা এই জগৎকে অনুভব করি সেই লয়টাকে দুনের দিকে বিলম্বিতের দিকে বদলে দিলেই সেটা আর-এক সৃষ্টি হবে। অসংখ্য অদৃশ্য রশ্মিতে আমরা বেষ্টিত। আমাদের স্নায়ুস্পন্দনের ছন্দ তাদের স্পন্দনের ছন্দের সঙ্গে তাল রাখতে পারে না বলে তারা আমাদের অগোচর। কী করে বলব এই মুহূর্তেই আমাদের চার দিকে ভিন্ন লয়ের এমন অসংখ্য জগৎ নেই যারা পরস্পরের অপ্রত্যক্ষ। সেখানকার মন আপন বোধের ছন্দ অনুসারে যা দেখে যা জানে যা পায় সে আমাদের পক্ষে সম্পূর্ণ অগম্য, বিভিন্ন মনের যন্ত্রে বিভিন্ন বিশ্বের বাণী একসঙ্গে উদ্ভূত হচ্ছে সীমাহীন অজানার অভিমুখে।

এই ব্যোমবাহনে চড়ে মনের মধ্যে একটা সংকোচ বোধ না করে থাকতে পারি নে। অতি আশ্চর্য এ যন্ত্র, এর সঙ্গে আমার ভোগের যোগ আছে, কিন্তু শক্তির যোগ নেই। বিমানের কথা শাস্ত্রে লেখে— সে ছিল ইন্দ্রলোকের, মর্তের দুর্ষাস্তেরা মাঝে মাঝে নিমন্ত্রিত হয়ে অন্তরীক্ষে পাড়ি দিতেন— আমারও সেই দশা। এ কালের বিমান যারা বানিয়েছে তারা আর-এক জাত। শুধু যদি বুদ্ধির জোর এতে প্রকাশ হত তা হলে কথা ছিল না। কিন্তু চরিত্রের জোর— সেটাই সব-চেয়ে শ্লাঘনীয়। এর পিছনে দুর্দম সাহস, অপরাধেয় অধ্যবসায়। কত বার্থতা, কত মৃত্যুর মধ্য দিয়ে একে ক্রমে সম্পূর্ণ করে তুলতে হচ্ছে, তবু এরা পরাভব মানছে না। এখানে সেলাম করতেই হবে।

এই ব্যোমতরীর চারজন ওলন্দাজ নাবিকের দিকে চেয়ে চেয়ে দেখি। বিপুল বপু, মোটা মোটা হাড়, মূর্তিমান উদ্যম। যে আবহাওয়ায় এদের জন্ম সে এদের প্রতিরূপে জীর্ণ করে নি, তাজা রেখে দিয়েছে। মজ্জাগত স্বাস্থ্য ও তেজ কোনো একঘেয়ে বাধা ঘাটে এদের স্থির থাকতে দিল না। বহু পুরুষ ধরে প্রভূতবলদায়ী অগ্নি এরা পুষ্ট, বহু যুগের সঞ্চিত প্রচুর উদ্ভূত এদের শক্তি। ভারতবর্ষে কোটি কোটি মানুষ পুরো পরিমাণ অন্ন পায় না। অভূক্তশরীর বংশানুক্রমে অন্তরে-বাহিরে সকল রকম শত্রুকে মাশুল দিয়ে দিয়ে সর্বস্বাস্ত। মনে প্রাণে সাধনা করে তবেই সম্ভব হয় সিদ্ধি, কিন্তু আমাদের মন যদি-বা থাকে প্রাণ কই? উপবাসে ক্লান্তপ্রাণ শরীর কাজ ফাঁকি না দিয়ে থাকতে পারে না, সেই ফাঁকি সমস্ত জাতের মজ্জায় ঢুকে তাকে মারতে থাকে। আজ পশ্চিম মহাদেশে অন্নাত্যাবের সমস্যা মেটাবার দৃষ্টিভঙ্গায় রাজকোষ থেকে টাকা ঢেলে দিচ্ছে। কেননা, পর্যাপ্ত অন্নের জোরেই সভ্যতার আন্তরিক

বাহ্যিক সব রকম কল পুরোদমে চলে। আমাদের দেশে সেই অশ্রের চিন্তা ব্যক্তিগত, সে চিন্তার শুধু যে জোর নেই তা নয়, সে বাধাগ্রস্ত। ওদের দেশে সে চিন্তা রাষ্ট্রগত, সে দিকে সমস্ত জাতির সাধনার পথ স্বাধীনভাবে উন্মুক্ত, এমন-কি, নিষ্ঠুর অন্যায়ের সাহায্য নিতেও দ্বিধা নেই। ভারতের ভাগ্যানিয়ন্তার দৃষ্টি হতে আমরা বহু দূরে, তাই আমাদের পক্ষে শাসন যত অজ্ঞপ্র সুলভ অশন তত নয়।

২

মহামানব জাগেন যুগে যুগে ঠাই বদল করে। একদা সেই জাগ্রত দেবতার লীলাক্ষেত্র বহু শতাব্দী ধরে এশিয়ায় ছিল। তখন এখানেই ঘটেছে মানুষের নব নব ঐশ্বর্যের প্রকাশ নব নব শক্তির পথ দিয়ে। আজ সেই মহামানবের উজ্জ্বল পরিচয় পাশ্চাত্য মহাদেশে। আমরা অনেক সময় তাকে জড়বাদপ্রধান বলে খর্ব করবার চেষ্টা করি। কিন্তু কোনো জাত মহত্বে পৌঁছতেই পারে না একমাত্র জড়বাদের ভেলায় চড়ে। বিস্ময়কর জড়বাদী হচ্ছে বিস্ময়কর বর্বর। সেই মানুষই বৈজ্ঞানিক সত্যকে লাভ করবার অধিকারী সত্যকে যে শ্রদ্ধা করে পূর্ণ মূল্য দিতে পারে। এই শ্রদ্ধা আধ্যাত্মিক, প্রাণপণ নিষ্ঠায় সত্যসাধনার শক্তি আধ্যাত্মিক। পাশ্চাত্য জাতি সেই মোহমুক্ত আধ্যাত্মিক শক্তি-দ্বারাই সত্যকে জয় করেছে এবং সেই শক্তিই জয়ী করেছে তাদের। পৃথিবীর মধ্যে পাশ্চাত্য মহাদেশেই মানুষ আজ উজ্জ্বল তেজে প্রকাশমান।

সচল প্রাণের শক্তি যত দুর্বল হয়ে আসে দেহের জড়ত্ব ততই নানা আকারে উৎকট হয়ে ওঠে। একদিন ধর্মে কর্মে জ্ঞানে এশিয়ার চিন্ত প্রাণবান ছিল, সেই প্রাণধর্মের প্রভাবে তার আত্মসৃষ্টি বিচিত্র হয়ে উঠত। তার শক্তি যখন ক্রান্ত ও সূপ্তিময় হল, তার সৃষ্টির কাজ যখন হল বন্ধ, তখন তার ধর্মকর্ম অভ্যস্ত আচারের যন্ত্রবৎ পুনরাবৃত্তিতে নিরর্থক হয়ে উঠল। একেই বলে জড়ত্ব, এতেই মানুষের সকল দিকে পরাভব ঘটায়।

অপরপক্ষে পাশ্চাত্য জাতির মধ্যে বিপদের লক্ষণ আজ যা দেখা দিয়েছে সেও একই কারণে। বৈজ্ঞানিক বুদ্ধি ও শক্তি তাকে প্রভাবশালী করেছে, এই প্রভাব সত্যের বরদান। কিন্তু সত্যের সঙ্গে মানুষের ব্যবহার কলুষিত হলেই সত্য তাকে ফিরে মারে। বিজ্ঞানকে দিনে দিনে যুরোপ আপন লোভের বাহন করে লাগামে বাঁধছে। তাতে করে লোভের শক্তি হয়ে উঠছে প্রচণ্ড, তার আকার হয়ে উঠছে বিরাট। যে ঈর্ষা হিংসা মিথ্যাচারকে সে বিশ্বব্যাপী করে তুলছে তাতে করে যুরোপের রাষ্ট্রসত্তা আজ বিষজীর্ণ। প্রবৃত্তির প্রাবল্যও মানুষের জড়ত্বের লক্ষণ। তার বুদ্ধি তার ইচ্ছা তখন কলের পুতুলের মতো চালিত হয়। এতেই মনুষ্যত্বের বিনাশ। এর কারণ যন্ত্র নয়, এর কারণ আন্তরিক তামসিকতা, লোভ হিংসা পশুবৃত্তি। বাঁধনখোলা উন্মত্ত যখন আত্মঘাত করে তখন মুক্তিই তার কারণ নয়, তার কারণ মস্ততা।

বয়স যখন অল্প ছিল তখন যুরোপীয় সাহিত্য গভীর আনন্দের সঙ্গে পড়েছি, বিজ্ঞানের বিস্ময়কর সত্য আলোচনা করে তার সাধকের 'পরে ভক্তি হয়েছে মনে। এর ভিতর দিয়ে মানুষের যে পরিচয় আজ চারি দিকে ব্যাপ্ত হয়েছে তার মধ্যেই তো শাশ্বত মানুষের প্রকাশ; এই প্রকাশকে লোভাক্ষ মানুষ অবমানিত করতে পারে। সেই পাপে হীনমতি নিজেকেই সে নষ্ট করবে কিন্তু মহত্বে নষ্ট করতে পারবে না। সেই মহৎ, সেই জাগ্রত মানুষকে দেখব বলেই একদিন ঘরের থেকে দূরে বেরিয়েছিলুম, যুরোপে গিয়েছিলুম ১৯১২ খৃস্টাব্দে।

এই যাত্রাকে শুভ বলেই গণ্য করি। কেননা, আমরা এশিয়ার লোক, যুরোপের বিরুদ্ধে নাশিশ আমাদের রক্তে। যখন থেকে তাদের জলদস্যু ও স্থলদস্যু দুর্বল মহাদেশের রক্ত শোষণ করতে বেরিয়েছে সেই আঠারো শতাব্দী থেকে আমাদের কাছে এরা নিজেদের মানহানি করেছে। লজ্জা নেই, কেননা, এরা আমাদের লজ্জা করবার যোগ্য বলেও মনে করে নি। কিন্তু যুরোপে এসে একটা কথা আমি প্রথম আবিষ্কার করলুম যে, সহজ মানুষ আর নেশন এক জাতের লোক নয়। যেমন সহজ

শরীর এবং বর্ম-পরা শরীরে ধর্মই স্বভাব । একটাতে প্রাণের স্বভাব প্রকাশ পায়, আর-একটাতে দেহটা যন্ত্রের অনুকরণ করে । দেখলুম সহজ মানুষকে আপন মনে করতে এদের কোথাও বাধে না, তার মধ্যে যে মনুষ্যত্ব দেখা দেয় কখনো তা রমণীয় কখনো-বা বরণীয় । আমি তাকে ভালোবেসেছি, শ্রদ্ধা করেছি, ফিরেও পেয়েছি তার ভালোবাসা ও শ্রদ্ধা । বিদেশে অপরিচিত মানুষের মধ্যে চিরকালের মানুষকে এমন স্পষ্ট দেখা দুর্লভ সৌভাগ্য ।

কিন্তু সেই কারণেই একটা কথা মনে করে বেদনা বোধ করি । যে দেশে বহুসংখ্যক লোকের মন পলিটিক্সের যন্ত্রটার মধ্যেই পাক খেয়ে বেড়ায়, তাদের স্বভাবটা যন্ত্রের ছাঁদে পাকা হয়ে ওঠে । কাজ উদ্ধার করবার নৈপুণ্য একান্ত লক্ষ্য হয় । একেই বলে যান্ত্রিক জড়তা, কেননা, যন্ত্রের চরম সার্থক্য কাজের সাফল্যে । পশ্চাত্য দেশে মানবচরিত্রে এই যান্ত্রিক বিকার ক্রমেই বেড়ে উঠছে এটা লক্ষ্য না করে থাকার যায় না । মানুষ-যন্ত্রের কল্যাণবুদ্ধি অসাড় হয়ে আসছে তার প্রমাণ পূর্বদেশে আমাদের কাছে আর ঢাকা রইল না । মনে পড়ছে ইরাকে একজন সম্মানযোগ্য সম্রাট লোক আমাকে জিজ্ঞাসা করেছিলেন, 'ইংরেজ জাতের সম্বন্ধে আপনার কী বিচার ।' আমি বললুম, 'তাদের মধ্যে যারা best তাঁরা মানবজাতির মধ্যে best ।' তিনি একটু হেসে জিজ্ঞাসা করলেন, 'আর যারা next best ?' চূপ করে রইলুম । উত্তর দিতে হলে অসংযত ভাবার আশঙ্কা ছিল । এশিয়ার অধিকাংশ কারবার এই next best-এর সঙ্গেই । তাদের সংখ্যা বেশি, প্রভাব বেশি, তাদের স্মৃতি বহুব্যাপক লোকের মনের মধ্যে চিরমুদ্রিত হয়ে থাকে । তাদের সহজ মানুষের স্বভাব আমাদের জন্যে নয়, এবং সে স্বভাব তাদের নিজেদের জন্যেও ক্রমে দুর্লভ হয়ে আসছে ।

দেশে ফিরে এলুম । তার অনতিকালের মধ্যেই যুরোপে বাধল মহাযুদ্ধ । তখন দেখা গেল বিজ্ঞানকে এরা ব্যবহার করছে মানুষের মহা সর্বনাশের কাজে । এই সর্বনাশা বুদ্ধি যে আগুন দেশে দেশে লাগিয়ে দিল তার শিখা মরেছে কিন্তু তার পোড়া কয়লার আগুন এখনো মরে নি । এতবড়ো বিরাট দুর্যোগ মানুষের ইতিহাসে আর কখনোই দেখা দেয় নি । একেই বলি জড়তন্ত্র ; এর চাপে মনুষ্যত্ব অভিভূত, বিনাশ সামনে দেখেও নিজেকে বাঁচাতে পারে না ।

ইতিমধ্যে দেখা যায় এশিয়ার নাড়ি হয়েছে চঞ্চল । তার কারণ, যুরোপের চাপটা তার বাইরে থাকলেও তার মনের উপর থেকে সেটা সরে গেছে । একদিন মার খেতে খেতেও যুরোপকে সে সর্বতোভাবে আপনার চেয়ে শ্রেষ্ঠ বলে ধরে নিয়েছিল । আজ এশিয়ার এক প্রান্ত হতে আর-এক প্রান্ত পর্যন্ত কোথাও তার মনে আর শ্রদ্ধা নেই । যুরোপের হিংস্রশক্তি যদিও আজ বহুগুণে বেড়ে গিয়েছে, তৎসঙ্গেও এশিয়ার মন থেকে আজ সেই ভয় ঘুচে গেছে যার সঙ্গে সম্ভ্রম মিশ্রিত ছিল । যুরোপের কাছে অগৌরব স্বীকার করা তার পক্ষে আজ অসম্ভব, কেননা, যুরোপের গৌরব তার মনে আজ অতি ক্ষীণ । সর্বত্রই সে ঈষৎ হেসেই জিজ্ঞাসা করেছে, 'But the next best ?'

আমরা আজ মানুষের ইতিহাসে যুগান্তরের সময়ে জন্মেছি । যুরোপের বঙ্গভূমিতে হয়তো-বা পঞ্চম অঙ্কের দিকে পটপরিবর্তন হচ্ছে । এশিয়ার নবজাগরণের লক্ষণ এক দিগন্ত হতে আর-এক দিগন্তে ক্রমশই ব্যাপ্ত হয়ে পড়ল । মানবলোকের উদয়গিরিশিখরে এই নবপ্রভাতের দৃশ্য দেখবার জিনিস বটে— এই মুক্তির দৃশ্য । মুক্তি কেবল বাইরের বন্ধন থেকে নয়, সৃষ্টির বন্ধন থেকে, আত্মশক্তিতে অবিশ্বাসের বন্ধন থেকে ।

আমি এই কথা বলি, এশিয়া যদি সম্পূর্ণ না জাগতে পারে তা হলে যুরোপের পরিত্রাণ নেই । এশিয়ার দুর্বলতার মধ্যেই যুরোপের মৃত্যুবাণ । এই এশিয়ার ভাগ-বাটোয়ারা নিয়ে যত তার চোখ-রাঙারাঙি, তার মিথ্যা কলঙ্কিত কূট কৌশলের গুপ্তচরবৃত্তি । ক্রমে বেড়ে উঠছে সমরসজ্জার ভার, পণ্যের হাট বহুবিস্তৃত করে অবশেষে আজ অগাধ ধনসমুদ্রের মধ্যে দুঃসহ করে তুলছে তার দারিদ্র্যভুক্ষা ।

নূতন যুগে মানুষের নবজাগ্রত চৈতন্যকে অভ্যর্থনা করবার ইচ্ছায় একদিন পূর্ব-এশিয়ায় বেরিয়ে পড়েছিলুম । তখন এশিয়ার প্রাচ্যতম আকাশে জাপানের জয়পতাকা উড়েছে, লঘু করে দিয়েছে

এশিয়ার অবসাদছায়ায়। আনন্দ পেলুম, মনে ভয়ও হল। দেখলুম জাপান যুরোপের অস্ত্র আয়ত্ত্ব করে এক দিকে নিরাপদ হয়েছে, তেমনি অন্য দিকে গভীরতর আপদের কারণ ঘটল। তার রস্কে প্রবেশ করেছে যুরোপের মারী, যাকে বলে ইম্পিরিয়ালিজম, সে নিজের চারি দিকে মথিত করে তুলছে বিষেষ। তার প্রতিবেশীর মনে ছালা ধরিয়ে দিল। এই প্রতিবেশীকে উপেক্ষা করবার নয়, আর এই ছালায় ভাবীকালের অগ্নিকাণ্ড কেবল সময়ের অপেক্ষা করে। ইতিহাসে ভাগ্যের অনুকূল হাওয়া নিরন্তর বয় না। এমন দিন আসবেই যখন আজ যে দুর্বল তারই কাছে কড়ায় গণ্ডায় হিসাব গনে দিতে হবে। কী করে মিলতে হয় জাপান তা শিখল না, কী করে মারতে হয় যুরোপের কাছ থেকে সেই শিক্ষাতেই সে হাত পাকিয়ে নিলে। এই মার মাটির নীচে সুড়ঙ্গ খুঁড়ে একদিন এসে ছোবল মারবে তারই বুকে।

কিন্তু এতে রাষ্ট্রনৈতিক হিসাবের ভুল হল বলেই এটা শোচনীয় এমন কথা আমি বলি নে। আমি এই বলতে চাই, এশিয়ায় যদি নতুন যুগ এসেই থাকে তবে এশিয়া তাকে নতুন করে আপন ভাষা দিক। তা না করে যুরোপের পশুগর্জনের অনুকরণই যদি সে করে সেটা সিংহনাদ হলেও তার হার। ধার-করা রাস্তা যদি গর্তের দিকে যাবার রাস্তা হয় তা হলে তার লজ্জা দ্বিগুণ মাত্রায়। যা হোক, এশিয়ার পশ্চিমপ্রান্ত যে ক্রমে ক্রমে কেঁপে উঠছে তার খবর দূর থেকে শোনা যায়। যখন ভাবছিলুম তুরুস্ক এবার ডুবল তখন হঠাৎ দেখা দিলেন কামালপাশা। তখন তাঁদের বড়ো সাম্রাজ্যের জোড়াতাড়া অংশগুলো যুদ্ধের ধাক্কায় গেছে ভেঙে। সেটা শাপে বর হয়েছিল। শক্ত করে নতুন করে রাজ্যটাকে তার স্বাভাবিক ঐক্যে সুপ্রতিষ্ঠিত করে গড়ে তোলা সহজ হল ছোটো পরিধির মধ্যে। সাম্রাজ্য বলতে বোঝায়, যারা আত্মীয় নয় তাদের অনেককে দড়ির বাঁধনে বেঁধে কলেবরটাকে অস্বাভাবিক স্থূল করে তোলা। দুঃসময়ে বাঁধন যখন টিলে হয় তখন এই অনাট্মীয়ের সংঘাত বাঁচিয়ে আত্মরক্ষা দুঃসাধ্য হতে থাকে। তুরুস্ক হালকা হয়ে গিয়েই যথার্থ আঁট হয়ে উঠল। তখন ইংলন্ড তাকে তাড়া করেছে গ্রীসকে তার উপর লেলিয়ে দিয়ে। ইংলন্ডের রাষ্ট্রতন্ত্রে তখন বসে আছেন লয়েড জর্জ ও চার্চিল। ১৯২১ খৃস্টাব্দে ইংলন্ডে তখনকার মিত্রশক্তির একটা সভা ডেকেছিলেন। সেই সভায় আঙ্গোরার প্রতিনিধি বেকির সামী তুরুস্কের হয়ে যে প্রস্তাব করেছিলেন তাতে তাঁদের রাষ্ট্রীয় স্বার্থ অনেকটা পরিমাণে ত্যাগ করতেই রাজি হয়েছিলেন। কিন্তু গ্রীস আপন ষোলো-আনা দাবির 'পরেই জেদ ধরে বসে রইল, ইংলন্ড পশ্চাৎ থেকে তার সমর্থন করলে। অর্থাৎ কালনেমি-মামার লজ্জাভাগের উৎসাহ তখনো খুব ঝাঝালো ছিল।

এই গোলমালের সময় তুরুস্ক মৈত্রী বিস্তার করলে ফ্রান্সের সঙ্গে। পারস্য এবং আফগানিস্থানের সঙ্গেও তার বোঝাপড়া হয়ে গেল। আফগানিস্থানের সঙ্কিপত্রের দ্বিতীয় দফায় লেখা আছে :

The contracting parties recognize the emancipation of the nations of the East and confirm the fact of their unrestricted freedom, their right to be independent and to govern themselves in whatever manner they themselves choose.

এ দিকে চলল গ্রীস তুরুস্কের লড়াই। এখনো আঙ্গোরা-পক্ষ রক্তপাত-নিবারণের উদ্দেশে বার বার সঙ্কির প্রস্তাব পাঠালে। কিন্তু ইংলন্ড ও গ্রীস তার বিরুদ্ধে অবিচলিত রইল। শেষে সকল কথাবার্তা থামল গ্রীসের পরাজয়ে। কামালপাশার নায়কতায় নূতন তুরুস্কের প্রাণপ্রতিষ্ঠা হল আঙ্গোরা রাজধানীতে।

নব তুরুস্ক এক দিকে যুরোপকে যেমন সবলে নিরস্ত করলে আর-এক দিকে তেমনি সবলে তাকে গ্রহণ করলে অস্তরে বাহিরে। কামালপাশা বললেন, মধ্যযুগের অচলায়তন থেকে তুরুস্ককে মুক্তি নিতে হবে। আধুনিক যুরোপে মানবিক চিন্তের এই মুক্তিকে তাঁরা শ্রদ্ধা করেন। এই মোহমুক্ত চিন্তাই বিশেষ আজ বিজয়ী। পরাজয়ের দুর্গতি থেকে আত্মরক্ষা করতে হলে এই বৈজ্ঞানিক চিন্তবৃত্তির উদ্‌বোধন সকলের আগে চাই। তুরুস্কের বিচারবিভাগের মন্ত্রী বললেন, 'Mediaeval principles must give

way to secular laws. We are creating a modern civilised nation and we desire to meet contemporary needs. We have the will to live, and nobody can prevent us.' এই পরিপূর্ণভাবে বুদ্ধিসংগতভাবে প্রাণযাত্রানির্বাহের বাধা দেয় মধ্যযুগের পৌরাণিক অন্ধসংস্কার। আধুনিক লোকব্যবহারে তার প্রতি নির্মম হতে হবে এই তাঁদের ঘোষণা।

যুদ্ধজয়ের পরে কামালপাশা যখন স্মির্না শহরে প্রবেশ করলেন সেখানে একটি সর্বজন-সভা ডেকে মেয়েদের উদ্দেশে বললেন, 'যুদ্ধে আমরা নিঃসংশয়িত জয়সাধন করেছি, কিন্তু সে জয় নিরর্থক হবে যদি তোমরা আমাদের আনুকূল্য না কর। শিক্ষার জয়সাধন কর তোমরা, তা হলে আমরা যতটুকু করেছি তোমরা তার চেয়ে অনেক বেশি করতে পারবে। সমস্তই নিষ্ফল হবে যদি আধুনিক প্রাণযাত্রার পথে তোমরা দৃঢ়চিত্তে অগ্রসর না হও। সমস্তই নিষ্ফল হবে যদি তোমরা গ্রহণ না কর আধুনিক জীবননির্বাহনীতি তোমাদের উপর যে দায়িত্ব অর্পণ করেছে।'

এ যুগে যুরোপ সভ্যতার একটি বিশেষ সাধনায় সিদ্ধিলাভ করেছে। সেই সাধনার ফল সকল কালের সকল মানুষের জন্যেই, তাকে যে না গ্রহণ করবে সে নিজেকে বঞ্চিত করবে। এই কথা এশিয়ার পূর্বতম প্রান্তে জাপান স্বীকার করেছে এবং পশ্চিমতম প্রান্তে স্বীকার করেছে তুরস্ক। ভৌতিক জগতের প্রতি সত্য ব্যবহার করা চাই এই অনুশাসন আধুনিক বৈজ্ঞানিক যুগের, না করলেই বুদ্ধিতে এবং সংসারে আমরা ঠকব। এই সত্য ব্যবহার করার সোপান হচ্ছে মনকে সংস্কারমুক্ত করে বিশুদ্ধ প্রণালীতে বিশ্বের অন্তর্নিহিত ভৌতিক তত্ত্বগুলি উদ্ধার করা।

কথাটা সত্য। কিন্তু আরো চিন্তা করবার বিষয় আছে। যুরোপ যেখানে সিদ্ধিলাভ করেছে সেখানে আমাদের দৃষ্টি পড়েছে অনেক দিন থেকে, সেখানে তার ঐশ্বর্য বিশ্বের প্রত্যক্ষগোচর। যেখানে করে নি, সে জায়গাটা গভীরে, মূলে, তাই সেটা অনেক কাল থেকে প্রচ্ছন্ন রইল। এইখানে সে বিশ্বের নিদারুণ ক্ষতি করেছে এবং সেই ক্ষতি ক্রমেই ফিরে আসছে তার নিজের অভিমুখে। তার যে লোভ চীনকে আফিম খাইয়েছে সে লোভ তো চীনের মরণের মধোই মরে না। সেই নির্দয় লোভ প্রত্যহ তার নিজেকে মোহাঙ্ক করেছেই, বাইরে থেকে সেটা আমরা স্পষ্ট দেখি বা না দেখি। কেবল ভৌতিক জগতে নয়, মানবজগতেও নিষ্কাম চিন্তে সত্য ব্যবহার মানুষের আত্মরক্ষার চরম উপায়। সেই সত্য ব্যবহারের সাধনার প্রতি পাশ্চাত্য দেশ প্রতিদিন শ্রদ্ধা হারাচ্ছে, তা নিয়ে তার লজ্জাও যাচ্ছে চলে। তাই জটিল হয়ে উঠেছে তার সমস্ত সমস্যা, বিনাশ হয়ে এল আসন্ন। যুরোপীয় স্বভাবের অন্ধ অনুবর্তী জাপান সিদ্ধিমদমস্ততায় নিত্যতত্ত্বের কথাটা ভুলেছে তা দেখাই যাচ্ছে, কিন্তু চিরন্তন শ্রেয়স্তত্ত্ব আপন অমোঘ শাসন ভুলবে না এ কথা নিশ্চিত জেনে রাখা চাই।

নব্যযুগের আহ্বানে পশ্চিম এশিয়া কী রকম সাদা দিচ্ছে সেটা স্পষ্ট করে জানা ভালো। খুব বড়ো করে সেটা জানবার এখনো সময় হয় নি। এখানে ওখানে একটু একটু লক্ষণ দেখা যায়, সেগুলো প্রবল করে চোখে পড়বার নয়। কিন্তু সত্য ছোটো হয়েই আসে। সেই সত্য এশিয়ার সেই দুর্বলতাকে আঘাত করতে শুরু করেছে যেখানে অন্ধ সংস্কারে, জড় প্রথায় তার চলাচলের পথ বন্ধ। এ পথ এখনো খোলসা হয় নি, কিন্তু দেখা যায় এই দিকে তার মনটা বিচলিত। এশিয়ার নানা দেশেই এমন কথা উঠেছে যে, সাম্প্রদায়িক ধর্ম মানবের সকল ক্ষেত্র জুড়ে থাকলে চলবে না। প্যালেস্টাইন-শাসনবিভাগের একজন উচ্চপদস্থ ইংরেজ কর্মচারীকে বিদায়ভোজ দেওয়ার সভায় তিনি যখন বললেন, 'Palestine is a Mahomedan country, and its government should, therefore, be in the hands of the Mahommedans, on condition that the Jewish and Christian minorities are represented in it,' তখন জেরুজিলামের মুফতি হাজি এমিন এল-হসেইনি উত্তর করলেন, 'For us it is an exclusively Arab, not a Mahomedan question. During your sojourn in this country you have doubtless observed that here there are no distinctions between Mahomedan and Christian Arabs. We regard the Christians not as a minority, but as Arabs.'

জানি এই উদারবুদ্ধি সকলের, এমন-কি, অধিকাংশ লোকের নেই। তবু সে যে ছোটো বীজের মতো অতি ছোটো জায়গা জুড়েই নিজেকে প্রকাশ করতে চাইছে এইটে আশার কথা। বর্তমানে এ ছোটো, কিন্তু ভবিষ্যতে এ ছোটো নয়।

আর-একটা অখ্যাত কোণে কী ঘটছে চেয়ে দেখো। রুশীয় তুর্কিস্থানে সোভিয়েট গবর্নমেন্ট অতি অল্পকালের মধ্যেই এশিয়ার মরুচর জাতির মধ্যে যে নতুন জীবন সঞ্চার করেছে তা আলোচনা করে দেখলে বিস্মিত হতে হয়। এত দ্রুতবেগে এতটা সফলতা লাভের কারণ এই যে, এদের চিন্তোৎকর্ষ সাধন করতে, এদের আত্মশক্তিকে পূর্ণতা দিতে, সেখানকার সরকারের পক্ষে অস্তুত লোভের, সুতরাং ঈর্ষার বাধা নেই। মরুতলে বিচ্ছিন্ন বিক্ষিপ্ত এই-সব ছোটো ছোটো জাতিকে আপন আপন রিপাব্লিক স্থাপন করতে অধিকার দেওয়া হয়েছে। তা ছাড়া এদের মধ্যে শিক্ষাবিস্তারের আয়োজন প্রভূত ও বিচিত্র। পূর্বেই অনাত্র বলেছি, বহুজাতিসংকুল বৃহৎ সোভিয়েট সাম্রাজ্যে আজ কোথাও সম্প্রদায়ে মারামারি কাটাকাটি নেই। জারের সাম্রাজ্যিক শাসনে সেটা নিত্যই ঘটত। মনের মধ্যে যে স্বাস্থ্য থাকলে মানবের আত্মীয়স্বন্ধে বিকৃতি ঘটে না সেই স্বাস্থ্য জাগে শিক্ষায় এবং স্বাধীনতায়। এই শিক্ষা এবং স্বাধীনতা নতুন বর্ষার বন্যাজলের মতো এশিয়ার নদীনালায় মধ্যে প্রবেশ করতে শুরু করেছে। তাই বহুযুগ পরে এশিয়ার মানুষ আজ আত্মবিশ্বাসের দুর্গতি থেকে নিজেকে মুক্ত করবার জন্যে দাঁড়াল। এই মুক্তিপ্রয়াসের আরম্ভে যতই দুঃখযন্ত্রণা থাক, তবু এই উদ্যম, মনুষ্যগৌরব লাভের জন্যে এই-যে আপন সব-কিছু পণ করা, এর চেয়ে আনন্দের বিষয় আর কিছু নেই। আমাদের এই মুক্তির দ্বারাই সমস্ত পৃথিবী মুক্তি পাবে। এ কথা নিশ্চিত মনে রাখতে হবে, যুরোপ আজ নিজের ঘরে এবং নিজের বাইরে আপন বন্দীদের হাতেই বন্দী।

১৯১২ খৃস্টাব্দে যখন যুরোপে গিয়েছিলুম তখন একজন ইংরেজ কবি আমাকে জিজ্ঞাসা করেছিলেন, 'তুমি এখানে কেন এসেছ।' আমি বলেছিলুম, 'যুরোপে মানুষকে দেখতে এসেছি।' যুরোপে জ্ঞানের আলো জ্বলছে, প্রাণের আলো জ্বলছে, তাই সেখানে মানুষ প্রচ্ছন্ন নয়, সে নিজেকে নিয়ত নানা দিকে প্রকাশ করছে।

সেদিন পারস্যও আমাকে একজন ঠিক সেই প্রশ্নই জিজ্ঞাসা করেছিলেন। আমি বলেছিলুম, 'পারস্যে যে মানুষ সত্যিই পারসিক তাকেই দেখতে এসেছি।' তাকে দেখবার কোনো আশা থাকে না দেশে যদি আলো না থাকে। জ্বলছে আলো জানি। তাই পারস্য থেকে যখন আহ্বান এল তখন আবার একবার দূরের আকাশের দিকে চেয়ে মন চঞ্চল হল।

রোগশয্যা থেকে তখন সবে উঠেছি। ডাক্তারকে প্রশ্ন জিজ্ঞাসা করলুম না— সাহস ছিল না— গরমের দিনে জলস্থলের উপর দিয়ে রৌদ্রের তাপ এবং কলের নাড়া খেতে খেতে দীর্ঘ পথ বেয়ে চলব সে সাহসেরও অভাব ছিল। আকাশখানে উঠে পড়লুম। ঘরের কোণে একলা বসে যে বালক দিনের পর দিন আকাশের দিকে তাকিয়ে দূরের আহ্বান শুনতে পেত আজ সেই দূরের আহ্বানে সে সাড়া দিল ঐ আকাশের পথ বেয়েই। পারস্যের দ্বারে এসে নামলুম দুদিন পরেই। তার পরদিন সকালে পৌঁছলুম বুশেয়ারে।

৩

বুশেয়ার সমুদ্রের ধারে জাহাজ-ঘাটার শহর। পারস্যের অন্তরঙ্গ স্থান এ নয়।

বৈকালে পারসিক পার্লামেন্টের একজন সদস্য আমার সঙ্গে দেখা করতে এলেন। জিজ্ঞাসা করতে চাইলেন আমি কী জানতে চাই। বললুম, পারস্যের শাস্ত স্বরূপটি জানতে চাই, যে পারস্য আপন প্রতিভায় স্বপ্রতিষ্ঠিত।

তিনি বললেন, বড়ো মুশকিল। সে পারস্য কোথায় কে জানে। এ দেশে এক বৃহৎ দল আছে তারা অশিক্ষিত, পুরোনো তাদের মধ্যে অপভ্রষ্ট, নতুন তাদের অনুদগত। শিক্ষিত বিশেষণে যারা খ্যাত তারা

আধুনিক ; নতুনকে তারা চিনতে আরম্ভ করেছে, পুরোনোকে তারা চেনে না ।

এই প্রসঙ্গে আমার বক্তব্য এই যে, সকলেরই মধ্যে দেশ প্রকাশমান নয়, বছর মধ্যে সে অস্পষ্ট অনির্দিষ্ট । দেশের যথার্থ প্রকাশ কোনো কোনো বিশেষ মানুষের জীবনে ও উপলক্ষিতে । দেশের আন্তর্ভৌম প্রাণধারা ভাবধারা অকস্মাৎ একটা-কোনো ফাটল দিয়ে একটা-কোনো উৎসের মুখেই বেরিয়ে পড়ে । যা গভীরের মধ্যে সঞ্চিত তা সর্বত্র বহুলোকের মধ্যে উদ্ঘাটিত হয় না । যা অধিকাংশের আবিল চিস্তের আড়ালে থাকে তা কারও কারও প্রকৃতিগত মানসিক স্বচ্ছতার কাছে সহজেই অভিব্যক্ত হয় । তাঁর পুষ্টিগত শিক্ষা কতদূর, তাঁকে দেশ মানে কি মানে না, সে কথা অবাস্তব । সরকার কোনো কোনো দৃষ্টিমান লোক পারস্যে নিশ্চয়ই আছে ; তারা সম্ভবত নামজাদাদের দলের মধ্যে নয়, এমন-কি, তারা বিদেশীদের কেউ হতেও পারে । কিন্তু পথিক মানুষ কোথায় তাদের খুঁজে পাবে ।

যাঁর বাড়িতে আছি তাঁর নাম মাহমুদ রেজা । তিনি জমিদার ও ব্যবসায়ী । নিজের ঘরদুয়ার ছেড়ে দিয়ে আমাদের জন্য দুঃখ পেয়েছেন কম নয়, নতুন আসবাবপত্র আনিয়ে নিজের অভ্যন্তর আরামের উপকরণকে উলটোপালটা করেছেন । আড়ালে থেকে সমস্তকণ আমাদের প্রয়োজনসাধনে তিনি ব্যস্ত, কিন্তু সর্বদা সমুখে এসে সামাজিকতার অভিঘাতে আমাদের ব্যস্ত করেন না । এর বয়স অল্প, শাস্ত্র প্রকৃতি, সর্বদা কর্মপরায়ণ ।

সম্মানের সমারোহ এসে অবধি নানা আকারে চলেছে । এই জিনিসটাকে আমার মন সম্পূর্ণ গ্রহণ করতে পারে না, নিজের মধ্যে আমি এর হিসাব মিলিয়ে পাই নে । বুশেয়ারের এই জনতার মধ্যে আমি কেই-বা । আমার ব্যক্তিগত ইতিহাসে ভাবায় ভাবে কর্মে আমি যে বহুদূরের অজানা মানুষ । যুরোপে যখন গিয়েছি তখন আমার কবির পরিচয় আমার সঙ্গেই ছিল । একটা বিশেষ বিশেষণে তারা আমাকে বিচার করেছে । বিচারের উপকরণ ছিল তাদের হাতে । এরাও আমাকে কবি বলে জানে, কিন্তু সে জানা কল্পনায় ; এদের কাছে আমি বিশেষ কবি নই, আমি কবি । অর্থাৎ কবি বলতে সাধারণত এরা যা বোঝে তাই সম্পূর্ণ আমার 'পরে আরোপ করতে এদের বাধে নি । কাব্য পারসিকদের নেশা, কবিদের সঙ্গে এদের আন্তরিক মৈত্রী । আমার খ্যাতির সাহায্যে সেই মৈত্রী আমি কোনো দান না দিয়েই পেয়েছি । অন্য দেশে সাহিত্যরসিক মহলেই সাহিত্যিকদের আদর, পলিটিশিয়নদের দরবারে তার আসন পড়ে না, এখানে সেই গভীর দেখা গেল না । যারা সম্মানের আয়োজন করেছেন তাঁরা প্রধানত রাজদরবারীদের দল । মনে পড়ল ইঞ্জিন্টের কথা । সেখানে যখন গেলেম রাষ্ট্রনেতারা আমার অভ্যর্থনার জন্যে এলেন । বললেন, এই উপলক্ষে তাঁদের পার্লামেন্টের সভা কিছুকণের জন্যে মূলতুবি রাখতে হল । প্রাচ্যজাতীয়ের মধ্যেই এটা সম্ভব । এদের কাছে আমি শুধু কবি নই, আমি প্রাচ্য কবি । সেইজন্যে এরা অগ্রসর হয়ে আমাকে সম্মান করতে স্বভাবত ইচ্ছা করেছে কেননা সেই সম্মানের ভাগ এদের সকলেরই । পারসিকদের কাছে আমার পরিচয়ের আরো-একটু বিশিষ্টতা আছে । আমি ইন্ডো-এরিয়ান । প্রাচীন ঐতিহাসিক কাল থেকে আরম্ভ করে আজ পর্যন্ত পারস্যে নিজেদের আর্থ-অভিমানবোধ বরাবর চলে এসেছে, সম্প্রতি সেটা যেন আরো বেশি করে জেগে ওঠবার লক্ষণ দেখা গেল । এদের সঙ্গে আমার রক্তের সম্বন্ধ । তার পরে এখানে একটা জনশ্রুতি রটেছে যে, পারসিক মরমিয়া কবিদের রচনার সঙ্গে আমার লেখার আছে সাজাত্য । যেখানে পাঠকের কাছে কবিকে নিজের পথ নিজে অব্যাহিত করে যেতে হয় সেখানে ভূমি বন্ধুর । কিন্তু যে দেশে আমার পাঠক নেই এখানে আমি সেই নিরাপদ দেশের কবি, এখানকার বহুকালের সকল কবিরই রাজপথ আমার পথ । আমার প্রীতির দিক থেকেও এরা আমার কাছে এসেছে সহজ মানুষের সম্বন্ধে— এরা আমার বিচারক নয়, বস্তু যাচাই করে মূল্য দেনাপাওনার কারবার এদের সঙ্গে নেই । কাছের মানুষ বলে এরা যখন আমাকে অনুভব করেছে তখন ভুল করে নি এরা, সত্যই সহজেই এদের কাছে এসেছি । বিনা বাধায় এদের কাছে আসা সহজ, সেটা স্পষ্টই অনুভব করা গেল । এরা যে অন্য সমাজের, অন্য ধর্মসম্প্রদায়ের, অন্য সমাজগণীর, সেটা আমাকে মনে করিয়ে দেবার মতো কোনো উপলক্ষই আমার

গোচর হয় নি। যুরোপীয় সভ্যতায় সামাজিক বাধা নিয়মের বেড়া, ভারতীয় হিন্দুসভ্যতায় সামাজিক সংস্কারের বেড়া আরো কঠিন। বাংলায় নিজের কোণ থেকে বেরিয়ে পশ্চিমেই যাই, দক্ষিণেই যাই, কারও ঘরের মধ্যে আপন স্থান করে নেওয়া দুঃসাধ্য, পায়ে পায়ে সংস্কার বাঁচিয়ে চলতে হয়— এমন-কি, বাংলার মধ্যেও। এখানে অশনে আসনে ব্যবহারে মানুষে মানুষে সহজেই মিশে যেতে পারে। এরা আতিথেয় বলে বিখ্যাত, সে আতিথ্যে পঙ্ক্তিতে ভেদ নেই।

১৬ এপ্রেল। সকাল সাতটার সময় শিরাজ্জ অভিমুখে ছাড়বার কথা। শরীর যদিও অসুস্থ ও ক্লান্ত তবু অভ্যাসমত ভোরে উঠেছি, তখন আর-সকলে শয্যাগত। সকলে মিলে প্রস্তুত হয়ে বেরতে নটা পেরিয়ে গেল।

মেঠো রাস্তা। মোটরগাড়ির চালচলনের সঙ্গে রাস্তাটার ভঙ্গিমার বনিবনাও নেই। সেই অসামঞ্জস্যের ধাক্কা যাত্রীরা প্রতি মুহূর্তে বুঝেছিল। যাকে বলে হাড়ে হাড়ে বোঝা।

মাঠের পর মাঠ, তার আর শেষ নেই। কোথাও একটা ঘর বা গাছ বা বসতির চিহ্ন দেখি নে। পারস্যদেশের বেশির ভাগ উচ্চ মালভূমি, পাহাড়ে বেষ্টিত, আবার মাঝে মাঝে গিরিশ্রেণী। এই মালভূমি সমুদ্র-উপরিতল থেকে পাঁচ-ছয় হাজার ফিট উচু। এর মাঝখানটা নেমে গিয়েছে প্রকাণ্ড এক মরুভূমিতে। এই অধিত্যকায় পাহাড় ডিঙিয়ে মেঘ পৌঁছতে বাধা পায়। বৃষ্টিপাতের পরিমাণ অতি অল্প। পর্বত থেকে জলস্রোত নেমে মাঝে মাঝে উর্বরতা সৃষ্টি করে। কিন্তু ক্ষীণজল এই স্রোতগুলি সমুদ্র পর্যন্ত প্রায় পৌঁছয় না, মরু নেয় তাদের শুষ্ক কিংবা জলার মধ্যে তাদের দুর্গতি ঘটে।

বন্ধুর পথে নাড়া খেতে খেতে ক্রমে সেই বিশাল নীরস শূন্যতার মধ্যে দূরে দেখা যায় খেজুরের কুঞ্জ, কোথাও-বা বাবলা। এই জনবিরল জায়গায় দশ মাইল অন্তর সশস্ত্র পুলিশ পাহারা। পথে পশ্চিক প্রায় দেখি নে। আমাদের দেশ হলে আর্ডনাদমুখর গোরুর গাড়ি দেখা যেত। এ দেশে তার জায়গায় পিঠের দুই পাশে বোঝা ঝুলিয়ে গাধা কিংবা দল-বাধা ঝুঁকর, মাঝে মাঝে ভেড়ার পাল নিয়ে মেঘপালক, দুই-এক জায়গায় কাঁটাঝোপের মধ্যে চরে বেড়াচ্ছে উটের দল।

বেলা যায়, রৌদ্র বেড়ে ওঠে। মোটর-চক্রোৎকৃষ্ট ধুলো উড়িয়ে বাতাস বইছে, আমাদের শীতের হাওয়ার মতো ঠাণ্ডা। কচিৎ এক-এক জায়গায় দেখি তোরণওয়াল মাটির ছোটো কেলা, সেখানে মোটর দাঁড় করিয়ে আমাদের অভ্যর্থনা জানানো হয়। ডান দিগন্তে একটা পাহাড়ের চেহারা ফুটে উঠেছে, যাত্রা-আরম্ভে আকাশের ঘোলা নীলের মধ্যে এ পাহাড় অবগুষ্ঠিত ছিল।

এই অঞ্চলটায় বার্ষিক জাতের বাস, তাদের ভাষা তুর্কি। পূর্বতন রাজার আমলে এখানে তাদের বসতি পশ্চিম হয়। এদের ব্যবসা ছিল দস্যুবস্তি। নূতন আমলে এদের ঠাণ্ডা করা হচ্ছে। শোনা গেল কিছুদিন আগে পথের মধ্যে এরা একটা সাঁকো ভেঙে রেখেছিল। মালবোঝাই মোটরবাস উলটে পড়তেই খুনজুখম লুটপাট করে। এই ঘটনার পরে রাজা তাদের প্রধানের ছেলেকে জামিনস্বরূপে তেহেরানে নিয়ে রেখেছেন। শাস্তিটা কঠোর নয়, অথচ কেজো। এই জাতের দলপতি শাকরুমা খা তাঁর বসতিগ্রাম থেকে এসে আমাদের অভিবাদন জানিয়ে গেলেন। আর কয়েক বছর আগে হলে এই অভিবাদনের ভাষা সম্পূর্ণ অন্যরকম হত, যাকে বলা যেতে পারত মর্মগ্রাহী। বুশেয়ার থেকে বরাবর আমাদের গাড়ির আগে আগে আর-একটি মোটরে বন্দুকধারী পাহারা চলেছে। প্রথমে মনে করেছিলুম বুঝি-বা এটা রাজকায়দার বাহুল্য অলংকার, এখন বোধ হচ্ছে এর একটি জরুরি অর্থ থাকতেও পারে।

মেটে রাস্তা ক্রমে নুড়ি-বিছানো হয়ে এল। বোঝা যায় পাহাড়ের বৃকে উঠছি। পথের প্রান্তে কোথাও-বা গিরিনদী চলেছে পাথরের মধ্য দিয়ে পথ কেটে। কিন্তু তারা তো লোকালয়ের ধাত্রীর কাজ করছে না। মানুষ কোথায়। মাঠে মাঝে মাঝে আকন্দগাছ কুলগাছ উইলো— মাঝে মাঝে গমের খেতে চাষের পরিচয় পাই, কিন্তু চাষীর পরিচয় পাই নে।

মধ্যাহ্ন পেরিয়ে যায়। শিরাজের পথ দীর্ঘ। এক দিনে যেতে কষ্ট হবে বলে স্থির হয়েছে ষজেকরনে গবর্নরের আতিথ্যে মধ্যাহ্নভোজন সেরে রাত্রিযাপন করব। কিন্তু বিলম্বে বেরিয়েছি, সময়মত সেখানে

পৌছবার আশা নেই, তাই পথে কোনারতাতে নামে এক জায়গায় গ্রহরীদের মেটে আড্ডায় আমাদের মোটর গাড়ি থামল। মাটির মেঝের 'পরে তাড়াতাড়ি কম্বল কাপেট বিছিয়ে দিলে। সঙ্গে আহাৰ্য ছিল, খেয়ে নিলুম। মনে হল, এ যেন বইয়ে পড়া গল্পের পাছশালা, খেজুর-কুঞ্জের মাঝখানে।

এবার পাহাড়ে আকাবাঁকা চড়াই পথে উঠছি। পাহাড়গুলো সম্পূর্ণ ঢাক-পড়া, এমন-কি, পাথরেরও প্রাধান্য কম। বড়ো বড়ো মাটির স্তুপ। যেন মুড়িয়ে দেওয়া দৈত্যের মাথা। বোঝা যায় এটা বৃষ্টিবিরল দেশ, নইলে গাছের শিকড় যে মাটিকে বেঁধে রাখে নি বৃষ্টির আঘাতে সে মাটি কতদিন টিকতে পারে। স্বল্পপাথক পথে মাঝে মাঝে কেরোসিনের বোঝা নিয়ে গাধা চলেছে। বোঝাই-করা বড়ো বড়ো সরকারি মোটর বাস আমাদের পথ বাঁচিয়ে নড়বড় করে ছুটেছে নীচের দিকে। পাহাড়ের পর পাহাড়, তৃণহীন জনহীন রুক্ষ, যেন পৃথিবীর বুক থেকে একটা তৃষার্ত দৈত্যের অশ্রুহীন কান্না ফুলে ফুলে উঠে শব্দ হয়ে গেছে।

বেলা যায়। এক জায়গায় দেখি পথের মধ্যে খজেরনের গবর্নর ঘোড়সওয়ার পাঠিয়েছেন আমাদের আগিয়ে নিয়ে যাবার জন্যে। বোঝা গেল তাঁরা অনেকক্ষণ ধরে প্রতীক্ষা করছেন।

প্রাসাদে পৌঁছলুম। বড়ো বড়ো কমলালেবুগাছের ঘনসংহত বীথিকা; স্নিগ্ধছায়ায় চোখ জুড়িয়ে দিলে। সেকালের মনোরম বাগান, নাম বাগ-ই-নজর। নিঃস্ব রিক্ততার মাঝখানে হঠাৎ এইরকম সবুজ ঐশ্বর্যের দানসত্র, এইটেই পারস্যের বিশেষত্ব।

বাগানের তরুতলে আমাদের ভোজের আয়োজন। কিন্তু এখনকার মতো ব্যর্থ হল। আমি নিরতিশয় ক্লান্ত। একটি কাপেট-বিছানা ছোটো ঘরে খাটের উপর শুয়ে পড়লুম। বাতাসে তাপ নেই, সামনে খোলা দরজা দিয়ে ঘন সবুজের উজ্জ্বল চোখে এসে পড়ছে।

কিছুক্ষণ পরে বিছানা ছেড়ে বাগানে গিয়ে দেখি, গাছতলায় বড়ো বড়ো ডেকচিতে মোটা মোটা পাচক রান্না চড়িয়েছে, আমাদের দেশে যজ্ঞের রান্নার মতো। বুঝলুম রাত্রিভোজের উদ্যোগপর্ব।

অতিথির সম্মানে আজ এখানে সরকারি ছুটি। সেই সুযোগে অনেকক্ষণ থেকে লোক জমায়েত হয়েছিল। আমাদের দেরি হওয়াতে ফিরে গেছে। যারা বাকি আছেন তাঁদের সঙ্গে বসে গেলুম। সকলেরই মুখে তাঁদের রাজার কথা। বললেন, তিনি অসামান্য প্রতিভার জোরে দশ বছরের মধ্যে পারস্যের চেহারা বদলিয়ে দিয়েছেন।

এইখানে আধুনিক পারস্য-ইতিহাসের একটুখানি আভাস দেওয়া যেতে পারে।

কাজার-জাতীয় আগা মহম্মদ খাঁর দানবিক নিষ্ঠুরতায় এই ইতিহাসের বর্তমান অধ্যায় আরম্ভ হল। এরা পারসিক নয়। কাজাররা তুর্কিজাতের লোক। তৈমুরলঙ এদের পারস্যে নিয়ে আসে। বর্তমানে রেজা শাহ পহলবীর আমলের পূর্ব পর্যন্ত পারস্যের রাজসিংহাসন এইজাতীয় রাজাদের হাতেই ছিল।

উনবিংশ শতাব্দীর শেষার্ধে শাহ নাসিরউদ্দিন ছিলেন রাজা। তখন থেকে রাষ্ট্রবিপ্লবের সূচনা দেখা দিল। এই সময়ে পারস্যের মন যে জেগে উঠেছে তার একটা নিদর্শন দেখা যায় বাবিপহীদের ধর্মবিপ্লবে। ঠিক এই সময়েই রামমোহন রায় বাংলাদেশে প্রচার করেছিলেন ধর্মসংস্কার। নাসিরউদ্দিন অতি নিষ্ঠুরভাবে এই সম্প্রদায়কে দলন করেন।

পারস্যের রাজাদের মধ্যে নাসিরউদ্দিন প্রথম যুরোপে যান আর তাঁর আমল থেকেই দেশকে বিদেশীর ঋণজালে জড়িত করা শুরু হল। তাঁর ছেলে মজফফরউদ্দিনের আমলে এই জাল বিস্তৃত হবার দিকে চলল। তামাকের ব্যবসার একচেটে অধিকার তিনি দিলেন এক ইংরেজ কোম্পানিকে। এটা দেশের লোকের সইল না, তারা তামাক বয়কট করে দিলে। দেশসুদ্ধ তামাকখোরদের তামাক ছাড়া সোজা নয়, কিন্তু তাও ঘটল। এই উপায়ে এটা রদ হয়ে গেল, কিন্তু দণ্ড দিতে হল কোম্পানিকে খুব লম্বা মাপে। তার পরে লাগল রাশিয়া, তার হাতে রেলওয়ে। বেলজিয়ম থেকে কর্মচারী এল পারস্যে ট্যাক্স আদায়ের কাজে, ইংরেজও উঠে পড়ে লাগল পারস্যবিভাগের কাজে।

এ দিকে দেশের লোকের কাছ থেকে ক্রমাগত তাগিদ আসছে রাষ্ট্রসংস্কারের। শেষকালে রাজাকে

মেনে নিতে হল। প্রথম পারসিক পার্লামেন্ট খুলল ১৯০৬ খৃস্টাব্দে অক্টোবরে।

এ রাজা মারা গেলেন। ছেলে বসলেন গদিতে, শা মহম্মদ আলি। পারস্যে তখন প্রাদেশিক গবর্নররা ছিল এক-এক নবাববিশেষ, তারা সকল বিষয়েই দেয় বাধা। প্রজারা এদের বরখাস্ত করবার দাবি করলে, আর মাশুল-আদায়ের বেলাজিয়ান কর্তাদেরও সরিয়ে দেবার প্রস্তাব পার্লামেন্টে উঠল।

বলা বাহুল্য, দেশের লোক পার্লামেন্ট শাসনপদ্ধতিতে ছিল আনাড়ি। দায়িত্ব হাতে আসার সঙ্গে সঙ্গেই ক্রমে ক্রমে তাদের হাত পেকে উঠল। কিন্তু রাজকোষ শূন্য, রাজস্ববিভাগ ছারখার।

অবশেষে একদা ইংরেজে রাশিয়ানে আপস হয়ে গেল। দুই কর্তার একজন পারস্যের মুণ্ডের দিকে আর-একজন তার লেজের দিকে দুই হাওদা চড়িয়ে সওয়ার হয়ে বসল, অঙ্কুররূপে সঙ্গে রইল সৈন্যসামন্ত। উত্তর দিকটা পড়ল রুশিয়ার ভাগে, দক্ষিণ দিকটা ইংরেজের, অল্প একটুখানি ব্যক্তি রইল সেখানে পারস্যের বাতি টিম্ টিম্ করে ছলছে।

রাজ্য প্রজায় তকরার বেড়ে চলল। একদিন রাজার দল মোল্লার দলে মিশে পড়ল গিয়ে শহরের উপর, পার্লামেন্টের বাড়ি দিলে ভূমিসাৎ করে। কিন্তু দেশকে দাবিয়ে দিতে পারল না, আবার একবার নতুন করে কনস্টিটুশনের পস্তন হল।

ইংরেজ ও রুশ উভয়েই মনে অত্যন্ত ব্যথা পেয়েছে শাহকে দেশের লোক এমন বিত্মিরকম ব্যস্ত করছে বলে। বলাই বাহুল্য, নতুন কনস্টিটুশনের প্রতি তাদের দরদ ছিল না। রুশীয় কর্নেল লিয়াকভ একদিন সৈন্য নিয়ে পড়ল পার্লামেন্টের উপরে। লড়াই বেধে গেল, বড়ো বড়ো অনেক সদস্য গেলেন মারা, কেউ-বা হলেন বন্দী, কেউ-বা গেলেন পালিয়ে। লন্ডন টাইমস্ বললেন, স্পষ্টই প্রমাণ হচ্ছে স্বরাজতন্ত্র ও রিয়েন্টালদের ক্ষমতার অতীত।

তেহেরানকে ভীষণ অত্যাচারে নিরীক করলে বটে, কিন্তু অন্য প্রদেশে যুদ্ধ চলতে লাগল। শেষে পাল্লাতে হল রাজাকে দেশ ছেড়ে, তাঁর এগারো বছরের ছেলে উঠলেন রাজগদিতে। রাজা যাতে মোটা পেনসন পান ইংরেজ এবং রুশ তার ব্যবস্থা করলেন। রুশিয়ার সাহায্যে পলাতক রাজা আবার এসে দেশ আক্রমণ করলেন। হার হল তাঁর।

আমেরিকা থেকে মর্গ্যান শ্বস্টার এলেন পারস্যের বিধ্বস্ত রাজস্ববিভাগকে ঝাড়া করে তুলতে। ঠিক যে সময়ে তিনি কৃতকার্য হয়েছেন, রাশিয়া বিরুদ্ধে লাগল। পারস্যের উপর হুকুম জারি হল শ্বস্টারকে বিদায় করতে হবে। প্রস্তাব হল, ইংরেজ এবং রুশের সম্মতি ব্যতীত কোনো বিদেশীকে রাষ্ট্রকার্যে আহ্বান করা চলবে না। এ নিয়ে পার্লামেন্টে বিরুদ্ধ আন্দোলন চলল। কিন্তু টিকল না। শ্বস্টার নিলেন বিদায়, রাষ্ট্রসংস্কারকরা কেউ-বা গেলেন জেলে, কেউ-বা গেলেন বিদেশে। এইসময়কার বিবরণ নিয়ে শ্বস্টার The Strangling of Persia নামক যে বই লিখেছেন তার মতো শোকাবহ ইতিহাস অল্পই দেখা যায়।

এ দিকে যুরোপের যুদ্ধ বাধল। তখন রুশিয়া সেই সুযোগে পারস্যে আপন আসন আরো ফলাও করে নেবার চেষ্টায় প্রবৃত্ত হল। অবশেষে বলশেভিক বিপ্লবের তাড়ায় তারা গেল সরে। এই সুযোগে ইংরেজ বসল উত্তর-পারস্য দখল করে। নিরন্তর লড়াই চলল দেশবাসীদের সঙ্গে।

১৯১৯ খৃস্টাব্দে সার পার্সি কব্জ এলেন পারস্যে ব্রিটিশ মন্ত্রী। তিনি পারসিক গবর্নমেন্টের এক দলের কাছ থেকে কড়ার করিয়ে নিলেন যে, সমগ্র পারস্যের আধিপত্য থাকবে ইংরেজের হাতে, তার শাসনকার্য ও সৈন্যবিভাগ ইংরেজের অঙ্গুলিসংকেতে চালিত হবে। একে ভদ্রভাষায় বলে প্রোটেক্টোরেট। এর নিগূঢ় অর্থটা সকলেরই কাছে সুবিদিত— অর্থাৎ, ওর উপক্রমণিকা বৈকালের যুগলিতে, ওর উপসংহার শাস্ত্রের কবলে। যাই হোক, সম্পূর্ণ পার্লামেন্টের কাছে এই সঙ্ঘিপত্র স্বাক্ষরের জন্যে পেশ করতে কারও সাহস হল না।

এই দুর্যোগের দিনে রেজা খাঁ তাঁর কসাক সৈন্য নিয়ে দখল করলেন তেহেরান। ও দিকে সোভিয়েট গবর্নমেন্ট সৈন্য পাঠিয়ে উত্তর-পারস্যে ইংরেজকে প্রতিরোধ করতে এল। ইংরেজ পারস্য ত্যাগ করলে। এতকালের নিরন্তর নিপীড়নের পর পারস্য সম্পূর্ণ নিষ্কৃতি লাভ করল। সোভিয়েট

রাশিয়ার নূতন রাজদূত রটস্টাইন এসে এই লেখাপড়া করে দিলেন যে, এত কাল সাম্রাজ্যিক রাশিয়া পারস্যের বিরুদ্ধে যে দলননীতি প্রবর্তন করেছিল সোভিয়েট গবর্নমেন্ট তা সম্পূর্ণ প্রত্যাখ্যান করতে প্রস্তুত। পারস্যের যে-কোনো স্বত্ব রাশিয়ার কবলে গিয়েছিল সমস্তই তাঁরা ফিরিয়ে দিচ্ছেন; রাশিয়ার কাছে পারস্যের যে স্বত্ব ছিল তার থেকে তাকে মুক্তি দেওয়া হল এবং রাশিয়া পারস্যে যে-সমস্ত পথ বন্দর প্রভৃতি স্বয়ং নির্মাণ করেছিল কোনো মূল্য দাবি না করে সে সমস্তের স্বত্বই পারস্যকে অর্পণ করা হল।

রেজা খাঁ প্রথমে সামরিক বিভাগের মন্ত্রী, তার পরে প্রধান মন্ত্রী, তার পরে প্রজাসাধারণের অনুরোধে রাজা হলেন। তাঁর চালনায় পারস্য অন্তরে বাহিরে নূতন বলে বলিষ্ঠ হয়ে উঠছে। রাষ্ট্র নানা বিভাগে যে-সকল বিদেশীর অধ্যক্ষতা ছিল তারা একে একে গেছে সরে। শোষণ-লুণ্ঠন-বিত্রাটের শাস্তি হয়ে এল, সমস্ত দেশ জুড়ে আজ কড়া পাহারা দাঁড়িয়ে আছে তর্জনী তুলে। উদ্ভ্রান্ত পারস্য আজ নিজের হাতে নিজেকে ফিরে পেয়েছে। জয় হোক রেজা শাহ পহলবীর।

এদের কাছে আর-একটা খবর পাওয়া গেল, দেশের টাকা বাইরে যেতে দেওয়া হয় না। বিদেশ থেকে যারা কারবার করতে আসে সমান মূল্যের জিনিস এখান থেকে না কিনলে তাদের মাল বিক্রি বন্ধ। আমদানি রফতানির মধ্যে অসাম্য না থাকে সেই দিকে দৃষ্টি।

৪

আমার শরীর ক্লাস্ত তাই রাত্রের আহার একলা আমার ঘরে পাঠাবেন বলে এঁরা ঠিক করেছিলেন। রাজি হলাম না। বাগানে গাছতলায় দীপের আলোকে সকলের সঙ্গে খেতে বসলাম। এখানকার দেশী ভোজ্য। পোলাও কাবাব প্রভৃতিতে আমাদের দেশের মোগলাই খানার সঙ্গে বিশেষ প্রভেদ দেখা গেল না।

ক্লাস্ত শরীরে শুতে গেলুম। যথারীতি ভোরের বেলায় প্রস্তুত হয়ে যখন দরজা খুলে দিয়েছি তখন দুটি-একটি পাখি ডাকতে আরম্ভ করেছে।

যাত্রা যখন আরম্ভ হল তখন বেলা সাড়ে-সাতটা। বাইরে আফিমের খেতে ফুল ধরেছে। গেটের সামনে পথের ওপারে দোকান খুলেছে সবেমাত্র। সুন্দর স্নিগ্ধ সকালবেলা। ঝা ধারে নিবিড় সবুজবর্ণ দাড়িমের বন— গমের খেত, তাতে নতুন চারা উঠেছে। এ বৎসর দীর্ঘ অনাবৃষ্টিতে ফসলে তেজ নেই, তবু এ জায়গাটি ভূগে গুল্মে রোমাঙ্কিত।

উপলবিকীর্ণ পথে ঠোকর খেতে খেতে গাড়ি চলেছে। উচু পাহাড়ের পথ অপেক্ষাকৃত নিম্নভূমিতে এসে নামল। অন্যত্র সাধারণত নগরের কিছু আগে থাকতেই তার উপক্রমণিকা দেখা যায়, এখানে তেমন নয়, শূন্য মাঠের প্রান্তে অকস্মাৎ শিরাজ বিরাজমান। মাটির তৈরি পাঁচিলগুলোর উপর থেকে মাঝে মাঝে চোখে পড়ল পপলার কমলালেবু চেস্টনাট এলম্ গাছের মাথা।

শিরাজের গবর্নর আমাকে সমারোহ করে নিয়ে গেলেন এক বড়ো বাড়িতে সভাগৃহে। কাপেট-পাতা মস্ত ঘর। দুই প্রান্তের দেয়াল-বরাবর অভ্যাগতেরা বসেছেন, তাঁদের সামনে ফলমিষ্টান্নসহযোগে চায়ের সরঞ্জাম ছোটো ছোটো টেবিলে সাজানো। এখানে শিরাজের সাহিত্যিকদল ও নানা শ্রেণীর প্রতিনিধিরা উপস্থিত। শিরাজ-নাগরিকদের হয়ে একজন যে অভিবাদন পাঠ করলেন তার মর্ম এই— শিরাজ শহর দুটি চিরজীবী মানুষের গৌরবে গৌরবাঙ্কিত। তাঁদের চিস্তের পরিমণ্ডল তোমার চিস্তের কাছাকাছি। যে উৎস থেকে তোমার বাণী উৎসারিত সেই উৎসধারাতেই এখানকার দুই কবিজীবনের পুষ্পকানন অভিষিক্ত। যে সাদির দেহ এখানকার একটি পবিত্র ভূখণ্ডতলে বহু শতাব্দীকাল চিরবিশ্রামে শয়ান তাঁর আত্মা আজ এই মুহূর্তে এই কাননের আকাশে উর্ধ্ব উখিত, এবং এখনই কবি হাফেজের পরিভৃগু হাস্য তাঁর স্বদেশবাসীর আনন্দের মধ্যে পরিব্যাপ্ত।

আমি বললেম, যথোচিতভাবে আপনাদের সৌজন্যের প্রতিযোগিতা করি এমন সম্ভাবনা নেই।

কারণ, আপনারা যে ভাষায় আমাকে সম্বোধন করলেন সে আপনাদের নিজের, আমার এই ভাষা ধার করা। আমার খাতায় আমার তরফে একটিমাত্র অঙ্ক উঠল, সে হচ্ছে এই যে, আমি সশরীরে এখানে উপস্থিত। বঙ্গাধিপতি একদা কবি হাফেজকে বাংলায় নিমন্ত্রণ করেছিলেন, তিনি যেতে পারেন নি। বাংলার কবি পারস্যাদিপের নিমন্ত্রণ পেলে, সে নিমন্ত্রণ রক্ষাও করলে এবং পারস্যকে তার প্রীতি ও শুভকামনা প্রত্যক্ষ জানিয়ে কৃতার্থ হল।

সভার পালা শেষ হলে পর চললেন গবর্নরের প্রাসাদে। পথে যে শিরাজের পরিচয় হল সে নূতন শিরাজ। রাস্তা ঘরবাড়ি তৈরি চলছে। পারস্যের শহরে শহরে এই নূতন রচনার কাজ সর্বত্রই জেগে উঠল, নূতন যুগের অভ্যর্থনায় সমস্ত দেশ উৎসাহিত।

সৈনিকপঙ্ক্তির মধ্য দিয়ে বৃহৎ প্রাক্ষণ পার হয়ে গবর্নরের প্রাসাদে প্রবেশ করলেন। মধ্যাহ্নভোজনের আয়োজন সেখানে অপেক্ষা করছে। কিন্তু অন্য সকল অনুষ্ঠানের পূর্বেই যাতে বিশ্রাম করতে পারি সেই প্রার্থনামতই ব্যবস্থা হল। পরিষ্কার হয়ে নিয়ে আশ্রয় নিলুম শোবার ঘরে। তখন বেলা চারটে। রাত্রে নিমন্ত্রিতবর্গের সঙ্গে আহার করে দীর্ঘদিনের অবসান।

সকালে গবর্নর বললেন, কাছে এক ভদ্রলোকের বাগানবাড়ি আছে, সেটা আমাদের বাসের জন্য প্রস্তুত। সেখানেই আমার বিশ্রামের সুবিধা হবে বলে বাসা-বদল স্থির হল।

১৭ এপ্রেল। আজ অপরাহ্নে সাদির সমাধিপ্রাক্ষণে আমার অভ্যর্থনার সভা। গবর্নর প্রথমে নিয়ে গেলেন চেশ্বার অফ কমার্সে। সেখানে সদস্যদের সঙ্গে বসে চা খেয়ে গেলেন সাদির সমাধিস্থানে। পথের দুই ধারে জনতা। কালো কালো আঙুরাখায় মেয়েদের সর্বাঙ্গ ঢাকা, মুখেরও অনেকখানি, কিন্তু বুরখা নয়। সাধারণত পুরুষদের কাপড় যুরোপীয়, কচিৎ দেখা গেল পাগড়ি ও লম্বা কাপড়। বর্তমান রাজার আদেশে দেশের পুরুষেরা যে টুপি পরেছে তার নাম পহলবী টুপি। সেটা কপালের সামনে কানা-তোলা কাপ।

আমাদের গাঙ্কিটুপি যেমন শ্রীহীন ভারতের-প্রথা-বিরুদ্ধ ও বিদেশী-ঘেঁষা এও সেইরকম। কর্মিষ্ঠতার যুগে সাজের বাহুলা স্বভাবতই খসে পড়ে। তা ছাড়া একেলে বেশ শ্রেণীনির্বিশেষে বড়ো ছোটো সকলেরই সুলভ ও উপযোগী হবার দিকে ঝোঁকে। যুরোপে একদা দেশে দেশে, এমন-কি, এক দেশেই, বেশের বৈচিত্র্য যথেষ্ট ছিল। অথচ সমস্ত যুরোপ আজ এক পোশাক পরেছে, তার কারণ সমস্ত যুরোপের উপর দিয়ে বয়েছে একই হাওয়া। সময় অল্প, কাজের তাড়া বেশি, তার উপর সামাজিক শ্রেণীভেদ হালকা হয়ে এসেছে। আজ যুরোপের বেশ শুধু যে শক্ত মানুষের, তৎপর মানুষের তা নয়, এ বেশ সাধারণ মানুষের— যারা সবাই একই বড়োরাস্তায় চলে। আজ পারস্য তুরুস্ক ইঞ্জিন্ট এবং আরবের যে অংশ জেগেছে সবাই এই সর্বজনীন উর্দি গ্রহণ করেছে, নইলে বুঝি মনের বদল সহজ হয় না। জাপানেও তাই। আমাদেরও ধৃতি-পরা টিলে মন বদল করতে হলে হয়তো-বা পোশাক বদলানো দরকার। আমরা বহুকাল ছিলুম বাবু, হঠাৎ হয়েছি খণ্ড-ত-ওয়াল শ্রীযুৎ অথচ বাবুর দোদুল্যমান বেশই কি চিরকাল থাকবে। ওটাতে যে বসনদাওয়া আছে সেটা যাই-যাই করছে, হাঁটু পর্যন্ত ছাঁটা পায়জামা দ্রুতবেগে এগিয়ে আসছে। যুগের ছকুম শুধু মনে নয়, গায়ে এসেও লাগল। মেয়েদের বেশে পরিবর্তনের ধাক্কা এমন করে লাগে নি— কেননা মেয়েরা অতীতের সঙ্গে বর্তমানের সেতু, পুরুষেরা বর্তমানের সঙ্গে ভবিষ্যতের।

সাদির সমাধিতে স্থাপত্যের গুণপনা কিছুই নেই। আজকের মতো ফুল দিয়ে প্রদীপ দিয়ে কবরস্থান সাজানো হয়েছে। সেখান থেকে সমাধির পশ্চাতে প্রশস্ত প্রাক্ষণে বৃহৎ জনসভার মধ্যে গিয়ে আসন নিলুম। চত্বরের সামনে সমুচ্চ প্রাচীর অতি সুন্দর বিচিত্র কার্পেটে আবৃত করা হয়েছে, মেজের উপরেও কার্পেট পাতা। সভাস্থ সকলেরই সামনে প্রাক্ষণ ঘিরে ফল মিষ্টান্ন সাজানো। সভার ডান দিকে নীলাভ পাহাড়ের প্রান্তে সূর্য অন্তোন্মুখ। বামে সভার বাইরে পথের ওপারে উচ্চভূমিতে ভিড় জমেছে— অধিকাংশই কালো কাপড়ে আচ্ছন্ন শ্রীলোক, মাঝে মাঝে বন্দুকধারী প্রহরী।

তিনটি পারসিক ভ্রমলোক তেহেরান থেকে এসেছেন আমাদের পথের সুবিধা করে দেবার জন্যে ।
 ঐদের মধ্যে একজন আছেন তিনি পররাষ্ট্রবিভাগীয় মন্ত্রীর ভাই ফেরুখি । সকলে বলেন ইনি
 ফিলজফার ; সৌম্য শাস্ত্র ঐর মূর্তি । ইনি ফ্রেঞ্চ জানেন, কিন্তু ইংরেজি জানেন না । তবু কেবলমাত্র
 সংসর্গ থেকে ঐর নীরব পরিচয় আমাকে পরিভূক্তি দেয় । ভাষার বাধায় যে-সব কথা ইনি বলতে
 পারলেন না, অনুমানে বুঝতে পারি সেগুলি মূল্যবান । ইনি আশা প্রকাশ করলেন আমার পারসো
 গ্রাসা সার্থক হবে । আমি বললুম, আপনাদের পূর্বতন সূফীসাধক কবি ও রূপকার যারা আমি তাঁদেরই
 আপন, এসেছি আধুনিক কালের ভাষায় ; তাই আমাকে স্বীকার করা আপনাদের পক্ষে কঠিন হবে
 না । কিন্তু নূতন কালের যা দান তাকেও আমি অবজ্ঞা করি নে । এ যুগে যুরোপ যে সত্যের বাহনরূপে
 এসেছে তাকে যদি গ্রহণ করতে না পারি তা হলে তার আঘাতকেই গ্রহণ করতে হবে । তাই বলে
 নিজের আন্তরিক ঐশ্বর্যকে হারিয়ে বাহিরের সম্পদকে গ্রহণ করা যায় না । যে দিতে পারে সেই নিতে
 পারে, ভিক্ষুক তা পারে না ।

আজ সকালে হাফেজের সমাধি হয়ে বাগানবাড়িতে গিয়ে আশ্রয় নেবার কথা । তার পূর্বে গবর্নরের
 সঙ্গে এখানকার রাজার সম্বন্ধে আলাপ হল । একদা রেজা শা ছিলেন কসাক সৈন্যদলের অধিপতি
 মাত্র । বিদ্যালয়ে যুরোপের শিক্ষা তিনি পান নি, এমন-কি, পারসিক ভাষাতেও তিনি কাঁচা । আমার
 মনে পড়ল আমাদের আকবর বাদশাহের কথা । কেবল যে বিদেশীর কবল থেকে তিনি পারস্যকে
 বাঁচিয়েছেন তা নয়, মোল্লাদের-অধিপত্যজালে-দৃঢ়বদ্ধ পারস্যকে মুক্তি দিয়ে রাষ্ট্রতন্ত্রকে প্রবল ও অচল
 বাধা থেকে উদ্ধার করেছেন ।

আমি বললুম, দুর্ভাগ্য ভারতবর্ষ, জটিল ধর্মের পাকে আপাদমস্তক জড়ীভূত ভারতবর্ষ । অন্ধ
 আচারের বোঝার তলে পঙ্গু আমাদের দেশ, বিধিনিষেধের নিরর্থকতায় শতধাবিভক্ত আমাদের
 সমাজ ।

গবর্নর বললেন, সাম্প্রদায়িক ধর্মের বেড়া ডিঙিয়ে যতদিন না ভারত একাঙ্গ হবে ততদিন
 গোলটেবিল বৈঠকে বরগ্রহণ করে তার নিষ্কৃতি নেই । অন্ধ যারা তারা ছাড়া পেলেও এগোয় না,
 এগোতে গেলেও মরে গর্তে পড়ে ।

অবশেষে হাফেজের সমাধি দেখতে বেরলুম । নূতন রাজার আমলে এই সমাধির সংস্কার চলছে ।
 পুরোনো কবরের উপর আধুনিক কারখানায় ঢালাই-করা জালির কাজের একটা মণ্ডপ তুলে দেওয়া
 হয়েছে । হাফেজের কাবোর সঙ্গে এটা একেবারেই খাপ খায় না । লোহার বেড়ায় ঘেরা কবি-আত্মাকে
 মনে হল যেন আমাদের পুলিশরাজত্বের অর্ডিন্যান্সের কয়েদী ।

ভিতরে গিয়ে বসলুম । সমাধিরক্ষক একখানি বড়ো চৌকো আকারের বই এনে উপস্থিত করলে ।
 সেখানি হাফেজের কাবাগ্রন্থ । সাধারণের বিশ্বাস এই যে, কোনো একটি বিশেষ ইচ্ছা মনে নিয়ে চোখ
 বুজে এই গ্রন্থ খুলে যে কবিতাটি বেরবে তার থেকে ইচ্ছার সফলতা নির্ণয় হবে । কিছু আগেই
 গবর্নরের সঙ্গে যে বিষয় আলোচনা করেছিলুম সেইটেই মনে জাগছিল । তাই মনে মনে ইচ্ছা করলুম
 ধর্মনামধারী অন্ধতার প্রাণান্তিক ফাঁস থেকে ভারতবর্ষ যেন মুক্তি পায় ।

যে পাতা বেরল তার কবিতাকে দুই ভাগ করা যায় । ইরানী ও কয়জনে মিলে যে তর্জমা করেছেন
 তাই গ্রহণ করা গেল । প্রথম অংশের প্রথম শ্লোকটি মাত্র দিই । কবিতাটিকে রূপকভাবে ধরা হয়, কিন্তু
 সরল অর্থ ধরলে সুন্দরী প্রেয়সীই কাবোর উদ্দিষ্ট ।

প্রথম অংশ । মুকুটধারী রাজারা তোমার মনোমোহন চকুর দাস, তোমার কণ্ঠ থেকে যে সুধা
 নিঃসৃত হয় জ্ঞানী এবং বুদ্ধিমানেরা তার দ্বারা অভিভূত ।

দ্বিতীয় অংশ । স্বর্গদ্বার যাবে খুলে, আর সেইসঙ্গে খুলবে আমাদের সমস্ত জটিল ব্যাপারের গ্রন্থি,
 এও কি হবে সম্ভব । অহংকৃত ধার্মিকনামধারীদের জন্যে যদি তা বন্ধই থাকে তবে ভরসা রেখো মনে
 ঈশ্বরের নিমিত্তে তা যাবে খুলে ।



সাদির সমাধি-উদানে রবীন্দ্রনাথ । শিরাজ



হাফেজের সমাধিপাশে রবীন্দ্রনাথ । শিরাজ

বন্ধুরা প্রস্নের সঙ্গে উত্তরের সংগতি দেখে বিস্মিত হলেন।

এই সমাধির পাশে বসে আমার মনের মধ্যে একটা চমক এসে পৌঁছল, এখানকার এই বসন্তপ্রভাতে সূর্যের আলোতে দূরকালের বসন্তদিন থেকে কবির হাস্যোচ্ছল চোখের সংকেত। মনে হল আমরা দুজনে একই পানশালার বন্ধু, অনেকবার নানা রসের অনেক পেয়ালা ভরতি করেছি। আমিও তো কতবার দেখেছি আচারনিষ্ঠ ধার্মিকদের কুটিল ভুকুটি। তাদের বচনজালে আমাকে বাধতে পারে নি; আমি পলাতক, ছুটি নিয়েছি অবাধপ্রবাহিত আনন্দের হাওয়ায়। নিশ্চিত মনে হল আজ, কত-শত বৎসর পরে জীবনমৃত্যুর ব্যবধান পেরিয়ে এই কবরের পাশে এমন একজন মুসাফির এসেছে যে মানুষ হাফেজের চিরকালের জানা লোক।

ভরপুর মন নিয়ে বাগানবাড়িতে এলুম। ঝাঁর বাড়ি তাঁর নাম শিরাজী। কলকাতায় ব্যবসা করেন। তাঁরই ভাইপো খলিলী আতিথ্যভার নিয়েছেন। পরিষ্কার নতুন বাড়ি, সামনেটি খোলা, অদূরে একটি ছোটো পাহাড়। কাঁচের শাসির মধ্যে দিয়ে প্রচুর আলো এসে সুসজ্জিত ঘর উজ্জ্বল করে রেখেছে। প্রত্যেক ঘরেই ছোটো ছোটো টেবিলে বাদাম কিশমিশ্ মিষ্টান্ন সাজানো।

চা খাওয়া হলে পর এখানকার গান-বাজনার কিছু নমুনা পেলুম। একজনের হাতে কানুন, একজনের হাতে সেতারজাতীয় বাজনা, গায়কের হাতে তাল দেবার যন্ত্র— বায়া-তবলার একত্রে মিশ্রণ। সংগীতের তিনটি ভাগ। প্রথম অংশটা চটুল, মধ্য অংশ ধীরমন্দ সঙ্করণ, শেষ অংশটা নাচের তালে। আমাদের দিশি সুরের সঙ্গে স্থানে স্থানে অনেক মিল দেখতে পাই। বাংলাদেশের সঙ্গে একটা ঐক্য দেখছি— এখানকার সংগীত কাবোর সঙ্গে বিচ্ছিন্ন নয়।

ইস্ফাহানে যাত্রা করবার পূর্বে বিশ্রাম করে নিচ্ছি। বসে আছি দোতলার মাদুর-পাতা লম্বা বারান্দায়। সম্মুখপ্রান্তে রেলিঙের গায়ে গায়ে টবে সাজানো পুষ্পিত জেরেনিয়ম। নীচের বাগানে ফুলের কেয়ারির মাঝখানে ছোটো জলাশয়ে একটি নিষ্ক্রিয় ফোয়ারা, আর সেই কেয়ারিকে প্রদক্ষিণ করে কলশকে জলশ্রোত বয়ে চলেছে। অদূরে বনস্পতির বীথিকা। আকাশে পাণ্ডুর নীলিমার গায়ে তরুহীন বলি-অঙ্কিত পাহাড়ের তরঙ্গায়িত ধূসর রেখা। দূরে গাছের তলায় কারা একদল বসে গল্প করছে। ঠাণ্ডা হাওয়া, নিস্তরঙ্গ মধ্যাহ্ন। শহর থেকে দূরে আছি, জনতার সম্পর্ক নেই, পাখিরা কিচিমিচি করে উড়ে বেড়াচ্ছে তাদের নাম জানি নে। সঙ্গীরা শহরে কে কোথায় চলে গেছে, চিরক্রান্ত দেহ চলতে নারাজ তাই একলা বসে আছি। পারস্যে আছি সে কথা বিশেষ করে মনে করিয়ে দেবার কিছুই নেই। এই আকাশ, বাতাস, কম্পমান সবুজ পাতার উপর কম্পমান এই উজ্জ্বল আলো, আমারই দেশের শীতকালের মতো।

শিরাজ শহরটি যে প্রাচীন তা বলা যায় না। আরবেরা পারস্য জয় করার পরে তবে এই শহরের উদ্ভব। সাফাবি-শাসনকালে শিরাজের যে শ্রীবৃদ্ধি হয়েছিল আফগান আক্রমণে তা ধ্বংস হয়ে যায়। আগে ছিল শহর ঘিরে পাথরের তোরণ, সেটা ভূমিসাৎ হয়ে তার জায়গায় উঠেছে মাটির দেয়াল। নিষ্ঠুর ইতিহাসের হাত থেকে পারস্য যেমন বরাবর আঘাত পেয়েছে পৃথিবীতে আর-কোনো দেশ এমন পায় নি, তবু তার জীবনীশক্তি বার বার নিজের পুনঃসংস্কার করেছে। বর্তমান যুগে আবার সেই কাজে সে লেগেছে, জেগে উঠেছে আপন মুছিত দশা থেকে।

৫

চলেছি ইস্ফাহানের দিকে। বেলা সাতটার পর শিরাজের পুরস্কার দিয়ে বেরিয়ে পড়লুম। গিরিশ্রেণীর মধ্য দিয়ে চলা শুরু হল। পিছনে তাকিয়ে মনে হয় যেন গিরিপ্রকৃতি শিলাগুলিতে শিরাজকে অর্ঘ্যরূপে ঢেলে দিয়েছে।

শিরাজের বাইরে লোকালয় একেবারে অন্তর্হিত, তার পরিশিষ্ট কিছুই নেই, গাছপালাও দেখা যায়

না। বৈচিত্রাহীন রিক্ততার মধ্য দিয়ে যে পথ চলেছে একেবেঁকে সেটা মোটর-রাথের পক্ষে প্রশস্ত ও অপেক্ষাকৃত অবঙ্গুর।

প্রায় এক ঘণ্টার পথ পেরিয়ে ঝায়ে দেখা গেল শস্যখেত, গম এবং আফিম। কিন্তু গ্রাম দেখি নে, দিগন্ত পর্যন্ত অব্যাহত। মাঝে মাঝে ঝাকড়া-লোম-ওয়াল ভেড়ার পাল, কোথাও-বা ছাগলের কালো রোয়ায় তৈরি চৌকো ঠাঁবু। শস্যশ্যামল মাঠ ক্রমে প্রশস্ত হয়ে চলেছে। দূরের পাহাড়গুলো খাটো হয়ে এল, যেন তার পাহাড়ের শাবক।

এমন সময় হঠাৎ দেখা গেল অনতিদূরে পর্সিপোলিস। দিগ্বিজয়ী দরিয়ুসের প্রাসাদের ভগ্নশেষ। উচ্চ মাটির মঞ্চ, তার উপরে ভাঙা ভাঙা বড়ো বড়ো পাথরের থাম, অতীত মহাযুগ যেন আকাশে অক্ষয় বাহু তুলে নির্মম কালকে ধিক্কার দিচ্ছে।

আমাকে চৌকিতে বসিয়ে পাথরের সিঁড়ি বেয়ে তুলে নিয়ে গেল। পিছনে পাহাড়, উর্ধ্ব শূন্য, নীচে দিগন্তপ্রসারিত জনশূন্য প্রান্তর, তারই প্রান্তে দাঁড়িয়ে আছে এই পাথরের রুদ্ধবাণীর সংকেত। বিখ্যাত পুরাবশেষবিৎ জার্মান ডাক্তার হটজ্‌ফেল্ট এই পুরাতন কীর্তি উদঘাটন করবার কাজে নিযুক্ত। তিনি বললেন, বলিনে আমার বক্তৃতা শুনেছেন আর হোটেলেও আমার সঙ্গে তিনি দেখা করতে গিয়েছিলেন।

পাথরের থামগুলো কোনোটা ভাঙা, কোনোটা অপেক্ষাকৃত সম্পূর্ণ। নিরর্থক দাঁড়িয়ে ছড়িয়ে, মুঞ্জিয়মে অতিকায় জন্তুর অসংলগ্ন অস্থিগুলোর মতো। ছাদের জন্য যে-সব কাঠ লেগেছিল, হিসাবের তালিকায় দেখা গেছে, ভারতবর্ষ থেকে আনীত সেগুন কাঠও ছিল তার মধ্যে। খিলেন বানাবার বিদ্যা তখন জানা ছিল না বলে পাথরের ছাদ সম্ভব হয় নি। কিন্তু যে বিদ্যার জোরে এই-সকল গুরুভার অতি প্রকাণ্ড পাথরগুলি যথাস্থানে বসানো হয়েছিল সে বিদ্যা আজ সম্পূর্ণ বিস্মৃত। দেখে মনে পড়ে মহাভারতের ময়দানবের কথা। বোঝা যায় বিশাল প্রাসাদ-নির্মাণের বিদ্যা যাদের জানা ছিল তারা যুধিষ্ঠিরের স্বজাতি ছিল না। হয়তো-বা এই দিক থেকেই রাজমিস্ত্রি গেছে। যে পুরোচন পাণ্ডবদের জন্যে সুড়ঙ্গ বানিয়েছিল সেও তো যবন।

ডাক্তার বললেন, আলেকজান্ডার এই প্রাসাদ পুড়িয়ে ফেলেছিলেন সন্দেহ নেই। আমার বোধ হয় পরকীর্তি-অসহিষ্ণু স্বর্গাই তার কারণ। তিনি চেয়েছিলেন মহাসাম্রাজ্য স্থাপন করতে, কিন্তু মহাসাম্রাজ্যের অভ্যুদয় তাঁর আগেই দেখা দিয়েছিল। আলেকজান্ডার আকেমেনীয় সম্রাটদের পারস্যকে লণ্ডভণ্ড করে গিয়েছেন।

এই পর্সিপোলিসে ছিল দরিয়ুসের গ্রন্থাগার। বহু সহস্র চর্মপত্রে রূপালি সোনালি অক্ষরে তাঁদের ধর্মগ্রন্থ আবেস্তা লিপিকৃত হয়ে এইখানে রক্ষিত ছিল। যিনি এটাকে ভস্মসাৎ করেছিলেন তাঁর ধর্ম এর কাছে বর্বরতা। আলেকজান্ডার আজ জগতে এমন কিছুই রেখে যান নি যা এই পর্সিপোলিসের ক্ষতিপূরণ-স্বরূপে তুলনীয় হতে পারে। এখানে দেয়ালে ক্ষোদিত মূর্তিশ্রেণীর মধ্যে দেখা যায় দরিয়ুসু আছেন রাজছত্রতলে, আর তাঁর সম্মুখে বন্দী ও দাসেরা অর্ঘ্য বহন করে আনছে। পরবর্তীকালে ইস্তাহানের কোনো উজির এই শিলালেখ্য ভেঙে বিদীর্ণ বিকলাঙ্গ করে দিয়েছে।

পারস্যে আর-এক জায়গা খনন করে প্রাচীনতর বিস্মৃত যুগের জিনিস পাওয়া গেছে। অধ্যাপক তারই একটি নকশা-কাটা ডিমের খোলার পাত্র আমাকে দেখালেন। বললেন, মহেঞ্জদরোর যেরকম কারুচিত্র এও সেই জাতের। সার অরেলস্টাইন মধ্য-এশিয়া থেকেও এমন কিছু কিছু জিনিস পেয়েছেন মহেঞ্জদরোয় যার সাদৃশ্য মেলে। এইরকম বহুদূরবিক্ষিপ্ত প্রমাণগুলি দেখে মনে হয় আধুনিক সকল সভ্যতার পূর্বে একটা বড়ো সভ্যতা পৃথিবীতে তার লীলা বিস্তার করে অস্তর্ধান করেছে।

অধ্যাপক এই ভগ্নশেষের এক অংশ সংস্কার করে নিজের বাসা করে নিয়েছেন। ঘরের চারি দিকে লাইব্রেরি এবং নানাবিধ সংগ্রহ। দরিয়ুস জারালিস এবং আর্টাজারিস এই তিন-পুরুষ-বাহী সম্রাটের ল্পৃপশেষ সম্পদের উত্তরাধীকারী হয়ে অধ্যাপক নিভৃতে খুব আনন্দে আছেন।

এ দেশে আসবামাত্র সব চেয়ে লক্ষ্য করা যায় পূর্ব-এশিয়ার সঙ্গে পশ্চিম-এশিয়ার প্রাকৃতিক চেহারার সম্পূর্ণ পার্থক্য। উভয়ে একেবারেই বিপরীত বললেই হয়। আফগানিস্তান থেকে আরম্ভ করে মেসোপটেমিয়া হয়ে আরব পর্যন্ত নির্দয়ভাবে নীরস কঠিন। পূর্ব-এশিয়ার গিরিশ্রেণী ধরণীর প্রতিকূলতা করে নি, তাদেরই প্রসাদবর্ষণে সেখানকার সমস্ত দেশ পরিপুষ্ট। কিন্তু পশ্চিমে তারা পৃথিবীকে বন্ধুর করেছে এবং অবরুদ্ধ করেছে আকাশের রসের দৌতা। মাঝে মাঝে খণ্ড খণ্ড বিক্ষিপ্ত আকারে এখানকার অনাদৃত মাটি উর্বরতার স্পর্শ পায়, দুর্লভ বলেই তার লোভনীয়তা প্রবল, মনোহর তার রমণীয়তা।

সৌভাগ্যক্রমে এরা বাহন পেয়েছে উট এবং ঘোড়া, আর জীবিকার জন্যে পালন করেছে ভেড়ার পাল। এই জীবিকার অনুসরণ করে এখানকার মানুষকে নিরন্তর সচল হয়ে থাকতে হল। এই পশ্চিম-এশিয়ার অধিবাসীরা বহু প্রাচীনকাল থেকেই বারে বারে বড়ো বড়ো সাম্রাজ্য স্থাপন করেছে— তার মূল প্রেরণা পেয়েছে এখানকার ভূমির কঠোরতা থেকে, যা তাদের বাইরে ঠেলে বের করে দেয়। তারা প্রকৃতির অযাচিত আতিথা পায় নি, তাদের কেড়ে খেতে হয়েছে পরের অন্ন, আহার সংগ্রহ করতে হয়েছে নতন নতন ক্ষেত্রে এগিয়ে এগিয়ে।

এখানে পল্লীর চেয়ে প্রাধান্য দূর্গরক্ষিত প্রাচীরবেষ্টিত নগরের। কত প্রাচীন রাজধানীর ধ্বংসশেষ পাশ্চাত্য এশিয়ায় ধূলিপরির্কীর্ণ। কৃষিজীবীদের স্থান পল্লী, সেখানে ধন স্বহস্তে উৎপাদন করতে হয়। নগর প্রথম প্রতিষ্ঠিত হয়েছে জয়জীবী যোদ্ধাদের প্রতাপের উপরে। সেখানে সম্পদ সংগ্রহ ও রক্ষণ না করলে পরাভব। ভারতবর্ষে কৃষিজীবিকার সহায় গোক, মধ্য ও পশ্চিম-এশিয়ায় জয়জীবিকার সহায় ঘোড়া। পৃথিবীতে কী মানুষের, কী বাহনের, কী অস্ত্রের দ্বরিত গতিই জয়সাধনের প্রধান উপায়। তাই একদিন মধ্য-এশিয়ার মরুবাহী অশ্বপাল মোগল বর্বরেরা বহুদূর পৃথিবীতে ভীষণ জয়ের সর্বনেশে আগুন জ্বালিয়ে দিয়েছিল। চিরচলিষ্ণুতাই তাদের করে তুলেছিল দুর্ধর্ষ। অন্নসংকোচের জন্যেই এরা এক-একটি জাতিজাতিতে বিভক্ত, এই জাতিজাতির মধ্যে দুর্ভেদ্য ঐক্য। যে কারণেই হোক, তাদের এই ঐক্য যখন বহু শাখাধারার সম্মিলিত ঐক্যে স্ফীত হয়েছে তখন তাদের জয়বেগকে কিছুতে ঠেকাতে পারে নি। বিক্ষিপ্ত বিচ্ছিন্ন আরবীয় মরুবাসী জাতিজাতির যখন এক অখণ্ড ধর্মের ঐক্যে এক দেবতার নামে মিলেছিল তখন অচিরকালের মধ্যেই তাদের জয়পতাকা উড়েছিল কালবৈশাখীর রক্তরাগরঞ্জিত মেঘের মতো দূর পশ্চিমদিগন্ত থেকে দূর পূর্বদিগপ্রান্ত পর্যন্ত।

একদা আর্যজাতির এক শাখা পর্বতবিকীর্ণ মরুবেষ্টিত পারস্যের উচ্চভূমিতে আশ্রয় নিলে। তখন কোনো-এক অজ্ঞাতনামা সভ্যজাতি ছিল এখানে। তাদের রচিত যে-সকল কারুদ্রব্যের চিহ্নশেষ পাওয়া যায় তার নৈপুণ্য বিস্ময়জনক। বোধ করি বলা যেতে পারে মহেঞ্জদারো-যুগের মানুষ। তাদের সঙ্গে এদের হাতের কাজের মিল আছে। এই মিল এশিয়ায় বহুদূরবিস্তৃত। মহেঞ্জদারোর স্মৃতিচিহ্নের সাহায্যে তৎকালীন ধর্মের যে চেহারা দেখতে পাই অনুমান করা যায়, সে বৃষভবাহন শিবের ধর্ম। রাবণ ছিলেন শিবপূজক, রাম ভেঙেছিলেন শিবের ধনু। রাবণ যে জাতের মানুষ সে জাতি না ছিল অরণ্যচর, না ছিল পশুপালক। রামায়ণগত জনশ্রুতি থেকে বোঝা যায়, সে জাতি পরাভূত দেশ থেকে ঐশ্বর্যসংগ্রহ করে নিজের রাজধানীকে সমৃদ্ধ করেছে এবং অনেকদিন বাহুবলে উপেক্ষা করতে পেরেছে আর্যদেবতা ইন্দ্রকে। সে জাতি নগরবাসী। মহেঞ্জদারোর সভ্যতাও নাগরিক। ভারতের আদিম আরণ্যক বর্বরতার জাতির সঙ্গে যোগ দিয়ে আর্যেরা এই সভ্যতা নষ্ট করে। সেদিনকার দ্বন্দ্বের একটা ইতিহাস আছে পুরাণকথায়, দক্ষযজ্ঞে। একদা বৈদিক হোমের আগুন নিবিয়েছিল শিবের উপাসক, আজও হিন্দুরা সে উপাখ্যান পাঠ করে ভক্তির সঙ্গে। শৈব ও বৈষ্ণব ধর্মের কাছে বৈদিক দেবতার স্বর্ভতার কথা গৌরবের সঙ্গে পৌরাণিক ভারতে আখ্যাত হয়ে থাকে।

ষষ্ঠজন্মের দেড়হাজার বছর পূর্বে ইরানী আর্যেরা পারস্যে এসেছিলেন, যুরোপীয় ঐতিহাসিকদের এই মত। তাঁদের হোমায়ির জয় হল। ভারতবর্ষ বৃহৎ দেশ, উর্বর, জনসংকুল। সেখানকার আদিম জাতের নানা ধর্ম, নানা রীতি। তার সঙ্গে জড়িত হয়ে বৈদিক ধর্ম আচ্ছন্ন পরিবর্তিত ও অনেক অংশে

পরিবর্তিত হল— বহুবিধ, এমন-কি, পরস্পরবিরুদ্ধ হল তার আচার— নানা দেবদেবী নানা সম্প্রদায়ের সঙ্গে অভাগত হওয়াতে ভারতবর্ষে ধর্মজটিলতার অন্ত রইল না। পারস্যে এবং মোটের উপর পাশ্চাত্য এশিয়ার সর্বত্রই বাসযোগ্য স্থান সংকীর্ণ এবং সেখানে অল্পক্ষেত্রের পরিধি পরিমিত। সেই ছোটো জায়গায় যে আর্যেরা বাসপত্তন করলেন তাঁদের মধ্যে একটি বিশুদ্ধ সংহতি রইল, অন্যর্জনতার প্রভাবে তাঁদের ধর্মকর্ম বহু জটিল ও বিকৃত হল না। এশিয়ার এই বিভাগে কৃষ্ণবর্ণ নিগ্রোপ্রায় জাতির বসতি ছিল তার প্রমাণ পুরাতন সাহিত্যে আছে, কিন্তু ইরানীয়দের আর্যত্বকে তারা অভিভূত করতে পারে নি।

পারস্যের ইতিহাস যখন শাহনামার পুরাণকথা থেকে বেরিয়ে এসে স্পষ্ট হয়ে উঠল তখন পারস্যে আর্যদের আগমন হাজার বছর পেরিয়ে গেছে। তখন দেখি আর্যজাতির দুই শাখা পারস্য-ইতিহাসের আরম্ভকালকে অধিকার করে আছে, মীদিয় এবং পারসিক। মীদিয়েরা প্রথমে এসে উপনিবেশ স্থাপন করে, তার পরে পারসিক। এই পারসিকদের দলপতি ছিলেন হখমানিশ। তাঁরই নাম-অনুসারে এই জাতি গ্রীকভাষায় আকেমেনিড (Achaemenid) আখ্যা পায়। খৃস্টজন্মের সাড়ে-পাঁচশো বছর পূর্বে আকেমেনীয় পারসিকেরা মীদিয়দের শাসন থেকে সমস্ত পারস্যকে মুক্ত করে নিজেদের অধীনে একচ্ছত্র করে। সমগ্র পারস্যের সেই প্রথম অধিতীয় সম্রাট ছিলেন বিখ্যাত সাইরস, তাঁর প্রকৃত নাম খোরাস। তিনি শুধু যে সমস্ত পারস্যকে এক করলেন তা নয়, সেই পারস্যকে এমন এক বৃহৎ সাম্রাজ্যের চূড়ায় অধিষ্ঠিত করলেন সে যুগে যার তুলনা ছিল না। এই বীরবংশের এক পরম দেবতা ছিলেন অহুরমজদা। ভারতীয় আর্যদের বরুণদেবের সঙ্গেই তাঁর সাজাতা। বাহ্যিক প্রতিমার কাছে বাহ্যিক পূজা আহরণের দ্বারা তাঁকে প্রসন্ন করার চেষ্টাই তাঁর আরাধনা ছিল না। তিনি তাঁর উপাসকদের কাছ থেকে চেয়েছিলেন সাধু চিন্তা, সাধু বাক্য ও সাধু কর্ম। ভারতবর্ষের বৈদিক আর্যদেবতার মতোই তাঁর মন্দির ছিল না, এবং এখানকার মতোই ছিল অগ্নিবেদী।

তখনকার কালের সেমিটিক জাতীয়দের যুদ্ধে দয়াধর্ম ছিল না। দেশজোড়া হত্যা লুণ্ঠ বিধ্বংসন বন্ধন নির্বাসন, এই ছিল রীতি। কিন্তু সাইরস ও তাঁর পরবর্তী সম্রাটদের রাষ্ট্রনীতি ছিল তার বিপরীত। তাঁরা বিজিত দেশে ন্যায়বিচার সুবাবস্থা ও শান্তি স্থাপন করে তাকে সমৃদ্ধিশালী করেছেন। যুরোপীয় ঐতিহাসিকেরা বলেন, পারসিক রাজারা যুদ্ধ করেছেন মিতাচারিতার সঙ্গে, বিজিত জাতিদের প্রতি অনির্দয় হিতৈষণা প্রকাশ করেছেন, তাদের ধর্মে তাদের আচারে হস্তক্ষেপ করেন নি, তাদের স্বাদেশিক দলনায়কদের স্বপদে রক্ষা করেছেন। তার প্রধান কারণ, কী যুদ্ধে, কী দেশজয়ে, তাঁদের ধর্মনীতিকে তাঁরা ভুলতে পারেন নি। ব্যাবিলোনিয়ায় আসীরিয়ায় পূজার ব্যবহারে ছিল দেবমূর্তি। বিজেতারা বিজিত জাতির এই-সব মূর্তি নিয়ে যেত লুণ্ঠ করে। সাইরসের ব্যবহার ছিল তার বিপরীত। এইরকম লুণ্ঠ-করা মূর্তি তিনি যেখানে যা পেয়েছেন সেগুলি সব তাদের আদিম মন্দিরে ফিরিয়ে দিয়েছেন।

তার অনতিকাল পরে তাঁরই জাতিবংশীয় দরিয়ুস সাম্রাজ্যকে শত্রুহস্ত থেকে উদ্ধার করে আরো বহুদূর প্রসারিত করেন। পার্সিপোলিসের স্থাপনা ঐরই সময় হতে। এই যুগের আসীরিয়া ব্যাবিলন ইজিপ্ট গ্রীস প্রভৃতি দেশে বহু কীর্তি প্রধানত দেবমন্দির আশ্রয় করে প্রকাশ পেয়েছে, কিন্তু আকেমেনীয় রাজত্বে তার চিহ্ন পাওয়া যায় না। শত্রুজয়ের বিবরণচিত্র যে-যেখানে পাহাড়ের গায়ে ক্ষোদিত সেখানেই জরথুষ্ট্রীয়দের বরুণীয় দেবতা অহুরমজদার ছবি শীর্ষদেশে উৎকীর্ণ, অর্থাৎ নিজেদের সিদ্ধিলাভ যে তাঁরই প্রসাদে এই কথাটি তার মধ্যে স্বীকৃত। কিন্তু মন্দিরে মূর্তিস্থাপন করে পূজা হত তার প্রমাণ নেই। প্রতীকরূপে অগ্নিস্থাপনার চিহ্ন পাওয়া যায়। ইতিহাসের প্রথম আরম্ভ হতেই একদেবতার সরল পূজাপদ্ধতি পারসিক জাতিকে ঐক্য এবং শক্তি দেবার সহায়তা করেছে তাতে সন্দেহ নেই।

বড়ো সাম্রাজ্য হাতে নিয়ে ছিন্ন থাকবার জো নেই। কেবলই তাকে বৃদ্ধির পথে নিয়ে যেতে হয়, বিশেষত চারি দিকে যেখানে প্রতিকূল শক্তি। এইরকম নিত্য প্রয়াসে বলক্ষয় হয়ে ক্লান্তি দেখা দেয়। অবশেষে হঠাৎ আঘাতে অতি স্থূল রাষ্ট্রিক দেহটা চারি দিক থেকে ভেঙে পড়ে। কোনো জাতির মধ্যে

বা রাজবংশে সাম্রাজ্যভার অতি দীর্ঘকাল বহন করবার শক্তি টিকে থাকতেই পারে না। কেননা সাম্রাজ্য পদার্থটাই অস্বাভাবিক, যে এককগুলির সমষ্টিতে সেটা গঠিত তাদের মধ্যে ঐকান্তিকতা নেই, জব্দস্তির সম্বন্ধ বিচ্ছিন্ন হবার জন্যে ভিতরে ভিতরে নিরন্তর চেষ্টা করে, তা ছাড়া বহুবিস্তৃত সীমানা বহুবিস্তৃত বিবাদে সংশ্রবে আসতে থাকে। আকেমেনীয় সাম্রাজ্যও আপন গুরুভারে ক্রমেই হীনবল হয়ে অবশেষে আলেকজান্ডারের হাতে চরম আঘাত পেলে। এক আঘাতেই সে পড়ে গেল তার একমাত্র কারণ আলেকজান্ডার নয়। অতি বৃহদাকার প্রতাপের দুর্ভর ভার ব্রাহকেরা একদিন নিশ্চিত বর্জন করতে বাধ্য, ভগ্ন-উর্ধ্ব ধূলিশায়ী মৃত দুর্যোধনের মতো ভগ্নাবশিষ্ট পের্সিপোলিস এই তত্ত্ব আত্ম বহন করছে। আলেকজান্ডারের জোড়াতাড়া-দেওয়া সাম্রাজ্যও অল্পকালের আয়ু নিয়েই সেই তত্ত্বের উত্তরাধিকারী হয়েছিল সে কথা সুবিদিত।

এখান থেকে আর এক ঘণ্টার পথ গিয়ে সাদাতাবাদ গ্রামে আমাদের মধ্যাহ্নভোজন। একটি বড়ো রকমের গ্রাম, পথের দুই ধারে ঘনসংলগ্ন কাঁচা ইটের ও মাটির ঘর, দোকান ও ভোজনশালা। পেরিয়ে গিয়ে দেখি পথের ধারে ডান পাশে মাটি ছেয়ে নানা রঙের মেঠোফুল ভিড় করে আছে। দীর্ঘ এলম্ব বনস্পতির ছায়াতলে তরুী জলধারা স্নিগ্ধ কলশকে প্রবাহিত। এই রমণীয় উপবনে ঘাসের উপর কাপেট বিছিয়ে আহার হল। পোলাও মাংস ফল ও যথেষ্ট পরিমাণে ঘোল।

আকাশে মেঘ জমে আসছে। এখান থেকে নব্বই মাইল পরে আবাদে-নামক ছোটো শহর, সেখানে রাত্রিযাপনের কথা। দূরে দেখা যাচ্ছে তুষাররেখার-তিলক-কাটা গিরিশিখর। দেহবিদ গ্রাম ছাড়িয়ে সূর্যাকে পৌঁছলুম। পথের মধ্যে সেখানকার প্রধান রাজকর্মচারী অভ্যর্থনা জানিয়ে আগে চলে গেলেন। বেলা পাঁচটার সময় পৌঁছলুম পুরপ্রাসাদে। কাল ভোরের বেলা রওনা হয়ে ইস্কাহানে পৌঁছব দ্বিপ্রহরে।

যারা খাঁটি ভ্রমণকারী তারা জাতই আলাদা। এক দিকে তাদের শরীর মন চিরচলিকু, আর-এক দিকে অনভাস্তের মধ্যে তাদের সহজ বিহার। যারা শরীরটাকে স্তব্ধ রেখে মনটাকে চালায় তারা অন্য শ্রেণীর লোক। অথচ রেলগাড়ি-মোটরগাড়ির মধ্যস্থতায় এই দুই জাতের পঙ্ক্তিতেদ রইল না। কোনো মানুষের ভ্রমণ আপন কোণ থেকে আপন কোণেই আসবার জন্যে। আমাদের আধ্যাত্মিক ভাষায় যাদের বলে কনিষ্ঠ অধিকারী। তারা বাধা বাস্তায় সস্তায় টিকিট কেনে, মনে করে মুক্তিপথে ভ্রমণ সারা হল, কিন্তু ঘটা করে ফিরে আসে সেই আপন সংকীর্ণ আড্ডায়, লাভের মধ্যে, হয়তো সংগ্রহ করে অহংকার।

ভ্রমণের সাধনা আমার ধাতে নেই, অন্তত এই বয়সে। সাধক যারা, দুর্গমতার কৃচ্ছসাধনে তাদের স্বভাবের আনন্দ, পথ খুঁজে বের করবার মহৎ ভার তাদের উপর। তারা শ্রেষ্ঠ অধিকারী, ভ্রমণের চরম ফল তারাই পায়। আমি আপাতত মোটরে চড়ে চললুম ইস্কাহানে।

সকালবেলা মেঘাচ্ছন্ন, কাল বিকেল থেকেই তার আয়োজন। আজ শীত পড়েছে রীতিমত। একঘেয়ে শূন্যপ্রায় প্রান্তরে আসন্ন বৃষ্টির ছায়া বিস্তীর্ণ। দিগন্ত বেটন করে যে গিরিমালা, নীলাভ অম্পটতায় সে অবগুষ্ঠিত। ঘণ্টার পর ঘণ্টা চলেছি অন্তহীন, আলোর-চিহ্ন-হীন মাঠের মধ্যে বিসর্পিত পথ দিয়ে। কিন্তু মানুষ কোথায়। চাষী কেন হাল লাঙল নিয়ে মাঠে আসে না। হাটের দিন হাট করতে যায় না কেউ; ফসলের খেত নিড়োবার বৃষ্টি দরকার নেই? দূরে দূরে বন্দুকধারী পাহারাওয়াল দাঁড়িয়ে, তার থেকে আন্দাজ করা যায় ঐ দিগন্তের বাইরে অদৃশ্য নেপথ্যে কোথাও মানুষের নানাঙ্কবিঘটিত সংসারযাত্রা চলেছে। মাঠে কোথাও-বা ফসল, কোথাও-বা বহুদূর ধরে আগাছা, তাতে উর্ধ্বপুচ্ছ সাদা সাদা ফুলের স্তবক। মাঝে মাঝে ছোটো নদী, কিন্তু তাকে আঁকড়ে নেই গ্রাম। মেয়েরা জল তোলে না, কাপড় কাচে না, স্নান করে না, গোরুবাছুর জল খায় না; নির্জন পাহাড়ের তলা দিয়ে চলে, যেন সন্তানহীন বিধবার মতো। অনেকক্ষণ পরে বিনা ভূমিকায় এসে পড়ে মাটির পাঁচিলেঘেরা গ্রাম, একটু পরেই আর তার অনুবৃষ্টি নেই। আবার সেই শূন্য মাঠ, আর মাঠের শেষে ঘিরে আছে পাহাড়।

পথে যেতে যেতে এক জায়গায় দেখি এই উচ্চভূমি হঠাৎ বিদীর্ণ হয়ে নেমে গেছে, আর সেই গহ্বরতল থেকে খাড়া একটা পাহাড় উঠেছে। এই পাহাড়ের গায়ে স্তরে স্তরে খোপে খোপে মানুষের বাসা, ভাঙন-ধরা পথের পাড়িতে গাঙশালিখের বাসার মতো। চারি দিক থেকে বিচ্ছিন্ন এই কোটর-নিবাসগুলিতে গ্রবেশের জন্যে কাঠের-তক্তা-ফেলা সংকীর্ণ সাকো। মানুষের চাকের মতো এই লোকালয়টির নাম ইয়েজদিখস্ত।

দুপুর বেজেছে। ইফাহানের পৌরজনের পক্ষ থেকে অভ্যর্থনা বহন করে মোটররথে লোক এল। সেই অভ্যর্থনার সঙ্গে এই শা-রেজা গ্রামের একটি কবির কাব্য ছিল মিলিত। সেই কাব্যটির ইংরেজি তর্জমা এইখানে লিখে দিই :

The caravans of India always carry sugar but this time it has the perfume of the muse. O caravan, please stop your march, because burning hearts are following thee like the butterflies which burn around the flame of candles.

O zephyr, softly blow and whisper on the tomb of Saadi. Thereupon in joy Saadi will come to life in his tomb.

Tagore, he is the unique, the philosopher who knows what is past and what the future holds.

Let his arrival be blessed and fortunate in the land of the great Cyrus, an august descendant of whom to-day fortunately wears the crown of Persia.

পথের ধারে দেখা দিল এলম্ পপলার অলিভ ও তুঁত গাছের শ্রেণী। সামনে দেখা যায় ঢালু পাহাড়ের গায়ে দূর প্রসারিত ইফাহান শহর।

৬

পূর্বেই বলে রেখেছিলুম, আমি সম্মাননা চাই নে, আমাকে যেন একটি নিভৃত জায়গায় যথাসম্ভব শান্তিতে রাখা হয়। উপর থেকে সেইরকম হুকুম এসেছে। তাই এসেছি একটি বাগানবাড়িতে। বাগানবাড়ি বললে একে খাটো করা হয়। এ একটি মস্ত সুসজ্জিত প্রাসাদ। যিনি গবর্নর তিনি ধীর সুগম্ভীর, শান্ত তাঁর সৌজন্য, এর মধ্যে প্রাচ্যপ্রকৃতির মিতভাষী অচঞ্চল আভিজাত্য।

শুনতে পাই এই বাড়ির যিনি মালিক তিনি আমাদের দেশের সেকোলে কোনো কোনো ডাকাতে জমিদারদের মতো ছিলেন। একদা এখানে সশস্ত্রে সৈন্যে অনেক দৌরাখ্য করেছেন। এখন অস্ত্র সৈন্য কেড়ে নিয়ে তাঁকে তেহেরানে রাখা হয়েছে, কারাবন্দীরূপে নয়, নজরবন্দীরূপে। তাঁর ছেলেরদের যুরোপে শিক্ষার জন্যে পাঠানো হয়েছে। ভারত গবর্নমেন্টের শাসননীতির সঙ্গে কিছু প্রভেদ দেখছি। মোহমেরার শেখ, গবর্নমেন্টের বিরুদ্ধে বিদ্রোহ উত্তেজিত করবার চেষ্টা করাতে রাজা সৈন্য নিয়ে তাঁকে আক্রমণের উদ্যোগ করেন। তখন শেখ সজ্জির প্রার্থনা করতেই সে প্রার্থনা মঞ্জুর হল। এখন তিনি তেহেরানে বাসা পেয়েছেন। তাঁর প্রতি নজর রাখা হয়েছে, কিন্তু তাঁর গলায় ফাঁস বা হাতে শিকল চড়ে নি।

অপরাত্নে যখন শহরে প্রবেশ করেছিলুম তখন ক্রান্ত দৃষ্টি শ্রান্ত মন ভালো করে কিছুই গ্রহণ করতে পারে নি। আজ সকালে নির্মল আকাশ, স্নিগ্ধ রৌদ্র। দোতলায় একটি কোণের বারান্দায় বসেছি। নীচের বাগানে এলম্ পপলার উইলো গাছে বেষ্টিত ছোটো জলাশয় ও ফোয়ারা। দূরে গাছপালার মধ্যে একটি মসজিদের চূড়া দেখা যাচ্ছে, যেন নীলপদ্মের কুঁড়ি, সূচিকণ নীল পারসিক টালি দিয়ে তৈরি, এই সকালবেলাকার পাতলা মেঘে-ছোওয়া আকাশের চেয়ে ঘনতর নীল। সামনের কাঁকর-বিছানো রাস্তায় সৈনিক প্রহরী পায়চারী করছে।

এ-পর্যন্ত সমস্ত পারস্যে দেখে আসছি এরা বাগানকে কী ভালোই না বাসে। এখানে চারি দিকে

সবুজ রঙের দুর্ভিক্ষ, তাই চোখের কুখা মেটাবার এই আয়োজন। বাবর ভারতবর্ষে বাগানের অভাব দেখে অবজ্ঞা প্রকাশ করেছিলেন। তিনি এসেছিলেন মরুপ্রদেশ থেকে, বাগান তাঁদের পক্ষে শুধু কেবল বিলাসের জিনিস ছিল না, ছিল অত্যাবশ্যিক। তাকে বহুসাধনায় পেতে হয়েছে বলে এত ভালোবাসা। বাংলাদেশের মেয়েরা পশ্চিমের মেয়েদের মতো পরবার শাড়িতে রঙের সাধনা করে না, চারি দিকেই রঙ এত সুন্দর। বাংলায় দোলাই-কাঁথার রঙ ফলে ওঠে নি, লতাপাতার রঙিন ছাপওয়াল ছিট পশ্চিমে। বাড়ির দেয়ালে রঙ লাগায় মারোয়াড়ি, বাঙালি লাগায় না।

আজ সকালবেলায় স্নান করবার অবকাশ রইল না। একে একে এখানকার মুনিসিপালিটি, মিলিটারি-বিভাগ, শিক্ষাবিভাগ, বনিকসভা আমাকে সাদর সম্ভাষণ জানাতে এসেছিলেন।

বেলা তিনটের পর শহর পরিক্রমণে বেরলুম। ইম্পাহানের একটি বিশেষত্ব আছে, সে আমার চোখে সুন্দর লাগল। মানুষের বাসা প্রকৃতিকে একঘরে করে রাখে নি, গাছের প্রতি তার ঘনিষ্ঠ আনন্দ শহরের সর্বত্রই প্রকাশমান। সারিবাধা গাছের তলা দিয়ে দিয়ে জলের ধারা চলেছে, সে যেন মানুষেরই দরদের প্রবাহ। গাছপালার সঙ্গে নিবিড় মিলনে নগরটিকে সুস্থ প্রকৃতিস্থ বলে চোখে ঠেকে। সাধারণত উড়ো-জাহাজে চড়ে শহরগুলোকে দেখলে যেন মনে হয় পৃথিবীর চর্মরোগ।

মানুষের নিজের হাতের আশ্চর্য কীর্তি আছে এই শহরের মাঝখানে, একটি বৃহৎ ময়দান ঘিরে। এর নাম ময়দান-ই-শা অর্থাৎ বাদশাহের ময়দান। এখানে এক কালে বাদশাহের পোলো খেলবার জায়গা ছিল। এই চত্বরের দক্ষিণ সীমানার মাঝখানে দাঁড়িয়ে আছে মসজিদ-ই-শা। প্রথম শা আক্বাসের আমলে এর নির্মাণ আরম্ভ, আর তাঁর পুত্র দ্বিতীয় শা আক্বাসের সময়ে তার সমাপ্তি। এখন এখানে ভজন্যের কাজ হয় না। বর্তমান বাদশাহদের আমলে বহুকালের ধুলো ধুয়ে একে সাফ করা হচ্ছে। এর স্থাপত্য একাধারে সমুচ্চ গম্বীর ও সযত্নসুন্দর, এর কারুকার্য বলিষ্ঠ শক্তির সুকুমার সুনিপুণ অধ্যবসায়ের ফল। এর পার্শ্ববর্তী আর-একটি মসজিদ মাদ্রাসে-ই-চাহার বাগে প্রবেশ করলুম। এক দিকে উচ্ছ্রিত বিপুলতায় এ সুমহান, যেন স্তবমন্ত্র, আর-এক দিকে সমস্ত ভিত্তিকে ঝচিত করে বর্ণসংগতির বিচিত্রতায় রমণীয়, যেন গীতিকাব্য। ভিতরে একটি প্রাঙ্গণ, সেখানে প্রাচীন চেনার গাছ এবং তঁত, দক্ষিণ ধারে অত্যুচ্চগুহুজওয়াল সুপ্রশস্ত ভজন্যগৃহ। যে টালিতে ভিত্তি মণ্ডিত তার কোথাও কোথাও চিকণ পাতলা বর্ণপ্রলেপ ক্ষয়প্রাপ্ত, কোথাও-বা পরবর্তীকালে টালি বদল করতে হয়েছে, কিন্তু নূতন যোজন্যটা খাপ খায় নি। আগেকার কালের সেই আশ্চর্য নীল রঙের প্রলেপ এ কালে অসম্ভব। এ ভজন্যালয়ের যে ভাবটি মনকে অধিকার করে সে হচ্ছে এর সুনির্মল সমুদার গম্বীর্য। অনাদর-অপরিচ্ছন্নতার চিহ্ন কোথাও নেই। সর্বত্র একটি সসম্ভ্রম সম্মান যথার্থ শুচিতা রক্ষা করে বিরাজ করছে।

এই মসজিদের প্রাঙ্গণে যাদের দেখলেম তাদের মোল্লার বেশ। নিকরংসুক দৃষ্টিতে আমাদের দিকে তাকিয়ে দেখলে, হয়তো মনে মনে প্রসন্ন হয় নি। শুনলুম আর দশ বছর আগে এখানে আমাদের প্রবেশ সম্ভবপর হত না। শুনে আমি যে বিস্মিত হব সে রাস্তা আমার নেই। কারণ, আর বিশ বছর পরেও পুরীতে জগন্নাথের মন্দিরে আমার মতো কোনো ব্রাত্য যে প্রবেশ করতে পারবে সে আশা করা বিড়ম্বনা।

শহরের মাঝখান দিয়ে বালুশয্যার মধ্যে বিভক্ত-ধারা একটি নদী চলে গেছে। তার নাম জই আন্দেক, অর্থাৎ জন্মদায়িনী। এই নদীর তলদেশে যেখানে খোঁড়া যায় সেখান থেকেই উৎস ওঠে, তাই এর এই নাম— উৎসজননী। কলকাতার ধারে গঙ্গা যেরকম ক্রিষ্ট কলুবিত শৃঙ্খলজর্জর, এ সেরকম নয়। গঙ্গাকে কলকাতা কিংকরী করেছে, সখী করে নি, তাই অবমানিত নদী হারিয়েছে তার রূপলাবণ্য। এখানকার এই পুরবাসিনী নদী গঙ্গার তুলনায় অগভীর ও অপ্রশস্ত বটে, কিন্তু এর সুস্থ সৌন্দর্য নগরের হৃদয়ের মধ্যে দিয়ে চলেছে আনন্দ বহন করে।

এই নদীর উপরকার একটি ব্রিজ দেখতে এলুম, তার নাম আলিবর্দী-খার পুল। আলিবর্দী

শা-আব্বাসের সেনাপতি, বাদশাহর হুকুমে এই পুল তৈরি করেছিলেন। পৃথিবীতে আধুনিক ও প্রাচীন অনেক ব্রিজ আছে, তার মধ্যে এই কীর্তিটি অসাধারণ। বহুখিলানওয়ালা তিন-তলা এই পুল; শুধু এটার উপর দিয়ে পশ্চিম পার হয়ে যাবে বলে এ তৈরি হয় নি— অর্থাৎ এ শুধু উপলক্ষ নয়, এও স্বয়ং লক্ষ্য। এ সেই দিলদরিয়া যুগের রচনা যা আপনার কাজের তাড়াতেও আপন মর্যাদা ভুলত না।

ব্রিজ পার হয়ে গেলুম এখানকার আর্মনি গির্জায়। গির্জার বাহিরে ও অঙ্গনে ভিড় জমেছে।

ভিতরে গেলুম। প্রাচীন গির্জা। উপাসনা-ঘরের দেয়াল ও ছাদ চিত্রিত, অলংকৃত। দেয়ালের নীচের দিকটায় সুন্দর পারসিক টালির কাজ, বাকি অংশটায় বাইবেল-বর্ণিত পৌরাণিক ছবি আঁকা। জনশ্রুতি এই যে, কোনো ইটালিয়ান চিত্রকর ভ্রমণ করতে এসে এই ছবিগুলি ংকেছিলেন।

তিনশো বছর হয়ে গেল, শা-আব্বাস ক্রশিয়া থেকে বহু সহস্র আর্মনি আনিয়ে ইম্পাহানে বাস করান। তারা কারিগর ছিল ভালো। তখনকার দেশবিজয়ী রাজারা শিল্পদ্রব্যের সঙ্গে শিল্পীদেরও লুণ্ঠ করতে ছাড়তেন না। শা-আব্বাসের মৃত্যুর পর তাদের উপর উৎপাত আরম্ভ হল। অবশেষে নাদির শাহের আমলে উপদ্রব এত অসহ্য হয়ে উঠল যে টিকতে পারলে না। সেই সময়েই আর্মনিরা প্রথম ভারতবর্ষে পালিয়ে আসে। বর্তমান বাদশাহের আমলে তাদের কোনো দুঃখ নেই। কিন্তু সে কালে কাকনৈপুণ্য সম্বন্ধে তাদের যে খ্যাতি ছিল এখন তার কিছু বাকি আছে বলে বোধ হল না।

বাজারের মধ্য দিয়ে বাড়ি ফিরলুম। আজ কী-একটা পরবে দোকানের দরজা সব বন্ধ। এখানকার সুদীর্ঘ চিনার-বীথিকায় গিয়ে পড়লুম। বাদশাহের আমলে এই রাস্তার মাঝখান দিয়ে টালি-বাধানো নালায় জল বইত, মাঝে মাঝে খেলত ফোয়ারা, আর ছিল ফুলের কেয়ারি। দরকারের জিনিসকে করেছিল আদরের জিনিস; পথেরও ছিল আমন্ত্রণ, আতিথা।

ইম্পাহানের ময়দানের চারি দিকে যে-সব অত্যাকর্ষ মসজিদ দেখে এসেছি তার চিন্তা মনের মধ্যে ঘুরছে। এই রচনা যে যুগের সে বহুদূরের, শুধু কালের পরিমাপে নয়, মানুষের মনের পরিমাপে। তখন এক-একজন শক্তিশালী লোক ছিলেন সর্বসাধারণের প্রতিনিধি। ভূতলসৃষ্টির আদিকালে ভূমিকম্পের বেগে যেমন বড়ো পাহাড় উঠে পড়েছিল তেমনি। এই পাহাড়কে সংস্কৃত ভাষায় বলে ভূধর, অর্থাৎ সমস্ত ভূমিকে এই এক-একটা উচ্চতা দৃঢ় করে ধারণ করে এইরকম বিশ্বাস। তেমনি মানবসমাজের আদিকালে এক-একজন গণপতি সমস্ত মানুষের বল আপনার মধ্যে সংহত করে জনসাধারণকে নিজের মধ্যে প্রকাশ করেছেন। তাতে সর্বসাধারণ আপনার সার্থকতা দেখে আনন্দ পেত। তাঁরা একলাই যেমন সর্বজনের দায়িত্ব গ্রহণ করতেন তেমনি তাঁদেরই মধ্যে সর্বজনের গৌরব, বহুজনের কাছে বহুকালের কাছে তাঁদের জ্বাবদিহি। তাঁদের কীর্তিতে কোনো অংশে দারিদ্র্য থাকলে সেই অমর্যাদা বহুলোকের, বহুকালের। এইজন্যে তখনকার মহৎ ব্যক্তির কীর্তিতে দুঃসাধাসাধন হয়েছে। সেই কীর্তি এক দিকে যেমন আপন স্বাতন্ত্র্য বড়ো তেমনি সর্বজনীনতায়। মানুষ আপন প্রকাশে বহুতের যে কল্পনা করতে ভালোবাসে তাকে আকার দেওয়া সাধারণ লোকের সাধের মধ্যে নয়। এইজন্যে তাকে উপযুক্ত আকারে প্রকাশ দেবার ভার ছিল নরোত্তমের, নরপতির। রাজা বাস করতেন রাজপ্রাসাদে, কিন্তু বস্তুত সে প্রাসাদ সমস্ত প্রজার— রাজার মধ্য দিয়ে সমস্ত প্রজা সেই প্রাসাদের অধিকারী। এইজন্যে রাজাকে অবলম্বন করে প্রাচীনকালে মহাকায় শিল্পসৃষ্টি সম্ভবপর হয়েছিল। পর্সিপোলিসে দরিয়ুস রাজার রাজগৃহে যে ভগ্নাবশেষ দেখা যায় সেটা দেখে মনে হয়, কোনো একজন ব্যক্তিবিশেষের ব্যবহারের পক্ষে সে নিতান্ত অসংগত। বস্তুত একটা বৃহৎ যুগ তার মধ্যে বাসা বেঁধেছিল— সে যুগে সমস্ত মানুষ এক-একটি মানুষে অভিব্যক্ত।

পর্সিপোলিসের যে কীর্তি আজ ভেঙে পড়েছে তাতে প্রকাশ পায়, সেই যুগ গেছে ভেঙে। এরকম কীর্তির আর পুনরাবর্তন অসম্ভব। যে প্রাস্তরে আজকের যুগ চাষ করছে, পশু চরাচ্ছে, যে পথ দিয়ে আজকের যুগ তার পণ্য বহন করে চলেছে, সেই প্রাস্তরের ধারে, সেই পথের প্রান্তে এই অতিকায় স্তম্ভগুলো আপন সার্থকতা হারিয়ে দাঁড়িয়ে আছে।

তবু মনে হয়, দৈবাৎ যদি না ভেঙে যেত তবু আজকের সংসারের মাঝখানে থাকতে পেত না।

যেমন আছে অজ্ঞতার গুহা, আছে তবু নেই। ঐ ভাঙা ধামগুলো সেকালের একটা সংকেতমাত্র নিয়ে আছে, ব্যতিব্যস্ত বর্তমানকে পথ ছেড়ে দিয়ে। সেই সংকেতের সমস্ত সূমহৎ তাৎপর্য অতীতের দিকে। নীচের রাস্তায় ধুলো উড়িয়ে ইতরের মতো গর্জন করে চলেছে মোটর-রথ। তাকেও অবজ্ঞা করা যায় না, তার মধ্যেও মানবমহিমা আছে। কিন্তু এরা দুই পৃথক-জাত, সগোত্র নয়। একটাতে আছে সর্বজনের সুযোগ, আর-একটাতে আছে সর্বজনের আত্মপ্রাণ। এই প্রাণের প্রকাশে আমরা দেখতে পেলুম সেই অতীতকালের মানুষ কেমন করে প্রবল ব্যক্তিস্বরূপের মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র নিজেকে মিলিয়ে দিয়ে এক-একটি বিরাট আকারে আপনাকে দেখতে চেয়েছে। প্রয়োজনের পরিমাপে সে আকারের মূল্য নয়, প্রয়োজনের চেয়ে অনেক বেশিকেই বলে ঐশ্বর্য— সেই ঐশ্বর্যকে তার অসামান্যরূপে মানুষ দেখতে পায় না, যদি কোনো প্রবল শক্তিশালীর মধ্যে আপন শক্তিকে উৎসৃষ্ট করে এই ঐশ্বর্যকে ব্যস্ত করা না হয়। নিজের নিজের ক্ষুদ্র শক্তি ক্ষুদ্র প্রয়োজনের মধ্যে প্রতিদিন খরচ হয়ে যায়, সেই দিনযাত্রা প্রয়োজনের-অতীত মহাত্মাকে বাধতে পারে না। সেই ঐশ্বর্য-যুগ, যে ঐশ্বর্য আবশ্যককে অবজ্ঞা করতে পারত, এখন চলে গেছে। তার সাজসজ্জা সমারোহভার এখনকার কাল বহন করতে অস্বীকার করে। অতএব সেই যুগের কীর্তি এখনকার চলতি কালকে যদি চেপে বসে তবে এই কালের অভিব্যক্তির পথকে বাধাগ্রস্ত করবে।

মানুষের প্রতিভা নবনবোন্মেষে, কোনো একটামাত্র আবির্ভাবকেই দীর্ঘায়িত করার দ্বারা নয়, সে আবির্ভাব যতই সুন্দর যতই মহৎ হোক। মাদুরার মন্দির, ইম্পাহানের মসজিদ প্রাচীন কালের অস্তিত্বের দলিল— এখনকার কালকে যদি সে দখল করে তবে তাকে জ্বরদখল বলব। তারা যে সজীব নয় তার প্রমাণ এই যে, আপন ধারাকে আর তারা চালনা করতে পারছে না। বাইরে থেকে তাদের হয়তো নকল করা যেতে পারে, কিন্তু নিজের ভিতরে তাদের নূতন সৃষ্টির আবেগ ফুরিয়ে গেছে।

এদের কৈফিয়ত এই যে, এরা যে ধর্মের বাহন এখনো সে টিকে আছে। কিন্তু আজকের দিনে কোনো সাম্প্রদায়িক ধর্ম ধর্মের বিস্তৃত প্রাণতন্ত্র নিয়ে টিকে নেই। যে-সমস্ত ইটকাঠ নিয়ে সেই-সব সাম্প্রদায়কে কালে কালে ঠেকো দিয়ে দিয়ে খাড়া করে রাখা হয়েছে তারা সম্পূর্ণ অন্য কালের আচার বিচার প্রথা বিশ্বাস জনশ্রুতি। তাদের অনুষ্ঠান, তাদের অনুশাসন এক কালের ইতিহাসকে অন্য কালের উপর চাপা দিয়ে তাকে পিছিয়ে রাখে।

সাম্প্রদায়িক ধর্ম জিনিসটাই সাবেক কালের জিনিস। পুরাকালের কোনো একটা বাধা মত ও অনুষ্ঠানকে সকল কালেই সকলে মিলে মানতে হবে, এই হচ্ছে সাম্প্রদায়ের শাসন। বস্তুত এতকাল রাজশক্তি ও পৌরোহিতশক্তি জুড়ি মিলিয়ে চলেছে। উভয়েই জনসাধারণের আত্মশাসনভার, চিন্তার ভার, পূজার ভার, তাদের স্বাধীন শক্তি থেকে হরণ করে অন্যত্র এক জায়গায় সংহত করে রেখেছে। ব্যক্তিবিশেষ যদি নিজের চিন্তাশক্তির প্রবর্তনায় স্বাতন্ত্র্যের চেঁচা করে তবে সেটাকে বিদ্রোহের কোঠায় ফেলে তাকে প্রাণান্তকর কঠোরতার সঙ্গে শাসন করে এসেছে। কিন্তু রাষ্ট্রনৈতিক শক্তি ক্রমে এক কেন্দ্রের হাত থেকে সাধারণের পরিধিতে ব্যাপ্ত হয়ে পড়েছে, অথচ চিরকালের মতো বাধা মতের ধর্মসম্প্রদায় আজকের দিনে সকলেরই চিন্তাকে এক শাসনের দ্বারা, ভয়ের দ্বারা, লোভের দ্বারা, মোহের দ্বারা অভিভূত করে স্থাবর করে রেখে দেবে— এ আর চলবে না। এই কারণে এইরকম সাম্প্রদায়িক ধর্মের যা-কিছু প্রতীক তাকে আজ জোর-করে রক্ষা করতে গেলে মানুষ নিজের মনের জোর খোঁওয়াবে; বয়স উত্তীর্ণ হলেও যে ছেলে মায়ের কোল আঁকড়ে মেয়েলি স্বভাব নিয়ে থাকে তারই মতো অপদার্থ হয়ে থাকবে।

প্রাচীন কীর্তি টিকে থাকবে না এমন কথা বলি নে। থাক— কিন্তু সে কেবল স্মৃতির বাহনরূপে, ব্যবহারের ক্ষেত্ররূপে নয়। যেমন আছে স্ক্যান্ডিনেবীয় সাগা— তাকে কাব্য বলে স্বীকার করব, ধর্মগ্রন্থ বলে ব্যবহার করব না। যেমন আছে প্যারাডাইস লস্ট— তাকে ভোগ করবার জন্যে, মানবার জন্যে নয়। যুরোপে পুরাতন ক্যাথিড্রাল আছে অনেক, কিন্তু মানুষের মধ্যযুগীয় যে ধর্মবোধ থেকে তার উদ্ভব

ভিতরে ভিতরে তার পরিবর্তন হয়ে গেছে। ঘাট আছে, জল গেছে সরে। সে ঘাটে নৌকো বেধে রাখতে বাধা নেই, কিন্তু সে নৌকোয় খেয়া চলবে না। যুগে যুগে জ্ঞানের পরিধিবিস্তার, তার অভিজ্ঞতার সংশোধন, তার অবস্থার পরিবর্তন চলছেই; মানুষের মন সেইসঙ্গে যদি অচল আচারে বিজড়িত ধর্মকে শোধন করে না নেয় তা হলে ধর্মের নামে হয় কপটতা নয় মূঢ়তা নয় আত্মপ্রবঞ্চনা জন্মে উঠতে থাকবেই। এইজন্যে সাম্প্রদায়িক ধর্মবুদ্ধি মানুষের যত অনিষ্ট করেছে এমন বিষয়বুদ্ধি করে নি। বিষয়াসক্তির মোহে মানুষ যত অন্যায়ী যত নিষ্ঠুর হয়, ধর্মমতে আসক্তি থেকে মানুষ তার চেয়ে অনেক বেশি ন্যায়প্রিয় অন্ধ ও হিংস্র হয়ে ওঠে, ইতিহাসে তার ধারাবাহিক প্রমাণ আছে; আর তার সর্বনেশে প্রমাণ ভারতবর্ষে আমাদের ঘরের কাছে প্রতিদিন যত পেয়ে থাকি এমন আর-কোথাও নয়।

এসঙ্গে এ কথাও আমার মনে এসেছে যে মনুর পরামর্শ ছিল ভালো। সংসারের ধর্মই হচ্ছে সে সরে সরে যায়, অথচ একটা বয়সের পর যাদের মন আর কালের সঙ্গে তাল রেখে সরতে পারে না সংসারের ব্যবহার থেকে তাদের দূরে থাকে উচিত— যেমন দূরে আছে ইলোরার গুহা, খণ্ডগিরির মূর্তি সব। যদি তারা নিজের যুগকে পূর্ণতা দিয়ে থাকে তবে তাদের মূল্য আছে, কিন্তু সে মূল্য আদর্শের মূল্য। আদর্শ একটা জায়গায় স্থির হয়ে ঠেকেছে বলেই তাকে দিয়ে আমরা পরিমাপের কাজ করি। জলের মধ্যে যদি কোথাও পাহাড় মাথা তুলে দাঁড়িয়ে থাকে তবে বন্যার উচ্ছলতা কতদূর উঠল সেই পাহাড়ের সঙ্গে তুলনা করে সেটা আমরা বুঝতে পারি, কিন্তু শ্রোতের সঙ্গে সে পাহাড়ের কারবার নেই। তেমনি মানুষের কীর্তি ও ব্যক্তিত্ব যখন প্রচলিত জীবনযাত্রার সঙ্গে অসংস্কৃত হয়ে পড়ে তখন তারা আমাদের অন্য কোনো কাজ না হোক আদর্শরচনার কাজে লাগে। এই আদর্শ নকল করায় না, শক্তির মধ্যে বেগ সঞ্চার করে। মহামানব নিজেকেই বহুগুণিত করবার জন্যে নয়, প্রত্যেক মানুষকে তার আপন শক্তিস্বাতন্ত্র্যের চরমতার দিকে অগ্রসর করবার জন্যে। পুরাতনকালের বৃদ্ধ যদি সেই আদর্শের কাজে লাগে তা হলে নূতনকালেও সে সার্থক। কিন্তু যদি সে নিজেকে চিরকাল পুনরাবর্তিত করবে বলে পণ করে বসে তবে সে আবর্জনা সৃষ্টি করবে।

অভ্যাসে যে মনকে পেয়ে বসে সে মনের মতগুলো মনন থেকে বিযুক্ত হয়ে যায়, অর্থাৎ চিন্তাধারার সঙ্গে চিন্তিত বিষয়ের সম্বন্ধ শিথিল হয়। ফুলের বা ফলের পালা যখন ফুরোয় তখন শাখার রসধারা তাকে বর্জন করতে চেষ্টা করে, কিন্তু তবু সে যদি বৃত্ত আঁকড়িয়ে থাকে তবে সেটা নিছক লোকসান। এইজন্যে মনুর কথা মানি— পঞ্চাশোর্ধ্বং বনং ব্রজেৎ। স্বাধীন শক্তিতে চিন্তা করা, প্রশ্ন করা, পরীক্ষা করার দ্বারাই মানুষের মনোবৃত্তি সুস্থ ও বীর্যবান থাকে। যারা সত্যই জরায়-পাওয়া তারা সমাজের সেই নূতন অধ্যবসায়ী পরীক্ষাপরায়ণ প্রশ্নরত বলিষ্ঠ স্বাস্থ্যকে নষ্ট না করুক, বাধা না দিক, মনুর এই ছিল অভিপ্রায়। পৃথিবীতে যে সমাজ তরুণ বৃদ্ধ বা প্রবীণ বৃদ্ধের অধিকৃত সে সমাজ পঙ্গু; বৃদ্ধের কর্মশক্তি অস্বাভাবিক, অতএব সে কর্ম স্বাস্থ্যকর নয়। তাদের মনের সক্রিয়তা স্বভাবের নিয়মে বাইরের দিক থেকে সরে এসে অন্তরের দিকে পরিণত হতে থাকে। তাই তাদের নিজের সার্থকতার জন্যেও অভিভাবকের পদ ছেড়ে দিয়ে সংসার থেকে নিভতে যাওয়াই কর্তব্য— তাতে ক্ষতি হবে, এ কথা মনে করা অহংকার মাত্র।

আজ ছাঙ্কিশে। পনেরো দিন মাত্র দেশ থেকে চলে এসেছি। কিন্তু মনে হচ্ছে যেন অনেকদিন হয়ে গেল। ভেবে দেখলুম, তার কারণ এ নয় যে, অনভ্যস্ত প্রবাসবাসের দুঃখ সময়কে চিরায়মান করেছে। আসল কথা এই যে, দেশে থাকি নিজের সঙ্গে নিতান্ত নিকটে আবদ্ধ বহু খুচরো কাজের ছোটো ছোটো সময় নিয়ে। এখানে অনেকটা পরিমাণে নিজেকে ও নিজাকীয়ে ছাড়িয়ে একটা ব্যাপক ভূমিকার উপরে থাকি। ভূমিতল থেকে নিঃসংস্কৃত উর্ধ্বে যেমন অনেকখানি দেশকে দেখা যায় তেমনি নিজের সুখদুঃখের-জ্বালে বদ্ধ, প্রয়োজনের-বৃপে-আচ্ছন্ন সময় থেকে দূরে এলে অনেকখানি সময়কে একসঙ্গে দেখতে পাওয়া যায়। তখন যেন দিনকে দেখি নে, যুগকে দেখি; দেখি ইতিহাসের

পৃষ্ঠায়— খবরের কাগজের প্যারাগ্রাফে নয়।

গবর্নরের ব্যবস্থায় এ দুইদিন রাত্রির আহারের পর ঘণ্টাখানেক ধরে এখানকার সংগীত শুনতে পাই। বেশ লাগে। তার বলে যে তারের যন্ত্র, অতি সূক্ষ্ম মৃদুধ্বনি থেকে প্রবল ঝংকার পর্যন্ত তার গতিবিধি। তাল দেবার যন্ত্রটাকে বলে ডম্বক, তার বোলের আওয়াজে আমাদের বায়া-তবলার চেয়ে বৈচিত্র্য আছে।

ইম্পাহানে আজ আমার শেষদিন, অপরাহ্নে পুরসভার তরফ থেকে আমার অভ্যর্থনা। যে প্রাসাদে আমার আমন্ত্রণ সে শা-আব্বাসের আমলের, নাম চিহ্নিত সতুন। সমুচ্চ পাথরের স্তম্ভশ্রেণীবিরাজিত এর অলিন্দ, পিছনে সভামণ্ডপ, তার পিছনে প্রশস্ত একটি ঘর— দেয়ালে বিচিত্র ছবি আঁকা। এক সময়ে কোনো-এক কদুৎসাহী শাসনকর্তা চুনকাম করে সমস্তটা ঢেকে দিয়েছিলেন। হাল আমলে ছবিগুলিকে আবার প্রকাশ করা হচ্ছে।

এখানকার কাজ শেষ হল।

দৈবাৎ এক-একটি শহর দেখতে পাওয়া যায় যার স্বরূপটি সুস্পষ্ট, প্রতি মুহূর্তে যার সঙ্গে পরিচয় ঘটতে থাকে। ইম্পাহান সেইরকম শহর। এটি পারস্যদেশের একটি পীঠস্থান। এর মধ্যে বহুযুগের, শুধু শক্তি নয়, প্রেম সজীব হয়ে আছে।

ইম্পাহান পারস্যের একটি অতি প্রাচীন শহর। একজন প্রাচীন ভ্রমণকারীর লিখিত বিবরণে পাওয়া যায় সেলজুক-রাজবংশীয় সুলতান মহম্মদের মাদ্রাসা ও সমাধির সম্মুখে তখন একটি প্রকাণ্ড দেবমূর্তি পড়ে ছিল। কোনো-একজন সুলতান ভারতবর্ষ থেকে এটি এনেছিলেন। তার ওজন ছিল প্রায় হাজার মণ।

দশ শতাব্দীর শেষভাগে সম্রাট শা আব্বাস আর্দাবিল থেকে তাঁর রাজধানী এখানে সরিয়ে নিয়ে আসেন। সাফাবি-বংশীয় এই শা আব্বাস পৃথিবীর রাজাদের মধ্যে একজন স্মরণীয় ব্যক্তি।

তিনি যখন সিংহাসনে উঠলেন তখন তাঁর বয়স ষোলো, ষাট বছর বয়সে তাঁর মৃত্যু। যুদ্ধবিপ্লবের মধ্য দিয়েই তাঁর রাজত্বের আরম্ভ। সমস্ত পারস্যকে একীকরণ এর মহৎকীর্তি। ন্যায়বিচারে দক্ষিণে ঐশ্বর্য়ে তাঁর খ্যাতি ছিল সর্বত্র পরিব্যাপ্ত। তাঁর ঔদার্য ছিল অনেকটা দিল্লীশ্বর আকবরের মতো। তাঁরা এক সময়ের লোকও ছিলেন। তাঁর রাজত্বে পরধর্মসম্প্রদায়ের প্রতি উৎপীড়ন ছিল না। কেবল শাসননীতি নয়, তাঁর সময়ে পারস্যে স্থাপত্য ও অন্যান্য শিল্পকলা সর্বোচ্চসীমায় উঠেছিল। ৪৩ বৎসর রাজত্বের পর তাঁর মৃত্যু হয়।

তাঁর মৃত্যুর সঙ্গে তাঁর মহিমার অবসান। অবশেষে একদা তাঁর শেষ বংশধর শা সুলতান হোসেন পারস্যবিজয়ী সুলতান মামুদের আসনতলে প্রণতি করে বললেন, 'পুত্র, যেহেতু জগদীশ্বর আমার রাজত্ব আর ইচ্ছা করেন না, অতএব আমার সাম্রাজ্য এই তোমার হাতে সমর্পণ করি।'

এর পর আফগান রাজত্ব। শাসনকর্তাদের মধ্যে হত্যা ও গুপ্তহত্যা এগিয়ে চলল। চারি দিকে লুটপাট ভাঙাচোরা। অত্যাচারে জর্জরিত হল ইম্পাহান।

অবশেষে এলেন নাদির শা। বাল্যকালে ছাগল চরাতে; অবশেষে একদিন ভাগ্যের চক্রান্তে আফগান ও তুর্কিদের তাড়িয়ে দিয়ে এই রাখাল চড়ে বসলেন শা আব্বাসের সিংহাসনে। তাঁর জয়পতাকা দিল্লি পর্যন্ত উড়ল। স্বরাজ্যে যখন ফিরলেন সঙ্গে নিয়ে এলেন বহুকোটি টাকা দামের লুটের মাল ও ময়ূরতন্ত্র সিংহাসন। শেষবয়সে তাঁর মেজাজ গেল বিগড়ে, আপন বড়োছেলের চোখ উপড়িয়ে ফেললেন। মাথায় খুন চড়ল। অবশেষে নিদ্রিত অবস্থায় তাঁবুর মধ্যে প্রাণ দিলেন তাঁর কোনো এক অনুচরের ছুরির ঘায়ে; শেষ হয়ে গেল বিজয়ী রাজমহিমা অখ্যাত মৃত্যুশয্যায়।

তার পরে অর্ধশতাব্দী ধরে কাড়াকাড়ি, খুনোখুনি, চোখ-ওপড়ানো। বিপ্লবের আবারে রক্তাক্ত রাজমুকুট লাল বৃন্দবৃদের মতো ক্ষণে ক্ষণে ফুটে ওঠে আর ফেটে যায়। কোথা থেকে এল কাজার-বংশীয় তুর্কি আগা মহম্মদ খাঁ। খুন করে, লুট করে, হাজার হাজার নারী ও শিশুকে বন্দী করে আপন পার্শ্বিকতার চূড়ো তুললে কর্মান শহরে, নগরবাসীর সমস্ত হাজার উৎপাটিত চোখ হিসাব করে

গানে নিলে। মহম্মদ খাঁর দস্যবৃন্দের চরমকীর্তি রইল খোরাসানে, সেখানে নাদির শাহের হতভাগ্য অঙ্ক পুত্র শা-রুখ ছিল রাজা। হিন্দুস্থান থেকে নাদির শাহের বহুমুলা লুণ্ঠের মাল গুপ্ত রাজকোষ থেকে উদ্ধীর্ণ করে নেবার জন্যে দস্যুশ্রেষ্ঠ প্রতিদিন শা-রুখকে যন্ত্রণা দিতে লাগল। অবশেষে একদিন শা-রুখের মুণ্ড ঘিরে একটা মুখোশ পরিয়ে তার মধ্যে সীসে গালিয়ে ঢেলে দিলে। এমনি করে শা-রুখের প্রাণ এবং ঔরস্বেজ্জ্বলের চুনি তার হস্তগত হল। তার পরে এশিয়ায় ক্রমে এসে পড়ল যুরোপের বণিকদল, ইতিহাসের আর-এক পর্ব আরম্ভ হল পূর্ব পশ্চিমের সংঘাতে। পারস্যে তার চক্রবাত্যা যখন পাক দিয়ে উঠছিল তখন ঐ কাজার-বংশীয় রাজা সিংহাসনে। বিদেশীর ঋণের নাগপাশে দেশকে জড়িয়ে সে ভোগবিলাসে উন্মত্ত, দুর্বল হাতের রাজ্যদণ্ড চালিত হচ্ছিল বিদেশীর তর্জনীসংকেতে।

এমন সময় দেখা দিলেন রেজা শা। পারস্যের জীর্ণ জর্জর রাষ্ট্রশক্তি সর্বত্র আজ উজ্জ্বল নবীন হয়ে উঠছে। আজ আমি আমার সামনে যে ইম্পাহানকে দেখছি তার উপর থেকে অনেকদিনের কালো কুহেলিকা কেটে গেছে। দেখা যায় এতকালের দুর্যোগে ইম্পাহানের লাবণ্য নষ্ট হয় নি।

আশ্চর্যের কথা এই যে, আরবের হাতে, তুর্কির হাতে, মোগলের হাতে, আফগানের হাতে পারস্য বার বার দলিত হয়েছে, তবু তার প্রাণশক্তি পুনঃপুন নিজেকে প্রকাশ করতে পারলে। আমার কাছে মনে হয় তার প্রধান কারণ—আকেমেনীয়, সাসানীয়, সাফাবি রাজাদের হাতে পারস্যের সর্বাঙ্গীণ ঐক্য বারংবার সুদৃঢ় হয়েছে। পারস্য সম্পূর্ণ এক, তার সভ্যতার মধ্যে কোনো আকারে ভেদবুদ্ধির ছিদ্র নেই। আঘাত পেলে সে পীড়িত হয়, কিন্তু বিভক্ত হয় না। রুশে ইংরেজে মিলে তার রাষ্ট্রিক সত্তাকে একদা দুখানা করতে বসেছিল। যদি তার ভিতরে ভিতরে বিভেদ থাকত তা হলে যুরোপের আঘাতে টুকরো টুকরো হতে দেরি হত না। কিন্তু যে মুহূর্তে শক্তিমান রাষ্ট্রনেতা সামান্যসংখ্যক সৈন্য নিয়ে এসে ডাক দিলেন, অমনি সমস্ত দেশ তাঁকে স্বীকার করতে দেরি করলে না; অবিলম্বে প্রকাশ পেলে যে, পারস্য এক।

পারস্য যে অন্তরে অন্তরে এক, তার প্রধান একটা প্রমাণ তার শিল্পের ইতিহাসে দেখতে পাওয়া যায়। আকেমেনীয় যুগে পারস্যে যে স্থাপত্য ও ভাস্কর্য উদ্ভাবিত হল তার মধ্যে আসীরিয়, ব্যাবিলনীয়, ইজিপ্টীয় প্রভাবের প্রমাণ আছে। এমন-কি, তখনকার প্রাসাদনির্মাণ প্রভৃতি কাজে বিপুলসাম্রাজ্যভুক্ত নানাদেশীয় কারিগর নিযুক্ত হয়েছিল। কিন্তু সেই বিচিত্র প্রভাব বিশিষ্ট ঐক্য লাভ করেছিল পারসিক চিত্রের দ্বারা। রাজার ফ্রাই এ সম্বন্ধে যে কথা বলেছেন এখানে উদ্ধৃত করি :

This extreme adaptability is, I think, a constant trait in Persian art. ... We tend, perhaps, at the present time to exaggerate the importance of originality in an art : we admire in it the expression of an independent and self-contained people, forgetting that originality may arise from a want of flexibility in the artist's make-up as well as from a new imaginative outlook.

নানা প্রভাব চারি দিক থেকে আসে ; জড়বুদ্ধি তাকে ঠেকিয়ে রাখে, সচেতন বুদ্ধি তাকে গ্রহণ করে আপনার মধ্যে তাকে ঐক্য দেয়। নিজের মধ্যে একটা প্রাণবান ঐক্যতত্ত্ব থাকলে বাইরের বহুকে মানুষ একে পরিণত করে নিতে পারে। পারস্য তার ইতিহাসে, তার আর্টে বাইরের অভ্যাগমকে আপন অঙ্গীভূত করে নিয়েছে।

পারস্যের ইতিহাসক্ষেত্রে একদিন যখন আরব এল তখন অতি অকস্মাৎ তার প্রকৃতিতে একটা মূলগত পরিবর্তন ঘটল। এ কথা মনে রাখা দরকার যে, বলপূর্বক ধর্মদীক্ষা দেওয়ার রীতি তখনো আরব গ্রহণ করে নি। আরবশাসনের আরম্ভকালে পারস্যে নানা সম্প্রদায়ের লোক একত্রে বাস করত এবং শিল্পরচনায় ব্যক্তিগত স্বাধীন রুচিকে বাধা দেওয়া হয় নি। পারস্যে ইসলাম ধর্ম অধিবাসীদের বেঙ্কনুসারে ক্রমে ক্রমে সহজে প্রবর্তিত হয়েছে। তৎপূর্বে ভারতবর্ষেরই মতো পারস্যে সামাজিক

শ্রেণীবিভাগ ছিল কঠিন, তদনুসারে শ্রেণীগত অবিচার ও অবমাননা জনসাধারণের পক্ষে নিশ্চয়ই পীড়ার কারণ হয়েছিল। স্বসম্প্রদায়ের মধ্যে ঈশ্বরপূজার সমান অধিকার ও পরস্পরের নিবিড় আত্মীয়তা এই ধর্মের প্রতি প্রজাদের চিন্ত আকর্ষণ করেছিল সন্দেহ নেই। এই ধর্মের প্রভাবে পারস্যে শিল্পকলার রূপ পরিবর্তন করাতে রেখালংকার ও ফুলের কাজ প্রাধান্য লাভ করেছিল। তার পরে তুর্কিরা এসে আরব সাম্রাজ্য ও সেইসঙ্গে তাদের বহুতর কীর্তি লুণ্ঠন করে দিলে, অবশেষে এল মোগল। এই-সকল কীর্তিনাশার দল প্রথমে যত উৎপাত করুক, ক্রমে তাদের নিজেদেরই মধ্যে শিল্পোৎসাহ সঞ্চারিত হতে লাগল। এমনি করে যুগান্তে যুগান্তে ভাঙচুর হওয়া সত্ত্বেও পারস্যে বার বার শিল্পের নবযুগ এসেছে। আকেমেনীয় সাসানীয় আরবীয় সেলজুক মোগল এবং অবশেষে সাকাবি শাসনের পর্বে পর্বে শিল্পের প্রবাহ ঝাঁক ফিরে ফিরে চলেছে, তবু লুপ্ত হয় নি, এরকম দৃষ্টান্ত বোধ হয় আর-কোনো দেশে দেখা যায় না।

৭

২৯ এপ্রেল। ইস্ফাহান থেকে যাত্রা করা গেল তেহেরানের দিকে। নগরের বাহিরেও অনেকদূর পর্যন্ত সবুজ খেত, গাছপালা ও জলের ধারা। মাঝে মাঝে গ্রাম। কোথাও-বা তারা পরিত্যক্ত। মাটির প্রাচীর ও দেওয়ালগুলি জীর্ণতার নানা ভঙ্গিতে দাঁড়িয়ে, ভিতের উপরে ছাদ নেই। এক জায়গায় এইরকম ভাঙা শূন্য গ্রামের সামনেই পথের ধারে পড়ে আছে উটের কঙ্কাল। ঐ ভাঙা ঘরগুলো, আর ঐ প্রাচীর বৃকের পাজর একই কথা বলছে। গ্রামের ভারবাহী যে-সব বাহন প্রাণহীন কিছুদিন তারাই থাকে বোবার মতো পড়ে, আর প্রাণ যায় চলে। এখানকার মাটির ঘর যেন মাটির তাঁবু— উপস্থিত প্রয়োজনের কণিক তাগিদে খাড়া করা, তার পরে তার মূল্য কুরিয়ে যায়। দেখি আর ভাবি, এই তো ভালো। গড়ে তোলাও সহজ, ফেলে যাওয়াও তাই। বাসার সঙ্গে নিজেকে ও অপরিচিত আগামীকালকে বেঁধে রাখবার বিড়ম্বনা নেই। মানুষের কেবল যদি একটামাত্র দেহ থাকত বংশানুক্রমে সকলের জন্যে, খুব মজবুত চতুর্দন্ত হাতির হাড় আর গণ্ডারের সাত-পুরু চামড়া দিয়ে খুব পাকা করে তৈরি চোদ্দ পুরুষের একটা সরকারি দেহ, যেটা অনেকজনের পক্ষে মোটামুটিভাবে উপযোগী, কিন্তু কোনো-একজনের পক্ষে প্রকৃষ্টভাবে উপযুক্ত নয়, নিশ্চয় সেই দেহদুর্গটা প্রাণপুরুষের পছন্দসই হত না। আপন বসতবাড়িকে বংশানুক্রমে পাকা করে তোলাবার চেঁচা প্রাণধর্মের বিরুদ্ধ। পুরানো বাড়ি আপন যুগ পেরতে না পেরতে পোড়োবাড়ি হতে বাধ্য। পিতৃপুরুষের অপব্যয়কে উপেক্ষা করে নতুন বংশ নতুন পাড়ায় গিয়ে বাসা করে। আশ্চর্য এই যে, সেও ভাবী ভগ্নাবশেষ সৃষ্টি করবার জন্যে দশ পুরুষের মাপে অচল ভিত বানাতে থাকে। অর্থাৎ, মরে গিয়েও সে ভাবীকালকে জুড়ে আপন বাসার বাস করবে এই কল্পনাতেই মুগ্ধ। আমার মনে হয়, যে-সব ইমারত ব্যক্তিগত ব্যবহারের জন্যে নয়, স্থায়িত্বকামী স্থাপত্য তাদেরই সাজে।

কিছু দূরে গিয়ে আবার সেই শূন্য শুষ্ক ধরণী, গেরুয়া চাদরে ঢাকা তার নিরলংকৃত নিরাসক্তি। মধ্যাহ্নে গিয়ে পৌছলুম দেলিজানে। ইস্ফাহানের গভর্নর এখানে তাঁবু ফেলে আমাদের জন্যে বিজ্ঞানের ব্যবস্থা করেছেন। এই তাঁবুতে আমাদের আহার হল। কুমশহর এখান থেকে আরো কতকটা দূরে। তার পাশ দিয়ে আমাদের পথ। দূর থেকে দেখতে পাওয়া যায় স্বর্ণমণ্ডিত তার বিখ্যাত মসজিদের চূড়া।

বেলা পাঁচটার সময় গাড়ি পৌছল তেহেরানের কাছাকাছি। শুরু হল তার আদ্যপরিচয়। নগরপ্রবেশের পূর্বে বর্তমানযুগের শৃঙ্খলনিমুখর নকিবের মতো দেখা গেল একটা কারখানাঘর— এটা চিনির কারখানা। এরই সংলগ্ন বাড়িতে জরথুষ্ট্রীয় সম্প্রদায় একদল লোক আমাকে অভ্যর্থনার জন্যে নামালেন। ক্লাস্তদেহের খাতিরে দ্রুত ছুটি নিতে হল। তার পরে তেহেরানের পৌরজনদের পক্ষ থেকে অভ্যর্থনা গ্রহণ করবার জন্যে একটি বৃহৎ তাঁবুতে প্রবেশ করলুম। এখানকার শিক্ষাবিভাগের মন্ত্রী

ছিলেন সভাপতি । এখানে চা খেয়ে স্বাগতসম্ভাষণের অনুষ্ঠান যখন শেষ হল সভাপতি আমাকে নিয়ে গেলেন একটি বৃহৎ বাগানবাড়িতে । নানাবর্ণ ফুলে খচিত তার তৃণআস্তরণ । গোলাপের গন্ধমাধুর্যে উচ্ছ্বসিত তার বাতাস, মাঝে মাঝে জলাশয় এবং ফোয়ারা এবং স্নিগ্ধছায়া তরুশ্রেণীর বিচিত্র সমাবেশ । যিনি আমাদের জন্যে এই বাড়ি ছেড়ে দিয়ে অন্যত্র গেছেন তাকে যে কৃতজ্ঞতা নিবেদন করব এমন সুযোগ পাই নি । তাঁরই একজন আত্মীয় আগা আসাদি আমাদের শুশ্রূষার ভার নিয়েছেন । ইনি ন্যূয়র্কের কলম্বিয়া যুনিভার্সিটির গ্রাজুয়েট, আমার সমস্ত ইংরেজি রচনার সঙ্গে সুপরিচিত । অভ্যাগতবর্গের সঙ্গে আমার কথোপকথনের সেতুস্বরূপ ছিলেন ইনি ।

কয়েকদিন হল ইরাকের রাজা ফইসল এখানে এসেছেন । তাঁকে নিয়ে এখানকার সচিবেরা অত্যন্ত বাস্তু । আজ অপরাহ্নের মৃদু রৌদ্রে বাগানে যখন বসে আছি ইরাকের দুইজন রাজদূত আমার সঙ্গে দেখা করতে এলেন । রাজা বলে পাঠিয়েছেন তিনি আমার সঙ্গে আলাপ করতে ইচ্ছা করেন । আমি তাঁদের জানালেম, ভারতবর্ষে ফেব্রুয়ারি পথে বোগদাদে রাজার দর্শন নিয়ে যাব ।

আজ সন্ধ্যার সময় একজন ভদ্রলোক এলেন, তাঁর কাছ থেকে বেহালায় পারসিক সংগীত শুনলুম । একটি সুর বাজালেন, আমাদের ভৈরো রামকেলির সঙ্গে প্রায় তার কোনো তফাত নেই । এমন দরদ দিয়ে বাজালেন, তানগুলি পদে পদে এমন বিচিত্র অথচ সংযত ও সুমিত যে আমার মনের মধ্যে মাধুর্য নিবিড় হয়ে উঠল । বোঝা গেল ইনি ওস্তাদ, কিন্তু ব্যাবসাদার নন । ব্যাবসাদারিতে নৈপুণ্য বাড়ে, কিন্তু বেদনাবোধ কমে যায়— ময়রা যে কারণে সন্দেশের রুচি হাবায় । আমাদের দেশের গাইয়ে-বাজিয়েরা কিছুতেই মনে রাখেন না যে আটের প্রধান তত্ত্ব তার পরিমিত । কেননা রূপকে সুবাস্তু করাই তার কাজ । বিহিত সীমার দ্বারা রূপ সত্য হয়, সেই সীমা ছাড়িয়ে অতিক্রমিতই বিকৃত । মানুষের নাক যদি আপন মর্যাদা পেরিয়ে হাতের শুঁড় হওয়ার দিকে এগোতে থাকে, তার ঘাড়টা যদি জিরায়ের সঙ্গে পাল্লা দেবার জন্যে মরিয়া হয়ে মেতে ওঠে, তা হলে সেই আতিশয়ো বস্তুরগৌরব বাড়ে, রূপগৌরব বাড়ে না । সাধারণত আমাদের সংগীতের আসরে এই অতিক্রম আতিশয়া মস্ত করবার মতো নামে পদ্মবনে । তার তানগুলো অনেক স্থলে সামান্য একটু-আধটু হেরফের করা পুনঃপুনঃ পুনরাবৃত্তি মাত্র । তাতে স্থূপ বাড়ে, রূপ নষ্ট হয় । তব্বী রূপসীকে হাজার পাকে জুড়িয়ে ঘাগরা এবং ওড়না পরানোর মতো । সেই ওড়না বহুমূলা হতে পারে, তবু রূপকে অতিক্রম করবার স্পর্ধা তাকে মানায় না । এরকম অস্বস্ত রুচিবিকারের কারণ এই যে, ওস্তাদের স্থির করে রেখেছেন সংগীতের প্রধান উদ্দেশ্য সমগ্র গানটিকে তার আপন সুস্বমায় প্রকাশ করা নয়, রাগরাগিণীকেই বীরবিক্রমে আলোড়িত ফেনিল করে তোলা— সংগীতের ইমারতটিকে আপন ভিত্তিতে সুসংযমে দাঁড় করানো নয়, ইটকাঠ-চুনসুরকিকে কণ্ঠ-কামানের মুখে সগর্জনে বর্ষণ করা । ভুলে যায় সুবিহিত সমাপ্তির মাধোই আটের পর্যাপ্তি । গান যে বানায় আর গান যে করে, উভয়ের মাধো যদি-বা দরদের যোগ থাকে তবু সৃষ্টিশক্তির সাম্য থাকা সচরাচর সম্ভবপর নয় । বিধাতা তাঁর জীবসৃষ্টিতে নিজে কেবল যদি কঙ্কালের কাঠামোটুকু খাড়া করেই ছুটি নিতেন, যার-তার উপর ভার থাকত সেই কঙ্কালে যত খুশি মেদমাংস চড়াবার, নিশ্চয়ই তাতে অনাসৃষ্টি ঘটত । অথচ আমাদের দেশে গায়ক কথায় কথায় বচনিতার অধিকার নিয়ে থাকে, তখন সে সৃষ্টিকর্তার কাধের উপর চড়ে ব্যায়ামকর্তার বাহাদুরি প্রচার করে । উত্তরে কেউ বলতে পারেন, ভালো তো লাগে । কিন্তু পেটকের ভালো লাগা আর রসিকের ভালো লাগা এক নয় । কী ভালো লাগে তাই নিয়ে তর্ক । যে ময়রা রসগোলা তৈরি করে মিষ্টানের সঙ্গে যথাপরিমিত রস সে নিজেই জুর্গয়ে দেয় । পরিবেশনকর্তা মিষ্টান্ন গড়তে পারে না, কিন্তু দেদার চিনির রস ঢেলে দেওয়া তার পক্ষে সহজ । সেই চিনির রস ভালো লাগে অনেকের ; তা হোক গে, তবুও সেই ভালো লাগাতেই আটের যথার্থ যাচাই নয় ।

ইতিমধ্যে একজন সেকলে ওস্তাদ এসে আমাকে বাজনা শুনিয়ে গেছেন, তার থেকে বৃক্সলুম এখানেও গানের পথে সন্ধ্যা হয় এবং বাঘের ভয় ঘটে । এখানেও যে খুশি সরস্বতীর বীণায় রবারের তার চড়িয়ে তাকে কেবলমাত্র গায়ের জোরে টেনে টেনে দীর্ঘ করতে পারে ।

আজ পারসারাজের সঙ্গে আমার প্রথম সাক্ষাৎ হল। প্রাসাদের বৃহৎ কাপেট-পাতা ঘরে আসবাব আড়ম্বর নেই বললেই হয়। রাজার গায়ে খাকি-রঙের সৈনিক-পরিচ্ছদ। অতি অল্পদিনমাত্র হল অতি দ্রুতহস্তে পারসারাজত্বকে দুর্গতির তলা হতে উদ্ধার করে ইনি তার হৃদয় অধিকার করে বসে আছেন। এমন অবস্থায় মানুষ আপন সদ্যপ্রতিষ্ঠিত গৌরবকে অতিমাত্র সমারোহদ্বারা ঘোষণা করবার চেষ্টা করে থাকে। কিন্তু ইনি আপন রাজমহিমাকে অতিসহজেই ধারণ করে আছেন। খুব সহজ মহত্বের মানুষ; ঐর মুখের গড়নে প্রবল দৃঢ়তা, চোখের দৃষ্টিতে প্রসন্ন ঔদার্য। সিংহাসনে না ছিল তাঁর বংশগত অধিকার, না ছিল অভিজাত্যের দাবি; তবু যেমনি তিনি রাজ্যাসনে বসলেন অমনি প্রজার হৃদয়ে তাঁর স্থান অবিলম্বে স্বীকৃত হল। দশ বছর মাত্র তিনি রাজা হয়েছেন কিন্তু সিংহাসনের চারি দিকে আশঙ্কা উদ্বেগের দুর্গম বেড়া সতর্কতায় কণ্টকিত হয়ে ওঠে নি। সেদিন অমিয় দেখে এসেছেন নতুন রাস্তা তৈরি হচ্ছে, রাজা স্বয়ং পথে দাঁড়িয়ে বিনা আড়ম্বরে পরিদর্শনে নিযুক্ত।

ইতিমধ্যে একদিন প্রধান রাজমন্ত্রীর সঙ্গে দেখা হল। তাঁকে বললুম, বহুযুগের উগ্র সংস্কারকে নশ্ব করে দিয়ে তাঁরা এ রাজ্যে সাম্প্রদায়িক বিদ্বেষবুদ্ধিকে নির্বিষ করেছেন এই দেখে আমি আনন্দিত।

তিনি বললেন, যতটা আমাদের ইচ্ছা ততটা সফলতা এখনো পাই নি। মানুষ তো আমরা সকলেই, আমাদের মধ্যে মানুষোচিত সম্বন্ধ সহজ ও ভদ্র না হওয়াই অস্বভাব।

আমি যখন বললুম পারস্যের বর্তমান উন্নতিসাধনা একদিন হয়তো ভারতবর্ষের দৃষ্টান্তস্থল হতে পারে, তিনি বললেন, রাষ্ট্রীয় অবস্থা সম্বন্ধে ভারতবর্ষ ও পারস্যের মধ্যে প্রভেদ বিস্তর। মনে রাখতে হবে, পারস্যের জনসংখ্যা এক কোটি বিশ লাখ, ভারতবর্ষের ত্রিশ কোটির উপর— এবং সেই ত্রিশ কোটি বহুভাগে বিভক্ত। পারস্যের সমস্যা অনেক বেশি সরল, কেননা আমরা জাতিতে ধর্মে ভাবায় এক। আমাদের প্রধান কাজ হচ্ছে শাসনব্যবস্থাকে নির্দোষ এবং সম্যক উপযোগী করে তোলা।

আমি বললুম, দেশের প্রকাণ্ড আয়তনটাই তার প্রকাণ্ড শত্রু। চীন ভারতবর্ষ তার প্রমাণ। জাপান ছোটো বলে এত শীঘ্র বড়ো হয়েছে। স্বভাবতই ঐক বন্ধ অন্য সভ্যদেশের রাষ্ট্রনীতি ভারতবর্ষে খাটবে না। এখানকার বিশেষ নীতি নানা দৃষ্টান্তের ভিতর দিয়ে এখানেই উদ্ভাবিত হবে।

তিনি চলে গেলে আমি বসে বসে ভাবতে লাগলুম ঐকটাই আমাদের দেশে সব প্রথম ও সব চেয়ে বেশি চাই, অথচ ঐকটের বাধা আমাদের হাড়ে হাড়ে। ভারতীয় মুসলমানের গোড়ামি নিজের সমাজকে নিজের মধ্যে একান্ত কঠিন করে বাধে, বাইরেকে দূরে ঠেকায়; হিন্দুর গোড়ামি নিজের সমাজকে নিজের মধ্যে হাজারখানা করে, তার উপরেও বাইরের সঙ্গে তার অনৈক্য। এই দুই বিপরীতধর্মী সম্প্রদায়কে নিয়ে আমাদের দেশ। এ যেন দুই যমজ ভাই পিঠে পিঠে জোড়া; একজনের পা ফেলা আর-একজনের পা ফেলাকে প্রতিবাদ করতেই আছে। দুইজনকে সম্পূর্ণ বিচ্ছিন্ন করাও যায় না, সম্পূর্ণ এক করাও অসাধ্য।

কয়েকজন মোল্লা এলেন আমার সঙ্গে দেখা করতে। প্রধান মোল্লা প্রশ্ন করলেন, নানা জাতির নানা ধর্মগ্রন্থে নানা পথ নির্দেশ করে, তার মধ্য থেকে সত্যপথ নির্ণয় করা যায় কী উপায়ে।

আমি বললুম, ঘরের দরজা জানালা সব বন্ধ করে যদি কেউ জিজ্ঞাসা করে, 'আলো পাব কী উপায়ে' তাকে কেউ উত্তর দেয় চকমকি ঠুকে— কেউ বলে তেলের প্রদীপ, কেউ বলে মোমের বাতি, কেউ বলে ইলেকট্রিক আলো জ্বলে। সেই-সব উপকরণ ও প্রণালী নানাবিধ, তার ব্যয় যথেষ্ট, তার ফল সমান নয়। যারা পৃথি সামনে রেখে কথা কয় না, যাদের সহজ বুদ্ধি, তারা বলে, দরজা খুলে দাও। ভালো হও, ভালোবাসো, ভালো করো, এইটাই হল পথ। যেখানে শাস্ত্র এবং তত্ত্ব এবং আচারবিচারের কড়াকড়ি সেখানে ধার্মিকদের অধ্যবসায় কথা-কাটাকাটি থেকে শুরু করে গলা-কাটাকাটিতে গিয়ে পৌঁছয়।

মোল্লার পক্ষে তর্কের উদ্যম ফুরোয় নি, কিন্তু আমার আর সময় ছিল না।

আজ ৫ই মে তেহেরানের জনসভায় আমার প্রথম বক্তৃতা।

সভা ভঙ্গ হলে আমাদের নিয়ে গেল এখানকার একজন সংগীতগুণীর বাড়িতে। ছোটো একটি গলির ধারে বাড়ির মধ্যে প্রবেশ করলুম। শানবাখানো চৌকো উঠোন, তারই মধ্যে একটুখানি জলাশয়, গোলাপ ধরেছে গাছে, ছোটো ছোটো টেবিলে চায়ের সরঞ্জাম। সামনে দালান, সেখানে বাজিয়ের দল অপেক্ষা করছে। বাজনার মধ্যে একটি তারযন্ত্র, একটি বাঁশি, বাকি অনেকগুলি বেহালা। আমরা সেখানে আসন নিলে পর প্রধান গুণী বললেন, আমি জানি আপনি ইচ্ছা করেন দেশপ্রচলিত কলাবিদ্যার স্বরূপ নষ্ট না হয়। আমরাও তাই চাই। সংগীতের স্বদেশী স্বকীয়তা রক্ষা করে আমরা তার সঙ্গে যুরোপীয় স্বরসংগতিতত্ত্ব যোগ করতে চেষ্টা করি।

আমি বললুম, ইতিহাসে দেখা যায় পারসিকদের গ্রহণ করবার প্রবলশক্তি আছে। এশিয়ার প্রায় সকল দেশেই আজ পাশ্চাত্য ভাবের সঙ্গে প্রাচ্য ভাবের মিশ্রণ চলছে। এই মিশ্রণে নূতন সৃষ্টির সম্ভাবনা। এই মিলনের প্রথম অবস্থায় দুই ধারার বড়ের তফাতটা থেকে যায়, অনুকরণের জোরটা মরে না। কিন্তু আন্তরিক মিলন ক্রমে ঘটে, যদি সে মিলনে প্রাণশক্তি থাকে; কলমের গাছের মতো নূতনে পুরাতনে ভেদ লুপ্ত হয়ে ফলের মধ্যে রসের বিশিষ্টতা জন্মে। আমাদের আধুনিক সাহিত্যে এটা ঘটেছে, সংগীতেও কেন ঘটবে না বুঝি নে। যে চিন্তের মধ্যে দিয়ে এই মিলন সম্ভবপর হয় আমরা সেই চিন্তের অপেক্ষা করছি, যুরোপীয় সাহিত্যচর্চা প্রাচ্য শিক্ষিতসমাজে যে পরিমাণে অনেকদিন ধরে অনেকের মধ্যে ব্যাপ্ত হয়েছে যুরোপীয় সংগীতচর্চাও যদি তেমনি হত তা হলে নিঃসন্দেহই প্রাচ্য সংগীতে রসপ্রকাশের একটি নূতন শক্তিসম্ভার হত। যুরোপের আধুনিক চিত্রকলায় প্রাচ্য চিত্রকলার প্রভাব সঞ্চারিত হয়েছে এ তো দেখা গেছে; এতে তার আত্মতা পরাভূত হয় না, বিচিত্রতর— প্রবলতর হয়।

তার পরে তিনি একলা একটি সুর তাঁর তারযন্ত্রে বাজালেন। সেটি বিশুদ্ধ ভৈরবী, উপস্থিত সকলেরই সেটি অন্তরের মধ্যে প্রবেশ করল। ইনি বললেন, জানি, এরকম সুর আমাদেরকে একভাবে মুগ্ধ করে, কিন্তু অনাবকম জিনিসটারও বিশেষ মূল্য আছে। পরস্পরের মধ্যে ঈর্ষা জন্মিয়ে দিয়ে একটার খাতিরে অন্যকে বর্জন করা নিজের লোকসান করা।

কী জানি, লোকটির যদি শক্তি থাকে তবে পারসিক সংগীতে ইনি যে নূতন বাণিজ্যের প্রবর্তন করছেন ক্রমে হয়তো কলারাজ্যে তা লাভের সামগ্রী হয়ে দাঁড়াবে। আমাদের রাগরাগিণী স্বরসংগতিকে স্বীকার করেও আত্মরক্ষা করতে একেবারেই পারে না এ কথা জোর করে কে বলতে পারে। সৃষ্টির শক্তি কী লীলা করতে সমর্থ কোনো একটা বাধা নিয়মের দ্বারা আমরা আগে হতে তার সীমা নির্ণয় করতে পারি নে। কিন্তু সৃষ্টিতে নূতন রূপের প্রবর্তন বিশেষ শক্তিমান প্রতিভার দ্বারাই সাধ্য, আনাড়ির বা মাঝারি লোকের কর্ম নয়। যুরোপীয় সাহিত্যের যেমন তেমনি তার সংগীতেরও মস্ত একটা সম্পদ আছে। সে যদি আমরা বুঝতে না পারি তবে সে আমাদের বোধশক্তিরই দৈন্য; যদি তাকে গ্রহণ করা একেবারেই অসম্ভব হয় তবে তার দ্বারা আভিজাত্যের প্রমাণ হয় না।

আজ ৬ই মে। যুরোপীয় পণ্ডিকার মতে আজ আমার জন্মদিন। আমার পারসিক বন্ধুরা এই দিনের উপর সকালবেলা থেকে পুষ্পবৃষ্টি করছেন। আমার চারি দিক ভরে গেছে নানাবর্ণের বসন্তের ফুলে, বিশেষত গোলাপে। উপহারও আসছে নানা রকমের। এখানকার গবর্নেন্ট থেকে একটি পদক ও সেইসঙ্গে একটি ফর্মান পেয়েছি। বন্ধুদের বললুম, আমি প্রথমে জন্মেছি নিজের দেশে, সেদিন কেবল আত্মীয়েরা আমাকে স্বীকার করে নিয়েছিল। তার পরে তোমরা যেদিন আমাকে স্বীকার করে নিলে আমার সেদিনকার জন্ম সর্বদেশের— আমি দ্বিজ।

অপরাত্নে শিক্ষাবিভাগের মন্ত্রী বাড়িতে চায়ের মজলিসে নিমন্ত্রণ ছিল। সে সভায় এ দেশের

প্রধানগণ ও বিদেশের রাষ্ট্রপ্রতিনিধি অনেকেই উপস্থিত ছিলেন। সেখানে একজন পারসিক ভদ্রলোকের সঙ্গে আলাপপ্রসঙ্গে কথা উঠল, বহুকাল থেকে বরংবার বিদেশী আক্রমণকারীদের, বিশেষত মোগল ও আফগানদের, হাত থেকে অতি নিষ্ঠুর আঘাত পাওয়া সত্ত্বেও পারস্য যে আপন প্রতিভাকে সজীব রেখেছে এ অতি আশ্চর্য। তিনি বললেন, 'সমস্ত জাতিকে আশ্রয় করে পারস্যে যে ভাষা ও সাহিত্য বহমান তারই ধারাবাহিকতা পারস্যকে বাঁচিয়ে রেখেছে। অনাবৃষ্টির রুদ্ধতা যখন তাকে বাইরে থেকে পুড়িয়েছে তখন তার অন্তরের সম্বল ছিল তার আপন নদী। এতে শুধু যে পারস্যের আত্মস্বরূপকে রক্ষা করেছে তা নয়, যারা পারস্যকে মারতে এসেছিল তারাই পারস্যের কাছ থেকে নূতন প্রাণ পেলে— আরব থেকে আরম্ভ করে মোগল পর্যন্ত।

আরবরা তুর্কিরা মোগলরা এসেছিল দানশূন্য হস্তে, কেবলমাত্র অস্ত্র নিয়ে। আরব পারস্যকে ধর্ম দিয়েছে, কিন্তু পারস্য আরবকে দিয়েছে আপন নানা বিদ্যা ও শিল্পসম্পন্ন সভ্যতা। ইসলামকে পারস্য ঐশ্বর্যশালী করে তুলেছে।

৭ মে। আজ সকালে প্রধান রাজমন্ত্রীর সঙ্গে দেখা করতে গিয়েছিলুম। প্রকাণ্ড বড়ো বৈঠকখানা, স্পষ্টিকে মার্গুত, কিছু কিছু জীর্ণ হয়েছে। মন্ত্রী বৃদ্ধ, আমারই সমবয়সী। আমি তাঁকে বললুম ভারতবর্ষের আবহাওয়া আমাদের জীবনযাত্রার উপরে এখনকার চেয়ে অনেক বেশি মাসুল চাড়িয়েছে।

তিনি বললেন, বয়সের উপর কালের দাবি তত বেশি লোকসান করে না যেমন করে আহায়ে ব্যবহারে অনিয়ম অসংযম। সাবেক কালে আমাদের জীবনযাপনের অভ্যাসগুলি ছিল আমাদের জীবনযাত্রার সঙ্গে মানানসই, এখন বিদেশী নতুন অভ্যাস এসে অসামঞ্জস্য ঘটিয়েছে। একটা দৃষ্টান্ত দেখাই। ঘরে কার্পেট পাতা আমাদের চিরকালের অভ্যাস, তারই সঙ্গে জুড়ি অভ্যাস হচ্ছে জুতো খুলে ঘরে ঢোকা। আজকাল যুরোপীয় প্রথামত পথের জুতোটাকে ধুলোসুদ্ধ ঘরের মধ্যে টেনে আনি। কার্পেট হয়ে ওঠে অস্বাস্থ্যকর। আগে কার্পেট-পাতা মেঝের উপর বসতুম, এখন সোফা-কেদারার খাতিরে বহুমূল্য বহুবিচিত্র কার্পেটের অর্থ ও সম্মান দিলুম পদদলিত করে।

এখান থেকে গেলেম পার্লামেন্টের সভানায়কের বাড়িতে। এঁরা চিন্তাশীল শিক্ষিত অভিজ্ঞ লোক, এঁদের সঙ্গে কথা কইবার বিষয় অনেক আছে, কিন্তু কথা চলে না। তর্জমার ভিতর দিয়ে আলাপ করা পায়ে পায়ে কোদালি দিয়ে পথ কেটে চলার মতো। যিনি আমার কালেক্কার কবিতা' পারসিক ভাষা ও ছন্দে তর্জমা করেছেন তাঁর সঙ্গে দেখা হল। লোকটি হাসিখুশি, গোলগাল, হৃদয়তায় সমুজ্বসিত। কবিতা আবৃত্তি করেন প্রবল কণ্ঠে, প্রবল উৎসাহে দেহচালনা করেন। ওখান থেকে চলে আসবার সময় সভাপতিমশায় অতি সুন্দর লিপিনৈপুণ্যে লিখিত কবি আনওয়ারির রচিত একখানি কাব্যগ্রন্থ আমাকে উপহার দিলেন।

রাত্রি গেলেম থিয়েটারে অভিনয় দেখতে। নাটক এবং নাট্যাভিনয় পারস্যে হালের আমদানি। এখনো লোকের মনে ভালো করে বসে নি। তাই সমস্ত ব্যাপারটা কাঁচা রকমের ঠকল। শাহনামা থেকে নাটকের গল্পটি নেওয়া। আমাদের দেশের নাটকের মতো প্রায়ই মাঝে মাঝে গান, এবং বোধ করি দেশাভিমানের উজ্জ্বল। মেয়েদের ভূমিকা অধিকাংশই মুসলমান মেয়েরা নিয়েছে দেখে বিস্ময় বোধ হল।

অপরাত্তে জরথুষ্ট্রীয় বিদ্যালয়ের ভিত্তিস্থাপন-অনুষ্ঠান। সেখান থেকে কর্তব্য সেরে ফিরে যখন এলুম তখন আমাদের বাগানে গাছের তলায় একটি জলাশয়ের চার ধারে বৃহৎ জনতা অপেক্ষা করছে। এখনকার সাহিত্যসভার নিয়ন্ত্রণে সকলে আহূত। আমার তরফে ছিল সাহিত্যতত্ত্ব নিয়ে ইংরেজিতে বক্তৃতার ধারা, আর এঁদের তরফে ছিল তারই মাঝে মাঝে এপারে ওপারে পারসিক ভাষার সাকো বেঁধে দেওয়া।

পথিকের মতো পথ চলতে চলতে আমি আজ এখানকার ছবি দেখতে দেখতে চলেছি। সম্পূর্ণ করে কিছু দেখবার সময় নেই। আমার মনে যে ধারণাগুলো হচ্ছে সে দ্রুত আভাসের ধারণা। বিচার করে উপলব্ধি নয়, কেবলমাত্র মানসিক হাত বুলায়ে যাবার অনুভূতি। এই যেমন, সেদিন একজন মানুষের সঙ্গে হঠাৎ অল্পক্ষণের আলাপ হল। একটা ছায়াছবি মনে রয়ে গেল, সেটা নিমেষকালের আলোতে তোলা। তিনি জ্যোতির্বিজ্ঞানবিৎ গাণিতিক। সৌম্য তাঁর মূর্তি, মুখে স্বচ্ছচিত্তের প্রকাশ। ঐর বেশ মোমার, কিন্তু ঐর বুদ্ধি সংস্কারমোহমুক্ত, ইনি আধুনিক অথচ চিরকালের পারসিক। ক্রমকালের দেখাতেই এই মানুষের মধ্যে আমি পারস্যের আত্মসমাহিত স্বপ্রকৃতিস্থ মূর্তি দেখলুম, যে পারস্যে একদা আবিসেন্না ছিলেন বিজ্ঞান ও তত্ত্বজ্ঞানের অদ্বিতীয় সাধক এবং জালালউদ্দিন গভীরতম আত্মোপলব্ধিকে সরসতম সংগীতে প্রবাহিত করেছিলেন। অধ্যাপক ফেরুঘির কথা পূর্বেই বলেছি। তিনিও আমার মনে একটি চিত্র ংকে দিয়েছেন, সে চিত্রও চিন্তাবান পারসিকের। অর্থাৎ ঐর স্বদেশীয় স্বভাব বিদেশীর কাছেও সহজে প্রকাশমান। যে মানুষ সংকীর্ণভাবে একান্তভাবে স্বাদেশিকতার মধ্যে বদ্ধ, তিনি স্বদেশকে প্রকাশ করেন না, কেননা, মূর্তি আপন দেশের মাটিতে গড়া হলেও যে আলো তাকে প্রকাশ করবে সে আলো যে সার্বভৌমিক।

তেহেরান থেকে বিদায় নেবার দিন এল, প্রধান মন্ত্রীবর্গ এসে আমাকে বিদায় দিলেন।

৯

বেলা আড়াইটার সময় যাত্রা করলুম। তেহেরান থেকে বেরিয়ে প্রথমটা পারস্যের নীরস নির্জন চেহারা আবার দেখা দিল, কিন্তু বেশিক্ষণ নয়। দৃশ্যপরিবর্তন হল। ফসলে সবুজ মাঠ, মাঝে মাঝে তরুসংহতি, যেখানে-সেখানে জলের চঞ্চল ধারা, মেটে ঘরের গ্রাম তেমন বিরল নয়। দিগন্তে বরফের আঙুল-বুলানো গিরিশিখর।

সূর্যাস্তের সময় কাজবিন শহরে পৌঁছলুম। এখানে একটি হোটেলে আমাদের জায়গা হয়েছে। বাংলাদেশে রেলপথের প্রধান জংশন যেমন আসানসোল, এখানে নানা পথের মোটরের সংগমতীর্থ তেমনি কাজবিন।

কাজবিন সাসানীয় কালের শহর, দ্বিতীয় শাপুর-কর্তৃক প্রতিষ্ঠিত। দ্বিতীয় সাফাবি রাজা তামাম্প এই শহরে তাঁর রাজধানী স্থাপন করেন। দিল্লির পলাতক মোগল বাদশা হুমায়ুন দশবৎসরকাল এখানে তাঁরই আশ্রয়ে ছিলেন।

সাফাবি বংশের বিখ্যাত শা আক্বাসের সঙ্গে অ্যান্টনি ও রবার্ট শার্লি-নামক দুই ইংরেজ ভ্রাতার এইখানেই দেখা হয়। জনশ্রুতি এই যে, ঐরাই কামান প্রভৃতি অস্ত্রসহযোগে আধুনিককালীন যুদ্ধবিদ্যায় বাদশাহের সৈন্যদের শিক্ষিত করেন। যাই হোক, বর্তমানে এই ছোটো শহরটিতে সাবেক কালের রাজধানীর মর্যাদা কিছুই চোখে পড়ে না।

ভোরবেলা ছাড়লুম হামাদানের অভিমুখে। চড়াইপথে চলল আমাদের গাড়ি। দুই ধারে ভূমি সুজলা সুফলা, মাঝে মাঝে বড়ো বড়ো গ্রাম, আকাবাকা নদী, আঙুরের খেত, আফিমের পুষ্পোচ্ছাস। বেলা দুপুরের সময় হামাদানে পৌঁছিয়ে একটি মনোহর বাগানবাড়ির মধ্যে আশ্রয় পাওয়া গেল— পপ্কার-তরুসংঘের ফাঁকের ভিতর দিয়ে দেখা যাচ্ছে বরফের-আঁচড়-কাটা পাহাড়।

তেহেরানে গরম পড়তে আরম্ভ করেছিল, এখানে ঠাণ্ডা। সমুদ্রের উপরিতল থেকে এ শহর ছ-হাজার ফুট উচু। এল্ভেন্দ পাহাড়ের পাদদেশে এর স্থান। একদা আকেমেনীয় সাম্রাজ্যের রাজধানী ছিল এইখানে। সেই রাজধানীর প্রাচীন নাম ইতিহাসবিখ্যাত একবাতানা, আজ তার ধ্বংসাবশেষ প্রায় কিছু বাকি নেই।

আহার ও বিশ্রামের পর বিকেলবেলা শহর দেখতে বেরলুম। প্রথমে আমাদের নিয়ে গেল ঘন বনের মধ্য দিয়ে গলিপথ বেয়ে একটি পুরোনো বড়ো ইমারতের সামনে। বললে, এর উপরের তলা

থেকে চারি দিকের দৃশ্য অব্যাহত দেখতে পাওয়া যায়। আমার সঙ্গীরা দেখতে গেলেন, কিন্তু আমার সাহস হল না। গাড়িতে বসে দেখতে লাগলুম একদল লোক এসেছে বনের ধারে চড়িভাতি করতে। মেয়েরাও তার মধ্যে আছে; তারা কালো চাদরে মোড়া; কিন্তু দেখছি বাইরে বেরতে রাস্তায় ঘাটে বেড়াতে এদের সংকোচ নেই।

আজ মহরমের ছুটি, সবাই ছুটি উপভোগ করতে বেরিয়েছে। অল্প কয়েক বছর আগে মহরমের ছুটি রক্তাক্ত হয়ে উঠত, আত্মপীড়নের তীব্রতায় মারা যেত কত লোক। বর্তমান রাজার আমলে ধীরে ধীরে তার তীব্রতা কমে আসছে।

বনের ভিতর থেকে বেরিয়ে শহরে গেলেম। আজ দোকান বাজার বন্ধ, কিন্তু ছুটির দলের খুব ভিড়। পারসো এসে অবধি মানুষ কম দেখা আমাদের অভ্যাস, তাই রাস্তায় এত লোক আমাদের চোখে নতুন লাগল। আরো নতুন লাগল এই শহরটি। শহরের এমন চেহারা আর-কোথাও দেখি নি। মাঝখান দিয়ে একটি অপ্রশস্ত খামাখোলা ঝরনা নানা ভঙ্গিতে কলশাক্কে বহমান— কোথাও-বা উপর থেকে নীচে পড়ছে ঝরে, কোথাও-বা তার সমতলী শ্রোত রৌদ্রে ঝলমল করছে, ধারে ধারে পাথরের স্তূপ, মাঝে মাঝে ছোটো ছোটো সাঁকো এপার থেকে ওপারে; ঝরনার সঙ্গে পথের আকাবাকা মিল; মানুষের কাজের সঙ্গে প্রকৃতির গলাগলি; বাড়ির শামিল উন্মুক্ত প্রাঙ্গণগুলি উপরের থাকে, নীচের থাকে, এ কোণে, ও কোণে। তারই নানা জায়গায় নানা দল বসে গেছে। ঝাঝাঝা রাস্তায় মোটরগাড়ি, ঘোড়ার গাড়ি, এমন-কি, মোটর বাস ভর্তি করে চলেছে সব ছুটি-সন্তোষী দল। গাড়ির ঘোড়াগুলি সূত্রী সৃষ্টি। এই ছুটির পরবে মন্ততা কিছুই দেখলুম না, চারি দিকে শান্ত আরামের ছবি এখনকার অরণ্য পর্বত ঝরনার সঙ্গে মিশে গেছে।

গবর্নর কাল শহরের বাইরে বনের মধ্যে বিকেলে আমাদের চায়ে নিমন্ত্রণ করেছিলেন। ঝা ধারে পাহাড়, ডাইনে ঘন অরণ্যের অন্ধকার ছায়ায় ঝরা ঝরে পড়ছে। পাহাড়ী পথ বেয়ে বহু চেঁচায় মোটর গেল। সেই বহুযুগের মেঘপালকদের ভেড়া-চড়া বনের মধ্যে চা খেয়ে সন্ধ্যাবেলায় বাসায় ফিরে এলুম, হামাদানের যে মূর্তি চিবসজীব, শতাব্দীর পর শতাব্দী সেখানে বুলবুল গান করে আসছে, আলেকজান্ডারের লুঠের বোঝার সঙ্গে সে অন্তর্ধান করে নি, কিন্তু পথের ধারে প্রাস্তরের মধ্যে অনাদরে পড়ে আছে একটি পাথরের পিণ্ড, সম্রাটের সিংহদ্বারের সিংহের এই অপভ্রংশ।

স্নানাহার সেরে দুপুরের পর হামাদান থেকে বওনা হলুম। যেতে হবে কির্মানশা। তখন ঝোড়ো হাওয়ায় ধুলো উড়িয়েছে, আকাশে মেঘ ঘনিয়ে এল। চলেছি আসাদাবাদ গিরিপথ দিয়ে। দুই ধারে সবুজ খেত ফসলে ভরা, মাঝে মাঝে বনভূমি জলশ্রোতে লালিত। মাঠে ভেড়া চরছে। পাহাড়গুলো কাছে এগিয়ে এসে তাদের শিলাবন্ধপট প্রসারিত করে দাঁড়িয়ে। থেকে থেকে এক-এক পসলা বৃষ্টি নেমে ধুলোকে দেয় পরাভূত করে। আমার কেবল মনে পড়ছিল 'মৌঘের্মেদুরমধ্বরশ্বনভুবঃশ্যামাঃ'... তমালক্রমে নয়, কী গাছ ঠিক জানি নে, কিন্তু এই মেঘলা দিনে উপস্থিতমত ওকে তমালগাছ বলতে দোষ নেই।

আমরা যে পথ দিয়ে চলেছি এরই কাছাকাছি কোনো-এক জায়গায় বিখ্যাত নিহাবন্দের রণক্ষেত্রে সাসানীয় সাম্রাজ্য আরবদের হাতে লীলা সমাপন করে। সেইদিন বহুকালীন প্রাচীন পারস্যের ইতিহাসে হঠাৎ সম্পূর্ণ নতুন অধ্যায় শুরু হল।

অবশেষে আমাদের রাস্তা এসে পড়ল বেহিস্তনে। এখানে শৈলগাত্রে দরিয়ুসের কীর্তিলিপি পারসিক সূসীয় ও ব্যাবিলোনীয় ভাষায় ক্ষোদিত। এই ক্ষোদিত ভাষার উর্ধ্বে দরিয়ুসের মূর্তি। এই মূর্তির সামনে বন্দীবেশে দশজন বিদ্রোহীর প্রতিক্রম। এরা তাঁর সিংহাসন-অধিরোহণে বাধা দিয়েছিল। দরিয়ুসের পূর্ববর্তী রাজা ক্যাম্বাইসিস (পারসিক উচ্চারণ কাম্বোজিয়ায়) ঈর্ষাবশত গোপনে তাঁর ভ্রাতা স্মর্দিস্কে হত্যা করিয়েছিলেন। যখন তিনি ঈজিপ্ট-অভিযানে তখন তাঁর অনুপস্থিতিকালে সৌমভে বলে এক ব্যক্তি নিজেকে স্মর্দিস্ নামে প্রচার করে সিংহাসন দখল করে বসে। ক্যাম্বাইসিস ঈজিপ্ট থেকে ফেরবার পথে মারা যান। যখন আকেমেনীয় বংশের অপরশাখাভূক্ত দরিয়ুস ছন্দরাজাকে পরাভূ

করে বন্দী করেন। প্রতিমূর্তিতে ভূমিশায়ী সেই মূর্তির বৃকে দরিয়ুসের পা, বন্দী উর্ধ্বে দুই হাত তুলে ক্ষমা ভিক্ষা করছে। দরিয়ুসের মাথার উপরে অল্পমজদার মূর্তি।

অধ্যাপক হটজ্‌ফেল্ড বলেন, সম্প্রতি একটি শিলালিপি বেরিয়েছে তাতে দরিয়ুস জানাচ্ছেন, তিনি যখন সিংহাসনে বসেন তখন তাঁর পিতা পিতামহ উভয়েই বর্তমান। এই প্রথাবিরুদ্ধ ব্যাপার কী করে সম্ভব হল তার কোনো বিবরণ পাওয়া যায় না।

সমুদ্রের মাঝে মাঝে এক-একটা দ্বীপ দেখা যায় যা ভূমিকম্পের হাতে তৈরি। তার সর্বত্র গলিত ধাতু আর অগ্নিশ্রাবের চিহ্ন। তেমনি বহুযুগ ধরে ইতিহাসের ভূমিকম্পে এবং অগ্নি-উদ্বীর্ণনে পারস্যের জন্ম। প্রাচীনকাল থেকে পারস্যে সাম্রাজ্য সৃষ্টি হয়ে এসেছে। মানুষের ইতিহাসে সব চেয়ে পুরাতন মহাসাম্রাজ্য সাইরাস স্থাপন করেন, তার পরেও দীর্ঘকাল পারস্যের ইতিহাসক্ষেত্রে সাম্রাজ্যিক দ্বন্দ্ব। তার প্রধান কারণ, পারস্যের চারি দিকেই বড়ো বড়ো প্রাচীন রাজশক্তির স্থান। হয় তাদের সকলকে দমন করে রাখতে হবে, নয় তাদের কেউ-না-কেউ এসে পারস্যকে গ্রাস করবে। নানা জাতির সঙ্গে এই নিরন্তর দ্বন্দ্ব থেকেই পারস্যের ঐতিহাসিক বোধ, ঐতিহাসিক সত্তা এত প্রবল হয়ে উঠেছে। ভারতবর্ষ সমাজ সৃষ্টি করেছে, মহাজাতির ইতিহাস সৃষ্টি করে নি। আর্যের সঙ্গে অনার্যের দ্বন্দ্ব প্রধানত সামাজিক। অপেক্ষাকৃত অল্পসংখ্যক আর্য বহুসংখ্যক অনার্যের মাঝখানে পড়ে নিজের সমাজকে বাঁচাতে চেয়েছিলেন। রামের সঙ্গে রাবণের যুদ্ধ রাষ্ট্রজয়ের নয়, সমাজরক্ষার—সীতা সেই সমাজনীতির প্রতীক। রাবণ সীতাহরণ করেছিল, রাজাহরণ করে নি। মহাভারতেও বস্তুত সমাজনীতির দ্বন্দ্ব, এক পক্ষ কৃষকে স্বীকার করেছে, কৃষকে পণ রেখে তাদের পাশা খেলা, অন্য পক্ষ কৃষকে অস্বীকার ও কৃষকে করেছে অপমান। শাহনামায় আছে প্রকৃত ইতিহাসের কথা, রাষ্ট্রীয় গীরদের কাহিনী, ইরানীদের সঙ্গে তাতারীদের বিরোধ। তাতে ভগবদগীতার মতো তত্ত্বকথা বা গান্ধিপর্বের মতো নীতি-উপদেশ প্রাধান্য পায় নি।

পারস্য বার বার পরজাতির বিরুদ্ধে দাঁড়িয়ে আপন পারসিক ঐক্যকে দৃঢ় করবার ও জয়ী করবার চেষ্টা করেছে। গুপ্তরাজাদের আমলে ভারতবর্ষ একবার আপন সাম্রাজ্যিক একসত্তা অনুভব করবার যোগ পেয়েছিল, কিন্তু তার প্রভাব গভীর ও স্থায়ী হয় নি। তার প্রধান কারণ, ভারতবর্ষ অন্তরে অন্তরে আর্যে অনার্যে বিভক্ত, সাম্রাজ্যিক ঐক্য সামাজিক ঐক্যের উপর ভিত পাততে পারে নি। দরিয়ুস শিলালিপিতে এমনভাবে আপন জয়ঘোষণা করেছেন যাতে চিরকাল তা স্থায়ী হয়। কিন্তু এই ঘোষণা প্রকৃতপক্ষে ঐতিহাসিক, দরিয়ুস পারসিক রাষ্ট্রসত্তার জন্যে বৃহৎ আসন রচনা করেছিলেন; এমন সাইরাসকে তেমনি দরিয়ুসকে অবলম্বন করে পারস্য আপন অখণ্ড মহিমা বিরাট ভূমিকায় অনুভব করতে পেরেছিল। পারস্যে পর্বে পর্বে এই রাষ্ট্রিক উপলক্ষি পরাভবকে অতিক্রম করে চলে গেছে, আজও আবার তার জাগরণ হল। এখনকার প্রধানমন্ত্রী আমাকে যা বলেছিলেন তার মূল খাটা হচ্ছে এই যে, আপন সমাজনিহিত দুর্বলতার কারণ দূর করাই ভারতবর্ষের সমস্যা, আর পারস্যের সমস্যা আপন শাসনব্যবস্থার অপূর্ণতা মোচন করা। পারস্য সেই কাজে লেগেছে, ভারতবর্ষ এখনো আপনার যথার্থ কাজে সম্পূর্ণ শ্রদ্ধা ও নিষ্ঠার সঙ্গে লাগে নি।

বেহিস্তুন থেকে বেরলুম। অদূরে তাকিবুস্তানের পাহাড়ে উৎকীর্ণ মূর্তি। শহর থেকে মাইল-চারেক দূর। গবর্নরের দূত এসে পথের মধ্যে থেকে সেখানে আমাদের নিয়ে গেলেন। দূরে থেকেই দেখা যায় অগভীর গুহাগাত্র খোদাই-করা মূর্তি, তার সামনে কৃত্রিম সরোবরে ঝরে পড়ছে জলশ্রোত। দুটি মূর্তি দাঁড়িয়ে, পায়ের তলায় দলিত একজন বন্দী। কোনো লেখা পাওয়া যায় না, কিন্তু সাজসজ্জায় কাব্য যুগের সাসানীয়। পাহাড়ের মধ্যে খোদাই করে তোলা একটি গম্বুজাকৃতি কক্ষের উর্ধ্বভাগে ষড়হাতে অভিব্যেকের পাত্র ও ডান হাতে মালা নিয়ে পাখা মেলে বিজয়দেবতা দাঁড়িয়ে, তার নীচে ষড়দানো মূর্তি এবং তার নীচে বর্মপরা অশ্বারোহী। পাশের দেয়ালে শিকারের ছবি। এই ঠিকলিতে আশ্চর্য একটি শক্তি প্রকাশ পেয়েছে দেখে মন স্তম্ভিত হয়।

সাসানীয় যুগ বলতে কী বোঝায় সংক্ষেপে বলে রাখি।

আলেকজান্ডারের আক্রমণে আকেমেনীয় রাজত্বের অবসান হল। পরে যে জাত পারস্যকে দখল করে তাদের বলে পার্থীয়। তারা সম্ভবত শকজাতীয়; প্রথমে গ্রীকদের প্রভাবে আসে, পরে তারা পারসিক সভ্যতা গ্রহণ করে। অবশেষে ২২৬ খৃস্টাব্দে সাসানের পৌত্র আর্দাশির পার্থীয় রাজার হাত থেকে পারস্যকে কেড়ে নিয়ে আর-একবার বিস্তৃত পারসিক জাতির সাম্রাজ্য স্থাপন করেন। এদের সময়কার প্রবল সম্রাট ছিলেন শাপুর, তিনিই রোমের সম্রাট ভ্যালেরিয়ানকে পরাস্ত ও বন্দী করেন। আকেমেনীয়দের ধর্ম ছিল জরথুষ্ট্রীয়, সাসানীয়দের আমলে আর-একবার প্রবল উৎসাহে এই ধর্মকে জাগিয়ে তোলা হয়।

ঝড়ু প্রশস্ত নূতন-তৈরি পথ বেয়ে আসছি। অদূরে সামনে পাহাড়ের গায়ে কির্মানশা শহর দেখা দিল। পথের দুই ধারে ফসলের খেত, আফিমের খেত ফুলে আচ্ছন্ন, মেঘের আড়াল থেকে অন্তসূর্যরশ্মির আভা পড়ে সদাধৌত গাছের পাতা ঝলমল করছে।

শহরে প্রবেশ করলুম। পরিষ্কার রাস্তার দুই ধারে নানাবিধ পণ্যের দোকান। পথের ধুলো মারবার জনো ভিস্তিরা মশকে করে জল ছিটছে। সুন্দর বাগানের মধ্যে আমাদের বাসা। দ্বারের কাছে দাঁড়িয়ে ছিলেন এখানকার গবর্নর। ঘরে নিয়ে গিয়ে চা খাওয়ালেন। এই পরিষ্কার সুসজ্জিত নূতন বাড়িটি আমাদের বাবহারের জন্য ছেড়ে দিয়ে গৃহস্থামী চলে গেছেন।

১০

কির্মানশা থেকে যাত্রা করে বেরলুম। আজ যেতে হবে কাস্‌রিশিরিনে, পারস্যের সীমানার কাছে। তার পরে আসবে কানিকিন, আরব-সীমানার রেলওয়ে স্টেশন।

পারসো প্রবেশপথে আমরা তার যে নীরস মূর্তি দেখেছিলুম এখন আর তা নেই। পাহাড়ের রাস্তার দুই ধারে খেত ভরে উঠেছে ফসলে, গ্রামও অপেক্ষাকৃত ঘন ঘন, চাষীরা চাষ করছে এ দৃশ্যও চোখে পড়ল, তা ছাড়া এই প্রথম গোকু চরতে দেখলুম।

ঘণ্টাদুয়েক পরে সাহাবাদে পৌঁছলুম। এখানে রাজার একটি প্রাসাদ নতুন তৈরি হয়েছে, গবর্নর সেখানে গাছের ছায়ায় বসিয়ে চা খাওয়ালেন, সঙ্গে চললেন, কেবলনামক জায়গায় মধ্যাহ্নভোজন করিয়ে আমাদের বিদায় দেবার জনো। বড়ো সুন্দর এই গ্রামের চেহারাটি। তরুচ্ছায়ানিবিড় পাহাড়ের কোলে আশ্রিত লোকালয়, ঝর্না ঝরে পড়ছে এদিক-ওদিক দিয়ে, পাথর ডিঙিয়ে। গ্রামের দোকানগুলির মাঝখানে দিয়ে উচুনিচু ঝাঁকঝাঁক পথ, কৌতূহলী জনতা জমেছে।

তার পরের থেকে ধরণীর ক্রমেই সেই আবার শুকনৈরাশোর মূর্তি। আমরা পারস্যের উচ্চভূমি থেকে নেমে চলেছি। সকলেই ভয় দেখিয়েছিলেন এখান থেকে আমরা অত্যন্ত গরম পাব। তার কোনো লক্ষণ দেখলুম না। হাওয়াটা আমাদের দেশের মাঘ মাসের মতো। পারস্যের শেষ সীমানায় যখন পৌঁছলুম দেখা গেল বোগদাদ থেকে অনেকে এসেছেন আমাদের অভ্যর্থনা করবার জনো। কেউ কেউ রাজকর্মচারী, কেউ-বা খবরের কাগজের সম্পাদক, অনেকে আছেন সাহিত্যিক, তা ছাড়া প্রবাসী ভারতীয়। এরা কেউ কেউ ইংরেজি জানেন। একজন আছেন যিনি ন্যূয়র্কে আমার বক্তৃতা শুনেছেন। সেখানে শিক্ষাতত্ত্ব অধ্যয়ন শেষ করে ইনি এখানকার শিক্ষাবিভাগের কাজে নিযুক্ত। স্টেশনের ভোজনশালায় চা খেতে বসলুম। একজন বললেন, যারা এখানে আপনাকে অভ্যর্থনা করতে এসেছেন তাঁদের মধ্যে ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের লোক আছেন। 'আমরা সকলেই এক। ভারতীয় মুসলমানেরা ধর্মের নামে কেন যে এমন বিরোধ সৃষ্টি করছে আমরা একেবারেই বুঝতে পারি নে।' ভারতীয়েরাও বলেন, 'এখানকার মুসলমানদের সঙ্গে আমাদের হৃদয়তার লেশমাত্র অভাব নেই।' দেখা যাচ্ছে ইঞ্জিন্টে তুরুস্কে ইরাকে পারসো সর্বত্র ধর্ম মনুষ্যত্বকে পথ ছেড়ে দিচ্ছে। কেবল ভারতবর্ষেই চলবার পথের মাঝখানে ঘন হয়ে কাটাগাছ উঠে পড়ে, হিন্দুর সীমানায় মুসলমানের সীমানায়। এ কি পরাধীনতার মক্কাইনো লালিত ঈর্ষাবুদ্ধি, এ কি ভারতবর্ষের অনাথচিত্তজাত বুদ্ধিহীনতা।

অভ্যর্থনাদলের মধ্যে একজন বৃদ্ধ কবি ছিলেন, আমার চেয়ে দুই-এক বছরের ছোটো। পদ্ম হয়ে পড়েছেন, শাস্ত্র স্তম্ভ মানুষটি। তাঁর মুখচ্ছবি ভাবুকতায় আবিষ্ট। ইরাকের মধ্যে ইনিই সব চেয়ে বড়ো কবি বলে ঐর পরিচয় করিয়ে দেওয়া হল।

অনেকদিন পরে মোটর ছেড়ে রেলগাড়িতে চড়া গেল। গাড়িগুলি আরামের। দেহটা এতকাল পথে পথে কেবলই ঠোকর খেয়ে নাড়া খেয়ে একদণ্ড নিজেকে ভুলে থাকতে পারছিল না, আজ বাহনের সঙ্গে অবিশ্রাম স্বপ্ন তার মিতে গেল।

জানালায় বাইরে এখনো মাঝে মাঝে ফসলের আভাস দেখা যায়, বোধ হয় যেন কোথাও কোথাও খাল-নালা দিয়ে জলসেকের ব্যবস্থা আছে। কিন্তু মোটর উপরে কঠিন এখানকার ধূসরবর্ণ মাটি।

মাঝে মাঝে বড়ো বড়ো স্টেশনে অভ্যর্থনার জনতা পেরিয়ে এলুম। যখন শোনা গেল বোগদাদ আর পনেরো মিনিট পথ দূরে তখনো তার পূর্বসূচনা কিছুই নেই, তখনো শূন্য মাঠ ধু ধু করছে।

অবশেষে বোগদাদে এসে গাড়ি থামল। স্টেশনে ভিড়ের অন্ত নেই। নানাশ্রেণীর প্রতিনিধি এসে আমাকে সম্মান জানিয়ে গেলেন, ভারতীয়েরা দিলেন মালা পরিয়ে। ছোটো ছোটো দুটি মেয়ে দিয়ে গেল ফুলের তোড়া। মেয়েদের ভিড়ের মধ্যে একটি বাঙালি মেয়েকেও দেখলেম। বোগদাদের রাস্তা কতকটা আমাদেরই দেশের দোকান-বাজার-ওয়াল পথের মতো। একটা বিশেষত্ব আছে, মাঝে মাঝে পথের ধারে কাঠের বেঞ্চি-পাতা চা খাবার এবং মেলামেশা করবার জায়গা। ছোটোখাটো ক্লাবের মতো। সেখানে আসর জমেছে। এক-এক শ্রেণীর লোক এক-একটি জায়গা অধিকার করে থাকে, সেখানে আলাপের প্রসঙ্গে ব্যবসার জেরও চলে। শহরের মতো জায়গায় এরকম সামাজিকতাচর্চার কেন্দ্র থাকা বিশেষ আবশ্যিক সন্দেহ নেই। আগেকার দিনে গল্প বলবার কথক ছিল, তখন তারা এই-সকল পথপ্রান্তসভায় কথা শোনাত। আমাদের দেশে যেমন কথকের ব্যবসা প্রায় বন্ধ হয়ে এসেছে, এদের এখানেও তাই। এই বিদ্যাটি ছাপার বইয়ের সঙ্গে পাল্লা দিয়ে উঠতে পারলে না। মানুষ আপন রচিত যন্ত্রগুলোর কাছে আপন সহজ শক্তিকে বিকিরে দিচ্ছে।

টাইগ্রিস নদীর ধারে একটি হোটেলে আমাদের জায়গা হয়েছে। আমার ঘরের সামনে মস্ত ছাদ, সেখানে বসে নদী দেখা যায়। টাইগ্রিস প্রায় গঙ্গার মতোই প্রশস্ত, ওপারে ঘন গাছের সার, খেজুরের বন, মাঝে মাঝে ইমারত। আমাদের ডান দিকে নদীর উপর দিয়ে ব্রিজ চলে গেছে। এই কাঠের ব্রিজ সৈন্য-পারাপারের জন্য গত যুদ্ধের সময় জেনারেল মড অস্থায়ীভাবে তৈরি করিয়েছিলেন।

চেঁটা করছি বিশ্রাম করতে, কিন্তু সম্ভাবনা অল্প। নানারকম অনুষ্ঠানের ফর্দ লম্বা হয়ে উঠছে। সকালে গিয়েছিলুম ম্যুজিয়ম দেখতে; নূতন স্থাপিত হয়েছে, বেশি বড়ো নয়, একজন জার্মান অধ্যাপক এর অধ্যক্ষ। অতি প্রাচীন যুগের যে-সব সামগ্রী মাটির নীচে থেকে বেরিয়েছে সেগুলি দেখালেন। এ-সমস্ত পাঁচ-ছয় হাজার বছর আগেকার পরিশিষ্ট। মেয়েদের গহনা, ব্যবহারের পাত্র প্রভৃতি সুদক্ষ হাতে রচিত ও অলংকৃত। অধ্যাপক বলেন, এই জাতের কারুকার্যে স্থূলতা নেই, সমস্ত সুকুমার ও সুনিপুণ। পূর্ববর্তী দীর্ঘকালের অভ্যাস না হলে এমন শিল্পের উদ্ভব হওয়া সম্ভবপর হত না। এদের কাহিনী নেই জানা, কেবল চিহ্ন আছে। এটুকু বোঝা যায় এরা বর্বর ছিল না। পৃথিবীর দিনরাত্রির মধ্য দিয়ে ইতিহাসের স্মরণভ্রষ্ট এই-সব নরনারীর সুখদুঃখের পর্যায় আমাদেরই মতো বয়ে চলত। ধর্মে কর্মে লোকব্যবহারে এদেরও জীবনযাত্রার আর্থিক-পারমাণিক সমস্যা ছিল বহুবিচিত্র। অবশেষে, কী আকারে ঠিক জানি নে, কোন চরম সমস্যা বিরাটমূর্তি নিয়ে এদের সামনে এসে দাঁড়াল, এদের জ্ঞানী কর্মী ভাবুক, এদের পুরোহিত, এদের সৈনিক, এদের রাজা, তার কোনো সমাধান করতে পারলে না, অবশেষে ধরণীর হাতে প্রাণযাত্রার সম্বল কিছু কিছু ফেলে রেখে দিয়ে সবাইকে চলে যেতে হল। কোথায় গেল এদের ভাষা, কোথায় এদের সব কবি, এদের প্রতিদিনের বেদনা কোনো ছন্দের মধ্যে কোথাও কি সংগ্রহ করা রইল না। কেবল মাত্র আর আট-দশ হাজার বছরের প্রান্তে ভাবীকালে দাঁড়িয়ে মানুষের আজকের দিনের বাণীর প্রতি যদি কান পাতি, কোনো ধ্বনি কি পৌঁছবে কানে এসে, যদি-বা পৌঁছয় তার অর্থ কিছু বুঝতে পারব।

আজ অপরাহ্নে আমার নিমন্ত্রণ এখানকার সাহিত্যিকদের তরফ থেকে। বাগানের গাছের ছায়ায় আমাদের আসন। ছোটো ছোটো টেবিলে চায়ের আয়োজন জনতার মধ্যে বিক্ষিপ্ত। একে একে নানা লোকে তাঁদের অভিনন্দন পাঠ শেষ করলে সেই বৃদ্ধ কবি তাঁর কবিতা আবৃত্তি করলেন। বহুমান্দ তাঁর ছন্দপ্রবাহ, আর উদ্দাম তাঁর ভঙ্গি। আমি তাঁদের বললেম, এমন কবিতার অর্থ ব্যাখ্যার প্রয়োজন নেই; এ যেন উস্তাল তরঙ্গিত সমুদ্রের বাণী, এ যেন ঝঞ্জিত অরণ্যশাখার উদগাথা।

অবশেষে আমার পালা উপস্থিত হতে আমি বললুম, আজ আমি একটি দরবার নিয়ে আপনাদের কাছে এসেছি। একদা আরবের পরম গৌরবের দিনে পূর্বে পশ্চিমে পৃথিবীর প্রায় অর্ধেক ভূভাগ আরবের প্রভাব-অধীনে এসেছিল। ভারতবর্ষে সেই প্রভাব যদিও আজ রাষ্ট্রশাসনের আকারে নেই, তবুও সেখানকার বৃহৎ মুসলমান সম্প্রদায়কে অধিকার করে বিদ্যার আকারে, ধর্মের আকারে আছে। সেই দায়িত্ব স্বরণ করিয়ে আমি আপনাদের বলছি, আরবসাগর পার করে আরবের নববাণী আর-একবার ভারতবর্ষে পাঠান— যারা আপনাদের স্বধর্মী তাঁদের কাছে— আপনাদের মহৎ ধর্মগুরু পূজানামে, আপনাদের পবিত্রধর্মের সুনামী রক্ষার জন্য। দুঃসহ আমাদের দুঃখ, আমাদের মুক্তির অধ্যবসায় পদে পদে ব্যর্থ; আপনাদের নবজাগৃত প্রাণের উদার আহ্বান সাম্প্রদায়িক সংকীর্ণতা থেকে, অমানুষিক অসহিষ্ণুতা থেকে, উদার ধর্মের অবমাননা থেকে, মানুষে মানুষে মিলনের পথে, মুক্তির পথে নিয়ে যাক হতভাগ্য ভারতবর্ষকে। এক দেশের কোলে যাদের জন্ম অন্তরে বাহিরে তারা এক হোক।

রাজা আমাকে চায়ের নিমন্ত্রণ করেছেন নদীর ওপারে তাঁর একটি বাগানবাড়িতে। রাজা একেবারেই আড়ম্বরশূন্য মানুষ, অত্যন্ত সহজ ব্যবহার। খোলা চাতালে আমরা বসলুম, সামনে নীচে বাগান। রাজার ভাইও আছেন তাঁর সঙ্গে। প্রধানমন্ত্রী আছেন— অল্প বয়স, এখানকার সবাই বলেন, আজ পৃথিবীতে সব চেয়ে অল্প বয়সের মন্ত্রী ইনি। যিনি দোভাষীর কাজ করবেন তিনিও উপস্থিত। রাজা বললেন, ভারতবর্ষে হিন্দু-মুসলমানের যে দ্বন্দ্ব বেধেছে নিশ্চয়ই সেটা ক্ষণিক। যখন কোনো দেশে সকল সম্প্রদায়ের মধ্যে উদ্‌বোধন আসে তখন প্রথম অবস্থায় তারা নিজেদের বিশিষ্টতা সম্বন্ধে অত্যন্ত বেশি সচেতন হয়ে ওঠে এবং সেইটেকে রক্ষা করার জন্যে তাদের চেঁচা প্রবল হয়। এই আকস্মিক বেগটা কমে গেলে মন আবার সহজ হয়ে আসে। আমি বললেম, আজ তুর্কি ইম্পেরিট পারস্যে নবজাগৃত জাতির যে পরিচয় আমরা পেয়েছি তাতে দেখলুম, যে বিশিষ্টতাবোধ সংকীর্ণভাবে আত্মনিহিত ও অন্যের প্রতি বিরুদ্ধ, সচেঁচতার সঙ্গেই তার তীব্রতা কমিয়ে দেওয়া হয়েছে, নইলে সেই অন্ধতার দ্বারা জাতির রাষ্ট্রবুদ্ধি অভিভূত হয়। ভারতবর্ষের উদ্‌বোধনে যদি সেই সর্বজনের হিতজনক শুভবুদ্ধির আবির্ভাব দেখতে পেতেম তা হলে নিশ্চিত হতেম। কিন্তু যখন দেখতে পাই হিন্দু-মুসলমান উভয়পক্ষেই শিকার সঙ্গে সঙ্গেই আত্মঘাতী ধর্মান্ধতা প্রবল হয়ে উঠে রাষ্ট্রসংঘকে প্রতিহত করছে তখন হতাশ হতে হয়।

এই বাগানের ধারে চায়ের টেবিলে সহজ বাক্যলাপের মধ্যে সেদিনের ছবি মনে আনা দুরূহ, যেদিন এই রাজা পথশূন্য মরুভূমির মধ্যে বেদুয়িনদের বহু উপজাতিকে আপন নেতৃত্বের অধীনে এক করে নিয়ে জর্মানি ও তুরুস্কের সম্মিলিত অভিযানকে পদে পদে উদ্‌ভাস্ত করে বিধ্বস্ত করেছিলেন। মৃত্যুর মূল্যে কিনেছিলেন জীবনের গৌরব। কঠিন ভীষণ সেই রণপ্রাক্কণ, জয়ে-পরাজয়ে নিত্যসংশয়িত দুঃসাধ্য সেই অধ্যবসায়। সেই অক্লান্ত রণরঙ্গের অধিনায়ককে দেখলেম। তখনকার মৃত্যুচ্ছায়াক্রান্ত দিনরাত্রির সেই বিভীষিকার মধ্যে তাঁর উদ্‌বাহিনীর সঙ্গে কোথাও কোনো-একটা স্থান পাবার সম্ভাবনা ছিল না। কিন্তু আজ বসেছি চায়ের টেবিলে এই নূতন ইতিহাসসৃষ্টিকর্তার পাশে সহজভাবে; কেননা আমিও অন্য উপকরণ নিয়ে মানুষের ইতিহাসসৃষ্টিতে আপন শক্তি উৎসর্গ করেছি। সেই স্বতন্ত্র অথচ যথার্থ সহযোগিতার মূল্য যদি না এই বীর বৃদ্ধিতে পারতেন তবে তাঁর যুদ্ধবিজয়ী শৌর্য আপন মূল্য অনেকখানি হারাত। কর্নেল লরেল বলেছেন, আরবের মহৎ লোকদের মধ্যে মহম্মদ ও সালাদিনের নীচেই রাজা ফয়সলের স্থান। এই মহম্মদের সরলমূর্তি দেখেছি তাঁর সহজ আতিথেয়, এবং তাঁকে

অভিবাদন করেছি। বর্তমান এশিয়ায় যারা প্রবল শক্তিতে নূতন যুগের প্রবর্তন করেছেন তাঁদের দুজনকেই দেখলুম অল্পকালের ব্যবধানে। দুজনেরই মধ্যে স্বভাবের একটি মিল দেখা গেল— উভয়েই আড়ম্বরহীন স্বচ্ছ সরলতার মধ্যে সুস্পষ্টভাবে প্রকাশমান।

১১

এখান থেকে বিদায় হয়ে গেলেম এখানকার ছাত্রীদের নিমন্ত্রণসভায়। সংকীর্ণ সুদীর্ঘ আকাঁকা গলি। পুরাতন বাড়ি দুই ধারে সার বেঁধে উঠেছে, কিন্তু তার ভিতরকার লোকযাত্রা বাইরে থেকে কিছুই দেখতে পাওয়া যায় না। নিমন্ত্রণগৃহের প্রাঙ্গণে সব মেয়েরা বসেছে। এক ধারে কয়েকটি মেয়ে আলাদা স্থান নিয়েছেন, তাঁরা কালো কাপড়ে সম্ভৃত, কিন্তু মুখ ঢাকা নয়। বাকি সবাই বিলাতি পোশাক পরা, স্তম্ভ শাস্ত হয়ে থাকবার চেঁচামাত্র নেই, হাসিগল্পে সভা মুখরিত। প্রাঙ্গণের সম্মুখপ্রান্ত আমাদের দেশের চণ্ডীমণ্ডপের মতো। তারই রোয়াকে আমার চৌকি পড়েছে। অনুরোধে পড়ে কিছু আমাকে বলতে হল; বলা হলেই কয়েকজন মেয়ে এসে আমাকে ফরমাশ করলেন আমার কাব্য আবৃত্তি করতে। আগের দিনে এঁরা আবৃত্তি শুনেছিলেন। নিজের লেখা কিছু তো মনে পড়ে না। অনেক চেঁচা করে 'খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে' কবিতার প্রথম শ্লোক পড়ে গেলেম, একটা জায়গায় ঠেকে যেতেই অর্থহীন শব্দ দিয়ে ছন্দ পূরণ করে দিলুম।

তার পর সন্ধ্যাবেলায় ভোজনের নিমন্ত্রণ। শিক্ষাবিভাগের লোকেরা আয়োজন করেছেন। নদীর ধারের দিকে প্রকাণ্ড একটা ছাদ, সেখানে আলোকমালার নীচে বসে গেছেন অনেক লোক। আমাদের সেই বৃদ্ধ কবিও আমার কাছেই ছিলেন। আহারের পর আমার অভিনন্দন সারা হলে আমাকে কিছু বলতে হল, কেননা শিক্ষা সম্বন্ধে আমার কী মত এঁরা শুনেতে চেয়েছিলেন।

শ্রান্তি ঘনীভূত হয়ে আসছে। আমার পক্ষে নড়েচড়ে দেখে শুনে বেড়ানো অসম্ভব হয়ে এল। কথা ছিল সকালে টেসিফনের (Ctesiphon) ভগ্নাবশেষ দেখতে যেতে হবে। আমি ছাড়া আমার দলের বাকি সবাই দেখতে গেলেন। একদা এই শহরের গৌরব ছিল অসামান্য। পার্থিয়ানেরা এর পত্তন করে। পারস্যে অনেকদিন পর্যন্ত এদের রাজত্ব ছিল। রোমকেরা বার বার এদের হাতে পরাস্ত হয়েছে। পূর্বেই বলেছি পার্থিয়েরা খাঁচাটি পারসিক ছিল না। তারা তুর্ক ছিল বলে অনুমান করা হয়, শিক্ষাদীক্ষা অনেকটা পেয়েছিল গ্রীকদের কাছ থেকে। ২২৮ খৃস্টাব্দে আর্দাশির পার্থীয়দের জয় করে আবার পারস্যকে পারসিক শাসন ও ধর্মের অধীনে এক করে তোলেন। ইনিই সাসানীয় বংশের প্রথম রাজা। তার পরে বার বার রোমানদের উপদ্রব এবং সবশেষে আরবদের আক্রমণ এই শহরকে অভিভূত করেছিল। জায়গাটা অস্বাস্থ্যকর বলে আরবেরা এখান থেকে সমস্ত মালমসলা সরিয়ে বোগদাদে রাজধানী স্থাপন করে— টেসিফোন ধুলোয় গেল মিলিয়ে, বাকি রইল বৃহৎ প্রাসাদের একটুখানি খিলান। এই প্রাসাদ প্রথম খসকর আদেশে নির্মিত হয় সাসানীয় যুগের মহাকাব্য স্থাপত্যশিল্পের একটি অতি আশ্চর্য দৃষ্টান্তরূপে।

সন্ধ্যাবেলায় রাজার ওখানে আহারের নিমন্ত্রণ। ঐশ্বর্যগৌরব প্রমাণ করবার জন্যে কোথাও লেশমাত্র চেঁচা নেই। রাজার এই অনাড়ম্বর গাষ্টীর্থে আমার চিত্তকে সব চেয়ে আকর্ষণ করে। পারিষদবর্গ যারা একত্রে আহার করছিলেন হাস্যালাপে তাঁদের সকলের সঙ্গে এঁর অতি সহজ সম্বন্ধ। আমাদের দেশের সাধারণ লোকেরাও বিশেষ ভোজে আহারের পরিমাণে ও আয়োজনে নির্বোধের মতো যে অতিবাহল্য করে থাকে রাজার ভোজে তা দেখলুম না। লম্বা টেবিলের উপর সাদা চাদর পাতা। বিরলভাবে কয়েকটি ফুলের তোড়া আছে, তা ছাড়া সাজসজ্জার চমক নেই একটুও। এতে আতিথ্যের যথার্থ আরাম পাওয়া যায়।

বউমা রানীর সঙ্গে দেখা করতে গিয়েছিলেন— ভদ্রঘরের গৃহিণীর মতো আড়ম্বরহীন সরল অমায়িক ব্যবহার, নিজেকে রানী বলে প্রমাণ করবার প্রয়াসমাত্র নেই।

আজ একজন বেদুয়িন দলপতির তাঁবুতে আমার নিমন্ত্রণ আছে। প্রথমটা ভাবলুম পারব না,



ইরান-ইরাক-সীমান্তে ইরাক-সরকার কর্তৃক কবিসংরোধন



বেদুয়িনদের ঠাবুতে রবীন্দ্রনাথ

শরীরটার প্রতি করুণা করে না যাওয়াই ভালো। তার পরে মনে পড়ল একদা আশ্রয়লাভ করে লিখেছিলুম, 'ইহার চেয়ে হতেম যদি আরব বেদুয়িন।' তখন বয়স ছিল তিরিশের কাছ ঘেঁষে, সে তিরিশ আঙ্গু পিছনের দিগন্তে বিলীনপ্রায়। তা হোক, কবিতাটাকে কিছু পরিমাণে পরখ করে না এলে মনে পরিতাপ থাকবে। সকালে বেরিয়ে পড়লুম। পথের মধ্যে হঠাৎ নিয়ে গেল ট্রেনিং স্কুলের ছেলেদের মাঝখানে, হঠাৎ তাদের কিছু বলতেও হল। পথে পথে কত কথাই ছড়াতে হয়, সে পাকা ফল নয়, সে ঝরা পাতা, কেবলমাত্র ধুলোর দাবি মেটাবার জন্যে।

তার পরে গাড়ি চলল মরুভূমির মধ্যে দিয়ে। বালুমরু নয়, শক্ত মাটি। মাঝে মাঝে নদী থেকে জল এনেছে নালা কেটে, তাই এখানে ওখানে কিছু কিছু ফসলের আভাস দেখা দিয়েছে। পথের মধ্যে দেখা গেল নিমন্ত্রণকর্তা আর-এক মোটরে করে চলেছেন, তাঁকে আমাদের গাড়িতে তুলে নেওয়া হল। শক্ত মানুষ, তীক্ষ্ণ চক্ষু; বেদুয়িনী পোশাক।

অর্থাৎ, মাথায় একখণ্ড সাদা কাপড় ঘিরে আছে কালো বিড়ের মতো বস্ত্রবেটনী। ভিতরে সাদা লম্বা আঙিয়া, তার উপরে কালো পাতলা জোকা। আমার সঙ্গীরা বলেন, যদিও ইনি পড়াশুনো করেন নি বললেই হয়, কিন্তু তীক্ষ্ণবুদ্ধি। তিনি এখানকার পার্লামেন্টের একজন মেম্বর।

রৌদ্রে ধূ ধূ করছে ধূসর মাটি, দূরে কোথাও কোথাও মরীচিকা দেখা দিল। কোথাও মেঘপালক নিয়ে চলেছে ভেড়ার পাল, কোথাও চরছে উট, কোথাও-বা ঘোড়া। হ হ করে বাতাস বইছে, মাঝে মাঝে ঘুর খেতে খেতে ছুটেছে ধূলির আবর্ত। অনেকদূর পেরিয়ে এঁদের ক্যাম্প এসে পৌঁছলুম। একটা বড়ো খোলা ঠাঁবুর মধ্যে দলের লোক বসে গেছে, কফি সিদ্ধ হচ্ছে, খাচ্ছে ঢেলে ঢেলে।

আমরা গিয়ে বসলুম একটা মস্ত মাটির ঘরে। বেশ ঠাণ্ডা। মেঝেতে কাপেট, এক প্রান্তে তস্তপোশের উপর গদি পাতা। ঘরের মাঝখান বেয়ে কাঠের থাম, তার উপরে ডর দিয়ে লম্বা লম্বা খুঁটির 'পরে মাটির ছাদ। আত্মীয়বান্ধবেরা সব এদিকে-ওদিকে, একটা বড়ো কাঠের গুড়গুড়িতে একজন তামাক টানছে। ছোটো আয়তনের পেয়লা আমাদের হাতে দিয়ে তাতে অল্প একটু করে কফি ঢাললে, ঘন কফি, কালো তেতো। দলপতি জিজ্ঞাসা করলেন আহার ইচ্ছা করি কি না, 'না' বললে আনবার রীতি নয়। ইচ্ছা করলেম, অভ্যস্তরে তাগিদও ছিল। আহার আসবার পূর্বে শুরু হল একটু সংগীতের ভূমিকা। গোটাকতক কাঠির উপরে কোনোমতে চামড়া-জড়ানো একটা তেড়াবাঁকা একতারা যন্ত্র বাজিয়ে একজন গান ধরলে। তার মধ্যে বেদুয়িনী তেজ কিছুই ছিল না। অত্যন্ত মিহিচড়া গলায় নিতান্ত কান্নার সুরে গান। একটা বড়ো জাতের পতঙ্গের রাগিণী বললেই হয়। অবশেষে সামনে চিলিম্চি ও জলপাত্র এল। সাবান দিয়ে হাত ধুয়ে প্রস্তুত হয়ে বসলুম। মেঝের উপর জাজিম পেতে দিলে। পূর্ণচন্দ্রের ডবল আকারের মোটা মোটা রুটি, হাতাওয়ালা অতি প্রকাণ্ড পিতলের খালায় ভাতের পর্বত আর তার উপর মস্ত এবং আস্ত একটা সিদ্ধ ভেড়া। দু-তিনজন জোয়ান বহন করে মেঝের উপর রাখলে। পূর্ববর্তী মিহি-করণ রাগিণীর সঙ্গে এই ভোজের আকৃতি ও প্রকৃতির কোনো মিল পাওয়া যায় না। আহারাধীরা সব বসল খালা ঘিরে। সেই এক খালা থেকে সবাই হাতে করে মুঠো মুঠো ভাত পেটে তুলে নিয়ে আর মাংস ছিড়ে ছিড়ে খেতে লাগল। ঘোল দিয়ে গেল পানীয়রূপে। গৃহকর্তা বললেন, আমাদের নিয়ম এই যে, অতিথিরা যতক্ষণ আহার করতে থাকে আমরা অভুক্ত দাঁড়িয়ে থাকি, কিন্তু সময়ভাবে আজ সে নিয়ম রাখা চলবে না। তাই অদূরে আর-একটা প্রকাণ্ড খালা পড়ল। তাতে তাঁরা স্বজনবর্গ বসে গেলেন। যে অতিথিদের সম্মান অপেক্ষাকৃত কম আমাদের ভুক্তাবশেষ তাঁদের ভাগে পড়ল। এইবার হল নাচের ফরমাশ। একজন একসঙ্গে সুরে বাঁশি বাজিয়ে চলল, আর এরা তাল রাখলে লাফিয়ে লাফিয়ে। একে নাচ বললে বেশি বলা হয়। যে ব্যক্তি প্রধান, হাতে একখানা রুমাল নিয়ে সেইটে ঘুরিয়ে ঘুরিয়ে আগে আগে নাচতে লাগল, তারই কিঞ্চিৎ ডগ্গির বৈচিত্র্য ছিল। ইতিমধ্যে বউমা গেলেন এদের অন্তঃপুরে। সেখানে মেয়েরা তাঁকে নাচ দেখালেন, তিনি বলেন সে নাচের মতো নাচ বটে— বোকা গেল যুরোপীয় নটীরা প্রাচ্য নাচের কায়দায় এদের অনুকরণ করে, কিন্তু সম্পূর্ণ রস দিতে পারে না।

তার পরে বাইরে এসে যুদ্ধের নাচ দেখলুম। লাঠি ছুরি বন্দুক তলোয়ার নিয়ে আফ্রালন করতে করতে, চিংকার করতে করতে, চক্রাকারে ঘুরতে ঘুরতে, তাদের মাতুনি— ও দিকে অন্তঃপুরের দ্বার থেকে মেয়েরা দিচ্ছে তাদের উৎসাহ। বেলা চারটে পেরিয়ে গেল, আমরা ফেরবার পথে গাড়িতে উঠলুম, সঙ্গে চললেন আমাদের নিমন্ত্রণকর্তা।

এরা মরুর সন্তান, কঠিন এই জাত, জীবনমৃত্যুর দ্বন্দ্ব নিয়ে এদের নিত্য ব্যবহার। এরা কারও কাছে প্রশ্রয়ের প্রত্যাশা রাখে না, কেননা পৃথিবী এদের প্রশ্রয় দেয় নি। জীববিজ্ঞানে প্রকৃতি-কর্তৃক বাছাইয়ের কথা বলে; জীবনের সমস্যা সুকঠোর করে দিয়ে এদেরই মাঝে যথার্থ কড়া বাছাই হয়ে গেছে, দুর্বলেরা বাদ পড়ে যারা নিত্যন্ত টিকে গেল এরা সেই জাত। মরণ এদের বাজিয়ে নিয়েছে। এদের যে এক-একটি দল তারা অত্যন্ত ঘনিষ্ঠ, এদের মাতৃভূমির কোলের পরিসর ছোটো; নিত্য বিপদে বেষ্টিত জীবনের স্বল্প দান এরা সকলে মিলে ভাগ করে ভোগ করে। এক বড়ো থালে এদের সকলের অন্ন, তার মধ্যে শৌখিন রুচির স্থান নেই; তারা পরস্পরের মোটা রুটি অংশ করে নিয়েছে, পরস্পরের জন্যে প্রাণ দেবার দাবি এই এক রুটি ভাঙার মধ্যেই। বাংলাদেশের নদীবাছবেষ্টিত সন্তান আমি, এদের মাঝখানে বসে থাকিছিলুম আর ভাবছিলাম, সম্পূর্ণ আলাদা ছাঁচে তৈরি মানুষ আমরা উভয়ে। তবুও মনুষ্যত্বের গভীরতর বাণীর যে ভাষা সে ভাষায় আমাদের সকলেরই মন সায় দায়। তাই এই অশিক্ষিত বেদুয়িন-দলপতি যখন বললেন 'আমাদের আদিগুরু বলেছেন যার বাক্যে ও ব্যবহারে মানুষের বিপদের কোনো আশঙ্কা নেই সেই যথার্থ মুসলমান', তখন সে কথা মনকে চমকিয়ে দিলে। তিনি বললেন, ভারতবর্ষে হিন্দু-মুসলমানে যে বিরোধ চলছে এ পাপের মূল রয়েছে সেখানকার শিক্ষিত লোকদের মনে। এখানে অল্পকাল পূর্বে ভারতবর্ষ থেকে কোনো-কোনো শিক্ষিত মুসলমান গিরে ইসলামের নামে হিংস্র-ভেদবুদ্ধি প্রচার করবার চেষ্টা করেছিলেন; তিনি বললেন, আমি তাঁদের সত্যতায় বিশ্বাস করি নে, তাই তাঁদের ভোজের নিমন্ত্রণে যেতে অস্বীকার করেছিলাম, অন্তত আরবদেশে তাঁরা শ্রদ্ধা পান নি। আমি ঐকে বললুম, একদিন কবিতায় লিখেছি 'ইহার চেয়ে হতেম যদি আরব বেদুয়িন'— আজ আমার হৃদয় বেদুয়িন-হৃদয়ের অত্যন্ত কাছে এসেছে, যথার্থই আমি তাদের সঙ্গে এক অন্ন খেয়েছি অন্তরের মধ্যে।

তার পরে যখন আমাদের মোটর চলল, দুই পাশের মাঠে এদের ঘোড়সওয়াররা ঘোড়া ছোটাবার খেলা দেখিয়ে দিলে মনে হল মরুভূমির ঘূর্ণা-হাওয়ার দল শরীর নিয়েছে।

বোধ হচ্ছে আমার ভ্রমণ এই 'আরব বেদুয়িনে' এসেই শেষ হল। দেশে যাত্রা করবার আর দু-তিন দিন বাকি, কিন্তু শরীর এত ক্লান্ত যে এর মধ্যে আর-কোনো দেখাশোনা চলবে না। তাই এই মরুভূমির বন্ধুত্বের মধ্যে ভ্রমণের উপসংহারটা ভালোই লাগছে। আমার বেদুয়িন নিমন্ত্রণকর্তাকে বললুম যে, বেদুয়িন-আতিথ্যের পরিচয় পেয়েছি, কিন্তু বেদুয়িন-দস্যুতার পরিচয় না পেলে তো অভিজ্ঞতা শেষ করে যাওয়া হবে না। তিনি হেসে বললেন, তার একটু বাধা আছে। আমাদের দস্যুরা প্রাচীন জানীলোকদের গারে হস্তক্ষেপ করে না। এইজন্যে মহাজনরা যখন আমাদের মরুভূমির মধ্যে দিয়ে পশ্য নিয়ে আসে তখন অনেক সময় বিজ্ঞ চেহারার প্রবীণ লোককে উঠের 'পরে চড়িয়ে তাদের কর্তা সাজিয়ে আনে। আমি তাঁকে বললুম, চীনে ভ্রমণ করবার সময় আমার কোনো চৈনিক বন্ধুকে বলেছিলাম, 'একবার চীনের ডাকাতেই হাতে ধরা পড়ে আমার চীনভ্রমণের বিবরণটাকে জমিয়ে তুলতে ইচ্ছা করে।' তিনি বললেন, 'চীনের ডাকাতেই আপনার মতো বৃদ্ধ কবির 'পরে অত্যাচার করবে না, তারা প্রাচীনকে ভক্তি করে।' সস্তর বছর বয়সে বৌবনের পরীক্ষা চলবে না। নানা স্থানে ঘোরা শেষ হল, বিদেশীর কাছ থেকে কিছু ভক্তি নিয়ে, শ্রদ্ধা নিয়েই দেশে ফিরে যাব, তার পরে আশা করি কর্মের অবসানে শক্তির অবকাশ আসবে। যুবকে যুবকে দ্বন্দ্ব ঘটে, সেই দ্বন্দ্বের আলোড়নে সংসারপ্রবাহের বিকৃতি দূর হয়। দস্যু যখন বৃদ্ধকে ভক্তি করে তখন সে তাকে আপন জগৎ থেকে দূরে সরিয়ে দেয়। যুবকের সঙ্গেই তার শক্তির পরীক্ষা, সেই দ্বন্দ্বের আঘাতে শক্তি প্রবল থাকে, অতএব ভক্তির সুদূর অন্তরালে পক্ষাশোকর্ষং বনং ব্রজেৎ।

গ্রন্থপরিচয়

রচনাবলীর বর্তমান খণ্ডে মুদ্রিত গ্রন্থগুলির প্রথম সংস্করণ, বর্তমানে স্বতন্ত্র গ্রন্থাকারে প্রচলিত সংস্করণ, রচনাবলী-সংস্করণ, এই তিনের পার্থক্য সংক্ষেপে ও সাধারণভাবে নির্দেশ করা গেল। বিশ্বভারতী-প্রচলিত রবীন্দ্র-রচনাবলীর একবিংশ ও দ্বাবিংশ খণ্ড বর্তমান খণ্ডের অন্তর্ভুক্ত হইল

খাপছাড়া

'খাপছাড়া' ১৩৪৩ সালের মাঘ মাসে প্রকাশিত হয়। গ্রন্থটি বহু রঙিন ছবিতে ও রেখাচিত্রে কবি নিজেই চিত্রিত করিয়াছিলেন।

স্বতন্ত্র গ্রন্থাকারে 'খাপছাড়া'র নূতন সংস্করণ ১৩৭২ বৈশাখে প্রকাশিত। ইহার 'সংযোজন' অংশে ২, ৩, ৫, ১০ ও ১১-সংখ্যক কবিতা বাদে রবীন্দ্র-রচনাবলীর 'সংযোজন'-ধৃত সব কবিতাই দেওয়া হইয়াছে। কারণ শিশুপাঠ্য চিত্রবিচিত্র গ্রন্থে প্রথমাবধি (শ্রাবণ ১৩৬১) উহার চারিটি ও পরে (ভাদ্র ১৩৬২) ২-সংখ্যক কবিতাটি সংকলিত।

বর্তমান গ্রন্থপরিচয়ে 'খাপছাড়ার ৮২ ও ৯৪-সংখ্যক কবিতার যে-কয়টি পূর্বপাঠ দেওয়া হইয়াছে তাহার অতিরিক্ত এক-একটি পাঠ স্বতন্ত্র খাপছাড়া গ্রন্থের (১৩৭২) গ্রন্থপরিচয়ে সংকলিত। ৭-সংখ্যক সংযোজনের একটি মাত্র পূর্বপাঠ এ স্থলে মুদ্রিত, স্বতন্ত্র গ্রন্থের গ্রন্থপরিচয় অংশে দুইটি মুদ্রিত আছে।

রবীন্দ্রনাথের বহু পাণ্ডুলিপি (বিশেষত শেষ বয়সের রচনা) শান্তিনিকেতনের রবীন্দ্রভবনে সংরক্ষিত। এ-সকলের পর্যালোচনায় রবীন্দ্র-রচনা সংক্রান্ত বহু নূতন তথ্য ক্রমশ আবিষ্কৃত এবং পাঠভেদ সংগ্রহ করা হইতেছে।

পাঠভেদের নিদর্শনরূপে দুইটি কবিতার পূর্বপাঠ পাণ্ডুলিপি হইতে নিম্নে মুদ্রিত হইল—

৮২-সংখ্যক কবিতা

প্রথম পাঠ

বাদশার ফরমাসে সন্দেশ বানাতে
খুব কষে মাখে চিনি কুকড়োর ছানাতে।
সর্দার খোঁজে পাড়া— আজো কি রয়েছে ছাড়া
সাধু কেউ— বাদশাকে হয় তাই জানাতে।
ডাকাতেরা মারে পাছে, রাখে জেলখানাতে।

দ্বিতীয় পাঠ

বাদশার ফরমাসে সন্দেশ বানাতে
ছানা ছেড়ে মাখে চিনি কুকড়োর ছানাতে।
সর্দার খুঁজে খুঁজে ফিরিতেছে পাড়া পাড়া,
এখনো কি কোনোখানে কোনো সাধু আছে ছাড়া—
বাদশাকে সে-খবর হয় তারে জানাতে।
ডাকাতেরা মারে পাছে, রাখে জেলখানাতে।

তৃতীয় পাঠ

মহারাজা লুকিয়েছে পুলিশের থানাতে ।
 চোরকে সে পারে নাই আদালত মানাতে ।
 সর্দার খুঁজে খুঁজে ফিরিতেছে পাড়া পাড়া,
 আজ্ঞা যদি কোনোখানে কোনো সাধ থাকে ছাড়া—
 রাজাকে সে খবরটা হয় তারে জানাতে ।
 অসাধুর ভয়ে তারে রাখে জেলখানাতে ।

৯৪-সংখ্যক কবিতা

প্রথম পাঠ

বিড়ালে মাছেতে হল সখা—
 বিড়াল কহিল, “ভাই, ভক্ষা
 বিধাতাই কন তোরে—
 বন্ধুর অন্তরে
 পশিয়া নিজেই তুমি রক্ষ ।
 ওই দেখো উচু ডাঙা,
 আছে বক মাছরাঙা—
 কেন হবে উহাদের লক্ষ্য ।”

দ্বিতীয় পাঠ

বিড়ালে মাছেতে হল সখা—
 বিড়াল কহিল, “ভাই, ভক্ষা
 বিধাতা স্বয়ং জেনো কন তোরে—
 ঢোকো গিয়ে বন্ধুর অন্তরে,
 সেখানে নিজেই তুমি রক্ষ ।
 ওই দেখো পুকুরের ধারে ডাঙা,
 ওইখানে শয়তান মাছ-রাঙা—
 কেন মিছে হবে ওর লক্ষ্য ।”

সংযোজন-অংশের কবিতাগুলি বিভিন্ন সাময়িকপত্র, কবির ‘ছন্দ’ গ্রন্থ এবং রবীন্দ্রসদনের পাণ্ডুলিপি হইতে সংকলিত হইল । ‘পাবনায় বাড়ি হবে’, ‘বালিশ নেই সে ঘুমোতে যায়’, ‘পাঁচদিন ভাত নেই’, এই কবিতা তিনটি ‘প্রহাসিনী’ (১৩৪৫) গ্রন্থের ‘খাপছাড়া’ অংশ হইতে গ্রহণ করা হইয়াছে ; উক্ত গ্রন্থের রচনাবলী-সংস্করণে (খণ্ড ২৩ : সূত্র ১২) কবিতা তিনটি বর্জিত হইয়াছে । এই অংশের ৪-২০-সংখ্যক কবিতা কয়টি ইতিপূর্বে কোনো গ্রন্থে প্রকাশিত হয় নাই । সংযোজনের ৭ সংখ্যক কবিতার পাণ্ডুলিপিতে-প্রাপ্ত পূর্বপাঠ এখানে মুদ্রিত হইল—

ধীর কহে শূন্যেতে মজো রে,
 নিরাধার সত্যেতে ভজো রে ।
 এত বলি ঘোড়াটারে
 দুই পায়ে ঠতো মারে,
 চাবুক লাগায় তারে সজোরে ।

যত ছোট সারাদিন
কিছুতেই ঘোড়াহীন
আপনারে নাহি পড়ে নজরে ॥

ছড়ার ছবি

‘ছড়ার ছবি’ ১৩৪৪ সালের আশ্বিন মাসে ‘নন্দলাল বসু -কর্তৃক চিত্রাঙ্কিত’ আকারে প্রকাশিত হয় । ১৯৩৭ সালের গ্রীষ্মে (মে-জুন মাসে) আলমোড়া বাসকালে রবীন্দ্রনাথ ‘বিশ্বপরিচয়’ ও এই গ্রন্থের অধিকাংশ কবিতা রচনা করেন ।

রবীন্দ্রভবনে-রক্ষিত পাণ্ডুলিপির সাহায্যে বর্তমান সংস্করণে কয়েকটি কবিতার রচনার তারিখ এবং স্থান -সম্বন্ধীয় নির্দেশ সংশোধিত বা সংযোজিত হইল ।

‘বুধু’ কবিতাটির শেষে সাময়িকপত্রে (সোনার কাঠি : আশ্বিন ১৩৪৪) এবং পাণ্ডুলিপিতে নিম্নমুদ্রিত অতিরিক্ত অংশটুকু পাওয়া যায়—

পাছে কোথাও হারিয়ে সে যায় দৃষ্টি দেয় বা কেহ
সর্বদা সন্দেহ ।
একদিন কোন ছেলে ওকে মেরেছিল ঢেলা,
সেদিন থেকে কারও সঙ্গে পায় না করতে খেলা ।
আনন্দ নেই, উৎসাহ নেই, শখ মেটে না কিছু—
ফেরে কেবল বুড়োর পিছু পিছু ।
উড়ন গেল, নাচন গেল, সাহস না রয় বাকি ।
স্নেহের খাঁচার পাখি ।
সবাই বলে, ভাগ্যি ভালো, জমছে টাকা দানের—
হায়, ছেলেটির অভাব কেবল দুর্লভ এই প্রাণের ।

‘কাশী’ কবিতার ১৫-১৬ ছত্রের পূর্বপাঠ পাণ্ডুলিপি হইতে উদ্ধৃত হইল—

হাসছ শুনে, কী জানি বা সত্যি পিঠেই হবে,
কিন্তু মুখে দাও যদি তো কাঠাল-বিচিই কবে ।

‘বালক’ কবিতাটি ‘ছেলেবেলা’ গ্রন্থে প্রথম সংস্করণ (১৩৪৭) হইতেই পুনর্মুদ্রিত আছে । ইহার ১৩শ ছত্রে ‘কঙ্কালী চাটুজ্জ’ স্থলে পাণ্ডুলিপিতে তথা ছেলেবেলা গ্রন্থে পূর্বপাঠ পাওয়া যায় ‘কিশোরী চাটুজ্জ’ ।

এই প্রসঙ্গে ‘যোগীনন্দা’ কবিতার আরম্ভাংশের পাণ্ডুলিপিতে প্রাপ্ত পূর্বপাঠ উল্লেখযোগ্য—

যোগেন্দ্র হালদার
দেশে দেশে ঘুরে ঘুরে কাল কেটেছে তার ।
ইত্যাদি ।

‘রিক্ত’ কবিতাটির সংক্ষিপ্ত প্রথম পাঠ পাণ্ডুলিপিতে এরূপ পাওয়া যায়—

মরুর মতো ডাঙা,
চোখ-ডোলানো রঙের নেশা-ডাঙা ।
শস্যনিঃস্ব মাঠে
মধ্যদিনের বিজন লীলা রুদ্ররসের নাটে ।

রুদ্ধ হাওয়ায় ধরার বুকে সূক্ষ্ম কাপন কাপে,
 শুকনো পাতা ঘুর খাচ্ছে কিসের অভিশাপে ।
 মনে হচ্ছে, ধরাতলের এই মহাশূন্যতায়
 আকাশ যেন কান পেতে রয় আপনি আপন কথায় ।
 তারি সঙ্গে মিশ খেয়ে যায় আমার চেয়ে থাকা
 ব্যাপ্ত করে পাণ্ডুবরন ফাকা ।
 কোথাও কোনো শব্দ যে নাই, তারি শব্দ বাজে
 বক্কোশুহার মাঝে ।
 আকাশ যাহার একলা অতিথি শুষ্ক বালুর স্তূপে
 স্তব্ধ থাকি সেই ধরণীর বৈরাগিনীর রূপে ।

আলমোড়া

১০।৬।৩৭

‘ছড়ার ছবি’ কবিতাগুলির রচনা সম্পর্কে সাধারণভাবে এবং বিশেষ কয়েকটি কবিতা-রচনার পশ্চাৎপট সম্পর্কে বিশেষভাবে তথ্য-সহযোগে কিছু আলোচনা করা হইয়াছে প্রচলিত ‘ছড়ার ছবি’ গ্রন্থের (শ্রাবণ ১৩৭৯) গ্রন্থপরিচয়ে । ‘রিস্ত’ কবিতার পাঠ-বিবর্তন সম্বন্ধে ঐ স্থলে বিশদ বিবরণ দেওয়া হইয়াছে । প্রসঙ্গক্রমে ১৩৮৩ শ্রাবণ-আশ্বিনের বিশ্বভারতী পত্রিকায় মুদ্রিত ‘রবীন্দ্ররচনার বিবর্তন’ (পৃ. ৭৭-৯২) প্রবন্ধেরও উল্লেখ করা যায়— একই মূল প্রেরণা হইতে ‘ছড়ার ছবি’র ‘খেলা’ ও ‘নবজাতক’ কাব্যের ‘প্রবীণ’ ক্রমে ক্রমে কী ভাবে প্রসূত, উহাতে তাহা যথাসম্ভব বিস্তারিতভাবে দেখানো হইয়াছে ।

প্রাস্তিক

‘প্রাস্তিক’ ১৩৪৪ বঙ্গাব্দের পৌষ মাসে প্রথম প্রকাশিত হয় ।

এই গ্রন্থের প্রায় সব কয়টি কবিতাই-১৯৩৭ সেপ্টেম্বর মাসে কবির সংকটাপন্ন রোগ হইতে মুক্তিলাভের অব্যবহিত পরে রচিত হয় । ১৪, ১৫ এবং ১৬-সংখ্যক কবিতা কয়েক বৎসর পূর্বের রচনা ।

১৪-সংখ্যক কবিতাটি ‘চাঁদপুর যুনিয়ন ইনস্টিটিউটে ত্রিসপ্ততিতম রবীন্দ্র-জন্মোৎসবে কবিগুরুর আশীর্বাদবাণী’ রূপে প্রেরিত হয় ।

১৫-সংখ্যক কবিতাটি বিচিত্রার ১৩৪১ কার্তিক সংখ্যায় ‘শরৎ’ নামে মুদ্রিত হয় । শেষ সপ্তকের ২৩-সংখ্যক কবিতা ইন্সুর গদ্য পাঠান্তর বলা যাইতে পারে ।

১৬-সংখ্যক কবিতাটি ‘শেষ সপ্তক’ গ্রন্থের ৩৪-সংখ্যক কবিতার সহিত তুলনীয় ।

১৩-সংখ্যক কবিতার দুইটি পূর্বপাঠ নিম্নে মুদ্রিত হইল—

জন্মের দিন করেছিল দান তোমারে পরম মূল্য,
 রূপমহিমায় হলে অহীমান সূর্যতারার তুল্য ।
 দূর আকাশের পথে যে আলোক এসেছে ধরার বক্ষে
 নিমেষে নিমেষে চুমি তব চোখ তোমারে বেঁধেছে সখ্যে ।
 দূর যুগ হতে আসে কত বাণী কালের পথের যাত্রী,
 সে মহাবাণীরে লয় সম্মানি তোমার দিবসরাত্রি ।

জন্মের দিনে দিয়েছিল আঞ্জি তোমারে পরম মূল্য
রূপসম্ভায় এলে যবে সাজি সূর্যতারার তুলা ।
দূর আকাশের পথে যে আলোক এসেছে ধরার বক্ষে
নিমেষে নিমেষে চুমি তব চোখ তোমারে বেঁধেছে সখো ।
দূর যুগ হতে আসে কত বাণী কালের পথের যাত্রী,
সে মহাবাণীরে লয় সম্মানি তোমার দিবসরাত্রি ।
সম্মুখে তব গেছে দূর-পানে জীবযাত্রার পন্থ,
তুমি সেথা চল— বলো কেবা জানে এ রহস্যের অন্ত ।

২২।৩।৩৪

—জয়শ্রী । বৈশাখ ১৩৪১

১৮-সংখ্যক কবিতাটির প্রসঙ্গে রবীন্দ্রভবনে-রক্ষিত 'বর্ষামঙ্গল' পাণ্ডুলিপির নিম্নসংকলিত উপসংহারের অংশ তুলনীয়—

নটরাজ । পালার শেষে শাস্তিবাচনিকের নিয়ম আছে । আজ বিষধর নাগিনীরা জগতের চার দিকে ফণা তুলে গর্জন করছে । আজ শাস্তির কথা পরিহাসের মতো শোনাবে । তাই উপসংহারে ডাক দিয়ে যাই তাদের, অকল্যাণের সঙ্গে লড়াইয়ের জন্যে যারা প্রস্তুত ।

[? ১৯৩৭]

ইহা উল্লেখযোগ্য যে, নবম ছত্রে প্রথমাবধি একটি মুদ্রণপ্রমাদ ঘটিয়াছিল মনে হয়, এজন্যই প্রত্যাশিত অষ্টাদশ মাত্রা পূর্ণ হয় নাই । ঐ ছত্রে বিভিন্ন রবীন্দ্রপাণ্ডুলিপি অনুযায়ী, 'নৌকা' স্থলে শুদ্ধ পাঠ হইবে : খেয়ানৌকা ।

সৈজুতি

'সৈজুতি' ১৩৪৫ সালের ভাদ্র মাসে প্রকাশিত হয় ।

রবীন্দ্রসদনের পাণ্ডুলিপির সাহায্যে বর্তমান সংস্করণে কয়েকটি কবিতার রচনা-তারিখ সংশোধিত ও সংযোজিত হইয়াছে ।

গ্রন্থারম্ভের 'জন্মদিন' কবিতাটি ১৩৪৫ সালের ২৫ বৈশাখ সন্ধ্যায় কালিম্পাঙে গৌরীপুরভবন হইতে রবীন্দ্রনাথ তাঁহার জন্মবাসর উপলক্ষে রেডিয়োতে পাঠ করিয়াছিলেন ।

'পত্রোত্তর' কবিতাটি সুরেন্দ্রনাথ দাসগুপ্ত মহাশয়ের প্রেরিত 'কবি নারদ' (প্রবাসী । আষাঢ় ১৩৪৫) কবিতার উত্তরে লিখিত ।

'পলায়নী' কবিতাটির প্রথম দুইটি স্তবক ১৩৪৪ জ্যৈষ্ঠের প্রবাসীতে অনুরূপ মুদ্রিত হইয়াছিল । প্রথম স্তবকের শেষাংশ ও দ্বিতীয় স্তবকের আরম্ভাংশ 'সৈজুতি'র পাঠে বর্জিত হইয়াছে । সেই বর্জিত অংশ নিম্নে প্রবাসী হইতে উদ্ধৃত হইল—

পলায়নভীরু পুরী দিনরাত
তোমার সম্মুখে জোড় করে হাত,
ধাধা ঘাটে ঘাটে রচে প্রণিপাত,
মাথা হেঁট করে তীরে ॥

মাটির কণ্ঠে যেখানে অভয়
মিথ্যা ভাবায় রটে,

সেথা ভিড় করে যত লোকালয়
 ভাঙন-লুকানো তটে ।
 মুখরিত হয় স্থিতিভিঙ্কার
 বন্দনাধ্বনি সেথা বার বার,
 কল্পিত করে প্রার্থনা তার
 শিল্পিত মন্দিরে ।

প্রবাসীতে উক্ত কবিতার চতুর্থ স্তবকের পর ('সৈজুতি'র পাঠে তৃতীয় স্তবকের পর)
 নিম্নমুদ্রিত একটি সম্পূর্ণ নূতন স্তবক পাওয়া যায়—

উধাও বাতাসে মেঘ ভেসে আসে
 বহিয়া রঙিন ছায়া ।
 তোমারি ছন্দে রচিছে আকাশে
 কণিকের চিরমায়া ।
 বনের প্রবাহ তব তীরে তীরে
 সবুজ পাতার বন্যার নীরে
 কভু ঝড়ে কভু শান্ত সমীরে
 তোমারি ছন্দ যাচে ।
 তোমারি ছন্দে পাখির ওড়া সে,
 তোমারি ছন্দে ফুল ফোটে ঘাসে,
 অনিত্য তারা তব ইতিহাসে
 নিত্য নাচনে নাচে ।

'তীর্থযাত্রিনী' কবিতাটির উপসংহারে প্রবাসীতে (অগ্রহায়ণ ১৩৪৪) এই দুইটি অতিরিক্ত
 পঙ্ক্তি মুদ্রিত হইয়াছিল—

সংসারে মরীচিকারে বিশ্বাস করিয়াছিল ও যে,
 সংসার বাহির-তীরে পুন ফিরে তারি ব্যর্থ খোজে ।

'জন্মদিন' কবিতাটির চতুর্থ স্তবকের পরে প্রবাসীতে (আষাঢ় ১৩৪৪) এই বর্জিত স্তবকটি
 পাওয়া যায়—

আজ কেন ওর মনে লাগে, এবার যাত্রাশেষে
 নৌকো আবার পাড়ি দিল আরেক ছুটির দেশে ।
 এ ঘাট থেকে বোঝাই ক'রে চলেছে স্রোত বাহি
 সেই পসরা হিসাব যাহার নাহি,
 আপনাতে যা আপনি অফুরান,
 ভাঙা বাশির মৌন-পারে জমেছে যার গান ।

তপতী

'তপতী' ১৩৩৬ সালের ভাদ্র মাসে প্রথম গ্রন্থাকারে মুদ্রিত হয় । নাটকটির রচনা-পরিচয়
 'ভূমিকা'তে রবীন্দ্রনাথ নিজেই বিশদভাবে লিখিয়াছেন । এখানে উল্লেখ করা যাইতে পারে যে,
 'রাজা ও রানী' রবীন্দ্র-রচনাবলীর প্রথম খণ্ডে মুদ্রিত হইয়াছে, উক্ত নাটকের গ্রন্থপরিচয় অংশ
 এই প্রসঙ্গে দ্রষ্টব্য ।

‘পথে ও পথের প্রান্তে’ গ্রন্থের ৩৯-সংখ্যক পত্রে তপতী নাটকটি সদ্য রচিত হইবার সংবাদ আছে। পত্রটির প্রাসঙ্গিক অংশ উদ্ধৃত হইল—

পুত্রসন্তান লাভ হলে সে সংবাদ খুব উৎসাহ করে প্রচার করা হয়। গতকল্য আমার লেখনী একটি সর্বাঙ্গসুন্দর নাটককে জন্ম দিয়েছে— দশমাস তার গর্ভবাস হয় নি— বোধ করি দিন-দশেকের বেশি সময় নেয় নি। ‘সর্বাঙ্গসুন্দর’ বিশেষণটা পড়ে হয়তো তোমার ওষ্ঠাধর হাসাকুটিল হয়ে উঠবে। ওর মধ্যে একটুখানি সাইকলজির খেলা আছে। বাক্যটা যখন মনের মধ্যে রচিত হয়েছিল তখন কথাটা ছিল ‘সর্বাঙ্গসম্পূর্ণ’ কিন্তু যখন লেখা হল তখন দেখি, কথাটা বদলে গেছে। কেটে সংশোধন করা অসম্ভব ছিল না কিন্তু ভেবে দেখলুম, যেটাকে সত্য বলে বিশ্বাস করি সেইটেই লেখা হয়ে গেছে। বিনয়টাকে তখনই সদৃশ বলতে রাজি আছি যখন সেটা অসত্য নয়।... নিজের লেখা খারাপ লাগতে যার বাধে না, এবং সেটাকে অকুণ্ঠিত ভাষায় স্বীকার করতে যার বেদনা নেই, নিজের লেখার প্রশংসা করা তার পক্ষে অহংকার নয়। অতএব খুব জোরের সঙ্গেই বলব, নাটকটা সর্বাঙ্গসুন্দর হয়েছে।... যাক গে। বিষয়টা ছিল, আমার নতুন নাটক রচনা। রাজা ও রানীর রূপান্তরীকরণ। সেই নাম রইল; সেই রূপ রইল না। বিশ্বভারতীর কর্মসচিবকে খাজনা দিতে হবে না। যদি সাবেক নামটার জন্যে ভাড়ার দাবি করেন সেটাকে বদলাতে কতক্ষণ। ‘সুমিত্রা’ নামই ঠিক করেছি। ‘প্রশান্ত’ মাঝে মাঝে ইচ্ছা প্রকাশ করেছেন, যেন আমি নেড়াছন্দে ব্রাহ্মভার্গবে নাটক লিখি। আমি স্পষ্টই দেখলুম, গদ্যে তার চেয়ে ঢের বেশি জোর পাওয়া যায়। পদ্য জিনিসটা সমুদ্রের মতো, তার যা বৈচিত্র্য তা প্রধানত তরঙ্গের; কিন্তু, গদ্যটা স্থলদৃশ্য, তাতে নানা মেজাজের রূপ আনা যায়— অরণ্য, পাহাড়, মরুভূমি, সমতল, অসমতল, প্রান্তর, কান্তার ইত্যাদি ইত্যাদি।... ২৩ শ্রাবণ ১৩৩৬

১৩৩৮ সালের জ্যৈষ্ঠ মাসে “দ্বিতীয় সংস্করণে ‘তপতী’ কিছু পরিবর্তিত আকারে প্রকাশিত” হয়। রচনাবলী-সংস্করণে সেই পরিবর্তিত শেষ পাঠ মুদ্রিত হইল।

ভূমিকায় নাটকটি অভিনয়ের চেষ্টার যে উল্লেখ আছে সে অভিনয় কবির জোড়াসাঁকো বাড়িতে ১৯৩৬ সালে হইয়াছিল। বিক্রমের ভূমিকা রবীন্দ্রনাথ স্বয়ং গ্রহণ করিয়াছিলেন।

নবীন

‘নবীন’ ১৩৩৭ বঙ্গাব্দের ফাল্গুন মাসে রচিত হয়। ঐ সালের চৈত্র মাসে কলিকাতায় নিউ এম্পায়ার থিয়েটারে উহা মঞ্চস্থ হইবার উপলক্ষে ঐ নামের গীতিনাটিকাটি পুস্তিকাকারে প্রথম প্রকাশিত হয়। পরে ‘বনবাণী’ গ্রন্থে (আশ্বিন ১৩৩৮) পরিবর্তিত আকারে ‘নবীন’ পুনরায় প্রকাশিত হয়। প্রধানত, অন্যত্র ব্যবহৃত পুরাতন গানগুলি ও তৎপ্রাসঙ্গিক কথাবস্তু এই সংস্করণে বর্জিত হয়। বর্তমান খণ্ডে ‘বনবাণী’র অন্তর্গত সেই শেষ পাঠই মুদ্রিত হইল। পুস্তিকাকারে প্রকাশিত প্রথম পাঠও পরিশিষ্টে মুদ্রিত রহিল।

শাপমোচন

‘শাপমোচন’ ১৩৩৮ বঙ্গাব্দের [১৯৩১] ১৫ পৌষ তারিখে ‘রবীন্দ্রজয়ন্তী ছাত্রছাত্রী-উৎসবপরিষৎ’-কর্তৃক পুস্তিকাকারে প্রথম প্রকাশিত হয়। ১৫ ও ১৬ পৌষ রাত্রে কবির জোড়াসাঁকো-ভবনে নৃত্যগীত ও পাঠ-সহযোগে ইহা প্রথম অভিনীত হইয়াছিল।

১. রবীন্দ্রভবনে-রক্ষিত একটি পাণ্ডুলিপিতেও নাটকটির নাম ‘সুমিত্রা’ রহিয়াছে।

২. প্রশান্তচন্দ্র মহলানবিশ।

উক্ত পুস্তিকার কথিকা অংশ ১৩৩৮ সালের মাঘ-সংখ্যা বিচিত্রায় মুদ্রিত হয়, এবং ১৩৩৯ সালের আশ্বিন মাসে স্বতন্ত্র কবিতা আকারে উহা 'পুনশ্চ' গ্রন্থের অন্তর্গত হয় (রবীন্দ্র-রচনাবলী, ষোড়শ খণ্ড : সুলভ অষ্টম)। পরে ১৩৩৯ সালে ১৫ ও ১৬ চৈত্র রায়ে [২৯, ৩০ মার্চ ১৯৩৩] এম্পায়ার থিয়েটারে পুনরভিনয়কালে শাপমোচনের একটি পরিমার্জিত নাট্যরূপ প্রকাশিত হয়। তাহাতে গানেরও অনেক অদল-বদল করা হয়। বর্তমান খণ্ডে 'শাপমোচন' সেই পরিমার্জিত নাট্য-আকারে মুদ্রিত হইল।

১৩৩৮ সালের প্রথম নৃত্যাভিনয়ে ব্যবহৃত গানগুলির প্রথম পঙক্তি মুদ্রিত পুস্তিকার ক্রম-অনুসারে নিম্নে উল্লেখ করা হইল—

- ১। পাছে সুর ভুলি এই ভয় হয়
- ২। ভরা থাক্ স্মৃতিসুধায়
- ৩। তুমি কি কেবল ছবি
- ৪। তোমার আনন্দ ওই এল দ্বারে
- ৫। বাজো রে বাশরি, বাজো
- ৬। লহো লহো তুলে লহো নীরব বীণাখানি
- ৭। যে কেবল পালিয়ে বেড়ায়, দৃষ্টি এড়ায়
- ৮। কোথা বাইরে দূরে যায় রে উড়ে
- ৯। আনমনা গো আনমনা
- ১০। আমি এলেম তারি দ্বারে
- ১১। চোখ যে ওদের ছুটে চলে গো
- ১২। বসন্তে ফুল গাঁথল আমার জয়ের মালা
- ১৩। এসো আমার ঘরে
- ১৪। বাহিরে ভুল হানবে যখন
- ১৫। পাখি আমার নীড়ের পাখি
- ১৬। না যেয়ো না যেয়ো নাকো
- ১৭। সখী, আধারে একেলা ঘরে
- ১৮। অরূপবীণা রূপের আড়ালে
- ১৯। মোর বীণা ওঠে কোন সুরে বাজি

'পরবাসী চলে এসো ঘরে' ও 'দে পড়ে দে আমায় তোরা' এই দুইটি গান পুস্তিকায় মুদ্রিত না থাকিলেও অভিনয়ে সংযোজিত হইয়াছিল।

১৯৩৪ সালের অক্টোবর মাসে 'শাপমোচন' মাদ্রাজে মঞ্চস্থ হইবার অনতিপূর্বে রবীন্দ্রনাথ কয়েকটি নূতন গান বিশেষভাবে এই নাটিকাটির জন্যই রচনা করেন। গানগুলি বর্তমান খণ্ডে শাপমোচনের সংযোজন-অংশে মুদ্রিত হইল। উহার মধ্যে দুই-একটি গান শেষ পর্যন্ত উক্ত অভিনয়ে ব্যবহৃত হয় নাই বলিয়া মনে হয়। মাদ্রাজের এই অভিনয়প্রসঙ্গে রবীন্দ্রনাথ ১৯৩৪ সালের ৩১ অক্টোবর তারিখের এক পত্রে প্রতিমা দেবীকে লেখেন—

আমাদের এখানকার পালা আজ শেষ হবে। জিনিসটা [শাপমোচন] এবার সবসুদ্ধ অন্যবারের চেয়ে অনেক বেশি সম্পূর্ণতর হয়েছে।

—পত্র ৪৪, চিঠিপত্র, ৩য় খণ্ড

'ঐধু, কোন মায়া লাগল চোখে' ও 'মায়াবনবিহারিণী হরিণী' গান দুইটি বাদে শাপমোচনের এই নূতন গানগুলি ও উহাদের স্বরলিপি ১৩৪১-৪২ সালের প্রবাসী ও বিচিত্রায় প্রকাশিত হইয়াছিল।

১৩৪৭ সালে পৌষ মাসে [১৯৪০] শান্তিনিকেতনে শাপমোচনের যে অভিনয় হয় রবীন্দ্রনাথের জীবদ্দশায় নাটিকাটির উহাই শেষ অভিনয়। উক্ত অভিনয়ে ব্যবহারের জন্য রবীন্দ্রনাথ নিজে যে গানগুলি নির্বাচন করিয়া দেন শ্রীশান্তিসেব ঘোষের সৌজন্যে নিম্নে তাহার তালিকা মুদ্রিত হইল—

প্রথম দৃশ্য। ইন্দ্রসভা

- ১। নহ মাতা, নহ কন্যা
- ২। হে মহাদুঃখ, হে রুদ্র
- ৩। ভরা থাক্ স্মৃতিসুধায়

দ্বিতীয় দৃশ্য। অরুণেশ্বরের প্রাসাদ

- ১। তিমিরবিভাবরী কাটে কেমনে
- ২। ওরে চিত্ররেখাডোরে
- ৩। তুমি কি কেবল ছবি
- ৪। কখন দিলে পরায়ে

তৃতীয় দৃশ্য। মদ্ররাজগৃহে কমলিকা

- ১। কেন নয়ন আপনি ভেসে যায়
- ২। তোমায় সাজাব যতনে
- ৩। দে পড়ে দে আমায় তোরা
- ৪। বাজিবে, সখী, বাশি বাজিবে
- ৫। ঐধু, কোন্ মায়া লাগল চোখে
- ৬। তোমার আনন্দ ওই এল দ্বারে
- ৭। বাজো রে বাশরি, বাজো
- ৮। লহো লহো তুলে লহো

চতুর্থ দৃশ্য। পতিগৃহে রাজবধু

- ১। হে সখা, বারতা পেয়েছি মনে মনে
- ২। কোথা বাইরে দূরে যায় রে উড়ে
- ৩। কাছে থেকে দূর রচিল
- ৪। আনমনা আনমনা
- ৫। হায় রে, ওরে যায় না কি জানা
- ৬। বসন্তে ফুল গাথল আমার
- ৭। অসুন্দরের পরম বেদনায়
- ৮। একদিন সহিতে পারবে, সহিতে পারবে
- ৯। তোমার এ কী অনুকম্পা অসুন্দরের তরে
- ১০। না, যেয়ো না, যেয়ো নাকো।

পঞ্চম দৃশ্য। নির্জন বনে রানী

- ১। সখী, আধারে একেলা ঘরে
- ২। কোন্ গহন অরণ্যে তারে
- ৩। ও কি এল, ও কি এল না
- ৪। মোর বীণা ওঠে কোন্ সুরে বাজি

উল্লিখিত চতুর্থ দশ্যের ৮ ও ৯-সংখ্যক গানের পাঠ এই গ্রন্থে মুদ্রিত পাঠ হইতে ভিন্ন। তুলনামূলক নিম্নে মুদ্রিত হইল—

রাজা। একদিন সইতে পারবে, সইতে পারবে, তোমার আপনার দক্ষিণে, রসের দক্ষিণে।

রানী। তোমার এ কী অনুকম্পা অসুন্দরের তরে, তাহার অর্থ বুঝি নে। ওই শোনো ওই শোনো, উষার কোকিল ডাকে অন্ধকারের মধ্যে, তারে আলোর পরশ লাগে। তেমনি তোমার হোক-না প্রকাশ আমার দিনের মাঝে, আজি সূর্যোদয়ের কালে।

কালের যাত্রা

‘কালের যাত্রা’ বাংলা ১৩৩৯ সালের [১৯৩২] ভাদ্র মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

১৩৩০ সালের অগ্রহায়ণ-সংখ্যা প্রবাসীতে (পৃ. ২১৬-২৫) ‘রথযাত্রা’ নামে রবীন্দ্রনাথের একটি নাটিকা প্রকাশিত হয়। ‘রথের রশি’ তাহারই পরিবর্তিত ও আগাগোড়া পুনর্লিখিত রূপ। ১৩৬৪ সংস্করণে ‘কালের যাত্রা’র পরিশিষ্টরূপে ‘রথযাত্রা’ নাটিকাটি প্রবাসী হইতে মুদ্রিত হইয়াছে। স্বতন্ত্র গ্রন্থে বৈশাখ ১৩৭৮ সংস্করণে পরিশিষ্টরূপে মুদ্রিত হইয়াছে।

‘কবির দীক্ষা’র পূর্বপাঠ ১৩৩৫ সালের বৈশাখ-সংখ্যা ‘মাসিক বসুমতী’ পত্রিকায় (পৃ. ২-৪) ‘শিবের ভিক্ষা’ নামে প্রথম মুদ্রিত হইয়াছিল।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের সপ্তপঞ্চাশত্তম জন্মোৎসব-উপলক্ষে [ভাদ্র ১৩৩৯] লিখিত রবীন্দ্রনাথের একটি পত্রের প্রাসঙ্গিক অংশ নিম্নে উদ্ধৃত হইল—

তোমার জন্মদিন উপলক্ষে ‘কালের যাত্রা’ নামক একটি নাটিকা তোমার নামে উৎসর্গ করেছি। আশা করি, আমার এ দান তোমার অযোগ্য হয় নি। বিষয়টি এই— রথযাত্রার উৎসবে নরনারী সবাই হঠাৎ দেখতে পেল, মহাকালের রথ অচল। মানবসমাজের সকলের চেয়ে বড়ো দুর্গতি, কালের এই গতিহীনতা। মানুষে মানুষে যে সম্বন্ধবন্ধন দেশে দেশে যুগে যুগে প্রসারিত, সেই বন্ধনই এই রথ টানবার রশি। সেই বন্ধনে অনেক গ্রন্থি পড়ে গিয়ে মানবসম্বন্ধ অসত্য ও অসমান হয়ে গেছে, তাই চলছে না রথ। এই সম্বন্ধের অসত্য এতকাল যাদের বিশেষভাবে পীড়িত করেছে, অবমানিত করেছে, মনুষ্যত্বের শ্রেষ্ঠ অধিকার থেকে বঞ্চিত করেছে, আজ মহাকাল তাদেরই আহ্বান করেছেন তাঁর রথের বাহনরূপে; তাদের অসম্মান ঘুচলে তবেই সম্বন্ধের অসাম্য দূর হয়ে রথ সম্মুখের দিকে চলবে।

কালের রথযাত্রার বাধা দূর করবার মহামন্ত্র তোমার প্রবল লেখনীর মুখে সার্থক হোক, এই আশীর্বাদ-সহ তোমার দীর্ঘজীবন কামনা করি।

—বিচিত্রা। কার্তিক ১৩৩৯, পৃ. ৪৯২

গল্পগুচ্ছ

গল্পগুচ্ছের যে গল্পগুলি রচনাবলীর বর্তমান খণ্ডে মুদ্রিত হইল সেইগুলির মধ্যে প্রথম সাতটি ১৩০৫ সালে ভারতীতে প্রথম প্রকাশিত হয়; এই বৎসর রবীন্দ্রনাথ ভারতীর সম্পাদক ছিলেন। নিম্নে সমস্ত গল্পগুলির সাময়িক পত্রের প্রকাশকাল দেওয়া হইল—

দুরাশা	ভারতী। বৈশাখ	১৩০৫
পুত্রযজ্ঞ	ভারতী। জ্যৈষ্ঠ	১৩০৫
ডিটেক্টিভ	ভারতী। আষাঢ়	১৩০৫
অধ্যাপক	ভারতী। ভাদ্র	১৩০৫

রাজটিকা	ভারতী ।	আশ্বিন	১৩০৫
মণিহারা	ভারতী ।	অগ্রহায়ণ	১৩০৫
দৃষ্টিদান	ভারতী ।	পৌষ	১৩০৫
সদর ও অন্দর	প্রদীপ ।	আষাঢ়	১৩০৭
উদ্ধার	ভারতী ।	শ্রাবণ	১৩০৭
দুবুজি	ভারতী ।	ভাদ্র	১৩০৭
ফেল	ভারতী ।	আশ্বিন	১৩০৭
শুভদৃষ্টি	প্রদীপ ।	আশ্বিন	১৩০৭
নটনীড়	ভারতী ।	বৈশাখ-অগ্রহায়ণ	১৩০৮
দর্পহরণ	বঙ্গদর্শন ।	ফাল্গুন	১৩০৯
মাল্যদান	বঙ্গদর্শন ।	চৈত্র	১৩০৯
কর্মফল	কুম্বলীন পরস্কার	বার্ষিকী	১৩১০
মাস্টারমশায়	প্রবাসী ।	আষাঢ়, শ্রাবণ	১৩১৪
শুশ্রূষন	বঙ্গভাষা ।	কার্তিক	১৩১৪
রাসমণির ছেলে	ভারতী ।	আশ্বিন	১৩১৮
পণরক্ষা	ভারতী ।	পৌষ	১৩১৮

‘পুত্রযজ্ঞ’ গল্পটির লেখকের নাম ভারতীর সূচীপত্রে ‘শ্রীসমরেন্দ্রনাথ ঠাকুর’ মুদ্রিত হইয়াছিল। এই প্রসঙ্গে পুলিনবিহারী সেনকে লিখিত সমরেন্দ্রনাথ ঠাকুরের পত্রের নিম্নমুদ্রিত অংশটুকু প্রণিধানযোগ্য—

‘পুত্রযজ্ঞ’ গল্পটি রবীন্দ্রনাথের লিখিত, সে বিষয়ে কোনো সন্দেহ নাই। আমি কেবলমাত্র উহার আখ্যান বস্তুটি আমার কাঁচা ভাষায় লিখিয়া ‘খামখেয়ালি’ সভায় পাঠের জন্য তাঁহাকে দেখাইয়াছিলাম, তিনি উহা দেখিয়া তাহার আমূল সংশোধন করিয়া ও নিজের অতুলনীয় ভাষায় লিখিয়া সেই সভায় আমার লিখিত বলিয়া পাঠ করেন; বোধ হয় সেই কারণে গল্পটি আমার লিখিত বলিয়া সেই সময় উক্ত মুদ্রণপ্রমাদ ঘটিয়াছিল। যাহা হউক, পরে পুনর্মুদ্রণের সময় গল্পগুচ্ছে সে ভ্রম সংশোধিত হইয়াছে শুনিয়া আশ্বস্ত ও সুখী হইলাম। ২১ ফাল্গুন ১৩৫১

অপিচ দ্রষ্টব্য প্রশান্তচন্দ্র মহলানবিশ -লিখিত পত্র, বিশ্বভারতী পত্রিকা, বৈশাখ-আষাঢ় ১৩৫৫।

রবীন্দ্রনাথের জীবদ্দশায় প্রকাশিত বিশ্বভারতী সংস্করণ (১৯২৬) গল্পগুচ্ছে ‘পুত্রযজ্ঞ’ গল্পটি প্রথম রবীন্দ্রগ্রন্থভূক্ত করা হয়। বর্তমান খণ্ডে মুদ্রিত অন্য ছয়টি গল্প মজুমদার এজেন্সি হইতে প্রকাশিত (১৯০১) গল্পগুচ্ছের দ্বিতীয় খণ্ডে প্রথম গ্রন্থাকারে বাহির হয়।

‘দুরাশা’ ও ‘মণিহারা’ গল্পের রচনাপ্রসঙ্গে রবীন্দ্রনাথের নিম্নোদ্ধৃত পত্রাংশ প্রণিধানযোগ্য—

কেশরলালের গল্পটা পেয়েছি মগজ থেকে। চতুর্মুখের মগজ আছে কিনা জানি নে। কিন্তু, তিনি কিছু-না থেকে কিছুকে যেভাবে গড়ে তোলেন এও তাই। অনেককাল পূর্বে একবার যখন দার্জিলিঙ গিয়েছিলুম, সেখানে ছিলেন কুচবিহারের মহারানী। তিনি আমাকে গল্প বলতে কেবলই জেদ করতেন। তাঁর সঙ্গে দার্জিলিঙের রাস্তায় বেড়াতে বেড়াতে মুখে মুখে এই গল্পটা বলেছিলুম। মাস্টারমশায় গল্পের ভূতুড়ে ভূমিকা-অংশটা এবং মণিহারা গল্পটিও এমনি করে তাঁরই তাগিদে মুখে মুখে রচিত।

—পত্রধারা। প্রবাসী। শ্রাবণ ১৩৩৯, পৃ. ৪৫১

‘যজ্ঞেশ্বরের যজ্ঞ’, ‘উলুখড়ের বিপদ’ ও ‘প্রতিবেশিনী’, এই তিনটি গল্প সাময়িক পত্রে প্রকাশিত হইয়াছিল কি না এখনো জানিতে পারা যায় নাই ; এইজন্য গ্রন্থাকারে প্রকাশের তারিখ-অনুসারে— গল্পগুচ্ছ, মজুমদার এজেন্সি। প্রথম খণ্ডে (আশ্বিন ১৩০৭) ‘প্রতিবেশিনী’, দ্বিতীয় খণ্ডে [১৯০১] ‘যজ্ঞেশ্বরের যজ্ঞ’ ও ‘উলুখড়ের বিপদ’— সেগুলি বর্তমান খণ্ডে মুদ্রিত হইল।

সাময়িক পত্রে প্রকাশিত গল্পগুলি এইরূপে সর্বপ্রথম গ্রন্থভূক্ত হয় : সদর ও অন্দর, উদ্ধার, দুর্ভিক্ষ, ফেল— গল্পগুচ্ছ ১, মজুমদার এজেন্সি, ১ আশ্বিন ১৩০৭। শুভদৃষ্টি— গল্পগুচ্ছ ২, মজুমদার লাইব্রেরি [১৯০১]। নটনীড়— হিতবাদীর উপহার রবীন্দ্র-গ্রন্থাবলী, ১৩১১। দর্পহরণ, মালাদান, রাসমণির ছেলে, পণরক্ষা— গল্প চারিটি [১৯১২]। মাস্টারমশায়, গুণ্ডধন— গল্পগুচ্ছ ৫, ইন্ডিয়ান পাবলিশিং হাউস, ১৩১৫।

‘কর্মফল’ ১৩১০ সালেই স্বতন্ত্র গ্রন্থাকারেও মুদ্রিত হয় ; এই গল্পটি কবি-কর্তৃক পুনর্লিখিত হইয়া ‘শোধবোধ’ নাটকরূপে ১৯২৬ সালে প্রকাশিত হয়।

ছন্দ

ছন্দ ১৩৪৩ সালের আষাঢ় মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

রচনাবলী সংস্করণে প্রবন্ধগুলি সাময়িকপত্রে প্রকাশের কালানুক্রমে মুদ্রিত হইয়াছে। নিম্নমুদ্রিত সূচীক্রমে প্রবন্ধগুলি সাময়িকপত্রে প্রকাশিত হইয়াছিল—

ছন্দের অর্থ : ‘ছন্দ’, সবুজ পত্র, চৈত্র ১৩২৪

ছন্দের হসস্ত হলস্ত :

১. ‘বাংলা ছন্দ’, বিচিত্রা, পৌষ ১৩৩৮

২. ‘ছন্দের হসস্ত হলস্ত’, পরিচয়, মাঘ ১৩৩৮

ছন্দের মাত্রা :

১. ‘নবছন্দ’ (শেবার্ধ), পরিচয়, কার্তিক ১৩৩৯

২. ‘ছন্দের মাত্রা’, উদয়ন, জ্যৈষ্ঠ ১৩৪১

বাংলা ছন্দের প্রকৃতি : ‘ছন্দ’, উদয়ন, বৈশাখ ১৩৪১

গদ্য ছন্দ : ‘ছন্দ’, বঙ্গশ্রী, বৈশাখ ১৩৪১

১৩২৪ সালের ভাদ্র মাসে সবুজ পত্রে প্রকাশিত ‘সংগীতের মুক্তি’ প্রবন্ধটির সম্পূর্ণ পাঠ প্রথম সংস্করণে মূল গ্রন্থের অন্তর্গত ছিল। প্রবন্ধটির প্রাসঙ্গিকতা সম্পর্কে নিম্নরূপ মুখবন্ধ করা হইয়াছিল, “মুখ্যত এই লেখাটি সংগীতসম্বন্ধীয়। তালের আলোচনা কালে আপনা থেকে এর শেষ দিকে ছন্দের কথা এসে পড়েছে। সেই কারণেই একে ‘ছন্দ’ গ্রন্থে গ্রহণ করা গেল।”

বর্তমান সংস্করণে প্রবন্ধটির উক্ত শেবাংশটুকু, ‘সংগীত ও ছন্দ’ নামে পরিশিষ্টে মুদ্রিত হইল। সম্পূর্ণ প্রবন্ধটি বর্তমানে ‘সংগীতচিন্তা’ (১৩৭২) গ্রন্থভূক্ত আছে ; রচনাবলীর পরবর্তী কোনো-এক খণ্ডে প্রকাশিত হইবে।

পরিশিষ্ট

প্রথমসংস্করণ ছন্দ গ্রন্থে ডে. ডি. এডার্সনকে লিখিত একখানি পত্র ও ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়কে লিখিত তিনখানি পত্র, মোট চারখানি পত্রের প্রাসঙ্গিক অংশ, এবং ‘পদ্যছন্দ’ ও

'গদ্যছন্দ' সম্বন্ধে আলোচনা-সংবলিত একটি 'মোটকথা' পরিশিষ্ট অংশে মুদ্রিত হয়। ১৩৪৩ সালে বা তাহার পূর্বে লিখিত এবং প্রথমসংস্করণ ছন্দ গ্রন্থে অসংকলিত রবীন্দ্রনাথের অধিকাংশ ছন্দবিষয়ক রচনা একত্র মুদ্রিত করিয়া বর্তমান সংস্করণে উক্ত পরিশিষ্ট অংশটিকে পূর্ণতর আকার দেওয়া হইল। প্রবোধচন্দ্র সেন - সম্পাদিত ছন্দ গ্রন্থের পূর্ণাঙ্গ দ্বিতীয় সংস্করণ হইতে রচনাবলী-সংস্করণে প্রচুর সাহায্য পাওয়া গিয়াছে।

আলোচ্য অংশে সংকলিত প্রবন্ধ কয়টির প্রকাশসূচী নিম্নে প্রদত্ত হইল। বোধসৌকর্যার্থে কয়েক ক্ষেত্রে প্রবন্ধের নূতন নামকরণ প্রয়োজন হইয়াছে।

বাংলাভাষার স্বাভাবিক ছন্দ : 'সংক্ষিপ্ত সমালোচনা : সিদ্ধ-দূত', ভারতী, শ্রাবণ ১২৯০

বাংলা শব্দ ও ছন্দ : 'সংক্ষিপ্ত সমালোচনা', সাধনা, শ্রাবণ ১২৯৯

সংগীত ও ছন্দ : 'সংগীতের মুক্তি', সবুজ পত্র, ভাদ্র ১৩২৪

সংস্কৃত-বাংলা ও প্রাকৃত-বাংলার ছন্দ : 'ছন্দবিতর্ক', পরিচয়, শ্রাবণ ১৩৩৯

ছন্দে হসন্ত : 'নবছন্দ' (প্রথমার্ধ), পরিচয়, কার্তিক ১৩৩৯

'ছন্দে হসন্ত' প্রবন্ধাংশটির আরম্ভের দুইটিমাত্র অনুচ্ছেদ প্রথম সংস্করণে 'ছন্দের হসন্ত হলন্ত ১' প্রবন্ধের অন্তর্ভুক্ত করা হইয়াছিল। রচনাবলী-সংস্করণে উক্ত আলোচনার পূর্ণতর পাঠ পরিশিষ্টে স্বতন্ত্র আকারে মুদ্রিত হইল।

'চিঠিপত্র' অংশে মুদ্রিত কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের বাংলা অধ্যাপক জে. ডি. এন্ডার্সন মহাশয়কে লিখিত রবীন্দ্রনাথের অধুনাদুস্প্রাপ্য পত্র দুইটি ১৩২১ সালের সবুজ পত্রের জ্যৈষ্ঠ ও শ্রাবণ সংখ্যা হইতে মূলপাঠ-অনুযায়ী সংকলিত হইয়াছে। চিঠি দুইখানি পত্রিকায় 'বাংলা ছন্দ' নামে প্রকাশিত হইয়াছিল।

রবীন্দ্রনাথের এই পত্র ভারতী পত্রিকায় প্রকাশের প্রস্তাবে এন্ডার্সন সাহেব কেমব্রিজ হইতে মণিলাল গঙ্গোপাধ্যায়কে সম্মতি জ্ঞাপন করিয়া যে চিঠি লেখেন তাহা প্রণিধানযোগ্য—

It would be a thousand pities if the charming and most interesting letter which our Kavivar has been so good as to address to me were not published. Will you kindly present my respects to Mr. Tagore's distinguished sister* and assure her that, so far as I am concerned, the letter is very much at her disposal. I wonder if you would be so kind as to send me the copy of the *Bharati* in which it appears?

The letter seems to me to be a marvel of poetic wit and wisdom, the metaphorical illustrations being especially delightful and illuminating. I have only read it through, and have not had time to think out the various problems it discusses. But it has been a sheer delight to read matter so suggestive and original. The critical work of poets in England (Dryden was a remarkable exception) is often not so interesting as their verses. But Mr. Tagore's letter is as full of matter for thought as one of Victor Hugo's prefaces, and I am not a little proud that he should have addressed his remarks to a[n] old গুরুমহাশয় like me.

এন্ডার্সনকে লিখিত দ্বিতীয় পত্রটির শেষাংশের দু-একটি উদাহরণের সমালোচনাপ্রসঙ্গে রবীন্দ্রনাথ সত্যেন্দ্রনাথ দত্তকে যে পত্র লেখেন তাহা মূল পত্রের পরিপূরক রূপে মুদ্রিত হইল—

সত্যেন্দ্র, তুমি যদি 'কই' শব্দের শেষ 'ই'টির মাত্রা বাজেয়াপ্ত করতে চাও তবে অন্যায় হবে না ? আমার দৃষ্টান্তে দৈবক্রমে 'কই' কথাটা পদের শেষে পড়ে গেছে। তাই ফাঁক পেয়ে সেই

৫ সবুজ পত্রে প্রকাশিত সাধুভাষায় লিখিত পাঠ সংকলিত হইয়াছে।

৬ স্বর্ণকুমারী দেবী

ফাঁকির উপর দিয়ে মাত্রাটা চাঙ্গিয়েছ কিন্তু যদি “কই শয্যা, কই বস্ত্র” হত তা হলে কী রকম করে এমন অবৈধাচরণ করতে পারতে ? বস্তুত ইকারের পরে ফাঁক নেই— ক-এর অ-টাকে দীর্ঘ করে ই-এর হ্রস্বতা পূরণ করা হয় । সে তো সকল হ্রস্ব বর্ণের সম্বন্ধেই খাটে— “কোথা জল, কোথা স্থল”— এখানে মাত্রার ওজন যদি দেখ তবে দেখবে ‘জ’ যত বড়ো ‘ল’ তত বড়ো নয়— সেইজন্যে জ-টাকে দেড় মাত্রা করতে হয়েছে । তোমার বিধি অনুসারে ‘জল’-কে এক মাত্রা করে ফাঁকের উপরে আর-এক মাত্রা ফেলতে হয় । কিন্তু সেটা সাধু ছন্দের নিয়মবিরুদ্ধ । “সেইত বহিছে বায়ু”, এখানে তুমি ‘সেই’-এর ‘ই’-টিকে কি বিমাত্র বলে গণ্য করবে ।

“When we two parted” কবিতাটির সম্বন্ধে অনেক দ্বিধা আমার মনে উদয় হয়েছিল কিন্তু শেষকালে অন্য কোনো দৃষ্টান্ত মনে না পড়াতে ওটাকে ত্যাগ করিনি— আমার অভিপ্রায় এই ছিল, যদি কেবলমাত্র প্রথম লাইনটা পড়া যায় তা হলে সম-অসম মাত্রার ছন্দের লয়টা ইংরেজের কানে পরিচিত হতে পারে— মনে কর যদি এমন হত—

When we two parted
Silence and tears

তা হলে তো ছন্দভঙ্গ হত না— এমন অবস্থায় ‘In’ টাকে ফালতো বলে ধরবার অধিকার আছে । বস্তুত ছন্দের মধ্যে ফালতো অংশের লক্ষণই এই যে, সেটাকে বাদ দিলে মূল ছন্দের তাল কাটে না— ও জিনিসটা ফাঁকের মধ্যে ঢুকে পড়ে, আসনে ওর স্থান নেই । তথাপি আমার প্রবন্ধটার মধ্যে একটু বদল করে দেওয়া গেল— কিন্তু আমার বোধ হয় যে সেটা অনাবশ্যক ।

অধ্যাপক ধর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়কে লিখিত তৃতীয় ও পঞ্চম পত্রদ্বয় ‘কাব্যে গদ্যরীতি’ নামে ১৩৫০ সালে ‘সাহিত্যের স্বরূপ’ গ্রন্থে মুদ্রিত হইয়াছে । চিঠিপত্র-অংশের পূর্ণতাসাধনের উদ্দেশ্যে পত্র দুইটি পরিশিষ্টে সংকলিত হইল ।

‘মোটকথা’র ‘পদ্যছন্দ’ অংশটি বস্তুত ১৩৪০ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে পঠিত ও ১৩৪১ বৈশাখের ‘উদয়ন’ মাসিকপত্রে ‘ছন্দ’ নামে প্রকাশিত প্রবন্ধের একাংশ । উক্ত প্রবন্ধটির এতদতিরিক্ত প্রধান অংশ ‘বাংলা-ছন্দের প্রকৃতি’ নামে মূলগ্রন্থে সংকলিত হইয়াছে ।

‘মোটকথা’র ‘গদ্যছন্দ’ অংশটি কবি সঞ্জয় ভট্টাচার্যকে ১৯৩৫ সালের ২২ মে তারিখে পত্রাকারে লিখিত হইয়াছিল ।

ভাষা ও সাহিত্য-বিষয়ক নানা রচনায় রবীন্দ্রনাথ প্রসঙ্গত ছন্দ সম্বন্ধে আলোচনা করিয়াছেন । সেই-সব রচনার অধিকাংশই ইতিপূর্বে রচনাবলীর বিভিন্ন খণ্ডে মুদ্রিত হইয়াছে । ‘সাহিত্যের পথে’ (১৩৪৩), ‘বাংলাভাষা পরিচয়’ (১৯৩৮) ও ‘সাহিত্যের স্বরূপ’ (১৩৫০) গ্রন্থ তিনখানি ও রবীন্দ্র-রচনাবলীর পরবর্তী বিভিন্ন খণ্ডে যথাক্রমে সংকলিত হইতেছে । ছন্দ প্রসঙ্গে ‘মানসী’, ‘পুনশ্চ’ ও ‘ছড়ার ছবি’র ভূমিকা তিনটি বিশেষভাবে উল্লেখযোগ্য । মানসীর প্রথম সংস্করণের ভূমিকা রচনাবলীর সপ্তম খণ্ডে (সুলভ চতুর্থ) ‘কথা ও কাহিনী’র গ্রন্থপরিচয়ে মুদ্রিত হইয়াছে । ‘পুনশ্চ’র ভূমিকা ষোড়শ খণ্ডে (সুলভ অষ্টম) এবং ‘ছড়ার ছবি’র ভূমিকা বর্তমান খণ্ডে যথাস্থানে মুদ্রিত আছে ।

ছন্দ গ্রন্থের তৃতীয় সংস্করণ (মাঘ ১৩৮২) প্রকাশিত হইয়াছে । এই সংস্করণে অনেক নূতন রচনা ও তথ্য সমাহৃত হইয়াছে ।

পারসো

‘জাপানে-পারসো’ ১৩৪৩ বঙ্গাব্দের শ্রাবণ মাসে প্রথম প্রকাশিত হয় । উহার ‘জাপানে’ অংশে পূর্বপ্রকাশিত গ্রন্থ ‘জাপানযাত্রী’ (১৩২৬) এবং ‘পারসো’ অংশে তৎকালীন নূতন রচনা পারসাত্রমণের বৃত্তান্ত একত্র গ্রথিত ও মুদ্রিত হয় ।

গ্রন্থাকারে প্রথম প্রকাশের কালক্রমে 'জাপানযাত্রী' রবীন্দ্র-রচনাবলীর উনবিংশ খণ্ডে (সুলভ দশম) মুদ্রিত হইয়াছে এবং রবীন্দ্রশতবার্ষিক সংস্করণ রূপে স্বতন্ত্র সংস্করণ পরিশিষ্ট ও গ্রন্থপরিচয়-সংযুক্ত হইয়া জ্যৈষ্ঠ ১৩৬৯ বঙ্গাব্দে প্রকাশিত হইয়াছে। বর্তমান খণ্ডে 'জাপানে-পারস্যে' গ্রন্থের কেবলমাত্র 'পারস্যে' অংশ মুদ্রিত হইল। রবীন্দ্র-শতবর্ষপূর্তির উদ্যাপনে স্বতন্ত্র গ্রন্থাকারে পরিশিষ্ট ও গ্রন্থপরিচয়-যুক্ত 'পারস্যযাত্রী' ২৫ বৈশাখ ১৩৭০ বঙ্গাব্দে প্রকাশিত হয়।

'পারস্যে'র প্রথম পরিচ্ছেদ ১৩৩৯ সালের আষাঢ়-সংখ্যা প্রবাসীতে 'পারস্য-যাত্রা' নামে বাহির হয়। ২ হইতে ১১ পরিচ্ছেদ পর্যন্ত অবশিষ্ট অংশ ১৩৩৯ সালের শ্রাবণ হইতে ১৩৪০-এর বৈশাখ-সংখ্যা পর্যন্ত বিচিত্রা মাসিক পত্রে 'পারস্যভ্রমণ' নামে ধারাবাহিকভাবে প্রথম প্রকাশিত হয়।

পত্রিকায় মুদ্রিত প্রথম পাঠ ও রবীন্দ্রভবনে রক্ষিত পাণ্ডুলিপির সাহায্যে বর্তমান সংস্করণের পাঠ স্থানে স্থানে সংশোধন করা হইয়াছে।

ভ্রমণবৃত্তান্তটির বিচিত্রায় মুদ্রিত পাঠের কয়েকটি অংশ গ্রন্থপ্রকাশকালে বর্জিত হইয়াছিল। সেই বর্জিত অংশগুলি এখানে সংকলিত হইল। সম্পূর্ণতাসাধনের উদ্দেশ্যে পাণ্ডুলিপি হইতে কয়েকটি প্রয়োজনীয় অংশ বন্ধনীচিহ্নিত আকারে উক্ত রচনাংশের কয়েক স্থানে সংযোজিত হইয়াছে।—

৬৪২ পৃষ্ঠার প্রথম অনুচ্ছেদের পূর্বে

সভারস্ত্রে পার্সিভাষায় কিছু বলা হলে পর আমি বললুম :

প্রকৃতিতে নিমন্ত্রণের ভার বসন্তঋতুর পরে। তার সুগন্ধ পুষ্পগুচ্ছে, পাখির গানে সেই নিমন্ত্রণ। তার আহ্বান স্বদেশী বিদেশী নির্বিশেষে, তার বিশ্বভাষা তর্জমা করতে হয় না। কবির বসন্তঋতুর প্রতীক। তারা আপন দেশ আপন কালের মধ্যে থেকে সর্বদেশ সর্বকালকে আমন্ত্রণ করে।

একদিন দূর থেকে পারস্যের পরিচয় আমার কাছে পৌঁচেছিল। তখন আমি বালক। সে পারস্য ভাবরসের পারস্য, কবির পারস্য। তার ভাষা যদিও পারসিক, তার বাণী সকল মানুষের।

আমার পিতা ছিলেন হাফেজের অনুরাগী ভক্ত। তাঁর মুখ থেকে হাফেজের কবিতার আবৃত্তি ও তার অনুবাদ অনেকে শুনেছি। সেই কবিতার মাধুর্য দিয়ে পারস্যের হৃদয় আমাদের হৃদয়ে প্রবেশ করেছিল।

আজ পারস্যের রাজা আমাকে আমন্ত্রণ করেছেন, সেই সঙ্গে সেই কবিদের আমন্ত্রণও মিলিত। আমি তাঁদের উদ্দেশ্যে আমার সকলতন্ত্র অভিবাদন অর্পণ করতে চাই যাদের কাব্যসুখা জীবনান্তকাল পর্যন্ত আমার পিতাকে এত সান্ত্বনা এত আনন্দ দিয়েছে।

[কবির আপন ভাষায় যদি দিতে পারতুম তবেই আমার যোগ্য হত। যে ভাষা অগত্যা ব্যবহার করছি আমার ভারতী সে ভাষায় সম্পূর্ণ সায় দেন না। তাই আমি এখানে ফেন মুজিয়মে-সাজানো পাখি— তর্জমার আড়ষ্টতায় আমার পাখা বন্ধ— সে পাখাবিস্তার করে মন উড়তে পারে না, সে পাখায় সজীব প্রাণের বর্ণচ্ছটাময় নৃত্য নেই।

তা হোক, মৌনের মধ্যে যে বাণী অনুচ্চারিত, বন্দনায় তারও ব্যবহার হয়ে থাকে। সেই আন্তরিক বাণীর দ্বারাই পারস্যের অমর কবিদের আমি আজ অভিবাদন করি; সেই সঙ্গে পারস্যের অমর আত্মাকেও আমার নমস্কার, যে আত্মা ইতিহাসের উত্থানপতনের মধ্য দিয়ে বিচিত্র সৌন্দর্যে শৌর্যে কল্যাণে ভাবীকালের দূরদিগন্তব্যাপী ক্ষেত্রে নিজেকে গৌরবান্বিত করবে।]

আমি বলার পর ধন্যবাদ জানিয়ে ও পারস্যরাজের প্রতি শ্রদ্ধা নিবেদন করে ইরানী কিছু বললেন। কৌতূহলী জনতার মধ্য দিয়ে গোধূলির আলোকে গবর্নরের সঙ্গে তাঁর প্রাসাদে ফিরে এলুম।

৬৪২ পৃষ্ঠায় ২৩ ছত্রের প্রথম বাক্যটির পূর্ণতর রূপ

অবশেষে হাফেজের সমাধি দেখতে বেরলুম, পিতার তীর্থস্থানে আমার মানস-অর্ঘ্য নিবেদন করতে ।

—পাণ্ডুলিপি

৬৫৭ পৃষ্ঠায় দশম ছত্রের পরে

[এরকম ক্ষেত্রে বস্তুত ভয় ক্ষুদ্রকে— মহত্বকে স্বীকার করার মতো পীড়া তাদের পক্ষে আর কিছু হতে পারে না, বিশেষত যে মহত্ব প্রথার ঝাড়াপথে চিরাভ্যস্তভাবে স্বীকৃত নয় ।

আমি রাজাকে জানালুম তাঁর রাজত্বে সম্প্রদায়বিরোধের হিংস্র অসভ্যতা এমন আশ্চর্য শৌর্যের সঙ্গে উন্মূলিত হয়েছে, আজকের দিনে এইটেতে আমি সকলের চেয়ে মুগ্ধ । একবার যেন তিনি ভারতবর্ষে আসেন, এই আকাঙ্ক্ষা আমি তাঁকে নিবেদন করলুম । তিনি বললেন, পাশ্চাত্য দেশে ভ্রমণ করতে যাবার পূর্বে নিশ্চয় তিনি যথাসম্ভব এশিয়ার পরিচয় নিয়ে যাবেন ।

শ্রদ্ধাপূর্ণ হৃদয় নিয়ে ফিরে এলুম । এ কথা সকলের মুখে শুনি, রাজা বিদ্বান নন, যুরোপীয় কোনো ভাষাই তাঁর জ্ঞান নেই, পারসিক ভাষা লিখতে পড়তে পারেন, কিন্তু ভালোরকম নয় । অর্থাৎ, তাঁর বুদ্ধিশক্তি বিচারশক্তি বইপড়া বিদ্যার অনেক উপরে ।]

পারস্যরাজের সঙ্গে সাক্ষাৎ-উপলক্ষে উপহারস্বরূপে আমার নিজের কতকগুলি বই রেশমের আবরণে প্রস্তুত করা ছিল । সেই সঙ্গে নিজের রচিত একটি চিত্রপটে পরপৃষ্ঠায় উদ্ভূত বাংলা কবিতা ও তার ইংরেজি তর্জমাটি লিখে দিয়েছিলুম—

আমার হৃদয়ে অতীতস্মৃতির
সোনার প্রদীপ এ যে,
মরিচা-ধরানো কালের পরশ
বাঁচায়ে রেখেছি মেজে ।
তোমরা ছেলেছ, নূতন কালের
উদার প্রাণের আলো—
এসেছি, হে ভাই, আমার প্রদীপে
তোমার শিখাটি জ্বালো ।

I carry in my heart a golden lamp of remembrance
of an illumination that is past.

I keep it bright against the tarnishing touch of time.

Thine is a fire of a new magnanimous life.

Allow it, my brother, to kiss my lamp with its flame.

[আজ সকালবেলায় শিক্ষাবিভাগের মন্ত্রী আমাকে সঙ্গে করে নিয়ে গিয়েছিলেন শীতযাপনের প্রাসাদ দেখাবার জন্যে ।

তুষাররেখাঙ্কিত নীলাভ পাহাড়-ঘেরা সুন্দর দৃশ্যের মধ্যে দিয়ে গাড়ি চলল । প্রাসাদের বাগানটি ঘনশ্যামল উচ্চশীর্ষ তরুচ্ছায়ায় রমণীয় । দু-তিন ভাগে বিভক্ত অনেকগুলি সিঁড়ি ভেঙে প্রথম তলায় যখন উঠলুম তখন আমার নিশ্বাস বড়ো একটা বাকি ছিল না । মাথার উপরে উচ্চ গম্বুজ আগাগোড়া স্ফটিকে খচিত, আলোয় ঝলমল করছে । ক্রান্তি গোপনের জন্যে স্থির হয়ে খানিকটা দাঁড়িয়ে দেখা গেল । আরো এক তলা উপরে গিয়ে শেষ পর্যন্ত ওঠবার উচ্চাকাঙ্ক্ষাকে শাস্ত করে হাঁফ ছাড়লুম । প্রশস্ত বারান্দায় বেরিয়ে আসতেই দেখি, চার দিকের উদার দৃশ্য অব্যবহিত । আকাশ নির্মল নীল, নীচের বাগানে নিবিড়নিবন্ধ বনস্পতির উর্মিল বিস্তার, ডান

দিকের দিগন্তে গিরিশ্রেণী, সম্মুখে দূরে তেহেরান নগরী বৃক্ষবৃহৎ আবৃত । এখানে বর্তমান রাজা বাস করেন না, কেননা, এ জায়গাটা তাঁর কর্মক্ষেত্র থেকে দূরে । এ প্রাসাদটি প্রাচীন নয়, বছর ত্রিশ আগে তৈরি হয়েছে ।]

—বিচিত্রা । পৌষ ১৩৩৯, পৃ. ৭৭০-৭১

৬৫৮ পৃষ্ঠায় প্রথম বাক্যের পরে

খানিকটা আমি ইংরেজিতে বলি, তার পরে তার তর্জমা হয় পারসিকে, এইরকম দু-রঙা দু-টুকরো তালি-দেওয়া আমার বস্তুতা ।

আমি যা বলেছিলাম তার মোট কথাটা হচ্ছে এই যে, প্রকৃতির শক্তিভাণ্ডারের দ্বার যুরোপ উদ্ঘাটন করে প্রাণযাত্নাকে নানা দিক থেকে ঐশ্বর্যশালী করে তুলেছে । এই শক্তির প্রভাবে আজকের দিনে তারা দিগ্বিজয়ী । আমরা প্রাচ্যজাতিরা বস্তুজগতে এই শক্তিসাধনায় শৈথিল্য করেছি, তার ফলে আমাদের দুর্বলতা সমাজের সকল বিভাগেই ব্যাপ্ত । এই সাধনার দীক্ষা যুরোপের কাছ থেকে আমাদের নিতান্তই নেওয়া চাই ।

কিন্তু সেই সঙ্গেই মনে রাখতে হবে যে কেবলমাত্র বস্তুগত ঐশ্বর্যে মানুষের পরিত্রাণ নেই, তার প্রমাণ আজ যুরোপে মারমূর্তি নিয়ে দেখা দিল । পরম্পর ঈর্ষাবিদ্বেবে এবং বিজ্ঞানবাহিনী হিংস্রতার বিভীষিকায় যুরোপীয় সভ্যতায় আজ ভূমিকম্প লেগেছে । যুরোপ দেবতার অস্ত্র পেয়েছে, কিন্তু সেই সঙ্গে দেবতার চিন্তা পায় নি । এইরকম দুর্যোগেই 'বিমুখ ব্রহ্মাস্ত্র আসি অস্ত্রীকেই বধে' । দেখা যাচ্ছে, যুরোপ নিজের মৃত্যুশেল আশ্চর্য বৈজ্ঞানিক নৈপুণ্যের সঙ্গে তৈরি করে তুলেছে ।

এশিয়াকে আজ ভার নিতে হবে মানুষের মধ্যে এই দেবতাকে সম্পূর্ণ করে তুলতে, কর্মশক্তিকে ও ধর্মশক্তিকে এক করে দিয়ে ।

পারস্যে আজ নূতন করে জাতিরচনার কাজ আরম্ভ হয়েছে । আমার সৌভাগ্য এই যে, এই নবসৃষ্টির যুগে অতিথিরূপে আমি পারস্যে উপস্থিত, আমি আশা করে এসেছি এখানে সৃষ্টির যে সংকল্পন দেখব তার মধ্যে প্রাচ্য ও পাশ্চাত্য সভ্যতার পূর্ণমিলনের রূপ আছে ।

অতীতকালে একদা এশিয়ায় সৃষ্টির যুগ প্রবল শক্তিতে দেখা দিয়েছিল । তখন পারস্য ভারত চীন নিজ নিজ জ্যোতিতে দীপ্যমান হয়ে একটি সম্মিলিত মহাদেশীয় সভ্যতার বিস্তার করেছিল । তখন এশিয়ায় মহতী বাবীর উদ্ভব হয়েছিল এবং মহতী কীর্তির । তখন মাঝে মাঝে এশিয়ার চিন্তে যেন কোটালের বান ডেকে এসেছে, তখন তার বিদ্যার ঐশ্বর্য বহু বাধা অতিক্রম করে বহুকাল ধরে বহুদূরদেশে পরিব্যাপ্ত হয়েছে ।

তার পর এল দুর্দিন, ঐশ্বর্যবিনিময়ের বাণিজ্যপথ ক্রমে লুপ্ত হয়ে এল । যুদ্ধে, দুর্ভিক্ষে, বিশ্বনাশা বর্বরতার নিষ্ঠুর আক্রমণে এশিয়ার মহাদেশীয় বন্ধন ছিন্নবিচ্ছিন্ন হয়ে গেল । তার পর থেকে এশিয়াকে আর মানবিক মহাদেশ বলতে পারি নে— আজ এ কেবল ভৌগোলিক মহাদেশ ।

সেই প্রাচীনযুগের গৌরবকাহিনীর স্বপ্নমাত্র নিয়ে অতি দীর্ঘকাল আমাদের দীনভাবে কাটল । আজ এই মহাদেশের নাড়ীতে নাড়ীতে পুনরুজীবনের বেগ যেন আবার স্পন্দিত হয়ে উঠেছে । ভারতবর্ষের কবিকে আজ ইরান যে আহ্বান করেছে এ একটি সুলক্ষণ ; এতে প্রমাণ হয় যে, এশিয়ায় আত্মপ্রকাশের দায়িত্ববোধ দেশের সীমানাকে অতিক্রম করে দূরে বিস্তীর্ণ হচ্ছে ।

এ কথা বলা বাহুল্য যে, এশিয়ার প্রত্যেক দেশ আপন শক্তি প্রকৃতি ও প্রয়োজন অনুসারে আপন ঐতিহাসিক সমস্যা স্বয়ং সমাধান করবে, কিন্তু আপন উন্নতির পথে তারা প্রত্যেকে যে প্রদীপ নিয়ে চলবে তার আলোক পরম্পর সম্মিলিত হয়ে জ্ঞানজ্যোতির সমবায় সাধন করবে । চিন্তের প্রকাশ যখন আমাদের থাকে না তখন আমরা আলোকহীন তারার মতো, অন্য জ্যোতিষ্কের সঙ্গে আমাদের জ্যাতিত্বস্বয়ং অবরুদ্ধ । চিন্তের আলো যখন জ্বলে তখনই মানুষের

সঙ্গে মানুষের আত্মীয়তা সত্য হয়ে ওঠে। তাই আজ আমি এই কামনা ঘোষণা করি যে, আমাদের মধ্যে সাধনার মিলন ঘটুক। এবং সেই মিলনে প্রাচ্য মহাদেশ মহতী শক্তিতে জেগে উঠুক— তার সাহিত্য, তার কলা, তার নূতন নিরাময় সমাজনীতি, তার অক্ষসংস্কারমুক্ত বিত্তক ধর্মবুদ্ধি, তার আত্মশক্তিতে অবসাদহীন শ্রদ্ধা।

আমি আপন দুর্বল দেহের অনুনয় অস্বীকার করে এই দেশে এসেছি তার সর্বপ্রধান কারণটি বঙ্কতার উপসংহারে জানিয়ে যেতে চাই। মানবিকতার দিক থেকে যা-কিছু শ্রেষ্ঠ পূর্বমহাদেশের আমরা স্বভাবতই তার কাছে মাথা নত করি, যান্ত্রিকতায় যা সুনিপুণ তার কাছে নয়। নিজেকে জয় করে যিনি আপন ভাগ্যের উপর জয়ী হন তাঁকেই আমরা বীর বলে স্বীকার করি। বর্তমান পারস্যরাজের চরিতকথা আমার আপন দেশের প্রান্তে বসেও শুনেছি এবং সেই সঙ্গে দেখতে পেয়েছি দূরে দিকসীমায় নবপ্রভাতের সূচনা। বুঝেছি, এশিয়ার কোনোস্থানে যথার্থ একজন লোকনেতাক্রমে স্বজাতির ভাগ্যনেতার অভ্যুদয় হয়েছে— তিনি জানেন কী করে বর্তমান যুগের আত্মরক্ষণ-উপযোগী শিক্ষা গ্রহণ করতে হবে, কী করে প্রতিকূল শক্তিকে নিরস্ত করতে হবে, বিদেশ থেকে যে সর্বগ্রাসী লোভের চক্রবাত্যা নিষ্ঠুর বলে এশিয়াকে চারি দিকে আঘাত করতে উদ্যত কী করে তাকে প্রতিহত করা সম্ভব। এশিয়ার যে অংশেই থাকি-না কেন এমন মানুষের কাছে আমরা কৃতজ্ঞ, তাঁর চরিত্র আমাদের সকলেরই পক্ষে সম্পদ— বীরশক্তিতে তাঁর স্বজাতির মধ্যে তিনি যে প্রাণসঞ্চার করেছেন তা দূর থেকেও আমাদের উদ্‌বোধনের সহায়তা করবে তাতে সন্দেহ নেই। ভারতবর্ষের হয়ে, এশিয়ার হয়ে আমি তাঁকে অভিবাদন করি এবং তাঁর করস্পর্শের স্মৃতি আমার দেশে বহন করে নিয়ে যাই।

—বিচিত্রা। মাঘ ১৩৩৯, পৃ. ৯-১২

৬৫৯ পৃষ্ঠার প্রথম অনুচ্ছেদের পরে

আমার জন্মদিনে এখানকার বহুলোকের কাছ থেকে আমি যে বহু সমাদর পেয়েছি একত্রে তার উত্তর দেবার জন্যে একটি কবিতা রচনা করেছিলুম। এখানকার মজলিস ভাঙবার পূর্বে সেটা আমি সকলকে শোনালুম। ইংরেজি তর্জমা-সমেত আমার কবিতাটি এইখানে পেশ করা গেল।

ইরান, তোমার যত বুলবুল,
তোমার কাননে যত আছে ফুল
বিদেশী কবির জন্মদিনে মনি
শুনালো তাহারে অভিনন্দনবাণী।

ইরান, তোমার বীর সম্মান
প্রণয়-অর্ঘ্য করিয়াছে দান
আজি এ বিদেশী কবির জন্মদিনে,
আপনার বলি নিয়েছে তাহারে চিনে।

ইরান, তোমার সম্মানমালে
নবগৌরব বহি নিজ ডালে
সার্থক হল কবির জন্মদিন।
চিরকাল তারি স্বীকার করিয়া ঋণ
তোমার ললাটে পরানু এ মোর শ্রোক—
ইরানের জয় হোক।’

Iran, all these roses in thy garden
and all their lover birds
have acclaimed the birthday
of the poet of a far away shore
and mingled their voices in a pæan of rejoicing.

Iran, thy brave sons have brought
their priceless gifts of friendship
on this birthday of the poet of a far away shore.
for they have known him in their hearts as their own.

Iran, crowned with a new glory
by the honour from thy hand
this birthday of the poet of a far away shore
finds its fulfilment.
And in return I bind this wreath of my verse
on thy forehead, and cry : Victory to Iran !

—বিচিত্রা । মাঘ ১৩৩৯, পৃ. ১৮-১৯

৬৬০ পৃষ্ঠায় প্রথম ছত্রের পূর্বে

যতই এখানে আমার দিন শেষ হয়ে আসছে ততই নিমন্ত্রণ আমন্ত্রণ ও অভ্যাগতের ভিড় দুর্ভেদ্য হয়ে এল । আমার অবকাশটুকু ঘিরে সপ্তরথীর শরবর্ষণ চলছে । প্রতিদিনের বিবরণ লিখে যাব দিনের মধ্যে এমন ফাঁক পাই নে । ঘটনাগুলো একটার উপর আর-একটা চাপা পড়ে পিণ্ড পাকিয়ে ভেসে চলে যায়, তাদের চেহারা মনে থাকে না । [এর মধ্যে একটি কথা স্মরণীয় । আমি মনে করেছিলুম, পারসিকের জাগরণ তাদের পলিটিক্‌সের চার সীমানার মধ্যেই আবদ্ধ । আমি তাদের অনেককেই বলেছি, আংশিকভাবে কেবল কর্মশক্তির উদ্বোধনই যথেষ্ট নয়, সঙ্গে সঙ্গে পারস্যের চিরন্তন চিন্তাশক্তি সৃষ্টিশক্তির জাগরণেই তার সম্পূর্ণ গৌরব । ইতিমধ্যে দেখলুম এখানকার আর্টস্কুলের কাজ । যিনি তার অধ্যক্ষ তিনি যথার্থ গুণী । পারসিকের স্বভাবসিদ্ধ অসামান্য কারুপ্রতিভাকে জাগিয়ে তোলবার সাধনায় তিনি নিযুক্ত, বিদেশের অনুকরণে নয়, স্বদেশের প্রেরণায় । তাঁর বিদ্যালয়ের তাঁতের কাজের যে নমুনা কয়টি তিনি আমাকে দিয়েছেন সেগুলিকে আমি বহুমূল্য বলে মনে করি ।]

এখানকার খারা মনীষী তাঁদের মননশক্তির স্বকীয় বিশেষত্ব এবং আধুনিক যুগের সঙ্গে তার সংগতি সম্বন্ধে কোনো ধারণা করবার উপায় আমার নেই, কারণ এদের ভাষা আমি জানি নে । তার উদ্ভাবনা হয়তো কোথাও না কোথাও দেখা দিয়েছে, হয়তো চিন্তা ও রচনার কাজ আরম্ভ হয়ে থাকবে । এ কথা মনে রাখতে হবে, কিছুকাল পূর্বে বাংলাদেশে যখন রামমোহন রায়ের আবির্ভাব সেই সময়ে পারস্যে বাহাই-ধর্মমত প্রাণান্তিক উৎপীড়নের মধ্যে আত্মপ্রকাশ করেছিল । সাম্প্রদায়িকতার অতি কঠোর বিধিনিষেধের বিরুদ্ধে এই ধর্ম আধুনিক যুগের সর্বজনীনতার বাণী ঘোষণা করেছে । এ কখনোই সম্ভবপর হত না যদি সম্পূর্ণভাবে এ জাতির মন সনাতনী জড়তার পাথর-চাপা মন হত । প্রাচীনকালের শাসনে রুদ্ধবুদ্ধি রুদ্ধকণ্ঠ এই দেশ বাধাবন্ধনমুক্ত হয়ে চিন্তাসম্পদশালী হয়ে উঠবে তার লক্ষণ চারি দিকে যেন অনুভব করতে পারছি । আজ দশ বৎসরের মধ্যে পারস্য অচলপ্রথার অঙ্কতা থেকে যে এতদূর মুক্তিলাভ করেছে এবং নূতন যুগের কঠিন সমস্যাগুলি সমাধান করবার জন্যে এতটা দূর তার আধুনিক অধ্যবসায়, তার কারণ তার মন স্বভাবতই মননশীল— পারস্যের ইতিহাসে পূর্বেও তার প্রমাণ

হয়েছে। অধ্যাপক ব্রাউন বলেছেন, জরথুষ্ট্র এবং বাহাইমত-প্রবর্তক বাবের মাঝখানে অন্তত ২৫ শতাব্দীর ব্যবধান। ইতিমধ্যকালের ঐতিহাসিক সাক্ষ্য যে-পর্যন্ত রক্ষিত হয়েছে তার থেকে দেখা যায়, এই সদাসচেষ্টে অবিরামমননশীল পারসিক চিন্তা মানবজীবন ও মানবভাগ্যের সার্থকতার মহাসমস্যা ভেদ করবার জন্যে নিরন্তর চেষ্টা করেছে।

—বিচিত্রা। মাঘ ১৩৩৯, পৃ. ২০-২১

৬৬০ পৃষ্ঠার অষ্টম অধ্যায়ের শেষ

আর-একটি মানুষের চেহারায় পারস্যের আর-একটি প্রবল রূপ আমার মনে অঙ্কিত হয়ে গেছে। ইনি রাজার সভামন্ত্রী তেমুর্তাশ। আধুনিক কাল বিষম জোরের সঙ্গে এশিয়ার দ্বারে ধাক্কা মেরেছে, এই মানুষ তেমনি জোরের সঙ্গেই তাকে দিয়েছেন সাড়া। দৈবনির্ভরের সাধু বিশেষণধারী নিশ্চেষ্টতার বিরুদ্ধে পুরুষকারের আত্মপ্রভাব-প্রচারের ভার নিয়েছেন ইনি।

ইনি জানেন, বহুকাল থেকে শত্রু ও লোকাচারের মোহে মূর্ছিত আমাদের প্রাচ্যদেশ। মানুষের বুদ্ধি ইচ্ছাপূর্বক নিজেকে অশ্রদ্ধা করে খর্ব করে রেখেছে, সেইজন্যেই চার দিক থেকেই আমাদের এমন পরাভব, এত অপমান। উজ্জ্বল ঐর মুখশ্রী, বলিষ্ঠ ঐর বাহু, অপ্রতিহত ঐর উদ্যম। দেখে আনন্দ হয়; বুঝতে পারি, পারস্যকে তার আত্মগত দুর্বলতা থেকে রক্ষা করবার দীপ্যমান ধীশক্তি ঐর। অন্তরের মূঢ়তা বাহিরের শত্রুর সর্বপ্রধান সহায়। তাই আজ যারা পারস্যের ভাগ্যানিয়ন্তা তাঁদের সতর্কতা দু দিক থেকেই উদ্যত। হালের মাঝি বাহিরের ঢেউয়ের উপর ঝিকে মারছে, আবার সংস্কারকর্তা লেগে আছে খালের ছিদ্র মেরামতের কাজে। যারা সব চেয়ে দুর্জয় আত্মরিপুকে বশে আনবার ভার নিয়েছেন তাঁদের মধ্যে প্রধান একজন এই তেমুর্তাশ। সেদিন তিনি আমাকে সগর্বে বললেন, 'পারস্যের ভবিষ্যৎকে সৃষ্টি করবার ভার নিয়েছি আমরা, অর্থাৎ ভূতকালের আচল-ধরা হয়ে আমরা কিমিয়ে থাকতে চাই নে।' আমাদের দেশে প্রবাদ আছে, ভূতের পা উলটোদিকে। আজ এশিয়ার পিছন-ফেরা পা আজও যাদের উলটো পথ নির্দেশ করে তাদের মধ্যে সব চেয়ে অধম হচ্ছি আমরা। জাগ্রতবুদ্ধি অবিচলিতসংকল্প এই তেজস্বী পুরুষকে দেখে মনে মনে ঐকে নমস্কার করেছি; বলেছি, তোমাদের মতো মানুষের জন্যেই ভারতবর্ষ অপেক্ষা করে আছে, কেননা চিন্তের স্বাধীনতাই ন্যাশনাল স্বাধীনতার বাহন।

তেহেরান থেকে বিদায় নেবার দিন এল। আজ এখানকার রাজসরকার আমাকে জানিয়েছেন, শান্তিনিকেতনে তারা পারসিক বিদ্যার আসন প্রতিষ্ঠা করবেন।

এই সুযোগে তাঁদের এই অতিথিকে উপলক্ষ করে পারস্যের সঙ্গে ভারতের যোগস্থাপন হবে। প্রধান মন্ত্রীবর্গ আজ এসে আমাকে বিদায় দিলেন।

—বিচিত্রা। মাঘ ১৩৩৯, পৃ. ২১-২২

১৩৩৯ ভাদ্র ও চৈত্র-সংখ্যা বিচিত্রায় নানা-বক্তৃতাদির রবীন্দ্রনাথ-কর্তৃক অনুমোদিত অনুবাদ প্রকাশিত হইয়াছিল। প্রাসঙ্গিকবোধে এখানে সেগুলি সংকলিত হইল।—

বুশেয়ারের সর্বসাধারণ ও বুশেয়ারের গবর্নর-কর্তৃক অভিনন্দন

আজ যে শত্রুর অতিথিকে আমাদের মধ্যে অভ্যর্থনা করবার দুর্লভ সৌভাগ্য লাভ আমাদের ঘটেছে, ঐর মোহিনীশক্তি অগ্রদূত হয়ে এসে কিছুকাল ধরে আমাদের অধীর আগ্রহাঙ্কিত প্রতীক্ষাকে হর্বোজ্জ্বল করে রেখেছিল। ঐকে পৃথিবীর সকল জাতি কতখানি শ্রদ্ধার চোখে দেখে সে বিষয়ে কোনো আলোচনা নিশ্চয়োজন; যেখানেই মনের উৎকর্ষ আছে, বিদ্যা আছে, সেখানেই ঐর গ্রহাবলী যে সমাদর লাভ করেছে, জনে জনে ইনি বিতরণ করেছেন যে প্রেমের ও

সমবেদনার বাণী, তাই থেকেই এর গুণের প্রভূত পরিচয় পাওয়া যায়। সাহিত্যাকাশে ইনি উজ্জ্বলতম তারকারাজির অন্যতম; মানুষের চিন্তার মধ্যে ইনি সঞ্চারিত করেছেন যে কল্যাণের শক্তি তা যেমনি পবিত্র তেমনি নিষ্কলঙ্ক।

ইন্দো-ইরান বংশের প্রতিনিধিদের মধ্যে ডক্টর ঠাকুর আদর্শস্থানীয়, প্রাচ্য মনীষার মধ্যে যা-কিছু সুন্দর ও মহীয়ান তারই প্রাণবান প্রতীক। তাঁর বাণীর ঐশী শক্তি পাশ্চাত্য চিন্তা ও তথাকথিত সভ্যতাকে স্বীকার করিয়েছে যে বর্তমান যুগের এই জড়-চেতন্যের নিরন্তর স্বপ্নের মীমাংসনে প্রাচ্যের কিছু দেবার আছে, কিছু ক্ষমতা আছে। মনুষ্যত্বের প্রগতিতে তাঁর রচনা ছন্দোবদ্ধ সহায়তা করে, কারণ, আজ আমাদের পশ্চিমের ভ্রাতারা যে জড়রূপের মধ্যে একান্তভাবে নিবিষ্ট হয়ে আছেন এবং তার ফলে চরিত্রবিকৃতির যে আশঙ্কা ঘটছে, সেই আশঙ্কা দূর করবার জন্য জড়ের মধ্যে এই ঐকান্তিক অভিনিবেশের বিরুদ্ধে প্রতিবাদ প্রয়োজন।

ডক্টর ঠাকুরের এই পারস্যপরিদর্শন যেমনি সন্তোষের বিষয় তেমনি গুরুফলপ্রসূ— কেননা, এতে আমাদের স্মরণ করিয়ে দিচ্ছে পারস্যের বুদ্ধিগত কৃতিত্বের প্রতি উদার ভারতীয়দের কৌতূহল কতখানি, আমাদের মানসিক উৎকর্ষ ও সাহিত্যকে তারা কতখানি সমাদর করে। এই শ্রদ্ধেয় সাধু আজ আমাদের চিরকৃতজ্ঞতাপাশে বাঁধলেন, কেননা অল্পদিনের জন্যে হলেও এমন একজন মহাপুরুষের দীপ্তির কাছাকাছি আসার সৌভাগ্যটা সাধারণ লোকে যতখানি ভাবে তার চেয়ে অনেক বেশি। আমাদের কবি সাদি এক জায়গায় বলেছেন—

হায় মানুষ! এই জগৎটা শুধু দৈহিক অহং'এর পৃষ্টির জন্য নয়;
যথার্থ তত্ত্বজ্ঞানী মানুষের সন্ধান পাওয়া বড়োই কঠিন;
ভোরের পাখির সুরলহরী নিদ্রিত মানুষ জানে না;
মানুষের জগৎটা যে কী তা পশু কেমন করে জানবে।

তেমনি সাধারণ লোকে না বুঝলেও এটা সত্য যে, ডক্টর ঠাকুরের এই পারস্যে আগমন সেই ভারতীয় জ্ঞতিরই মানসিক উৎকর্ষ ও নৈতিক আকাঙ্ক্ষার নিদর্শন যে জাতি একটি অপক্লম পরিণতির দিকে অগ্রসর হচ্ছে। এমন জাতিই তার অতীত গৌরব আর উজ্জ্বলতর ভবিষ্যৎ নিয়ে ন্যায্যত দাবি করতে পারে যে, মানুষের চিন্তাকাশে অত্যাশ্চর্য তারকারাজির মধ্যে অনেকগুলি তারই, আর জগৎকে সে এক অতি গভীর দর্শনশাস্ত্র দান করেছে।

নীতিতত্ত্ব ও সৌন্দর্যতত্ত্বের দিক দিয়ে অতি প্রাচীনকাল থেকে এ দেশ ও ভারতবর্ষের মধ্যে একটা নিবিড় অচ্ছেদ্য যোগ রয়েছে। সাসানীয় যুগের প্রাচীনতম সাহিত্যের যে-সব পুঁথি আজ প্রচলিত আছে তার মধ্যেও পাওয়া যায় এই দুই জাতির পরস্পর আধ্যাত্মিক ভাববিনিময়ের কথা। দেখা যায়, আজকের যুগের মতো প্রাচীন পারস্যবাসীরাও ভারতবর্ষকে সম্ভ্রমের চোখে দেখত, গভীর চিন্তা ও নিগূঢ় তত্ত্বরাজির দেশ হিসেবে। প্রথম সাসানীয় সম্রাট অর্দশির বাবেকানের কার্নামেতে বর্ণিত আছে যে, যখন তিনি তাঁর রাজ্যসম্বন্ধে ভবিষ্যদ্বাণী শুনতে চান তখন কোনো ভারতীয় সম্রাটের নিকট তিনি দূত পাঠিয়েছিলেন। ফারদৌসীর শা'নামেতেও এ ঘটনার উল্লেখ পাওয়া যায়।

ইরানে ইসলামধর্মের প্রসার ও ভারতে তার প্রভাববিস্তৃতির পর থেকে ভারত-পারস্যের এই মিলনসূত্র পরিবর্তনপরস্পরার ভিতর দিয়ে নব নব তেজে দৃঢ়ীভূত হয়েছে— এবং আশা করা যায়, এর পরিসর ক্রমেই বিস্তৃত হবে।

এইখানে আমাদের অতিথির অবগতির জন্য বলাটা প্রাসঙ্গিক হবে— বর্তমান মহারাজের নিকট পারস্যজাতি কতখানি স্বামী। চিরসতর্ক দৃষ্টি নিয়ে তিনি বিশ্বত্বের মধ্যে শৃঙ্খলা স্থাপন করেছেন; অক্লান্ত উদ্যম ও অত্যাশ্চর্য গঠনশক্তির দ্বারা তিনি এখানে এমন একটা শাসনব্যবস্থার প্রতিষ্ঠা করেছেন যা সর্ববিধেই তাঁর উন্নতিশীল প্রজাদের প্রয়োজন মেটাতে সক্ষম। চতুর্দিক যখন ছিল অন্ধকারাচ্ছন্ন, দেশ যখন সর্বনাশের প্রান্তে এসে টলমল করছে, তখন যেন তিনি

কর্মক্ষেত্রে অবতীর্ণ হলেন স্বর্গ থেকে আদেশ নিয়ে এসে ; এবং প্রকৃত দেশপ্রেমে অনুপ্রাণিত হয়ে এমন দক্ষতার সঙ্গে সব ব্যবস্থা করলেন যে অনেকেরই মনে হয়েছিল, তিনি অসম্ভবকে সম্ভব করে তুললেন । শিক্ষা ও মানসিক সংস্কারের ব্যবস্থা এতদিন অবহেলায় নষ্ট হয়ে যাচ্ছিল, এখন আবার সে-সব মহারাজের উৎসাহ পাচ্ছে । আধুনিক প্রণালীতে অনেক স্কুল কলেজ প্রতিষ্ঠা তো হয়েছেই, তা ছাড়া নিয়মিতভাবে যোগ্যতম ছাত্রদের বিদেশে পাঠানো হচ্ছে টেকনিকাল শিক্ষালাভের জন্য ।

আমাদের কবি ও ঋষিদের স্মৃতি এতদিন তাঁদের ভক্তদের প্রাণের মধ্যেই বাসা বেঁধে ছিল ; এখন সেই স্মৃতিকে বহির্জগতে রূপ দেওয়ার চেষ্টা চলছে ; এটা শুভ লক্ষণ ; এর থেকে বোঝা যায়, আমাদের অতীত গৌরবের চেতনা জাতির প্রাণের মধ্যে উদ্ভূত হচ্ছে । সমস্ত পারস্যবাসী ও বিদেশী পারস্যবন্ধুদের মনে আশা হয়েছে যে, এই অষ্টমী সন্তানের সুদক্ষ নেতৃত্বে পারস্যদেশ আবার জগতের কল্যাণসাধনের শক্তি নিয়ে আবির্ভূত হবে ।

আশা করি, ডক্টর ঠাকুরকে এই-যে আমাদের প্রাণভরা অভিনন্দন জ্ঞাপন করলাম, এর জন্য তাঁর স্পর্শভীরু স্বভাবে কিছু আঘাত লাগলেও তিনি আমাদেরকে ক্ষমা করবেন । যদিও জানি 'অলংকারবিহীন সৌন্দর্যই সুন্দরতম অলংকার' তবুও তাঁর প্রতি আমাদের যে ভক্তি তা একটু নিবেদন না করে পারলাম না ।

আমাদের ভরসা আছে, ডক্টর ঠাকুর তাঁর এই ভ্রমণে আনন্দ পাবেন, এবং সত্যকারের শ্রেষ্ঠ জগদগুরুর প্রাপ্য যে শ্রদ্ধা ও আন্তরিকতা পারস্যে তার কোথাও কোনো অভাবই হবে না ।

কবির উত্তর

পারস্যের ভ্রাতৃগণ,

আমার সম্বন্ধে আপনাদের অনুগ্রহবাণীর জন্য আমি আন্তরিক কৃতজ্ঞ । আপনাদের কাছে আসাটা আমার জীবনে একটা বড়ো সুযোগ, এ কথা নিশ্চয় করে বলতে পারি । এই প্রথম নিবিড়ভাবে পারস্যের স্পর্শ অনুভব করা গেল । আর যে-কদিন আপনাদের দেশে থাকব তার মধ্যেই পারস্যবাসীদের সঙ্গে আরো গভীরতর পরিচয়-সাধনের আগ্রহ নিয়ে অপেক্ষা করছি ।

আমি কবি— আমি সেই কবিসংঘের একজন ঋষিদের বাণী মনুষ্যত্বের অন্তরে পৌঁছানোর পথ খুঁজে নেয় কোলাহলময় বক্তৃতার মধ্য দিয়ে নয়, অনন্তের আলয় যে গভীর স্তব্ধতা তারই মধ্য দিয়ে । প্রচার করা বা শিক্ষা দেওয়া আমার কাজ নয়— আমি আছি প্রাণের আহ্বানে সাড়া দেবার কাজে, অনুভূতির ভাষায়, সৌন্দর্যের ভাষায় । কবিযশের কোনো দাবি যদি আমার থাকে তবে তার উদ্ভব হল সেই মৌন নিঃসীমতায় যেখান দিয়ে মানবহৃদয়ের মহাদেশে অনুপ্রেরণা ও ভাবস্পন্দনের প্রাণময় আদান-প্রদান চলতে থাকে ।

শৈশব থেকেই আমি মানুষ হয়েছি নির্জনতার আবহাওয়ায়, প্রকৃতির নিবিড় সংস্পর্শে । তার থেকে অনুপ্রেরণা যত পেয়েছি, আমার স্বপ্নে ও কল্পসৃষ্টিতে প্রতিদানও দিয়েছি তেমনি । নিয়তির দুর্বোধালীলায় এই নিঃসঙ্গ কবিকে বেরিয়ে আসতে হয়েছিল এশিয়া ও পশ্চিম মহাদেশের বড়ো বড়ো দেশগুলিতে সহস্র লোকচক্ষুর উজ্জ্বল দৃষ্টির মাঝখানে । তথাপি সে-সব জায়গায় যে-সকল বাণী ও যে-সমস্ত অভিভাষণ আমাকে দিতে হয়েছিল আমার সত্যিকারের ভাষা সেখানকার নয়, সে আছে আমার সৃষ্টিরিত আশ্রয় গভীরে— যেখানে আমার চিন্তারাজি বাক্য হারিয়ে ঘুরে বেরিয়েছে সেইখানে ।

যদি আজ আপনাদের দেশে না আসতাম তবে আমার তীর্থযাত্রা অসম্পূর্ণ থেকে যেত । আজ আপনাদের দেখা পেয়ে নির্মল আনন্দে আমার জীবনের এই সন্ধ্যা কানায় কানায় ভরে উঠেছে । যে প্রেমসূত্রের নিদর্শন আজকের এই সন্ধ্যা, সেই প্রেমসূত্রে প্রাচ্যের এই দুটি প্রাচীন সভ্যতাকে মিলিত করতে পেরে আজ আমি ধন্য ।

কবির সংবেদনা-ভোজের অন্তে বুশেয়ারের গবর্নরের বক্তৃতা

জনাব রবীন্দ্রনাথ ঠাকুর প্রাচ্যাকাশের উজ্জ্বলতম তারা ; তাঁর মনীষার দীপ্তি শুধু এশিয়া মহাদেশকে নয়, সমস্ত বিশ্বকে আলোকিত করেছে। আজ যে তিনি পারস্যদেশে পদার্পণ করেছেন, এতে আমাদের দেশ গৌরবান্বিত হল।

পুরাকালে ভারতবর্ষ ও পারস্যদেশ পরস্পরের কাছাকাছি এসেছিল ; ধর্ম শিল্প এবং আরো অনেক উপায় অবলম্বন করে তারা পরস্পরকে অনুপ্রাণিত করেছিল। সেই নিবিড় আত্মীয়তায় দুটি দেশেরই প্রচুর লাভ ; সেটাকে পুনরুজ্জীবিত করার প্রকৃষ্ট উপায় হচ্ছে এই মহাপুরুষের আমাদের দেশে পদার্পণ। আজ তাঁর আগমনে সমস্ত ইরানদেশে একটা সাড়া পড়ে গেছে ; আমরা সকলেই একান্ত কামনা করি, তাঁর এই ভ্রমণে যেন তিনি আনন্দলাভ করেন, আমাদের মধ্যে যা-কিছু সত্য, যা-কিছু ভালো আছে, আমাদের দেশে ভ্রমণ ও অবস্থান-কালে তাই দিয়ে যেন আমরা তাঁকে খুশি করতে পারি।

কবির উত্তর

চিন্তাসমৃদ্ধ এই প্রাচীন দেশের প্রতি আমি চিরকালই অন্তরে গভীর শ্রদ্ধা পোষণ করে এসেছি ; এই দেশ দেখা এবং এ দেশের অধিবাসীদের পরিচয় লাভ করাটা আমার অনেক দিনের আকাঙ্ক্ষার বিষয় ছিল। বাংলাদেশের কবি আমি আজ ইরানদেশে এসেছি, প্রাণের প্রীতি ও শ্রদ্ধার অর্ঘ্য নিয়ে। দুঃখ এই, আমার এই বৃদ্ধ বয়স ও ভগ্নস্বাস্থ্য নিয়ে আমি ইচ্ছামত ঘুরে বেড়াতে পারব না, প্রাণ ভরে এখানকার জীবনযাত্রার নিকটসংস্পর্শে আসতে পারব না। তবুও এটা বলতে পারি যে, এখান থেকে আমি প্রচুর অনুপ্রেরণা ও শাস্ত মূল্যের অভিজ্ঞতা নিয়ে দেশে ফিরব। পারস্যে এসে আপনাদের নিকট যে বিরাট অভ্যর্থনা পেলাম এর জন্য আমার আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করি।

—বিচিত্রা। ভাদ্র ১৩৩৯, পৃ. ১৫৬-৬০

১৪ এপ্রিল [১৯৩২] তারিখে কবি-কর্তৃক পারস্য-সম্রাট রেজা শাহ পহলবীর
নিকট প্রেরিত তারের মর্মানুবাদ

মহারাজ,

যে উদার আতিথেয়তা আপনার নিকট পেলেম তার জন্যে ইরান থেকে বিদায় নেবার আগে আমার হৃদয়ের কৃতজ্ঞতা আপনার কাছে নিবেদন করি। আপনি আপনার নিজস্ব প্রাণশক্তি দেশের জীবনের মধ্যে সংস্কারিত করেছেন, আপনার প্রতি আমার ব্যক্তিগত শ্রদ্ধা-অর্ঘ্য রেখে যাই। আপনার প্রজাবর্গের প্রতি আমার অন্তরের প্রীতির নিদর্শনস্বরূপ কয়েকটি কথা বলে আজ বিদায় গ্রহণ করব।

ইরানের বক্তৃবর্গের প্রতি

আজ শেষ পর্যন্ত তোমাদের কাছে বিদায় নেবার সময় এসেছে ; কৃতজ্ঞতায় ভরা আমার এই হৃদয়খানি তোমাদের দেশে রেখে গেলেম। তোমাদের সম্রাট তাঁর সাম্রাজ্যে আমাকে নিমন্ত্রণ করে যে সম্মান দিয়েছেন তোমরা রাজভক্ত প্রজার মতো সেই সম্মানের মর্যাদা রেখেছ এবং তোমাদের চিরাচরিত আতিথেয়তার ইতিহাসবিশ্রুত যশ অম্লান রেখেছ। তোমাদের এই উদার অভ্যর্থনা আমি গ্রহণ করেছি অন্তরের সঙ্গে, বিশেষত যখন এর মধ্যে রয়েছে আমার মাতৃভূমির প্রতি আন্তরিক-শ্রদ্ধা-নিবেদন। যে দুটি জাতির মহাস্থান আজ ভারতবর্ষ ও পারস্য, ইতিহাসের প্রথম যুগে তারা যখন অনাগত ভবিষ্যতের মধ্যে তাদের জয়যাত্রা শুরু করেছিল তখন তারা ছিল এক। কালচক্রে তারা পৃথক হয়ে গড়ে তুলল এশিয়ার দুটি বিরাট সভ্যতা, তার মধ্যে প্রকাশের ভঙ্গিমা বিভিন্ন হলেও অন্তরের তেজ ও প্রাণশক্তি একই রকম। যুগে যুগে তাদের মধ্যে চিন্তাসমৃদ্ধ চিন্তের আদান-প্রদান চলে এসেছে, যতদিন-না এশিয়া তন্ত্রাবেশে আত্মবিস্মৃত হয়ে পড়ল।

অবশেষে দেখা গেল নবজাগরণের আলোকরশ্মি। এই মহাদেশের অন্তরের মধ্যে একটা স্পন্দমান জীবনের কম্পন ক্রমেই যেন নিবিড় আচ্ছোপলঙ্কার মধ্যে সুপরিষ্কৃত হয়ে উঠছে। এই পুণ্য মুহূর্তে আজ আমি কবি তোমাদের কাছে এসেছি নবযুগের শুভপ্রভাত ঘোষণা করতে, তোমাদের দিগন্তের অঙ্কার ভেদ করে যে আলোক ফুটে উঠেছে সেই আলোককে অভিনন্দন করতে— আমার জীবনের মহৎ সৌভাগ্য, আজ তোমাদের কাছে এলেম।

জয় হোক ইরানের !

ইরান-সম্রাট রেজা শা পহলবী দীর্ঘজীবী হোন !

পারস্য-সম্রাটের উত্তর

জনাব রবীন্দ্রনাথ ঠাকুর, আমরা আপনার টেলিগ্রাম দেখেছি। আপনি পারস্য-প্রবাসে তৃপ্ত হয়েছেন এতে আমরা সুখী হয়েছি। আপনার এই প্রতিবেশী দেশটিতে যদি আরো কিছুকাল থাকতে পারতেন তো আরো খুশি হতাম এবং প্রাচ্যের প্রতি আপনার অন্তরের প্রীতি আরো নিবিড়ভাবে উপলব্ধি করতে পেয়ে আরো উপকৃত হতাম। আপনি আমাদের সম্বন্ধে যে সাধুবাদ করেছেন তা আমরা কখনো ভুলব না।

রেজা শা

বোগদাদ ম্যুনিসিপালিটি-কর্তৃক ম্যুনিসিপাল-উদ্যানে

কবি-সংবর্ধনা উপলক্ষে কবির বক্তৃতা

ইরাক-সম্রাটের সাদর নিমন্ত্রণে আজ যে আমি ইরাকের প্রাচীন ও বিরাট সভ্যতার সঙ্গে ব্যক্তিগত সংস্পর্শে আসবার সুযোগ পেলেম সেজন্য সম্রাটকে আমার আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করি।

আজ যখন এই প্রাচীন জাতি নবজন্ম লাভ করছে, যখন সৃষ্টির একটা অদম্য বেগ এর চিস্তকে সুস্পষ্ট আত্মপ্রকাশের গরিমা ও মুক্তির পরিপূর্ণ সার্থকতার মধ্যে পরিণত করে তুলছে, তখন এখানে উপস্থিত থাকতে পারাটা আমার জীবনের সত্যি একটা বড়ো অনুপ্রেরণার বিষয়। এখানকার বাতাসে আমি অনুভব করছি যৌবনের সেই উদ্দীপনা যা সমস্ত এশিয়া মহাদেশকে আজ নবযুগের নূতন প্রতিষ্ঠালাভের জন্য ব্যাকুল করে তুলছে।

আপনারা জানেন দূর্ভাগ্যবশত বয়স এবং স্বাস্থ্য দূরত্বের বাবধানকে অতিক্রম করতে বাধা দেয়; তাই আপনাদের এই সাদর অভ্যর্থনার পরিবর্তে আপনারা আমার কাছে যতখানি আশা করেন হয়তো তার সবটুকু সফল করে তোলা আমার পক্ষে সম্ভব হবে না।

শুনলেম, আজকের দিনে আমাকে এই নিমন্ত্রণ প্রধানত বোগদাদের সাহিত্যিকদের তরফ থেকে। আমি যে দলের লোক বলে গৌরব অনুভব করি আমাকে সর্বসাধারণে তাঁরাই যে প্রথমে অভিনন্দন করবেন এটা স্বাভাবিক। আজ হৃদয়ে অপরিসীম আনন্দ বোধ করছি এই ভেবে যে, আমার কিছু কিছু রচনা আপনাদের ভাষায় অনূদিত হয়েছে এবং আপনাদের অন্তরে প্রবেশ লাভ করতে পেরেছে। সেই রচনাগুলির মধ্য দিয়ে আমি আগেই আপনাদের নিকট পরিচিত হয়েছি। এতে নূতন করে এই প্রমাণ হয় যে, সাহিত্যের ক্ষেত্রে জাতির প্রভেদ নেই, আমাদের ভাবরাজি অবাধে মেলামেশা করে পরস্পরের সহযোগিতায় এমন একটা পরিপূর্ণতা সৃষ্টি করতে পারে যার মধ্যে চিরন্তন মানবের কল্যাণ নিহিত আছে।

ইতিহাস মানুষের প্রতি বিশেষ সদয় হয় নি। প্রবল জাতির লোলুপতা দুর্বল জাতিকে অসংখ্য বন্ধনে আবদ্ধ করে রেখেছে; অন্যায়সুখাপরিভূক্তির জন্য দুর্বল জাতিকে শোষণ করতে তারা কুণ্ঠিত নয়। তাই আজ মনুষ্যত্ব পরস্পরের প্রতি সন্দেহে, দুঃখে, যন্ত্রণা-জর্জরিত।

অসামঞ্জস্যের গ্লানি আমাদের জীবনকে ছিন্নবিচ্ছিন্ন করে দিয়েছে। পরস্পরের এই অস্বাভাবিক সম্বন্ধের বেদনা থেকে মনুষ্যত্বকে উদ্ধার করা, পৃথিবীর বিভিন্ন জাতির জীবনযাত্রাকে উচ্চতর সুরে বেঁধে তোলা— সে তো আমাদেরই কাজ— আমরা যারা সাহিত্যের মন্দিরে আমাদের জীবন উৎসর্গ করেছি। আমরা যে দেশেরই সন্তান হই-না কেন আমাদের জীবনের এই এক উদ্দেশ্য। মানুষের সঙ্গে মানুষের মিলন ও মৈত্রীস্থাপনের এই সম্মিলিত চেষ্টার মধ্য দিয়ে আমাদের মনুষ্যত্বের পাকা ভিত গাঁথতে হবে। মানবজাতিকে আত্মঘাতী সংগ্রাম ও উন্মত্ত কুসংস্কারের বর্বরতা থেকে রক্ষা করবে এই মিলনের উপনিবেশ। নূতন যুগের সূচনা করব আমরা— শুভবুদ্ধির যুগ, সহযোগিতার যুগ, যার মধ্যে ভাবের পরস্পর আদান-প্রদানের দ্বারা মনুষ্যত্বের বিপুল ঐশ্বর্য পরিস্ফুট হয়ে উঠবে।

বঙ্কুগণ, প্রাণের মধ্যে এই অদম্য আকাঙ্ক্ষা নিয়ে আজ আমি আপনাদের মাঝখানে এসেছি। আমার প্রাণের এই গোপন কথাটি আজ আপনাদের বলি, যে গোপন উদ্দেশ্য গভীরতম অন্তরে পোষণ করে আজ আপনাদের দেশে বেড়াতে এসেছি। আমার আহ্বান এই— আসুন আমরা পরস্পর মিলিত হয়ে ভারতবর্ষের সাম্প্রদায়িক হৃদয়বিষেবের মূল ছিন্ন করে দিই, মানুষে মানুষে সহজ বিশ্বাসের নিত্য সম্বন্ধ প্রতিষ্ঠিত করি। ইতিহাসের গৌরবের যুগে আপনাদের আরবসভ্যতা প্রাচ্য ও প্রতীচ্য জগতের অর্ধেকেরও বেশি জায়গা জুড়ে প্রাধান্য লাভ করেছিল; আজও ভারতবর্ষের মুসলমান অধিবাসীদের আশ্রয় করে আমার দেশের মানসিক ও আধ্যাত্মিক জীবনে আরবসভ্যতা প্রতিষ্ঠিত আছে। আজ আরবসাগর পার হয়ে আসুক আপনাদের বাণী বিশ্বজনীন আদর্শ নিয়ে; আপনাদের পুরোহিতরা আসুন তাঁদের বিশ্বাসের আলো নিয়ে; জাতিভেদ, সম্প্রদায়ভেদ ও ধর্মভেদ প্রেমের মধ্যে অতিক্রম করে সকল শ্রেণীর মানুষকে আজ সখ্যের সহযোগিতায় মিলিয়ে দিন তাঁরা।

মানুষের মধ্যে যা-কিছু পবিত্র ও শাস্ত তরই নামে আজ আমি আপনাদের কাছে আমার প্রার্থনা জানাই, আপনাদের মহানুভব ধর্মপ্রতিষ্ঠাতার নামে আজ আমি আপনাদের অনুরোধ করি— মানুষে মানুষে প্রীতির আদর্শ, বিভিন্ন সম্প্রদায়ের আচার-ব্যবহারগত পার্থক্য নির্বিবাদে সহ্য করার আদর্শ, সহযোগিতার উপর সভ্য জীবনকে প্রতিষ্ঠিত করবার আদর্শ, প্রতিবেশীর প্রতি ভ্রাতৃত্বভাবের আদর্শ আজ আপনারা সকলের সম্মুখে প্রচার করুন। আমাদের ধর্মসমূহ আজ হিংস্র ভ্রাতৃত্বতার বর্বরতায় কলুষিত, তরই বিষে ভারতের জাতীয় চেতনা জর্জরিত, স্বাধীনতার দিকে ভারতের অভিযান আজ বাধাপ্রাপ্ত। তাই আমার প্রার্থনা, তমসাজ্জয় কুবুদ্ধিজনিত সমস্ত কুসংস্কার ও মোহ অতিক্রম করে আজ আপনাদের কবিদের আপনাদের চিন্তাবীরদের বাণী আমার দুর্ভাগ্য দেশে প্রেরণ করুন, তাকে দেখিয়ে দিন কল্যাণের পথ, দেখিয়ে দিন নৈতিক বিনষ্টি থেকে মুক্তিলাভের পথ।

বঙ্কুগণ, আজ আপনাদের মনে করিয়ে দিতে চাই যে, স্বদেশের রাষ্ট্রীয় ও অর্থনৈতিক অভাব মোচন করাতেই জাতীয় আত্মপ্রকাশের সকল দায়িত্ব শেষ হয় না— দেশকালের সীমানা অতিক্রম করে আপনাদের বাণী পৌঁছনো চাই সেইখানে যেখানে মনুষ্যত্বের নৈতিক সমস্যাগুলি আপনাদের বিচার ও বিবেচনার জন্য অপেক্ষা করে আছে। প্রয়োজন হলে দ্বিধা না করেই সত্যবাক্য শোনাতে হবে। আজ সেই মহাপ্রয়োজন সমাগত। আপনাদের সমধর্মী ভারতবাসীরা আজ প্রতীক্ষা করে আছে আপনাদের কাছে থেকেই নূতন বাণী শুনবে, বীর্যের বাণী, মিলনের বাণী, সকল ধর্মকে কল্যাণের যোগে শ্রদ্ধা করবার মানবোচিত শুভবুদ্ধির বাণী।

প্রথম পরিচ্ছেদের বর্ষ অনুচ্ছেদে 'প্রদোষ' শব্দের যে প্রয়োগ রবীন্দ্রনাথ করিয়াছেন, পত্রিকায় রচনাটি প্রথম-প্রকাশ-কালে তাহা লইয়া তৎকালীন সাময়িক পত্রে বিতর্ক উপস্থিত হয়। সেই প্রসঙ্গে বিচিত্রার পরিচালক সুশীলচন্দ্র মিত্রকে রবীন্দ্রনাথ যে পত্র লেখেন তাহার প্রাসঙ্গিক অংশ উদ্ভূত হইল—

শান্তিনিকেতন

কল্যাণীয়েষু

আমার লেখায় 'প্রদোষ' শব্দের প্রয়োগে অর্থের ভুল ঘটেছে, সেই নিন্দাকালনের জন্য তোমার পত্রিকায় কিছু প্রয়াস দেখা গেল। আমার প্রতি তোমাদের শ্রদ্ধা আছে জেনেই আমি বলছি, এর কোনো প্রয়োজন ছিল না। অজ্ঞতা ও অনবধানতায়, স্বকৃত ও অন্যকৃত দোষে, অনেক ভুল আমার লেখায় থেকে গেছে। মেনে নিতে কখনো কুষ্ঠিত হই নে। পাণ্ডিত্যের অভাব এবং অন্য অনেক ভ্রুটি সম্বন্ধেও সমাদরের যোগ্য যদি কোনো গুণ আমার রচনায় উদ্ভূত থাকে তবে সেইটের 'পরেই আমার একমাত্র ভরসা, নির্ভুলতার 'পরে নয়।

রাত্রির অন্ধকার উপক্রমকেই বলে প্রদোষ, রাত্রির অন্ধকার পরিশেষের বিশেষ কোনো শব্দ আমার জানা নেই। সেই কারণে প্রয়োজন উপস্থিত হলে ঐ শব্দটাকে উভয় অর্থেই ব্যবহার করবার ইচ্ছা হয়। এমনি করেই প্রয়োজনের তাগিদে শব্দের অর্থবিকৃতি ভাবায় ঘটে থাকে। সংস্কৃত অভিধানে যে শব্দের যে অর্থ, বাংলাভাষায় সর্বত্র তা বজায় থাকে নি। সেই ওজর করেই আলোচিত লেখাটিকে যখন গ্রন্থ আকারে প্রকাশ করব তখন প্রদোষ কথাটার পরিবর্তন করব না এইরকম স্থির করেছি। সম্ভবত এই অর্থে এই শব্দটার প্রয়োগ আমার রচনায় অন্যত্রও আছে এবং ভাবীকালেও থাকবে। রাত্রির আরম্ভে ও শেষে যে আলোঅন্ধকারের সঙ্গম, তার রূপটি একই, এবং একই নামে তাকে ডাকবার দরকার ঘটে। সংস্কৃতভাষায় সন্ধ্যা শব্দের দুই অর্থই আছে কিন্তু বাংলায় তা চলবে না।

আমার লেখায় এর চেয়ে গুরুতর ভুল, ইন্সুলের নীচের ক্লাসে পড়ছে এমন ছেলে চিঠি লিখে একবার আমাকে জানিয়েছিল। আমি মিথ্যা তর্ক করি নি, তাকে সাধুবাদ দিয়ে স্বীকার করে নিয়েছি। অপবাদে ভাষা ও ভঙ্গি-অনুসারে কোনো কোনো স্থলে স্বীকার করা কষ্টসাধ্য, কিন্তু না করা ক্ষুদ্রতা। আমি পণ্ডিত নই, শোনা কথা বলছি— কালিদাসের মতো কবির কাব্যেও শাব্দিক ভ্রুটি ধরা পড়েছে। কিন্তু ভাবিক ভ্রুটি নয় বলেই তার সংশোধনও হয়নি, মার্জনাও হয়েছে। যুরোপীয় সাহিত্যে এবং চিত্রকলায় এরূপ দৃষ্টান্ত পাওয়া যায়। বৈষ্ণব-পুরাণে কথিত আছে, রাধিকার ঘটে ছিদ্র ছিল, কিন্তু নিন্দুকেরাও সেটা লক্ষ্য করলে না যখন দেখা গেল তৎসম্বন্ধে জল আনা হয়েছে। সাহিত্যে চিত্রকলায় এই গল্পটির প্রয়োগ খাটে। ইতি ২১ জুলাই ১৯৩২।

—বিচিত্রা। ভাদ্র ১৩৩৯, পৃ. ১৬১

বিচিত্রায় উক্ত পত্র পাঠ করিয়া প্রবোধচন্দ্র সেন প্রস্তাব করেন, প্রত্যাষ (বা প্রত্যাষ) শব্দযোগেই 'রাত্রির অন্ধকার পরিশেষ'কে নির্দেশ করা যায়। প্রত্যাষের কবি তাঁহাকে যে পত্র লেখেন তাহার প্রাসঙ্গিক অংশ সংকলিত হইল—

প্রদোষ শব্দের প্রয়োগ নিয়ে তুমি আমার বক্তব্যটি ঠিক হয়তো বোঝো নি।

প্রত্যাষ শব্দটি কালব্যঞ্জক— অর্থাৎ, দিনরাত্রির বিশেষ একটি সময়ংশকে বলে প্রত্যাষ। বাংলাভাষায় 'সন্ধ্যা' শব্দটিও তেমনি। আলো-অন্ধকারের সমবায়ের যে একটি সাধারণ ভাবরূপ আছে, যেটা ইংরেজি twilight শব্দে পাওয়া যায় সাহিত্যে অনেক সময় সেইটেরই বিশেষ প্রয়োজন হয়। প্রদোষ শব্দকে আমি সেই অর্থেই ইচ্ছাপূর্বক ব্যবহার করি। ইতি ২৩ অগস্ট ১৯৩২।

—বিচিত্রা। আশ্বিন ১৩৩৯, পৃ. ৪২৯

কবির পারস্যভ্রমণের অন্যতম সহযাত্রী কেদারনাথ চট্টোপাধ্যায় তাঁহাদের ভ্রমণের বৃত্তান্ত 'পারস্য-ভ্রমণ' (প্রবাসী । শ্রাবণ-চৈত্র ১৩৩৯) ও 'প্রত্যাবর্তন' (প্রবাসী । বৈশাখ-আশ্বিন ১৩৪০) নামে প্রবাসী মাসিকপত্রে ধারাবাহিক প্রকাশিত করেন । এই ভ্রমণবৃত্তান্ত পুস্তকাকারে 'রবীন্দ্রনাথের সঙ্গে পারস্য ও ইরাক ভ্রমণ' নামে ৭ পৌষ ১৮৮৪ শকাবে প্রকাশিত হয় । রবীন্দ্রনাথ 'পারস্যে' প্রসঙ্গে উক্ত প্রবন্ধগুলি প্রণিধানযোগ্য ।

বর্ণানুক্রমিক সূচী

অচলবুড়ি, মুখখানি তার হাসির রসে ভরা	...	৮৬
অচলা বুড়ি	...	৮৬
অজয় নদী	...	১০১
অধ্যাপক	...	৩১৯
অঙ্ককারের সিন্ধুতীরে একলাটি ওই মেয়ে	...	১০৪
অঙ্কতামসগহ্বর হতে	...	১২৩
অবরুদ্ধ ছিল বায়ু ; দৈত্যসম পুঞ্জমেঘভার	...	১১৭
অব্যক্তের অন্তঃপুরে উঠেছিলে জেগে	...	১৪৬
অমর্ত	...	১৩১
অল্পেতে খুশি হবে দামোদর শেঠ কি	...	১১
অসীম আকাশে মহাতপস্বী	...	১৪৭
অন্তসিন্ধুকূলে এসে রবি	...	১০৭
আইডিয়াল নিয়ে থাকে, নাহি চড়ে হাঁড়ি	...	৬০
আকাশ	...	৯৯
আকাশপ্রদীপ	...	১০৪
আজ মম জন্মদিন । সদ্যই প্রাণের প্রাপ্তপথে	...	১২৫
আজি দখিন দুয়ার খোলা	...	২৩৮
আতার বিচি	...	৯২
আতার বিচি নিজে পুতে পাব তাহার ফল	...	৯২
আদর করে মেয়ের নাম	...	২৬
আধখানা বেল খেয়ে কানু বলে	...	৪১
আধবুড়ো ওই মানুষটি মোর নয় চেনা	...	৯৫
আধা রাতে গলা ছেড়ে মেতেছিলু কাব্যে	...	২১
আন গো তোরা কার কী আছে	...	২১০
আনমনা গো আনমনা	...	২৩৭
আপিস থেকে ঘরে এসে	...	৩০
আমার ছুটি আসছে কাছে সকল ছুটির শেষ	...	১৫১
আমার নৌকো বাধা ছিল পদ্মানদীর পারে	...	৮২
আমার পাচকবর গদাধর মিশ্র	...	৩১
আমার মনে একটুও নেই বৈকুণ্ঠের আশা	...	১৩১
আমার হৃদয়ে অতীত স্মৃতির	...	৬৮৪
I carry in my heart	...	৬৮৪
আমি এলেম তোমার ঘরে	...	২৩৭
আমি সকল নিয়ে বসে আছি	...	২১৩
আয়না দেখেই চমকে বলে	...	২৯

আলোক-চোরা লুকিয়ে এল ওই	...	১৮২
ইটের গাদার নীচে ফটকের ঘড়িটা	...	২৬
ইতিহাস-বিশারদ গণেশ ধুরন্ধর	...	১৬
ইদিলপুরেতে বাস নরহরি শর্মা	...	১৭
ইয়ারিং ছিল তার দু কানেই	...	৪১
ইরান, তোমার যত বুলবুল	...	৬৮৬
Iran, all the roses	...	৬৮৭
ইন্সুল-এড়ায়নে সেই ছিল বরিষ্ঠ	...	৪০
উজ্জ্বলে ভয় তার	...	২৮
উদ্ধার	...	৩৬৩
উলুখড়ের বিপদ	...	৩৭৮
এই জগতের শুরু মনিব সয় না একটু ক্রুটি	...	১০০
এই শহরে এই তো প্রথম আসা	...	৯৭
এককালে এই অজয় নদী ছিল যখন জেগে	...	১০১
একদা পরমমূল্য জন্মক্ষণ দিয়েছে তোমায়	...	১১৬
একদিন তরীখানা ধেমেছিল এই ঘাটে লেগে	...	১৪৮
একটা খোঁড়া ঘোড়ার 'পরে	...	৩৫
একলা হোথায় বসে আছে	...	৭২
এ কী অকৃতজ্ঞতার বৈরাগ্যপ্রলাপ ক্ষণে ক্ষণে	...	১১৩
এ জন্মের সাথে লগ্ন স্বপ্নের জটিল সূত্র যবে	...	১১০
এ শুধু অলস মায়ী— এ শুধু মেঘের খেলা	...	২৩১
এসো আমার ঘরে	...	২৩৬
এসো এসো হে তৃষ্ণার জল	...	২৩৩
ও আমার চাঁদের আলো, আজ ফাগুনের	...	২৩৩
ও কি এল, ও কি এল না	...	২৪১
ওই বুঝি ঝাশি বাজে	...	২৪০
ওরা অকারণে চঞ্চল	...	২১৩
ওরা তো সব পথের মানুষ, তুমি পথের ধারের	...	১৫০
ওরে গৃহবাসী, তোরা খোল্ দ্বার খোল্	...	২১২
ওরে চিরভিন্দু, তোর আজন্মকালের ভিন্দাবুলি	...	১১০
ওরে চিত্ররেখাডোরে ঝাধিল কে	...	২৪৭
কখন দিলে পরায়ে	..	২১৭. ২৩৪
কনকনে শীত তাই	...	২৭
কনে দেখা হয়ে গেছে	...	৫৯
কনের পপের আশে	...	২৮
কবির দীক্ষা	...	২৭৯

করেছিঁনু যত সুরের সাধন	...	১৫০
কর্মফল	...	৪৩১
কলরবমুখরিত খ্যাতির প্রাপ্তলে যে আসন	...	১১৫
কাঁচড়াপাড়াতে এক ছিল রাজপুস্তর	...	১২
কাছে থেকে দূর রচিল কেন গো আধারে	...	২৪৮
কাঠের সিঁড়ি	...	৭০
কাধে মই, বলে কই ভুঁইচাপা গাছ	...	৬০
কালুর খাবার শখ সব চেয়ে পিষ্টকে	...	১৮
কাশী	...	৭৯
কাশীর গল্প শুনেছিলুম যোগীনদাদার কাছে	...	৭৯
কিশোরগায়ের পুবের পাড়ায় বাড়ি	...	৬৯
কুঞ্জো তিনকড়ি ঘোরে	...	২৩
কেন ধরে রাখা, ও-যে যাবে চলে	...	২১৫
কেন মার' সিধকাটা ধূর্তে	...	৩৮
কোথা বাইরে দূরে যায় রে উড়ে	...	২৩৭
কোন গহন অরণ্যে তারে এলেম হারায়ে	...	২৪৮
কোন-সে কালের কঠ হতে এসেছে এই স্বর	...	১৩৯
ক্রান্ত যখন আশ্রকলির কাল	...	২১৭
ক্রান্তবুড়ির দিদিশাওড়ির	...	১১
খড়দয়ে যেতে যদি সোজা এস খুলনা	...	৪৬
খবর পেলেম কল্যা	...	২৭
খাটুলি	...	৭২
খুদিরাম ক'সে টান দিল খেলো ইকোতে	...	৪৮
খুব তার বোলচাল, সাজ ফিটফাট	...	৬০
খেলা	...	১০০
খ্যাতি আছে সুন্দরী বলে তার	...	২৩
গগনেন্দ্রনাথ ঠাকুর	...	১৫১
গণিতে রেলোটিভিটি প্রমাণের ভাবনার	...	৪৪
গদ্যছন্দ	...	৫৭৬
গন্ধুরাজার পাতে	...	৩০
গয়লা ছিল শিউনন্দন, বিখ্যাত তার নাম	...	৮৭
গানের ডালি ভরে দে পো উষার কোলে	...	২১১
গাড়িতে মদের পিপে ছিল ভেরো-চোন্দো	...	৫৮
গিল্লির কানে শোনা ঘটে অতি সহজেই	...	৫৭
গুপ্তধন	...	৪৭৪

শুশ্রূষাপাড়ায় জন্ম তাহার	...	২২
গৌরবর্ণ নথর দেহ, নাম শ্রীযুক্ত রাখাল	...	৯৩
ঘরছাড়া	...	১৪৩
ঘরের খেয়া	...	৭৩
ঘাসি কামারের বাড়ি সাড়া	...	২০
ঘাসে আছে ভিটামিন	...	১৭
ঘোবালের বক্তৃতা করা কর্তব্যই	...	২৩
চড়িভাতি	...	৭৮
চলতি ছবি	...	১৪১
চলাচল	...	১৫০
চলেছিল সারাগ্রহর	...	১৩৫
চলে যায়, মরি হয়, বসন্তের দিন	...	২১৫
চিঠিপত্র	...	৫৯৭
চিত্তাহরণ দালালের বাড়ি গিয়ে	...	৪২
চিরপ্রশ্নের বেদীসম্মুখে চিরনির্বাক রহে	...	১২৮
ছন্দে হসন্ত	...	৫৯৬
ছন্দের অর্থ	...	৫২৯
ছন্দের মাত্রা	...	৫৫৬
ছন্দের হসন্ত হলন্ত	...	৫৪২
ছবি আকার মানুষ ওগো পথিক চিরকালে	...	১০০
ছবি আকিয়ে	...	১০০
ছুটি	...	১৫১
ছোটো কাঠের সিন্ধি আমার ছিল হেলেবেলায়	...	৭০
জন্মদিন	...	১২৫, ১৪৫
জন্মকালেই ওর লিখে দিল কুষ্টি	...	৪৯
জন্মের দিন করেছিল দান	...	৬৭২
জন্মের দিনে দিয়েছিল আজি	...	৬৭৩
জন্মল সতেরো টাকা	...	৩৮
জর্মন প্রোফেসর	...	৫৮
জলযাত্রা	...	৬৭
জাগরণে যায় বিভাবরী	...	২৩২
জাগো জাগো আলসশয়নবিলয়	...	১৯৯
জাগো হে রুদ্র জাগো	...	১৮২
জান তুমি, রাস্তিরে	...	৪৫
জামাই মহিম এল, সাথে এল কিনি	...	২০

জিন্নাফের বাবা বলে	...	৪২
ঝরা পাতা গো. আমি তোমারি দলে	...	২১৬
ঝড়	...	৭১
ঝিনেদার জ্ঞানদার ছেলেটার জন্যে	...	৪৭
টাকা সিকি আধুলিতে	...	৪৯
টেরিটি বাজারে তার সন্ধান পেনু	...	১৫
ট্রাম্-কন্ডাক্টর, হইসেলে ফুক দিয়ে	...	৫৭
ডাকাতের সাড়া পেয়ে	...	৪৪
ডিটেকটিভ	...	৩১৪
ডুগডুগিটা বাজিয়ে দিয়ে	...	৯
তখন একটা রাত— উঠেছে সে তড়বড়ি	...	১৪১
তবে শেষ করে দাও শেষ গান	...	২১৬
তম্বুরা কাখে নিয়ে শর্মা বাণেশ্বর	...	৪৪
তালগাছ	...	৯৫
তীরের পানে চেয়ে থাকি পালের নৌকা ছাড়ি	...	১৪৯
তীর্থযাত্রিনী	...	১৩৮
তীর্থের যাত্রিনী ও যে, জীবনের পথে	...	১৩৮
তুমি কি কেবলই ছবি, শুধু পটে লিখা	...	২৩৩
তুমি কিছু দিয়ে যাও	...	২১৮
তুমি কোন্ ভাঙনের পথে এলে সুপ্তরাতে	...	২১৩
তুমি সুন্দর যৌবনঘন	...	২১০
তোমায় সাজাব যতনে কুসুমরতনে	...	২৪৫
তোমার আনন্দ ওই এল ঘারে এল গো	...	২৩৫
তোমার আসন শূন্য আজি	...	১৯৩
তোলপাড়িয়ে উঠল পাড়া	...	৫৭
থাকে সে কাহালগায়	...	৩৫
দর্পহরণ	...	৪১৬
দাড়ীধরকে মানত করে	...	১২
দায়াদের গিন্নিটি	...	৪০
দিন চলে না যে, নিলেমে চড়েছে খাট-টিপাই	...	৪৫
দিনের পরে দিন-যে গেল আখার ঘরে	...	১৯২
দু-কানে ফুটিয়ে দিয়ে কাকড়ার পাড়া	...	১৪
দুরাশা	...	৩০৩
দুবুচ্ছি	...	৩৬৫
দূরের বন্ধু সুরের দূতীরে	...	২৪৭

দৃষ্টিজালে জড়ায় ওকে হাজারখানা চোখ	...	১৪৫
দৃষ্টিদান	...	৩৪৮
দে পড়ে দে আমায় তোরা	...	২৩৪
দেখিলাম— অবসন্ন চেতনার গোধূলিবেলায়	...	১১৪
দেখ রে চেয়ে নামল বৃষ্টি ঝড়	...	৭১
দেশান্তরী	...	৮৫
দোতলায় ধূপধাপ	...	৫৯
ধীরু কহে শূন্যেতে মজো রে	...	৫৭. ৬৭০
নতুন কাল	...	১৩৯
ননীলালবাবু যাবে লঙ্কা	...	৩৪
নমো নমো শচীচিতরঞ্জন সস্তাপভঞ্জন	...	২৪৫
নষ্টনীড়	...	৩৮২
নাগিনীরা চারি দিকে ফেলিতেছে	...	১২০
নামজাদা দানুবাবু রীতিমত বরচে	...	৩০
নাম তার চিনুলাল হরিরাম মোতিভয়	...	৫০
নাম তার ডাক্তার ময়ঙ্কন	...	২২
নাম তার ভেলুরাম ধুনিচাঁদ শিরখ	...	২৪
নাম তার সন্তোষ	...	১৯
না, যেয়ো না, যেয়ো নাকো	...	২৩৯
নিঃশেষ	...	১৪৭
নিজের হাতে উপার্জনে	...	২৬
নিদ্রা-ব্যাপার কেন হবেই অবাধ্য	...	৪৫
নিধু বলে আড়চোখে 'কুছ নেই পরোয়া'	...	১৩
নিবিড় অমা-তিমির হতে	...	২১২
নিষ্কাম পরহিতে কে ইহারে সামলায়	...	২০
নীলুবাবু বলে, শোনো নেয়ামৎ দর্জি	...	৪৭
নৌকো বেঁধে কোথায় গেল	...	৬৭
পণরক্ষা	..	৫০৮
পণ্ডিত কুমিরকে ডেকে বলে, নক্র	...	৪৬
পত্রোত্তর	...	১২৮
পথিক দেখেছি আমি পুরাণে-কীর্তিত কত দেশ	...	১১৯
পদ্মায়	...	৮২
পরিচয়	...	১৪৮
পলায়নী	...	১৩২
পশ্চাতের নিত্যসহচর, অকৃতার্থ হে অতীত	...	১১১

পাখিওয়ালা বলে, 'এটা কালো-রঙ চন্দনা'	...	১৪
পাঁচদিন ভাত নেই, দুধ একরস্তু	...	৫৫
পাছে সুর ভুলি এই ভয় হয়	...	২৩১
পাঠশালে হাই তোলে মতিলাল নন্দী	...	১২
পাড়াতে এসেছে এক নাড়ীটেপা ডাক্তার	...	৪১
পাতালে বলিরাজার যত বলীয়ায়রা	...	৫৯
পাথরপিণ্ড	...	৯৪
পাবনায় বাড়ি হবে, গাড়ি গাড়ি ইট কিনি	...	৫৫
পালের নৌকা	...	১৪৯
পিছু-ডাকা	...	১০২
পিসনি	...	৬৯
পুত্রযজ্ঞ	...	৩১১
পূর্বযুগে, ভাগীরথী, তোমার চরণে দিল আনি	...	১৩৭
পেঁচোটাকে মাসি তার যত দেয় আঙ্কারা	...	৩৬
পেনসিল টেনেছিঁনু হস্তায় সাতদিন	...	৫৯
প্রতিবেশিনী	...	৩৭৯
প্রতীক্ষা	...	১৪৭
প্রবাসে	...	৮১
প্রলয়-নাচন নাচলে যখন আপন ভুলে	...	১৮৬
প্রাণের দান	...	১৪৬
প্রাইমারি ইস্কুলে প্রায়-মারা পণ্ডিত	...	৪৮
প্রাণ-ধারণের বোঝাখানা বাধা পিঠের 'পরে	...	৮৫
ফল ধরেছে বটের ডালে ডালে	...	৭৮
ফাগুন, তোমার হাওয়ায় হাওয়ায়	...	২১১
ফাগুনের নবীন আনন্দে	...	২১৪
ফেল	...	৩৬৮
বইছে নদী বালির মধ্যে, শূন্য বিজ্ঞান মাঠ	...	৯৭
বউ নিয়ে লেগে গেল বকাবকি	...	১৭
বকুলগন্ধে বন্যা এল দখিন হাওয়ার শ্রোতে	...	১৮৫
বধু, কোন মায়া লাগল চোখে	...	২৪৬
বটে আমি উদ্ধত	...	৩৬
বড়ো বিশ্বয় লাগে হেরি তোমারে	...	২৪২
বসন্তে বসন্তে তোমার কবিরে দাও ডাক	...	২১৫
বয়স তখন ছিল কাঁচা ; হালকা দেহখানা	...	৮৪
বর এসেছে বীরের ছাদে	...	১৯

বরের বাপের বাড়ি যেতেছে বৈ বাহিক	...	২৯
বলিয়াছিনু মামারে	...	৬০
বশীরহাটেতে বাড়ি	...	৫০
বহু কোটি যুগ পরে সহসা বাণীর বরে	...	৩১
বাংলা ছন্দের প্রকৃতি	...	৫৬৮
বাংলাদেশের মানুষ হয়ে	...	৪৩
বাংলাভাষার স্বাভাবিক ছন্দ	...	৫৮৭
বাংলা শব্দ ও ছন্দ	...	৫৮৮
বাজিবে, সখী, ঝাশি বাজিবে	...	২৩৪
বাজে করুণ সুরে	...	২১৮
বাজো রে ঝাশরি বাজো	...	২৩৫
বাতাসের চলার পথে যে মুকুল পড়ে ঝরে	...	২১৪
বাদশার ফরমাসে সন্দেশ বানাতে	...	৬৬৯
বাদশার মুখখানা গুরুতর গম্ভীর	...	২৯
বালক	...	৮৪
বালিশ নেই, সে ঘুমোতে যায়	...	৫৫
বাসন্তী, হে ভুবনমোহিনী	...	২০৯
বাসাবাড়ি	...	৯৭
বাহিরে ভুল ভাঙবে যখন	...	২৩৯
বিদায় দিয়ে মোরে প্রসন্ন আলোকে	...	২১৫
বিড়ালে মাছেতে হল সখা	...	৪৭, ৬৭০
বিদেশমুখো মন যে আমার কোন্ বাউলের চেলা	...	৮১
বিশ্বের আলোকলুপ্ত তিমিরের অন্তরালে এল	...	১০৯
বুধ	...	৭৭
বেড়ার মধ্যে একটি আমার গাছে	...	৯৫
বেণীর মোটরখানা চালার মুখুর্জে	...	২২
বেদনা কী ভাষায় রে	...	২২৪
বেদনায় সারা মন করতেছে টন্টন্	...	৪০
বেলা আটটার কমে	...	৪৯
ব্রিকটার প্লান দিল বড়ো এনজিনিয়ার	...	৩৪
ভক্তহরি	...	৬৮
ভয় নেই, আমি আজ রান্নাটা দেখছি	...	১৮
ভরা থাক্ স্মৃতিসুধায়	...	২৩২
ভঙ্গ-অপমানশয্যা ছাড়ো, পুষ্পধনু	...	১৬২
ভাগীরথী	...	১৩৭

ভূত হয়ে দেখা দিল বড়ো কোলাব্যাঙ	...	৩৬
ভোতনমোহন স্বপ্ন দেখেন	...	৫৬
ভোলানাথ লিখেছিল তিন-চারে নব্বই	...	৩৫
ভ্রমণী	...	১০৩
মণিহারা	...	৩৩৯
মন উড়ুউড়ু, চোখ ঢুলুঢুলু	...	১৮
মন যে বলে, চিনি চিনি	...	১৭৩
মরুর মতো ডাঙা	...	৬৭১
মহারাজা ভয়ে থাকে পুলিশের থানাতে	...	৪৩
মহারাজা লুকিয়েছে পুলিশের থানাতে	...	৬৭০
মাকাল	...	৯৩
মাঝে মাঝে বিধাতার ঘটে একি ভুল	...	৫৯
মাটির ছেলে হয়ে জন্ম, শহর নিল মোরে	...	১০৩
মাঠের শেষে গ্রাম	...	৭৭
মাধো	...	৯০
মানিক কহিল, পিঠ পেতে দিই দাঁড়াও	...	৫৬
মায়া	...	১৫০
মায়াবন-বিহারিণী হরিণী	...	২৪৮
মালাদান	...	৪২৩
মাস্টারমশায়	...	৪৫৬
মাস্টার বলে, তুমি দেবে ম্যাট্রিক	...	৫৭
মুক্তি এই— সহজে ফিরিয়া আসা	...	১১২
মুচকে হাসে অতুল খুড়ো	...	১৬
মুরগি পাখির 'পরে অন্তরে টান তার	...	২৩
মৃত্যুদূত এসেছিল হে প্রলয়ংকর, অকস্মাৎ	...	১১৫
মেছুয়াবাজার থেকে পালোয়ান চরজন	...	১৫
মোটকথা	...	৬১৮
মোর পশ্বিকেরে বুঝি এনেছ এবার	...	২১৪
মোর বীণা ওঠে কোন্ সুরে বাজি	...	২৪১
যখন এসেছিলে অন্ধকারে	...	২৪০
যখন জলের কল হয়েছিল পলতার	...	৪৩
যখন দিনের শেষে	...	১০২
যখন মল্লিকাবনে প্রথম ধরেছে কলি	...	২১৬
যখন রব না আমি মর্তকায়ার	...	১৩৪
যখনি যেমনি হোক জিতেনের মরজি	...	২০

যদি দেখ খোলসটা খসিয়াছে বৃক্ষের	...	৭
যজ্ঞেশ্বরের যজ্ঞ	...	৩৭৪
যাক এ জীবন	...	১৩০
যাবার মুখে	...	১৩০
যাবার সময় হল বিহঙ্গের । এখনি কুলায়	...	১১৭
যে পলায়নের অসীম তরণী	...	১৩২
যে মাসেতে আপিসেতে	...	৩৮
যেদিন চৈতন্য মোর মুক্তি পেল লুপ্তিগুহা হতে	...	১২০
যোগীনন্দা	...	৭৪
যোগীনন্দাদার জন্ম ছিল ভেরান্মাইল ঋয়ে	...	৭৪
রক্তমঞ্চে একে একে নিবে গেল যবে দীপশিখা	...	১১৪
রথযাত্রা	..	২৮৯
রথের রশি	...	২৫৩
রসগোল্লার লোভে পাঁচকড়ি মিস্তির	...	১৪
রাঙিয়ে দিয়ে যাও গো এবার	...	২৩৬
রাজ্জটিকা	...	৩৩১
রাজা বসেছেন ধ্যানে	...	১৮
রান্নার সব ঠিক	...	৩২
রায়ঠাকুরানী অধিকা	...	৫৮
রায়বাহাদুর কিষনলালের স্যাকুরা জগন্নাথ	...	২০
রাসমণির ছেলে	...	৪৮৫
রিস্ত	...	৯৭. ৬৭১
রেখার রঙের তীর হতে তীরে	...	১৫১
রোদ্দুরেতে ঝাপসা দেখায় ওই-যে দূরের গ্রাম	...	১৪১
সটারিতে পেল পীতু হাজার পাঁচসত্তর	...	৪২
লহো লহো তুলে লহো নীরব বীণাখানি	...	২৩৬
শনির দশা	...	৯৫
শরৎবেলার বিস্তবিহীন মেঘ	...	১৪৭
শিমুল রাঙা রঙে চোখেদে দিল ড'রে	...	৬০
শিশুকালের থেকে	...	৯৯
'শনব হাতির ইঁচি' এই বলে কেঁটা	...	২১
শুভদৃষ্টি	...	৩৭১
শুভ্র নবশত্ব তব গগন ভরি বাজে	...	২০৪
শেষের প্ৰবগাহন সাজ করো কবি, প্রদোষের	...	১১৬
শ্যামল কোমল চিকন রূপের নবীন শোভা	...	২১৩

শুশুরবাড়ির গ্রাম	...	৪৬
সংগীত ও ছন্দ	...	৫৯০
সংস্কৃত-বাংলা ও প্রাকৃত-বাংলার ছন্দ	...	৫৯৩
সখী, আধারে একেলা ঘরে মন মানে না	...	২৪০
সত্য মোর অবলিপ্ত সংসারের বিচিত্র প্রলেপে	...	১১০
সদর ও অন্দর	...	৩৬১
সঙ্ক্যা	...	১৩৫
সঙ্কেবেলায় বন্ধুঘরে জুটল চুপিচুপি	...	২৫
সঙ্ক্যা হয়ে আসে	...	৭৩
সভাতলে ভূয়ে কাৎ হয়ে শুয়ে	...	২৪
'সময় চলেই যায়' নিত্য এ নালিশে	...	২৭
সদিকে সোজাসুজি	...	৩২
সর্ব খর্বতারে দহে তব ক্রোধদাহ	...	১৬১
সহজ কথায় লিখতে আমায় কহ যে	...	৫
সাগরতীরে পাথর পিণ্ড টু মারতে চায় কাকে	...	৯৪
সুধিয়া	...	৮৭
সুরের শুরু, দাও গো সুরের দীক্ষা	...	২০৯
সেদিন দুজনে দুলেছিনু বনে	...	২৩৫
সে-যে কাছে এসে চলে গেল তবু জাগি নি	...	২১৭
স্ত্রীর বোন চায়ে তার	...	৩৪
স্বপ্ন হঠাৎ উঠল রাতে প্রাণ পেয়ে	...	৫১
স্বপ্নে দেখি নৌকো আমার	...	১৬
স্মরণ	...	১৩৪
হংকণ্ঠে সারা বছর আপিস করেন মামা	...	৬৮
হরপণ্ডিত বলে, ব্যঞ্জন সন্ধি এ	...	৪৭
হাজারিবাগের কোপে হাজারটা হাই	...	৫০
হাত দিয়ে পেতে হবে কী তাহে আনন্দ	...	৫৮
হাতে কোনো কাজ নেই	...	১৫
হায়-রে ওরে যায় না কি জানা	...	২৩৮
হাস্যদমনকারী শুরু	...	৩২
হৃদয় আমার, ওই বুঝি তোম কাছিনী ঢেউ আসে	...	২২২
হে বিরহী, হায়, চঞ্চল হিয়া তব	...	২৪৫
হে গোধী, বিধা কেন	...	২১৩
হে সখা, ভারতা পেয়েছি মনে মনে	...	২৪৬

